স্বদেশকথা

(উচ্চ মাধ্যমিক সংস্করণ)

ডক্টর কিরণচন্দ্র চৌধুরী

সেন্ট্রাল বুক এজেন্সী : কলিকাতা

মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক ও সর্বার্থসাধক বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের জন্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক প্রদত্ত নূতন পাঠ্যসূচী অনুসারে লিখিত (*Press Notification No. Syll.—PN/2/68, dated 9.5.'68*)
এবং পর্ষদ কর্তৃক অনুমোদিত (recommended) (*No. TB—16, dated 19. 12. '68*)

স্বদেশকথা

ডক্টর কিরণচন্দ্র চৌধুরী,
এম্. এ., এল্-এল্. বি., ডি. ফিল.

দি সেন্ট্রাল বুক এজেন্সী
১৪, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট · কলিকাতা-১২

প্রথম মুদ্রণ—ডিসেম্বর, ১৯৬৮
পুনর্মুদ্রণ—ডিসেম্বর, ১৯৬৯
দ্বিতীয় সংস্করণ—জানুয়ারী, ১৯৭১
তৃতীয় সংস্করণ—ডিসেম্বর, ১৯৭১

প্রকাশক
দি সেণ্ট্রাল বুক এজেন্সীর পক্ষে
শ্রীযোগেন্দ্রনাথ সেন, বি. এস্-সি
১৪নং বঙ্কিম চ্যাটার্জি ষ্ট্রীট
কলিকাতা-১২

মুদ্রাকর:
শ্রীঅনিলকুমার ঘোষ
দি অশোক প্রিন্টিং ওয়ার্কস্
২০৯এ, বিধান সরণি
কলিকাতা-৬

টাকা পঁচিশ পয়সা

তৃতীয় সংস্করণের ভূমিকা

স্বদেশকথার তৃতীয় সংস্করণে পুস্তকখানি পুনরায় আগা-গোড়া পরিমার্জন করা হইল। ইহাতে পুস্তকখানির উৎকর্ষ আরও বৃদ্ধি পাইয়াছে বলিয়া আশা করি।

যাঁহাদের সহৃদয় আনুকূল্যে পুস্তকখানি দ্রুত তৃতীয় সংস্করণে উপনীত হইয়াছে, তাঁহাদিগকে সকৃতজ্ঞ ধন্যবাদ জানাই। ইতি—

১৫ই ডিসেম্বর,
১৯৭১

গ্রন্থকার

প্রথম সংস্করণের ভূমিকা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক বিজ্ঞাপিত নূতন পাঠ্যসূচী অনুসারে নবপর্যায়ে স্বদেশকথা গ্রন্থখানি রচিত।

ইতিহাসের তথ্যাদির প্রাচুর্য এবং স্কুল হইতে আরম্ভ করিয়া বি. এ. পরীক্ষা পর্যন্ত প্রায় একই বিষয়-বস্তু পঠন-পাঠনের ফলে গ্রন্থকারদের মধ্যে বইয়ের কলেবর বৃদ্ধি করিবার প্রবণতা স্বভাবতই পরিলক্ষিত হইয়া থাকে। কিন্তু বইয়ের কলেবরের অনুপাতে ছাত্র-ছাত্রীদের জ্ঞান বৃদ্ধি পাইবে একথা আমি মনে করি না। এইজন্য ছাত্র-ছাত্রীদের বয়স এবং তাহাদের পরীক্ষায় যে যে বিষয়-বস্তু সম্পর্কে যতদূর জ্ঞান পরীক্ষকগণ আশা করিয়া থাকেন সেই সব দিক বিবেচনা করিয়া যে-স্থানে যেরূপ গুরুত্ব আরোপ করা প্রয়োজন তাহা করিয়াছি। অযথা ছাত্র-ছাত্রীদের স্মরণ-শক্তিকে ভারাক্রান্ত করিয়া তুলিয়া 'ইতিহাস'-এর প্রতি তাহাদের অহেতুক ভীতি যাহাতে সৃষ্টি না হয়, সেদিকে বিশেষ দৃষ্টি রাখিয়াছি।

বইটিকে প্রকৃতই ছাত্র-ছাত্রীদের উপযোগী করিয়া তুলিতে শিক্ষক-শিক্ষিকাদের অভিজ্ঞতাপ্রসূত পরামর্শ একান্ত প্রয়োজন। সহৃদয় শিক্ষক-শিক্ষিকা এ-বিষয়ে আমাকে জানাইলে বাধিত হইব। ইতি—

কলিকাতা
২৩শে ডিসেম্বর, ১৯৬৯

গ্রন্থকার

সূচীপত্র

পঞ্চম অধ্যায়

ষষ্ঠ অধ্যায়

সপ্তম অধ্যায়

অষ্টম অধ্যায়

পঞ্চদশ অধ্যায়

ষোড়শ অধ্যায়

সপ্তদশ অধ্যায়

অষ্টাদশ অধ্যায়

উনবিংশ অধ্যায়

বিংশ অধ্যায়

একবিংশ অধ্যায়

দ্বাবিংশ অধ্যায়

ত্রয়োবিংশ অধ্যায়

চতুর্বিংশ অধ্যায়

পঞ্চবিংশ অধ্যায়

পঞ্চত্রিংশ অধ্যায়

ষট্‌ত্রিংশ অধ্যায়

সপ্তত্রিংশ অধ্যায়

বংশ-পরিচয়

REVISED SYLLABI IN OUTLINES OF INDIAN HISTORY FOR THE SCHOOL FINAL EXAMINATION AND FOR THE HIGHER SECONDARY EXAMINATION

(Paper I of History)

Full Marks—100

Chapter I :

(*a*) Geography—the principal element of environment. Geographical features contributing to the unique character of some nations.

(*b*) Physical features of the Indian subcontinent—five well-defined areas. Importance of the Himalayas—the Vindhyas, the Indian Ocean.

(*c*) Man in India—different races, languages, religions, ways of life—evolution of a composite culture.

(*d*) Unity in diversity.

Chapter II :

Sources of Indian History.

Varied sources of history—ancient, medieval and modern—Inscriptions, coins, monuments, literary evidence.

Chapter III :

Indus Valley Civilization.

Chapter IV :

Coming of the Aryans in India—their social life and institutions.

Chapter V :

Religious movements—Buddhism and Jainism.

Chapter VI :

Sixteen Mahajanapadas—growth of Magadha—Persian invasion—Alexander's invasion—Chandragupta—Bindusara—Asoka, his Dhamma, his achievements.

Mauryan administration—Megasthenes—Kautilya, Art during Mauryan period.

Chapter VII :

Fall of the Mauryan empire—the Sungas and Kanvas in the North and the Satavahanas in Central and South India.

Foreign invaders—Bactrian Greeks—the new cultural impact—the Parthians—the Sakas—the Kushanas.

Kanishka and his empire—emergence of Mahayana Buddhism—the Buddhist Council—foreign trade—culture in the Kushana age.

Chapter VIII :

The Guptas—Samudra Gupta, Chandra Gupta II, Kumara Gupta, Skanda Gupta and the Hunas—Fa-Hien's account. Political disintegration after the Guptas.

Gupta administration—life and society—art—religion—literature.

Chapter IX :

(*a*) Harshavardhana, Harsha's empire.
(*b*) Cultural life, Universities, Taxila, Nalanda.
(*c*) Hiuen Tsang, Banabhatta.
(*d*) Bengal—Sasanka.

Chapter X :

The Chalukyas, the Rashtrakutas, the Pallavas, the Cholas, Chola administration, the Pandyas. Life and culture in the South.

Chapter XI :

(*a*) Growth and development of Pala power. Popular rising—Rampala, Uddandapura, Vikramsila.

(*b*) Senas, Ballala Sena, Lakshmana Sena, Joydeva, Dhyci.

Chapter XII :

I ndian contacts abroad, political and religious.

Chapter XIII :

(*a*) Condition of North India on the eve of Muslim invasion Islam, Arab invasion of Sind—Sultan Mahmud—Alberuni.

(*b*) Rise of the Rajputs—the Gurjara empire. Bhoja—Muhammad of Ghor's invasion—establishment of the Delhi Sultanate by Kutubuddin.

Chapter XIV :

Kutubuddin—Iltutmish—his contribution to the development of the Sultanate. Raziyya, Balban's measures against the Turkish nobles, Mongol menace, rebellion in Bengal—Balban's contribution to the Sultanate.

Chapter XV :

The Khaljis. Alauddin, his administration, military expeditions, economic measures—Mongols. Nature of Khalji imperialism—Historian Barani—poet Amir Khusrau, and saint Nijamuddin Aulia.

Tughluq Dynasty—Muhammad Bin Tughluq—his reign, effects of his measures. Ibn Batutah—Firuz Shah—theological reaction—Rebellion in Bengal and Sind—revival of jagir—beneficent measures, his failure.

Chapter XVI :

(1) Invasion of Timur.
(2) Disintegration of the Sultanate—the Sayyids and the Lodis in outline.

Chapter XVII :

(1) Bengal under Iliyas Shahi rulers, Raja Ganesh, Hussain Shah.

(2) Bahmani Kingdom. Five Sultanates of the Deccan.

Chapter XVIII :

The Vijaynagar Empire—Some illustrious rulers. Administrative system, economic conditions—foreign travellers—art and culture.

Chapter XIX :

Impact of Islam on India—orthodox reaction—Raghunandana, synthesis, the Bhakti cult and Sufism, Ramananda, Kabir, Chaitanya, Mira Bai, Namdeva and Nanak. Development of vernacular literature. Art in Sultanate period—Indo-Saracenic and Indigenous art.

Chapter XX :

The Mughals, Panipat. War with Rajputs, Babur, his memoirs —Humayun—Sher Shah—his revenue and administrative measures. Mughal power re-established.

Chapter XXI :

Akbar—conquests and annexations, Akbar's reforms, court, religion, building activities, Jahangir and Nur Jahan, Shah Jahan—North-Western and Central Asian Policy. Deccan Policy, patronage of art. War of Succession.

Chapter XXII :

(1) Aurangzeb—his orthodoxy—Hindu reaction—Satnami rebellion. Sikhs, Rajputs.

(2) Bijapur, Golconda, Marathas, Shivaji—his conquests and administration, birth of a Nation.

Chapter XXIII :

(1) Maratha kingdom after Shivaji, Sahu and the first three Peshwas.

(2) Panipat and the Maratha setback.

(3) Decay of the Mughal empire, Bahadur Shah, Faruksiyar—Muhammad Shah—Nadir Shah's invasion—causes of the downfall.

Chapter XXIV :

Mughal administrative system—Mughal army—social and economic life, art, literature. Accounts of foreign travellers—Bernier, Tavernier, Manucci, Roe, etc.

Chapter XXV :

(1) Foreign trading companies in India. The English at the west coast, Coromondel and Bengal.

(2) Bengal after Aurangzeb's death, Alivardi and Bargi invasion growth of Calcutta.

(3) Anglo-French rivalry. Clive and Dupleix.

(4) Political revolutions in Bengal between 1757 and 1760. Quarrel with Mir Kasim over private trade. Buxar. Clive's second period of Governorship—his political settlements—Diwani—its implications.

Chapter XXVI :

(1) Warren Hastings, Struggle with Haidar Ali and Tipu Sultan up to Treaty of Mangalore. Struggle with the Marathas in the North up to the Treaty of Salbai. Administrative and revenue measures of Warren Hastings. His patronage of oriental literature.

(2) Attempts by British Parliament to control the Company's policy. North's Regulating Act and Pitt's India Act.

Chapter XXVII :

Expansion under Cornwallis and Wellesley. Anglo-Mysore Wars, Wellesley's war with the Marathas. Moira—Nepal War, Pindari War—destruction of the Maratha power. British power non-paramount in India.

Chapter XXVIII :

Cornwallis and Permanent Settlement. His other reforms, Charter of 1813.

Chapter XXIX :

Western education and ideas. Bentinck—his social and other reforms. Hare, Macaulay, Rammohan Ray. Progress of education, Vidyasagar. Foundation of the Universities.

Chapter XXX :

(1) Ranjit Singh—Anglo-Sikh relation, annexation of the Punjab.

(2) 1st and 2nd Afghan Wars.

(3) Annexation of Sind.

Chapter XXXI :

Dalhousie—administrative measures, annexations, Doctrine of Lapse.

Chapter XXXII :

The Indian Revolt—its character and consequences.

Chapter XXXIII :

Expansion towards the East, Singapore, Burmes Wars, Assam.

Chapter XXXIV :

(1) Lytton and his policy. Ripon's reforms. Ilbert Bill.
(2) Growth of Political consciousness. Indian National Congress.
(3) Curzon—Partition of Bengal—Swadeshi Movement. Extremists.

Chapter XXXV :

Aligarh Movement—birth of Muslim League—Minto-Morley Reforms (1909). Tilak. Bepin Chandra Pal. Split in the Congress. Lala Lajpat Rai. The Montague-Chelmsford Reforms (1919). Khilafat Agitation. Rowlat Bill. Jalianwala Bag, Gandhiji.

Chapter XXXVI :

Non-Co-operation Movement—Swarajya Party and Council entry. Simon Commission.

2nd Phase of Non-Co-operation Movement. Round Table Conference, The Government of India Act, 1935. Congress Government in seven provinces. Jinnah and his demands. Outbreak of Second World War. Pakistan Resolution. Cripps Mission. August Rebellion, Subhas Chandra Bose and I. N. A. Cabinet Mission. Transfer of Power on basis of partition (1947). Independence of India, Nehru.

Chapter XXXVII :

(1) Religious movements, Brahmo Samaj, Paramahansa, Vivekananda, Sri Arabindo.

(2) Social changes in the second half of the 19th century.

(3) Development of Art and Literature, Bankim Chandra. Michael Madhusudan, Rabindranath, Abanindranath.

স্বদেশকথা

প্রথম অধ্যায়

অবতরণিকা

(Introduction)

মানুষ ও তাহার পরিবেশ (Man and his environment) : ইতিহাস শুধু প্রাচীনকালের কাহিনী নহে। সভ্যতার পথে যুগের পর যুগ, শতাব্দীর পর শতাব্দী ধরিয়া মানবজাতি কিভাবে অগ্রসর হইয়াছে সেই কথাই হইল ইতিহাসের বিষয়-বস্তু। সভ্যতার পথে মানুষের অগ্রগতি নির্ভর করে তাহার নিজস্ব ক্ষমতা ও পরিবেশের উপর, আর তাহার পরিবেশ এবং কতক পরিমাণে তাহার নিজস্ব ক্ষমতা নির্ভর করে তাহার আবাসভূমির ভৌগোলিক অবস্থান ও বৈশিষ্ট্যের উপর। পৃথিবীর বিভিন্ন দেশের মানবগোষ্ঠির পরিবেশ এক-ই প্রকার নহে, সেইজন্য বিভিন্ন দেশের ইতিহাসও একরূপ নহে। পরিবেশের সহিত খাপ খাওয়াইয়া লইবার ক্ষমতা এবং পরিবেশকে জয় করিবার মত প্রতিভা থাকিলেই সভ্যতার পথে অগ্রসর হওয়া যাইতে পারে। আজ মানুষ সত্যই চাঁদের দেশে পৌঁছিবার চেষ্টায় সাফল্য লাভ করিয়াছে; সে কৃত্রিম চাঁদ সৌরজগতে নিক্ষেপ করিতে সমর্থ হইয়াছে। চাঁদের দেশ আজ রূপকথার রাজ্য ছাড়িয়া বাস্তবে পরিণত হইয়াছে। কিন্তু এমন একদিন ছিল যেদিন মানুষ সামান্য ঝড়-তুফান, বন্যা, দাবাগ্নি প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ এবং জন্তু-জানোয়ার প্রভৃতির সম্মুখে অসহায় বোধ করিত। কিন্তু প্রকৃতি আজ মানুষের কাছে পরাজিত, জন্তু-জানোয়ার আজ মানুষের ভয়ে ভীত এবং মানুষের আজ্ঞাবহ। আদিম যুগ হইতে ধারাবাহিক চেষ্টা ও অগ্রগতির ফলেই আদিম মানুষের বংশধর আমরা আজিকার সভ্যতায় আসিয়া পৌঁছিয়াছি। মানবসমাজের এই ধারাবাহিক চেষ্টা ও অগ্রগতির কাহিনী-ই হইল 'ইতিহাস'। ইতিহাস কেবল রাজা-মহারাজদের কাহিনী বা বড় বড় সাম্রাজ্যের উত্থান-পতনের বিবরণ নহে। পৃথিবীর বৃহত্তর মানবসমাজ কিভাবে পরিবেশের সহিত যুঝিয়া বর্তমান সভ্যতায় আসিয়া পৌঁছিয়াছে, আদিম যুগের গুহা-মানব কিভাবে আজিকার সভ্য ও সুরুচি-সম্পন্ন মানুষে রূপান্তরিত হইয়াছে সেই কথার আলোচনাই হইল ইতিহাসের বিষয়-বস্তু।* মানুষ ও তাহার পরিবেশ হইল ইতিহাসের মূল ভিত্তি।

ইতিহাস

ইতিহাসের মূল ভিত্তি—মানুষ ও তাহার পরিবেশ

ইতিহাসের ধারাবাহিকতা

মানুষের দৈহিক ও মানসিক ক্ষমতা এবং পরিবেশ বহুলাংশে নির্ভর করে দেশের ভৌগোলিক অবস্থান ও বৈশিষ্ট্যের উপর। জাতির অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবন নিয়ন্ত্রিত হইয়া থাকে ভৌগোলিক পরিবেশ দ্বারা। প্রাচীন গ্রীসের বা বর্তমান ইংলণ্ডের ইতিহাসের বৈশিষ্ট্যগুলির আলোচনা করিলে ভৌগোলিক পরিবেশের প্রভাব স্পষ্টভাবে বুঝিতে পারা যাইবে। গ্রীসদেশের তিন দিক জল দ্বারা বেষ্টিত।

* cf. 'His (*i. e.*, Man's) Story'—History.

দেশের অভ্যন্তর পাহাড়-পর্বত দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিভক্ত। সমুদ্রের সান্নিধ্য অতি প্রাচীনকাল হইতেই গ্রীক জাতিকে সামুদ্রিক বাণিজ্য ও উপনিবেশ বিস্তারে উৎসাহিত করিয়াছিল। আর অভ্যন্তরভাগ পাহাড়-পর্বত দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিভক্ত ছিল বলিয়া এগুলির মধ্যে আদান-প্রদানের অসুবিধা হইত। ফলে প্রত্যেক ক্ষুদ্র অংশে একটি করিয়া স্বাধীন 'নগর-রাষ্ট্র' (City-state) গড়িয়া উঠিয়াছিল। স্বভাবতই প্রাচীনকালে গ্রীসদেশে সমগ্র গ্রীক জাতি লইয়া কোন সমষ্টিগত 'জাতীয় রাষ্ট্র' (national state) স্থাপিত হয় নাই।

প্রাচীন গ্রীসের দৃষ্টান্ত

ইওরোপ হইতে সম্পূর্ণ পৃথক এবং সমুদ্র দ্বারা পরিবেষ্টিত বলিয়া ইংলণ্ডের ইতিহাসও এক সম্পূর্ণ পৃথক বৈশিষ্ট্য লইয়া গড়িয়া উঠিতে পারিয়াছে। এই একই কারণে ইংলণ্ড দীর্ঘকাল পূর্বেই পৃথিবীর শ্রেষ্ঠ নৌ-শক্তি হিসাবে প্রতিষ্ঠা অর্জন করিয়াছিল।

ইংলণ্ডের দৃষ্টান্ত

এইভাবে প্রত্যেক দেশেরই রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবন সেই দেশের প্রাকৃতিক পরিবেশের দ্বারা অল্প-বিস্তর নিয়ন্ত্রিত হইয়াছে। সুতরাং জাতির চরিত্র, কৃষ্টি, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবন—এককথায় জাতির ইতিহাস গঠনে ভূগোলের প্রভাব অপরিসীম একথা অনস্বীকার্য।

প্রাকৃতিক পরিবেশের প্রভাব

ভারতবর্ষের প্রাকৃতিক পরিবেশ (Physical features of India) : ভারতবর্ষের ইতিহাস এবং ভারতীয়দের জাতীয় চরিত্র গঠনে ভারতের ভৌগোলিক পরিবেশের গুরুত্ব অত্যধিক। ভারতের উত্তর দিকে হিমালয় পর্বতমালা ভারতবর্ষকে এশিয়া মহাদেশের অপরাপর দেশ হইতে পৃথক করিয়া রাখিয়াছে। উত্তর-পশ্চিমে হিন্দুকুশ ও সুলেমান পর্বতশ্রেণী আফগানিস্তান, রাশিয়া, ইরাণ প্রভৃতি দেশ হইতে এবং পূর্বে আরাকান পর্বত ব্রহ্মদেশ হইতে ভারতবর্ষকে বিচ্ছিন্ন করিয়াছে। অপর প্রায় তিন দিক বঙ্গোপসাগর, ভারত মহাসাগর ও আরব সাগর দ্বারা বেষ্টিত। এইভাবে প্রকৃতি-প্রদত্ত সীমারেখা ভারতবর্ষকে শুধু অপরাপর দেশ হইতে বিচ্ছিন্ন-ই করে নাই, চতুর্দিক দিয়া রক্ষাও করিতেছে।

সুনির্দিষ্ট সীমারেখা

ভারতবর্ষ এক বিশাল দেশ। ইহা নিজেই একটি মহাদেশের ন্যায় সুবিশাল। প্রাকৃতিক বৈশিষ্ট্যের বিভিন্নতা ভারতবর্ষে স্বভাবতই থাকিবে, ইহা বলা বাহুল্য। প্রাকৃতিক বৈশিষ্ট্যের বিভিন্নতার দিক দিয়া বিচার করিলে ভারতবর্ষকে পাঁচটি সম্পূর্ণ পৃথক অংশে ভাগ করা চলে—যথা, (১) উত্তরের পার্বত্য অঞ্চল, (২) সিন্ধু-গঙ্গা-যমুনা-ব্রহ্মপুত্র বিধৌত সমতল ভূমি, (৩) মধ্য-ভারতের মালভূমি, (৪) দক্ষিণাপথ বা দাক্ষিণাত্যের মালভূমি এবং (৫) সুদূর দক্ষিণের উপদ্বীপ অঞ্চল।

পাঁচটি বিভাগে বিভক্ত

ক। (১) উত্তরের পার্বত্য অঞ্চল : হিমালয়ের গায়ে অবস্থিত দেশগুলি—যথা, কাশ্মীর, নেপাল, তিব্বত, ভূটান, সিকিম প্রভৃতি 'পার্বত্য অঞ্চল' নামে অভিহিত। এই সকল দেশের সহিত ভারতের সমতল ক্ষেত্রের যোগাযোগ প্রাকৃতিক কারণে সহজ ছিল না। এই

কাশ্মীর, নেপাল, তিব্বত, ভূটান, সিকিম প্রভৃতি দেশ

কারণে এই সকল দেশ ভারতীয় সমতল ভূমির ততটা প্রভাবাধীন হয় নাই। দীর্ঘকাল ধরিয়া এই সকল দেশ স্ব স্ব স্বাতন্ত্র্য বজায় রাখিতে পারিয়াছে।

প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য—বিভিন্ন সাম্রাজ্যের উৎপত্তিস্থল

(২) সিন্ধু-গঙ্গা-যমুনা-ব্রহ্মপুত্র বিধৌত সমতল ভূমি: হিমালয়ের পাদদেশ হইতে আরম্ভ করিয়া মধ্য-ভারতের মালভূমি পর্যন্ত বিস্তৃত অঞ্চল এই সমতল খণ্ডের অন্তর্ভুক্ত। সিন্ধু, গঙ্গা, যমুনা ও ব্রহ্মপুত্রের অববাহিকা অঞ্চল লইয়া ভারতের এই বিশাল সমতল খণ্ড গঠিত। প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য এবং স্থলপথ ও জলপথে চলাচলের সুবিধা হেতু এই অঞ্চলেই ভারত-ইতিহাসের সকল বড় বড় সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল।



(৩) মধ্য-ভারতের মালভূমি: বিন্ধ্য-সাতপুরা পর্বতশ্রেণীর উত্তরে এবং সিন্ধু-গঙ্গা-যমুনা-ব্রহ্মপুত্র অঞ্চলের দক্ষিণে মধ্য-ভারতের মালভূমি অবস্থিত।

(৪) দক্ষিণাপথ বা দাক্ষিণাত্যের মালভূমি: বিন্ধ্য-সাতপুরা পর্বতের দক্ষিণে পূর্বঘাট ও পশ্চিমঘাট পর্যন্ত দক্ষিণাপথের মালভূমি বিস্তৃত। দাক্ষিণাত্যের প্রাচীন ইতিহাস হইল দ্রাবিড় জাতির ইতিহাস। এই অঞ্চলের প্রাচীন ইতিহাস অবশ্য এখনও সম্পূর্ণভাবে জানা সম্ভব হয় নাই।

(৫) সুদূর দক্ষিণের উপদ্বীপ অঞ্চল: পূর্বঘাট ও পশ্চিমঘাট হইতে ভারত মহাসাগর পর্যন্ত বিস্তৃত সঙ্কীর্ণ উপদ্বীপ অঞ্চল 'সুদূর দক্ষিণ' নামে অভিহিত হইয়া থাকে। এই অঞ্চলে দ্রাবিড়-সভ্যতার চরম বিকাশ দেখিতে পাওয়া যায়। উত্তরের কোন হিন্দু বা মুসলমান বিজেতা এই সুদূর দক্ষিণে স্থায়ী প্রাধান্য স্থাপনে সমর্থ হন নাই।

উপরি-উক্ত পাঁচটি পৃথক অঞ্চল আবার 'আর্যাবর্ত' ও 'দাক্ষিণাত্য'—এই দুইটি নামে অভিহিত হইয়া থাকে।

খ। আর্যাবর্ত ও দাক্ষিণাত্য: সিন্ধু-গঙ্গা-যমুনা-ব্রহ্মপুত্র বিধৌত সমতল ভূমি ও মধ্য-ভারতের মালভূমি লইয়া গঠিত বিশাল ভূখণ্ড 'আর্যাবর্ত' নামে পরিচিত।

আর্যাবর্তের প্রাধান্য

বিন্ধ্য ও সাতপুরা পর্বতশ্রেণীর দক্ষিণের অংশ 'দাক্ষিণাত্য' নামে অভিহিত হইয়া থাকে। ভারতবর্ষের ইতিহাসে আর্যাবর্ত ও দাক্ষিণাত্য উভয়ই অপরিহার্য অংশ। কিন্তু আর্যাবর্ত চিরকালই প্রাধান্য ভোগ করিয়াছে। আর্যাবর্তের বহু রাজা দাক্ষিণাত্যে অধিকার বিস্তারে সমর্থ হইয়াছিলেন, কিন্তু দাক্ষিণাত্যের কোন রাজা আর্যাবর্তের উপর অনুরূপ প্রাধান্য বিস্তার করিতে পারেন নাই।

ভারত-ইতিহাসে প্রাকৃতিক প্রভাব (Influence of Physical Geography on India): ভারতবর্ষ যেন প্রকৃতির কোলে সন্তান। উত্তরে অভ্রভেদী হিমালয় পর্বত ভারতবর্ষকে বহিরাক্রমণ হইতে কেবল নিরাপদে রাখিয়াছে

হিমালয়ের প্রভাব

এমন নহে; হিমালয় হইতে নির্গত নদ-নদী ভারতভূমিকে শস্য-শ্যামল করিয়া তুলিয়াছে। কৃষিপ্রধান ভারতবর্ষের বারিপাত হিমালয়ই নিয়ন্ত্রণ করিতেছে। অরণ্য-সম্পদ, খনিজ-সম্পদ ও কৃষি-সম্পদে সম্পদশালী ভারতবর্ষের জনসমাজের জীবনধারণের কোন সমস্যা প্রাচীনকালে ছিল না। ফলে অতি প্রাচীনকাল হইতেই ভারতবাসী শ্রমবিমুখ, ধর্মপ্রবণ, কাব্য, শিল্প ও সাহিত্যে অনুরাগী হইয়া উঠিয়াছিল।

ভারতের মধ্যস্থলে অবস্থিত বিন্ধ্য পর্বত ভারতকে দ্বিখণ্ডিত করিয়া প্রাচীনকালে সমগ্র ভারতে রাজনৈতিক ঐক্য স্থাপনে বাধার সৃষ্টি করিয়াছিল। বিন্ধ্য পর্বত দক্ষিণ-

বিন্ধ্য পর্বতের প্রভাব

ভারতের স্বাতন্ত্র্য বজায় রাখিতে সাহায্য করিয়াছে। ভারত-ইতিহাসের কোন কোন কালে আর্যাবর্তের পরাক্রমশালী রাজগণ দাক্ষিণাত্য বিজয়ে সমর্থ হইলেও দাক্ষিণাত্য অঞ্চলকে সম্পূর্ণভাবে উত্তর-ভারতের সহিত

ঐক্যবদ্ধ করিতে পারেন নাই। বিন্ধ্য পর্বত-ই যে এজন্য বহুলাংশে দায়ী ছিল সে-বিষয়ে সন্দেহ নাই। নতুবা সমগ্র ভারতের রাজনৈতিক ঐক্য দৃঢ়তর হইত, বলা বাহুল্য।

স্বতন্ত্র সভ্যতা

ভারতবর্ষের উত্তর-পশ্চিম, উত্তর ও উত্তর-পূর্ব সীমা পর্বতশ্রেণী দ্বারা সুরক্ষিত এবং দক্ষিণ, দক্ষিণ-পশ্চিম ও দক্ষিণ-পূর্ব যথাক্রমে ভারত মহাসাগর, আরব সাগর ও বঙ্গোপসাগর দ্বারা বেষ্টিত। এইভাবে পৃথিবীর অপরাপর অংশ হইতে প্রকৃতি দ্বারা বিচ্ছিন্ন হইবার ফলে ভারতবর্ষে একটি সম্পূর্ণ স্বতন্ত্র সভ্যতা গড়িয়া উঠিবার সুযোগ হইয়াছিল। কিন্তু প্রকৃতি দ্বারা সুরক্ষিত বলিয়া ভারতবর্ষের সহিত বহির্জগতের কোন সম্পর্ক ছিল না, একথা মনে করিলে ভুল হইবে। সুদূর অতীত হইতেই ভারতবর্ষ এশিয়া ও ইওরোপের বিভিন্ন দেশের সহিত স্থল ও জল পথে বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ স্থাপন করিয়াছিল। উত্তর-পশ্চিমের খাইবার, বোলান, গোমাল প্রভৃতি গিরিপথ ধরিয়া আর্যদের আগমন হইতে আরম্ভ করিয়া যুগে যুগে ভিন্ন ভিন্ন জাতি ভারতবর্ষে প্রবেশ করিয়াছে। পারসিক, গ্রীক, শক, হূণ, তুর্কী, আফগান, মোগল প্রভৃতি বিভিন্ন জাতি বিভিন্ন সময়-তরঙ্গে ভারতবর্ষে প্রবেশ করিয়া আমাদের জন্মভূমিকে এক মহামানবের মিলন-তীর্থে পরিণত করিয়াছে। ইহা ভিন্ন চীন, তিব্বত, ব্রহ্মদেশ প্রভৃতির সহিতও বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ প্রাচীনকাল হইতেই চলিয়া আসিতেছে। ফলে নানা সংস্কৃতির দানে পুষ্ট ভারতীয় সংস্কৃতি এক অপূর্ব মহিমায় আত্মপ্রকাশ করিয়াছে।

ভারত মহাসাগর ও অপরাপর সমুদ্রপথে বহির্জগতের সহিত যোগাযোগ

বহু জাতি ও ধর্মের লোকের মিলন-তীর্থ

সুদীর্ঘ সমুদ্র উপকূলরেখার নানা স্থানে বাণিজ্য-বন্দর গড়িয়া উঠিবার ফলে সমুদ্রপথ ধরিয়া অতি প্রাচীনকালেই চীন, রোম, চম্পা, কম্বোজ, সুমাত্রা, যবদ্বীপ, বলিদ্বীপ, সিংহল প্রভৃতি দেশের সহিত ভারতবর্ষের বাণিজ্য-সম্পর্ক স্থাপিত হইয়াছিল। ভারতের এই সকল বাণিজ্য-কেন্দ্র হইতেই ক্রমে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি চম্পা, কম্বোজ প্রভৃতি দক্ষিণ-পূর্ব এশীয় দ্বীপপুঞ্জে বিস্তারলাভ করিয়াছিল। এমনকি, এই সকল অঞ্চলে ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল। ভারতীয় সভ্যতা এবং সংস্কৃতির প্রভাব ও নিদর্শন এই সকল অঞ্চলে আজিও বিদ্যমান আছে। সমুদ্রপথ ধরিয়াই আধুনিক কালে ইংরাজ বণিকগণ ভারতবর্ষে বাণিজ্য করিতে আসিয়া ক্রমে এদেশে রাজনৈতিক প্রভুত্ব বিস্তার করিতে সমর্থ হইয়াছিল। উত্তর-পশ্চিম সীমান্ত পথে ভারতীয় সভ্যতা-সংস্কৃতি মধ্য এশিয়ায় বিস্তারলাভ করিয়াছিল। খোটান, ইয়ারখন্দ, কাশগড় প্রভৃতি অঞ্চলে ভারতীয় সভ্যতা-সংস্কৃতির চিহ্নাদি আবিষ্কৃত হইয়াছে। এই সকল অঞ্চলেও ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল।

সমুদ্রপথে ভারতীয় সংস্কৃতির বিস্তার

উত্তর-পশ্চিম সীমান্ত পথে ভারতীয় সংস্কৃতির বিস্তার

ভারতবর্ষের দক্ষিণাংশ ক্রমশ সঙ্কীর্ণ হইয়া ভারত মহাসাগরে প্রবেশ করিয়াছে। দক্ষিণাংশের পূর্ব ও পশ্চিম উপকূলের অধিবাসিগণ সমুদ্রের সন্নিকটে থাকিবার স্বাভাবিক

ফল হিসাবেই সমুদ্র-প্রবণ হইয়া উঠিয়াছিল। কিন্তু ভারতের উত্তরাংশের জনসাধারণ সেই পরিমাণ সমুদ্র-প্রবণ হইবার সুযোগলাভ করে নাই। উত্তর-ভারতের কেবলমাত্র বাংলা-দেশের ন্যায় সমুদ্রোপকূলে অবস্থিত দেশে এবং সিন্ধুনদের গতিপথ ধরিয়া কতক পরিমাণ সমুদ্রবাহী বাণিজ্যের চলাচল ছিল। সমুদ্রের প্রতি দাক্ষিণাত্যবাসীর অধিকতর টান থাকিবার একমাত্র কারণ হইল প্রাকৃতিক প্রভাব—অর্থাৎ সমুদ্রের সান্নিধ্য। এইভাবে নানা দিক দিয়া ভারতবাসীর জাতীয় চরিত্র ও ইতিহাস প্রাকৃতিক প্রভাবে প্রভাবিত হইয়াছে।

ভারতের দক্ষিণাংশ ও উত্তরাংশের জনগণের মধ্যে সমুদ্র-প্রবণতার পার্থক্য

কিছুকাল পূর্বাবধি পণ্ডিতদের অনেকেই মনে করিতেন যে, আর্যদের ভারত-আগমনের সঙ্গে সঙ্গে ভারতের ইতিহাস শুরু হয়। কিন্তু এই ধারণা বর্তমানে পরিবর্তিত হইয়াছে। আর্যদের পূর্বেও ভারতে অপরাপর জনসমষ্টি বসবাস করিত সে-বিষয়ে বর্তমানে দ্বিমত নাই। ভারতের আদিম অধিবাসীরা ছিল 'প্রাচীন প্রস্তর যুগে'র লোক। তাহাদের নির্মিত সাদাসিধা ধরনের পাথরের অমসৃণ অস্ত্রশস্ত্র, হাতিয়ার প্রভৃতি ভারতের বিভিন্নাংশে বিশেষভাবে ভারতের পূর্ব-উপকূল অঞ্চলে পাওয়া গিয়াছে। সেই যুগের লোকেরা কৃষিকার্য, মৃৎপাত্র নির্মাণ, রাঁধিবার উপায়, আগুন জ্বালিবার কৌশল প্রভৃতি জানিত না। কিন্তু কালের গতির সঙ্গে সঙ্গে 'প্রাচীন প্রস্তর যুগে'র অধিবাসীরা পাথরের মসৃণ ও ধারাল অস্ত্রশস্ত্র প্রস্তুত করিতে শিখিল। কোন কোন ধাতুর ব্যবহারও তাহারা শিখিল। এই যুগের লোকেরা 'নূতন প্রস্তর যুগে'র লোক নামে পরিচিত। ইহারা আগুন জ্বালাইতে জানিত, গুহার দেওয়াল-গাত্রে ছবি আঁকিতে পারিত, মাটির পাত্র তৈয়ার করিতে জানিত। 'নূতন প্রস্তর যুগে'র পর আসিল ধাতু ব্যবহারের যুগ। তাম্র, লৌহ প্রভৃতি ধাতুর ব্যবহার লোকে শিখিল। এইজন্য এই ক্রমবিবর্তনের বিভিন্ন পর্যায়কে 'তাম্রযুগ', 'লৌহযুগ' প্রভৃতি নামকরণ করা হইয়াছে। এইভাবে ক্রমবিবর্তনের মধ্য দিয়া ভারতবাসী ঐতিহাসিক যুগে পৌঁছিয়াছে।

ভারত-ইতিহাসের শুরু

প্রাচীন ও নূতন প্রস্তর যুগ

তাম্র ও লৌহ যুগ

ভারতের নরনারী (Indian People): ভারতের অধিবাসীর জাতিগত বৈশিষ্ট্যের দিক দিয়া বিচার করিয়া বিভিন্ন পণ্ডিত ভারতবাসীকে বিভিন্ন জাতিতে ভাগ করিয়াছেন। ১৯০১ খ্রীষ্টাব্দের লোকগণনায় ভারত-সরকার ভারতবাসীকে মোট সাতটি জাতিতে ভাগ করিয়াছিলেন। ১৯৩৩ খ্রীষ্টাব্দে ডক্টর হাটন্ (Dr J. H. Hutton) ভারতবাসীকে মোট আটটি ভাগে বিভক্ত করিয়াছিলেন। কিন্তু আধুনিক নৃতত্ত্ববিদ্‌গণের মধ্যে ডক্টর গুহ (Dr B. S. Guha) নানা যুক্তি প্রদর্শন করিয়া ভারতবাসীকে মোট ছয়টি ভাগে বিভক্ত করিয়াছেন। তাঁহার মত-ই বর্তমানে মোটামুটিভাবে সর্বজনগ্রাহ্য বলা যাইতে পারে। এই ছয়টি ভাগ হইল: (১) নিগ্রিটো, (২) প্রোটো-অস্ট্রল্যয়ড্, (৩) মোঙ্গল্যয়ড্, (৪) মেডিটারেনিয়ান, (৫) ওয়েষ্টার্ন ব্র্যাকিসিফেলাস্ এবং (৬) নর্ডিক।

বিভিন্ন নৃতত্ত্ববিদের মতামত

ছয়টি জাতি

নিগ্রিটো জাতির লোকেরা ভারতে একপ্রকার বিলুপ্ত হইয়া গিয়াছে। একমাত্র আন্দামান-নিকোবর, আসামের আঙ্গামী নাগা, দক্ষিণ-ভারতীয় ইরুল্বা, কুরুম্বা প্রভৃতি উপজাতির মধ্যে 'নিগ্রিটো' জাতির বংশধরগণকে দেখা যায়। ইহাদের রং কালো, চুল পশমের মত, নাক চ্যাপ্‌টা এবং শরীরের গড়ন বেঁটে।

নিগ্রিটো (Negrito)

প্রোটো-অস্ট্রল্যয়ড্—অর্থাৎ অস্ট্রেলিয়ার আদিম অধিবাসীদের সহিত সাদৃশ্য-সম্পন্ন এক জাতির লোক ভারতের বিভিন্ন নিম্নশ্রেণীর ('lower castes') মধ্যে দেখিতে পাওয়া যায়। সিংহল, দক্ষিণ-পূর্ব এশিয়া প্রভৃতি অঞ্চলে এই জাতীয় লোকের বংশধরদের বসবাস আছে।

প্রোটো-অস্ট্রল্যয়ড্ (Proto-Austroloid)

মোঙ্গল্যয়ড্ (Mongoloid)

মোঙ্গল্যয়ড্ জাতির লোকদিগকে প্রধানত চট্টগ্রামের পার্বত্য অঞ্চল, সিকিম, ভূটান প্রভৃতি অঞ্চলে দেখিতে পাওয়া যায়।

মেডিটারেনিয়ান—অর্থাৎ ভূমধ্যসাগর অঞ্চলের আদিম অধিবাসীর সহিত সাদৃশ্য-সম্পন্ন জাতির লোক গঙ্গা-উপত্যকা, সিন্ধু, পাঞ্জাব, রাজপুতানা, উত্তরপ্রদেশ প্রভৃতি অঞ্চলে দেখিতে পাওয়া যায়।

মেডিটারেনিয়ান (Mediterranean)

ব্র্যাকিসিফেলাস্ জাতির লোকের বাস হইল বাংলা, উড়িষ্যা, বিহার, উত্তরপ্রদেশের পূর্বাঞ্চল, গঙ্গা-উপত্যকা, ক্যানাড়া, তামিল, গিলগিট্, চিত্রাল প্রভৃতি অঞ্চলে।

ওয়েষ্টার্ন ব্র্যাকিসিফেলাস্ (Western Brachyce-phallous)

নর্ডিক বা আর্য জাতির বংশধরগণকে ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলেই অধিক সংখ্যায় দেখিতে পাওয়া যায়। এই জাতির লোক প্রধানত পাঞ্জাব, রাজপুতানা, মহারাষ্ট্র (মারাঠী চিৎপাবন ব্রাহ্মণ) অঞ্চলে বসবাস করে।

নর্ডিক বা আর্য (Nordic or Aryan)

এখানে উল্লেখ করিতে হইবে যে, উপরি-উক্ত জাতিগুলির বসবাসের স্থান সম্পর্কে কোন কঠোরতা নাই। সকল অঞ্চলেই এই জাতির লোকের সংমিশ্রণ ও বসবাস পরিলক্ষিত হয়। কোন জাতিরই জাতিগত বিশুদ্ধতা বজায় রাখা সম্ভব হয় নাই।

বিভিন্ন জাতির সংমিশ্রণ

***বিভিন্নতা সত্ত্বেও একতা* (Unity in Diversity) :** 'নানা ভাষা, নানা মত, নানা পরিধান' থাকা সত্ত্বেও ভারতবাসীদের মধ্যে এক মহামিলনের অপূর্ব দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। কবিগুরু রবীন্দ্রনাথ ভারতবর্ষকে 'মহামানবের সাগর' আখ্যা দিয়াছেন। বস্তুত, বিভিন্ন ভাষা, বিভিন্ন আচার-আচরণ, বিভিন্ন জাতি ও ধর্মের জনসমাজের এক অপূর্ব সমাবেশ আমাদের এদেশে ঘটিয়াছে। আর্য, অনার্য, দ্রাবিড়, চীন, শক, হূণ, পাঠান, মোগল প্রভৃতি বিভিন্ন জাতির মহামিলন-তীর্থ আমাদের এই ভারতভূমি। ধর্মের দিক দিয়া এদেশে হিন্দু, জৈন, বৌদ্ধ, মুসলমান,

জাতি, ভাষা, ধর্ম ও আচার-আচরণের পার্থক্য

পারসিক, খ্রীষ্টান প্রভৃতি বিভিন্ন ধর্মাবলম্বীর এক বিরাট সমন্বয় ঘটিয়াছে।* ভাষার ক্ষেত্রেও অনুরূপ বৈচিত্র্য বিরাজমান। নানা আচার-আচরণ, জাতি, ভাষা ও ধর্মের লোক দ্বারা অধ্যুষিত ভারতভূমি এক বিচিত্র দেশে পরিণত হইয়াছে। ভারতের বৈচিত্র্য শুধু জাতি, ভাষা, ধর্ম ও আচার-আচরণেরই বিভিন্নতা নহে; প্রাকৃতিক দিক দিয়াও এই বিভিন্নতা পরিলক্ষিত হয়। ভৌগোলিক বৈচিত্র্যের দিক দিয়া বিচার করিলে আমাদের দেশে শস্য-শ্যামল উর্বর প্রান্তর যেমন আছে তেমনি অনুর্বর মরুদেশও দেখিতে পাওয়া যায়। উচ্চতার দিক দিয়া হিমালয় পর্বত পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গ মাথায় ধারণ করিয়া ভারতের উত্তর-সীমান্তে প্রহরীরূপে দণ্ডায়মান। আবার সুগভীর গুহা ও কন্দরের অভাবও এদেশে নাই। আবহাওয়ার দিক দিয়া বিচার করিলে ভারতে শীতল, উষ্ণ ও নাতিশীতোষ্ণ—তিন প্রকারের আবহাওয়াই পরিলক্ষিত হয়। আবহাওয়া, লতা, গুল্ম, জীবজন্তু, বৃক্ষাদি সব দিক দিয়াই ভারতবর্ষে এক চরম বৈষম্য দেখিতে পাওয়া যায়। এই ভৌগোলিক বৈষম্য ও বৈচিত্র্য ভারতবাসীর রাজনৈতিক জীবনেও প্রতিফলিত হইয়াছিল। ফলে প্রাচীনকালে ভারতবর্ষ ভিন্ন ভিন্ন স্বাধীন রাজনৈতিক বিভাগে বিভক্ত হইয়া পড়িয়াছিল।**

বিচিত্র দেশ

ভাষা, আচার-আচরণ ও জাতি ধর্মের বৈষম্য

ভৌগোলিক বৈচিত্র্য

কিন্তু নানা প্রকার বৈষম্য থাকা সত্ত্বেও ভারতবাসীর মধ্যে এক গভীর একত্ববোধ প্রাচীনকাল হইতে আরম্ভ করিয়া অদ্যাপি বিরাজিত। ভারতীয় সভ্যতার মূল কথাই হইল সমন্বয়সাধন করা। সুতরাং প্রাকৃতিক, জাতিগত, ভাষাগত ও ধর্মগত বৈষম্য থাকা সত্ত্বেও ভারতীয়দের মধ্যে এক মূলগত ঐক্য গড়িয়া উঠিয়াছে। রাজনৈতিক ঐক্যের উপর এই ঐক্য নির্ভরশীল নহে। ইহা হইল মনের ঐক্য। 'ভারতবর্ষ' নাম উচ্চারণের সঙ্গে সঙ্গে আমাদের মনে আসমুদ্র হিমাচল এক বিশাল ভূখণ্ডের ধারণা জাগে।† এই ঐক্যবদ্ধ এক বিশাল দেশের ধারণাই আমাদের মনে এক জাতীয় ঐক্যবোধের সৃষ্টি করিয়াছে। ভারতীয় সংস্কৃতির প্রভাবও ভারতীয়দের মধ্যে ঐক্যবোধ সৃষ্টির সহায়তা করিয়াছে।

বিভিন্নতার মধ্যে একতা

* "From the human point of view India has often been described as an ethnological museum, in which numberless races of mankind may be studied, ranging from savages of low degree to polished philosophers. That variety of races, languages, manners, and customs is largely the cause of the innumerable political subdivisions which characterise Indian history before the unification effected by the British supremacy." V. A. Smith : *Oxford History of India* (3rd Edn. revised by T. G. P. Spear), p. 5.

** Vide Smith (3rd Edn.), p. 4.

† "উত্তরং যৎ সমুদ্রস্য
হিমাদ্রেশ্চৈব দক্ষিণম্।
বর্ষং তদ্‌ভারতং নাম
ভারতী যত্র সন্ততিঃ॥" বিষ্ণুপুরাণ, ২৷৩৷১

বিভিন্ন সময়-তরঙ্গে বিভিন্ন জাতি ভারতবর্ষে প্রবেশ করা সত্ত্বেও হিন্দুসভ্যতার মূল কাঠামো অপরিবর্তিত রহিয়াছে। বিভিন্ন জাতির লোক বিভিন্ন সংস্কৃতি লইয়া এই দেশে প্রবেশ করিয়া এই সভ্যতা-সংস্কৃতিকে পুষ্ট করিয়াছে। কিন্তু এই মূল সভ্যতার কাঠামোর বিশেষ কোন পরিবর্তন হয় নাই। এই সভ্যতার একটি বিশেষ রূপ আছে, পৃথিবীর অপরাপর সভ্যতা-সংস্কৃতি হইতে ইহা সম্পূর্ণ পৃথক ও স্বতন্ত্র। একই সাংস্কৃতিক ঐক্য স্বভাবতই ভারতবাসীর মধ্যে ঐক্যবোধ জাগাইতে সাহায্য করিয়াছে।* পৃথিবীর অপরাপর সভ্যতা-সংস্কৃতি হইতে ভারতীয় সভ্যতা-সংস্কৃতি সম্পূর্ণ স্বতন্ত্র। এই স্বাতন্ত্র্যবোধ ভারতবাসীকে অন্তরের দিক দিয়া ঐক্যবদ্ধ হইতে সাহায্য করিয়াছে, বলা বাহুল্য।

'ভারতবর্ষ' নামের ঐক্য

সাংস্কৃতিক ঐক্য

ভারতবর্ষের বিভিন্ন জাতির লোকের স্ব স্ব বৈশিষ্ট্য রহিয়াছে বটে, কিন্তু মোটামুটি একই ধরনের জীবনযাত্রা, একই ধরনের খাদ্য-পানীয় ও পরিবেশ ভারতবাসীর মনে পরোক্ষভাবে এক ঐক্যবোধ জাগাইয়া তুলিয়াছে।** প্রাচীন ভারতের রাজগণের 'একরাট্', 'সম্রাট' প্রভৃতি হইবার আকাঙ্ক্ষা এবং মৌর্য আমল, গুপ্তযুগ প্রভৃতি বিভিন্ন কালে ভারতের এক বিশাল অংশের রাজনৈতিক ঐক্যসাধন প্রভৃতি ভারতীয়দের মধ্যে জাতীয়তাবোধ জাগাইয়া তুলিতে সাহায্য করিয়াছিল।

জীবনযাত্রার মোটামুটি একতা

স্বাধীনতা-সংগ্রামের কালে 'বন্দে মাতরম্' মন্ত্র ভারতবাসীকে এক গভীর দেশাত্মবোধে উদ্বুদ্ধ করিয়া তাহাদের ঐক্যবোধ বহুগুণে বৃদ্ধি করিয়াছে। তাই জাতি, ধর্ম, ভাষা, আচার-আচরণের বিভিন্নতা সত্ত্বেও এদেশের সকলেই 'ভারতবাসী'। এক গভীর আন্তরিক ঐক্যবোধ ভারতীয়দিগকে একই সূত্রে বাঁধিয়া রাখিয়াছে। এই ঐক্য রাজনৈতিক একতা বা ভৌগোলিক ঐক্যের উপর নির্ভরশীল নহে, ইহা হইল ভারতবাসীর অন্তরের একতা।†

'বন্দে মাতরম্' মন্ত্রের প্রভাব

---

* "The most essentially fundamental Indian unity rests upon the fact that the diverse peoples of India have developed a peculiar type of culture or civilization utterly different from any other type in the world." Smith (3rd Edn.), p. 7.

** Vide Sir J. N. Sarker's article: 'Unity of India'. *Modern Review*, Nov., '42.

† "India beyond all doubt possesses a deep underlying fundamental unity, far more profound than that produced either by geographical isolation or by political suzerainty. That unity transcends the innumerable diversities of blood, colour, language, dress, manners, and sect." Smith: *Oxford History of India* (3rd Edn.), p. 7.

দ্বিতীয় অধ্যায়

ভারত-ইতিহাসের উপাদান

(Sources of Indian History)

ইতিহাসের উপাদান (Sources of History) : যে-সকল দেশে অতি প্রাচীনকাল হইতেই সভ্যতার সূচনা হইয়াছে সেই সকল দেশের সুদূর অতীতের ইতিহাস প্রায় ক্ষেত্রেই সম্পূর্ণভাবে জানা সম্ভব হয় নাই। এইরূপ সুদূর অতীতের ইতিহাস রচনা করিবার একমাত্র পন্থা হইল সেই যুগের লোকের ব্যবহৃত জিনিসপত্রের নিদর্শন সংগ্রহ করা। প্রাচীনকালে যে-সময়ে কোনপ্রকার ইতিহাস লিখিবার কল্পনাও মানুষে করিত না, সেই সময়ের ইতিহাস সেই যুগের ঐতিহাসিক চিহ্নাদির উপর নির্ভর করিয়া রচনা করিতে হয়। এইরূপ প্রাচীন যুগকে 'প্রাক্-ঐতিহাসিক যুগ' বলা হয়। যে-সময় হইতে লিপি, লিখিত ইতিহাস প্রভৃতি সম্পূর্ণ নির্ভরযোগ্য ঐতিহাসিক উপাদান পাওয়া যায় সেই সময় হইতেই 'ঐতিহাসিক যুগে'র শুরু হইয়াছে বলা হয়। ভারতবর্ষের ঐতিহাসিক যুগ আলেকজাণ্ডারের ভারত অভিযানের কাল হইতে আরম্ভ হইয়াছে বলিয়া ধরা যাইতে পারে। কারণ, ঐ সময় হইতে ভারত-ইতিহাস সম্পর্কে লিখিত তথ্যাদি পাওয়া যায়। যদিও বৈদিক যুগ হইতে ভারত-ইতিহাসের নির্ভরযোগ্য তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হইয়াছে, তথাপি সেই যুগের লিখিত ইতিহাসের কোন নিদর্শন পাওয়া যায় নাই।

ঐতিহাসিক চিহ্নাদির গুরুত্ব

'প্রাক্-ঐতিহাসিক' ও 'ঐতিহাসিক' যুগের পার্থক্য

প্রাক্-ঐতিহাসিক তথা প্রাচীন যুগের ইতিহাস রচনায় প্রত্নতাত্ত্বিক উপাদান—যথা, মাটির নীচ হইতে প্রাপ্ত দৈনন্দিন জীবনে ব্যবহার্য জিনিস-পত্রাদি, মুদ্রা প্রভৃতি অপরিহার্য। ভারতবর্ষের প্রাচীন যুগের ইতিহাসও এইরূপ ঐতিহাসিক উপাদানের উপর নির্ভর করিয়া রচনা করিতে হয়।

ভারতের প্রাচীন ইতিহাস রচনায় প্রত্নতাত্ত্বিক উপাদানের গুরুত্ব

ভারত-ইতিহাসের উপাদান (Sources of Indian History) : সভ্যতার পথে মানুষ যতই অগ্রসর হইয়াছে তাহার ঐতিহাসিক চিহ্নাদিও সে ততই অধিক পরিমাণে রাখিয়া গিয়াছে। এই কারণে ভারতের প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের ইতিহাস রচনার উপাদানও ভিন্ন ভিন্ন। এই তিনটি পৃথক যুগের ইতিহাস রচনার উপাদানগুলি পৃথকভাবে আলোচনা করাই বাঞ্ছনীয়।

ভারত-ইতিহাসের প্রাচীন, মধ্য ও আধুনিক যুগ


প্রাচীন যুগের ভারত-ইতিহাসের উপাদান (Sources of Ancient Indian History) : ভারতবর্ষের প্রাচীন যুগের ইতিহাস রচনার

উপাদানগুলিকে উল্লিখিতভাবে বিভক্ত করা যাইতে পারে—যথা, (১) প্রত্নতাত্ত্বিক উপাদান, (২) শিলালিপি, তাম্রলিপি, (৩) মুদ্রা, (৪) স্থাপত্য ও ভাস্কর্য শিল্প, চিহ্নাদি, (৫) দেশীয় লেখকদের রচনা এবং (৬) বিদেশী পর্যটকদের বিবরণ।

বিভিন্ন উপাদান

(১) প্রত্নতাত্ত্বিক উপাদান : প্রাচীন সভ্যতার চিহ্ন ভারতের নানা স্থানে প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে পাওয়া গিয়াছে। সিন্ধু-উপত্যকায় মহেঞ্জোদরো, হরপ্পা প্রভৃতি স্থানে খননকার্যের ফলে এক অতি প্রাচীন সভ্যতার নিদর্শন পাওয়া গিয়াছে। এই সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হওয়ায় ভারতের আদি সভ্যতা যে পৃথিবীর প্রাচীনতম সভ্যতাগুলি—যথা, মিশরীয়, ব্যাবিলনীয়, আসিরীয় প্রভৃতির সমসাময়িক ছিল সেকথা প্রমাণিত হইয়াছে। কেবলমাত্র সিন্ধু-উপত্যকায়ই নহে, সাঁচী ও সারনাথে প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে মৌর্য আমলের বহু ঐতিহাসিক নিদর্শন পাওয়া গিয়াছে। নালন্দায়ও তথাকার বিশ্ববিদ্যালয়ের চিহ্নাদি আবিষ্কৃত হইয়াছে। এইভাবে প্রত্নতত্ত্ববিদ্গণ প্রাচীন নিদর্শনাদি দেখিয়া সেগুলি কত প্রাচীন এবং সেই যুগের সভ্যতা

মহেঞ্জোদরো, হরপ্পা, সাঁচী, সারনাথ, নালন্দা প্রভৃতি স্থানে প্রাপ্ত ঐতিহাসিক চিহ্ন



প্রত্নতাত্ত্বিক উপাদান (সিন্ধু-সভ্যতা)

কতদূর উন্নত ছিল সেই সকল কথা বুঝিতে পারেন। প্রাচীন যুগের লিখিত ইতিহাস না পাওয়া গেলেও এই সকল প্রত্নতাত্ত্বিক নিদর্শন হইতে একটি মোটামুটি ইতিহাস রচনা করা যায়।

(২) শিলালিপি, তাম্রলিপি প্রভৃতি : প্রাচীন ইতিহাস রচনার সর্বাধিক গুরুত্বপূর্ণ উপাদান হইল শিলালিপি, তাম্রলিপি প্রভৃতি। প্রাচীনকালে যখন কাগজপত্রাদির

ব্যবহার ছিল না তখন রাজা-মহারাজরা পাথরের উপর অথবা তামা, লোহা, ব্রোঞ্জ প্রভৃতি ধাতুর উপর তাঁহাদের আদেশ, দানপত্র প্রভৃতি খোদাই করিয়া দিতেন। এগুলি সেই সকল রাজার রাজত্বকালের অতিশয় নির্ভরযোগ্য উপাদান সন্দেহ নাই। বিশেষত এগুলিকে পরবর্তীকালে অদল-বদল করিবারও কোন উপায় থাকে না। শিলালিপি, তাম্রলিপি প্রভৃতি নানা ভাষায় খোদিত হইত—যথা, পালি, প্রাকৃত, সংস্কৃত, তামিল প্রভৃতি। প্রাচীন ভারতের শিলালিপিগুলির মধ্যে মৌর্য সম্রাট অশোকের শিলালিপি, স্তম্ভলিপি প্রভৃতি তাঁহার আমলের ইতিহাস রচনার এক অতি নির্ভরযোগ্য উপাদান।

পাথর ও বিভিন্ন ধাতুর উপরে খোদিত লিপি

ব্রাহ্মী লিপিতে লেখা অশোকের শিলালিপিগুলি দীর্ঘকাল অনাদৃত অবস্থায় বনজঙ্গলের মধ্যে পড়িয়া রহিয়াছিল। জেমস্ প্রিন্সেপ্ নামে জনৈক ইওরোপীয় প্রত্নতাত্ত্বিকের দীর্ঘ গবেষণার ফলে এই সকল লিপি পাঠ করা সম্ভব হইয়াছে। ফলে মৌর্য সম্রাট অশোকের আমলের শাসনব্যবস্থা, ধর্মনীতি, সমাজ প্রভৃতি নানা বিষয়ের সম্পূর্ণ নির্ভরযোগ্য তথ্যাদি জানিতে পারা গিয়াছে। এইভাবে এলাহাবাদের এক স্তম্ভগাত্রে গুপ্তযুগের সম্রাট সমুদ্রগুপ্তের বিজয়কাহিনী খোদিত পাওয়া গিয়াছে। এই সকল লিপি প্রাচীন ইতিহাস রচনার অমূল্য সম্পদ।

অশোকের শিলালিপি —জেমস্ প্রিন্সেপ্-কর্তৃক পাঠোদ্ধার

সমুদ্রগুপ্তের এলাহাবাদ প্রশস্তি

(৩) প্রাচীন মুদ্রা: প্রাচীনকালের রাজগণের মুদ্রা—অর্থাৎ ধাতু-নির্মিত টাকাকড়ি ভারতবর্ষের বিভিন্ন স্থানে পাওয়া গিয়াছে। এই সকল মুদ্রায় রাজার নাম, তারিখ, রাজার প্রতিকৃতি বা কোন দেব-দেবীর ছাপ খোদাই করা আছে। এগুলি হইতে স্বভাবতই আমরা রাজার শাসনকাল, সেই সময়কার ধাতুশিল্পের উন্নতি, রাজা-মহারাজের ধর্মমত, সঙ্গীতানুরাগ প্রভৃতি সম্পর্কে জানিতে পারি। সমুদ্রগুপ্তের মুদ্রায় তাঁহার বীণাবাদনরত মূর্তি হইতে তাঁহার সঙ্গীতানুরাগের পরিচয় পাওয়া যায়। প্রথম চন্দ্রগুপ্তের মুদ্রায় লক্ষ্মীদেবীর মূর্তি অঙ্কিত আছে ইহা হইতে তাঁহার ধর্মমত কি ছিল তাহা স্পষ্টই বুঝিতে পারা যায়। এতদ্ভিন্ন এক দেশের মুদ্রা অপর দেশে পাওয়া গেলে এই দুই দেশের মধ্যে বাণিজ্য-সম্পর্ক ছিল একথাও অনুমান করা যাইতে পারে। গ্রীক, শক, বাহ্লিক প্রভৃতি যে-সকল বৈদেশিক জাতির রাজা ভারতবর্ষে রাজত্ব করিয়াছিলেন তাঁহাদের অনেকের নাম আমরা তাঁহাদের মুদ্রা হইতে জানিতে পারিয়াছি।

ঐতিহাসিক উপাদান হিসাবে প্রাচীন মুদ্রার গুরুত্ব

(৪) স্থাপত্য ও ভাস্কর্য নিদর্শন: প্রাচীন যুগে নির্মিত বাড়ী-ঘর, দালান-প্রাসাদ প্রভৃতির চিহ্নাদি প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে মাটির নীচ হইতে যেমন আবিষ্কৃত হইয়াছে, তেমনি মাটির উপরেও যথেষ্ট পাওয়া গিয়াছে। এগুলি হইতে প্রাচীনকালে কি রকমের বাড়ী-ঘর লোকে ব্যবহার করিত, কি জিনিস দিয়া সেই সকল বাড়ী-ঘর নির্মাণ করা হইত তাহা আমরা জানিতে পারি। ইহা ভিন্ন এই সকল স্থাপত্য নিদর্শন হইতে তখনকার কালে স্থাপত্য শিল্প কতদূর উন্নত ছিল তাহাও

প্রাচীন বাড়ী-ঘর, দালান-প্রাসাদ, মূর্তি প্রভৃতির গুরুত্ব

বুঝিতে পারা যায়। এ-বিষয়ে সাঁচী স্তূপ এবং উহার রেলিং, তোরণ-দ্বার প্রভৃতির উল্লেখ করা যাইতে পারে। ভাস্কর্য শিল্পেরও বহু প্রাচীন নিদর্শন ভারতবর্ষের বিভিন্ন স্থানে আবিষ্কৃত হইয়াছে। গন্ধার নামক স্থানের ভাস্কর্য রীতি বৌদ্ধ, গ্রীক ও রোমান ভাস্কর্য শিল্পের প্রভাবে যে এক অতি সুন্দর রূপ লাভ করিয়াছিল তাহার নিদর্শন আজিও বিদ্যমান। এইভাবে প্রাচীন যুগের বহু স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের নিদর্শন পাওয়া গিয়াছে। ইতিহাস রচনার পক্ষে এগুলির যথেষ্ট গুরুত্ব আছে, বলা বাহুল্য।

(৫) প্রাচীনকালের রচনা: প্রাচীনকালে রচিত সাহিত্য-গ্রন্থাদি হইতেও ঐতিহাসিক তথ্য সংগ্রহ করা যায়। ভারতের প্রাচীনতম গ্রন্থ বেদ হইতে বৈদিক যুগের সমাজ, ধর্ম, অর্থনীতি, রাজনীতি প্রভৃতি নানা বিষয়ের ঐতিহাসিক তথ্য সংগ্রহ করা সম্ভব হইয়াছে। এইভাবে রামায়ণ, মহাভারত, বৌদ্ধ ও জৈন গ্রন্থাদি, হিন্দু ধর্মশাস্ত্র প্রভৃতি হইতেও প্রাচীন ইতিহাসের তথ্যাদি সংগ্রহ করা গিয়াছে। মৌর্যযুগে রচিত কৌটিল্যের অর্থশাস্ত্র, পরবর্তীকালের কবি বাণভট্ট-প্রণীত হর্ষ-চরিত, বাক্‌পতির 'গৌড়বহো', কল্‌হনের 'রাজ-তরঙ্গিণী', বিহ্লনের 'বিক্রমাঙ্ক চরিত', সন্ধ্যাকর নন্দীর 'রামচরিত' প্রভৃতি গ্রন্থ বিশেষ উল্লেখযোগ্য।

বেদ, রামায়ণ, মহাভারত, বৌদ্ধ ও জৈন গ্রন্থাদি: অর্থশাস্ত্র, হর্ষ-চরিত, গৌড়বহো প্রভৃতি

(৬) বৈদেশিক বিবরণ: অতি প্রাচীনকাল হইতেই বিদেশী ভ্রমণকারিগণ আমাদের দেশে আসিয়া তাঁহাদের স্ব স্ব ধারণা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। গ্রীক বীর আলেকজাণ্ডারের অনুচরবর্গের অনেকে ভারতবর্ষ সম্পর্কে বহু কথা লিখিয়া গিয়াছেন। সীরিয়ার গ্রীক রাজা সেলুকাস মৌর্য সম্রাট চন্দ্রগুপ্তের সভায় মেগাস্থিনিস নামে জনৈক দূত প্রেরণ করিয়াছিলেন। ভারতবর্ষে অবস্থানকালে মেগাস্থিনিস মৌর্য শাসন এবং তখনকার জনসাধারণের জীবনযাত্রা সম্পর্কে বহু তথ্য লিপিবদ্ধ করিয়াছিলেন। তাঁহার রচিত সম্পূর্ণ গ্রন্থটি আমাদের যুগ অবধি আসিয়া পৌঁছায় নাই। কিন্তু উহার যে-সকল অংশ উদ্ধার করা সম্ভব হইয়াছে তাহা হইতেই মৌর্যযুগের এক অতি সুন্দর চিত্র পাওয়া যায়।

মেগাস্থিনিস, ডেইমেকোস, ডাইওনিসাস

মেগাস্থিনিস ভিন্ন ডেইমেকোস, ডাইওনিসাস প্রভৃতি গ্রীক দূতও অনুরূপ বিবরণ লিখিয়া গিয়াছেন। প্রাচীন গ্রীক ঐতিহাসিক হেরোডোটাস ও গ্রীক চিকিৎসক টেসিয়াসের বিবরণে প্রাচীন ভারতের বর্ণনা পাওয়া যায়। জনৈক অজ্ঞাতনামা গ্রীক লেখক 'পেরিপ্লাস' নামক গ্রন্থে ভারতীয় পোতাশ্রয় ও বাণিজ্য সম্পর্কে বর্ণনা রাখিয়া গিয়াছেন।

হেরোডোটাস, টেসিয়াস

প্রাচীন যুগে চীন দেশ হইতেও বহু পর্যটক ভারতবর্ষে আসিয়াছিলেন। ই-সিঙ্, ফা-হিয়েন, হিউয়েন-সাঙ্ প্রভৃতির নাম এ-বিষয়ে উল্লেখযোগ্য। ফা-হিয়েন গুপ্ত সম্রাট চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের শাসনকালে এবং হর্ষবর্ধনের রাজত্বকালে হিউয়েন-সাঙ্ ভারতবর্ষে আসিয়াছিলেন। উভয়েই ভারতবর্ষ সম্পর্কে সেই সময়ের বিশদ বিবরণ লিখিয়া গিয়াছেন। গুপ্তযুগ ও

ই-সিঙ্, ফা-হিয়েন, হিউয়েন-সাঙ্

হর্ষবর্ধনের রাজত্বকাল এবং সেই সময়কার ধর্মনৈতিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে বহু তথ্য ইহাদের রচনায় পাওয়া গিয়াছে।

খ্রীষ্টীয় অষ্টম শতাব্দী হইতে আরব লেখকদের রচনায় ভারতবর্ষ সম্পর্কে উল্লেখ পাওয়া যায়। আরব লেখকগণের মধ্যে শ্রেষ্ঠ গণিতশাস্ত্রজ্ঞ ও জ্যোতির্বিদ অল্‌বিরুণী হিন্দুযুগের শেষভাগে ভারতবর্ষে আসিয়াছিলেন। তিনি সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া হিন্দুদের সাহিত্য, দর্শন প্রভৃতি সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করিয়াছিলেন। তাঁহার রচিত 'তহ্‌কক্‌-ই-হিন্দ্‌' গ্রন্থে সেই যুগের হিন্দুদের আচার-আচরণ, সাহিত্য, দর্শন প্রভৃতি সম্পর্কে এক অতি সুন্দর বর্ণনা পাওয়া যায়।

অল্‌বিরুণী

মধ্যযুগের ভারত-ইতিহাসের উপাদান (Sources of Medieval Indian History): মধ্যযুগের ভারত-ইতিহাস রচনার পর্যাপ্ত উপকরণ আছে। এগুলিকে সরকারী দলিলপত্র, সমসাময়িক ঐতিহাসিক রচনা, বিদেশী পর্যটকদের বিবরণ, মুদ্রা ও শিল্প-নিদর্শন এবং হিন্দু লেখকগণের রচনা—এই কয়েকটি ভাগে বিভক্ত করিয়া আলোচনা করা যাইতে পারে।

বিবিধ উপাদান

(১) সরকারী দলিলপত্র: সুলতানী আমল এবং মোগল শাসনকালের সরকারী দলিলপত্রাদি ভারতের মধ্যযুগীয় ইতিহাস রচনার অতি মূল্যবান উপকরণ। এগুলির অধিকাংশই যুদ্ধ-বিগ্রহের ফলে এবং সযত্নে সংরক্ষণের অভাবে বিনাশপ্রাপ্ত হইয়াছে। মোগল সম্রাট আকবরের গ্রন্থাগারে এক বিপুল সংখ্যক পাণ্ডুলিপি ছিল কিন্তু সেগুলির একটিও আমাদের কাল পর্যন্ত আসিয়া পৌছায় নাই। ইতস্তত বিক্ষিপ্তভাবে যে কয়েকটি পাণ্ডুলিপি, চিঠিপত্রাদি পাওয়া গিয়াছে তাহা হইতেও কতক ঐতিহাসিক তথ্য সংগ্রহ করা হইয়াছে।

সরকারী দলিলপত্র
—বিনাশপ্রাপ্ত

(২) সমসাময়িক ঐতিহাসিকদের রচনা: আমীর খুস্‌রু, খুস্‌রু বা খুস্‌রভ মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ কবি ও সাহিত্যিক ছিলেন। তাঁহার রচনায় সমসাময়িক কালের ঐতিহাসিক তথ্যাদিও পাওয়া যায়। আমীর খুস্‌রু বা খস্‌রু ভিন্ন মিন্‌হাজ-উস্‌-সিরাজ, শাম্‌স-ই-সিরাজ, হাসান নিজামী, জিয়াউদ্দিন বর্‌নী, ফেরিস্তা প্রমুখ ঐতিহাসিকের রচনা সেই যুগের ইতিহাসের অমূল্য উপাদান। আবুল ফজ্‌ল-প্রণীত 'আকবর-নামা' ও 'আইন-ই-আকবরী' গ্রন্থদ্বয় আকবরের রাজত্বকালের ইতিহাস রচনার অপরিহার্য উপাদান। ইহা ভিন্ন বদাউনী-রচিত ইতিহাস গ্রন্থও এ-বিষয়ে উল্লেখযোগ্য।

আমীর খুস্‌রু, মিনহাজ, হাসান, ফেরিস্তা, জিয়াউদ্দিন, আবুল ফজ্‌ল, বদাউনী

সুলতানী ও মোগল সম্রাটদের অনেকে নিজ নিজ জীবনচরিত রচনা করিয়া গিয়াছিলেন। এগুলিও সমসাময়িক ইতিহাস রচনার উপাদানে পরিপূর্ণ। এগুলির মধ্যে ফিরুজ শাহের স্বরচিত 'ফতোয়াৎ-ই-ফিরুজ শাহী', 'বাবরের জীবনস্মৃতি', 'জাহাঙ্গীরের জীবনস্মৃতি' প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য।

বাবর ও জাহাঙ্গীরের জীবনস্মৃতি

'আলম্গীর-নামা', 'পাদশাহ্-নামা', 'মুন্তাখাব্-উল্-লুবাব'

উপরি-উক্ত উপাদানগুলি ভিন্ন 'আলম্গীর-নামা', 'পাদশাহ্-নামা', কাফি খাঁ রচিত 'মুন্তাখাব্-উল্-লুবাব' প্রভৃতির উল্লেখ করা যাইতে পারে।

(৩) বিদেশী পর্যটকদের বর্ণনা: সুলতানী ও মোগল শাসনকালে বহু বিদেশী পর্যটক ভারতবর্ষে আসিয়াছিলেন। ইঁহাদের রচনা হইতে সেই সময়কার ভারতবর্ষ সম্পর্কে বহু তথ্য জানিতে পারা যায়। বিদেশী পর্যটকদের মধ্যে ইতালীয় পর্যটক মার্কো পোলো, আফ্রিকাবাসী ইবন্-বতুতা, চৈনিক পর্যটক মাহুয়ান, মোগল যুগে জেসুইট্ ধর্মযাজকগণ, ইওরোপীয় পর্যটক বার্থেমা, বার্বোসা, র্যাল্ফ ফিচ্, টমাস রো, বার্ণিয়ে, তেভার্নিয়ে, টেরি প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। সুলতানী শাসনকালে দাক্ষিণাত্যের হিন্দুরাজ্য বিজয়নগরে পারসিক পর্যটক আব্দুর্রজাক্, পোর্তুগীজ পায়েজ ও নুনিজ, ইতালীয় নিকোলো কন্টি প্রমুখ পর্যটকের রচনায়ও গুরুত্বপূর্ণ ঐতিহাসিক তথ্যাদি পাওয়া যায়।

মার্কো পোলো, ইবন্-বতুতা, মাহুয়ান, জেসুইট্ ধর্মযাজকগণ, র্যাল্ফ ফিচ্, টমাস রো, বার্ণিয়ে, তেভার্নিয়ে, টেরি প্রভৃতি

(৪) মুদ্রা ও স্থাপত্য নিদর্শন: মধ্যযুগের সুলতান ও সম্রাটগণের মুদ্রা হইতে তাঁহাদের আমলে ধাতুশিল্পের উন্নতি এবং মুদ্রানীতি সম্পর্কে ধারণা পাওয়া যায়। সুলতানী ও মোগল আমলের স্থাপত্য শিল্প ও চিত্রশিল্প হইতে সেই যুগের রুচির পরিচয় পাওয়া যায়। কুতব মিনার, আলাই দরওয়াজা, তাজমহল, আগ্রা ও দিল্লীর কেল্লা প্রভৃতি এ-বিষয়ে উল্লেখ করা যাইতে পারে। মধ্যযুগের—অর্থাৎ সুলতানী ও মোগল যুগের স্থাপত্য শিল্পে হিন্দু ও মুসলমান স্থাপত্য-রীতির সংমিশ্রণের পরিচয় পাওয়া যায়।

হিন্দু ও মুসলমান স্থাপত্য-রীতির সংমিশ্রণ

(৫) হিন্দু লেখকদের রচনা: মারাঠা ইতিহাস-গ্রন্থাদি, রাজপুত চারণদের রচনা প্রভৃতিতেও সেই যুগের ইতিহাস রচনার মূল্যবান উপাদান পাওয়া যায়। টডের 'রাজস্থানের ইতিহাস' (Annals and Antiquities of Rajasthan) গ্রন্থখানি রাজপুত চারণদের রচনার উপর নির্ভর করিয়াই রচিত।

মারাঠা ইতিহাস-গ্রন্থাদি, রাজপুত চারণদের রচনা

***আধুনিক যুগের ভারত-ইতিহাসের উপাদান* (Sources of Modern Indian History) :** ভারতবর্ষের আধুনিক যুগের ইতিহাস রচনার উপকরণগুলির মধ্যে সরকারী কাগজপত্র, ইওরোপীয় বাণিজ্যকুঠির দলিলপত্র, দেশীয় ও বিদেশীয় ঐতিহাসিক রচনা বিশেষ গুরুত্বপূর্ণ।

(১) সরকারী কাগজপত্র: ভারতের আধুনিক যুগের ইতিহাসের সর্বাপেক্ষা মূল্যবান উপকরণ সরকারী কাগজপত্র হইতে পাওয়া যায়। আভ্যন্তরীণ ও পররাষ্ট্র নীতি সম্পর্কে কাগজপত্র হইতে এই যুগের ইতিহাস রচনা করা যায়। ফরাসী পর্যটক 'জ্যাকেমোঁ'র (Jaquemont) উক্তি এ-বিষয়ে প্রণিধানযোগ্য। তিনি বলিয়াছিলেন যে, ভারত-সরকারের (ব্রিটিশ) শাসনকার্য 'কাগজ-কলমে'র দ্বারাই চলিতেছে। এই উক্তি হইতে

সরকারী কাগজপত্রের গুরুত্ব

ভারতের আধুনিক শাসনব্যবস্থায় সরকারী কাগজপত্রের গুরুত্ব উপলব্ধি করিতে পারা যায়। বলা বাহুল্য, এই যুগের ইতিহাস রচনায় এইরূপ কাগজপত্রের গুরুত্ব অত্যধিক।

বাণিজ্যকুঠিতে প্রাপ্ত দলিলপত্রের গুরুত্ব

(২) ইওরোপীয় বাণিজ্যকুঠির দলিলপত্র : ইংরাজ, ফরাসী, পোর্তুগীজ, দিনেমার প্রভৃতি ইওরোপীয় বণিকের বাণিজ্যকুঠিতে যে-সকল কাগজপত্র পাওয়া গিয়াছে সেগুলি হইতেও ভারতবর্ষের আধুনিক ইতিহাস রচনার উপকরণ সংগ্রহ করা যায়।

ফার্সী, তামিল, ফরাসী ও ইংরাজী গ্রন্থাদি

(৩) দেশীয় ও বিদেশীয় রচনা : ফার্সী ভাষায় রচিত গ্রন্থ 'সিয়ার-উল্-মুতাখেরিণ', 'রিয়াজ-উস্-সালাতিন', 'খুলাসাৎ-উৎ-তোয়ারিখ্', তামিল ভাষায় লিখিত আর. এ. পিলাই-এর 'দিনপঞ্জী', ফরাসী গবর্নর ডুপ্লের 'ডুবাস', ইংরাজ ঐতিহাসিক মিল, উইল্ক্স, গ্র্যাণ্ট্, ডাফ প্রভৃতি রচিত গ্রন্থাদি এ-যুগের ইতিহাস রচনার মূল্যবান উপকরণ।

তৃতীয় অধ্যায়

সিন্ধু-সভ্যতা

(The Indus Valley Civilisation)

সিন্ধু-উপত্যকায় প্রত্নতাত্ত্বিক খননকার্য (Archaeological Excavation in the Indus Valley) : কিছুকাল আগেও সিন্ধু-সভ্যতা সম্পর্কে কেহই কিছু জানিত না। কিন্তু প্রত্নতাত্ত্বিক খননকার্য ও গবেষণার ফলে সুদূর অতীতে ভারতবর্ষে যে এক অতি উন্নত ধরনের সভ্যতা গড়িয়া উঠিয়াছিল তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। ১৯২২ খ্রীষ্টাব্দে বাঙ্গালী প্রত্নতাত্ত্বিক ও ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায় বর্তমানে পাকিস্তানের অন্তর্ভুক্ত সিন্ধু প্রদেশের 'মহেঞ্জোদরো' নামক স্থানে একটি প্রাচীন বৌদ্ধ স্তূপের খননকার্য আরম্ভ করেন। এই স্তূপটি একটি উঁচু ঢিপির উপর নির্মিত ছিল। এই ঢিপিটি সিন্ধুদেশের লোকের নিকট 'মহেঞ্জোদরো'—অর্থাৎ 'মড়ার ঢিপি' নামে পরিচিত ছিল। বৌদ্ধ স্তূপটির খননকার্য শুরু করিলে উহার তলদেশ হইতে এক বিরাট নগরীর ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়।

রাখালদাস বন্দ্যোপাধ্যায় কর্তৃক আবিষ্কৃত সিন্ধু-সভ্যতা

মহেঞ্জোদরো ও হরপ্পা

ইহার পর বর্তমান পাকিস্তান পাঞ্জাবের হরপ্পা নামক স্থান, চান্হুদরো, সুৎকাজেনদোর প্রভৃতি স্থানে খননকার্যের দ্বারা ঐ একই রূপ বহু ঐতিহাসিক নিদর্শন পাওয়া গিয়াছে। এই সকল নিদর্শন একই সভ্যতার পরিচয় বহন করে। সিন্ধু নদের অববাহিকা অঞ্চল ধরিয়া এই সভ্যতা গড়িয়া উঠিয়াছিল বলিয়া এই সভ্যতার নামকরণ হইয়াছে 'সিন্ধু-সভ্যতা'। পূর্বে ধারণা ছিল যে, ভারতীয় সভ্যতা বৈদিক যুগ হইতে শুরু হইয়াছে। কিন্তু সিন্ধু-সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হওয়ার ফলে এখন ইহা প্রমাণিত হইয়াছে যে, বৈদিক যুগের বহু পূর্বেই ভারতবর্ষে এক অতি উন্নত

'সিন্ধু-সভ্যতা' নামকরণ

ধরনের সভ্যতা গড়িয়া উঠিয়াছিল। এই সভ্যতা খ্রীষ্টের জন্মের অন্তত তিন হাজার বৎসর পূর্বে গড়িয়া উঠিয়াছিল বলিয়া পণ্ডিতগণ মনে করিয়া থাকেন। ইহা মিশরীয়, ব্যাবিলনীয়, আসিরীয় প্রভৃতি প্রাচীনতম সভ্যতার সমসাময়িক ছিল এ-বিষয়ে সন্দেহ নাই।


সিন্ধু-সভ্যতা (The Indus Civilisation): সিন্ধু-উপত্যকার মহেঞ্জোদরো, হরপ্পা, চান্‌হুদরো, সুৎকাজেনদোর, ভাওয়ালপুর প্রভৃতি নানা স্থানে সিন্ধু-সভ্যতার চিহ্নাদি আবিষ্কৃত হইয়াছে। এগুলির মধ্যে মহেঞ্জোদরো ও হরপ্পা নামক শহর দুইটিই সর্বাপেক্ষা বৃহৎ। এই দুইটি শহরের মধ্যে কয়েক শত মাইলের ব্যবধান থাকিলেও জলপথে সহজ যোগাযোগের পথ ছিল।* এই দুইটি স্থানে আবিষ্কৃত প্রাচীন নগরের ভগ্নাবশেষ হইতে বুঝা যায় যে, উভয় শহরই পূর্ব-পরিকল্পনা অনুযায়ী নির্মিত হইয়াছিল। উভয় শহরই রৌদ্রে পোড়া ইটের উচ্চ ভিত্তির উপর নির্মিত। দালান বা প্রাসাদ অবশ্য পোড়া ইটের প্রস্তুত ছিল। অপরাপর যে-সকল স্থানে খননকার্যের ফলে সিন্ধু-সভ্যতার নিদর্শন পাওয়া গিয়াছে সেগুলির মধ্যে পরিকল্পনা ও গঠনকৌশলের ঐক্য পরিলক্ষিত হয়।

মহেঞ্জোদরো ও হরপ্পা—সিন্ধু-সভ্যতার দুইটি শ্রেষ্ঠ শহর

পোড়া ইট ও রৌদ্রে পোড়া ইটের ব্যবহার


মহেঞ্জোদরো শহরের রাস্তাগুলি ছিল সোজা ও চওড়া। রাস্তার পাশ ধরিয়া সারিবদ্ধভাবে ছোট-বড় অসংখ্য দালান নির্মিত ছিল। দালানগুলির গড়ন-ভঙ্গিমা, পরিসর প্রভৃতি দেখিয়া ধনী-দরিদ্রের বাসস্থানের পার্থক্য সুস্পষ্টভাবে বুঝিতে পারা যায়। ক্ষুদ্র দুই কক্ষযুক্ত দালান হইতে আরম্ভ করিয়া বিরাট প্রাসাদের ভগ্নাবশেষও মহেঞ্জোদরোতে আবিষ্কৃত হইয়াছে। দালানগুলি যে দ্বিতল বা ততোধিক উচ্চ ছিল তাহা সিঁড়িগুলি দেখিয়াই বুঝিতে পারা যায়। দালান মাত্রেরই দেওয়াল ও মেঝে অত্যন্ত মসৃণ

হরপ্পা ও মহেঞ্জোদরোর পূর্তকার্যাদি



রাস্তা ও রাস্তার নীচের পয়ঃপ্রণালী (মহেঞ্জোদরো)

* Vide Wheeler: *The Indus Civilisation* (*The Cambridge History of India*, Supplementary Volume), p. 2 ff.



সিন্ধু-সভ্যতা
(ভগ্নাবশেষ প্রাপ্তির স্থান ▲)
মাইল
৪০০০ ফুটের উপর উচ্চ
আরব সাগর
করাচি
মহেঞ্জোদারো
চান্হুদারো
কোয়েটা
হরপ্পা
লাহোর
বিকানির
ভারত
কোট্‌লা নিহাং

ছিল। প্রত্যেক বাড়ীতেই কূপ, স্নানাগার প্রভৃতি ছিল। মহেঞ্জোদরোতে একটি বিরাট প্রাসাদ, একটি বিশাল স্নানাগার এবং চতুষ্কোণ স্তম্ভবিশিষ্ট একটি বিরাট হলঘর আবিষ্কৃত হইয়াছে। হরপ্পায় মহেঞ্জোদরোর ন্যায় এত বেশী সংখ্যক কূপ পাওয়া যায় নাই। হরপ্পার ভগ্নাবশেষের মধ্যে একটি বিশাল শস্যভাণ্ডার বিশেষ উল্লেখযোগ্য। এখানে একই স্থানে কতকগুলি ছোট ছোট দালানের পাশাপাশি নির্মাণভঙ্গী দেখিয়া এগুলি শ্রমিকদের বাসস্থান হিসাবে ব্যবহৃত হইত বলিয়া অনেকে মনে করেন।

স্থাপত্য কার্য

মহেঞ্জোদরো, হরপ্পা প্রভৃতি শহরের পয়ঃপ্রণালী আধুনিক ধরনের ছিল। প্রত্যেক দালান হইতে জল-নিকাশের সুন্দর ব্যবস্থা ছিল। নর্দমা রাস্তার তলদেশ দিয়া নির্মিত ছিল। এই সকল নর্দমা দিয়া জল যাইবার কালে আবর্জনাগুলি আটকাইয়া রাখিবার জন্য মধ্যে মধ্যে গর্ত করিয়া দেওয়া হইত। নাগরিক জীবনকে যথাসম্ভব স্বচ্ছন্দ করিয়া তুলিবার যাবতীয় ব্যবস্থা মহেঞ্জোদরো ও হরপ্পায় ছিল।

আধুনিক ধরনের পয়ঃপ্রণালী



সরু গলি (মহেঞ্জোদরো)

সিন্ধু-সভ্যতার নিদর্শন যে-সকল স্থানে পাওয়া গিয়াছে তাহার মধ্যে কোথাও কোন মন্দিরের বা উপাসনা গৃহের চিহ্ন আবিষ্কৃত হয় নাই। ধর্ম-কর্মাদি ব্যক্তিগতভাবে নিজ নিজ বাড়ীতেই সম্ভবত লোকে করিত। যাহা হউক, সিন্ধু-সভ্যতার বিভিন্ন নিদর্শন হইতে সেই যুগের লোক যে অতি উন্নত ধরনের নাগরিক জীবন যাপন করিত সেকথা নিঃসন্দেহে বলা যাইতে পারে।


মন্দির বা কোনপ্রকার উপাসনা গৃহের নিদর্শন পাওয়া যায় নাই

সিন্ধু-সভ্যতা যুগের মত সুদূর প্রাচীনকালে মহেঞ্জোদরো ও হরপ্পার ন্যায় নগর যে গড়িয়া উঠিয়াছিল তাহা ভাবিলেও বিস্মিত হইতে হয়। এইরূপ জনবহুল শহর গড়িয়া তুলিবার আর্থিক ও মানসিক সামর্থ্য সিন্ধু-উপত্যকাবাসীদের ছিল ইহা অতি আশ্চর্যের বিষয়, সন্দেহ নাই। সিন্ধু-সভ্যতার কালে প্রধান খাদ্য ছিল গম, বার্লি,

খেজুর প্রভৃতি। এগুলি ভিন্ন নানা প্রকার ফলও তাহারা খাদ্য হিসাবে ব্যবহার করিত।

খাদ্য

মাংসের মধ্যে গরু, শূকর, ভেড়া, হাঁস, কচ্ছপ প্রভৃতির মাংস তাহারা খাইত। দুধ, শুক্না মাছ, সিন্ধু নদের টাটকা মাছ প্রভৃতি তাহাদের অপরাপর প্রধান খাদ্য ছিল।



শস্যাগারের ধ্বংসাবশেষ (হরপ্পা)

সূতী ও পশমী উভয় প্রকার বস্ত্র সে-যুগের লোকেরা ব্যবহার করিতে জানিত। সিন্ধু-সভ্যতার যুগে পোশাক-পরিচ্ছদের কোন চিহ্নাদি পাওয়া যায় নাই। তবে প্রস্তর-

পোশাক-পরিচ্ছদ

মূর্তির পোশাক-পরিচ্ছদ দেখিয়া মনে হয় যে, সে-যুগের লোকেরা শরীরের উপরাংশের জন্য একখণ্ড এবং নিম্নাংশের জন্য পৃথক একখণ্ড বস্ত্র ব্যবহার করিত। অলঙ্কারাদি স্ত্রী-পুরুষ সকলেই ব্যবহার করিত। তবে

অলঙ্কারপত্র

কানপাশা, নাকের অলঙ্কার, হার, কোমরবন্ধ প্রভৃতি স্ত্রীজাতিই ব্যবহার করিতেন। সোনা, রূপা, ব্রোঞ্জ, তামা, হাতীর দাঁত এবং মূল্যবান পাথর অলঙ্কার নির্মাণে ব্যবহৃত হইত। স্ত্রীজাতি আধুনিক কালের ভারতীয় নারীদের ন্যায় কেশবিন্যাস করিতেন। প্রসাধন সামগ্রীও যে তাঁহারা ব্যবহার করিতেন সেই প্রমাণও পাওয়া গিয়াছে।

মহেঞ্জোদরো ও হরপ্পায় দৈনন্দিন জীবনে ব্যবহৃত জিনিসপত্র পাওয়া গিয়াছে। সিন্ধু-উপত্যকার অপরাপর স্থানেও কিছু কিছু জিনিসপত্র পাওয়া গিয়াছে। চীনা

দৈনন্দিন জীবনে ব্যবহৃত জিনিসপত্র

মাটির পাত্র, ব্রোঞ্জনির্মিত পাত্র, তামা ও রূপার পাত্র, সূচ, মাছ ধরিবার বড়শি, চিরুনি, কুঠার, বর্শা, থালা, বাটি, জগ, ক্ষুর, আয়না, কাস্তে প্রভৃতি বহু প্রকার জিনিস হইতে সিন্ধু-সভ্যতার যুগে লোকেরা যে এক অতি উন্নত ধরনের সভ্যতা গড়িয়া তুলিয়াছিল সে-বিষয়ে নিঃসন্দেহ


খেলনা

হওয়া যাইতে পারে। মাটির পাখী, মাটির প্রস্তুত ফাঁপা ঝুনঝুনি, ছোট ছোট চেয়ার, ঠেলাগাড়ী, খাট, চারপাই প্রভৃতি বিভিন্ন ধরনের খেল্‌না হইতে মনে হয় যে, এইরূপ জিনিস দৈনন্দিন জীবনেও ব্যবহৃত হইত।

সামরিক সাজ-সরঞ্জাম বা প্রতিরক্ষা ব্যবস্থার কোন উল্লেখযোগ্য নিদর্শন হরপ্পা বা মহেঞ্জোদরোতে পাওয়া যায় নাই। এই দুইটি শহরের অভ্যন্তরে অপেক্ষাকৃত উচ্চ স্থানে দুর্গাদি নির্মিত হইয়াছিল এই অনুমান করা হইয়া থাকে।*

অস্ত্রশস্ত্র

যুদ্ধের অস্ত্রশস্ত্র হিসাবে ছুরি, তীর-ধনুক, বর্শা, কুঠার প্রভৃতি তখন ব্যবহার করা হইত। কিন্তু ঢালজাতীয় কোনপ্রকার আত্মরক্ষামূলক যুদ্ধের সাজ পাওয়া যায় নাই। অস্ত্রশস্ত্র তামা ও ব্রোঞ্জ দ্বারা নির্মিত ছিল।



সিন্ধু-সভ্যতার যুগে অলঙ্কার ও শিল্প-নিদর্শন

শিল্পকলা ও সীলমোহর

সিন্ধু-সভ্যতার যুগে ব্রোঞ্জনির্মিত একটি নর্তকী-মূর্তি মহেঞ্জোদরোতে পাওয়া গিয়াছে। ইহা ভিন্ন, বিভিন্ন পশুর প্রতিকৃতি অঙ্কিত বহু সীলমোহর পাওয়া গিয়াছে। এগুলির নির্মাণকৌশল এবং এগুলিতে অঙ্কিত পশুর প্রতিকৃতি দেখিয়া, সে-যুগের শিল্পীদের শারীরতত্ত্ব সম্পর্কে যে যথেষ্ট জ্ঞান ছিল

* Vide Wheeler: ***The Indus Civilisation*** (***The Cambridge History of India***, Supplementary Volume), pp. 52-53.

তাহা অনুমান করা যায়। এঁটেল মাটি ও বালি দ্বারা নির্মিত কয়েকটি পশু ও মানুষের মূর্তি পাওয়া গিয়াছে। সেগুলিও উচ্চ শিল্পজ্ঞানের পরিচায়ক। সিন্ধু-উপত্যকায় মোট দুই হাজার সীলমোহর আবিষ্কৃত হইয়াছে। এগুলির উপরে একপ্রকার চিত্রলিপিও আঁকা আছে। কিন্তু এযাবৎ এই লিপিগুলির পাঠোদ্ধার করা সম্ভব হয় নাই।

চিত্রলিপি

সিন্ধু-উপত্যকাবাসীরা কৃষি, পশুপালন ও ব্যবসায়-বাণিজ্য করিয়াই জীবনধারণ করিত। কৃষি ও পশুপালন প্রধান উপজীবিকা হইলেও মৃৎপাত্র-নির্মাণশিল্প, বয়নশিল্প, ভাস্কর্য, ধাতুশিল্প প্রভৃতিও জীবিকার্জনের বিভিন্ন বৃত্তি ছিল। কুকুর, হাতী, গণ্ডার, ভেড়া, হরিণ, মহিষ, ষাঁড় প্রভৃতির প্রতিকৃতি দেখিয়া মনে হয় যে, এগুলির মধ্যে অন্তত কতকগুলি তাহাদের গৃহপালিত ছিল।

কৃষি, পশুপালন ও ব্যবসায়-বাণিজ্য : মৃৎশিল্প, ধাতুশিল্প, বয়নশিল্প, ভাস্কর্য প্রভৃতি

ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রেও সিন্ধু-সভ্যতা যুগের লোকেরা পশ্চাৎপদ ছিল না। ভারতবর্ষের অপরাপর অংশ ভিন্ন আফগানিস্তান, মধ্য-এশিয়া, বেলুচিস্তান, পারস্য প্রভৃতি দেশের সহিতও তাহাদের বাণিজ্যিক যোগাযোগ ছিল। ইহা ভিন্ন, মেসোপটেমিয়ার সহিতও যে তাহাদের যোগাযোগ ছিল সেই প্রমাণও পাওয়া গিয়াছে। জলপথ এবং স্থলপথে বাণিজ্য পরিচালিত হইত। মহেঞ্জোদরো ও হরপ্পার দুইটি সীলমোহরে নৌকার চিত্র দেখিয়া মনে হয় নৌচালনাও তাহাদের অজানা ছিল না।

ব্যবসায়-বাণিজ্য

সিন্ধু-উপত্যকাবাসীরা এক যোগী-পুরুষের পূজা করিত। এই যোগী-পুরুষের মস্তকে তিনটি শৃঙ্গ এবং তাঁহার চতুর্দিকে পশুর ছবি অঙ্কিত আছে। ইহা হইতে অনেকে মনে করেন যে, তাঁহাকে পশুপতি শিবের আদি-সংস্করণ বলিয়া মনে করা ভুল হইবে না।* ইহা ভিন্ন, এক মাতৃমূর্তির—সম্ভবত মহাদেবীর পূজাও সে-যুগে প্রচলিত ছিল।

ধর্ম



যোগী-পুরুষ—পশুপতি

উপরি-উক্ত আলোচনা হইতে সিন্ধু-সভ্যতা যে অতি উন্নত ধরনের সভ্যতা ছিল তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে।

অপরাপর সভ্যতার সহিত যোগাযোগ (Relations with other Civilisations) : সিন্ধু-সভ্যতার ধ্বংসাবশেষগুলির সহিত মেসোপটেমিয়া—

* "It is very interesting to note how this figure corresponds with, and to a certain extent explains, the later conception of Siva ... ." *An Advance History of India* (1960 Reprint), pp. 20-21.

অর্থাৎ টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মধ্যবর্তী অঞ্চলের প্রাচীনতম সভ্যতার চিহ্নাদির বহু সাদৃশ্য আছে। তদুপরি মহেঞ্জোদরোর কয়েকটি সীলমোহর মেসোপটেমিয়া অঞ্চলে এবং সেখানকার কয়েকটি সীলমোহর মহেঞ্জোদরোতে পাওয়া গিয়াছে। এগুলি হইতে এই দুই সভ্যতার মধ্যে আদান-প্রদান ছিল সেকথা মনে করা হইয়া থাকে।

সিন্ধু-সভ্যতা এবং মেসোপটেমীয় ও সুমারীয় সভ্যতার যোগাযোগ

মহেঞ্জোদরোতে গোঁফ কামানো কিন্তু দাড়ি আছে এইরূপ একটি পাথরের মূর্তির উপরাংশ আবিষ্কৃত হইয়াছে। মিশর, মেসোপটেমিয়া, ক্রীট প্রভৃতি দেশেও এইরূপ মূর্তি নির্মাণের পরিচয় পাওয়া গিয়াছে। সম্ভবত মেসোপটেমিয়া অঞ্চল হইতেই এইরূপ মূর্তির নির্মাণ-পদ্ধতি ক্রমে সিন্ধু-উপত্যকায় বিস্তারলাভ করিয়াছিল। সুমার অঞ্চলের একটি শ্বেত পাথরের সীলমোহর, একটি খোদাই করা পাথরের পাত্র প্রভৃতি সিন্ধু-উপত্যকায় পাওয়া গিয়াছে। সিন্ধু-সভ্যতার কেশবিন্যাস-পদ্ধতি সুমার অঞ্চলে বিস্তারলাভ করিয়াছিল বলিয়া পণ্ডিতগণ মনে করিয়া থাকেন। এইভাবে সুমার ও মেসোপটেমিয়ার সহিত সিন্ধু-সভ্যতার যে যোগাযোগ ছিল তাহা প্রমাণিত হয়। মিশরীয় সভ্যতার সহিত সিন্ধু-সভ্যতার যোগাযোগের পরিচয়ও পাওয়া গিয়াছে। সিন্ধু-উপত্যকায় মিশরীয় কতকগুলি জিনিসপত্র—যথা, ষাঁড়ের পায়ের অনুকরণে নির্মিত পা-যুক্ত টুল, দীপাধার প্রভৃতির আবিষ্কার হইতে মিশর ও সিন্ধু-সভ্যতার মধ্যে আদান-প্রদানের কথা বুঝিতে পারা যায়।

সমসাময়িক সভ্যতা

ভারতের সিন্ধু-সভ্যতার সমসাময়িক সভ্যতা হিসাবে মিশরীয়, মেসোপটেমীয়—অর্থাৎ আসিরীয়, ব্যাবিলনীয় ও চীনদেশীয় সভ্যতার উল্লেখ করা যাইতে পারে। চীনদেশীয় সভ্যতার সহিত সিন্ধু-সভ্যতার যোগাযোগের কোন প্রমাণ পাওয়া যায় নাই। কিন্তু মিশরীয় ও মেসোপটেমীয় সভ্যতার সহিত যে সিন্ধু-সভ্যতার যোগাযোগ ছিল সে-বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই।

সিন্ধু-সভ্যতার প্রাচীনতা

কিন্তু মেসোপটেমীয় সভ্যতা ও সিন্ধু-সভ্যতা একই সভ্যতার পৃথক পৃথক প্রকাশ কি না তাহা এখনও সঠিকভাবে বলা সম্ভব হয় নাই। যাহা হউক, সিন্ধু-সভ্যতা যে পৃথিবীর প্রাচীনতম সভ্যতার অন্যতম সে-বিষয়ে সন্দেহের কারণ নাই।

সিন্ধু-সভ্যতার চিহ্নাদি আবিষ্কারের ফলে ভারতের সভ্যতা-সংস্কৃতি যে বৈদিক যুগের পূর্বেই যথেষ্ট উন্নতিলাভ করিয়াছিল একথা বুঝিতে পারা গিয়াছে। পূর্বে ধারণা ছিল যে, ভারতীয় সভ্যতা বৈদিক সভ্যতা বা আর্য সভ্যতা হইতে উদ্ভূত। কিন্তু সিন্ধু-সভ্যতার আবিষ্কার এই ধারণা ভ্রান্তিমূলক একথা প্রমাণ করিয়াছে। বস্তুত, ভারতীয় সভ্যতা-সংস্কৃতির উৎস সিন্ধু-সভ্যতা ও বৈদিক সভ্যতা এই উভয়ের মধ্যেই খুঁজিতে হইবে।

সিন্ধু-সভ্যতার গুরুত্ব

ইহা ভিন্ন, ভারতীয় সভ্যতা পৃথিবীর প্রাচীনতম সভ্যতার অন্যতম একথাও সিন্ধু-সভ্যতার আবিষ্কারের ফলে প্রমাণিত হইয়াছে। স্যার্ জন্ মার্শাল প্রমুখ প্রত্নতাত্ত্বিকের মতে সিন্ধু-সভ্যতা কোন কোন বিষয়ে সমসাময়িক মিশরীয় বা আসিরীয়-ব্যাবিলনীয় সভ্যতা হইতেও শ্রেষ্ঠতর ছিল।

সিন্ধু-সভ্যতা ধ্বংসের আনুমানিক কারণও কোন কোন ঐতিহাসিক উল্লেখ করিয়াছেন। সিন্ধু-সভ্যতা যে বিস্তীর্ণ অঞ্চল লইয়া গড়িয়া উঠিয়াছিল তাহা একাধিকবার ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল। বৈদিক যুগের প্রারম্ভে—অর্থাৎ মোটামুটিভাবে খ্রীষ্টপূর্ব দুই সহস্র অব্দের নিকটবর্তী কোন সময়ে সিন্ধু-সভ্যতা সম্পূর্ণভাবে ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল। প্লাবন, মহামারী, ভূমিকম্প প্রভৃতি বিভিন্ন কারণে সিন্ধু-সভ্যতা ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল বলিয়াই সাধারণত অনুমিত হইয়া থাকে। মাটির নীচ হইতে যে ধরনের মৃতদেহাবশেষ আবিষ্কৃত হইয়াছে তাহা হইতে কোন আকস্মিক কারণে সিন্ধু-সভ্যতার এক বিরাট অংশ ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল মনে করা যাইতে পারে। রন্ধনশালা, রাস্তাঘাট, স্নানাগার প্রভৃতি স্থানে মৃতদেহাবশেষ পাওয়া গিয়াছে। সেইজন্য ভূমিকম্পই যে এই আকস্মিক কারণ ছিল তাহা অনুমান করা ভুল হইবে না। মেসোপটেমিয়া হইতে আগত বহিঃশত্রুর পুনঃ পুনঃ আক্রমণ, আর্যদের সহিত যুদ্ধ-বিগ্রহ প্রভৃতিও সিন্ধু-সভ্যতা বিনাশের কারণ বলিয়া কেহ কেহ মনে করেন। কিন্তু এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সিন্ধু-সভ্যতা বিনাশের প্রকৃত কারণ এখনও জানা সম্ভব হয় নাই। উপরি-উক্ত কারণসমূহ সম্পূর্ণ আনুমানিক।

সিন্ধু-সভ্যতা বিনাশের আনুমানিক কারণ

চতুর্থ অধ্যায়

আর্যদের আগমন : আর্য সভ্যতা

(Coming of the Aryans : Aryan Civilisation)

আর্যদের পরিচয় (Who were the Aryans ?) : সিন্ধু-সভ্যতা কিভাবে বিনাশপ্রাপ্ত হইয়াছিল সেই ইতিহাস এযাবৎ জানা যায় নাই। কিন্তু সিন্ধু-সভ্যতা যুগের পরবর্তীকালে ভারতবর্ষে যে সভ্যতা গড়িয়া উঠিয়াছিল উহা আর্য সভ্যতা বা বৈদিক সভ্যতা নামে পরিচিত। আর্য সভ্যতা যাহারা গড়িয়া তুলিয়াছিল তাহারা সাধারণত 'আর্য জাতি' নামে অভিহিত হইয়া থাকে। কিন্তু 'আর্য জাতি' কথাটি ব্যবহার করা সমীচীন নহে—'আর্য' ভাষায় যাহারা কথা বলিত তাহারাই 'আর্য' নামে পরিচিত ছিল।* আর যাহারা আর্য ভাষায় কথা বলিত না তাহারা 'অনার্য' নামে অভিহিত হইত। সংস্কৃত, পারসিক, গ্রীক, ল্যাটিন, জার্মান প্রভৃতি ভাষা আর্য ভাষার অন্তর্গত। 'আর্য' বলিতে আমাদের মনে এক সুসভ্য ও সুন্দর মানবগোষ্ঠীর ধারণা জন্মায়; আবার 'অনার্য' বলিতে এক

আর্য ভাষা – 'আর্য জাতি' নহে

অনার্যগণ সর্বক্ষেত্রেই অসভ্য ছিল না

* "Aryan, in scientific language, is utterly inapplicable to race. It means language and nothing but language." *Max Muller* : quoted in *The Vedic Age* (a Bharatiya Vidyabhaban Publication), p. 201.

অসভ্য ও কুৎসিত মানবগোষ্ঠীর ধারণা আমরা পাইয়া থাকি। বস্তুত, অনার্যগণ যে সর্বক্ষেত্রেই অসভ্য ও বর্বর ছিল এমন নহে। অনার্যদের মধ্যে দ্রাবিড়গণ যথেষ্ট সভ্য ছিল। আর্যদের ভারত-আগমনের পর এদেশে যে-সভ্যতা গড়িয়া উঠিয়াছিল উহাই ভারতীয় সভ্যতার মূল ভিত্তি। আর্য ও অনার্য উভয় সম্প্রদায়ের লোকের সভ্যতার সংমিশ্রণেই এই ভিত্তি রচিত হইয়াছিল।

আর্য-অনার্য সংমিশ্রণ ভারতীয় সভ্যতার ভিত্তি

আর্যদের আগমন (Coming of the Aryans) : আর্যগণ প্রথমে কোন্ দেশে বাস করিত সে-সম্পর্কে নানা প্রকার মতভেদ আছে। কোন কোন পণ্ডিতের মতে ভারতবর্ষ আর্যদের মূল বাসস্থান ছিল। কিন্তু আধুনিক ঐতিহাসিক পণ্ডিতদের অধিকাংশের মতে আর্যগণ ভারতের বাহির হইতে এদেশে আসিয়াছিল। ভারতবর্ষ তাহাদের আদি বাসস্থান নহে। কাহারও কাহারও মতে আর্যদের বাসস্থান ছিল এশিয়া-মাইনরের ক্যাপাডোসিয়া (Cappadocia) অঞ্চলে। এই মতের বিরুদ্ধেও নানা যুক্তি দেখানো হইয়াছে। এইভাবে আর্যদের মূল বাসস্থান ভিস্টুলা নদীর তীরে, জার্মানিতে, লিথুয়ানিয়ায় ছিল বলিয়া বিভিন্ন ঐতিহাসিক মত প্রকাশ করিয়াছেন। যাহা হউক, আধুনিক ঐতিহাসিকদের অনেকের, বিশেষত ব্র্যাণ্ডেনস্টিনের মতে, আর্যগণ প্রথমে আরল বা উরাল সাগরের দক্ষিণ তীরে বাস করিত। সেখান হইতে কোন এক অজ্ঞাত কারণে তাহাদের এক শাখা পারস্য ও ভারতবর্ষের দিকে এবং অপর এক শাখা ইওরোপের দিকে ছড়াইয়া পড়িয়াছিল। আর্যদের যে শাখা প্রাচ্যের দিকে অগ্রসর হইয়াছিল উহার একাংশ ইরাণ এবং অপরাংশ উত্তর-পশ্চিম সীমান্ত পথে ভারতবর্ষে প্রবেশ করে। মোটামুটিভাবে বলিতে গেলে খ্রীষ্টের জন্মের প্রায় দুই হাজার বৎসর পূর্বে আর্যগণ ভারতবর্ষে প্রবেশ করিয়াছিল।

আর্যদের আদি বাসস্থান সম্পর্কে মতভেদ

ব্র্যাণ্ডেনস্টিনের মত

আর্য বসতি : আর্য সভ্যতা : ভারতীয় আর্যদের আদি গ্রন্থ ঋগ্বেদে তাহাদের বাসস্থানের পরিবেশ ও পার্শ্ববর্তী অঞ্চলের প্রাকৃতিক বর্ণনা এবং বিভিন্ন নদনদীর নামের উল্লেখ আছে। এগুলি হইতে ভারতবর্ষের কোন্ কোন্ অঞ্চলে আর্যদের বসতি বিস্তৃত হইয়াছিল, তাহার একটি মোটামুটি ধারণা পাওয়া যায়। শতদ্রু, বিপাশা, ঝিলাম, ইরাবতী ও চন্দ্রভাগা—পাঞ্জাবের পঞ্চ নদী এবং সিন্ধু, সরস্বতী, গঙ্গা-যমুনা, সরযূ প্রভৃতি নদনদীর অববাহিকা অঞ্চল ধরিয়া আর্যগণ বসতি বিস্তার করিয়াছিল। ঋগ্বেদে উল্লিখিত 'সপ্তসিন্ধব' নামক দেশ পাঞ্জাবের পাঁচটি নদী এবং সিন্ধু ও সরস্বতী, মোট এই সাতটি নদীর অববাহিকা অঞ্চল লইয়া গঠিত ছিল, একথা আধুনিক ঐতিহাসিক পণ্ডিতগণ মনে করেন। বৈদিক যুগের আর্যগণ বাংলাদেশ, আসাম বা দাক্ষিণাত্য অঞ্চলে বসতি বিস্তার করে নাই বলিয়াই মনে করা হইয়া থাকে, কারণ ঋগ্বেদে এই সকল অঞ্চলের কোন উল্লেখ পাওয়া যায় না। তবে এই সকল অঞ্চলে বৈদিক যুগের শেষভাগে আর্যদের বসতি বিস্তৃত হইয়াছিল।

ভারতে আর্যদের বসতি বিস্তার—'সপ্তসিন্ধব'

দাক্ষিণাত্য, বাংলাদেশ ও আসামে পরবর্তীকালে আর্য বসতি-বিস্তৃতি

বৈদিক সাহিত্য : চারি বেদ : পৃথিবীর কোন অংশের আর্যগণই ভারতীয় আর্যদের ন্যায় এত সুদূর অতীতে ঋগ্বেদের মত গ্রন্থ রচনা করিবার প্রতিভা প্রদর্শন করেন নাই। ভারতীয় আর্যঋষিগণ চারিখানি গ্রন্থ বা চতুর্বেদ—যথা, ঋগ্বেদ, সামবেদ, যজুর্বেদ ও অথর্ববেদ—রচনা করিয়া তাঁহাদের মানসিক উৎকর্ষের পরিচয় দিয়াছিলেন।

চতুর্বেদ : ঋক্, সাম, যজু ও অথর্ব

'বিদ্'—অর্থাৎ জ্ঞান হইতেই 'বেদ' নামের উৎপত্তি হইয়াছে। বলা বাহুল্য, চারিখানি বেদে জ্ঞানেরই প্রকাশ পরিলক্ষিত হয়। আর্যগণ তথা পরবর্তীকালের হিন্দুমাত্রেই 'বেদ' ভগবানের মুখ-নিঃসৃত বাণী বলিয়া মনে করিয়া থাকেন। এইজন্য বেদমাত্রেই অপৌরুষেয় এই ধারণার সৃষ্টি হইয়াছে। ভগবানের মুখ-নিঃসৃত বাণী শ্রবণ করিয়া বেদের জ্ঞান লাভ করা হইয়াছিল বলিয়া বেদকে 'শ্রুতি' বলা হইয়া থাকে।

'বেদ' অর্থ 'জ্ঞান'—বেদ অপৌরুষেয়

বেদগুলির মধ্যে ঋগ্বেদই সর্বপ্রথমে রচিত হইয়াছিল। ইহাতে সহস্রাধিক স্তোত্রে প্রকৃতির স্তুতিগান করা হইয়াছে। সামবেদ ঋগ্বেদের শ্লোকগুলির উপর নির্ভর করিয়াই রচিত। সামবেদের স্তোত্রগুলি যাগ-যজ্ঞের কালে গানের ন্যায় সুর করিয়া গীত হইত। এইজন্য সামবেদ 'সামগান' নামেও পরিচিত। যজুর্বেদে যাগ-যজ্ঞের মন্ত্র-তন্ত্র, অনুষ্ঠানগুলির বর্ণনা প্রভৃতি সন্নিবিষ্ট আছে। সর্বশেষ বেদ—অর্থাৎ অথর্ববেদে কতকগুলি রহস্যজনক সাঙ্কেতিক চিহ্ন, চিকিৎসার মন্ত্র, পৃথিবী-স্তব, সৃষ্টি-রহস্য প্রভৃতি বর্ণিত আছে। বেদের চারিটি করিয়া অংশ আছে—যথা, সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ্।

বিভিন্ন বেদের বিষয়-বস্তু

যাগ-যজ্ঞের মন্ত্র-তন্ত্র সংহিতায় সন্নিবিষ্ট আছে। এই অংশটি পদ্যে রচিত। ব্রাহ্মণ অংশে পূজা-পার্বণ ও যাগ-যজ্ঞের অনুষ্ঠানবিধি গদ্যে লিপিবদ্ধ আছে। ব্রাহ্মণ অংশ প্রধানত গদ্যে লিখিত হইলেও কতক পদ্যও ইহাতে আছে। পরবর্তীকালে সন্ন্যাসধর্ম পালনের উদ্দেশ্যে যাঁহারা বৃদ্ধ বয়সে গৃহত্যাগ করিয়া অরণ্যে চলিয়া যাইতেন তাঁহাদের জন্য অপেক্ষাকৃত কম জটিল যাগ-যজ্ঞ রীতি প্রবর্তন করিয়া 'আরণ্যকে' সন্নিবিষ্ট হইয়াছিল। এই সকল আরণ্যকের উপর গভীর চিন্তার ফলে যে দার্শনিক জ্ঞান জন্মিয়াছিল উহাই 'উপনিষদ্' বা 'বেদান্ত' নামে পরিচিত। বৈদিক গ্রন্থাদির 'অন্তে'—অর্থাৎ শেষে রচিত হইয়াছিল বলিয়া উপনিষদ্ 'বেদান্ত' নামে অভিহিত হইয়া থাকে।

সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ্ বা বেদান্ত

সূত্র-সাহিত্য : বেদাঙ্গ ও ষড়দর্শন : পরবর্তীকালে বেদ হইতে আরও নানা প্রকার ধর্মগ্রন্থের উৎপত্তি ঘটে। বেদের জটিল ক্রিয়াকাণ্ড সম্পূর্ণভাবে পালন করা সম্ভব হইত না বলিয়া বেদের যাগ-যজ্ঞ ও অনুষ্ঠান-পদ্ধতির সংক্ষিপ্তসার রচিত হয়। এগুলি সূত্র-সাহিত্য নামে পরিচিত। সূত্র-সাহিত্য আবার ছয়টি বেদাঙ্গ ও ছয়টি দর্শনে বিভক্ত। বেদপাঠে কোনপ্রকার ত্রুটি যাহাতে না থাকে সেইজন্য ছয়টি বিদ্যার প্রয়োজন হইত। এই ছয়টি বিদ্যাই হইল

সূত্র-সাহিত্য

বেদাঙ্গ। এগুলি হইল (১) শিক্ষা বা উচ্চারণ, (২) ছন্দ, (৩) ব্যাকরণ, (৪) নিরুক্ত, (৫) জ্যোতিষ এবং (৬) কল্প। ষড়দর্শন বলিতে (১) কপিলের সাংখ্যদর্শন, (২) পতঞ্জলির যোগদর্শন, (৩) গৌতমের ন্যায়দর্শন, (৪) কণাদের

ছয় বেদাঙ্গ, ছয় দর্শন (ষড়দর্শন)

বৈশেষিক দর্শন, (৫) জেমিনির পূর্ব-মীমাংসা দর্শন এবং (৬) ব্যাসের উত্তর-মীমাংসা বা বেদান্ত দর্শন বুঝায়। ছয়টি বেদাঙ্গের মধ্যে কল্পসূত্রটি বিশেষ গুরুত্বপূর্ণ। ইহার বিভিন্ন অংশ শ্রৌতসূত্র, গৃহ্যসূত্র, শুল্বসূত্র ও ধর্মসূত্র নামে পরিচিত। শ্রৌতসূত্রে যাগ-যজ্ঞের অনুষ্ঠান-পদ্ধতি

বিভিন্ন সূত্র—শ্রৌতসূত্র, গৃহ্যসূত্র, শুল্বসূত্র ও ধর্মসূত্র

বর্ণিত আছে এবং শুল্বসূত্রে যাগ-যজ্ঞের সময় বেদী প্রস্তুতের নিয়ম এবং উহার পরিমাপ প্রভৃতির বর্ণনা রহিয়াছে। শুল্বসূত্রে যজ্ঞ-বেদী প্রস্তুতের যে পরিমাপ দেওয়া আছে উহা হইতেই প্রাচীন হিন্দুদের জ্যামিতির উদ্ভব হইয়াছিল। গৃহ্যসূত্রে গার্হস্থ্য জীবনে পালনীয় রীতি-নীতি এবং ধর্মসূত্রে সমাজ ও শাসন সম্পর্কে বর্ণনা পাওয়া যায়। ধর্মসূত্র হইতে পরবর্তীকালে মনুসংহিতা, যাজ্ঞ্যবল্ক স্মৃতি-গ্রন্থাদি রচিত হইয়াছিল।

উপরি-উক্ত আলোচনা হইতে আর্যদের সাহিত্য—অর্থাৎ চতুর্বেদকে নির্ভর করিয়া যে বিশাল জ্ঞানভাণ্ডার রচিত হইয়াছিল তাহার প্রমাণ পাওয়া যায়।

অপরাপর গ্রন্থ

আর্যঋষিগণ আয়ুর্বেদশাস্ত্র, অর্থশাস্ত্র—অর্থাৎ রাষ্ট্রনীতি, সঙ্গীতশাস্ত্র, নাট্যশাস্ত্র, চারুশিল্প, কারুশিল্প প্রভৃতি বিষয়ের উপর গ্রন্থাদি রচনা করিয়াছিলেন। বৈদিক

বৈদিক আর্যদের মনীষার অভিব্যক্তি

যুগের আর্যঋষিগণ ভারতীয় মনীষার যে পরিচয় রাখিয়া গিয়াছেন তাহা আজও আমাদিগকে বিস্মিত করে। জ্ঞানচর্চা যে সে-যুগের মনীষীদের একমাত্র বৃত্তি ছিল ইহাতে সন্দেহের অবকাশ নাই।

আর্যদের সমাজ : আর্যগণ বিনা বাধায় ভারতবর্ষে বসতি বিস্তারে সমর্থ হয় নাই। অনার্যদের সহিত সংঘর্ষের মধ্য দিয়াই আর্যগণ প্রথমে ভারতে বসতি বিস্তার করে। আর্যদের মধ্যে প্রথমে জাতিভেদ ছিল না। কিন্তু যুদ্ধ-বিগ্রহের মাধ্যমে বসতি বিস্তার করিলেও শেষ পর্যন্ত আর্য ও ভারতের আদিম অধিবাসীদের

বর্ণবিভাগ—আর্য ও অনার্য

মধ্যে সমন্বয় সাধিত হইয়াছিল। ফলে সমাজে আর্য ও অনার্য দুই শ্রেণীর উদ্ভব ঘটে। আর্যগণ ছিল দীর্ঘকায়, গৌরকান্তি, প্রশস্ত ললাট এবং উন্নত নাসিকা যুক্ত। পক্ষান্তরে অনার্যগণ ছিল কৃষ্ণকায়, খর্বাকৃতি এবং তাহাদের নাসিকা ছিল অনুন্নত। এই দুই শ্রেণীর লোকের বর্ণ—অর্থাৎ রঙের ভিত্তিতেই সর্বপ্রথম আর্য ও অনার্য বর্ণবিভাগ হইয়াছিল।

কিন্তু ক্রমে সমাজের লোকসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে সামাজিক সংগঠনকে অধিকতর সুষ্ঠু করিয়া তুলিবার প্রয়োজন হইল। তখন বৃত্তি ও ক্ষমতা—অর্থাৎ

গুণ-কর্মের ভিত্তিতে শ্রেণীবিভাগ : ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র

গুণ-কর্ম অনুসারে সমাজকে চারি ভাগে ভাগ করা হইল। আধ্যাত্মিক কার্যাদি, জপ-তপ-যাগ-যজ্ঞ প্রভৃতিতে যাঁহারা উৎকর্ষ প্রদর্শন করিলেন তাঁহারা ব্রাহ্মণ ; দেশরক্ষা, শিকার প্রভৃতি কার্যে পারদর্শী শ্রেণী ক্ষত্রিয় ; বাণিজ্য, কৃষি, পশুপালন প্রভৃতি অর্থনৈতিক কার্যাদিতে পারদর্শী

ব্যক্তিগণ বৈশ্য বলিয়া পরিচিত হইলেন। সমাজের উপর তিন শ্রেণীর—অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণের যাহারা সেবা করিত তাহারা শূদ্র নামে অভিহিত হইল। এইভাবে বৃত্তির ভিত্তিতে আর্য ও অনার্যগণ চারিটি শ্রেণীতে বিভক্ত হইয়া পড়ে। বলা বাহুল্য, সমাজের অধস্তন শূদ্রশ্রেণীতে স্থান হইল অনার্যদের। কিন্তু বৃত্তি অনুসারে চারিটি পৃথক শ্রেণী বিভক্ত হইলেও এগুলির মধ্যে কোনপ্রকার জাতিভেদ ছিল না বা সামাজিক আচার-আচরণে কোন ভেদাভেদ করা হইত না। এই সকল জাতির মধ্যে বিবাহও নিষিদ্ধ ছিল না। কিন্তু ক্রমেই দেখা দিল শ্রেণীগত সঙ্কীর্ণতা। বৈদিক যুগের শেষভাগে এই সকল শ্রেণীর মধ্যে জাতিভেদ এবং বিবাহ-ব্যাপারে রক্ষণশীলতা দেখা দিতে লাগিল।

জাতিভেদহীন সমাজ

পরবর্তীকালে জাতিভেদের কঠোরতার উদ্ভব

আর্য সমাজের মূল ভিত্তি ছিল পরিবার। পরিবারের বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে 'কর্তা' বলা হইত। পারিবারিক জীবনে শৃঙ্খলা রক্ষা করা ছিল তাঁহার দায়িত্ব। পরিবারের ব্যক্তিবর্গের উপর তাঁহার নিরঙ্কুশ ক্ষমতা ছিল। বৈদিক আর্যগণের সামাজিক জীবন ছিল সহজ, সরল ও অনাড়ম্বর। সততা, ধর্মপরায়ণতা, পরস্পর শ্রদ্ধা, বয়োজ্যেষ্ঠদের প্রতি সম্মান প্রদর্শন ছিল সমাজের কতকগুলি প্রশংসনীয় বৈশিষ্ট্য।

পরিবার ও পারিবারিক আদর্শ

আর্যদের সমাজের সর্বাধিক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ছিল 'চতুরাশ্রম'। সমাজের ঊর্ধ্বতন তিন শ্রেণী—অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যদিগকে বাল্যকালে উপবীত ধারণের পর গুরুগৃহে ব্রহ্মচর্য পালনের সঙ্গে সঙ্গে শাস্ত্র শিক্ষা করিতে হইত। জীবনের এই পর্যায়কে ব্রহ্মচর্যাশ্রম বলা হইত। গুরুগৃহে থাকিয়া গুরুর জীবনের সুখ-দুঃখের অংশগ্রহণ করিয়া গুরুর ন্যায় নির্লোভ, সরল ও ন্যায়পরায়ণ জীবনের আদর্শে চরিত্র গঠন করিতে হইত। শাস্ত্রশিক্ষা শেষ হইলে শুরু হইত জীবনের দ্বিতীয় পর্যায়—গার্হস্থ্যাশ্রম। বিবাহাদি করিয়া পরমব্রহ্মের কথা স্মরণ রাখিয়া জীবন যাপন করাই ছিল এই আশ্রমের কর্তব্য। প্রৌঢ় বয়সে বানপ্রস্থ গ্রহণ করিতে হইত—অর্থাৎ সাংসারিক দায়িত্ব হইতে মুক্ত হইয়া স্ত্রীকে পুত্রের নিকট রাখিয়া অথবা সঙ্গে লইয়া বনে গমন করিতে হইত। সেখানে কুটির বাঁধিয়া ধর্মাচরণের মাধ্যমে পরবর্তী আশ্রম—অর্থাৎ সন্ন্যাসের জন্য প্রস্তুত হইতে হইত।* চতুর্থ এবং শেষ পর্যায়ে সন্ন্যাস গ্রহণ করিয়া সন্ন্যাসীর ন্যায় অরণ্যে জপ-তপে জীবনের অবশিষ্টকাল কাটাইতে হইত। এইভাবে আর্যদের সমগ্র জীবনটাই যেন একটি মূর্ত ধর্মস্বরূপ ছিল।

চতুরাশ্রম :

(১) ব্রহ্মচর্য

(২) গার্হস্থ্য

(৩) বানপ্রস্থ

(৪) সন্ন্যাস

---

* মনুসংহিতা

গরুড়পুরাণে বানপ্রস্থ-আশ্রম স্বগৃহে থাকিয়া সংসারের দায়িত্বমুক্তভাবে জীবন যাপন করিয়া পরবর্তী জীবনের—অর্থাৎ সন্ন্যাস-আশ্রমের জন্য প্রস্তুত হওয়ার উল্লেখ আছে। গরুড়পুরাণ ৪৯ অধ্যায়।

আর্য সমাজে নারীজাতি পরম সম্মানের অধিকারিণী ছিলেন। তাঁহারা পারিবারিক জীবনে যেমন পুরুষদের সহধর্মিণী ছিলেন তেমনি পরিবারের বাহিরেও তাঁহারা পুরুষদের সাহায্য-সহায়তা দান করিতেন। জীবনযাত্রায় প্রয়োজনীয় গৃহস্থালীর কাজ তাঁহারা করিতেন এবং উদ্বৃত্ত সময়ে স্বামীর সহিত ধর্মকর্মেও অংশগ্রহণ করিতেন। বৈদিক যুগের নারীজাতি সমাজে এক আদর্শ স্থান লাভ করিয়াছিলেন। নারীজাতির পক্ষে শাস্ত্রালোচনার কোন বাধা ছিল না। সে-যুগে কয়েকজন আর্যনারী শাস্ত্রালোচনা ও মন্ত্রাদি রচনায় অনন্যসাধারণ ক্ষমতা প্রদর্শন করিয়াছিলেন। অপলা, ঘোষা, বিশ্ববারা, লোপামুদ্রা প্রভৃতি আর্যনারীর নাম এ-বিষয়ে উল্লেখ-যোগ্য। শাস্ত্রালোচনায় গার্গী ও মৈত্রেয়ী অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়াছিলেন। সে-যুগের নারীজাতিকে বিবাহের পূর্বে পিতৃগৃহে শিক্ষা দিবার ব্যবস্থা ছিল। দৈহিক উন্নতির জন্য ব্যায়াম, ক্রীড়া প্রভৃতিতে স্ত্রীলোকগণ যোগদান করিতেন। অসিচালনাও তাঁহাদিগকে শিক্ষা দেওয়া হইত বলিয়া প্রমাণ পাওয়া যায়। প্রাপ্তবয়সে বিবাহ দিবার রীতি সে-যুগে প্রচলিত ছিল। অবশ্য অ-বিবাহিতা নারীগণ অধ্যাপনার কাজে জীবন অতিবাহিত করিতেন বলিয়াও জানা যায়। স্ত্রীলোকের পক্ষে অ-বিবাহিতা থাকা সে-যুগে দূষণীয় ছিল না। স্ত্রীজাতি স্বয়ম্বরা হইবার সম্পূর্ণ স্বাধীনতা ভোগ করিতেন। আর্য সমাজে স্ত্রীজাতি যে এক অতি-উচ্চ সম্মানের অধিকারিণী ছিলেন তাহা উপরি-উক্ত আলোচনা হইতেই সহজে অনুমান করা যায়। পরবর্তীকালে বিশেষত মনুর ধর্মশাস্ত্র রচনার পর হইতে স্ত্রীজাতির স্বাধীনতা বহুল পরিমাণে হ্রাসপ্রাপ্ত হইয়াছিল।

আর্যসমাজে নারীর স্থান

অপলা, ঘোষা, বিশ্ববারা, লোপামুদ্রা, গার্গী ও মৈত্রেয়ী

স্ত্রীজাতির স্বাধীনতা

আর্যদের ধর্ম : আর্য সমাজ সম্পূর্ণভাবে ধর্মভিত্তিক ছিল, একথার আলোচনা পূর্বেই করা হইয়াছে। এই ধর্ম ছিল প্রকৃতির বিভিন্ন শক্তির উপাসনা। ভারতীয় সভ্যতা তপোবনের সভ্যতা। স্বভাবতই এই সভ্যতায় ধর্ম বলিতে প্রাকৃতিক শক্তির উপাসনা বুঝাইত। প্রাকৃতিক প্রভাব বৈদিক আর্যদের সমাজ-জীবন, সাহিত্য, আচার-আচরণ, ধর্ম সবকিছুকেই প্রভাবিত করিয়াছিল। আর্যগণ প্রকৃতির বিভিন্ন প্রকাশ— যথা, আকাশের দেবতা দ্যৌ, জলের দেবতা বরুণ, আলোকের দেবতা সূর্য, বৃষ্টি ও বজ্রের দেবতা ইন্দ্র, বাতাসের দেবতা মরুৎ, উষা, সরস্বতী প্রভৃতির উপাসনা করিত। প্রত্যেক দেবতার উদ্দেশ্যে স্তোত্রপাঠ, যজ্ঞ করা এবং আরও নানা প্রকার জটিল ক্রিয়াকাণ্ড সম্পাদন করিতে হইত। মূলত, আর্যদের মধ্যে মূর্তিপূজা প্রচলিত ছিল না। কিন্তু আর্য-অনার্য সংমিশ্রণের ফলে ধর্ম-বিষয়ে পরস্পর পরস্পরের উপর যে প্রভাব বিস্তার করিয়াছিল তাহার ফলে মূর্তিপূজা, পশুবলি প্রভৃতি অনার্যদের ক্রিয়াকলাপও ক্রমে আর্যদের উপাসনা-পদ্ধতিতে স্থানলাভ করিয়াছিল।

প্রকৃতির বিভিন্ন শক্তিকে দেবতাজ্ঞানে উপাসনা—দ্যৌ, বরুণ, সূর্য, ইন্দ্র, মরুৎ, উষা, সরস্বতী প্রভৃতি

আর্যদের অর্থনৈতিক জীবন : আর্যদের অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি ছিল কৃষি। গরুর সাহায্যে লাঙ্গল টানানো হইত, এইজন্য কৃষির সঙ্গে সঙ্গে গো-পালন

অপরিহার্য ছিল। ইহা ভিন্ন, ব্যবসায়-বাণিজ্য ও পশুপালন করিয়াও অনেকে জীবিকার্জন করিত। বৈদিক যুগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবনের ভিত্তি ছিল গ্রাম। প্রত্যেক গ্রামে কৃষি-জমি ভিন্ন বিরাট একখণ্ড জমি গ্রামের সকল পরিবারের পশুচারণ হিসাবে ব্যবহৃত হইত। গ্রামগুলি স্বয়ংসম্পূর্ণ ছিল। প্রতি গ্রামেই জীবনধারণের প্রয়োজনীয় দ্রব্যাদি উৎপন্ন হইত। বৈদিক যুগে শিল্পজাত দ্রব্যাদির মধ্যে সূতী ও পশমের বস্ত্রাদি, মাটির পাত্র, ধাতুনির্মিত জিনিসপত্র, কাঠের নানা প্রকার আসবাবপত্র প্রস্তুত করা হইত। নৌ-চালনা, গৃহনির্মাণ, কৃষির জন্য সেচ-ব্যবস্থা প্রভৃতি সে-যুগে জানা ছিল। বিদেশের সহিত বৈদিক আর্যদের বাণিজ্য-সম্পর্ক ছিল এইরূপ মনে করা ভুল হইবে না। বৈদিক আর্যগণ সামুদ্রিক বাণিজ্যেও অংশগ্রহণ করিত।* বৈদিক যুগে 'মনা' নামে একপ্রকার মুদ্রা বিনিময়ের মাধ্যম হিসাবে ব্যবহৃত হইত। সেই সময়ে ব্যাবিলনে 'মানা' নামে একপ্রকার মুদ্রার প্রচলন ছিল। কোন কোন পণ্ডিতের মতে বৈদিক যুগের 'মনা' ব্যাবিলনের 'মানা' এবং ল্যাটিন 'মিনা'র অনুকরণ বলা যাইতে পারে। এইরূপ সামঞ্জস্য হইতে বহির্জগতের সহিত বৈদিক আর্যদের যোগাযোগ ছিল একথা অনুমিত হইয়া থাকে। 'মনা' ভিন্ন 'নিষ্ক' নামক অপর একপ্রকার মুদ্রা এবং গরু বিনিময়ের মাধ্যম হিসাবে ব্যবহৃত হইত। বলি, শুল্ক ও ভাগ—এই তিন প্রকারের রাজস্ব সে-যুগে আদায় করা হইত।

কৃষি, পশুপালন ও বাণিজ্য

শিল্প : বস্ত্রশিল্প, মৃৎশিল্প, গৃহনির্মাণ-শিল্প, ধাতুশিল্প প্রভৃতি

'মনা', 'নিষ্ক' ও গরু বিনিময়ের মাধ্যম

রাজস্ব : বলি, শুল্ক ও ভাগ

আর্যদের আহার্য ও পোশাক-পরিচ্ছদ হইতে তাহাদের উন্নত অর্থনৈতিক জীবনের ধারণালাভ করা যাইতে পারে। যব, গম প্রভৃতি ছিল সে-যুগের প্রধান খাদ্যশস্য। ইহা ভিন্ন, মাছ, মাংস, শাকসবজি প্রভৃতিও তাহারা খাইত। অনুষ্ঠান ও যাগ-যজ্ঞাদির সময় তাহারা সোমরস ও সুরা নামক মাদক পানীয় ব্যবহার করিত। গরুর দুধ ও দুধ হইতে প্রস্তুত নানা প্রকার খাদ্য, পিষ্টক প্রভৃতি তাহাদের অত্যন্ত প্রিয় খাদ্য ছিল।

আর্যদের আহার্য—যব, গম, মাছ, মাংস, শাকসবজি ; পানীয়—সোমরস ও সুরা

পোশাক-পরিচ্ছদের দিক দিয়া আর্যদের কোন আড়ম্বর ছিল না। দেহের উপরাংশের জন্য উত্তরীয় ব্যবহৃত হইত। নিম্নাংশের জন্য 'নিবি'—অর্থাৎ কৌপীনের মত একখণ্ড বস্ত্র ব্যবহৃত হইত। ইহাকে 'অন্তর্বাস' বলা হইত। 'নিবি'র উপরে 'পরিধেয়'—অর্থাৎ একখানা বস্ত্র ব্যবহার করা হইত। ইহাকে 'বহির্বাস'ও বলা হইত। স্ত্রী-পুরুষ নির্বিশেষে অলঙ্কার ব্যবহারের রীতি ছিল। অবশ্য কোন কোন প্রকার অলঙ্কার কেবল আর্যনারীগণই ব্যবহার করিতেন।

পোশাক-পরিচ্ছদ ও অলঙ্কারাদি

আর্যদের রাজনৈতিক জীবন : বৈদিক যুগের সামাজিক ও অর্থনৈতিক জীবনের আলোচনা হইতে একথা স্পষ্ট বুঝিতে পারা যায় যে, সে-যুগে সামাজিক

* Vide *The Vedic Age*, pp. 397, 461

নিরাপত্তা, শান্তি ও শৃঙ্খলা বজায় ছিল। সামাজিক নিরাপত্তা এবং শান্তি বজায় না থাকিলে ঐরূপ উন্নত ধরনের সামাজিক বা অর্থ নৈতিক জীবন যে গড়িয়া উঠিত না, তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে। রাজনৈতিক ব্যবস্থার উপরই সমাজের শান্তি ও শৃঙ্খলা নির্ভর করে। বলা বাহুল্য, আর্যদের রাজনৈতিক ব্যবস্থা সুদক্ষ ও সুশৃঙ্খল ছিল।

সামাজিক ও অর্থ নৈতিক নিরাপত্তা রাজনৈতিক দক্ষতার পরিচায়ক

আর্যগণ ভারতবর্ষে প্রবেশ করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র দল হিসাবে বিভিন্ন অংশে ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য গড়িয়া তুলিয়াছিল। এই সকল ক্ষুদ্র রাজ্যের শাসনকার্য প্রথমে দলপতির উপর ন্যস্ত ছিল। যুদ্ধ-বিগ্রহের দ্বারা বসতি বিস্তারের ফলে দলপতিগণের প্রাধান্য ও প্রতিপত্তি ক্রমে স্বভাবতই বৃদ্ধি পাইয়াছিল। সমাজ-জীবনে শৃঙ্খলা ও শান্তি বজায় রাখিবার উদ্দেশ্যে দলপতির আদেশ মানিয়া চলিবার প্রয়োজনীয়তাও সমাজের জনগণ উপলব্ধি করিয়াছিল। এইভাবে ক্রমে দলপতি 'রাজা' বা 'রাজন্' নামে পরিচিত হন। রাজা সমগ্র রাজ্যের শাসন ও সমাজ ব্যবস্থার সর্বোচ্চে ছিলেন। আইনত তাঁহার ক্ষমতা ছিল অসীম, কিন্তু কার্যত তাঁহাকে 'সভা' ও 'সমিতি' নামে দুইটি পরিষদের পরামর্শ গ্রহণ করিতে হইত। রাজ্যের বয়োবৃদ্ধ ও জ্ঞানবৃদ্ধদের লইয়া 'সভা' গঠিত হইত। জনগণের পরিষদের নাম ছিল 'সমিতি'। রাজ্যশাসনে রাজা এই দুইটি পরিষদের পরামর্শ গ্রহণ করিতেন। রাজ্যকে 'জন' বা 'বিশ্' বলা হইত এবং রাজাকে 'বিশ্পতি' বা 'রাজন্' নামে অভিহিত করা হইত। রাজ্যের ভিত্তি ছিল গ্রাম। সমগ্র রাজ্যটি কয়েকটি গ্রামে বিভক্ত ছিল। গ্রামের শাসনকার্যাদি পরিচালনার ভার ছিল 'গ্রামণী'র উপর। রাজ্যের শাসনকার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজা রাজকর্মচারী নিয়োগ করিতেন। ইহাদের মধ্যে 'পুরোহিত', 'সেনানী' প্রভৃতি কর্মচারী বিশেষভাবে উল্লেখযোগ্য। রাজার সেনাবাহিনীতে অশ্বারোহী, রথারোহী ও পদাতিক সৈন্য ছিল। তরবারি, কুঠার, তীর-ধনুক, বর্শা প্রভৃতি ছিল সে-যুগের যুদ্ধাস্ত্র।

রাজপদের উৎপত্তি

'রাজন্'—'সভা' ও 'সমিতি'

বিশ্

গ্রাম—'গ্রামণী'

রাজকর্মচারিগণ

ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের মধ্যে পরস্পর যুদ্ধ-বিগ্রহাদি লাগিয়াই থাকিত। ফলে দুর্বল রাজ্যগুলি অপেক্ষাকৃত শক্তিশালী রাজ্যগুলি কর্তৃক অধিকৃত হইতে থাকে। এইভাবে বৈদিক যুগের শেষভাগে বড় বড় রাজ্যের যেমন উদ্ভব ঘটিয়াছিল তেমনি রাজ-ক্ষমতাও স্বৈরাচারী হইয়া উঠিয়াছিল। এই সকল রাজা দিগ্বিজয়ে সাফল্যলাভ করিয়া 'অশ্বমেধ', 'রাজসূয়', 'রাজপেয়' প্রভৃতি যজ্ঞের অনুষ্ঠানাদি করিতেন এবং 'সম্রাট্', 'একরাট্', 'রাজচক্রবর্তী' প্রভৃতি উপাধি ধারণ করিয়া নিজ নিজ বর্ধিত ক্ষমতার পরিচয় দিতেন।

'সম্রাট্', 'একরাট্', 'রাজচক্রবর্তী'

মহাকাব্য : রামায়ণ ও মহাভারত (The Epics: The Ramayana and the Mahabharata): বৈদিক যুগের শেষভাগকেই

রামায়ণ-মহাভারতের যুগ বলা হয়। বস্তুত, রামায়ণ-মহাভারতের যুগ বলিয়া কোন পৃথক যুগের উল্লেখ করিবার কোন যুক্তি নাই, কারণ রামায়ণ-মহাভারতের কাল বৈদিক যুগের অংশবিশেষ। ইহা ভিন্ন, এই দুইখানি মহাকাব্য কোন এক ব্যক্তি বা কোন এক সময়ে রচিত হয় নাই বলিয়া পণ্ডিতগণ মনে করেন।* লোক মুখে 'গাথা'—অর্থাৎ 'গীত' হিসাবে রামায়ণ-মহাভারতের কাহিনী দীর্ঘকাল পূর্ব হইতেই গাওয়া হইত। পরে এগুলিকে গ্রন্থ হিসাবে লিপিবদ্ধ করা হয়। আবার রামায়ণ ও মহাভারতের মধ্যে কোন্‌টি প্রথম রচিত হইয়াছিল সে-বিষয়েও মতানৈক্য রহিয়াছে।** যাহা হউক, এই দুইখানা মহাকাব্য, বিশেষভাবে মহাভারত হইতে সেই যুগের কতকগুলি ঐতিহাসিক তথ্য জানিতে পারা যায়। বৈদিক সমাজ ও সংস্কৃতির ক্রমবিকাশের মোটামুটি পরিচয় এই দুই মহাকাব্য হইতে পাওয়া যায়। তবে এখানে উল্লেখ করা প্রয়োজন যে রামায়ণ-মহাভারতকে ইতিহাস-গ্রন্থ মনে করা ভুল হইবে।

বৈদিক যুগের শেষভাগ

রামায়ণ-মহাভারতের ঐতিহাসিক তথ্যাদি

রামায়ণ-মহাভারতের কাহিনী হইতে সে-যুগে রাজতন্ত্রের প্রাধান্য সম্পর্কে অবগত হওয়া যায়। ভারতবর্ষের সর্বত্রই তখন রাজতান্ত্রিক শাসনব্যবস্থা প্রচলিত ছিল। রাজপদ বংশানুক্রমিক ছিল। কোন কোন উপজাতীয় দল যুদ্ধ-বিগ্রহাদির কালে রাজা নির্বাচন করিত বলিয়াও জানা যায়। রাজগণের 'রাজসভা' সে-যুগেও ছিল বটে, কিন্তু রাজসভা যুদ্ধের পরামর্শ-সভায় পর্যবসিত হইয়া গিয়াছিল। প্রজাকে সন্তানের ন্যায় পালন করা, প্রজার মনোরঞ্জন করা রাজার কর্তব্য ছিল। দেশে দৈবদুর্বিপাক দেখা দিলে রাজাকে পাপী বলিয়া মনে করা হইত। রামায়ণ-মহাভারতের কালে সমাজে ক্ষত্রিয় শ্রেণীর প্রাধান্য পরিলক্ষিত হয়। জাতিভেদ প্রথা কঠোর হইয়া উঠিয়াছিল এবং অসবর্ণ বিবাহ সমাজের চক্ষে নিন্দনীয় ছিল। কৃষি-ই জীবিকার প্রধান উপায় ছিল, কিন্তু কোন কোন পরিবার তখনও পশুপালন ও শিকার করিয়া জীবিকার্জন করিত। ব্যবসায়-বাণিজ্য সেই সময়ে পূর্বাপেক্ষা অধিকতর ব্যাপকতা লাভ করিয়াছিল। খাদ্য ও পানীয় পূর্বেকার মতই ছিল। পিতামাতার আদেশ পালন, সত্য ও সততা রক্ষার জন্য যে কোন কষ্ট স্বীকার করা, প্রভৃতি সমাজ-জীবনের আদর্শ ছিল। নারী-জাতিকে সম্মান প্রদর্শন করা এবং বীর সন্তানের জননী হিসাবে নারীজাতিকে মর্যাদাদান সেই যুগের সামাজিক বৈশিষ্ট্যের অন্যতম ছিল।

রাজা ও রাজসভা

রাজকর্তব্য

সামাজিক ও অর্থ নৈতিক জীবন

সমাজে নারীজাতির স্থান

* "The *Mahabharata* could not have been the work of any single person, and in order to be brought up to its present size the process of interpolation must have gone on for several centuries. It cannot therefore be said that the *Mahabharata* depicts the state of India at any particular period." R. D. Banerjee: ***Prehistoric Ancient and Hindu India***, p 47. Also vide Winternitz.

** Vide ***The Cambridge History of India***, Vol. I, p. 264; R. D. Banerjee: ***Prehistoric Ancient and Hindu India***, p. 47; Majumdar, Raychaudhuri and Datta: ***An Advanced History of India*** (1960 Reprint), p. 92.

পঞ্চম অধ্যায়

ধর্মান্দোলন : জৈন ও বৌদ্ধ ধর্ম

(Religious Movements : Jainism and Buddhism)

বৈদিক ব্রাহ্মণ্য ধর্মের বিরুদ্ধে প্রতিক্রিয়া (Reaction against Brahmanism) : বৈদিক যুগের শেষভাগে বৈদিক ব্রাহ্মণ্য ধর্ম অত্যন্ত গতানুগতিক হইয়া পড়ে। কতকগুলি জটিল, সাধারণের নিকট দুর্বোধ্য ক্রিয়াকাণ্ড ও যাগ-যজ্ঞের অনুষ্ঠান করিলেই ধর্মকর্ম সম্পন্ন হইল, এইরূপ ধারণার সৃষ্টি হয়। আন্তরিক ভক্তি, সততা ও ধর্মপরায়ণতা অপেক্ষা বাহ্যিক আচার-অনুষ্ঠান, হোম, মন্ত্রতন্ত্র প্রভৃতি প্রাধান্য লাভ করে। এই জটিল ক্রিয়াকাণ্ড সম্পাদনে সাধারণ লোক স্বভাবতই বিশেষজ্ঞদের সাহায্য গ্রহণ করিতে লাগিল। এই বিশেষজ্ঞগণ ছিলেন পুরোহিতশ্রেণী। সাধারণ লোকের ধারণা ছিল পুরোহিতগণ যদি পূজাপার্বণ সম্পাদন করেন তাহা হইলেই পরিবারের মঙ্গল হইবে। এই ধারণার সৃষ্টি হওয়ার ফলে একদিকে যেমন ধর্মকর্ম ব্যক্তিগত জীবনে পালন করা অপেক্ষা পুরোহিত দ্বারা সম্পন্ন করাইবার রীতি প্রচলিত হইয়াছিল, অপরদিকে তেমনি পুরোহিতশ্রেণী সমাজের উপর এক প্রবল প্রভাব বিস্তারে সমর্থ হইয়াছিলেন। এইভাবে ক্রমে বৈদিক ধর্মরীতি এক সঙ্কীর্ণ আন্তরিকতাশূন্য বাহ্যিক অনুষ্ঠানে পর্যবসিত হইয়া পড়ে। যাগ-যজ্ঞ, পশুবলি, পুরোহিতশ্রেণীর প্রতি অচলা ভক্তি প্রভৃতি সেই যুগের ধর্মরীতি হিসাবে যেমন প্রচলিত হইল তেমনি নিম্নশ্রেণীর লোকদের প্রতি ঘৃণা, অন্যায় আচরণ প্রভৃতিও বৃদ্ধি পাইতে লাগিল। এইরূপ আন্তরিকতাশূন্য জনকল্যাণের আদর্শচ্যুত ধর্মের প্রতি চিন্তাশীল ব্যক্তিবর্গের মনে ক্রমেই বিরুদ্ধভাব জাগিতে লাগিল। সহজ, সরল এবং সাধারণের বোধগম্য ধর্ম-পন্থা উদ্ভাবন করিবার প্রয়োজন তখন অনুভূত হইতে লাগিল। উপনিষদের স্বাধীন চিন্তাধারার উপর নির্ভর করিয়া ধর্ম-বিষয়ে নূতন এবং স্বাধীনভাবে চিন্তা করা আরম্ভ হইল। ফলে খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে ভারতবর্ষে বহু ধর্মপ্রচারকের আবির্ভাব ঘটিল। ইঁহাদের মধ্যে বৌদ্ধধর্মের প্রবর্তক গৌতম এবং জৈনধর্মের প্রবর্তক মহাবীরের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

বৈদিক ব্রাহ্মণ্য ধর্মের জটিলতা

পুরোহিতশ্রেণীর প্রাধান্য

বৈদিক ধর্মের প্রতি বিরুদ্ধভাব

সাধারণত জৈন ও বৌদ্ধ ধর্মকে বেদ-বিরোধী ধর্ম হিসাবেই বর্ণনা করা হইয়া থাকে। বস্তুত এই উভয় ধর্মমতই বেদের 'উপনিষদ্' অংশের উপর নির্ভর করিয়া গড়িয়া উঠিয়াছিল। সুতরাং জৈন ও বৌদ্ধ ধর্মকে বেদ-বিরোধী ধর্ম না বলিয়া বৈদিক ধর্মের অনুবৃত্তি বলাই যুক্তিযুক্ত হইবে। অবশ্য ক্রমে এই দুইটি ধর্মের উপাসনা-পদ্ধতি, আচার-অনুষ্ঠান ও আদর্শ বৈদিক ধর্মের আচার-অনুষ্ঠান ও আদর্শ হইতে পৃথক হইয়া গিয়াছিল। বৈদিক ধর্মের সঙ্কীর্ণতা, ক্রিয়াকাণ্ডের জটিলতা ও প্রাণহীনতার বিরুদ্ধে প্রতিবাদ জৈন ও

জৈন ও বৌদ্ধ ধর্ম বেদের প্রতিবাদী ধর্ম

বৌদ্ধ ধর্মে প্রকাশ পাইয়াছিল। সুতরাং খ্রীষ্টধর্মের মধ্যে প্রোটেস্টান্ট (Protestant) বা প্রতিবাদী ধর্মমতের ন্যায় জৈন ও বৌদ্ধ ধর্মকে বৈদিক ব্রাহ্মণ্য ধর্মের প্রতিবাদী ধর্ম বলা ভুল হইবে না।

মহাবীর (Mahavira): মহাবীর 'জিন'-এর নামানুকরণেই তাঁহার প্রচারিত ধর্ম 'জৈনধর্ম' বলিয়া পরিচিতি লাভ করিয়াছে। কিন্তু জৈন কাহিনী-কিংবদন্তী অনুসারে মহাবীরের পূর্বে আরও তেইশ জন 'তীর্থঙ্কর'—অর্থাৎ মুক্তির পথ-নির্মাতা এই ধর্মের প্রচার করিয়াছিলেন। মহাবীর ছিলেন চতুর্বিংশ এবং শেষ তীর্থঙ্কর। জৈনধর্মের মূল প্রবর্তক ছিলেন ত্রয়োবিংশ তীর্থঙ্কর পার্শ্বনাথ। মহাবীর জৈন ধর্মমতের কতক উন্নতিসাধন করিয়াছিলেন এবং উহার বহুল প্রচার করিয়া গিয়াছিলেন। এইজন্য সাধারণত তাঁহার নামানুকরণেই এই ধর্মমত 'জৈনধর্মমত' বলিয়া পরিচিত।

তীর্থঙ্করগণ

মহাবীর ছিলেন কুন্দপুর নামক স্থানের সিদ্ধার্থ নামে এক ক্ষত্রিয় দলপতির পুত্র। তাঁহার মাতার নাম ছিল ত্রিশলা। মহাবীরের জন্মকাল সম্পর্কে নির্দিষ্ট কোনকিছু জানা যায় নাই। অবশ্য তিনি যে খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে জন্মগ্রহণ করিয়াছিলেন এবং গৌতম বুদ্ধের সমসাময়িক ছিলেন সে-বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই। মহাবীরের বাল্যজীবন সম্পর্কেও কোন বিশদ বিবরণ পাওয়া যায় না। তবে জৈন কাহিনী-কিংবদন্তী হইতে কতক কতক তথ্য সংগ্রহ করা সম্ভব হইয়াছে। এই সকল কাহিনী-কিংবদন্তী অনুসারে মহাবীর যশোদা নামে এক ক্ষত্রিয় রাজকন্যাকে বিবাহ করিয়া ত্রিশ বৎসর বয়স পর্যন্ত গৃহীর ন্যায় জীবন যাপন করেন। তারপর—অর্থাৎ ত্রিশ বৎসর বয়সে তিনি সংসার ত্যাগ করিয়া পরম সত্যের সন্ধানে তপস্যা শুরু করেন। গোঁসাল নামে জনৈক সন্ন্যাসীর শিষ্যত্ব গ্রহণ করিয়া দীর্ঘ ছয় বৎসর এবং স্বাধীনভাবে আরও ছয় বৎসর—মোট বার বৎসর তপশ্চরণের পরও তিনি দিব্যজ্ঞান লাভে সমর্থ হইলেন না। একপ্রকার হতাশ হইয়াই তিনি ঋজুপালিকা নদীতীরে পুনরায় নূতনভাবে তপস্যায় রত হন। এইবার তাঁহার দিব্যজ্ঞান জন্মিল। এইভাবে দীর্ঘ বার বৎসর

পরিচয়

গৃহত্যাগ ও তপশ্চরণ



মহাবীর

তপশ্চর্যা করিয়া ত্রয়োদশ বৎসরে দিব্যজ্ঞান লাভের পর তাঁহার মনোবাসনা পূর্ণ হয়। তিনি সর্বজ্ঞ হইয়া—অর্থাৎ কৈবল্য লাভ করিয়া তাঁহার ধর্মমত জনসাধারণের মধ্যে প্রচার করিতে শুরু করেন। তিনি ইন্দ্রিয় জয় করিতে সমর্থ হইয়াছিলেন বলিয়া 'জিন'—অর্থাৎ জিতেন্দ্রিয় নামে পরিচিতি লাভ করেন। তাঁহার প্রচারিত ধর্মমত, 'নির্গ্রন্থ'—অর্থাৎ সংসারের যাবতীয় মায়া, মোহ, লোভ প্রভৃতি হইতে গ্রন্থিহীন (বন্ধনহীন)—নামে পরিচিত। সাধারণ্যে অবশ্য ইহা 'জিন' নামানুকরণে 'জৈন' ধর্ম নামেই পরিচিতি লাভ করিয়াছে। দীর্ঘ ত্রিশ বৎসরকাল ধর্ম প্রচারের পর মহাবীর পাবাপুরীতে দেহরক্ষা করেন।*

'কৈবল্য' লাভ : 'জিন' বা জিতেন্দ্রিয়

মহাবীর জিন-প্রবর্তিত ধর্ম 'নির্গ্রন্থ' বা জৈনধর্ম নামে পরিচিত

মহাবীর জিন কোন নূতন ধর্মমতের প্রবর্তক ছিলেন না একথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। তিনি পার্শ্বনাথ-প্রচারিত ধর্মমতের কতক পরিবর্তন করিয়া ব্যাপকভাবে উহার প্রচারের পথ করিয়া দিয়া গিয়াছিলেন। পার্শ্বনাথ-প্রবর্তিত ধর্মমতের মূল চারিটি সূত্র ছিল : সত্যবাদিতা, চুরি না করা, হিংসা না করা ও লোভ সম্বরণ করা। এই চারিটি সূত্রের সহিত ব্রহ্মচর্য পালন করিবার আরও একটি নূতন সূত্র মহাবীর যোগ করিয়াছিলেন।** মহাবীরের ধর্মনীতিতে চরম অনাসক্তি পরিলক্ষিত হয়। তিনি পার্থিব কোনকিছুর প্রতি আসক্তি বা লোভ থাকা অনুচিত মনে করিতেন। এমনকি, পরিধানের বস্ত্রের জন্যও যাহাতে কোনপ্রকার আসক্তি জন্মিতে না পারে সেইজন্য তিনি স্বয়ং দিগম্বর ছিলেন। তাঁহার শিষ্যগণও দিগম্বর ছিলেন। তাঁহার মৃত্যুর তিন শত বৎসর পর—অর্থাৎ খ্রীষ্টপূর্ব তৃতীয় শতকে তাঁহার শিষ্যগণের অনেকে 'দিগম্বর' ধর্মরীতি ত্যাগ করিয়া 'শ্বেতাম্বর' নামে জৈনধর্মেরই অপর এক শাখার সৃষ্টি করেন। অদ্যাপি জৈনধর্মাবলম্বীদের মধ্যে 'দিগম্বর' ও 'শ্বেতাম্বর' এই দুই সম্প্রদায় আছে। বলা বাহুল্য, 'দিগম্বর' সম্প্রদায় পরবর্তীকাল হইতেই বস্ত্রাদি পরিধান করিতে শুরু করিয়াছিল।

জৈনধর্মের সার

'দিগম্বর' ও 'শ্বেতাম্বর' সম্প্রদায়

আত্মার চরম শান্তি বা নির্বাণ লাভই জৈনধর্মের আদর্শ। জৈনধর্মমতে 'নির্বাণ'—অর্থাৎ পুনর্জন্ম হইতে আত্মার সম্পূর্ণ মুক্তিলাভের তিনটি পন্থা আছে—যথা, সৎ-জ্ঞান, সৎ-কর্ম ও সৎ-ব্যবহার। জৈনধর্মমতে ভগবানের অস্তিত্ব স্বীকৃত নহে। জৈনগণ বেদকে ভগবানের মুখ-নিঃসৃত বাণী বলিয়া মনে করে না। জাতিভেদও তাহারা মানে না। কর্মফল ও

জৈনধর্মের আদর্শ—নির্বাণলাভ

* মহাবীরের দেহত্যাগের তারিখ সম্পর্কে মতানৈক্য রহিয়াছে। Vide *An Advanced History of India* (1960 Reprint) pp. 85-86.

** "He (Parsvanath) enjoined on his disciples the four great vows of non-injury, truthfulness, abstention from stealing and non-attachment. To these Mahavira added the vow of *Brahmacharya*." *Ibid.*, p. 86.

জন্মান্তরবাদে জৈনরা হিন্দুদের ন্যায়ই বিশ্বাসী। কিন্তু জৈনধর্মে ব্রাহ্মণের শ্রেষ্ঠত্ব স্বীকৃত নহে। অহিংসা জৈনধর্মের মূল ভিত্তি। অহিংসা-নীতি প্রয়োগে জৈনগণ পাথর, ধাতু প্রভৃতির মধ্যেও প্রাণ আছে বলিয়া মনে করে। সৎ-কর্ম ও কঠোর তপশ্চর্যার মাধ্যমে আত্মার উন্নতিসাধন এবং ক্রমে পুনর্জন্ম হইতে নিষ্কৃতিলাভই হইল জৈনধর্মমতের উদ্দেশ্য। এই কারণে দেহকে যথাসম্ভব কঠোর শাসনে রাখা এবং কৃচ্ছ্রসাধনে কালাতিপাত করা একান্ত প্রয়োজন ছিল। সুতরাং প্রকৃতভাবে জৈনধর্ম পালন করা গৃহীদের পক্ষে সম্ভব ছিল না। একমাত্র সংসারত্যাগী সন্ন্যাসীদের পক্ষেই এই কঠোর ধর্মরীতি পালন করা সম্ভব ছিল। স্বভাবতই এই ধর্মমতের কতক কতক পরিবর্তনসাধন করা প্রয়োজন হইয়া পড়িয়াছিল। পরবর্তীকালে জৈনধর্ম অনেকটা বাস্তববাদী হইয়া উঠে। ফলে গৃহীদের পক্ষেও উহা পালন করা সম্ভব হয়। জৈনধর্ম বলিতে বর্তমান কালে যাহা বুঝা যায় উহা মহাবীর জিন কর্তৃক প্রবর্তিত ধর্মমত হইতে বহুলাংশে পৃথক হইয়া পড়িয়াছে। এখন গণেশ, লক্ষ্মী প্রভৃতি হিন্দু দেবদেবীর উপাসনা জৈনধর্মের অঙ্গীভূত হইয়াছে।

জৈনধর্মমতে অহিংসা-নীতির ব্যাপকতা

পরবর্তীকালে জৈনধর্মের রূপান্তর

মহাবীরের মূল উপদেশাবলী চৌদ্দটি 'পূর্ব'—অর্থাৎ খণ্ডে লিপিবদ্ধ হইয়াছে। খ্রীষ্টপূর্ব চতুর্থ শতকে বিহারের সমগ্র দক্ষিণাংশে এক ভীষণ দুর্ভিক্ষ দেখা দিলে সেই অঞ্চলের জৈনধর্মাবলম্বিগণ দক্ষিণ-ভারতে আশ্রয় গ্রহণ করে। ফলে দক্ষিণ-বিহারে জৈনধর্ম প্রায় বিলুপ্ত হইয়া যায়। বিহারে যে-সকল জৈনধর্মাবলম্বী তখন রহিয়া গিয়াছিল তাহাদের চেষ্টায় পাটলিপুত্র নগরীতে এক জৈনধর্মসভা আহ্বান করা হয়। বিহারে পুনরায় জৈনধর্ম প্রচার করিবার পন্থা উদ্ভাবনই ছিল এই ধর্মসভার মূল উদ্দেশ্য। এই ধর্মসভায় জৈনধর্ম বিষয়ে যে-সকল আলোচনা হইয়াছিল সেগুলি বারটি 'অঙ্গ'—অর্থাৎ খণ্ডে সন্নিবিষ্ট হইয়াছে। পরবর্তীকালে (খ্রীষ্টীয় পঞ্চম বা ষষ্ঠ শতকে) গুজরাটে অপর একটি জৈনধর্মসভার অধিবেশন হইয়াছিল। জৈনধর্ম সম্পর্কিত যাবতীয় গ্রন্থাদি লিপিবদ্ধ করাই ছিল এই ধর্মসভার মূল উদ্দেশ্য। এই সভা কর্তৃক জৈন ধর্ম-সাহিত্য অঙ্গ, উপাঙ্গ, মূল ও সূত্র এই চারিটি ভাগে সঙ্কলিত হইয়াছিল। জৈনধর্ম সম্পর্কে কাহিনী-কিংবদন্তী—যথা, 'পরিশিষ্ট পার্বণ', 'রাজাবলীকথে' প্রভৃতি জৈন ধর্ম-সাহিত্যের অংশ হিসাবে উল্লেখযোগ্য।

জৈন ধর্ম-সাহিত্য : 'পূর্ব'

পাটলিপুত্র নগরীতে ও গুজরাটে জৈনধর্মসভা

অঙ্গ, উপাঙ্গ, মূল ও সূত্র

জৈন কাহিনী-কিংবদন্তী —পরিশিষ্ট পার্বণ, রাজাবলীকথে প্রভৃতি

জৈন ও হিন্দু ধর্মের পার্থক্য : হিন্দু—অর্থাৎ ব্রাহ্মণ্য ধর্ম হইতে জৈনধর্মের পার্থক্য কোথায় সেই বিষয়ে আলোচনা করা সমীচীন হইবে। পূর্বেই বলা হইয়াছে যে জৈন ও বৌদ্ধ ধর্ম উপনিষদের দার্শনিক চিন্তাধারা হইতেই উদ্ভূত। তথাপি জৈনধর্ম ও হিন্দুধর্মের মধ্যে যথেষ্ট পার্থক্য

অসামঞ্জস্য :

রহিয়াছে। প্রথমত, জৈনধর্মমতে বেদকে অপৌরুষেয় বলিয়া স্বীকার করা হয় না। হিন্দুধর্মমতে বেদ ভগবানের বাণী বলিয়া স্বীকৃত। দ্বিতীয়ত, হিন্দুধর্মে জাতিভেদ এবং ব্রাহ্মণদের প্রাধান্য স্বীকার করা হয়, জৈনধর্মে এই দুই-এর কোনটিই মানা হয় না। তৃতীয়ত, ঋগ্বেদের কাল হইতেই হিন্দুধর্মে অহিংসা-নীতি স্বীকৃত, কিন্তু জৈনদের অহিংসা বহুগুণে ব্যাপক। পাথর, ধাতু প্রভৃতিতেও জৈনধর্মাবলম্বীরা প্রাণ আছে বলিয়া বিশ্বাস করে। চতুর্থত, জৈনধর্ম ভগবানে বিশ্বাস করে না। সৎ-কর্ম দ্বারা মানুষের আত্মা যখন চরম উন্নতি লাভ করে তখনই উহা দেবত্বপ্রাপ্ত হয়, তখনই উহা পরমাত্মার রূপ লাভ করে, ইহাই হইল জৈনদের ধারণা।

বেদের অপৌরুষেয়তা অস্বীকৃত, জাতিভেদ প্রথা ও ব্রাহ্মণের প্রাধান্য অস্বীকার, অহিংসা-নীতির ব্যাপকতা, ভগবানের অস্তিত্বে অবিশ্বাস

হিন্দুধর্ম ও জৈনধর্ম মতের মধ্যে কতক সামঞ্জস্যও আছে। জৈনগণ হিন্দুগণের ন্যায় জন্মান্তরবাদ ও কর্মফলে সম্পূর্ণ বিশ্বাসী। সৎ-কর্মের দ্বারা পরবর্তী জীবনে উন্নততর পরিস্থিতিতে জন্মলাভ করা যায় একথা জৈনরাও বিশ্বাস করিয়া থাকে। হিন্দু দেবদেবী গণেশ, লক্ষ্মী প্রভৃতির পূজা জৈনধর্মের অঙ্গীভূত হইয়া গিয়াছে। হিন্দুগণও মহাবীর ও পার্শ্বনাথকে ভগবানের অংশ হিসাবে শ্রদ্ধা প্রদর্শন করে।

সামঞ্জস্য : জন্মান্তরবাদ, কর্মফলে বিশ্বাস, হিন্দু দেবদেবী গণেশ, লক্ষ্মী প্রভৃতির উপাসনা

গৌতম বুদ্ধ (Gautama Buddha) : বৈদিক ধর্মের জটিলতা ও বাহিক অনুষ্ঠানপ্রিয়তার বিরুদ্ধে যখন প্রতিক্রিয়া দেখা দেয় তখন জনসাধারণের পক্ষে পালন করা সম্ভব এইরূপ সহজ ও সরল ধর্মপন্থা উদ্ভাবনের জন্য যে-সকল মনীষী সচেষ্ট হইয়াছিলেন তাঁহাদের মধ্যে গৌতম বুদ্ধ ছিলেন সর্বশ্রেষ্ঠ। নেপালের তরাই অঞ্চলে কপিলাবস্তুর শাক্যজাতির নায়ক শুদ্ধোদন ছিলেন গৌতমের পিতা। তাঁহার মাতা ছিলেন মায়াদেবী। গৌতমের আদি নাম ছিল সিদ্ধার্থ। জন্মের প্রায় সঙ্গে সঙ্গেই সিদ্ধার্থ মাতৃহীন হন। মাতৃস্বসা ও বিমাতা গৌতমী তাঁহাকে লালন-পালন করেন। এইজন্য তাঁহার অপর নাম হয় গৌতম।

পরিচয়

বাল্যকাল হইতেই গৌতম ছিলেন ধর্মভাবাপন্ন। রাজপ্রাসাদের আবহাওয়ায় মানুষ হইলেও জীবের প্রতি দয়া, ধর্ম-বিষয়ে চিন্তা প্রভৃতি তাঁহার চরিত্রের বৈশিষ্ট্য হিসাবে বাল্যকাল হইতেই প্রকাশ পাইতে লাগিল। একবার তিনি প্রাসাদের উদ্যানে ভ্রমণ করিতেছিলেন। সেই সময় দেবদত্ত নামে তাঁহারই এক সম্পর্কিত ভ্রাতা আকাশ-পথে উড়িয়া যাইতেছে এমন একদল হাঁসের মধ্যে একটিকে তীরবিদ্ধ করিয়া সেই উদ্যানে ফেলিলেন। গৌতম সেই হাঁসের বক্ষ হইতে তীরটি খুলিয়া ফেলিয়া নিজের বহুমূল্য রত্নখচিত পরিধানের একাংশ ছিঁড়িয়া লইয়া হাঁসের ক্ষত বাঁধিয়া দিলেন এবং দেবদত্তকে নিষ্ঠুরতার জন্য ভর্ৎসনা করিলেন। এইভাবে বাল্যকাল হইতেই গৌতম তাঁহার অন্তরের দয়া, জীবে প্রেম ও অহিংসার পরিচয় দিতে লাগিলেন। সেই সময়কার সামাজিক রীতি অনুসারে

বাল্যজীবন

ষোল বৎসর বয়সেই গোপা বা যশোধরা বা বিম্বা প্রভৃতি বিভিন্ন নামে পরিচিতা এক পরমা সুন্দরী রাজকন্যার সহিত তাঁহার বিবাহ দেওয়া হইল।

বিবাহ

ইহার পর কিছুকাল গৌতম গৃহী হিসাবেই কাটাইলেন। মানুষের জরা, ব্যাধি, মৃত্যু প্রভৃতি তাঁহাকে ক্রমেই বিচলিত করিয়া তুলিল। কিভাবে মানুষকে এই দুঃখ-দুর্দশার হাত হইতে রক্ষা করা যায় সেই চিন্তাই তাঁহাকে পাইয়া বসিল।

পুত্রসন্তান লাভ—রাহুল

২৯ বৎসর বয়সে তাঁহার এক পুত্রসন্তান জাত হইল। পুত্রের নাম রাখা হইল রাহুল। কিন্তু পুত্র জন্মিবার সঙ্গে সঙ্গে গৌতম দেখিলেন যে তিনি ক্রমেই সংসারের মায়ায় আবদ্ধ হইয়া পড়িতেছেন। তিনি আর কাল বিলম্ব না করিয়া স্ত্রী-পুত্র, পরিবার-পরিজন, রাজপ্রাসাদের ভোগবিলাস



গৌতম বুদ্ধ

গৃহত্যাগ

সবকিছু ত্যাগ করিয়া একদিন গভীর রাত্রিতে সংসার ত্যাগ করিয়া সন্ন্যাসীর জীবন গ্রহণ করিলেন। তাঁহার বয়স তখন ২৯ বৎসর।

সন্ন্যাসধর্ম গ্রহণ করিয়া গৌতম দিব্যজ্ঞান লাভের উদ্দেশ্যে বিভিন্ন সাধু-সন্ন্যাসীর শিষ্যত্ব গ্রহণ করিলেন। কঠোর তপস্যা, আত্মপীড়ন, কৃচ্ছ্রসাধন—সর্বপ্রকারের

কঠোর তপস্যা

যোগসাধন করিয়া দেহকে অস্থিচর্মসার করিলেন, বহু তীর্থস্থান পর্যটন করিলেন। তথাপি তাঁহার উদ্দেশ্য সফল হইল না। অবশেষে তিনি উরুবিল্ব নামক স্থানে কঠোর তপস্যায় রত হইলেন। তাঁহার দেহ দুর্বল হইল, তাঁহার জীবনসংশয় দেখা দিল। তিনি বুঝিতে পারিলেন যে কেবলমাত্র কৃচ্ছ্রসাধন ও দেহপীড়নের মাধ্যমে দিব্যজ্ঞান লাভ করা যায় না; দেহ যদি সুস্থ ও স্থির না থাকিল তাহা হইলে মানসিক একাগ্রতা আসিবে কোথা হইতে? সুতরাং তিনি

বোধগয়ায় তপস্যা

নৈরঞ্জনা (বর্তমান লীলজান) নদীর জলে স্নান করিয়া বর্তমান বোধগয়ার এক বিশাল অশ্বত্থ বৃক্ষের নীচে ধ্যানে বসিলেন। জনৈক ধনবান বণিকের কন্যা সুজাতা নিজ পুত্রসন্তান জাত হইয়াছে, সেই উপলক্ষে বনদেবতার পূজা দিতে গিয়া অশ্বত্থ বৃক্ষের নীচে গৌতমকে দেখিয়া তাঁহাকেই দেবতা-রূপে মিষ্টান্ন নিবেদন করিলেন। গৌতম সেই মিষ্টান্ন ভোজনের পর অনাহারক্লিষ্ট দেহে

শক্তিলাভ করিলে তাঁহার ধ্যানের গভীরতা বহুগুণে বৃদ্ধি পাইল। ঐ রাত্রিতেই তিনি দিব্যজ্ঞান লাভ করিলেন। এই দিব্যজ্ঞান বা বুদ্ধত্ব লাভের পর তিনি 'বুদ্ধ'—অর্থাৎ জ্ঞানী, 'তথাগত'*—অর্থাৎ যিনি পরম সত্যের সন্ধান পাইয়াছেন —এই সকল বিভিন্ন নামে পরিচিত হন। যে অশ্বত্থ বৃক্ষের নীচে ধ্যান করিয়া তিনি বুদ্ধত্বলাভ করিয়াছিলেন তাহা 'বোধিদ্রুম' নামে এবং সেই স্থানটি 'বোধগয়া' বা 'বুদ্ধগয়া' নামে পরিচিতি লাভ করিয়াছে।

দিব্যজ্ঞান বা বুদ্ধত্ব লাভ

বুদ্ধত্বলাভের পর গৌতম সারনাথের নিকট মৃগশিখাবনে তাঁহার সর্বপ্রথম বাণী প্রচার করেন। ইহার পর দীর্ঘ ৪৫ বৎসর ধরিয়া বিহার ও অযোধ্যায় বৌদ্ধধর্ম প্রচার করেন। বৌদ্ধধর্মাবলম্বীদের মধ্যে সমবায় ও একতা বৃদ্ধির উদ্দেশ্যে তিনি বৌদ্ধ সঙ্ঘও স্থাপন করেন। ধর্মপ্রচার উপলক্ষে মগধরাজ বিম্বিসার, কোশলরাজ প্রসেন্‌জিৎ প্রভৃতি তাঁহার প্রভাবাধীন হইয়া পড়েন। দীর্ঘ ৪৫ বৎসর বৌদ্ধধর্ম প্রচার করিয়া ৮০ বৎসর বয়সে কুশীনগর নামক স্থানে গৌতম বুদ্ধ দেহত্যাগ করেন। তাঁহার মৃত্যুকাল সম্পর্কে যথেষ্ট মতানৈক্য রহিয়াছে।

বৌদ্ধ সঙ্ঘ স্থাপন

দেহত্যাগ

গৌতম বুদ্ধ-প্রবর্তিত ধর্ম কয়েকটি মূল সত্যের উপর প্রতিষ্ঠিত। তাঁহার মতে মানুষের যাবতীয় দুঃখকষ্ট তাহার লোভ ও অজ্ঞতা হইতেই জন্মিয়া থাকে। অজ্ঞতা বা প্রকৃত জ্ঞানের অভাব এবং আসক্তি—অর্থাৎ পার্থিব সবকিছুর প্রতি লোভ হেতুই মানুষের আত্মার অবনতি ঘটে। এইজন্য জন্মজন্মান্তরে তাহাকে জরা, ব্যাধি, দুঃখকষ্ট, মৃত্যু প্রভৃতি ভোগ করিতে হয়। কিন্তু সৎ-কর্মের দ্বারা আত্মার উন্নতিসাধন করিতে পারিলে পুনর্জন্ম ও দুঃখকষ্ট ভোগ হইতে নিষ্কৃতি পাওয়া যায়। আত্মার এই চরম শান্তি বা মুক্তিকে তিনি 'নির্বাণ' আখ্যা দিয়াছিলেন।

বৌদ্ধধর্মের মূল নীতি

বুদ্ধদেব ছিলেন বাস্তববাদী ধর্মপ্রবর্তক। তাঁহার ধর্মমত সংসারত্যাগী সন্ন্যাসীর ধর্ম ছিল না। সংসারধর্মী জনসাধারণের জন্যই তিনি তাঁহার ধর্ম প্রচার করিয়াছিলেন। এইজন্য তিনি অত্যধিক কঠোর তপশ্চর্যার পক্ষপাতী ছিলেন না। তাঁহার মতে অত্যধিক আত্মপীড়ন, তপশ্চরণ যেমন ধর্মপথে অগ্রসর হওয়ার বাধা সৃষ্টি করে তেমনি অত্যধিক ভোগবিলাসও আত্মার উন্নতির পথে বাধাদান করে। সুতরাং মধ্য-পথ** অনুসরণ করাই শ্রেয়ঃ। এই কারণে বুদ্ধদেব নির্বাণলাভের একটি মধ্য-পন্থার নির্দেশ দিয়াছেন। এই মধ্য-পন্থা

গৌতম বুদ্ধের বাস্তববাদিতা

---

* Tathagata—'He who has attained the truth'. Vide *An Advanced History of India* (1960 Reprint), p. 88.

** 'মধ্য-পথ' (Middle Path)—'মধ্যম পথ' (Middling Path) নহে। উত্তম, মধ্যম ও অধম এই তিনের মধ্যে মধ্যম যেমন ভাল-মন্দের মাঝামাঝি, সেই অর্থে গৌতম বুদ্ধের ধর্মমতকে মধ্য-পথ বা মধ্য-পন্থা বলা হয় না। কোন কিছুরই বাড়াবাড়ি না করিয়া ধর্ম বিষয়ে মাঝামাঝি পথে চলাই তিনি শ্রেষ্ঠ পথ বলিয়া মনে করিতেন। ইহা 'মধ্য-পথ' বা 'মধ্য-পন্থা'।

অনুসরণের আটটি রীতি তিনি উল্লেখ করিয়াছেন। এগুলি 'অষ্টাঙ্গিক মার্গ' নামে পরিচিত। এইগুলি হইল সং-চিন্তা, সং-বাক্য, সং-দৃষ্টি, সং-শ্রম, সং-মনোবৃত্তি, সং-ব্যবহার, সং-জীবন ও সং-আদর্শ। এই 'অষ্টাঙ্গিক মার্গ' অনুসরণ করিলেই মানুষ আত্মার উন্নতিসাধন করিতে সমর্থ হইবে এবং ক্রমে চরম শান্তি বা নির্বাণলাভ করিতে পারিবে। 'অষ্টাঙ্গিক মার্গ' ভিন্ন বুদ্ধদেব আরও কতকগুলি নীতি মানিয়া চলিবার উপদেশ দিয়াছেন। এই সকল নীতি হইল : অহিংসা, সত্যবাদিতা, ব্রহ্মচর্য, অনাসক্তি, ঐশ্বর্য ত্যাগ, চুরি না করা, পরনিন্দা হইতে বিরত থাকা, অর্থলিপ্সা ত্যাগ করা ও পশুবলি না দেওয়া। বৌদ্ধধর্মে জাতিভেদ, বেদের অপৌরুষেয়তা বা ভগবানের অস্তিত্ব স্বীকৃত নহে। বুদ্ধদেব-স্থাপিত 'সঙ্ঘ'—অর্থাৎ বৌদ্ধধর্মাবলম্বীদের লইয়া গঠিত একটি সংগঠন, ক্রমে বৌদ্ধধর্মের একটি অপরিহার্য অঙ্গে পরিণত হয়।

মধ্য-পথ : অষ্টাঙ্গিক মার্গ

অপরাপর নীতি

বুদ্ধদেব মুখে মুখে তাঁহার শিষ্যদের উপদেশ দান করিতেন। তাঁহার বাণী বা ধর্মনীতি কোন কিছুই তাঁহার আমলে লিপিবদ্ধ হয় নাই। তিনি দেহরক্ষা করিলে তাঁহার শিষ্যগণ রাজগৃহে এক বৌদ্ধসভা আহ্বান করেন। এই বৌদ্ধসভা বা বৌদ্ধ সঙ্গীতিতে বুদ্ধদেবের বাণী লিপিবদ্ধ করা হয়। 'সূত্র-পিটক', 'বিনয়-পিটক' ও 'অভিধর্ম-পিটক' এই তিনটি অংশে বুদ্ধদেবের বাণী, উপদেশাবলী ও বৌদ্ধ ভিক্ষু-ভিক্ষুণীদের পালনীয় নিয়মাবলী এবং বৌদ্ধ দর্শন প্রভৃতি লিপিবদ্ধ হয়। সূত্র-পিটকে বুদ্ধদেবের বাণী ও উপদেশাবলী সন্নিবিষ্ট হইয়াছে। বিনয়-পিটকে বৌদ্ধধর্ম পালনের রীতিনীতি এবং অভিধর্ম-পিটকে বৌদ্ধধর্মের দার্শনিক আলোচনা সঙ্কলিত হইয়াছে। পরবর্তীকালে বুদ্ধদেবের পূর্বজন্মের কাহিনীগুলি 'জাতক' নামক গ্রন্থে লিপিবদ্ধ করা হইয়াছে।

বৌদ্ধ ধর্ম-সাহিত্য : ত্রিপিটক : সূত্র, বিনয় ও অভিধর্ম ; জাতক

বুদ্ধদেব-প্রচারিত ধর্মমত সঙ্কলন করিবার উদ্দেশ্যে বৌদ্ধধর্মে কোনপ্রকার মতভেদ দেখা দিলে তাহা দূরীকরণের জন্য কয়েকবার বৌদ্ধসভা ও বৌদ্ধ সঙ্গীতি আহূত হইয়াছিল। বুদ্ধদেবের মৃত্যুর অব্যবহিত পরে রাজগৃহে মহাকাশ্যপ সর্বপ্রথম সঙ্গীতি আহ্বান করিয়াছিলেন। ইহার প্রায় একশত বৎসর পর বৈশালী নগরীতে দ্বিতীয়, সম্রাট অশোক কর্তৃক পাটলিপুত্র নগরে তৃতীয় এবং কুষাণরাজ কণিষ্কের রাজত্বকালে কাশ্মীরে (মতান্তরে জলন্ধরে) চতুর্থ ও সর্বশেষ বৌদ্ধসভা আহূত হইয়াছিল।

চারিটি বৌদ্ধসভা বা বৌদ্ধ সঙ্গীতির অনুষ্ঠান

বৌদ্ধ ও হিন্দু ধর্মের পার্থক্য : জৈনধর্মমতের ন্যায় বৌদ্ধধর্মমতও উপনিষদ্ হইতে উদ্ভূত কিন্তু বৌদ্ধধর্ম বৈদিক ধর্মমতের জটিলতার বিরুদ্ধে প্রতিক্রিয়া হিসাবেই দেখা দিয়াছিল। সুতরাং বৈদিক ব্রাহ্মণ্য ধর্মের সহিত ইহার কতক পার্থক্য থাকিবে ইহাতে আশ্চর্য হইবার কিছু নাই। প্রথমত, বৌদ্ধগণ বেদের অপৌরুষেয়তা স্বীকার করে না। হিন্দুদের মত তাহারা ভগবানের অস্তিত্বেও বিশ্বাস করে না। দ্বিতীয়ত,

অসামঞ্জস্য বেদের অপৌরুষেয়তা ও ভগবানের অস্তিত্ব অস্বীকৃত

হিন্দুধর্মে ব্রাহ্মণের প্রাধান্য স্বীকৃত, কিন্তু বৌদ্ধধর্মে ব্রাহ্মণের প্রাধান্য স্বীকার করা হয় না। তৃতীয়ত, হিন্দুধর্মে অহিংসা-নীতি মানিয়া চলিবার নির্দেশ থাকিলেও বৌদ্ধধর্মাবলম্বীদের ন্যায় ততদূর কঠোরভাবে মানা হয় না। বৌদ্ধধর্মের মূল ভিত্তিই হইল অহিংসা। হিন্দুধর্মে পশুবলি প্রচলিত, কিন্তু বৌদ্ধধর্মে পশুবলির স্থান নাই। চতুর্থত, বৌদ্ধধর্মাবলম্বিগণ হিন্দু দেবদেবীর প্রতি শ্রদ্ধাবান নহে কিন্তু হিন্দুগণ বুদ্ধকে ভগবানের অবতার বলিয়া স্বীকার করে।

ব্রাহ্মণের প্রাধান্য অস্বীকৃত

অহিংসা-নীতির প্রাধান্য

হিন্দু দেবদেবী অস্বীকৃত

বৌদ্ধ ও হিন্দু ধর্মে নানা প্রকার পার্থক্য থাকিলেও কোন কোন বিষয়ে মিলও আছে। যেমন, বৌদ্ধধর্মে কর্মফল ও জন্মান্তরবাদ হিন্দুধর্মের ন্যায়ই স্বীকার করা হয়।

সামঞ্জস্য : কর্মফল ও জন্মান্তরবাদে বিশ্বাস

জৈন ও বৌদ্ধ ধর্মের পার্থক্য : জৈন ও বৌদ্ধ ধর্ম উভয়ই হিন্দুধর্মের প্রতিবাদী ধর্ম, উভয়েরই মূল ভিত্তি হইল অহিংসা। উভয় ধর্মের প্রবর্তকই ছিলেন ক্ষত্রিয় রাজবংশের সন্তান। কিন্তু এই দুই-এর মধ্যে মৌলিক কতকগুলি পার্থক্য আছে। প্রথমত, বৌদ্ধধর্ম বহুল পরিমাণে বাস্তববাদী। ইহা পালন করিতে সংসার ত্যাগ অপরিহার্য নহে। গৃহীদের পক্ষেও মধ্য-পন্থা পালন করা সম্ভব। কিন্তু প্রকৃত জৈনধর্মমত পালন করা একমাত্র সংসারত্যাগী সন্ন্যাসীর পক্ষেই সম্ভব। জৈনধর্মে কৃচ্ছ্রসাধনের উপর অত্যধিক গুরুত্ব আরোপ করা হয়। দ্বিতীয়ত, জৈনধর্মে অহিংসা-নীতিকে অত্যধিক প্রসারিত করিয়া বৃক্ষ, লতা, ধাতু, পাথর প্রভৃতিতেও প্রাণ আছে, এই কথা বলা হয়। কিন্তু বৌদ্ধধর্মে অহিংসা-নীতি ততদূর সম্প্রসারিত নহে। তৃতীয়ত, জৈনধর্মে হিন্দু দেবদেবী—যথা, গণেশ, লক্ষ্মী প্রভৃতির পূজা করা হইয়া থাকে, কিন্তু বৌদ্ধধর্মে তাহা করা হয় না। চতুর্থত, 'সঙ্ঘ' বৌদ্ধধর্মের একটি অপরিহার্য অঙ্গস্বরূপ, কিন্তু জৈনধর্মে সঙ্ঘ অপরিহার্য নহে।

জৈনধর্মের কঠোরতা—বৌদ্ধধর্মের বাস্তববাদিতা

জৈনধর্মে অহিংসা-নীতির সম্প্রসারণ

জৈনধর্মে হিন্দু দেব-দেবীর পূজা—বৌদ্ধ-ধর্মে অস্বীকৃত

অবশ্য এখানে উল্লেখ করা প্রয়োজন যে, জৈন ও বৌদ্ধ ধর্মে সাদৃশ্যও রহিয়াছে। উভয় ধর্মেই জাতিভেদ, ব্রাহ্মণের প্রাধান্য, বেদের অপৌরুষেয়তা বা ভগবানের অস্তিত্ব স্বীকার করা হয় না। উভয়েই জন্মান্তরবাদ ও কর্মফলে বিশ্বাসী।

সামঞ্জস্য

ভারত-ইতিহাসে জৈন ও বৌদ্ধ ধর্মের গুরুত্ব (Importance of Jainism and Buddhism in Indian History) : জৈন ও বৌদ্ধ ধর্মে সামাজিক জীবনে সরলতার আদর্শ প্রচারিত হইয়াছিল। জাতিভেদশূন্য সমাজ-ব্যবস্থা, ক্ষমা, মৈত্রী ও করুণার আদর্শে ব্যক্তিগত জীবন ও সমাজ-জীবন গড়িয়া তোলা প্রভৃতি জৈন ও বৌদ্ধ ধর্মের প্রধান উদ্দেশ্য। ভারতীয় সমাজ-জীবনের উপর প্রভাব বিস্তারে জৈনধর্ম অপেক্ষা বৌদ্ধধর্মের গুরুত্ব অনেক বেশী, সন্দেহ নাই। বুদ্ধদেব বৌদ্ধ সঙ্ঘ স্থাপন করিয়া জাতিভেদজনিত সঙ্কীর্ণতা দূর করিবার চেষ্টা করিয়াছিলেন।

বিম্বিসার, অজাতশত্রু, প্রসেন্‌জিৎ প্রভৃতি রাজগণ; অনাথপিণ্ডদ, সারিপুত্ত, মোগ্‌গলান প্রভৃতির ন্যায় ধনবান বণিক; আনন্দ, উপালি প্রভৃতির ন্যায় সমাজের নিম্নশ্রেণীর লোক—সকলেই বুদ্ধের চক্ষে সমান ছিলেন। এই পরম ভ্রাতৃত্ব, জাতিবৈষম্যহীন ঐক্যবোধ, ক্ষমা, করুণা, মৈত্রী প্রভৃতি মানবিকতার নীতিজ্ঞান প্রচার করিয়া গৌতম বুদ্ধ ভারতবাসীর জীবনাদর্শকে প্রভাবিত করিয়া গিয়াছেন। এই নীতি যুগ-যুগান্ত ধরিয়া ভারতবাসী অনুসরণ করিয়া আসিতেছে। গৌতম বুদ্ধ ও সম্রাট অশোক হইতে আরম্ভ করিয়া মহাত্মা গান্ধী ও বর্তমান ভারতের মূল নীতি হইল ক্ষমা, করুণা ও মৈত্রী। ভারতের ইতিহাসে বিশেষভাবে গৌতম বুদ্ধের বাণীর গুরুত্ব অত্যধিক, ইহা অনস্বীকার্য।

ক্ষমা, করুণা ও মৈত্রী —ভারতের জীবনাদর্শ

বৌদ্ধধর্ম সংগঠন : বৌদ্ধধর্মে 'সঙ্ঘ' ছিল একটি অপরিহার্য অঙ্গ। বৌদ্ধধর্মাবলম্বীদের মধ্যে সংসারত্যাগী ভিক্ষুগণই সঙ্ঘে বাস করিতেন। সঙ্ঘে প্রবেশাধিকার কতকগুলি ধর্ম-নীতি পালনের উপর নির্ভর করিত। প্রথমে মস্তক মুণ্ডন করিয়া গুরুর নিকট দীক্ষা গ্রহণ করিতে হইত। কিন্তু তখনও তাঁহাকে 'বৌদ্ধ ভিক্ষু' বলিয়া অভিহিত করা হইত না। পীতবস্ত্র ও উত্তরীয় ধারণ করিয়া দীক্ষাপ্রাপ্ত বৌদ্ধ ভিক্ষুপদপ্রার্থী ব্যক্তিকে তাঁহার কার্যকলাপ ও ব্যবহারে বৌদ্ধ সঙ্ঘের ঊর্ধ্বতন ভিক্ষুদের আস্থাভাজন হইতে হইত। তাঁহাদের অনুমতি লাভ করিলেই দীক্ষাপ্রাপ্ত ব্যক্তি প্রকৃত ভিক্ষুশ্রেণীভুক্ত হইতে পারিতেন। দীক্ষাপ্রাপ্ত ব্যক্তি ও ভিক্ষুদের মঠে বাস করা বাধ্যতামূলক ছিল। ভিক্ষুদের দৈনন্দিন জীবন যাপনের জন্য প্রয়োজনীয় পরিচ্ছদ, খাদ্য, ঔষধপত্র প্রভৃতি তাঁহারা তাঁহাদের গৃহী শিষ্যদের নিকট হইতে দান হিসাবে গ্রহণ করিতে পারিতেন। রাজা, সম্রাট্ প্রভৃতির নিকট হইতেও তাঁহাদের দান গ্রহণের বাধা ছিল না। মাসে দুইবার করিয়া—অর্থাৎ প্রতি পক্ষে একবার করিয়া ভিক্ষুগণ একত্র সমবেত হইতেন। কেহ কোনপ্রকার অপরাধ বা অন্যায় আচরণ করিয়া থাকিলে এই ভিক্ষুসভা উহার গুরুত্ব বিচার করিয়া মার্জনা করিতেন বা শাস্তিদান করিতেন। বৌদ্ধ সঙ্ঘ কঠোর নিয়মকানুন দ্বারা পরিচালিত হইত। বৌদ্ধ সঙ্ঘের পরিচালনা সমগ্র ভিক্ষু সমাজের মতামতক্রমে করা হইত। নিয়মশৃঙ্খলার উপর অত্যধিক গুরুত্ব আরোপ ও গণতান্ত্রিক নীতির প্রাধান্য দানের ফলে বৌদ্ধ সঙ্ঘ এক অতিশয় শক্তিশালী সংগঠনে পরিণত হইয়াছিল। বৌদ্ধ সঙ্ঘে প্রথমে ভিক্ষুণীদের প্রবেশাধিকার ছিল না বটে, কিন্তু পরে তাঁহাদিগকে সেই অধিকার দেওয়া হইয়াছিল। বৌদ্ধ মঠ, বিহার ও চৈত্য ভারতের সর্বত্র স্থাপিত হইয়াছিল।

বৌদ্ধ সঙ্ঘভুক্ত হইবার শর্তাদি

জৈনধর্ম সংগঠন : বৌদ্ধধর্মের ন্যায় জৈনধর্মে সঙ্ঘকে একটি অপরিহার্য অঙ্গে পরিণত করা হয় নাই বটে, কিন্তু জৈনদেরও অসংখ্য মঠ ও বিহার ছিল। এই সকল জৈন মঠ ও বিহার জৈনধর্ম পালনের সুযোগসুবিধা বৃদ্ধি করিয়াছিল। জৈনধর্ম মূলত গৃহত্যাগী সন্ন্যাসীর ধর্ম ছিল, সংসারধর্মী লোকের পক্ষে জৈনধর্মের কঠোর তপশ্চরণ মানিয়া চলা সম্ভব ছিল না। স্বভাবতই সংসারত্যাগী কৃচ্ছ্রসাধনরত জৈন সন্ন্যাসীদের বাসস্থান হিসাবে বহু

জৈন সঙ্ঘভুক্তির শর্তাদি

মঠ, বিহার বা সঙ্ঘারাম প্রভৃতি স্থাপিত হইয়াছিল। এই সকল মঠ বা সঙ্ঘারামে থাকিয়া জৈন ভিক্ষুগণ হিংসা না করা, মিথ্যা কথা না বলা, চুরি না করা ও লোভ না করা—এই চতুর্যাম—অর্থাৎ চারি প্রকারের সংযম এবং মহাবীর-প্রবর্তিত 'ব্রহ্মচর্য'—এই মোট পাঁচটি ব্রত পালন করিতেন। চিন্তা, কথাবার্তা ও কার্য—এই তিন ভাবেই উপরি-উক্ত সংযম-নীতিগুলি মানিয়া চলিতে হইত। জৈনদের মধ্যে ভিক্ষুণী হইবার রীতিও ছিল।

জৈন ও বৌদ্ধ স্থাপত্য, ভাস্কর্য ও চিত্র শিল্প (Jaina and Buddhist Architecture, Sculpture and Painting) : বৌদ্ধধর্ম-প্রভাবিত শিল্পকলা প্রাচীনকাল হইতে আরম্ভ করিয়া মধ্য-যুগের—অর্থাৎ মুসলমান আমলের প্রারম্ভ পর্যন্ত ভারতের নানা স্থানে গড়িয়া উঠিয়াছিল। এই যুগের স্থাপত্য, ভাস্কর্য ও চিত্র শিল্পে বৌদ্ধ শিল্পকলার প্রভাব পরিলক্ষিত হইয়াছিল। সাঁচী, ভারুত, বোধগয়া, অমরাবতী এবং অন্যান্য বহুস্থানে বৌদ্ধ স্থাপত্যের নিদর্শন আবিষ্কৃত হইয়াছে। বৌদ্ধ স্থাপত্যের স্তূপ, মঠ, স্তূপের রেলিং বা আবেষ্টনী, তোরণ প্রভৃতিই বিশেষ উল্লেখযোগ্য। সাঁচীর স্তূপ বৌদ্ধ স্থাপত্য শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন হিসাবে অদ্যাপি বিদ্যমান। জৈনগণও স্তূপ, মঠ প্রভৃতি নির্মাণ করিয়াছিল। কিন্তু এ-বিষয়ে বৌদ্ধদের ন্যায় তাহারা ততটা অগ্রসর হয় নাই। বৌদ্ধ সূত্র-সাহিত্য হইতে বহু নগরের বর্ণনা পাওয়া যায়। নগর নির্মাণে ইট ও কাঠ উভয় প্রকার উপকরণই ব্যবহৃত হইত। দেওয়াল নির্মাণে পাথরেরও ব্যবহার করা হইত। তোরণ, গম্বুজ প্রভৃতিও নির্মিত হইত। বৌদ্ধ স্থাপত্যের বর্ণনা 'মিলিন্দপঞ্হো', মেগাস্থিনিসের বিবরণ প্রভৃতিতে পাওয়া যায়। কুষাণরাজ কণিষ্ক পেশোয়ার বা পুরুষপুরে বুদ্ধের একটি স্মৃতিসৌধ নির্মাণ করাইয়াছিলেন। চৈনিক পরিব্রাজকদের বিবরণে এই সৌধটির সুস্পষ্ট বর্ণনা পাওয়া যায়। ১৫০ ফুট উচ্চ একটি ভিত্তির উপর ৪০০ ফুট উচ্চ কাষ্ঠনির্মিত এই চৈত্যটি সমগ্র এশিয়ার শ্রেষ্ঠ স্থাপত্য-নিদর্শন বলিয়া চৈনিক পর্যটকগণ কর্তৃক বর্ণিত হইয়াছে।

স্থাপত্য শিল্প

স্তূপ, স্তূপের রেলিং, মঠ, নগর, তোরণ প্রভৃতি

চৈত্য

পাথরের পাহাড় কাটিয়া গুহা-মন্দির ও মঠ বা বিহার নির্মাণ জৈন ও বৌদ্ধ স্থাপত্য-রীতির একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। বরাবর পাহাড় ও নাগার্জুন পর্বতের বৌদ্ধ গুহাগুলি এবং উড়িষ্যার উদয়গিরি ও খণ্ডগিরি পাহাড়ের জৈন গুহাগুলি এ-বিষয়ে উল্লেখযোগ্য। ইলোরার জৈন মন্দির, জুনাগড়ের কয়েকটি জৈন মন্দিরের ভগ্নাবশেষ এবং রাজপুতানার আবু পর্বতের জৈন মন্দির প্রভৃতি জৈন স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের অপূর্ব নিদর্শন আজিও বিদ্যমান। কাগজের উপর চিত্রাঙ্কনে জৈনগণই ভারতে সর্বপ্রথম পারদর্শিতা প্রদর্শন করিয়াছিল।

গুহা-মন্দির ও মঠ বা বিহার

ভাস্কর্যের ক্ষেত্রেও বৌদ্ধধর্ম-প্রভাবিত শিল্পকার্যাদির সুন্দর নিদর্শন পাওয়া যায়। স্তূপ, চৈত্য, গুহা, তোরণ প্রভৃতির গায়ে খোদাই-করা মূর্তি ও আলঙ্কারিক ভাস্কর্য শিল্পকৌশলের চমৎকার নিদর্শন। এই সকল ভাস্কর্যে বুদ্ধের জীবন, বিশেষভাবে জাতকের কাহিনী রূপায়িত করা হইয়াছিল। প্রথমে বুদ্ধের কোন প্রতিকৃতি প্রস্তুত করা হইত না। কিন্তু পরবর্তীকালে মহাযান বৌদ্ধধর্মমতের উদ্ভব হইলে বুদ্ধের প্রতিকৃতি প্রস্তুত করা শুরু হইল। কুষাণ যুগে গন্ধার বা গান্ধার নামক স্থানে গ্রীক ও রোমান শিল্পরীতির প্রভাবে বৌদ্ধ শিল্পরীতির এক অতি সুন্দর রূপান্তর পরিলক্ষিত হয়। (কুষাণ যুগের ইতিহাস আলোচনাকালে এ-বিষয়ের বিশদ বর্ণনা দেওয়া হইবে।) বৌদ্ধ ভাস্কর্যে স্তম্ভ নির্মাণ-শিল্পরীতির এক অপূর্ব অভিব্যক্তি। অশোকের স্তম্ভ এ-বিষয়ে উল্লেখযোগ্য।

ভাস্কর্য

স্তম্ভ

বৌদ্ধ শিল্পরীতির বৈশিষ্ট্য চিত্রশিল্পেও প্রকাশ পাইয়াছিল। বৌদ্ধ ধর্ম-সাহিত্য বিনয়-পিটকে রাজা প্রসেনজিতের প্রমোদকক্ষে নানা প্রকার চিত্র অঙ্কিত ছিল সেই কথার উল্লেখ আছে। সেই যুগে 'লেপ্য-চিত্র—অর্থাৎ কাপড়ের উপর পটের ন্যায় অঙ্কিত চিত্র; 'লেখ্য-চিত্র'—অর্থাৎ আলপনা-জাতীয় চিত্র এবং 'ধূলি-চিত্র'—অর্থাৎ নানা রঙের গুঁড়া ব্যবহার করিয়া অঙ্কিত চিত্র—এই তিন প্রকার চিত্রের উল্লেখ পাওয়া যায়।

চিত্রশিল্প

অতি প্রাচীনকাল হইতেই আফগানিস্তান, মধ্য-এশিয়া, চীন, ইন্দোচীন, দক্ষিণ-পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জের সহিত ভারতবর্ষের সাংস্কৃতিক যোগাযোগ বিদ্যমান ছিল। স্থলপথ এবং জলপথে বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগের মাধ্যমে এই সকল অঞ্চলে বৌদ্ধধর্ম যেমন প্রচারিত হইয়াছিল তেমনি ভারতীয়, বিশেষত বৌদ্ধ শিল্প ও সাহিত্যের প্রভাবও এই সকল দেশে বিস্তারলাভ করিয়াছিল। প্রাচীনকালে আফগানিস্তানে যে-সকল রাজবংশ রাজত্ব করিয়াছিল সেগুলির প্রত্যেকটিই ভারতীয় ধর্ম ও সংস্কৃতির প্রভাবে প্রভাবান্বিত ছিল। মধ্য-এশিয়ার কাশগড়, খোটান, ইয়ারখন্দ্, তুর্ফান, কুচি (বর্তমান কুচা) প্রভৃতি অঞ্চলে প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে বহু শহর-নগরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। এই সকল ধ্বংসাবশেষের মধ্যে মন্দির, দেবমূর্তি, দেওয়াল-চিত্র প্রভৃতি পাওয়া গিয়াছে। ভারতীয় বৌদ্ধ শিল্পরীতির অনুকরণে এই সকল অঞ্চলে স্তূপ, বিহার প্রভৃতি নির্মিত হইয়াছিল একথা ভগ্নাবশেষ দৃষ্টে সুস্পষ্টভাবে বুঝিতে পারা যায়। খোটানের গোমতী বিহার মধ্য-এশিয়ার সর্বশ্রেষ্ঠ বৌদ্ধ বিহার। চীন দেশেও বৌদ্ধধর্ম প্রচারের সঙ্গে সঙ্গে বৌদ্ধ মঠ নির্মাণ শুরু হয়। ভারতীয় ধর্মপ্রচারক ধর্মরত্ন ও কাশ্যপ মাতঙ্গ চীন দেশে ধর্মপ্রচারের জন্য আমন্ত্রিত হইয়া গেলে তাঁহাদের জন্য 'শ্বেত অশ্ব বিহার'টি নির্মিত হইয়াছিল। নান্‌কিং-এর বৌদ্ধ মন্দির ও বৌদ্ধ মূর্তি ভারতীয় শিল্পের অনুকরণে নির্মিত হইয়াছিল। টন্‌কিন্-এ যে কুড়িটি বৌদ্ধ-বিহার নির্মিত

মধ্য-এশিয়া — কাশগড়, খোটান, ইয়ারখন্দ্, তুর্ফান, কুচি প্রভৃতি

চীন : নান্‌কিং, টন্‌কিন্

হইয়াছিল তাহার নিদর্শন পাওয়া গিয়াছে। সিংহলে সম্রাট অশোকের পুত্র মহেন্দ্র (মতান্তরে ভ্রাতা) বৌদ্ধধর্ম প্রচারের উদ্দেশ্যে গিয়াছিলেন এবং সেই সূত্রে ভারতীয় শিল্পরীতির প্রবর্তন করিয়াছিলেন। তিব্বত, ইন্দোচীন, ব্রহ্মদেশ এবং সমগ্র সুবর্ণভূমি—অর্থাৎ সুমাত্রা, যবদ্বীপ, বলি, বোর্ণিও প্রভৃতি অঞ্চলে বৌদ্ধ শিল্পরীতির অনুকরণে নির্মিত মন্দির, মূর্তি প্রভৃতি আজিও বিদ্যমান। সুতরাং একথা স্পষ্টই বুঝিতে পারা যায় যে, বৌদ্ধধর্ম প্রচারের সঙ্গে সঙ্গে তদানীন্তন ভারতীয় শিল্প ও সংস্কৃতিও এই সকল অঞ্চলে বিস্তারলাভ করিয়াছিল।

তিব্বত, সিংহল, ব্রহ্মদেশ, ইন্দোচীন, সুবর্ণভূমি

ষষ্ঠ অধ্যায়

ষোড়শ মহাজনপদ : মগধের উত্থান

(Sixteen Mahajanapadas : Rise of Magadha)

ষোড়শ মহাজনপদের যুগ (The Sixteen Mahajanapadas) : খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকের প্রথমার্ধে ভারতবর্ষ প্রধানত ষোলটি 'মহাজনপদে' বিভক্ত ছিল। বৌদ্ধধর্মগ্রন্থ 'অঙ্গোত্তর নিকায়' এবং জৈনগ্রন্থ 'ভগবতী সূত্রে' এই ষোলটি মহাজনপদের উল্লেখ আছে। এইজন্য খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকের প্রথমার্ধ 'ষোড়শ মহাজনপদের যুগ' নামে অভিহিত হইয়া থাকে। এই ষোলটি মহাজনপদের মধ্যে কোন রাজনৈতিক ঐক্য বিদ্যমান ছিল না। পরস্পর যুদ্ধ ও দ্বন্দ্ব লাগিয়াই ছিল। ষোড়শ মহাজনপদের নাম ছিল : (১) কাশী (বারাণসী), (২) কোশল (বর্তমান উত্তরপ্রদেশের অযোধ্যা অঞ্চল), (৩) অঙ্গ (রাজগৃহ), (৪) মগধ (বিহারের দক্ষিণাংশ), (৫) বৃজি বা বজ্জি (উত্তর-বিহার), (৬) মল্ল বা মালব (গোরক্ষপুরের পূর্বে), (৭) চেদী (বর্তমান বুন্দেলখণ্ডের পূর্বাংশ), (৮) বংশ বা বৎস (উত্তরপ্রদেশে যমুনার তীরে), (৯) কুরু (বর্তমান দিল্লীর সন্নিকটে), (১০) পাঞ্চাল (রোহিলখণ্ড ও দোয়াব অঞ্চলের অংশ), (১১) মৎস্য (বর্তমান জয়পুরের একাংশ), (১২) শূরসেন (বর্তমান মথুরা অঞ্চল), (১৩) অস্মক (নিজামের রাজ্যে বোধন অঞ্চল), (১৪) অবন্তী (মধ্যপ্রদেশ), (১৫) গন্ধার (কাশ্মীর ও নিকটবর্তী উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল), (১৬) কম্বোজ (কাশ্মীরের উত্তর-পশ্চিম পামীর মালভূমির নিম্ন দেশ)। এই ষোলটি রাজ্যের কয়েকটির উল্লেখ মহাভারতেও পাওয়া যায়।

ষোড়শ মহাজনপদ


ষোড়শ মহাজনপদের যুগের প্রথম অংশে—অর্থাৎ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকের প্রারম্ভে কাশী ও কোশল ছিল সর্বাপেক্ষা শক্তিশালী। কাশীরাজ্যের রাজধানী বারাণসী তদানীন্তন ভারতের শ্রেষ্ঠ ও সর্বাপেক্ষা সমৃদ্ধশালী নগর ছিল। কাশী ও কোশল রাজ্যের মধ্যে অবিশ্রাম যুদ্ধ চলিতেছিল। প্রথমে কাশীরাজ জয়লাভ করিলেও শেষ পর্যন্ত কোশলরাজের হস্তে তাঁহার পরাজয়

কাশী ও কোশল

ঘটে। কোশলরাজ্যের পর উত্থান ঘটে মগধরাজ্যের। কোশলরাজ মহাকোশল ও মগধরাজ বিম্বিসার ছিলেন সমসাময়িক। ক্রমে মগধরাজ্য ষোড়শ মহাজনপদগুলির অবসান ঘটাইয়া ভারতবর্ষের সর্বপ্রথম অখণ্ড সাম্রাজ্য স্থাপনে অগ্রসর হয়।

মগধ

ষোড়শ মহাজনপদের যুগে রাজতান্ত্রিক শাসনব্যবস্থারই প্রাধান্য দেখা যায়। কিন্তু স্বায়ত্তশাসিত প্রজাতান্ত্রিক রাজ্যের ও উপজাতির পরিচয়ও সেই যুগে পাওয়া যায়।



কপিলাবস্তুর শাক্য জাতি, পিপ্পলীবনের মৌর্য জাতি, ভগ্‌গ, কোলিয়া প্রভৃতি বিভিন্ন স্বায়ত্তশাসিত উপজাতির উল্লেখ সমসাময়িক গ্রন্থাদিতে রহিয়াছে। খ্রীষ্টপূর্ব চতুর্থ শতকে আলেকজাণ্ডারের ভারত অভিযানকালেও বহু প্রজাতান্ত্রিক রাজ্য ভারতবর্ষে ছিল। গ্রীক দূত মেগাস্থিনিসের বিবরণেও রাজতান্ত্রিক শাসনব্যবস্থার স্থলে কোন কোন দেশে অভিজাততন্ত্র ও প্রজাতন্ত্র স্থাপনের উল্লেখ আছে।

রাজতন্ত্র ও প্রজাতন্ত্র

মগধ : প্রাচীন হিন্দু, বৌদ্ধ ও জৈন গ্রন্থাদিতে মগধরাজ্য ভারতবর্ষে সর্বপ্রথম এক অখণ্ড সাম্রাজ্য গঠনে অগ্রসর হইয়াছিল সেই কথা উল্লিখিত আছে। বিহার প্রদেশের দক্ষিণাংশ লইয়া মগধরাজ্য গঠিত ছিল। বিম্বিসার মগধের সিংহাসনে আরোহণ করিবার (খ্রীঃ পূঃ ষষ্ঠ শতকের মধ্যভাগ) সঙ্গে সঙ্গে মগধরাজ্যের শক্তি ও মর্যাদা বৃদ্ধি পাইতে থাকে। সিংহলের বৌদ্ধগ্রন্থ মহাবংশ হইতে জানা যায় যে, বিম্বিসার মাত্র পনর বৎসর বয়সে মগধের সিংহাসনে আরোহণ করেন। রাজ্যাভিষেকের অল্পকাল পরেই তিনি অঙ্গরাজ্যটি জয় করেন। অঙ্গরাজ্য জয়ের সময় হইতেই মগধ সাম্রাজ্য বিস্তারের পথে অগ্রসর হইতে থাকে। বিম্বিসার বিবাহ-সম্পর্কের মাধ্যমেও নিজ শক্তি ও প্রতিপত্তি বৃদ্ধি করিয়াছিলেন। কোশল-কাশী রাজ্যের রাজা প্রসেন্‌জিতের ভগিনী কোশলদেবীকে বিবাহ করিয়া তিনি বিবাহের যৌতুক হিসাবে কাশীরাজ্যের একটি বিরাট গ্রাম পাইয়াছিলেন। এই গ্রামের বাৎসরিক রাজস্ব ছিল এক লক্ষ মুদ্রা। লিচ্ছবি দলপতির কন্যা চেল্লনা, বিদেহরাজ্যের রাজকন্যা বাসবী এবং মদ্ররাজ্যের রাজকন্যা খেমা ছিলেন যথাক্রমে তাঁহার দ্বিতীয়া, তৃতীয়া ও চতুর্থা পত্নী। এই সকল বিবাহ-সূত্রে বিম্বিসার মগধের শক্তিবৃদ্ধির চেষ্টা করিয়াছিলেন। জৈনগ্রন্থাদিতে বিম্বিসারকে জৈনধর্মাবলম্বী এবং বৌদ্ধধর্মগ্রন্থে তাঁহাকে বৌদ্ধধর্মাবলম্বী বলিয়া বর্ণনা করা হইয়াছে। মহাবীর ও গৌতম বুদ্ধ, উভয়ের সহিত বিম্বিসারের সাক্ষাৎকারের কথা উল্লিখিত আছে। এই সকল তথ্য হইতে বিম্বিসার জৈন ও বৌদ্ধ ধর্মের প্রতি সমান শ্রদ্ধা প্রদর্শন করিতেন এই কথাই প্রমাণিত হয়।

বিম্বিসার

বিম্বিসার কর্তৃক মগধের প্রাধান্যের সূচনা

বিম্বিসারের মৃত্যুর পর তাঁহার পুত্র অজাতশত্রু সিংহাসনলাভ করিলেন। কাহারও কাহারও মতে তিনি পিতাকে হত্যা করাইয়া সিংহাসন অধিকার করিয়াছিলেন। তিনিও মগধের সাম্রাজ্য বিস্তারে পিতার ন্যায়ই উৎসাহী ছিলেন। কোশলরাজ্যের সহিত তাঁহার যুদ্ধের সৃষ্টি হইয়াছিল। অবশেষে কোশলরাজকন্যাকে বিবাহ করিয়া তিনি কোশলরাজ্যের উপর কতক প্রভাব বিস্তার করিয়াছিলেন। তিনি পূর্ব-ভারতের শক্তিশালী প্রজাতান্ত্রিক রাষ্ট্রসঙ্ঘগুলি জয় করিতে সমর্থ হইয়াছিলেন। তাঁহার আমলেই গঙ্গা ও শোণ নদীর সঙ্গমস্থলে মগধের একটি বিকল্প রাজধানী—পাটলিপুত্র নগর স্থাপিত হইয়াছিল। অজাতশত্রুর চেষ্টায় মগধ সাম্রাজ্য আরও দুইশত যোজন (আটশত ক্রোশ) বিস্তারলাভ করিয়াছিল। তাঁহাকেও

অজাতশত্রু

পাটলিপুত্র নগর বিকল্প রাজধানী হিসাবে নির্মিত

জৈন ও বৌদ্ধ ধর্মাবলম্বী বলিয়া অভিহিত করা হইয়াছে। যাহা হউক, গৌতম বুদ্ধের সহিত তাঁহার সাক্ষাৎকারের পর হইতে তিনি বৌদ্ধধর্ম অবলম্বন করিয়াছিলেন বলিয়া কথিত আছে। তাঁহার পৃষ্ঠপোষকতায় রাজগৃহে বহু সংখ্যক বৌদ্ধ চৈত্য নির্মিত হইয়াছিল। রাজগৃহে সর্বপ্রথম বৌদ্ধ সভা বা সঙ্গীতি তাঁহার আমলেই আহূত হইয়াছিল। অজাতশত্রুর পরবর্তী রাজগণের দুর্বলতা এবং তাঁহাদের পারিবারিক কলহ প্রভৃতিতে অতিষ্ঠ হইয়া জনসাধারণ মন্ত্রী শিশুনাগকে মগধের সিংহাসনে স্থাপন করিয়াছিল, একথা সিংহলী বৌদ্ধগ্রন্থ মহাবংশে উল্লিখিত আছে।

বিম্বিসারীয় বংশের পতন—শিশুনাগের সিংহাসনলাভ

শিশুনাগ বহিরাক্রমণ হইতে মগধের রাজধানী রাজগৃহের নিরাপত্তা বজায় রাখিতে সমর্থ হইয়াছিলেন এবং অবন্তীরাজ্যকে মগধের সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন। বৎস ও কোশল রাজ্যও তাঁহার আমলে মগধের সাম্রাজ্যভুক্ত হইয়াছিল বলিয়া মনে করা হয়। শৈশুনাগ বংশের পরবর্তী রাজগণ খুব শক্তিশালী ছিলেন না। তাঁহাদের দুর্বলতার সুযোগে মগধের সিংহাসন নন্দবংশের অধিকারে চলিয়া যায়। নন্দবংশের স্থাপয়িতা নীচকুল-সম্ভূত ছিলেন একথা পুরাণ, জৈন ও বৌদ্ধ ধর্মগ্রন্থাদিতে উল্লিখিত আছে। মহাপদ্মনন্দ এই বংশের স্থাপয়িতা ছিলেন। বিম্বিসার ও অজাতশত্রু গঠিত মগধ সাম্রাজ্যকে মহাপদ্মনন্দ বিশালতর ও অধিকতর শক্তিশালী করিয়া তুলিয়াছিলেন। নন্দবংশে মোট নয়জন রাজা রাজত্ব করেন। এই বংশের সর্বশেষ রাজা ছিলেন ধননন্দ। বিশাল সাম্রাজ্যের অধিকারী হইলেও নন্দরাজগণ জনসাধারণের শ্রদ্ধা অর্জন করিতে পারেন নাই। বিশেষত, সর্বশেষ নন্দরাজ ধননন্দ তাঁহার স্বার্থ-লোলুপতার জন্য জনসাধারণের ঘৃণার পাত্র হইয়া উঠিয়াছিলেন। গ্রীক বীর আলেকজাণ্ডার যখন ভারতবর্ষ আক্রমণ করেন তখন ধননন্দ মগধের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। আলেকজাণ্ডার অবশ্য মগধ আক্রমণ করেন নাই, কিন্তু নন্দবংশের ভাগ্যে আর অধিককাল রাজ্যভোগ ছিল না। চন্দ্রগুপ্ত মৌর্য এবং চাণক্য নামে তক্ষশিলার জনৈক তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন ব্রাহ্মণের হস্তে নন্দবংশের পতন ঘটিয়াছিল।

শিশুনাগ কর্তৃক সাম্রাজ্যের বিস্তৃতি

শৈশুনাগবংশের পতন—নন্দবংশের প্রতিষ্ঠা : মহাপদ্মনন্দ

নবনন্দ (Nine Nandas)

ধননন্দ—নন্দবংশের শেষ রাজা

মৌর্যবংশের উত্থান

পারসিক আক্রমণ (The Persian Invasion) : খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে মগধ যখন সাম্রাজ্যের পথে অগ্রসর হইতেছিল তখন ভারতের উত্তর-পশ্চিম অঞ্চল ছিল রাজনৈতিক ক্ষেত্রে সম্পূর্ণভাবে ঐক্যহীন। উত্তর-পশ্চিম ভারত তখন 'উত্তরাপথ' নামে অভিহিত হইত। উত্তরাপথের রাজ্যগুলির মধ্যে গন্ধার, কম্বোজ ও মদ্র ছিল অন্যতম প্রধান। গ্রীক ঐতিহাসিক হেরোডোটাস্, টেসিয়াস্ প্রভৃতির রচনা হইতে জানা যায় যে, খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকের দ্বিতীয় ভাগে পারস্য সম্রাট সাইরাস্ (খ্রীঃ পূঃ ৫৫৮-৫৩০) গন্ধাররাজ্য জয় করিয়াছিলেন। গন্ধাররাজ্য জয় করিবার কালে জনৈক ভারতীয় সৈনিকের অস্ত্রাঘাতের ফলেই

সাইরাস্

শেষ পর্যন্ত সাইরাসের মৃত্যু হইয়াছিল বলিয়া টেসিয়াস্ উল্লেখ করিয়াছেন। রোমান ঐতিহাসিক প্লিনির রচনায় সাইরাস্ কর্তৃক গন্ধাররাজ্য জয়ের কথার উল্লেখ রহিয়াছে।

দরায়াস্

কিন্তু নিয়ারকাস্ প্রভৃতির রচনা হইতে জানা যায় সাইরাসের ভারত আক্রমণ বিফল হইয়াছিল। যাহা হউক, সাইরাসের পৌত্র দরায়াসের ভারত আক্রমণ সম্পর্কে অধিকতর নির্ভরযোগ্য তথ্যাদি পাওয়া যায়। তাঁহার আমলে (খ্রীঃ পূঃ ৫২২-৪৮৬) গন্ধার ও সিন্ধু-উপত্যকা পারসিক সাম্রাজ্যভুক্ত হইয়াছিল। ভারতবর্ষের এই অংশকে পারসিক সাম্রাজ্যের বিংশতিতম প্রদেশে পরিণত করা হইয়াছিল। সমগ্র পারসিক সাম্রাজ্যের মোট রাজস্বের এক-তৃতীয়াংশ পারসিক সাম্রাজ্যভুক্ত ভারতীয় দেশগুলি হইতে আদায় হইত। দরায়াসের পুত্র জারেক্সিসের আমলে পারসিক সাম্রাজ্য ভারতবর্ষের উত্তর-পশ্চিম অংশ পর্যন্ত বিস্তৃত ছিল। জারেক্সিস্ যখন গ্রীস আক্রমণ করেন তখন তাঁহার বিশাল বাহিনীতে বহু ভারতবাসীও সৈনিক হিসাবে যোগদান করিয়াছিল। পরবর্তী পারসিক সম্রাট তৃতীয় দরায়াস্ আলেকজাণ্ডারের হস্তে পরাজিত হইলে (খ্রীঃ পূঃ ৩৩০) ভারতে পারসিক আধিপত্য লোপ পাইয়াছিল।

জারেক্সিস্

তৃতীয় দরায়াস্

পারসিক অধিকারের অবসান

পারস্যের সহিত ভারতবর্ষের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ সুদূর অতীত হইতেই চলিয়া আসিতেছিল। পারসিক সম্রাটগণ কর্তৃক ভারতের উত্তর-পশ্চিম অঞ্চল অধিকৃত হইলে এই সাংস্কৃতিক ও বাণিজ্যিক যোগাযোগ বহুগুণে বৃদ্ধি পায়। ভারতীয় শিল্প ও শাসন ব্যবস্থায় পারসিক প্রভাব এই সূত্রেই বিস্তারলাভ করিয়াছিল। পারসিক 'স্যাট্রাপ' (Satrap) হইতে ভারতীয় 'ক্ষত্রপ' নামক প্রাদেশিক শাসনকর্তাদের উদ্ভব হইয়াছিল।

পারস্যের সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ

আলেকজাণ্ডারের ভারত আক্রমণ (Alexander's Invasion of India): গ্রীক বীর আলেকজাণ্ডার ছিলেন ম্যাসিডনের রাজা। দ্বিতীয় ফিলিপ ছিলেন তাঁহার পিতা। গ্রীসদেশ তখন ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যে বিভক্ত ছিল। আলেকজাণ্ডারের পিতা দ্বিতীয় ফিলিপ সর্বপ্রথম সমগ্র গ্রীসদেশকে ঐক্যবদ্ধ করেন। দিগ্বিজয়ে বাহির হইবার ইচ্ছা দ্বিতীয় ফিলিপের অন্তরেই সর্বপ্রথম জাগিয়াছিল। কিন্তু আকস্মিকভাবে আততায়ীর হস্তে নিহত হইলে তাঁহার সেই ইচ্ছা আর পূরণ করা সম্ভব হইল না। তাঁহার সুযোগ্য পুত্র আলেকজাণ্ডার পিতার আদর্শ অনুসরণ করিয়া দিগ্বিজয়ে বাহির হইলেন। পারস্য সম্রাটগণ কয়েক শতাব্দী পূর্বে একবার গ্রীস আক্রমণ করিয়াছিলেন। আলেকজাণ্ডার পারস্যের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণের জন্য সসৈন্যে অগ্রসর হইলেন। পর পর কয়েকটি যুদ্ধে জয়লাভ করিয়া তৃতীয় দরায়াস্‌কে চূড়ান্তভাবে পরাজিত করিয়া (খ্রীঃ পূঃ ৩৩০) আলেকজাণ্ডার সমগ্র পারস্য সাম্রাজ্য নিজ অধিকারভুক্ত করিলেন।

আলেকজাণ্ডারের পিতা দ্বিতীয় ফিলিপ

আলেকজাণ্ডারের পারস্য জয়

অতঃপর তিনি ভারতবর্ষের দিকে অগ্রসর হইলেন। ভারতের উত্তর-পশ্চিম অঞ্চল সেই সময়ে (খ্রীঃ পূঃ ৩২৭) বহু সংখ্যক ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। এগুলির মধ্যে রাজতান্ত্রিক ও গণতান্ত্রিক উভয় প্রকার রাজ্যই ছিল। পুরু, তক্ষশিলা, অভিসার, ক্ষুদ্রক, অস্মক, গন্ধার, সৌভূতি প্রভৃতি কয়েকটি রাজ্যের নাম উল্লেখ করা যাইতে পারে।

উত্তর-পশ্চিম ভারতের রাজনৈতিক অনৈক্য

গ্রীক বীর আলেকজাণ্ডার যখন ভারত আক্রমণ করেন তখন রাজনৈতিক ক্ষেত্রে বিচ্ছিন্ন উত্তর-পশ্চিম ভারত তাঁহাকে স্বভাবতই প্রতিহত করিতে সমর্থ হইল না। পরস্পর বিবদমান রাজ্যগুলির রাজগণ দেশরক্ষার জন্য দণ্ডায়মান হওয়া দূরের কথা, পূর্বাহ্ণেই আক্রমণকারীর আনুগত্য স্বীকার করিয়া লইয়া আত্মরক্ষায় ব্যস্ত হইলেন। তক্ষশিলার রাজা অম্ভি আলেকজাণ্ডারের বশ্যতা স্বীকার করিয়া উপঢৌকন প্রেরণ করিতেও কুণ্ঠিত হইলেন না। পুরু-রাজ্যের (বা পৌরবরাজ্যের) রাজা পুরুর সহিত অম্ভির শত্রুতা ছিল। পুরুকে তিনি কোনপ্রকারেই পরাজিত করিতে সমর্থ হন নাই। বিদেশী আক্রমণকারীর বশ্যতা স্বীকার করিয়া এবং তাঁহাকে সাহায্যদান করিয়া অম্ভি পুরুরাজের সর্বনাশসাধনে অগ্রসর হইলেন। কিন্তু স্বাধীন-চেতা দেশপ্রেমিক রাজা পুরু পরাধীনতা অপেক্ষা দেশরক্ষার্থে যুদ্ধ করিয়া মৃত্যু বরণ করা শতগুণে শ্রেয়ঃ মনে করিলেন। তিনি ঝিলামের তীরে এককভাবে বিদেশী আক্রমণকারীর গতিরোধ করিবার উদ্দেশ্যে সৈন্যসমাবেশ করিলেন। সম্মুখ সমরে পুরুকে পরাজিত করা সহজ হইবে না মনে করিয়া আলেকজাণ্ডার ঝিলাম নদীর অপর তীরে শিবির স্থাপন করিয়া কালক্ষেপ করিতে লাগিলেন। তারপর এক অন্ধকার রাত্রিতে গোপনে ঝিলাম নদীর গতিপথ ধরিয়া সতর মাইল দূরে এক স্থানে উহা অতিক্রম করিয়া অতর্কিতে পুরুর শিবিরের দিকে অগ্রসর হইলেন।* পরে এই স্থানের নামকরণ হইয়াছিল বুকিফালা। অতর্কিত আক্রমণ এবং পূর্বরাত্রের বারিপাতে কর্দমাক্ত যুদ্ধক্ষেত্রে পুরুর অশ্বারোহী তীরন্দাজগণ ও তাঁহার

আলেক-জাণ্ডারের ভারত আক্রমণ

তক্ষশিলারাজ অম্ভি কর্তৃক বশ্যতা স্বীকার

বীর রাজা পুরু

ঝিলামের যুদ্ধ




আলেকজাণ্ডার


* Vide V. A. Smith : *Early History of India*, pp. 68-69, 82-89.

যুদ্ধরথগুলি আশানুরূপ যুদ্ধ করিতে পারিল না। ফলে তাঁহার পরাজয় ঘটিল। পুরু শরীরের নয়টি স্থানে আঘাতপ্রাপ্ত হইলেন। এমতাবস্থায় তাঁহাকে বন্দী করা সম্ভব হইল।

পুরু-আলেকজাণ্ডার মৈত্রী

আলেকজাণ্ডার পুরুকে কিরূপ ব্যবহার প্রত্যাশা করেন প্রশ্ন করিলে বীর পুরু রাজোচিত সম্মান দাবি করিলেন। আলেকজাণ্ডার পুরুর বীরত্ব ও স্বাধীন মনোবৃত্তির পরিচয় পূর্বেই পাইয়াছিলেন। একবার যুদ্ধে পরাজিত করিলেও পুরুর রাজ্য অধিকার করিয়া রাখা সহজ হইবে না একথা দূরদর্শী বীর




আলেকজাণ্ডারের সাম্রাজ্য
অভিযানের পথ

আলেকজাণ্ডারের উপলব্ধি করিতে বিলম্ব হইল না। তিনি পুরুকে তাঁহার রাজ্য ফিরাইয়া দিলেন। তদুপরি পার্শ্ববর্তী অপরাপর রাজ্য যাহা তিনি জয় করিয়াছিলেন সেগুলিও পুরুর রাজ্যভুক্ত করিয়া দিলেন।

পুরুর সহিত যুদ্ধের পর আলেকজাণ্ডার বিপাশা নদী পর্যন্ত অগ্রসর হইলেন। কিন্তু তাঁহার সেনাবাহিনী আর অগ্রসর হইতে চাহিল না। পুরুর সহিত যুদ্ধে ভারতীয়দের সামরিক দক্ষতার যে পরিচয় গ্রীকগণ পাইয়াছিল এবং মগধের সামরিক শক্তির যে সংবাদ তাহাদের নিকট পৌঁছিয়াছিল তাহার ফলেই গ্রীকগণ আর অগ্রসর হইতে রাজী হয় নাই। বস্তুত, পুরুর সহিত যুদ্ধের পূর্বে ভারতীয় সৈন্যদের যুদ্ধ-ক্ষমতার প্রকৃত পরিচয় গ্রীকগণ পায় নাই। বাধ্য হইয়াই আলেকজাণ্ডার স্বদেশ প্রত্যাবর্তনের জন্য প্রস্তুত হইলেন। তিনি স্বয়ং একদল সৈন্যকে স্থলপথে বেলুচিস্তানের মধ্য দিয়া লইয়া গেলেন। অপর একদলকে জলপথে প্রেরণ করিলেন। ফিরিবার পথে আলেকজাণ্ডার মালব, ক্ষুদ্রক, অর্জুনায়ন, শিবি প্রভৃতি প্রজাতান্ত্রিক দলকে পরাজিত করিয়াছিলেন। ব্যাবিলনে পৌঁছিবার পর আলেকজাণ্ডার অসুস্থ হইয়া পড়িলেন। এই অসুস্থতার ফলে ব্যাবিলন নগরে তাঁহার মৃত্যু হইল (খ্রীঃ পূঃ ৩২৩)।

আলেকজাণ্ডারের স্বদেশ প্রত্যাবর্তন

তাঁহার মৃত্যু (খ্রীঃ পূঃ ৩২৩)

দেশরক্ষার জন্য পুরুর চেষ্টা : রাজনৈতিক ক্ষেত্রে বিচ্ছিন্ন ও পরস্পর বিবাদ-বিসংবাদে লিপ্ত উত্তর-পশ্চিম ভারতের রাজগণ যখন একে একে আলেকজাণ্ডারের বশ্যতা স্বীকার করিতেছিলেন তখন পুরুরাজ এককভাবে দেশরক্ষার চেষ্টা করিয়া স্বদেশপ্রীতি ও স্বাধীনতা-স্পৃহার এক অতি উজ্জ্বল দৃষ্টান্ত রাখিয়া গিয়াছেন। পার্শ্ববর্তী রাজ্যগুলির রাজগণ যখন আলেকজাণ্ডারের অনুগ্রহপ্রার্থী, তাঁহারা যখন নিজ নিজ স্বাধীনতা উপঢৌকন দিয়া গ্রীক বীরের সম্ভাব্য আক্রমণ হইতে আত্মরক্ষায় ব্যস্ত, তখন কেবলমাত্র নিজ শক্তির উপর নির্ভর করিয়া বিদেশী শত্রুর বিরুদ্ধে দাঁড়াইবার মত দৃঢ়তা ও মর্যাদাবোধ প্রদর্শন করিয়া পুরু ভারত-ইতিহাসে অমর হইয়া আছেন। তাঁহার চরিত্রবল, তাঁহার স্বাধীন মর্যাদাবোধ ভারতবাসীর সম্মুখে এক অতি সুন্দর দৃষ্টান্ত তুলিয়া ধরিয়াছে। আলেকজাণ্ডারের সহিত যুদ্ধে তিনি পরাজিত হইবেন একথা হয়ত প্রথম হইতেই বুঝিয়াছিলেন। তথাপি বিনা যুদ্ধে এবং প্রাণ থাকিতে দেশকে শত্রুর হস্তে স্বেচ্ছায় তুলিয়া দিবার নীচতা তাঁহার অন্তরে স্থান পায় নাই। ইহা অপেক্ষা যুদ্ধে প্রাণদানও শ্রেয়ঃ একথা তিনি উপলব্ধি করিয়াই যুদ্ধে অবতীর্ণ হইয়াছিলেন। ঝিলামের যুদ্ধে পুরুর পরাজয় তদানীন্তন উত্তর-পশ্চিম ভারতীয় রাজগণের অনৈক্যের ফলস্বরূপ সন্দেহ নাই।

পুরুরাজের দেশাত্মবোধ

পুরু ভিন্ন উত্তর-পশ্চিম সীমান্তের মালব, ক্ষুদ্রক, অর্জুনায়ন প্রভৃতি প্রজাতান্ত্রিক দলও দেশরক্ষার্থে আলেকজাণ্ডারের সহিত আপ্রাণ যুদ্ধ করিতে ত্রুটি করে নাই। তক্ষশিলার রাজা অম্ভির নীচ স্বার্থপরতার পার্শ্বে পুরুরাজ ও প্রজাতান্ত্রিক দলগুলির দেশাত্মবোধ তাঁহাদিগকে ভারতবাসীর শ্রদ্ধার আসনে স্থাপন করিয়াছে, বলা বাহুল্য।

প্রজাতান্ত্রিক দলগুলির দেশাত্মবোধ

আলেকজাণ্ডারের ভারত আক্রমণের ফলাফল (Effects of Alexander's Invasion of India) : আলেকজাণ্ডারের ভারত আক্রমণের প্রত্যক্ষ ফলাফল অপেক্ষা পরোক্ষ ফলাফল বহুগুণে বেশী। প্রত্যক্ষ ফল হিসাবে বলা যাইতে পারে যে, আলেকজাণ্ডারের বিজয় অভিযানে সিন্ধু ও পাঞ্জাবে গ্রীক অধিকার স্থাপিত হইয়াছিল। ইহা ভিন্ন, জলপথ ও স্থলপথে ভারতবর্ষ ও পাশ্চাত্ত্য দেশ, বিশেষভাবে গ্রীক দেশগুলির সহিত যোগাযোগ বৃদ্ধি পাইয়াছিল। কয়েকটি গ্রীক সাংস্কৃতিক কেন্দ্র—যথা, বুকিফালা, নিকাইয়া, আলেকজান্দ্রিয়া প্রভৃতি ভারতবর্ষে স্থাপিত হইয়াছিল। ইহা ভিন্ন, বহু শহর ও নগরের ধ্বংসসাধন, নর-নারীর মৃত্যু প্রভৃতিও আলেকজাণ্ডারের আক্রমণের প্রত্যক্ষ ফল হিসাবে উল্লেখযোগ্য।

প্রত্যক্ষ ফল

কিন্তু পরোক্ষ ফলাফল ছিল প্রত্যক্ষ ফলাফল অপেক্ষা বহুগুণে বেশী।

প্রথমত, আলেকজাণ্ডারের আক্রমণ ও বিজয়লাভ ভারতের রাজনৈতিক ক্ষেত্রে দুর্বলতা প্রমাণ করিয়াছিল। রাজনৈতিক ক্ষেত্রে বিচ্ছিন্ন থাকিলে বৈদেশিক আক্রমণ হইতে দেশরক্ষা করা সম্ভব হইবে না এই শিক্ষা ভারতীয়গণ লাভ করিয়াছিল। ইহার পরোক্ষ ফল হিসাবেই মৌর্য সাম্রাজ্যের অধীনে সমগ্র ভারতবর্ষকে ঐক্যবদ্ধ দেখিতে পাওয়া যায়।

দ্বিতীয়ত, আলেকজাণ্ডারের অভিযানের সূত্র ধরিয়া প্রাচ্য-পাশ্চাত্ত্যে যে যোগাযোগ স্থাপিত হইয়াছিল উহার মাধ্যমে পরবর্তীকালে গ্রীক এবং রোমান শিল্প ও সংস্কৃতির প্রভাব ভারতবর্ষে বিস্তারলাভ করিয়াছিল। পক্ষান্তরে, ভারতীয় শিল্প ও সংস্কৃতির প্রভাব পাশ্চাত্ত্য দেশেও বিস্তৃত হইয়াছিল। কুষাণ আমলে 'গন্ধার শিল্প' গ্রীক, রোমান ও ভারতীয় শিল্পরীতির সংমিশ্রণেই গড়িয়া উঠিয়াছিল। খ্রীষ্টধর্মের উপরও বৌদ্ধধর্মের প্রভাব প্রতিফলিত হইয়াছিল।

পরোক্ষ ফল

তৃতীয়ত, ভারতীয় বিজ্ঞান, মুদ্রানীতি প্রভৃতির উপর যেমন গ্রীক প্রভাব প্রতিফলিত হইয়াছিল, তেমনি ভারতীয় গণিতশাস্ত্র, জ্যোতির্বিদ্যা, জ্যোতিষশাস্ত্র প্রভৃতি পাশ্চাত্ত্য জ্ঞান-বিজ্ঞানকে প্রভাবিত করিয়াছিল।

মৌর্য সাম্রাজ্য (The Maurya Empire) :

চন্দ্রগুপ্ত মৌর্য, খ্রীঃ পূঃ ৩২০-৩০০ (Chandragupta Maurya) : মগধের নন্দবংশের অবসান ঘটাইয়া চন্দ্রগুপ্ত মৌর্য মৌর্যবংশের প্রতিষ্ঠা করিয়াছিলেন একথা পূর্বেই বলা হইয়াছে। চন্দ্রগুপ্তের বংশপরিচয় সম্পর্কে পণ্ডিতগণ একমত নহেন। প্রাচীন হিন্দু গ্রন্থাদিতে চন্দ্রগুপ্তকে নন্দবংশ-সম্ভূত বলিয়া বর্ণনা করা হইয়াছে। গ্রীক ঐতিহাসিকদের মতে চন্দ্রগুপ্ত ছিলেন নীচবংশ-সম্ভূত। হিন্দু কাহিনী-কিংবদন্তী অনুসারে চন্দ্রগুপ্তের মাতা 'মুরা' ছিলেন শূদ্রাণী। মুরার নাম অনুসারেই চন্দ্রগুপ্ত-প্রতিষ্ঠিত রাজবংশ 'মৌর্যবংশ' নামে অভিহিত হইয়াছিল। জৈন ও বৌদ্ধ গ্রন্থে চন্দ্রগুপ্তকে ক্ষত্রিয় বংশের সন্তান

চন্দ্রগুপ্তের পরিচয়

বলিয়া উল্লেখ করা হইয়াছে। বস্তুত, পিপ্পলীবনের ময়ূরপোষক প্রজাতান্ত্রিক গোষ্ঠীর সন্তান বলিয়া চন্দ্রগুপ্তের বংশ মৌর্যবংশ নামে পরিচিতি লাভ করিয়াছিল। আধুনিক ঐতিহাসিকগণ মৌর্যবংশকে ক্ষত্রিয় বংশ বলিয়াই মনে করেন।

বৌদ্ধ গ্রন্থ হইতে জানা যায় যে, চন্দ্রগুপ্তের পিতা যুদ্ধে প্রাণ হারাইলে তাঁহার মাতা শিশু চন্দ্রগুপ্তকে লইয়া মগধের রাজধানী পাটলিপুত্র নগরে আশ্রয় গ্রহণ করেন। চাণক্য নামে তক্ষশিলার জনৈক বিচক্ষণ ব্রাহ্মণ চন্দ্রগুপ্তের মধ্যে কতকগুলি অনন্য-সাধারণ সুলক্ষণ দেখিতে পাইয়া তাঁহাকে সঙ্গে করিয়া লইয়া যান এবং সমরকৌশল ও রাজনীতি বিষয়ে শিক্ষাদান করেন। চাণক্য কৌটিল্য, বিষ্ণুগুপ্ত প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে পরিচিত ছিলেন। একবার নন্দরাজসভায় তাঁহাকে প্রকাশ্যে অপমান করা হইয়াছিল। এইজন্য তিনি নন্দবংশের উচ্ছেদসাধনের প্রতিজ্ঞা গ্রহণ করিয়াছিলেন। চন্দ্রগুপ্তকে তিনি রাজসদৃশ লক্ষণযুক্ত দেখিয়া তাঁহার মাধ্যমে সেই উদ্দেশ্য সফল করিতে কৃতসঙ্কল্প হইলেন।

চাণক্যের নিকট চন্দ্রগুপ্তের শিক্ষালাভ

আলেকজাণ্ডার যখন পাঞ্জাবে শিবির স্থাপন করিয়াছিলেন সেই সময়ে চন্দ্রগুপ্ত তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া নন্দবংশের উচ্ছেদের জন্য গ্রীক সাহায্য চাহিয়াছিলেন। কিন্তু তাঁহার নির্ভীক আচরণে বিজয়ী বীর আলেকজাণ্ডার সন্তুষ্ট হইলেন না। তিনি চন্দ্রগুপ্তকে বন্দী করিতে চাহিলেন। চন্দ্রগুপ্ত গ্রীক সৈন্যদের চক্ষে ধূলি দিয়া পলাইয়া যাইতে সমর্থ হইলেন। ইহার পর চাণক্যের সাহায্যে সৈন্য সংগ্রহ করিয়া তিনি নন্দবংশের উচ্ছেদসাধন করিলেন। মগধের সিংহাসন তাঁহার অধিকারে আসিল। অল্পকালের মধ্যে আলেকজাণ্ডারের মৃত্যু সংবাদ ভারতবর্ষে পৌঁছিল। চন্দ্রগুপ্ত উত্তর-পশ্চিম ভারতের গ্রীক শাসনকর্তাদের পরাজিত করিয়া সেই অঞ্চল বৈদেশিক অধিকার হইতে মুক্ত করিলেন।

আলেকজাণ্ডার ও চন্দ্রগুপ্তের সাক্ষাৎকার

নন্দবংশের উচ্ছেদ—গ্রীক প্রভুত্বের অবসান

আলেকজাণ্ডারের মৃত্যুর পর গ্রীক সাম্রাজ্য তাঁহার সেনাপতিগণ নিজেদের মধ্যে ভাগ করিয়া লইয়াছিলেন। সীরিয়া ও ভারতবর্ষে আলেকজাণ্ডার কর্তৃক বিজিত অঞ্চল সেনাপতি সেলুকাসের অংশে পড়িয়াছিল। চন্দ্রগুপ্ত কর্তৃক উত্তর-পশ্চিম ভারত অধিকৃত হইলে সেলুকাস সেই অংশ পুনরুদ্ধার করিবার উদ্দেশ্যে ভারতবর্ষ আক্রমণ করিলেন। কিন্তু এইবার তাঁহাকে এক ঐক্যবদ্ধ ভারতবর্ষের সহিত যুঝিতে হইল। চন্দ্রগুপ্তের সহিত যুদ্ধে তিনি পরাজিত হইয়া কাবুল, কান্দাহার, মকরাণ ও হিরাট এই কয়টি প্রদেশ চন্দ্রগুপ্তকে অর্পণ করিতে বাধ্য হইলেন। তদুপরি উভয় পক্ষে এক বৈবাহিক সম্পর্ক স্থাপিত হইল। সাধারণ্যে একথাই অবশ্য প্রচলিত আছে যে, চন্দ্রগুপ্ত সেলুকাসের কন্যাকে বিবাহ করিয়াছিলেন। চন্দ্রগুপ্ত সেলুকাসের মর্যাদা রক্ষার্থে তাঁহাকে পাঁচশত হাতী উপহার দিয়াছিলেন। এই সময় হইতেই সীরিয়া তথা গ্রীক দেশগুলির সহিত মৌর্যবংশের সৌহার্দ্য

সেলুকাসের ভারত আক্রমণ ও পরাজয়

সেলুকাস-চন্দ্রগুপ্ত মৈত্রী

দীর্ঘকাল অটুট ছিল। সেলুকাস চন্দ্রগুপ্তের রাজসভায় মেগাস্থিনিস নামে জনৈক গ্রীক দূতকে প্রেরণ করিয়াছিলেন। মেগাস্থিনিস তদানীন্তন ভারতবর্ষ সম্পর্কে একটি সুন্দর বিবরণ রাখিয়া গিয়াছেন। এই বিবরণটি অবশ্য সম্পূর্ণভাবে উদ্ধার করা সম্ভব হয় নাই।

মেগাস্থিনিস

চন্দ্রগুপ্ত প্রায় সমগ্র ভারতবর্ষ মৌর্য সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন। উত্তর-পশ্চিম দিকে আফগানিস্তান হইতে আরম্ভ করিয়া দক্ষিণে মহীশূর পর্যন্ত তাঁহার সাম্রাজ্য বিস্তৃত ছিল। কুখ্যাত নন্দবংশের উচ্ছেদসাধন, বৈদেশিক অধিকার হইতে দেশের একাংশের স্বাধীনতা পুনরুদ্ধার, সেলুকাসের আক্রমণ হইতে স্বদেশ রক্ষা প্রভৃতি কার্য সম্পাদন করিয়া চন্দ্রগুপ্ত ভারতে সর্বপ্রথম শক্তিশালী ও বিস্তীর্ণ সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। জৈন কিংবদন্তী অনুসারে চন্দ্রগুপ্ত জৈনধর্ম গ্রহণ করিয়াছিলেন এবং বৃদ্ধ বয়সে মহীশূরের অন্তর্গত শ্রবণবেলগোলায় জৈন ধর্মরীতি অনুসারে অনশনে মৃত্যু বরণ করিয়াছিলেন।

চন্দ্রগুপ্তের কৃতিত্ব

বিন্দুসার, খ্রীঃ পূঃ ৩০০-২৭৩ (Bindusara) : চন্দ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র বিন্দুসার মগধের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার আমলে একবার তক্ষশিলায় বিদ্রোহ দেখা দেয়। যুবরাজ অশোককে এই বিদ্রোহ দমনের জন্য প্রেরণ করা হইয়াছিল। বিন্দুসারের রাজত্বকাল সম্পর্কে কোন বিশদ বিবরণ আমাদের জানা নাই। গ্রীক গ্রন্থাদি হইতে জানা যায় যে তাঁহার আমলেও গ্রীক রাজ্যগুলির সহিত ভারতবর্ষের সৌহার্দ্য পূর্বের ন্যায় বলবৎ ছিল। সীরিয়ার রাজসভা হইতে মেগাস্থিনিসের পর ডেইমেকস্ নামে অপর একজন দূতকে বিন্দুসারের রাজসভায় প্রেরণ করা হইয়াছিল। মিশরের গ্রীক রাজা টোলেমী ফিলাডেল্‌ফস্ ডায়োনিসাস্ নামে একজন গ্রীক দূতকে বিন্দুসারের রাজসভায় প্রেরণ করেন। বিন্দুসারও সীরিয়ার গ্রীক রাজা এন্টিয়োকাসের রাজসভায় দূত প্রেরণ করিয়াছিলেন বলিয়া জানা যায়।

গ্রীক রাজ্যগুলির সহিত সৌহার্দ্য

সম্রাট অশোক, খ্রীঃ পূঃ ২৭৩-২৩৬ (Emperor Asoka) : বিন্দুসারের মৃত্যুর পর তাঁহার পুত্র অশোক মগধের সিংহাসনে আরোহণ করিলেন। সেই সময়ে সিংহাসন অধিকার লইয়া এক তীব্র ভ্রাতৃবিরোধের সৃষ্টি হইয়াছিল বলিয়া বৌদ্ধ কাহিনী-কিংবদন্তীতে উল্লিখিত আছে। অশোক তাঁহার ভ্রাতৃবর্গের অনেকের প্রাণনাশ করিয়া সিংহাসন অধিকার করিয়াছিলেন বলিয়া কথিত আছে। কিন্তু এই সকল তথ্য কতদূর সত্য সে-বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে বলিয়া ঐতিহাসিকগণ মনে করিয়া থাকেন। অশোকের অভিষেকক্রিয়া চারি বৎসর পর (খ্রীঃ পূঃ ২৬৯) অনুষ্ঠিত হইয়াছিল। ইহা হইতে অনেকে মনে করেন যে বিন্দুসারের মৃত্যুর পর এক ভ্রাতৃবিরোধ দেখা দিয়াছিল একথা সম্পূর্ণ অগ্রাহ্য করা হয়ত ঠিক হইবে না। ভ্রাতৃহত্যার নির্মমতার কথা বাদ দিলেও ভ্রাতৃবিরোধ যে ঘটিয়াছিল একথা সত্য বলিয়া গ্রহণ করা অযৌক্তিক হইবে না।

সিংহাসনলাভ — ভ্রাতৃবিরোধ

অশোক মৌর্য সম্রাটসুলভ মনোবৃত্তি লইয়াই সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। পিতামহ চন্দ্রগুপ্তের ন্যায় সাম্রাজ্য বৃদ্ধিতে তাঁহার স্বভাবতই আগ্রহ ছিল। সিংহাসনে আরোহণ করিবার পূর্বেই তিনি তক্ষশিলার বিদ্রোহ দমন করিয়াছিলেন সেই কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। রাজ্যাভিষেকের (খ্রীঃ পূঃ ২৬৯) নয় বৎসর পরে—অর্থাৎ সিংহাসনলাভের ত্রয়োদশ বর্ষে

সম্রাটসুলভ মনোবৃত্তি



সম্রাট অশোক

তিনি কলিঙ্গ নামক প্রতিবেশী রাজ্যটি জয় করিবার উদ্দেশ্যে অগ্রসর হন। কলিঙ্গরাজের সৈন্যসংখ্যা রাজ্যের আয়তন বা লোকসংখ্যার অনুপাতে অত্যধিক ছিল। প্রতিবেশী কলিঙ্গরাজ্যের এইরূপ সামরিক শক্তি এবং সামরিক আস্ফালন স্বভাবতই মৌর্য সাম্রাজ্যের নিরাপত্তার দিক হইতে কাম্য ছিল না। এইজন্য সম্রাট অশোক কলিঙ্গরাজ্য আক্রমণ করিলেন। এই

কলিঙ্গযুদ্ধ—
যুদ্ধের মর্মান্তিকতা

যুদ্ধে অশোক জয়লাভ করিলেন সত্য, কিন্তু যুদ্ধক্ষেত্রের মর্মান্তিক দৃশ্য অশোকের অন্তরকে ব্যথিত করিয়া তুলিল। এক লক্ষ সৈন্য এই যুদ্ধে প্রাণ হারাইয়াছিল এবং কয়েক লক্ষ লোক যুদ্ধের আনুষঙ্গিক লুঠতরাজ, অগ্নিসংযোগ প্রভৃতির ফলে মারা গিয়াছিল। বহু স্ত্রী স্বামীহারা, বহু জননী পুত্রহারা হইয়াছিলেন।

অশোকের মর্মবেদনা ও মানসিক পরিবর্তন

কলিঙ্গযুদ্ধের মর্মান্তিকতা অশোকের অন্তরে এক বিরাট পরিবর্তনসাধন করিল। তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করিয়া চিরকালের জন্য দিগ্বিজয় ত্যাগ করিলেন। সাম্য, মৈত্রী ও ভ্রাতৃভাবের দ্বারা অপরের হৃদয় জয় করাই হইল তাঁহার জীবনের ব্রত। অশোক পার্শ্ববর্তী রাজ্যগুলিকে আশ্বাসবাণী শুনাইলেন যে তাহাদের বিরুদ্ধে তিনি কোনদিনই অস্ত্রধারণ করিবেন না। দিগ্বিজয়ের পন্থা ত্যাগ করিয়া অশোক ধর্মবিজয়ের পন্থা অনুসরণ করিতে লাগিলেন। তাঁহার এই মানসিক পরিবর্তন মৌর্য সাম্রাজ্যের আভ্যন্তরীণ ও পররাষ্ট্র নীতি সর্বক্ষেত্রেই পরিস্ফুট হইয়া উঠিল।

আভ্যন্তরীণ পরিবর্তন

আভ্যন্তরীণ ক্ষেত্রে তিনি শাসনব্যবস্থাকে অধিকতর জনকল্যাণকর করিয়া তুলিলেন। প্রত্যেক তিন এবং পাঁচ বৎসর অন্তর অন্তর তিনি রাজ্যের দূরবর্তী অঞ্চলের শাসন ও বিচার কার্যাদি পরিদর্শনের জন্য এক এক দল রাজকর্মচারী প্রেরণের নীতি গ্রহণ করিলেন। তিনি সকল মানুষের এমনকি জীবমাত্রেরই সেবায় আত্মনিয়োগ করিলেন। রাজকর্তব্যের আদর্শ তিনি পরিবর্তন করিয়া জনগণের কল্যাণসাধনই একমাত্র কর্তব্য হিসাবে গ্রহণ করিলেন। তাঁহার চেষ্টায় মৌর্য শাসনব্যবস্থা মানবধর্মী ও জনকল্যাণকামী হইয়া উঠিল। বিচার বিভাগের সংস্কার, রাজুক নামক রাজকর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব বৃদ্ধি করিয়া অশোক শাসনব্যবস্থাকেও পূর্বাপেক্ষা অধিকতর জনমঙ্গলকর করিয়া তুলিলেন। তিনি সকল মানুষকে নিজ সন্তান বলিয়া বিবেচনা করিতে লাগিলেন এবং পিতৃসুলভ দায়িত্ব লইয়া প্রজার সর্বাঙ্গীণ মঙ্গলসাধনে প্রবৃত্ত হইলেন। এই মঙ্গল কেবলমাত্র পার্থিব মঙ্গলেই সীমাবদ্ধ ছিল না, পরবর্তী জীবনেও প্রজাবর্গের মঙ্গলসাধন করা তাঁহার দায়িত্ব বলিয়া তিনি মনে করিতেন।

মানবধর্মী ও জনকল্যাণকামী শাসনব্যবস্থা

পিতৃসুলভ দায়িত্ববোধ

পররাষ্ট্র-নীতি : সাম্য, মৈত্রী ও ভ্রাতৃত্ব

পররাষ্ট্র-ক্ষেত্রেও অশোক এক নূতন নীতির প্রবর্তন করিলেন। তিনি দিগ্বিজয়ের স্থলে ধর্মবিজয় শুরু করিয়াছিলেন সেই কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। তিনি পররাষ্ট্র-ক্ষেত্রে সাম্য, মৈত্রী ও ভ্রাতৃত্বের আদর্শে অনুপ্রাণিত হইয়া সকল দেশের সহিত সৌহার্দ্য স্থাপনে ব্রতী হইলেন। তিনি পররাষ্ট্রের প্রতি যুদ্ধনীতি নিজে ত্যাগ করিয়াছিলেন এমনকি নিজ পুত্র ও পৌত্রদেরও যুদ্ধনীতি ত্যাগের উপদেশ দিয়াছিলেন।

বৌদ্ধধর্ম-প্রচারক অশোক (Asoka as a Missionary) : দিগ্বিজয়ী হইতে ধর্মবিজয়ীর ভূমিকায় অবতীর্ণ হইয়া সম্রাট অশোক বৌদ্ধধর্মের প্রচার

জীবনের ব্রত হিসাবে গ্রহণ করিলেন। পূর্বেকার 'বিহার-যাত্রা'—অর্থাৎ শিকার, আমোদ-প্রমোদ প্রভৃতির জন্য বাহির হওয়া তিনি বন্ধ করিয়া দিলেন। সেই স্থলে ধর্মযাত্রায় বাহির হইতে লাগিলেন। ধর্মযাত্রার অর্থ হইল বুদ্ধদেবের স্মৃতি-বিজড়িত সকল স্থান পরিভ্রমণ করা। পূর্বে রাজরন্ধনশালায় বহু সংখ্যক পশু-পক্ষী হত্যা করা হইত। অশোক এখন মাংস আহার ত্যাগ করিলেন এবং পশু-পক্ষী হত্যা নিষিদ্ধ করিয়া দিলেন। পথের দুই পাশ ধরিয়া তিনি বৃক্ষ রোপণ, কূপ খনন প্রভৃতি করাইয়া দিলেন। মানুষ ও পশুর জন্য তিনি চিকিৎসালয় স্থাপনের ব্যবস্থা করিলেন। সাম্রাজ্যের সীমান্তবর্তী অঞ্চলে তিনি পর্বতগাত্রে ও প্রস্তর-স্তম্ভে তাঁহার উপদেশাবলী উৎকীর্ণ করাইয়া দিলেন। এই সকল লিপি হইতে অশোকের মানবতা সম্পর্কে সুস্পষ্ট ধারণা জন্মে। জীবের প্রতি অহিংসা, সত্যকথন, শিক্ষক ও গুরুজনদিগের প্রতি শ্রদ্ধা, দাসদাসী প্রভৃতির প্রতি সদয় ব্যবহার, ব্রাহ্মণ, শ্রমণ প্রভৃতি বিভিন্ন ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধা প্রদর্শনের কথা এই শিলালিপি ও স্তম্ভ-লিপিতে উৎকীর্ণ করাইয়া দেওয়া হইয়াছিল। পরধর্মের প্রতি সহিষ্ণুতা প্রদর্শনের কথা অশোক স্পষ্টভাষায় বলিয়া গিয়াছিলেন। প্রজাবর্গের পারলৌকিক উন্নতিবিধানের জন্য অশোক সকল শ্রেণীর লোকের মধ্যে 'ধর্ম-মহামাত্র' নামে এক শ্রেণীর কর্মচারী নিযুক্ত করিয়াছিলেন। বুদ্ধের শান্তি ও মৈত্রীর বাণী প্রচারের উদ্দেশ্যে অশোক সুদূর দক্ষিণের সত্যপুত্র, কেরলপুত্র, চোল, পাণ্ড্য প্রভৃতি দেশে ধর্মপ্রচারক প্রেরণ করিয়াছিলেন। সুবর্ণভূমি—অর্থাৎ যবদ্বীপ, সুমাত্রা, বোর্ণিও প্রভৃতি ব্রহ্মদেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলের দেশসমূহে অশোক সোন ও উত্তর নামে দুইজন ধর্মপ্রচারক প্রেরণ করিয়াছিলেন। নিজ পুত্র (ভ্রাতা ?) মহেন্দ্র ও কন্যা (ভগিনী ?) সঙ্ঘমিত্রাকে তিনি সিংহলে বৌদ্ধধর্ম প্রচারের জন্য প্রেরণ করিয়াছিলেন। মিশর, সীরিয়া, ম্যাসিডন, কাইরিণি, ইপাইরাস প্রভৃতি দেশে মহারক্ষিত নামে একজন ধর্মপ্রচারক এবং নেপালে মহিম নামে অপর একজন ধর্মপ্রচারককে তিনি প্রেরণ করিয়াছিলেন। এই সকল ধর্ম-প্রচারকের মাধ্যমে ভারতের সাংস্কৃতিক প্রভাবও সেই সকল দেশে বিস্তারলাভ করিয়াছিল। সম্রাট অশোকের চেষ্টায়ই বৌদ্ধধর্ম একটি স্থানীয় ধর্ম হইতে এক জগৎ-ধর্মে পরিণত হইয়াছিল।

ধর্মযাত্রা

পশুহত্যা নিবারণ

শিলালিপি ও স্তম্ভলিপি

ধর্মদূত প্রেরণ

সুদূর দক্ষিণ, সুবর্ণভূমি, সীরিয়া, মিশর, কাইরিণি, ম্যাসিডন, ইপাইরাস, নেপাল

সম্রাট অশোকের আমলে বৌদ্ধধর্মে কতক মতভেদ দেখা যায়। বৌদ্ধধর্মাবলম্বীদের মধ্যে অনৈক্য যাহাতে সৃষ্টি না হইতে পারে সেই উদ্দেশ্যে অশোক পাটলিপুত্র নগরে এক বৌদ্ধ ধর্মসভা বা সঙ্গীতি আহ্বান করেন। এই ধর্মসভায় বৌদ্ধধর্মে যে মতভেদ দেখা দিয়াছিল তাহা দূর করা হয়। এই ধর্মসভা ছিল তৃতীয় বৌদ্ধ সঙ্গীতি।

তৃতীয় বৌদ্ধ সঙ্গীতি

ইতিহাসে অশোকের স্থান (Place of Asoka in History) : মৌর্য সম্রাট অশোক তাঁহার মানবতা ও রাজকর্তব্যের আদর্শের জন্য পৃথিবীর শ্রেষ্ঠ

রাজগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ আসনলাভ করিয়াছেন। প্রজার মঙ্গলসাধনই যদি রাজার শ্রেষ্ঠত্ব নির্ণয়ের মাপকাঠি হয় এবং মানবিকতাই যদি মনুষ্যত্ব বিচারের মানদণ্ড হয় তাহা হইলে এক বাক্যে স্বীকার করিতে হইবে যে, পৃথিবীর ইতিহাসে সম্রাট অশোক অপেক্ষা শ্রেষ্ঠতর কোন রাজা বা সম্রাট কোন কালেই আবির্ভূত হন নাই। প্রাচ্য ও পাশ্চাত্ত্যের ঐতিহাসিকগণ বিভিন্ন যুগের বিভিন্ন জাতির রাজগণের সহিত সম্রাট অশোকের তুলনা করিয়াছেন। সকলেই সম্রাট অশোককে সর্বকালের রাজগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ বলিয়া সম্মান দান করিয়াছেন।

পৃথিবীর সর্বশ্রেষ্ঠ সম্রাট

কলিঙ্গযুদ্ধের হত্যাকাণ্ড দেখিয়া অশোকের অন্তরে যে গভীর অনুশোচনার সৃষ্টি হইয়াছিল উহার ফলে তাঁহার রাজকর্তব্যের আদর্শ সম্পূর্ণভাবে রূপান্তরিত হইয়া গিয়াছিল। দিগ্বিজয়ী মৌর্য সম্রাট অশোক মানবধর্মী রাজর্ষি অশোকে রূপান্তরিত হইয়াছিলেন। অশোক এক নূতন আদর্শে—জনকল্যাণের তথা জীবজগতের কল্যাণে জীবন উৎসর্গ করিয়াছিলেন। তাঁহার আদর্শ ও কার্যে কোনপ্রকার ব্যবধান ছিল না। সম্রাট অশোকের এই পরিবর্তন ভারতবর্ষ তথা ভারতবাসীর জাতীয় জীবনের এক বিরাট পরিবর্তন বলিয়া বিবেচ্য।

অশোকের মানবতা

প্রজাবর্গের পার্থিব ও পারলৌকিক জীবনের উন্নয়নসাধন করা অশোক ভিন্ন অপর কোন সম্রাট কর্তব্য হিসাবে কল্পনায়ও আনেন নাই। অশোক রাজপদকে ভোগবিলাসের সুযোগ বলিয়া গ্রহণ করিতেন না। উপরন্তু তিনি মনে করিতেন যে, তিনি প্রজাবর্গের নিকট ঋণী। প্রজার সর্বাঙ্গীণ মঙ্গলসাধন দ্বারা তিনি সেই ঋণ শোধ করিতে চাহিয়াছিলেন। 'সব মানুষ আমার সন্তান'* এইরূপ উদার বাণী পৃথিবীর অপর কোন রাজার বা সম্রাটের মুখে উচ্চারিত হয় নাই। পররাষ্ট্রের প্রতি সাম্য, মৈত্রী ও ভ্রাতৃত্বের নীতি অনুসরণ করিয়া তিনি যে-পথের সন্ধান দিয়া গিয়াছেন আজ বিংশ শতাব্দীতেও আন্তর্জাতিক শান্তির জন্য সেই পথ ভিন্ন অপর কোন শ্রেষ্ঠতর পথ আবিষ্কৃত হয় নাই। এই মানবতার বাণীই হইল রাজর্ষি অশোকের বাণী—ইহাই হইল ভারতীয় সংস্কৃতির মূল কথা। অপরকে আপন করিয়া লইয়া যে বিরাট সমন্বয়সাধন করা সম্ভব তাহাই সম্রাট অশোক নিজ জীবনে প্রদর্শন করিয়াছিলেন। সেই আদর্শই ভারতবাসীর জীবনাদর্শ।

প্রজাবর্গের পার্থিব ও পারলৌকিক উন্নয়ন

সাম্য, মৈত্রী ও ভ্রাতৃত্বের বাণী

পৃথিবীর বিভিন্ন অংশে বিভিন্ন কালে বহু বৃহৎ সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছে এবং প্রাকৃতিক নিয়মেই বিলুপ্ত হইয়াছে। বহু স্বর্ণ সিংহাসন কালের নির্মম আঘাতে ভাঙ্গিয়া গিয়াছে, বহু স্পর্ধিত সম্রাটের রাজদণ্ড ধূলায় লুণ্ঠিত হইয়াছে। কিন্তু রাজর্ষি অশোক তাঁহার মানবতার ও জনকল্যাণকর শাসনের যে দৃষ্টান্ত রাখিয়া গিয়াছেন, ইতিহাসের পৃষ্ঠায় তাহা অমরত্ব লাভ করিয়াছে। তাঁহার অনুসৃত নীতি জগতের রাষ্ট্রনৈতিক জ্ঞানভাণ্ডারকে অমূল্য রত্নরাজিতে পরিপূর্ণ করিয়া দিয়া গিয়াছে। তাঁহার প্রদর্শিত পন্থা অদ্যাপি ঝঞ্ঝাক্ষুব্ধ অন্ধকার পৃথিবীর সম্মুখে এক আলোকবর্তিকার ন্যায় ভাস্বর।

---

* 'সব মুনিসে পজা মমা'।

যুদ্ধ-বিগ্রহের পথ অনুসরণ করিলে সম্রাট অশোক মৌর্য সাম্রাজ্যকে হয়ত আরও কিছুকাল টিকিয়া থাকিবার শক্তি দিয়া যাইতে পারিতেন। কিন্তু প্রাকৃতিক নিয়মেই সেই সাম্রাজ্যের পতন ঘটিত। সাম্রাজ্যকে চিরস্থায়ী করা সম্ভব হইত না। কিন্তু মানবতার পথ অনুসরণ করিয়া সম্রাট অশোক ভারতবর্ষ ও ভারতীয়দের যে নৈতিক মর্যাদাবৃদ্ধি করিয়া গিয়াছিলেন উহা আজিও সম্পূর্ণভাবে লোপ পায় নাই। আজ স্বাধীন ভারতের পররাষ্ট্র-নীতি সম্রাট অশোকের নীতিরই অনুসরণ মাত্র।

নৈতিক প্রাধান্য

মৌর্য শাসনব্যবস্থা (The Maurya Administration): চন্দ্রগুপ্ত মৌর্য ও চাণক্যের চেষ্টায় বিশাল মৌর্য সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল। অশোকের আমলে মৌর্য সাম্রাজ্য পূর্বে কামরূপ এবং সুদূর দক্ষিণের তামিল রাজ্যগুলি ভিন্ন সমগ্র ভারতবর্ষব্যাপী বিস্তৃত হইয়াছিল। কিন্তু এই বিশাল সাম্রাজ্যের প্রয়োজনীয় সুদক্ষ শাসনব্যবস্থা স্থাপনেও ক্রটি হয় নাই। শাসনকার্যের দক্ষতা, রাজকর্মচারিবর্গের দায়িত্ববোধ, সুদক্ষ বিচারব্যবস্থা ও শাসনকার্যের সুষ্ঠু বণ্টন মৌর্য শাসন-পদ্ধতিকে এক আধুনিক শাসন-পদ্ধতির বৈশিষ্ট্য দান করিয়াছিল। আজ হইতে প্রায় আড়াই হাজার বৎসর পূর্বে এই সুদক্ষ শাসনব্যবস্থা গড়িয়া উঠিয়াছিল তাহা ভাবিলেও বিস্মিত হইতে হয়। গ্রীক দূত মেগাস্থিনিসের বিবরণ, কৌটিল্যের অর্থশাস্ত্র ও সম্রাট অশোকের শিলালিপি হইতে মৌর্য শাসনব্যবস্থা সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা লাভ করা যায়।

আধুনিক ধরনের শাসনব্যবস্থা

মৌর্য শাসনব্যবস্থা কেন্দ্রীয় ও প্রাদেশিক—এই দুই ভাগে বিভক্ত ছিল। কেন্দ্রীয় সরকার তথা শাসনকার্যের সর্বোচ্চ ক্ষমতা ছিল রাজার হস্তে। মৌর্যরাজগণ 'দেবতাদের প্রিয়' বলিয়া নিজেদের অভিহিত করিতেন। তাঁহারা ছিলেন দেবতাদের প্রিয়, দেবতাদের বরপুত্র বা প্রতিনিধি নহেন। ইহা হইতে মনে হয় যে, তাঁহারা ভগবান-প্রদত্ত রাজক্ষমতায় বিশ্বাসী ছিলেন না। শাসনকার্য, সমর-পরিচালনা, বিচার ও আইন প্রবর্তনের সর্বোচ্চ ক্ষমতা ছিল রাজার হস্তে। শাসনকার্য সম্পাদনে মৌর্যরাজগণ অক্লান্ত পরিশ্রম করিতে দ্বিধাবোধ করিতেন না। সমর-পরিচালনার কাজ রাজা স্বয়ং করিতেন, কিন্তু এ-বিষয়ে সেনাপতি তাঁহাকে সাহায্য করিতেন। বিচারকার্য সম্পাদনে কোনপ্রকার বিলম্ব যাহাতে না হয় এবং সকলেই যাহাতে রাজার নিকট সরাসরিভাবে বিচারপ্রার্থী হইতে পারে সেই ব্যবস্থা ছিল। আইন প্রবর্তন ব্যাপারে রাজা প্রচলিত রীতিনীতি মানিয়া চলিতেন।

রাজার ক্ষমতা

রাজাকে শাসনকার্যে সাহায্য করিবার জন্য বহু রাজকর্মচারী নিযুক্ত হইতেন। ইঁহাদের মধ্যে মহামন্ত্রিগণ ছিলেন সর্বোচ্চে। মহামন্ত্রীদের সংখ্যা ছিল খুব অল্প। তাঁহাদের অধীনে বিভিন্ন বিভাগের দায়িত্বপ্রাপ্ত বহু বিভাগীয় অধ্যক্ষ থাকিতেন।


মহামন্ত্রিগণ

দেশের সর্বত্র কি ঘটিতেছে, সেনাবাহিনীর আনুগত্যে কোনপ্রকার সন্দেহের কারণ আছে কি না, প্রভৃতি তথ্য গোপনে সরবরাহ করিবার জন্য মৌর্যরাজগণ বহু সংখ্যক গুপ্তচর নিযুক্ত করিতেন।

গুপ্তচর

আইনত মৌর্যরাজগণ অসীম ক্ষমতার অধিকারী ছিলেন বটে কিন্তু কার্যক্ষেত্রে তাঁহাদিগকে 'মন্ত্রি-পরিষদ' নামে একটি কেন্দ্রীয় সভার পরামর্শ লইতে হইত। এই সভার সংখ্যাগরিষ্ঠের মতামত রাজা মানিতেন, যদিও আইনত তিনি মানিয়া লইতে বাধ্য ছিলেন না।

মন্ত্রি-পরিষদ



রাজধানীতে রাজা স্বয়ং বিচারকার্য পরিচালনা করিতেন। দেশের অপরাপর অংশে বিভিন্ন পর্যায়ের বিচারালয় ছিল। মৌর্য যুগে দণ্ডবিধির কঠোরতা পরিলক্ষিত হয়। অপরাধের গুরুত্ব বুঝিয়া জরিমানা, অঙ্গচ্ছেদ, প্রাণদণ্ড প্রভৃতি দেওয়া হইত।

বিচার বিভাগ

মেগাস্থিনিসের বিবরণ হইতে জানা যায় যে, মৌর্য সম্রাট চন্দ্রগুপ্তের মোট ছয় লক্ষ পদাতিক, ত্রিশ হাজার অশ্বারোহী, নয় হাজার হস্তী ও বহু সংখ্যক রথ ছিল। তাঁহার একটি বিশাল নৌবাহিনীও ছিল। এই বিশাল সেনাবাহিনীর কার্য সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ত্রিশ জন সদস্যের একটি সংস্থা ছিল। উহা আবার পাঁচ জন করিয়া সদস্য লইয়া ছয়টি ক্ষুদ্র ক্ষুদ্র সভায় বা বোর্ডে বিভক্ত ছিল। প্রত্যেক বোর্ড এক একটি বিশেষ দায়িত্বপ্রাপ্ত ছিল। এই ছয়টি বোর্ড পদাতিক, অশ্বারোহী, রথবাহিনী, হস্তিবাহিনী, সামরিক পরিবহণ ও খাদ্য সংগ্রহ এবং নৌবাহিনী—এই ছয়টি ভিন্ন ভিন্ন বিভাগের ভারপ্রাপ্ত ছিল।

সমর-পরিষদ : ছয়টি বোর্ড

রাজধানী পাটলিপুত্র নগরের সুষ্ঠু পরিচালনার জন্য সামরিক সংস্থার ন্যায় ত্রিশ জন সদস্য লইয়া একটি নগর-পরিষদ ছিল। উহার প্রতি পাঁচ জন সদস্য লইয়া মোট ছয়টি বোর্ড গঠিত ছিল এবং প্রত্যেকটি এক একটি বিভাগের দায়িত্বপ্রাপ্ত ছিল। এই সকল বিভাগ ছিল নিম্নলিখিত রূপ : (১) শিল্পোৎপাদন, (২) বিদেশীদের অভ্যর্থনা ও তত্ত্বাবধান, (৩) জন্ম ও মৃত্যুর হিসাব রক্ষা, (৪) ওজন, মাপ প্রভৃতির তত্ত্বাবধান, (৫) উৎপন্ন দ্রব্যাদির বিক্রয়ের তত্ত্বাবধান এবং (৬) বিক্রীত সামগ্রীর এক-দশমাংশ কর হিসাবে আদায় করা প্রভৃতি।

নগর-পরিষদ : ছয়টি বোর্ড

জমির ফসলের এক-ষষ্ঠাংশ রাজার 'ভাগ' হিসাবে আদায় করা হইত। উৎপন্ন সামগ্রীর এক-চতুর্থাংশ 'বলি'—অর্থাৎ কর হিসাবে দিতে হইত। জন্ম-মৃত্যু কর, বিক্রীত দ্রব্যমূল্যের এক-দশমাংশ প্রভৃতি আরও কয়েকটি করও তখন প্রচলিত ছিল।

রাজস্ব

প্রাদেশিক শাসনের সর্বোচ্চে ছিলেন প্রদেশপাল বা প্রাদেশিক শাসনকর্তা। রাজ্য কয়েকটি প্রদেশে বিভক্ত ছিল এবং প্রদেশগুলি আবার জনপদে বিভক্ত ছিল। প্রত্যেক জনপদ 'প্রদেষ্ট্রি', 'সমাহরত্রি', 'সন্নিধাত্রী' প্রভৃতি কর্মচারীর শাসনাধীন থাকিত। জনপদের এক-চতুর্থাংশের শাসনভার ছিল 'স্থানিক'-এর উপর। গ্রামের শাসনকার্য পরিচালনা করিতেন 'গ্রামিক'। প্রতি পাঁচটি হইতে দশটি গ্রামের অধিকর্তাকে 'গোপ' বলা হইত। সুযোগ পাইলে প্রাদেশিক শাসনকর্তাগণ যে স্ব স্ব প্রধান হইয়া উঠিতেন তাহার পরিচয় যুবরাজ অশোক কর্তৃক বিন্দুসারের শাসনকালে তক্ষশিলার বিদ্রোহ দমন এবং দূরবর্তী প্রদেশসমূহে রাজাদেশ পূর্ণমাত্রায় প্রতিপালিত হয় না, অশোকের শিলালিপিতে এই খেদোক্তি হইতে বুঝিতে পারা যায়।

প্রাদেশিক শাসনব্যবস্থা

সম্রাট অশোক উপরি-উক্ত শাসনব্যবস্থার কতক পরিবর্তনসাধন করিয়াছিলেন। তিনি রাজুক নামক রাজকর্মচারিগণের শাসনক্ষমতা পূর্বাপেক্ষা বহুগুণে বাড়াইয়া দিয়া

তাঁহারা যাহাতে সুদক্ষভাবে কর্তব্য সম্পাদন করিতে পারেন সেইজন্য প্রয়োজনীয় স্বাধীনতাও তাঁহাদিগকে দিয়াছিলেন। অশোক ধর্মমহামাত্র নামে একশ্রেণীর কর্মচারী নিয়োগ করেন। বিচারকার্যের তদারক এবং জনসাধারণের মধ্যে ধর্মভাব বৃদ্ধি করাই ছিল তাঁহাদের দায়িত্ব। বিচারকার্য বা শাসনকার্যে কোনপ্রকার ত্রুটি হইতেছে কি না সেই বিষয়ে লক্ষ্য রাখিবার উদ্দেশ্যে অশোক প্রতি তিন ও পাঁচ বৎসর অন্তর উচ্চপদস্থ কর্মচারিগণকে সাম্রাজ্যের বিভিন্ন অংশ পরিদর্শনে প্রেরণ করিতেন।

রাজুক, ধর্মমহামাত্র

ত্রৈবার্ষিক ও পঞ্চবার্ষিক পরিদর্শনব্যবস্থা

প্রতিবেদক নামক কর্মচারীদিগকে প্রজাবর্গের অবস্থা সম্পর্কে অথবা শাসনকার্যাদি সম্পর্কে জরুরী সংবাদ দিবার জন্য যে-কোন সময়ে সম্রাটের সহিত সাক্ষাৎ করিবার স্বাধীনতা দেওয়া হইয়াছিল। অশোকের শাসনকালে যুত, ব্রজভূমিক, নগর-ব্যবহারিক প্রভৃতি কয়েক শ্রেণীর নূতন কর্মচারীর উল্লেখ পাওয়া যায়।

প্রতিবেদক, যুত, ব্রজভূমিক

বিচার ব্যাপারে সকলকেই সমান চক্ষে দেখা হইত। অপরাধের শাস্তির ব্যাপারে এবং বিচারপ্রার্থী বা দণ্ডাদেশপ্রাপ্ত ব্যক্তিমাত্রেই যাহাতে সম-ব্যবহার পায় সেইজন্য অশোক উপযুক্ত ব্যবস্থা করিয়াছিলেন।

বিচার ও দণ্ডদানের সমতা

বলা বাহুল্য, অশোক মৌর্য শাসনব্যবস্থার কাঠামো অপরিবর্তিত রাখিয়া উহার কতক পরিবর্তন ও পরিবর্ধন করিয়াছিলেন। তাঁহার আমলে মৌর্য শাসনব্যবস্থা অধিকতর প্রজাহিতৈষী হইয়া উঠিয়াছিল। প্রজার সর্বাঙ্গীণ মঙ্গলসাধনই ছিল মৌর্য শাসনব্যবস্থার মূল আদর্শ। মৌর্য শাসনব্যবস্থায় রাজা বা সম্রাটের ক্ষমতা সর্বাধিক ছিল সত্য, কিন্তু তিনি তাঁহার এই ক্ষমতা স্বেচ্ছাচারিতায় পরিণত করেন নাই। শাসনকার্যের দক্ষতা, আমলাশ্রেণীর কর্মকুশলতা এবং জনগণের মঙ্গলসাধনের ইচ্ছা লইয়া কর্তব্যসম্পাদন প্রভৃতি মৌর্য শাসনব্যবস্থাকে আধুনিক বৈশিষ্ট্যদান করিয়াছিল। মৌর্য সম্রাটগণ জনসাধারণকে শাসনকার্যে অংশ-গ্রহণ করিবার সুযোগদান করেন নাই বটে, কিন্তু তাঁহাদের পিতৃসুলভ দায়িত্ববোধ মৌর্য শাসনব্যবস্থাকে প্রজাহিতৈষী করিয়া তুলিয়াছিল। সুদূর প্রাচীনকালে ভারতবর্ষে এইরূপ সুদক্ষ শাসনব্যবস্থা স্থাপন করা হইয়াছিল ভাবিলেও বিস্মিত হইতে হয়।

মৌর্য শাসনের প্রকৃতি

প্রজাহিতৈষী শাসন

মেগাস্থিনিসের বিবরণ (Megasthenes' Account): চন্দ্রগুপ্তের সহিত যুদ্ধের পর সেলুকাস ও চন্দ্রগুপ্তের মধ্যে যে সৌহার্দ্য স্থাপিত হয় উহার সূত্র ধরিয়া সেলুকাস চন্দ্রগুপ্তের রাজসভায় মেগাস্থিনিস নামে জনৈক গ্রীক দূতকে প্রেরণ করেন। মেগাস্থিনিস মৌর্য রাজসভায় অবস্থানকালে মৌর্য শাসন ও সাম্রাজ্য সম্পর্কে এক বিশদ বিবরণ লিপিবদ্ধ করেন। এই গ্রন্থখানির নাম 'ইণ্ডিকা'। তাঁহার এই গ্রন্থখানি উদ্ধার করা সম্ভব হয় নাই। অপরাপর গ্রীক ঐতিহাসিক মেগাস্থিনিসের বর্ণনার কতকাংশ তাঁহাদের রচনায় উদ্ধৃত

'ইণ্ডিকা'

করিয়াছিলেন। এই সকল গ্রন্থ হইতে মেগাস্থিনিসের বিবরণের কতকাংশ উদ্ধার করা সম্ভব হইয়াছে।

মৌর্য শাসনব্যবস্থার বর্ণনা করিতে গিয়া মেগাস্থিনিস বলিয়াছিলেন যুদ্ধ, শিকার, পূজা ও বিচার—এই চারি প্রকার কাজের জন্য মৌর্য সম্রাট প্রাসাদ হইতে বাহিরে আসিতেন। তিনি অমাত্য ও সচিবদের পরামর্শ লইয়া রাজকার্য সম্পন্ন করিতেন। প্রাসাদের অভ্যন্তরে নারীরক্ষীরা পাহারা দিত। মৌর্য সম্রাটগণ গুপ্তচর নিয়োগ করিতেন একথাও মেগাস্থিনিস উল্লেখ করিয়াছেন।

রাজকর্তব্য

মৌর্য সেনাবাহিনী এবং সমর-পরিষদের বর্ণনাও মেগাস্থিনিসের বর্ণনায় পাওয়া যায়। পাটলিপুত্র নগরের নগর-পরিষদের বিভিন্ন বোর্ডের কার্যকলাপ সম্পর্কে মেগাস্থিনিস বিশদ বিবরণ রাখিয়া গিয়াছেন। ত্রিশ জন সদস্য লইয়া গঠিত নগর-পরিষদ ছয়টি ক্ষুদ্র ক্ষুদ্র বোর্ডে বিভক্ত ছিল এবং এগুলির প্রত্যেকটি এক একটি বিশেষ বিভাগের দায়িত্বপ্রাপ্ত ছিল। (এ-বিষয়ে আলোচনা পূর্বে করা হইয়াছে।) পাটলিপুত্র নগরের একটি অতি সুন্দর বর্ণনা মেগাস্থিনিস রাখিয়া গিয়াছেন। গঙ্গা ও শোণ নদীর সঙ্গমস্থলে অবস্থিত পাটলিপুত্র নগরটি কাষ্ঠ দ্বারা নির্মিত ছিল। নগরটি ছিল দৈর্ঘ্যে ৯½ মাইল এবং প্রস্থে ১¾ মাইল। পাটলিপুত্র নগর একটি গভীর পরিখা ও একটি দেওয়াল দ্বারা পরিবেষ্টিত ছিল। দেওয়ালের স্থানে স্থানে ৬৪টি তোরণ ও ৫৭০টি গম্বুজ ছিল।

সমর-পরিষদ, নগর-পরিষদ ও পাটলিপুত্র নগরের বর্ণনা

মেগাস্থিনিস মৌর্য সম্রাটের প্রাসাদ দেখিয়া উহাকে পারস্য সম্রাটের প্রাসাদ অপেক্ষা শতগুণে সুন্দর বলিয়া মন্তব্য করিয়াছিলেন। প্রাসাদ-সংলগ্ন উদ্যানে নানা প্রকার গাছ, ময়ূর প্রভৃতি পাখী এবং কৃত্রিম হ্রদে নানা রং-এর মাছ ছিল।

প্রাসাদের অতুলনীয় সৌন্দর্য

জনসাধারণ শান্তিপূর্ণ স্বচ্ছন্দ জীবন যাপন করিত। খাদ্যদ্রব্যাদির প্রাচুর্য ছিল বলিয়া তাহাদের শরীর ও স্বাস্থ্য ছিল অতি চমৎকার। বলিষ্ঠ দেহে তাহারা বলিষ্ঠ মনের পরিচয়ও দিয়াছিল। নানা প্রকার শিল্পকার্যে তাহারা ছিল অসাধারণ পারদর্শী। অর্থনৈতিক সমৃদ্ধির কথা বলিতে গিয়া মেগাস্থিনিস উল্লেখ করিয়াছেন যে, কৃষকগণ বৎসরে দুইবার করিয়া ফসল তুলিত। পর্যাপ্ত পরিমাণে ফসল জন্মাইত বলিয়া ভারতবর্ষে কোনকালে দুর্ভিক্ষ দেখা দেয় নাই একথাও তিনি বলিয়াছেন।

জনসাধারণের জীবনযাত্রা শান্তিপূর্ণ ও সমৃদ্ধ

কিন্তু এই উক্তি সম্পূর্ণ সত্য নহে, কারণ মৌর্য যুগের পূর্বে দুর্ভিক্ষ দেখা দিয়াছিল সে-প্রমাণ পাওয়া যায়। এমনকি, চন্দ্রগুপ্ত মৌর্যের শাসনকালেরই শেষভাগে বিহারে এক দারুণ দুর্ভিক্ষ দেখা দিয়াছিল।

কৃষি ছিল জনসাধারণের প্রধান উপজীবিকা। জনসাধারণের অধিকাংশ গ্রামাঞ্চলে বসবাস করিত। অবশ্য শহরাঞ্চলেও এক বিরাট সংখ্যক লোকের বাস ছিল। পাটলিপুত্র ভিন্ন কৌশাম্বী, তক্ষশিলা, উজ্জয়িনী, পুণ্ড্রনগর প্রভৃতি ছিল মৌর্য সাম্রাজ্যের অপরাপর উল্লেখযোগ্য নগর।

কৃষি প্রধান উপজীবিকা

সামাজিক অবস্থার বর্ণনা করিতে গিয়া মেগাস্থিনিস ভারতবাসীদিগকে সাতটি ভিন্ন ভিন্ন শ্রেণীতে ভাগ করিয়াছেন। ভারতের ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চিরাচরিত চারি শ্রেণী সম্পর্কে তিনি ততটা খেয়াল করেন নাই। বৃত্তি অনুসারে তিনি ভারতবাসীদের দার্শনিক, কৃষক, পশুপালক, বণিক-শিল্পকার, সৈনিক, পরিদর্শক, সভাসদ— এই সাতটি শ্রেণীতে বিভক্ত করিয়াছিলেন। জনসাধারণ সরল, সুখপূর্ণ ও স্বচ্ছন্দ জীবন যাপন করিত। মামলা-মকদ্দমা, চুরি-ডাকাতি প্রভৃতি তখন একপ্রকার ছিল না বলিলেও অত্যুক্তি হয় না। মিতব্যয়িতা, শ্রমপরায়ণতা, শান্তিপ্রিয়তা, সরলতা প্রভৃতি সেই সময়ের সমাজ-জীবনের বৈশিষ্ট্য বলিয়া মেগাস্থিনিস উল্লেখ করিয়াছেন। মৌর্য যুগে দাসত্বপ্রথার প্রচলন ছিল না একথা মেগাস্থিনিস বলিয়া গিয়াছেন। কিন্তু প্রকৃত ক্ষেত্রে সেই সময়ে দাসত্বপ্রথা প্রচলিত ছিল। সমাজে দাসগণের প্রতি উদার ব্যবহার দৃষ্টে মেগাস্থিনিস হয়ত এইরূপ মন্তব্য করিয়া থাকিবেন।

সমাজ

সাত শ্রেণী

দাসত্বপ্রথা

অর্থনৈতিক জীবন সম্পর্কে বর্ণনায় মেগাস্থিনিস বলিয়াছেন যে ভারতবর্ষে দুর্ভিক্ষ ঘটে না। কিন্তু একথা যে সত্য নহে, সে-বিষয়ে আলোচনা পূর্বেই করা হইয়াছে। জনসাধারণ অনাড়ম্বর জীবন যাপন করিত বটে, কিন্তু সকলেই তখন অলঙ্কার ব্যবহার করিত। সেই সময়ে বণিক ও সওদাগরের সংখ্যাও যথেষ্ট ছিল। খনিজ সম্পদে ভারতবর্ষ তখন খুবই উন্নত ছিল একথাও মেগাস্থিনিস উল্লেখ করিয়া গিয়াছেন।

অর্থনৈতিক জীবন

ধর্ম-জীবন : অশোকের শিলালিপি, স্তম্ভলিপি প্রভৃতি হইতে মৌর্য যুগের ধর্মনৈতিক জীবন সম্পর্কে কতক ধারণা লাভ করা যায়। সেই সময়কার প্রধান ধর্ম-সম্প্রদায়গুলি ছিল জৈন, বৌদ্ধ ও হিন্দু। 'আজীবিক' নামক সম্প্রদায়ের উল্লেখও অশোকের লিপিতে পাওয়া যায়। ধর্মক্ষেত্রে পরধর্মসহিষ্ণুতার নীতি পালন করা হইত।

***কৌটিল্যের অর্থশাস্ত্র* (Kautilya's Arthashastra) :** চন্দ্রগুপ্তের মন্ত্রী ও উপদেষ্টা কৌটিল্য 'অর্থশাস্ত্র' নামে রাষ্ট্রনীতি-বিষয়ক একখানি গ্রন্থ সে-যুগে রচনা করিয়াছিলেন। এই গ্রন্থখানির রচনাকাল ও রচয়িতা সম্পর্কে মতানৈক্য থাকিলেও ইহাতে মৌর্য শাসনব্যবস্থারই যে বর্ণনা রহিয়াছে সে-বিষয়ে সন্দেহ নাই। পররাষ্ট্র-নীতি, রাজ্য-শাসন-নীতি প্রভৃতি সম্পর্কে এবং মন্ত্রি-পরিষদ সম্পর্কে নানা প্রকার বর্ণনা এই গ্রন্থে পাওয়া যায়। রাজা বিচারকার্যে বিলম্ব করিবেন না, মন্ত্রি-পরিষদের সংখ্যাগরিষ্ঠদের মতামত উপেক্ষা করিবেন না প্রভৃতি নানা প্রকার রাষ্ট্রপরিচালনা সংক্রান্ত উপদেশ ও নীতি এই গ্রন্থে সন্নিবিষ্ট আছে। বিভিন্ন বিভাগীয় অধ্যক্ষ, গুপ্তচর, দণ্ডবিধির কঠোরতা প্রভৃতি সম্পর্কেও এই গ্রন্থে উল্লেখ আছে। অর্থশাস্ত্রে মৌর্য শাসনব্যবস্থার বর্ণনা মেগাস্থিনিসের বিবরণেও যথেষ্ট সমর্থিত হইয়াছে।

রাষ্ট্রনীতি-বিষয়ক উপদেশ


অর্থশাস্ত্রের তথ্যাদি মেগাস্থিনিস কর্তৃক সমর্থিত

মৌর্য শাসনব্যবস্থা সম্পর্কে অর্থশাস্ত্রে যে তথ্যাদি আছে তাহা হইতে মৌর্য শাসনব্যবস্থার নিখুঁত চিত্র না পাওয়া গেলেও অর্থশাস্ত্রের ঐতিহাসিক গুরুত্ব নেহাত কম নহে। মৌর্য শাসনব্যবস্থার ইতিহাস রচনায় অর্থশাস্ত্রের বিবরণ অপরিহার্য উপাদান, ইহা নিঃসন্দেহে বলা যায়।


অর্থশাস্ত্রের ঐতিহাসিক গুরুত্ব

***মৌর্য যুগের শিল্পকলা ও স্থাপত্য* (Maurya Art and Architecture) :** মেগাস্থিনিসের এবং পরবর্তীকালে ফা-হিয়েনের বিবরণে মৌর্য প্রাসাদের যে-বর্ণনা পাওয়া যায় তাহা হইতে মৌর্য যুগে শিল্পকলার উন্নতির কথা আমরা জানিতে পারি। মেগাস্থিনিস বলিয়া গিয়াছেন যে, মৌর্য আমলে নদী বা সমুদ্রের তীরবর্তী শহর ও নগরগুলির ঘরবাড়ী কাষ্ঠ দ্বারা নির্মিত হইত। অভ্যন্তর অঞ্চলে অবশ্য ইট ব্যবহার করা হইত। মৌর্য প্রাসাদ দেখিয়া কয়েক শত বৎসর পরেও ফা-হিয়েন বিস্ময়াভিভূত হইয়াছিলেন। মৌর্য সম্রাট অশোক ও দশরথের পৃষ্ঠপোষকতায় নির্মিত গুহাগুলির নির্মাণকৌশল ছিল অপূর্ব। গুহাগুলির দেওয়ালগাত্র কাচের ন্যায় মসৃণ ছিল। মৌর্য প্রাসাদে অসংখ্য স্তূপ এবং গুহাগুলির নির্মাণকৌশল হইতে সে-যুগে স্থাপত্য শিল্প যে যথেষ্ট উন্নতিলাভ করিয়াছিল তাহা সহজেই অনুমান করা যায়।

স্থাপত্য শিল্প



অশোকস্তম্ভশীর্ষ



অশোকস্তম্ভ (নন্দনগড়)

অশোকের আমলে নির্মিত স্তম্ভ ও স্তম্ভশীর্ষের পশুর প্রতিকৃতিগুলির নিখুঁত গড়ন এবং অপরাপর আলঙ্কারিক কারুকার্য মৌর্য যুগের ভাস্কর্য শিল্পের উৎকর্ষের পরিচয় আজিও বহন করিতেছে। সারনাথ স্তম্ভশীর্ষের সিংহমূর্তিগুলির অনুপাতজ্ঞান আমাদের বিস্ময় উৎপাদন করে। পাটলিপুত্র নগর এবং অন্যান্য স্থানে মৌর্য যুগে নির্মিত কতকগুলি মূর্তিও আবিষ্কৃত হইয়াছে।

ভাস্কর্য শিল্প

মৌর্য যুগের স্থাপত্য ও ভাস্কর্য শিল্পে পারসিক ও গ্রীক শিল্পরীতির প্রভাব পরিলক্ষিত হয়। সারনাথ স্তম্ভ তথা অপরাপর অশোকস্তম্ভের মসৃণতা পারসিক শিল্পকৌশলের পরিচায়ক। সারনাথ স্তম্ভশীর্ষের পশুমূর্তিগুলির নির্মাণকৌশলে গ্রীক শিল্পরীতির প্রভাব পরিলক্ষিত হয়।

পারসিক ও গ্রীক প্রভাব

সপ্তম অধ্যায়

মৌর্য সাম্রাজ্যের পতন : বৈদেশিক আক্রমণ : সাংস্কৃতিক প্রভাব

(Fall of the Maurya Empire : Foreign Invasions : Cultural Impact)

মৌর্য সাম্রাজ্যের পতন (Fall of the Maurya Empire) : চন্দ্রগুপ্ত মৌর্য ও তাঁহার মন্ত্রী চাণক্যের চেষ্টায় যে বিশাল মৌর্য সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল, সম্রাট অশোকের আমলে উহা উন্নতির চরম শিখরে আরোহণ করে। কিন্তু এই সাম্রাজ্য দীর্ঘকাল স্থায়ী হইল না। পরবর্তীকালে দুর্বল বংশধরগণের পক্ষে মৌর্য সাম্রাজ্যের সংহতি ও সমৃদ্ধি বজায় রাখা সম্ভব হইল না, ফলে বিশাল মৌর্য সাম্রাজ্য ক্রমেই পতনোন্মুখ হইয়া পড়িল। মৌর্য সাম্রাজ্যের পতনের কারণগুলিকে আভ্যন্তরীণ ও বহিরাগত—এই দুই ভাগে ভাগ করা যাইতে পারে। আভ্যন্তরীণ কারণগুলির মধ্যে রাজপরিবারে কলহ, দুর্বলচেতা সম্রাটগণের শাসন, প্রাদেশিক শাসনকর্তাদের স্বার্থপরতা, আনুগত্যের অভাব প্রভৃতির উল্লেখ করা যাইতে পারে। দুর্বলচেতা বংশধরগণের হস্তে বিশাল মৌর্য সাম্রাজ্যের সংহতি বিনষ্ট হইয়া গেলে স্বভাবতই রাজপরিবারের বিভিন্ন ব্যক্তির মধ্যে স্বার্থের দ্বন্দ্ব শুরু হইল। প্রাদেশিক শাসনকর্তাগণ সুযোগ পাইলেই কেন্দ্রীয় সরকারের আনুগত্য অস্বীকার করিতেন। বিন্দুসারের আমলে তক্ষশিলায় বিদ্রোহ দেখা দিলে যুবরাজ অশোককে উহা দমন করিবার জন্য প্রেরণ করা হইয়াছিল। অশোক সেই বিদ্রোহ দমন করিতে সমর্থ হইয়াছিলেন বটে, কিন্তু ইহার পরও প্রাদেশিক শাসনকর্তাগণ পূর্ণমাত্রায় আনুগত্যপূর্ণ হইয়া উঠেন নাই। অশোক তাঁহার শিলালিপিতে প্রাদেশিক শাসনকর্তাগণ যে তাঁহার আদেশ পূর্ণমাত্রায় পালন করেন না তাহার উল্লেখ করিয়াছেন। এই

মৌর্য সাম্রাজ্যের পতনের কারণ : পারিবারিক দ্বন্দ্ব, প্রাদেশিক শাসনকর্তাদের স্ব স্ব প্রাধান্য, সাম্রাজ্যের বিশালতা

সকল তথ্য হইতে মৌর্য সাম্রাজ্যের প্রাদেশিক শাসনব্যবস্থা কেন্দ্রীয় সরকারের দুর্বলতার সুযোগ গ্রহণে আগ্রহান্বিত ছিল তাহা প্রমাণিত হয়। অশোকের পরবর্তী সম্রাটদের দুর্বলতার সুযোগে স্বভাবতই প্রাদেশিক শাসনকর্তাগণ স্ব স্ব প্রধান হইয়া উঠিলেন।

দুর্বল বংশধরগণের আমলে মৌর্য সাম্রাজ্যের বিশালতাও উহার সুষ্ঠ শাসনের অসুবিধার সৃষ্টি করিয়াছিল। ফলে সাম্রাজ্যের বিশালতাই উহার পতনের পথ কতকটা সহজ করিয়া দিল।*

হরপ্রসাদ শাস্ত্রীর মতবাদ

হরপ্রসাদ শাস্ত্রীর মতে মৌর্য সাম্রাজ্যের পতনের অন্যতম প্রধান কারণ ছিল উহার বিরুদ্ধে ব্রাহ্মণ সমাজের প্রতিক্রিয়া। তাঁহার মতে অশোকের পশু-হত্যা নিবারণ সংক্রান্ত আদেশসমূহ এবং ব্যবহার-সমতা ও দণ্ড-সমতা—অর্থাৎ আইনের চক্ষে সকলের সমতা ব্রাহ্মণদের চিরাচরিত বিশেষ অধিকার হরণ করিয়াছিল এইজন্য ব্রাহ্মণদের মধ্যে যে প্রতিক্রিয়া দেখা দিয়াছিল উহাই মৌর্য সাম্রাজ্যের পতনের জন্য প্রধানত দায়ী ছিল। কিন্তু ডক্টর রায়চৌধুরী হরপ্রসাদ শাস্ত্রীর অভিমতকে নানা যুক্তি দর্শাইয়া খণ্ডন করিয়াছেন। ব্রাহ্মণদের প্রতিক্রিয়া মৌর্য সাম্রাজ্যের পতনের কারণ বলিয়া অনেকেই মনে করেন না।

ব্যাক্‌ট্রীয় গ্রীক আক্রমণ

অশোকের আমলে যে ব্যাপক ধর্মপ্রবণতা দেখা দিয়াছিল এবং যে ভ্রাতৃত্বের আদর্শ অশোক অনুসরণ করিয়াছিলেন তাহাতে স্বভাবতই সামরিক ক্ষেত্রেও মৌর্য সাম্রাজ্য দুর্বল হইয়া পড়িয়াছিল। ফলে একদিকে যেমন আভ্যন্তরীণ ক্ষেত্রে সাম্রাজ্যের বিভিন্ন অংশ বিচ্ছিন্ন হইয়া পড়িতেছিল অপরদিকে তেমনি বহিরাগত শত্রু ভারতবর্ষ আক্রমণ করিতে সাহসী হইয়াছিল। এই আভ্যন্তরীণ দুর্বলতা ও বহিঃশত্রু—ব্যাকৃট্রীয় বা বাহ্লিক গ্রীকগণের আক্রমণের সুযোগে সর্বশেষ মৌর্য সম্রাট বৃহদ্রথকে সিংহাসনচ্যুত ও হত্যা করিয়া তাঁহার সেনাপতি পুষ্যমিত্র শুঙ্গ মগধের সিংহাসন অধিকার করিলেন।

সম্রাট অশোকের দায়িত্ব

মৌর্য সাম্রাজ্যের পতনের জন্য সম্রাট অশোকের শান্তিকামী নীতি অনেক পরিমাণে দায়ী ছিল সন্দেহ নাই। কিন্তু অশোক সামরিক নীতি অনুসরণ করিলেও প্রকৃতির নিয়মেই মৌর্য সাম্রাজ্যের পতন অবশ্যম্ভাবী ছিল। পৃথিবীর ইতিহাসে কোন সাম্রাজ্যই চিরস্থায়ী হয় নাই। কিন্তু অশোক শান্তি, ক্ষমা, করুণা ও

মন্তব্য

মৈত্রীর যে বাণী প্রচার করিয়া গিয়াছিলেন তাহার প্রভাব পৃথিবীর এক বিশাল অংশে আজিও বিলুপ্ত হয় নাই। অশোকের শান্তি-নীতির উপর নির্ভর করিয়াই আজ স্বাধীন ভারতের পররাষ্ট্র-নীতি পরিচালিত হইতেছে। সম্রাট অশোক কর্তৃক প্রদর্শিত পন্থাই যুদ্ধ-বিক্ষুব্ধ পৃথিবীকে প্রকৃত পথের সন্ধান দিতে পারিবে।

শুঙ্গ বংশ (The Sungas) : সর্বশেষ মৌর্য সম্রাট বৃহদ্রথকে সিংহাসনচ্যুত ও হত্যা করিয়া তাঁহারই সেনাপতি পুষ্যমিত্র শুঙ্গ মগধের সিংহাসনে আরোহণ করেন।

* "His (Asoka's) Sceptre was the bow of Ulysses which could not be drawn by weaker hand." Vide Raychaudhuri : *Political History of Ancient India*, p. 349 (Fifth Edn.).

তিনি ছিলেন শক্তিশালী রাজা। তাঁহার রাজত্বকালে ব্যাক্ট্রীয়ার (Bactria) গ্রীক রাজা ডেমেট্রিয়স্ (Demetrios) পাঞ্জাব ও সিন্ধু-উপত্যকা জয় করিয়া গাঙ্গেয় উপত্যকার দিকে অগ্রসর হইলে পুষ্যমিত্রের পৌত্র বসুমিত্রের হস্তে তাঁহাকে পরাজয় স্বীকার করিতে হইয়াছিল। পুষ্যমিত্র জাতিতে ব্রাহ্মণ ছিলেন। তাঁহার আমলে ব্রাহ্মণ্য ধর্মের পুনরুজ্জীবন ঘটিয়াছিল। তিনি মগধের সিংহাসনলাভ এবং তাঁহার পৌত্র বসুমিত্র কর্তৃক গ্রীকদের সহিত যুদ্ধে জয়লাভের স্মৃতি-রক্ষার্থে দুইটি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। পুষ্যমিত্রের রাজত্বকালে কলিঙ্গরাজ খারবেল মগধ আক্রমণ করিয়াছিলেন বলিয়া কোন কোন ঐতিহাসিক মনে করেন। পুষ্যমিত্রের রাজ্য মগধ হইতে নর্মদা নদী এবং পশ্চিমে বিপাশা নদী পর্যন্ত বিস্তৃত ছিল। জলন্ধর ও শিয়ালকোট তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। অনেকে অনুমান করেন যে প্রসিদ্ধ বৈয়াকরণ পতঞ্জলি ছিলেন পুষ্যমিত্রের সমসাময়িক। বৌদ্ধগ্রন্থে পুষ্যমিত্রকে বৌদ্ধধর্ম-বিরোধী বলিয়া বর্ণনা করা হইয়াছে, কিন্তু এ-বিষয়ে মতদ্বৈধ রহিয়াছে।

পুষ্যমিত্র শুঙ্গ

পুষ্যমিত্রের মৃত্যুর পর তাঁহার পুত্র অগ্নিমিত্র সিংহাসনলাভ করেন। অগ্নিমিত্র সিংহাসনে আরোহণের পূর্বেই পিতার সহায়করূপে যুদ্ধ-বিগ্রহে অবতীর্ণ হইয়াছিলেন। বিদর্ভরাজ যজ্ঞসেনকে পরাজিত করিয়া তিনি তাঁহার সামরিক কৌশলের পরিচয় দিয়াছিলেন। অগ্নিমিত্র সমসাময়িক কালের জনৈক শক্তিশালী ও খ্যাতিসম্পন্ন রাজা ছিলেন। মহাকবি কালিদাস-রচিত 'মালবিকাগ্নিমিত্রম্' নাটক রাজা অগ্নিমিত্রের কার্যকলাপের উপর ভিত্তি করিয়া রচিত হইয়াছিল। ইহা অগ্নিমিত্রের শ্রেষ্ঠত্বেরই প্রমাণ, নিঃসন্দেহে বলা যাইতে পারে। পরবর্তী রাজগণের মধ্যে সুজ্যেষ্ঠ, বসুমিত্র প্রভৃতির নাম উল্লেখযোগ্য। বসুমিত্র পিতামহ পুষ্যমিত্রের রাজত্বকালে ব্যাক্ট্রীয় গ্রীক আক্রমণ প্রতিহত করিয়া তাঁহার বীরত্বের পরিচয় দান করিয়াছিলেন, একথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে।

অগ্নিমিত্র, সুজ্যেষ্ঠ, বসুমিত্র

শুঙ্গ বংশের মোট দশ জন রাজা ক্রমান্বয়ে রাজত্ব করিয়াছিলেন। ইহাদের মধ্যে ভাগভদ্র নামক রাজার সভায় তক্ষশিলার গ্রীকরাজ এ্যান্টাল্কিডাস হেলিওডোরাস নামে জনৈক গ্রীককে দূত হিসাবে প্রেরণ করিয়াছিলেন। ইহা হইতে অনুমান করা ভুল হইবে না যে, ভাগভদ্র একজন শক্তিশালী তথা খ্যাতিসম্পন্ন রাজা ছিলেন।

শুঙ্গ বংশের রাজত্বকালের শেষদিকে রাজগণ ছিলেন দুর্বল। এই দুর্বলতার সুযোগে শুঙ্গবংশীয় রাজা দেবভূতিকে সিংহাসনচ্যুত ও হত্যা করিয়া তাঁহারই মন্ত্রী বসুদেব মগধের সিংহাসন অধিকার করেন। ইনি ছিলেন কাণ্ব বংশ-সম্ভূত। সুতরাং তাঁহার প্রতিষ্ঠিত রাজবংশ কাণ্ববংশ নামে পরিচিত।

শুঙ্গ বংশের রাজত্বকালে ভাগবত ও বৈষ্ণবধর্মের প্রাধান্য পরিলক্ষিত হয়। গ্রীক দূত হেলিওডোরাস বেস্নগর নামক স্থানে দেবতা বাসুদেবের নামে একটি গরুড়ধ্বজ নির্মাণ করাইয়াছিলেন। শুঙ্গরাজগণ হিন্দুধর্মের প্রতি অনুরক্ত হইলেও তাঁহারা অপরাপর ধর্মের প্রতিও যথেষ্ট উদারতা প্রদর্শন করিতেন।

ভাগবত ও বৈষ্ণব-ধর্মের প্রাধান্য

কাণ্ববংশ (The Kanvas) : শুঙ্গরাজ দেবভূতির মন্ত্রী বসুদেব তাঁহাকে হত্যা করিয়া সিংহাসন অধিকার করিয়াছিলেন বটে, কিন্তু মগধের শক্তি ও প্রতিপত্তি পুনরুজ্জীবিত করিতে তিনি সমর্থ হন নাই। এই বংশের রাজগণের মধ্যে বসুদেব, ভূমিমিত্র, নারায়ণ, সুশর্মন্ প্রভৃতির নাম উল্লেখযোগ্য। আনুমানিক ৩০ খ্রীষ্টপূর্বাব্দে দাক্ষিণাত্যের সাতবাহনবংশীয় রাজগণের হস্তে কাণ্ববংশের পতন ঘটে।

বসুদেব, ভূমিমিত্র, নারায়ণ, সুশর্মন্ প্রভৃতি

কলিঙ্গের চেত বংশ (The Chetas of Kalinga) : সম্রাট অশোকের মৃত্যুর পর কলিঙ্গ রাজ্য চেত বংশের অধীনে স্বাধীন হইয়া গিয়াছিল। কলিঙ্গরাজ খারবেল ক্ষমতাশালী রাজা ছিলেন। তিনি উত্তর-ভারতের কতকাংশ জয় করিয়াছিলেন বলিয়া উদয়গিরি পাহাড়ের 'হাতীগুম্ফা' লিপিতে উল্লেখ আছে। খারবেল ছিলেন চেতবংশীয় রাজগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ। তিনি জৈনধর্মাবলম্বী হইলেও যুদ্ধ-বিগ্রহাদিতে তাঁহার কোন দ্বিধাবোধ ছিল না। তিনি দাক্ষিণাত্যের সাতবাহনরাজ সাতকর্ণীকে পরাজিত করিয়াছিলেন এবং শুঙ্গরাজ পুষ্যমিত্রের রাজত্বকালে মগধ আক্রমণ করিয়াছিলেন। তিনি তাঁহার রাজ্য দক্ষিণে গোদাবরী নদীর অপর তীর পর্যন্ত বিস্তৃত করিয়াছিলেন। খারবেলের পরবর্তীকালে চেতবংশীয় রাজগণের ইতিহাস জানা যায় নাই।

খারবেল

সাতবাহন বংশ (The Satavahanas) : সিমুক ছিলেন সাতবাহন বংশের প্রতিষ্ঠাতা। সিমুক ঠিক কোন্ বৎসর সাতবাহন বংশের প্রতিষ্ঠা করিয়াছিলেন সে-বিষয়ে ঐতিহাসিকদের মধ্যে মতানৈক্য রহিয়াছে। যাহা হউক, খ্রীষ্টপূর্ব প্রথম শতাব্দীর শেষদিকে সাতবাহন বংশের প্রতিষ্ঠা হইয়াছিল একথা বলা ভুল হইবে না। এই বংশ মহারাষ্ট্রে স্বাধীন রাজ্য স্থাপন করিয়াছিল। সাতবাহনগণ অন্ধ্র বা অন্ধ্রভৃত্য নামেও পরিচিত। সাতবাহন বংশের সিমুক কাণ্ববংশের অবসান ঘটাইয়া সাতবাহন প্রাধান্য বৃদ্ধি করিয়াছিলেন। সিমুকের পুত্র (মতান্তরে ভ্রাতুষ্পুত্র) প্রথম সাতকর্ণী সাতবাহন শক্তিকে প্রাধান্যে স্থাপন করিয়াছিলেন। দাক্ষিণাত্যের মারাঠা দলপতিদের সহিত তিনি মিত্রতা স্থাপন করিয়া নিজ শক্তি বৃদ্ধি করিয়াছিলেন। নিজ পরাক্রমের পরিচয় হিসাবে তিনি অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন। কিন্তু তাঁহার মৃত্যুর পর শক-যবন-পহ্লব আক্রমণে সাতবাহন রাজ্য সঙ্কুচিত হইয়া গিয়াছিল। খ্রীষ্টীয় প্রথম শতকের শেষভাগে মালব ও কাথিয়াবাড় অঞ্চলের শক ক্ষত্রপগণ মালব অঞ্চলে অন্ধ্র প্রাধান্য বিনাশ করিয়া দাক্ষিণাত্যের উত্তর-পশ্চিম অঞ্চল জয় করিয়া লইলে দক্ষিণ-ভারতের রাজনৈতিক ইতিহাসে এক সঙ্কট উপস্থিত হয়। সেই সময়ে সাতবাহন বংশের শ্রেষ্ঠ রাজা গৌতমীপুত্র সাতকর্ণী মালব ও কাথিয়াবাড় অঞ্চলের শকগণকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া দাক্ষিণাত্যে সাতবাহন রাজ্যের অপহৃত অংশ পুনরুদ্ধার করেন এবং ক্রমে গুজরাট ও রাজপুতানার এক বিশাল অংশ জয় করেন। গৌতমীপুত্র সাতকর্ণী আনুমানিক ১০৬ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহণ করিয়াছিলেন।

প্রথম সাতকর্ণী

গৌতমীপুত্র সাতকর্ণী

সাতবাহন বংশের রাজগণের মধ্যে গৌতমীপুত্র সাতকর্ণীই ছিলেন সর্বাধিক ক্ষমতাশালী। কোঙ্কণ, সৌরাষ্ট্র, মালব প্রভৃতি তাঁহার সাম্রাজ্যভুক্ত ছিল। গৌতমীপুত্র সাতকর্ণী শক-যবন-পহ্লব শক্তি বিনাশক বলিয়া নিজেকে পরিচয় দিতেন। তাঁহার সাম্রাজ্য উত্তরে মালব হইতে দক্ষিণে কানাড়া পর্যন্ত বিস্তৃত হইয়াছিল। গৌতমীপুত্র সাতকর্ণীর বীরত্বের কাহিনী তাঁহার মাতা গৌতমী বলশ্রীর লিপি হইতে বিশদভাবে জানা যায়। গৌতমী বলশ্রী গৌতমীপুত্র সাতকর্ণীকে একজন বিশিষ্ট ব্রাহ্মণ বলিয়া বর্ণনা করিয়াছেন এবং তাঁহাকে ক্ষহরাত, শক, যবন ও পহ্লব উচ্ছেতা বলিয়া অভিহিত করিয়াছেন। গৌতমী বলশ্রীর লিপি হইতে গৌতমীপুত্র সাতকর্ণীর সাম্রাজ্যের বিস্তার সম্পর্কে সুস্পষ্ট জ্ঞান লাভ করা যায়। এই বিবরণে গৌতমীপুত্র সাতকর্ণীর সাম্রাজ্য অপরান্ত—অর্থাৎ উত্তর-কোঙ্কণ, কাথিয়াবাড়, আকর-অবন্তী—অর্থাৎ পূর্ব ও পশ্চিম মালব, অনুপ, কুকুর প্রভৃতি অঞ্চলব্যাপী বিস্তৃত ছিল বলিয়া বর্ণিত আছে।

এই বংশের পরবর্তী রাজগণের মধ্যে বশিষ্ঠীপুত্র পুলমায়ী ও যজ্ঞশ্রী সাতকর্ণীর নাম উল্লেখযোগ্য। দীর্ঘ পঁচিশ বৎসর রাজত্বের পর গৌতমীপুত্র সাতকর্ণীর মৃত্যু হইলে তাঁহার পুত্র পুলমায়ী (বশিষ্ঠীপুত্র) সিংহাসনে আরোহণ করেন। সেই সময়ে রুদ্রদামন মালব ও কাথিয়াবাড় অধিকার করিয়া লইলে পুলমায়ী ও রুদ্রদামনের মধ্যে এক দীর্ঘকাল স্থায়ী দ্বন্দ্বের শুরু হয়। রুদ্রদামন অবশ্য শেষ পর্যন্ত সাতবাহনদিগকে দাক্ষিণাত্যের সীমার মধ্যে আবদ্ধ রাখিতে সমর্থ হইয়াছিলেন এবং মালব, গুজরাট, রাজপুতানা প্রভৃতি নিজ সাম্রাজ্যভুক্ত করিয়া লইয়াছিলেন। রুদ্রদামন ও সাতবাহন বংশের মধ্যে এক বৈবাহিক সম্পর্ক স্থাপিত হইয়াছিল, কিন্তু ইহাতেও দুই বংশের পরস্পর যুদ্ধ-বিগ্রহের অবসান ঘটে নাই।

পুলমায়ী :
পুলমায়ী-রুদ্রদামন দ্বন্দ্ব

যজ্ঞশ্রী সাতকর্ণী পশ্চিমের শক ক্ষত্রপদের অধিকার হইতে কতক রাজ্যাংশ জয় করিয়া লইয়াছিলেন। তিনি সমগ্র দাক্ষিণাত্য, উত্তর-কোঙ্কণ এবং সম্ভবত মধ্যপ্রদেশের পূর্বাংশের উপর রাজত্ব করিয়া গিয়াছিলেন। যজ্ঞশ্রী সাতকর্ণীর পর আরও চার অথবা পাঁচ জন রাজা খ্রীষ্টীয় তৃতীয় শতকের মাঝামাঝি পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন, কিন্তু যজ্ঞশ্রী সাতকর্ণীর রাজত্বকালের পর হইতে সাতবাহন বংশের পতন শুরু হইয়াছিল। আভির, বাকাটক, কদম্ব, পল্লব প্রভৃতি বিভিন্ন দল সাতবাহন সাম্রাজ্যের বিভিন্ন অংশে নিজ নিজ আধিপত্য স্থাপন করিয়া লইয়াছিল।

যজ্ঞশ্রী সাতকর্ণী

পৌরাণিক হিন্দুধর্ম : মৌর্যোত্তর যুগে বৌদ্ধধর্মের সর্বাত্মক প্রাধান্য সামান্য হ্রাসপ্রাপ্ত হইলে বৈদিক ধর্মের পুনরুত্থান ঘটে। কিন্তু এই পুনরুত্থানকে বৈদিক ধর্মের পুনঃপ্রকাশ মনে করা ভুল হইবে। বৈদিক যুগের ক্রিয়াকাণ্ড পুনঃপ্রচলিত হইলেও বৈদিক দেবদেবী ও বৈদিক অনুষ্ঠানাদির পরিবর্তে নূতন দেবদেবীর উপাসনার প্রচলন হয়। এই নূতন ধরনের বৈদিক ধর্মই 'হিন্দুধর্ম' নামে পরিচিত। এই ধর্ম বৈদিক ধর্মকে ভিত্তি করিয়া গড়িয়া উঠিয়াছে এবং বৈদিক ধর্মের আচার-অনুষ্ঠানের কতক কতক, মন্ত্রতন্ত্র হিন্দুধর্মে গৃহীত হইয়াছে। সুতরাং বৈদিক ধর্মেরই এক নূতন সংস্করণ হিসাবে হিন্দুধর্মের প্রকাশ

পৌরাণিক হিন্দুধর্ম
বেদ-ভিত্তিক

ঘটিয়াছিল। বৈদিক যুগের ইন্দ্র, বরুণ, মিত্র বা সূর্য, অশ্বিনীকুমারদ্বয় প্রভৃতি দেবতাদের স্থলে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর (শিব)—এই তিন দেবতার প্রাধান্য স্থাপিত হইয়াছিল। শিব বা মহাদেবের আদি রূপ সিন্ধু-সভ্যতা যুগের পশুপতি যোগী-পুরুষের মধ্যে দেখিতে পাওয়া যায়। হিন্দুধর্মের মহাদেবও পশুপতি নামে পরিচিত। সুতরাং মহাদেব সিন্ধু-সভ্যতা যুগের যোগী-পুরুষেরই উন্নত সংস্করণ একথা মনে করা ভুল হইবে না। সিন্ধু-সভ্যতা যুগে এক মাতৃদেবীর পরিচয় আমরা পাইয়া থাকি। হিন্দুধর্মে পার্বতী বা মহামায়া সেই মাতৃদেবীরই উন্নততর রূপ বলা যাইতে পারে। হিন্দুধর্মে শিব ও শক্তি—অর্থাৎ মহাদেব ও তাঁহার পত্নী মহামায়ার পূজা শ্রেষ্ঠত্ব অর্জন করিয়াছিল। পৌরাণিক হিন্দুধর্মে কার্তিকেয় ও গণেশের উপাসনাও প্রবর্তিত হইয়াছিল। এই সকল দেবদেবীর বিশদ বিবরণ ও তাঁহাদের কার্যকলাপ প্রভৃতির বর্ণনাকেই 'পুরাণ' বলা হয়। পুরাণ মোট আঠারটি। ইহা ভিন্ন, আরও আঠারটি উপ-পুরাণ আছে। পুরাণে এই সকল দেবদেবীর শক্তি ও ক্রিয়াকলাপের বিবরণ আছে, সেইজন্যই এই ধর্ম 'পৌরাণিক হিন্দুধর্ম' নামে পরিচিত। মৌর্যোত্তর যুগে পৌরাণিক হিন্দুধর্ম জনপ্রিয়তা লাভ করিয়াছিল তাহা সমসাময়িক ঐতিহাসিক তথ্য হইতে জানিতে পারা যায়।

ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর

মহামায়া

অষ্টাদশ পুরাণ ও অষ্টাদশ উপ-পুরাণ

পৌরাণিক হিন্দুধর্মের ব্যাপক বিস্তারের সঙ্গে সঙ্গে ভারতের নানা স্থানে দেবদেবীর মন্দির নির্মাণ শুরু হয়। সেই সকল মন্দির বা দেবদেবীর মূর্তির নিদর্শন আমাদের সময় পর্যন্ত আসিয়া পৌঁছায় নাই। তথাপি বেস্‌নগর, মথুরা প্রভৃতি অঞ্চলে অতি প্রাচীনকালের কয়েকটি প্রস্তরনির্মিত দেবদেবীর মূর্তি পাওয়া গিয়াছে।

দেবদেবীর মূর্তি ও মন্দির নির্মাণ

***বৈদেশিক আক্রমণ* (Foreign Invasions) :** মৌর্য সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে ব্যাক্‌ট্রীয় বা বাহ্লিক দেশের গ্রীকগণ, পার্থিয়া বা পহ্লব দেশের পহ্লবগণ, শকস্তান হইতে আগত শকগণ এবং সিরদরিয়া ও আমুদরিয়া অঞ্চল হইতে কুষাণগণ পর পর ভারতবর্ষে প্রবেশ করে। এই সকল বৈদেশিক জাতির মধ্যে কুষাণগণই ছিল সর্বাধিক ক্ষমতাশালী।

বিভিন্ন বৈদেশিক জাতির আক্রমণ

***ব্যাক্‌ট্রীয় বা বাহ্লিক গ্রীকগণ* (The Bactrian Greeks) :** ব্যাক্‌ট্রীয়—অর্থাৎ বাহ্লিক দেশ ও পার্থিয়া বা খোরাসান অঞ্চল সেলুকাসের উত্তরাধিকারীদের আমলে সীরিয়ার অধীনতাপাশ ছিন্ন করিয়া স্বাধীন হইয়া যায়। সীরিয়ার রাজা তৃতীয় এ্যান্টিয়োকোস বহু চেষ্টা করিয়াও এই দুই অঞ্চল পুনরায় সীরিয়ার অধিকারে আনিতে অকৃতকার্য হন। ডাইওডোটাস্ (প্রথম) নামে ব্যাক্‌ট্রীয় অধীনে ব্যাক্‌ট্রীয়া সম্পূর্ণভাবে স্বাধীন হইয়া পড়িয়াছিল। গ্রীকরাজের এই বংশেরই রাজা ডেমেট্রিয়স্ (Demetrios) আফগানিস্তানের একাংশ, পাঞ্জাব ও সিন্ধু-উপত্যকা জয় করিতে সমর্থ হইয়াছিলেন। ডেমেট্রিয়স্ একজন শক্তিশালী রাজা ছিলেন। ডেমেট্রিয়স্ যখন ভারতবর্ষে রাজ্যজয়ে ব্যস্ত সেই

ডেমেট্রিয়স্

সময়ে ইউক্রেটাইডিস্ (Eukratides) ব্যাক্‌ট্রীয়ার সিংহাসন অধিকার করেন। ডেমেট্রিয়সের মৃত্যুর পর ইউক্রেটাইডিস্ সিন্ধু, পাঞ্জাব প্রভৃতি অঞ্চল নিজ অধিকারভুক্ত করেন। অল্পকাল পরে ব্যাক্‌ট্রীয়া পার্থিয়ান বা পহ্লব নামে এক যাযাবর জাতি কর্তৃক অধিকৃত হইলে ব্যাক্‌ট্রীয়ার গ্রীকগণ কেবলমাত্র ভারতবর্ষে তাঁহাদের বিজিত রাজ্যাংশের উপর রাজত্ব করিতে থাকেন। ঐ সময় হইতে তাঁহারা সম্পূর্ণ ভারতীয় রাজায় পরিণত হন। ব্যাক্‌ট্রীয় গ্রীক রাজগণের

ইউক্রেটাইডিস্



ডেমেট্রিয়স্-এর মুদ্রা ইউক্রেটাইডিস্-এর মুদ্রা গণ্ডোফার্নিস্-এর মুদ্রা

মধ্যে মিনাণ্ডার ছিলেন বিশেষ উল্লেখযোগ্য। বৌদ্ধ ধর্মাচার্য নাগসেনের নিকট মিনাণ্ডার বা মিলিন্দ বৌদ্ধধর্মে দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। তিনি বৌদ্ধধর্ম সম্পর্কে নাগসেনকে যে-সকল প্রশ্ন করিয়াছিলেন এবং নাগসেন সেগুলির যে-যে উত্তর দিয়াছিলেন তাহা 'মিলিন্দপঞ্‌হো' নামক গ্রন্থে সন্নিবিষ্ট আছে। মিনাণ্ডার পাঞ্জাবের সাকল—অর্থাৎ শিয়ালকোট নামক স্থানে তাঁহার রাজধানী স্থাপন করিয়াছিলেন।

মিনাণ্ডার: 'মিলিন্দপঞ্‌হো'

শকরাজগণ (The Saka Kings): মধ্য-এশিয়ার যাযাবর শক জাতি ইউ-চি নামে অপর এক জাতি কর্তৃক মধ্য-এশিয়া হইতে বিতাড়িত হয়। তাহারা খ্রীষ্টের জন্মের আনুমানিক একশত বৎসর পূর্বে কাবুল নদীর উপত্যকায় আসিয়া উপস্থিত হয়। শক জাতি কর্তৃক অধিকৃত স্থানসমূহ শকস্তান (বর্তমান সিস্তান) নামে পরিচিতি লাভ করে। কালক্রমে শকগণ সিন্ধু-উপত্যকা ও পশ্চিম-ভারতে অধিকার স্থাপনে সমর্থ হয়। ভারতের উত্তর ও উত্তর-পশ্চিম অংশের শকদের মধ্যে প্রথম পরাক্রমশালী রাজা হিসাবে মোয়েস্ বা মোগের নাম পাওয়া যায়। তিনি পশ্চিম-ভারতে এক বিরাট অংশ অধিকার করিয়াছিলেন। পুষ্করাবতী, তক্ষশিলা প্রভৃতি স্থান অধিকার করিয়া মোগ রাজাধিরাজ উপাধি ধারণপূর্বক রাজত্ব করেন। তাঁহার পরবর্তী রাজগণ ছিলেন অয় বা অজেস্, অজিলিস্ ও দ্বিতীয় অয়।

মোয়েস্ বা মোগ, অয়, অজিলিস্

পশ্চিম ও দক্ষিণ ভারতের শকরাজগণ ক্ষহরত ও কার্দমক এই দুই শাখায় বিভক্ত ছিলেন। ক্ষহরত শাখার শ্রেষ্ঠ রাজা ছিলেন নহপান। কার্দমক শাখার শকরাজগণ উজ্জয়িনীতে রাজত্ব করিতেন। তাঁহাদের মধ্যে চস্টন ও রুদ্রদামন বিশেষ উল্লেখযোগ্য। রুদ্রদামন মালব, কাথিয়াবাড়, গুজরাটের একাংশ, কোঙ্কণ প্রভৃতি স্থান অধিকার করিয়া এক বিশাল রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। সাতবাহনরাজ গৌতমীপুত্র সাতকর্ণী রুদ্রদামনের নিকট পরাজয় স্বীকার করিয়াছিলেন। রুদ্রদামন 'মহাক্ষত্রপ' উপাধি ধারণ করিয়াছিলেন। শকরাজগণ 'ক্ষত্রপ', 'মহাক্ষত্রপ' প্রভৃতি উপাধি ধারণ করিতেন। প্রজা-হিতৈষণা, সমরকুশলতা, রাজনীতি, সাহিত্য, সঙ্গীত প্রভৃতির প্রতি অনুরাগ—এই সব দিক দিয়াই শকরাজগণের মধ্যে রুদ্রদামন ছিলেন শ্রেষ্ঠ। উত্তর ও উত্তর-পশ্চিম ভারতের শক-শাসন পহ্লবরাজ গণ্ডোফার্নিসের আক্রমণে বিধ্বস্ত হয়। উজ্জয়িনীর শকবংশ গুপ্তবংশের রাজা দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের হস্তে ধ্বংসপ্রাপ্ত হয়।

ক্ষহরত শকগণ : নহপান

কার্দমক শকগণ—উজ্জয়িনীর রুদ্রদামন শকরাজগণের মধ্যে শ্রেষ্ঠ

পহ্লবরাজগণ (The Parthian Kings): খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতকে পহ্লবগণ হিরাট, কান্দাহার প্রভৃতি অঞ্চলে বসতি বিস্তার করে। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে পহ্লবগণ গন্ধারের একাংশ শক অধিকার হইতে জয় করিয়া লইয়াছিল। ক্রমে পহ্লবগণ উত্তর-পশ্চিম ভারত ও পাঞ্জাব অঞ্চলে অধিকার বিস্তার করিতে সমর্থ হয়। পহ্লবরাজগণের মধ্যে গণ্ডোফার্নিস্ (Gond phernes) ছিলেন সর্বাধিক পরাক্রমশালী। তাঁহারই আমলে খ্রীষ্ট ধর্মযাজক সেন্ট্ টমাস (St. Thomas) তাঁহার রাজ্যে খ্রীষ্টধর্ম প্রচারের উদ্দেশ্যে আসিয়াছিলেন। পরবর্তীকালে কুষাণবংশের হস্তে পহ্লব শাসনের অবসান ঘটে।

গণ্ডোফার্নিস্

কুষাণবংশ (The Kushanas): চীনদেশের উত্তর-পশ্চিম অংশে প্রাচীনকালে ইউ-চি (Yue-chi) নামক এক খর্ব যাযাবর জাতি বাস করিত। হিউং-নু নামে অপর এক জাতির লোক তাহাদিগকে সেই অঞ্চল হইতে বিতাড়িত করে (খ্রীঃ পূঃ দ্বিতীয় শতক)। ইউ-চি জাতি নানা ভাগ্যবিপর্যয়ের মধ্য দিয়া, শেষ পর্যন্ত সিরদরিয়া নদীর এবং পরে অক্ষু নদীর (আমুদরিয়া) অববাহিকা অঞ্চলে আসিয়া বসতি বিস্তার করে। এখানে বসবাসকালে তাহারা পাঁচটি অংশে বিভক্ত হইয়া পড়ে। এই সকল শাখার মধ্যে কুষাণগণই সর্বাপেক্ষা শক্তিশালী হইয়া উঠে এবং তাহারা ইউ-চি জাতির পাঁচটি শাখাকে সঙ্ঘবদ্ধ করিতে সমর্থ হয়।

ইউ-চি জাতি

প্রথম কদ্‌ফিসিস্ (Kadphises I): কুষাণ শাখার মধ্যে সর্বপ্রথম পরাক্রমশালী রাজা ছিলেন কুজল-কারা কদ্‌ফিসিস্ (প্রথম)। ইনি প্রথম কদ্‌ফিসিস্ নামেই সমধিক পরিচিত। প্রথম কদ্‌ফিসিস্ পারস্য দেশের সীমা হইতে সিন্ধু-উপত্যকা পর্যন্ত কুষাণ আধিপত্য বিস্তার করিয়াছিলেন।

কুষাণরাজগণ : কুজল-কারা কদ্‌ফিসিস্ (প্রথম)

প্রথম কদ্‌ফিসিসের আমলে প্রচলিত তাম্রমুদ্রা রোমান সম্রাট ক্লডিয়াসের মুদ্রা 'দিনার' (*Denarii*)-এর অনুরূপ ছিল। এই সামঞ্জস্য লক্ষ্য করিয়া কোন কোন ঐতিহাসিক মনে করেন যে, প্রথম কদ্‌ফিসিস্ খ্রীষ্টীয় প্রথম শতকের মধ্যভাগের পূর্বে রাজত্ব করেন নাই। চৈনিক বিবরণ হইতেও ইউ-চি জাতি কর্তৃক কাবুল অধিকারের কথা জানা যায়। এই ঘটনা যে ৯২ খ্রীষ্টাব্দের পূর্বে ঘটিয়াছিল, একথা চৈনিক তথ্যে উল্লিখিত আছে। এই সকল তথ্য হইতে প্রথম কদ্‌ফিসিস্ খ্রীষ্টীয় প্রথম শতকের দ্বিতীয়ার্ধে রাজত্ব করিতেন বলিয়া অনেকে মনে করেন। প্রথম কদ্‌ফিসিস্ দীর্ঘকাল রাজত্ব করিয়া আনুমানিক ৭৭ বা ৭৮ খ্রীষ্টাব্দে আশী বৎসর বয়সে মৃত্যুমুখে পতিত হন। ব্যাক্‌ট্রীয়া, কাবুল অঞ্চল, কি-পিন বা গন্ধার ও তক্ষশীলা তাঁহার রাজ্যভুক্ত ছিল।

দীর্ঘকাল রাজত্ব

দ্বিতীয় কদ্‌ফিসিস্ (Kadphises II) : পরবর্তী রাজা দ্বিতীয় বা বীম কদ্‌ফিসিসের আমলে কুষাণরাজ্য গন্ধার অঞ্চল হইতে বারাণসী পর্যন্ত বিস্তৃত হইয়াছিল। মালব ও পশ্চিম-ভারতের শক ক্ষত্রপগণ দ্বিতীয় কদ্‌ফিসিস্‌কে তাঁহাদের অধিরাজ হিসাবে স্বীকার করিয়াছিলেন। খ্রীষ্টীয় প্রথম শতকের দ্বিতীয়ভাগে চীন সেনানায়ক প্যান-চাও (Pan-chao) যখন মধ্য-এশিয়ায় সাম্রাজ্য বিস্তার করিতেছিলেন সেই সময়ে দ্বিতীয় কদ্‌ফিসিসের সহিত তাঁহার এক সামরিক সংঘর্ষ উপস্থিত হয়। এই সংঘর্ষের কারণ হিসাবে বলা হয় যে, দ্বিতীয় কদ্‌ফিসিস্ চীন সম্রাটের সহিত সম-মর্যাদাসম্পন্ন—এই দাবী করিয়া চীন সম্রাটের কন্যার পাণিপ্রার্থী হন। চীনের সেনানায়ক কদ্‌ফিসিসের এই প্রস্তাব চীন সম্রাটের পক্ষে অপমানকর বিবেচনা করিয়া দ্বিতীয় কদ্‌ফিসিসের দূতকে আটক করেন। এই সূত্রে চীনের সেনানায়ক প্যান-চাও-এর সহিত দ্বিতীয় কদ্‌ফিসিসের যুদ্ধ শুরু হয়। এই যুদ্ধে পরাজিত হইয়া দ্বিতীয় কদ্‌ফিসিস্ চীন সম্রাটকে বাৎসরিক করদানে বাধ্য হইয়াছিলেন। চীন সম্রাট 'হো-টি'র (Ho-ti) নিকট দ্বিতীয় কদ্‌ফিসিস্ কয়েকবার উপঢৌকনসহ দূত পাঠাইয়াছিলেন। দ্বিতীয় কদ্‌ফিসিস্ রোমান সম্রাট ট্রাজানের রাজসভায়ও দূত প্রেরণ করিয়াছিলেন। তিনি মহেশ্বর বা শিবের উপাসক ছিলেন বলিয়া অনেকে মনে করেন, কারণ তাঁহার মুদ্রায় তিনি নিজেকে 'মহেশ্বর' উপাধিতে ভূষিত করিয়াছিলেন।

প্যান-চাও-এর হস্তে পরাজয়

ট্রাজানের রাজসভায় দূত প্রেরণ

কুষাণরাজ কণিষ্ক (Kanishka, The Kushana King) : কুষাণবংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন কণিষ্ক। তাঁহার সিংহাসনে আরোহণকাল এবং দ্বিতীয় কদ্‌ফিসিসের সহিত তাঁহার সম্পর্ক কি ছিল সে-বিষয়ে কোন স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া যায় নাই।

কণিষ্ক কুষাণ রাজ্যের পরিধি বহুদূর পর্যন্ত বিস্তৃত করিয়াছিলেন। তাঁহার রাজ্য খোটান ও খোরাসান হইতে আরম্ভ করিয়া বিহার ও কোঙ্কণ পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল। কাবুল, পাঞ্জাব, বর্তমান উত্তরপ্রদেশ, মালব, রাজপুতানা, কাথিয়াবাড় প্রভৃতি তাঁহার রাজ্যভুক্ত ছিল।

রাজ্যবিস্তার

কাশ্মীরও তাঁহার রাজ্যভুক্ত ছিল বলিয়া কোন কোন ঐতিহাসিক মনে করিয়া থাকেন। চীন সেনাপতি প্যান-চাও-এর হস্তে দ্বিতীয় কদ্‌ফিসিসের পরাজয়ের প্রতিশোধ কণিষ্ক গ্রহণ করিয়াছিলেন। তিনি মধ্য-এশিয়ার কাশগড়, খোটান প্রভৃতি অঞ্চল চীন সাম্রাজ্য হইতে জয় করিয়া লইয়াছিলেন। এমনকি ঐ অঞ্চলের চীন সম্রাটের অনুগত জনৈক চৈনিক সামন্তরাজের এক পুত্রকে প্রতিভূ—অর্থাৎ জামিন হিসাবে নিজ রাজ্যে আটক করিয়া রাখিয়াছিলেন।

চীনদেশীয় সেনাপতির সহিত যুদ্ধে জয়

কণিষ্ক কেবল সমরবিজয়ী নেতা ছিলেন না, তিনি শান্তি ও ধর্মের ক্ষেত্রেও যথেষ্ট পারদর্শিতা দেখাইয়াছিলেন। তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করিয়া সম্রাট অশোকের পদাঙ্ক অনুসরণে বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতা করিয়াছিলেন। তাঁহার আমলে বৌদ্ধধর্মাবলম্বীদের মধ্যে 'হীনযান' ও 'মহাযান' এই দুই শাখার প্রভেদ অত্যন্ত তীব্র হইয়া উঠিয়াছিল। হীনযান-ধর্মমতে বিশ্বাসিগণ বুদ্ধের কোন প্রতিকৃতি প্রস্তুত করিবার পক্ষপাতী ছিলেন না। একটি শূন্য সিংহাসন বা বুদ্ধের পায়ের ছাপ প্রভৃতি কোন একটি প্রতীক সম্মুখে রাখিয়া তাঁহার আরাধনা করিতেন। পক্ষান্তরে, মহাযান-ধর্মমতে বিশ্বাসিগণ বুদ্ধের মূর্তি নির্মাণ করিয়া আরাধনা করিতেন। এই দুই ধর্মমতের প্রভেদ দূর করিবার উদ্দেশ্যে কণিষ্ক কাশ্মীরে (মতান্তরে জলন্ধরে) একটি বৌদ্ধ ধর্মসভা বা সঙ্গীতি আহ্বান করেন। ইহা ছিল চতুর্থ এবং সর্বশেষ বৌদ্ধ ধর্মসভা। এই ধর্মসভায় মহাযান ধর্ম-পদ্ধতিই স্বীকৃতিলাভ করিয়াছিল।

বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতা

চতুর্থ এবং শেষ বৌদ্ধ সঙ্গীতি



কণিষ্কের মুদ্রা

কণিষ্ক স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহার পৃষ্ঠপোষকতায় তাঁহার রাজধানী পুরুষপুরে—অর্থাৎ পেশোয়ারে একটি বিশাল চৈত্য নির্মিত হইয়াছিল। সেই সময়ে পুরুষপুর বৌদ্ধ ধর্মশিক্ষা ও বৌদ্ধ সংস্কৃতির শ্রেষ্ঠ কেন্দ্রে পরিণত হইয়াছিল। যমুনা নদীর তীরে কণিষ্ক বহু সংখ্যক স্তূপ নির্মাণ করাইয়া দিয়াছিলেন। মথুরা নগরী তাঁহার আমলে এক অতি মনোরম নগরীতে পরিণত হইয়াছিল। তাঁহার আমলের বহু মুদ্রা তাঁহার সাম্রাজ্যের বিভিন্ন অংশে আবিষ্কৃত হইয়াছে। এই সকল মুদ্রা হইতে কুষাণরাজ কণিষ্ক যে গ্রীক, পারসিক প্রভৃতি দেবদেবীর প্রতিও সম্মান প্রদর্শন করিতেন তাহার

স্থাপত্যের পৃষ্ঠপোষকতা—পুরুষপুরের চৈত্য

পরিচয় পাওয়া যায়। এই সকল দেবদেবীর সহিত তিনি ভারতীয়—অর্থাৎ হিন্দু দেবদেবীরও আরাধনা করিতেন। পরে অবশ্য তিনি বৌদ্ধধর্মের প্রতিই বিশেষ অনুরক্ত হইয়া পড়িয়াছিলেন, তথাপি পূর্বেকার দেবদেবীর প্রতি সম্মান প্রদর্শনে তিনি কার্পণ্য করিতেন না।*

কণিষ্কের ধর্মমত

ধর্মের ক্ষেত্রে কণিষ্ক চরম উদারতা প্রদর্শন করিতেন। স্বয়ং বৌদ্ধ ধর্মাবলম্বী হইলেও তিনি পারসিক, গ্রীক এবং ভারতীয় অপরাপর ধর্মমতের প্রতি যথেষ্ট শ্রদ্ধা প্রদর্শন করিতেন। শিক্ষা ও সংস্কৃতির পৃষ্ঠপোষক হিসাবেও কণিষ্ক তাঁহার মানসিক উৎকর্ষের পরিচয় রাখিয়া গিয়াছেন। বৌদ্ধ শাস্ত্র ও দর্শন-বিশারদ নাগার্জুন, বৌদ্ধশাস্ত্রজ্ঞ কবি ও সঙ্গীতশাস্ত্রে পারদর্শী অশ্বঘোষ, বৌদ্ধ দার্শনিক বসুমিত্র, চিকিৎসাশাস্ত্র-বিশারদ চরক, রাজনীতিক মাথর কণিষ্কের রাজসভা অলঙ্কৃত করিয়াছিলেন। কণিষ্ক ৭৮ খ্রীষ্টাব্দ হইতে একটি নূতন অব্দের প্রচলন করেন। ইহা 'শকাব্দ' নামে পরিচিত।

সাহিত্য

গন্ধার শিল্প (The Gandhara Art) : আলেকজাণ্ডারের অভিযানের পর হইতে ভারতবর্ষের সহিত পাশ্চাত্য, বিশেষভাবে গ্রীক দেশগুলির সহিত সাংস্কৃতিক যোগাযোগ ও মিত্রতা বৃদ্ধি পাইয়াছিল। ইহা ভিন্ন, মৌর্য সাম্রাজ্যের পতনের পর ব্যাকট্রীয়ার গ্রীকগণ ভারতবর্ষের উত্তর-পশ্চিমাংশ অধিকার করিয়া লইয়াছিল। এই সকল কারণে এবং মধ্য-এশিয়ার কাশগড়, খোটান প্রভৃতি অঞ্চল কুষাণ রাজ্যভুক্ত থাকিবার ফলে বৌদ্ধ, গ্রীক ও রোমান সংস্কৃতির সংমিশ্রণের সুযোগ ঘটিয়াছিল। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, রোমান সম্রাট ট্রাজানের রাজসভায় দ্বিতীয় কদ্‌ফিসিস্ দূত প্রেরণ করিয়াছিলেন। ট্রাজানের সাম্রাজ্যের পূর্বসীমা কুষাণ রাজ্যের উত্তর-পশ্চিম সীমান্তরেখার প্রায় সংলগ্ন ছিল। এই সকল কারণে যে সাংস্কৃতিক যোগাযোগ স্থাপিত হইয়াছিল তাহার ফল পরিলক্ষিত হয় গন্ধারের ভাস্কর্য শিল্পে। গ্রীক, রোমান ও বৌদ্ধ ভাস্কর্য শিল্প-রীতির সংমিশ্রণে এক অপূর্ব শিল্পরীতি সেই অঞ্চলে গড়িয়া উঠিয়াছিল। গ্রীক দেবতাদের প্রতিকৃতির অনুকরণে বুদ্ধমূর্তি নির্মাণে এই সাংস্কৃতিক সংমিশ্রণের পরিচয় পাওয়া যায়। আধুনিক ঐতিহাসিকগণ মনে করেন যে, গন্ধার শিল্পে বৈদেশিক শিল্পরীতির প্রভাব কতকটা অতিরঞ্জিত

গ্রীক, রোমান ও বৌদ্ধ ভাস্কর্যের সংমিশ্রণ



বোধিসত্ত্ব
(গন্ধার শিল্প বৌদ্ধ, গ্রীক ও রোমান সংস্কৃতির সংমিশ্রণ)

* Vide Smith : *The Oxford History of India*, pp. 151, 152.

করা হইয়াছে। বস্তুত, গন্ধার শিল্প নিদর্শনগুলিতে প্রধানত ভারতীয় শিল্প-মনেরই অভিব্যক্তি পরিলক্ষিত হয়। সেই সময়ে অমরাবতী উপত্যকা এবং মথুরায় সম্পূর্ণ ভারতীয়—অর্থাৎ বৈদেশিক প্রভাবমুক্ত শিল্পরীতি গড়িয়া উঠিয়াছিল। সেগুলির উৎকর্ষ নেহাত কম ছিল না। অমরাবতীর অর্ধ-বৃত্তাকার একটি প্রস্তর পদক এবং মথুরায় প্রাপ্ত কণিষ্কের মস্তকহীন একটি প্রস্তর-মূর্তি এ-বিষয়ে উল্লেখযোগ্য।

অমরাবতী ও মথুরার শিল্পরীতি



কণিষ্কের ভগ্নমূর্তি

সুদূর অতীত হইতেই মিশর, মধ্য-এশিয়া, রোম, চীন প্রভৃতি দেশের সহিত ভারতের বাণিজ্যিক যোগাযোগ চলিয়া আসিতেছিল। ঐই বাণিজ্যিক যোগাযোগ জলপথ ও স্থলপথ ধরিয়া পরিচালিত হইত। স্থলপথে পারস্য, সীরিয়া হইয়া বাণিজ্য-সম্ভার আলেকজান্দ্রিয়ায় প্রেরণ করা হইত এবং সেখান হইতে ভূমধ্যসাগরীয় অঞ্চলের দেশগুলিতে সেগুলি বণ্টিত হইত। জলপথে কায়ল, ভৃগুকচ্ছ প্রভৃতি বন্দর হইতে পণ্যদ্রব্য আলেকজান্দ্রিয়ায় পৌঁছিত। খ্রীষ্টপূর্ব প্রথম শতাব্দীতে মিশর হইতে বহু বাণিজ্যপোত ভারতীয় বন্দরগুলিতে আসিত বলিয়া প্রমাণ আছে। ভারতীয় বাণিজ্যপোতও অনুরূপ মিশরীয় বন্দরগুলিতে বাণিজ্য-সম্ভার লইয়া যাতায়াত করিত। কুষাণ যুগে রোমের সহিত বাণিজ্যিক যোগাযোগ বহুগুণে বৃদ্ধি পায়। রোমে ভারতীয় বিলাস-দ্রব্যাদির চাহিদা অত্যধিক ছিল। ভারতীয় মসলিন, রেশমী বস্ত্র, মসলা, চিনি, নীল প্রভৃতি ছিল তখনকার প্রধান রপ্তানি-সামগ্রী। এই সকল সামগ্রীর বিনিময়ে রোম হইতে প্রধানত সোনা, রূপা, কাচ, চীনামাটির বাসন প্রভৃতি ভারতবর্ষে আসিত। এই সূত্রে রোম হইতে এক বিরাট পরিমাণ স্বর্ণ প্রতি বৎসর ভারতবর্ষে আসিত। রোমান ইতিহাস-সাহিত্যিক প্লিনি (Pliny) রোমানদের বিলাসপ্রিয়তার জন্য রোমান স্বর্ণ ভারতবর্ষে চলিয়া যাইতেছে বলিয়া দুঃখ প্রকাশ করিয়াছিলেন।

বাণিজ্যিক যোগাযোগ

বাণিজ্য-সামগ্রী


পরবর্তী কুষাণরাজগণ : কণিষ্কের পর বাশিষ্ক, হুবিষ্ক, দ্বিতীয় কণিষ্ক, বাসুদেব প্রভৃতি সিংহাসন অধিকার করিয়াছিলেন। ইহাদের সম্পর্কে বিশেষভাবে কিছু আমাদের জানা নাই। ইহারা ক্রমেই দুর্বল হইয়া পড়িলে কুষাণরাজ্যের পরিধি হ্রাসপ্রাপ্ত হইতে থাকে। পরবর্তী কয়েক শতাব্দী ধরিয়া কুষাণরাজগণ ভারতের উত্তর-পশ্চিম সীমায় স্থানীয় রাজগণের ন্যায় টিকিয়াছিলেন।

বাশিষ্ক, হুবিষ্ক, দ্বিতীয় কণিষ্ক, বাসুদেব প্রভৃতি

কুষাণ যুগের সংস্কৃতি (Culture in the Kushana Age) : মৌর্য সাম্রাজ্যের পতনের পর আভ্যন্তরীণ অব্যবস্থা ও বহিরাগত আক্রমণে ভারতীয় ইতিহাসের এক দুর্যোগপূর্ণ কালের সূচনা হইয়াছিল। কিন্তু এক সূত্রে গ্রীক, শক, পহ্লব, কুষাণ প্রভৃতি জাতির ভারত-প্রবেশের ফলে বিভিন্ন সংস্কৃতির সহিত ক্রমে ভারতীয় সংস্কৃতির সমন্বয়ের সুযোগ ঘটিয়াছিল। রোমান সাম্রাজ্য ও চীন সাম্রাজ্যের সহিতও সেই যুগে যোগাযোগ স্থাপিত হইয়াছিল। সেই সূত্রে যে বিরাট সাংস্কৃতিক সমন্বয় সাধিত হইয়াছিল তাহার ফল সে-যুগের সাহিত্যের উৎকর্ষ, ধর্মের প্রসার, দর্শন, শিল্পকলা প্রভৃতির উন্নতিতে পরিলক্ষিত হইয়াছিল।

বৈদেশিক সংস্কৃতির প্রভাব

সাহিত্যের উৎকর্ষ এবং নাগার্জুন, বসুমিত্র, অশ্বঘোষ, চরক প্রভৃতি সম্পর্কে পূর্বেই আলোচনা করা হইয়াছে। অশ্বঘোষ-রচিত 'বুদ্ধ-চরিত', 'সৌন্দরনন্দ', 'সূত্রালঙ্কার' (?)*,



স্থাপত্য শিল্প (সাঁচী স্তূপ)

'বজ্রসূচী' প্রভৃতি, নাগসেন-রচিত 'মিলিন্দপঞ্‌হো', নাগার্জুন-রচিত 'মাধ্যমিক সূত্র' বা 'মধ্যমক কারিকা' ও 'সুহৃল্লেখ', বসুমিত্র-রচিত 'মহাবিভাষা', গুণাঢ্যের 'বৃহৎকথা', আর্যশূরের 'চর্যাপিটক' প্রভৃতি সেই যুগের জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করিয়াছিল। আয়ুর্বেদ শাস্ত্রে চরকের 'চরক সংহিতা', সুশ্রুতের 'সুশ্রুত সংহিতা', কাত্যায়নের 'বিভাষা', পতঞ্জলির 'মহাভাষ্য' প্রভৃতিও সে-যুগের উল্লেখযোগ্য রচনা। 'রামায়ণ-মহাভারত', বাৎসায়নের 'কামসূত্র', কৌটিল্যের 'অর্থশাস্ত্র', যাজ্ঞবল্ক্যের 'যাজ্ঞবল্ক্য স্মৃতি', মনুর 'মনু সংহিতা' প্রভৃতি সে-যুগেই সঙ্কলিত হয়।

সাহিত্য

* "*Sutralankara* was once ascribed to Asvaghosa. ... it lays at rest the problem of the authorship of the work by ascribing it to Kumaralata who may have flourished a little latter than Asvaghosa." Majumdar and Pusalker ; *The Age of Imperial Unity*, p. 267.

তক্ষশিলা সে-যুগে বিদ্যাশিক্ষার একটি প্রসিদ্ধ কেন্দ্র ছিল। কণিষ্কের রাজধানী পুরুষপুর বৌদ্ধধর্মশাস্ত্র শিক্ষার শ্রেষ্ঠ কেন্দ্রে পরিণত হইয়াছিল।

শিক্ষা

বৈদেশিক প্রভাব গন্ধার শিল্পে পরিস্ফুট হইয়া উঠিয়াছিল। গ্রীক দেবদেবী এ্যাপেলো, জিউস প্রভৃতি মূর্তির অনুকরণে গন্ধারের শিল্পিগণ বুদ্ধ মূর্তি নির্মাণ করিয়াছিলেন। বৈদেশিক প্রভাবমুক্ত সম্পূর্ণ ভারতীয় শিল্পকলার পরিচয় পাওয়া যায় সে-যুগের অমরাবতী ও মথুরার শিল্পরীতিতে। পুরুষপুরে কণিষ্ক-নির্মিত চৈত্য, সাঁচী স্তূপের তোরণদ্বারের আলঙ্কারিক কারুকার্য, কান্‌হেরী, নাসিক, নানাঘাট প্রভৃতি স্থানের গুহাচৈত্য, বরহুত, ভাজা, বুদ্ধগয়ার মঠ প্রভৃতি সে-যুগের স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের সাক্ষ্য আজিও বহন করিতেছে।

শিল্প

মৌর্য যুগের পরবর্তীকালে বৈদেশিক যোগাযোগের ফল হিসাবে ভারতীয় রাজনৈতিক ক্ষেত্রে গ্রীক, পারসিক ও শক প্রভাব পরিলক্ষিত হয়। শক 'স্যাট্রাপে'র (Satrap) অনুকরণে ভারতের শক রাজগণ 'ক্ষত্রপ', 'মহাক্ষত্রপ' উপাধি ধারণ করিতেন। গ্রীক 'স্ট্রাটিগোস' (Strategos)—অর্থাৎ সামরিক শাসনকর্তার অনুকরণে 'মহাসেনাপতি' উপাধি ভারতীয় প্রাদেশিক শাসনকর্তাগণও গ্রহণ করিতেন।

রাজনীতি

বৈদেশিক জাতির আগমনের ফলে সামাজিক ক্ষেত্রে কতক পরিবর্তন ঘটিয়াছিল একথা নিঃসন্দেহে বলা যাইতে পারে। শক, পহ্লব, কুষাণ প্রভৃতি জাতি ভারতীয় সমাজ-দেহে ক্রমে বিলীন হইয়া গিয়াছিল। গ্রীকদের কেহ কেহ হিন্দুধর্ম গ্রহণ করিয়া ভারতীয় সমাজের সহিত মিশিয়া গিয়াছিলেন এই প্রমাণও আছে। গ্রীক রাষ্ট্রদূত হেলিওডোরাস্ (Heliodoros) বৈষ্ণবধর্মে দীক্ষা গ্রহণ করিয়াছিলেন এবং বেস্‌নগর নামক স্থানে দেবাদিদেব বাসুদেবের নামে একটি গরুড় স্তম্ভ নির্মাণ করাইয়াছিলেন।*


সমাজ

মৌর্য যুগের পরবর্তীকালে, বিশেষভাবে কুষাণ যুগে, বহির্জগতের সহিত ভারতের যোগাযোগ বহুগুণে বৃদ্ধি পাইয়াছিল। মধ্য-এশিয়া, গ্রীস, রোম প্রভৃতি ভিন্ন সুবর্ণভূমি, সিংহল, চীন প্রভৃতি দেশের সহিতও সে-যুগে যোগাযোগ স্থাপিত হইয়াছিল। এই যোগাযোগের সূত্র ধরিয়া মধ্য-এশিয়ার কাশগড়, ইয়ারখন্দ, খোটান, তুর্‌ফান, কুচি প্রভৃতি অঞ্চলে ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল। সুবর্ণভূমি—অর্থাৎ সুমাত্রা, যবদ্বীপ, বোর্ণিও প্রভৃতি অঞ্চলে সে-যুগে যে ঘনিষ্ঠ বাণিজ্যিক ও সাংস্কৃতিক সম্পর্ক স্থাপিত হইয়াছিল উহার সূত্র ধরিয়াই পরবর্তীকালে ঐ সকল অঞ্চলে শক্তিশালী ও সমৃদ্ধ ভারতীয় উপনিবেশ গড়িয়া উঠিয়াছিল।

উপনিবেশ বিস্তার

কুষাণ আমলে মিশর, মধ্য-এশিয়া, রোম, চীন প্রভৃতি দেশের সহিত বাণিজ্যিক যোগাযোগের সূত্র ধরিয়া পরস্পর সাংস্কৃতিক প্রভাবও বিস্তৃত হইয়াছিল। কুষাণ যুগে রোমান মুদ্রার অনুকরণে মুদ্রা নির্মিত হইত। সে-যুগে রোম হইতে যে-সকল স্বর্ণ-মুদ্রা

* Vide *An Advanced History of India*, p. 141.


বহির্জগতের সহিত
ভারতের যোগাযোগ
আরব-সাগর
বঙ্গোপসাগর
ভারত-মহাসাগর
সিংহল
ভারত
তিব্বত
চীন
মঙ্গোলিয়া
কাবুল
ইরান
আরব
তাম্রলিপ্তি
সুরাট
কাশগড়
ইয়ারখন্দ
ব্রহ্মদেশ
শ্যাম
মালয়
সুমাত্রা
কৃষ্ণসাগর
ফিলিপাইন

ভারতবর্ষে আসিয়াছিল সেগুলির মধ্যে অনেকগুলি কুষাণ সাম্রাজ্যের বিভিন্ন স্থানে আবিষ্কৃত হইয়াছে। এই যুগে ভারতবর্ষ হইতে রোমান সম্রাট ট্রাজান, হ্যাড্রিয়ান, এন্টোনিয়াস্, কনস্টান্টাইন প্রভৃতির রাজসভায় দূত প্রেরিত হইয়াছিল। ভারতীয় পূর্তকার্য, সাহিত্য, চিকিৎসাশাস্ত্র, জ্যোতির্বিদ্যা প্রভৃতিতে গ্রীক ও রোমান প্রভাব প্রতিফলিত হইয়াছিল। অনুরূপ ভারতীয় সাহিত্য, চিকিৎসাশাস্ত্র প্রভৃতির প্রভাব গ্রীক ও পারসিক সাহিত্যে, চিকিৎসাশাস্ত্রে অল্প-বিস্তর প্রতিফলিত হইয়াছিল।

রোম-ভারত যোগাযোগ

মধ্য-এশিয়ার পথে এই যুগে চীনদেশে বৌদ্ধধর্ম বিস্তারলাভ করিয়াছিল। চীন ও ভারতের যোগাযোগ অতি প্রাচীনকাল হইতেই বিদ্যমান। ঠিক কোন্ সময়ে চীনদেশে বৌদ্ধধর্ম প্রচারিত হইয়াছিল সে-বিষয়ে মতদ্বৈধ রহিয়াছে। কুষাণ আমলে কাশ্যপ মাতঙ্গ ও ধর্মরত্ন নামে দুইজন বৌদ্ধধর্ম-প্রচারক চীনদেশে গিয়াছিলেন বলিয়া জানা যায়। সেই সময় হইতে পরবর্তী বহু শতাব্দী ধরিয়া ভারত-চীনের মধ্যে ধর্ম ও সংস্কৃতির যোগাযোগ চলিতে থাকে। এই সূত্রে বহু চীনদেশীয় পরিব্রাজক ভারতবর্ষে আসিয়াছিলেন এবং বহু ভারতীয় বৌদ্ধ-শাস্ত্রবিদ্ ও বণিক চীনদেশে গিয়াছিলেন।

চীন-ভারত যোগাযোগ

অষ্টম অধ্যায়

গুপ্তবংশীয় রাজগণ : সাংস্কৃতিক উৎকর্ষের যুগ

(The Guptas : The Golden Age)

গুপ্তবংশের উত্থান (The Rise of the Guptas) : মৌর্য সাম্রাজ্যের পতনের পর ভারতবর্ষে যে রাজনৈতিক অনৈক্য ও বৈদেশিক আক্রমণ-জনিত অব্যবস্থা দেখা দিয়াছিল কুষাণ যুগের শাসনদক্ষতায় উহা বহুলাংশে দূরীভূত হইয়াছিল। ইহার পর প্রাচীন ভারত-ইতিহাসের অন্যতম শ্রেষ্ঠ রাজবংশ গুপ্তদের উত্থান ঘটে। এই বংশের আদি রাজগণের মধ্যে মহারাজ শ্রীগুপ্ত (খ্রীষ্টীয় দ্বিতীয় শতকের শেষভাগ), ঘটোৎকচগুপ্ত প্রভৃতি রাজার উল্লেখ করা যাইতে পারে। ইহারা মগধের—অর্থাৎ দক্ষিণ-বিহারের কোন স্থানীয় রাজা ছিলেন বলিয়া অনুমান করা হয়।

প্রাচীন ভারত-ইতিহাসের অন্যতম শ্রেষ্ঠ রাজবংশ

প্রথম চন্দ্রগুপ্ত (Chandragupta I) : গুপ্তবংশের সর্বপ্রথম শক্তিশালী রাজা ছিলেন প্রথম চন্দ্রগুপ্ত। খ্রীষ্টীয় চতুর্থ শতকের প্রথমভাগে (৩২০ খ্রীঃ) তিনি সিংহাসনে আরোহণ করেন। তাঁহার সিংহাসনে আরোহণের সঙ্গে সঙ্গে গুপ্তবংশের ইতিহাসের তথা ভারত-ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা হয়। পাটলিপুত্র নগরে তাঁহার রাজধানী ছিল এবং

গুপ্তবংশের প্রতিষ্ঠাতা

তাঁহার রাজ্য অযোধ্যা ও এলাহাবাদ পর্যন্ত বিস্তৃত ছিল। বৈশালীর লিচ্ছবী রাজকন্যা কুমারদেবীকে বিবাহ করিয়া প্রথম চন্দ্রগুপ্ত নিজ মর্যাদা ও প্রতিপত্তি বৃদ্ধি করিয়াছিলেন। তিনিই ছিলেন গুপ্তরাজবংশের প্রকৃত স্থাপয়িতা।

সমুদ্রগুপ্ত (Samudragupta): মৃত্যুর পূর্বেই প্রথম চন্দ্রগুপ্ত নিজ পুত্রগণের মধ্যে সমুদ্রগুপ্তকে সিংহাসনের উত্তরাধিকারী বলিয়া ঘোষণা করিয়াছিলেন। সমুদ্রগুপ্ত ছিলেন কুমারদেবীর সন্তান। সমুদ্রগুপ্ত পিতার প্রথম পুত্র ছিলেন না, তথাপি পিতার ইচ্ছা অনুসারে তিনিই সিংহাসনে আরোহণ করিলেন। সিংহাসনে আরোহণ করিয়াই সমুদ্রগুপ্ত দিগ্বিজয়ীর ভূমিকায় অবতীর্ণ হইলেন। প্রথমে তিনি আর্যাবর্তের রুদ্রদেব, নাগদত্ত, মতিল, অচ্যুত, গণপতি, নাগসেন, চন্দ্রবর্মণ, বলবর্মণ প্রভৃতি রাজাকে পরাজিত করিয়া সমগ্র আর্যাবর্ত নিজ রাজ্যভুক্ত করিলেন। ইহার পর তিনি মধ্য-ভারতের আটবিক বা অরণ্য রাজ্যগুলি জয় করিলেন। তারপর শুরু হইল তাঁহার দাক্ষিণাত্য বিজয় অভিযান। আর্যাবর্তের রাজগণকে যুদ্ধে পরাজিত করিয়া তাঁহাদের রাজ্যগুলি সমুদ্রগুপ্ত নিজ সাম্রাজ্যভুক্ত করিয়া লইয়াছিলেন। কিন্তু দাক্ষিণাত্যের রাজ্যগুলি সম্পর্কে তিনি ভিন্ন নীতি অনুসরণ করিয়াছিলেন। সেই অঞ্চলের রাজগণের মধ্যে মহেন্দ্র, ব্যাঘ্ররাজ, দমন, বিষ্ণুগোপ, উগ্রসেন, ধনঞ্জয় প্রভৃতি বহু রাজাকে পরাজিত করিয়া এবং তাঁহাদের আনুগত্যের প্রতিশ্রুতি গ্রহণ করিয়া তিনি তাঁহাদিগকে নিজ নিজ রাজ্য ফিরাইয়া দিয়াছিলেন। দূরদর্শী সমুদ্রগুপ্ত হয়ত বুঝিয়াছিলেন যে, মগধ হইতে দক্ষিণ-ভারতের রাজ্যগুলির উপর অধিকার রক্ষা করিবার একমাত্র পথ ছিল সেই সকল অঞ্চলের রাজগণকে স্থানীয় শাসনাধিকার দান করা।

দিগ্বিজয় : উত্তর-ভারত তথা আর্যাবর্ত

মধ্য-ভারত

দাক্ষিণাত্য

সমুদ্রগুপ্তের বিজয় অভিযানের সাফল্য প্রতিবেশী, বিশেষভাবে ভারতের পূর্বাঞ্চলীয় রাজগণের মনে ভীতির উদ্রেক করিয়াছিল। সমতট—অর্থাৎ পূর্ববঙ্গের একাংশ, কামরূপ, দাভক (ঢাকা ?) প্রভৃতি স্থানের রাজগণ সমুদ্রগুপ্তের প্রাধান্য স্বীকার করিয়া লইয়াছিলেন। ইহা ভিন্ন মদ্রক, আভির, প্রার্জুন, যৌধেয় প্রভৃতি উপজাতীয় দলও সমুদ্রগুপ্তের বশ্যতা স্বীকার করিয়াছিল। পশ্চিম-ভারতের মালব, সৌরাষ্ট্র, দক্ষিণ-ভারতের প্রতিবেশী রাজ্য সিংহল প্রভৃতির রাজগণও সমুদ্রগুপ্তের প্রাধান্য মানিয়া চলিতেন। সিংহলের রাজা মেঘবর্ণ সমুদ্রগুপ্তের অনুমতিক্রমে বোধগয়ায় একটি মঠ নির্মাণ করাইয়াছিলেন। সেই সময়ে ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত দেশে কুষাণ বংশধরগণ রাজত্ব করিতেছিলেন। তাঁহারাও সমুদ্রগুপ্তের প্রাধান্য স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন। এইভাবে সমুদ্রগুপ্তের আমলে গুপ্ত সাম্রাজ্যের সীমা উত্তরে হিমালয় হইতে দক্ষিণে নর্মদা নদী পর্যন্ত, পশ্চিমে যমুনা হইতে পূর্বে ব্রহ্মপুত্র পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল।

প্রতিবেশী রাজ্যগুলির আনুগত্য

সমুদ্রগুপ্ত কেবল দিগ্বিজয়ী বীরই ছিলেন না। ব্রাহ্মণ্য ধর্মের পৃষ্ঠপোষকতা, সাহিত্য, শিল্প, সঙ্গীত প্রভৃতির প্রতি অনুরাগ, সুদক্ষ শাসনক্ষমতা প্রভৃতির জন্য তিনি

প্রসিদ্ধি অর্জন করিয়াছিলেন। দিগ্বিজয় শেষ করিয়াই তিনি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। হিন্দুধর্মের প্রতি তাঁহার গভীর অনুরাগ থাকিলেও তিনি অপরাপর ধর্মের প্রতিও পরম শ্রদ্ধা ও সহিষ্ণুতা প্রদর্শন করিতেন। তিনি স্বয়ং কয়েকখানি কাব্যগ্রন্থ রচনা করিয়াছিলেন। এইজন্য তিনি তদানীন্তন বিদ্বজ্জন সমাজে 'কবিরাজ'—অর্থাৎ শ্রেষ্ঠ কবি নামে পরিচিতি লাভ করিয়াছিলেন। সঙ্গীতে যে তাঁহার অনুরাগ ছিল তাহা তাঁহার বীণাবাদনরত মুদ্রা হইতেই অনুমিত হইয়া থাকে। সমুদ্রগুপ্তের রাজসভা তদানীন্তন শ্রেষ্ঠ সংস্কৃত পণ্ডিত হরিষেণ কর্তৃক অলঙ্কত ছিল। হরিষেণ-রচিত 'এলাহাবাদ-প্রশস্তি'তে সমুদ্র-গুপ্তের শাসনকালের এবং সমুদ্র-গুপ্তের ব্যক্তিগত বৈশিষ্ট্যের একটি নিখুঁত চিত্র পাওয়া যায়। এলাহাবাদে একটি পাথরের স্তম্ভে এই প্রশস্তিটি খোদাই করিয়া দেওয়া হইয়াছিল। বৌদ্ধ পণ্ডিত বসুবন্ধু সমুদ্রগুপ্তের অযাচিত সাহায্য ও পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন। ব্যক্তিগত চরিত্রের ক্ষমতা, বীরত্ব, সাহিত্যশিল্প প্রভৃতির পৃষ্ঠপোষকতা—এই সকল বিভিন্ন দিক দিয়া সমুদ্রগুপ্ত ভারতীয় রাজগণের অন্যতম প্রধান হিসাবে অমরত্ব লাভ করিয়াছেন। চতুর্থ শতকের শেষভাগে (৩৭৫ ও ৩৮০ খ্রীষ্টাব্দের মধ্যে) তাঁহার মৃত্যু হয়।

সাহিত্য, শিল্প, সঙ্গীত ও সংস্কৃতির পৃষ্ঠপোষকতা



সমুদ্রগুপ্তের মুদ্রা

ভারতীয় রাজগণের অন্যতম শ্রেষ্ঠ

দ্বিতীয় চন্দ্রগুপ্ত 'বিক্রমাদিত্য' (Chandragupta II 'Vikramaditya') : সমুদ্রগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র দ্বিতীয় চন্দ্রগুপ্ত 'বিক্রমাদিত্য' উপাধি ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করেন। পিতামহ প্রথম চন্দ্রগুপ্তের পদাঙ্ক অনুসরণ করিয়া দ্বিতীয় চন্দ্রগুপ্ত বৈবাহিক সূত্রে নিজ ক্ষমতা ও প্রতিপত্তি বৃদ্ধির চেষ্টা করিয়াছিলেন। নাগ ও কদম্ব বংশের রাজকন্যাদের বিবাহ করিবার ফলে দ্বিতীয় চন্দ্রগুপ্তের শক্তি ও প্রতিপত্তি বহুগুণে বৃদ্ধি পাইয়াছিল। ইহা ভিন্ন, বাকাটকরাজ রুদ্রসেনের সহিত নিজ কন্যার বিবাহ দিয়া তিনি শকদের বিরুদ্ধে সামরিক অভিযানের পথ সহজ করিয়াছিলেন।

বৈবাহিক সূত্রে শক্তি ও প্রতিপত্তি বৃদ্ধি

দ্বিতীয় চন্দ্রগুপ্ত সাম্রাজ্যের সীমা বিস্তারের উদ্দেশ্যে স্বীয় সেনাপতি বীরসেন সাবের সহিত যুগ্মভাবে মালব, গুজরাট ও সৌরাষ্ট্র জয় করিয়াছিলেন। তিনি উজ্জয়িনীতে একটি বিকল্প রাজধানী স্থাপন করিয়াছিলেন বলিয়া জানা যায়। গুপ্ত শাসনকালেও পাটলিপুত্র ছিল সাম্রাজ্যের প্রধান রাজধানী।

মালব, গুজরাট ও সৌরাষ্ট্র জয়

দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে চীনদেশীয় পরিব্রাজক ফা-হিয়েন ভারতবর্ষে আসিয়াছিলেন। তাঁহার বিবরণে পাটলিপুত্র নগর এবং বিশেষত মৌর্যসম্রাটগণ-নির্মিত প্রাসাদের সুন্দর বর্ণনা পাওয়া যায়। দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজসভা সমসাময়িক কালের বহু বিদ্বান্ মনীষী কর্তৃক অলঙ্কৃত ছিল। কালিদাস প্রভৃতি নবরত্ন তাঁহার সভা অলঙ্কৃত করিয়াছিলেন বলিয়া কথিত আছে। দ্বিতীয় চন্দ্রগুপ্ত কাহিনী-কিংবদন্তীর বিক্রমাদিত্য কি না সে-বিষয়ে কতক মতদ্বৈধ থাকিলেও আধুনিক ঐতিহাসিকগণ এই দুইজন এক ও অভিন্ন একথা মনে করেন। চৈনিক পরিব্রাজকের বিবরণে দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসনব্যবস্থার উচ্ছ্বসিত প্রশংসা করা হইয়াছে।

পাটলিপুত্র নগরের সৌন্দর্য

দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজসভা



দ্বিতীয় চন্দ্রগুপ্তের মুদ্রা

ফা-হিয়েনের বিবরণ (Fa-hien's Account): চীনদেশে বৌদ্ধধর্ম বিস্তারের পর হইতে বৌদ্ধধর্মের উৎপত্তিস্থল, ভারতবর্ষে বৌদ্ধধর্মগ্রন্থাদি সংগ্রহের জন্য পর পর বহু চৈনিক পরিব্রাজক আসিয়াছিলেন। ইহাদের মধ্যে ফা-হিয়েন ছিলেন অন্যতম প্রধান। তিনি প্রায় দশ বৎসর (৪০১-৪১০ খ্রীঃ) এদেশে বাস করিয়াছিলেন। এই দশ বৎসরের মধ্যে ছয় বৎসর তিনি বিক্রমাদিত্যের সাম্রাজ্যে অতিবাহিত করেন। বাংলাদেশের তাম্রলিপ্তি বন্দরে তিনি দীর্ঘ তিন বৎসর ছিলেন।

ফা-হিয়েনের বিবরণে গুপ্ত শাসনের ভূয়সী প্রশংসা রহিয়াছে। গুপ্তরাজগণ এক অতি উদার শাসনব্যবস্থা স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন। দেশের সর্বত্র শান্তি বিরাজিত ছিল। সমাজবিরোধী কার্যকলাপ, চুরি-ডাকাতি প্রভৃতি সেই সময়ে একপ্রকার ছিলই না। দণ্ডবিধির উদারতায় ফা-হিয়েন বিস্মিত হইয়াছিলেন। সেই সময়ে অপরাধীর প্রাণদণ্ড দেওয়ার কোন প্রয়োজন হইত না। কঠোর অপরাধের শাস্তি ছিল অর্থদণ্ড। দেশের অভ্যন্তরে চলাচলের অবাধ স্বাধীনতা ছিল।

উদার শাসনব্যবস্থা: শান্তি ও সমৃদ্ধি

ফসলের এক-ষষ্ঠাংশ রাজস্ব হিসাবে গ্রহণ করা হইত। রাজকর্মচারিগণ নিয়মিত বেতন পাইতেন। শাসনকার্যের দক্ষতা ও রাজকর্মচারিগণের কর্তব্যপরায়ণতা দেখিয়া ফা-হিয়েন অত্যন্ত প্রীত হইয়াছিলেন। পাটলিপুত্র নগরীতে মৌর্যপ্রাসাদ দেখিয়া তিনি এইরূপ বিস্মিত হইয়াছিলেন যে উহা মানুষের দ্বারা নির্মিত নহে—এই মন্তব্য তিনি করিতে বাধ্য হইয়াছিলেন; মথুরায় তিনি বহু বৌদ্ধ মঠ দেখিতে পাইয়াছিলেন, এগুলিতে তখন বহু সংখ্যক (৩ হাজার) বৌদ্ধ ভিক্ষু বাস করিতেন। দেশের সর্বত্র

রাজস্ব

শাসনকার্যের দক্ষতা

বৌদ্ধধর্মের প্রাধান্য ছিল। মদ, মাংস তখন কেহ স্পর্শ করিত না। পিঁয়াজ, রসুন প্রভৃতিও কেহ খাইত না। গুপ্তরাজগণের আমলে জনসাধারণ যে এক উন্নত ধরনের এবং সন্তোষপূর্ণ জীবন যাপন করিত সেই পরিচয় ফা-হিয়েনের বিবরণে পাওয়া যায়। জনসাধারণ কোন বিচারালয়ের ধার ধারিত না। জিনিসপত্র ক্রয়বিক্রয়ে রেজিষ্ট্রি করিবার কোন প্রয়োজন হইত না। জনসাধারণ রাত্রিতে ঘরের দরজা-জানালা খোলা রাখিয়া নিদ্রা যাইত। রাস্তায় সোনা ফেলিয়া রাখিলেও কেহ তাহা লইত না। এই সকল উক্তি হইতে সে-যুগের জনসাধারণ যে অত্যন্ত সন্তোষপূর্ণ জীবন যাপন করিত সে-বিষয়ে সন্দেহ থাকে না।

বৌদ্ধধর্ম-প্রভাবিত জীবনযাত্রা

জনসাধারণের সন্তোষ

পরধর্মসহিষ্ণুতা

পরধর্মের প্রতি শ্রদ্ধা ছিল সেই সময়কার সমাজজীবনের এক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। গুপ্তরাজগণ হিন্দুধর্মাবলম্বী ছিলেন বটে, কিন্তু বৌদ্ধ-ধর্মাবলম্বীদের প্রতি তাঁহাদের পরম উদারতা প্রদর্শনের কথা ফা-হিয়েন উল্লেখ করিয়াছেন।

সমাজে তখন জাতিভেদ-প্রথা কঠোর হইয়া উঠিয়াছিল। চণ্ডাল প্রভৃতি নীচ জাতির লোকদের অস্পৃশ্য বলিয়া ঘৃণা করা হইত।

আর্থিক অবস্থা

পরিবহণব্যবস্থা

দাতব্য চিকিৎসালয়

জনসাধারণের আর্থিক অবস্থা খুবই সচ্ছল ছিল। তাহাদের সততা ও সৎকার্যে কালাতিপাতের কথাও ফা-হিয়েন উল্লেখ করিয়াছেন। অর্থনৈতিক সমৃদ্ধির অপরিহার্য অঙ্গ হিসাবে দেশের বিভিন্ন অংশ রাজপথ দ্বারা সংযোজিত ছিল। রাজপথের পার্শ্বে পান্থশালা প্রভৃতিও স্থাপন করা হইয়াছিল। সাম্রাজ্যের বিভিন্ন স্থানে দাতব্য চিকিৎসারও ব্যবস্থা ছিল। ফা-হিয়েন পাটলিপুত্র নগরে একটি বিরাট দাতব্য চিকিৎসালয় দেখিতে পাইয়াছিলেন।


প্রথম কুমারগুপ্ত

স্কন্দগুপ্ত

জীবিতগুপ্ত (দ্বিতীয়)

পরবর্তী গুপ্তরাজগণ (The Later Guptas) : দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালের পর প্রথম কুমারগুপ্ত সিংহাসনে আরোহণ করেন। তাঁহার শাসনকাল সম্পর্কে বিশেষ কোন বিবরণ জানা যায় নাই। তিনি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন এবং পরধর্মের প্রতি পরম সহিষ্ণুতা প্রদর্শন করিয়াছিলেন বলিয়া জানা যায়। তাঁহার রাজত্বকালে পুষ্যমিত্র জাতি গুপ্ত সাম্রাজ্য আক্রমণ করিয়াছিল। প্রথম কুমারগুপ্তের মৃত্যুর পর তাঁহার পুত্র স্কন্দগুপ্ত সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন অত্যন্ত শক্তিশালী রাজা। তিনি পুষ্যমিত্র জাতির আক্রমণে সাময়িকভাবে বিচ্ছিন্ন গুপ্ত সাম্রাজ্য পুনর্গঠন করিতে সমর্থ হইয়াছিলেন। ইহা ভিন্ন, হূণ আক্রমণ প্রতিহত করিবার জন্য তিনি সীমান্ত রক্ষার চেষ্টা করিয়াছিলেন। স্কন্দগুপ্তই ছিলেন গুপ্তবংশের সর্বশেষ পরাক্রমশালী রাজা। স্কন্দগুপ্তের মৃত্যুর পর গুপ্তবংশের পতন শুরু হয়। ক্রমে দুর্বল হইতে দুর্বলতর রাজগণের অধীনে গুপ্তবংশের সাম্রাজ্য বিচ্ছিন্ন হইয়া পড়িলে জীবিতগুপ্তের (দ্বিতীয়) আমলে উহার বিলুপ্তি ঘটে।

পরবর্তীকালেও গুপ্ত উপাধিধারী স্থানীয় রাজগণের পরিচয় পাওয়া যায় বটে, কিন্তু গুপ্ত সম্রাটবংশের পতন জীবিতগুপ্তের (দ্বিতীয়) আমলেই সম্পূর্ণ হইয়াছিল।



গুপ্তযুগের সভ্যতা ও সংস্কৃতি (Culture in the Gupta Age) : সভ্যতা ও সংস্কৃতির ক্ষেত্রে ভারত-ইতিহাসে গুপ্তযুগ 'স্বর্ণ যুগ' (Golden Age) নামে প্রসিদ্ধ। বস্তুত, এই যুগে যে ব্যাপক উৎকর্ষ দেখা গিয়াছিল তাহার

পরিপ্রেক্ষিতে বিচার করিলে গুপ্তযুগকে স্বর্ণ যুগ হিসাবে বিবেচনা করিতেই হইবে। এই উৎকর্ষ শাসনব্যবস্থা, শিক্ষা, শিল্পকলা প্রভৃতি সর্বক্ষেত্রেই প্রকাশলাভ করিয়াছিল।

বৈদেশিক সংস্কৃতির সহিত যোগাযোগ

গুপ্তযুগের সাংস্কৃতিক উৎকর্ষের পশ্চাতে দীর্ঘকালের বৈদেশিক সংস্কৃতির সহিত যোগাযোগ এবং শাসনব্যবস্থার দক্ষতা বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রাচীনকাল হইতে বহির্জগতের সহিত ভারতের যে যোগাযোগ হইয়াছিল উহা মৌর্য ও মৌর্যোত্তর যুগে বহুগুণ বৃদ্ধি পায়। এই যোগাযোগের ফলে যে নূতন সাংস্কৃতিক প্রভাব ভারতে বিস্তৃত হইয়াছিল উহার পরোক্ষ ফল দেখা গেল গুপ্তযুগের বলিষ্ঠ সৃজনী শক্তিতে। সাহিত্য, শিক্ষা, শিল্প প্রভৃতির ক্ষেত্রে তাহা পরিলক্ষিত হইল। রাজনৈতিক শান্তি এই সৃজনী শক্তির প্রকাশের সহায়তা করিয়াছিল, বলা বাহুল্য।

গুপ্ত শাসনব্যবস্থায় শান্তি ও শৃঙ্খলা

স্বর্ণ যুগের আলোচনায় গুপ্তরাজগণের সুদক্ষ, পরধর্মসহিষ্ণু শাসনব্যবস্থার কথা উল্লেখ করা প্রয়োজন। কারণ, এই দক্ষতা ও উদারতার ফলেই স্বর্ণ যুগের রচনা সম্ভব হইয়াছিল। ফা-হিয়েনের বর্ণনায় গুপ্তযুগের শাসনব্যবস্থার দক্ষতার ভূয়সী প্রশংসা রহিয়াছে। রাজনৈতিক ক্ষেত্রে শান্তি ও শৃঙ্খলা ছিল বলিয়াই সাহিত্য, শিল্প, বিজ্ঞান প্রভৃতি সর্বক্ষেত্রে ভারতীয় মনীষার প্রকাশ সম্ভব হইয়াছিল।

সাহিত্য

সাহিত্যের ক্ষেত্রে গুপ্তরাজগণের পৃষ্ঠপোষকতা এক ব্যাপক উদ্দীপনার সৃষ্টি করিয়াছিল। তাঁহাদের পৃষ্ঠপোষকতায় রঘুবংশ, কুমারসম্ভব, মেঘদূত, শকুন্তলা প্রভৃতি অমর কাব্য এবং নাট্যগ্রন্থ-রচয়িতা কালিদাস, বৌদ্ধ দার্শনিক বসুবন্ধু এবং শূদ্রক, বিশাখদত্ত, হরিষেণ প্রভৃতি বিদ্বান্ মনীষী সে-যুগে আবির্ভূত হইয়াছিলেন। কালিদাস, শূদ্রক, অমর, বিশাখদত্ত, বসুবন্ধু প্রভৃতি মনীষীর সাহিত্য-সেবায় সংস্কৃত জ্ঞানভাণ্ডার বহুগুণে সমৃদ্ধ হইয়াছিল। এই যুগকে ইংলণ্ডের ইতিহাসে এলিজাবেথের যুগ এবং গ্রীসের ইতিহাসে পেরিক্লিসের যুগের সহিত তুলনা করা হইয়া থাকে।


সঙ্গীতশাস্ত্র

গুপ্তযুগে সঙ্গীতশাস্ত্রেরও যথেষ্ট উৎকর্ষ সাধিত হইয়াছিল। সমুদ্রগুপ্ত নিজেও সঙ্গীতের অনুরাগী ছিলেন। তাঁহার বীণাবাদনরত মুদ্রার প্রতিকৃতি হইতে এ-বিষয়ে নিঃসন্দেহ হওয়া যায়।

বিজ্ঞান


বিজ্ঞানের বিভিন্ন শাখা—যথা, গণিতশাস্ত্র, জ্যোতির্বিদ্যা, জ্যোতিষশাস্ত্র প্রভৃতিতে গুপ্তযুগ বিশেষ উৎকর্ষলাভ করিয়াছিল। আর্যভট্ট ছিলেন গুপ্ত আমলের শ্রেষ্ঠ গণিতশাস্ত্র-বিশারদ। বরাহমিহির ছিলেন সে-যুগের শ্রেষ্ঠ জ্যোতির্বিদ্। কাহিনী-কিংবদন্তীর নবরত্নের সকলেই বিক্রমাদিত্যের রাজসভায় উপস্থিত ছিলেন কি না সে-বিষয়ে কোন স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া যায় না। তবে এই সকল মনীষীর অনেকে গুপ্তযুগের বিভিন্ন কালে আবির্ভূত হইয়াছিলেন একথা মনে করা ভুল হইবে না। গুপ্তযুগের চিকিৎসাশাস্ত্র অত্যন্ত

উন্নতিলাভ করিয়াছিল। অস্ত্রোপচার সে-যুগে জানা ছিল। ভারতবর্ষ হইতে চিকিৎসাশাস্ত্রের জ্ঞান আরব, পারস্য, গ্রীস প্রভৃতি দেশে বিস্তৃত হইয়াছিল।



অজন্তার ছবি

ধর্মের ক্ষেত্রে গুপ্তযুগের পরধর্মসহিষ্ণুতা গুপ্ত শাসনব্যবস্থাকে শ্রদ্ধার আসনে স্থাপন করিয়াছে। গুপ্তরাজগণ নিজেরা হিন্দুধর্মের পৃষ্ঠপোষক ছিলেন বটে, কিন্তু পরধর্মের



চৈত্য-গৃহ



হাতীর লড়াই

(অজন্তার দেওয়াল-চিত্র)

প্রতি সহিষ্ণুতা প্রদর্শন করিয়া তাঁহারা নিজেদের উন্নত মনের পরিচয় দিয়াছিলেন।

পরধর্মসহিষ্ণুতা

গুপ্তযুগে বিষ্ণু, শিব ও বুদ্ধ এই তিনের উপাসনারই ব্যাপক প্রচলন ছিল। গুপ্তযুগে ভাগবত ধর্মের প্রাধান্য দ্বিতীয় চন্দ্রগুপ্ত কর্তৃক 'পরম ভাগবত' উপাধি ধারণ হইতেই বুঝিতে পারা যায়। এই যুগে বৌদ্ধধর্মের প্রতি পূর্ণমাত্রায় সহিষ্ণুতা প্রদর্শিত হইলেও উহার অবনতির সূত্রপাত হইতে থাকে।

গুপ্তরাজগণের পৃষ্ঠপোষকতায় স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। কিন্তু গুপ্তযুগের শিল্প নিদর্শনের প্রায় সবকিছুই মুসলমান আক্রমণকালে বিনাশপ্রাপ্ত হইয়া গিয়াছে। দেওগড় (উত্তরপ্রদেশ) ও ভিটারগাঁও-এ আবিষ্কৃত দুইটি মন্দির হইতে গুপ্তযুগের স্থাপত্য শিল্পের অপূর্ব নিদর্শন পাওয়া যায়। স্থাপত্য শিল্পের অন্যতম ও অপূর্ব অভিব্যক্তি দেখা যায় সে-যুগে নির্মিত অজন্তার গুহাগুলিতে। কয়েকটি গুহা গুপ্তযুগে নির্মিত হইয়াছিল। সেগুলির দেওয়ালের মসৃণতা আজিও দর্শকের বিস্ময় উৎপাদন করে। এই সকল গুহার দেওয়ালে অঙ্কিত চিত্র সে-যুগের চিত্রশিল্প উৎকর্ষের অপূর্ব নিদর্শন। গুপ্তযুগের দেবদেবীর মূর্তি, পশু-মূর্তি ও বৃক্ষলতাদি সে-যুগের ভাস্কর্য ও আলঙ্কারিক শিল্পকৌশলের পরিচয় বহন করে। বরহুত, সাঁচী, মথুরা ও সারনাথে সে-যুগের ভাস্কর্য শিল্পের অপূর্ব নিদর্শন পাওয়া গিয়াছে। গুপ্তযুগে নির্মিত চন্দ্ররাজ্যের লৌহস্তম্ভ সে-যুগে ধাতু-শিল্পের উন্নতির নিদর্শনস্বরূপ উল্লেখ করা যাইতে পারে। গুপ্তযুগের মুদ্রা এবং নালন্দায় প্রাপ্ত তাম্রনির্মিত একটি বুদ্ধমূর্তিও সে-যুগের ধাতুশিল্পের নিদর্শন বহন করে।

স্থাপত্য ও ভাস্কর্য শিল্প

চিত্রশিল্প

ধাতুশিল্প

ভারতের বাহিরে ভারতীয় উপনিবেশ ও সংস্কৃতি বিস্তারের দিক দিয়াও গুপ্তযুগের উল্লেখযোগ্য অবদান রহিয়াছে। অতি প্রাচীনকাল হইতেই স্বর্ণভূমি—অর্থাৎ সুমাত্রা, যবদ্বীপ, বলি, কম্বোজ, বোর্ণিও প্রভৃতি দেশের সহিত ভারতের বাণিজ্যিক যোগাযোগ ছিল। এই বাণিজ্যিক যোগাযোগের সূত্রে সাংস্কৃতিক প্রভাব এবং ক্রমে রাজনৈতিক প্রাধান্যও সেই সকল অঞ্চলে বিস্তৃত হইয়াছিল।

বাণিজ্যিক ও ঔপনিবেশিক বিস্তৃতি

গুপ্ত আমলে শাসনব্যবস্থা (Gupta Administration): ফা-হিয়েনের বিবরণ, হরিষেণের এলাহাবাদ-প্রশস্তি এবং সমসাময়িক আরও লিপি হইতে গুপ্ত শাসনব্যবস্থা সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা লাভ করা যায়। গুপ্তযুগের শাসন-ব্যবস্থা যে অত্যন্ত সুদক্ষ ছিল সেকথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। শাসনব্যবস্থার সর্বোপরি ছিলেন রাজা স্বয়ং। তাঁহাকে সাহায্য করিবার জন্য প্রধান মন্ত্রী, যুদ্ধ ও সন্ধি স্থাপনের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং সরকারী দলিলপত্রাদি রক্ষার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী—এই তিনজন মন্ত্রী ছিলেন। ইহা ভিন্ন, আরও বিভিন্ন পর্যায়ের কর্মচারী ছিলেন। শাসনকার্যের সুবিধার জন্য শাসনব্যবস্থাকে কেন্দ্রীয় ও প্রাদেশিক এই দুইভাগে ভাগ করা হইয়াছিল। কেন্দ্রীয় সরকারের অধীন থাকিয়া প্রাদেশিক শাসনকর্তাগণ শাসনকার্য পরিচালনা করিতেন। কেন্দ্রীয় শাসনব্যবস্থা তথা সমগ্র দেশের শাসনব্যবস্থার সর্বাত্মক দায়িত্ব ছিল রাজার। তিনি একাধারে সর্বোচ্চ শাসক, সর্বপ্রধান আইনপ্রণেতা, সর্বোচ্চ বিচারক ও সেনানায়ক ছিলেন। কিন্তু এইরূপ ক্ষমতার অধিকারী হইলেও গুপ্ত সম্রাটগণ তাঁহাদের ক্ষমতাকে অত্যাচারে পরিণত করেন নাই। জনকল্যাণই ছিল শাসনকার্যের মূল উদ্দেশ্য।

রাজা ও মন্ত্রিবর্গ

রাজকর্মচারিগণ

রাজার ক্ষমতা

'ভাগ'—অর্থাৎ জমির ফসলের এক-ষষ্ঠাংশ, শুল্ক, খেয়া প্রভৃতি হইতে সরকারী আয় হইত। শিল্প ও বাণিজ্য ক্ষেত্রেও গুপ্তযুগে যথেষ্ট উৎকর্ষ পরিলক্ষিত হয়। শিল্পোন্নতির প্রয়োজনীয় পরিবহণব্যবস্থারও উন্নতিবিধান করা হইয়াছিল।

রাজস্ব

শাসনকার্যের সুবিধার জন্য সাম্রাজ্যকে 'দেশ' ও 'ভুক্তি' নামে দুই পর্যায়ের প্রদেশে বিভক্ত করা হইয়াছিল। দেশের শাসনকর্তার উপাধি ছিল 'গোপত্রি' এবং ভুক্তির শাসনকর্তাকে বলা হইত 'উপারিক মহারাজ'। এই সকল কর্মচারী প্রদেশের পুলিশবাহিনী, বিচার বিভাগ প্রভৃতি বিভিন্ন বিভাগের কার্যের সুষ্ঠ পরিচালনার জন্য দায়ী থাকিতেন। সে-যুগে উত্তরবঙ্গ 'পুণ্ড্রবর্ধন ভুক্তি' নামে পরিচিত ছিল। দেশ ও ভুক্তিগুলি 'বিষয়' বা জেলায় বিভক্ত ছিল। বিষয়গুলি ছিল গ্রামে বিভক্ত। গ্রাম্য শাসনকার্যের ভার 'গ্রামণী'র হস্তে ন্যস্ত ছিল।

প্রদেশ : 'দেশ' ও 'ভুক্তি'

গুপ্ত সম্রাটগণ পরধর্মসহিষ্ণুতা শাসনকার্যের মূল নীতি হিসাবে গ্রহণ করিয়াছিলেন। ইহা ভিন্ন, জনসাধারণের অবস্থার উন্নয়ন, তাহাদের ধনপ্রাণ রক্ষা করা ছিল রাজার দায়িত্ব। গুপ্তযুগে দণ্ডবিধি ছিল অত্যন্ত উদার। ফা-হিয়েনের বিবরণ হইতে জানা যায় যে, অপরাধীকে প্রাণদণ্ড দিবার কোন প্রয়োজন সে-যুগে ছিল না। চরম ক্ষেত্রে, যেমন রাজার বিরুদ্ধে পুনঃ পুনঃ বিদ্রোহ করিলে, অপরাধীর দক্ষিণ হস্ত ছেদনের রীতি ছিল।

শাসনব্যবস্থার মূল আদর্শ—জনকল্যাণ : দণ্ডবিধির উদারতা

গুপ্তরাজগণ রাজতন্ত্রকে সাংস্কৃতিক জীবনের সহিত জড়িত করিয়াছিলেন। তাঁহাদের পৃষ্ঠপোষকতায় সাহিত্য, শিল্প প্রভৃতি সাংস্কৃতিক কার্যকলাপ বৃদ্ধি পাইয়াছিল।

রাজতন্ত্র ও সাংস্কৃতিক জীবনের সমন্বয়

গুপ্ত সাম্রাজ্যের শাসনপদ্ধতির আলোচনায় সে-যুগে ভারতবাসীর অর্থনৈতিক জীবন কিরূপ ছিল সেকথাও উল্লেখ করা প্রয়োজন। জনকল্যাণকামী শাসনব্যবস্থায় জনসাধারণের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত উন্নত ছিল, একথা আমরা ফা-হিয়েনের বিবরণ হইতে জানিতে পারি। দেশে চুরি, ডাকাতি প্রভৃতি সমাজবিরোধী কার্য একপ্রকার ছিল না বলিলেই চলে। ইহা শাসনব্যবস্থার দক্ষতার পরিচায়ক সে-বিষয়ে সন্দেহ নাই। শিল্প, বাণিজ্য, পরিবহণব্যবস্থা, পরধর্মসহিষ্ণুতা প্রভৃতি বৈশিষ্ট্য গুপ্তযুগকে ভারতের শাসনতন্ত্রের ইতিহাসে এক গৌরবোজ্জ্বল আসন দান করিয়াছে।

জনসাধারণের সন্তোষপূর্ণ জীবন

গুপ্ত শাসনাধীন বাংলা (Bengal under the Guptas) : কোন কোন পণ্ডিতের মতে গুপ্তরাজগণের আদি বাসস্থান ছিল মুর্শিদাবাদে। মহারাজ শ্রীগুপ্ত 'বরেন্দ্র'—অর্থাৎ প্রাচীন বাংলাদেশের একাংশে রাজত্ব করিতেন। পরবর্তীকালে গুপ্তরাজগণ তাঁহাদের কর্মকেন্দ্র মগধে স্থানান্তরিত করেন। গুপ্ত লিপি (Inscriptions) হইতে সুস্পষ্টভাবে জানা যায় যে 'পুণ্ড্রবর্ধন'—অর্থাৎ উত্তরবঙ্গ (বরেন্দ্রী বা বরেন্দ্র) গুপ্ত সাম্রাজ্যের প্রদেশগুলির অন্যতম ছিল।

উত্তরবঙ্গে গুপ্ত শাসনব্যবস্থা

দামোদর তাম্রশাসন হইতে জানা যায় যে, ষষ্ঠ শতকের মধ্যভাগ পর্যন্ত (৫৪৪ খ্রীঃ) উত্তরবঙ্গ গুপ্ত শাসনাধীন ছিল। মহাসেনগুপ্ত নামে জনৈক গুপ্তবংশীয় রাজা ষষ্ঠ শতকের শেষভাগে কামরূপরাজকে পরাজিত করিয়াছিলেন। তাঁহার আমলেও উত্তরবঙ্গ গুপ্ত শাসনাধীন ছিল বলিয়া মনে করা হয়। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীর প্রারম্ভে শশাঙ্ক বাংলাদেশের স্বাধীন রাজা হিসাবে রাজত্ব শুরু করেন। তিনি প্রথম জীবনে মহাসেনগুপ্তের অধীনে রাজকর্মচারী ছিলেন বলিয়া অনুমিত হয়।

শশাঙ্কের অধীন বাংলাদেশের স্বাধীনতা

গুপ্ত সাম্রাজ্যের পতন (Downfall of the Gupta Empire) : কোন সাম্রাজ্যই চিরস্থায়ী নহে। গুপ্ত সাম্রাজ্যের ক্ষেত্রেও এই উক্তির সত্যতা প্রমাণিত হইয়াছিল, ইহাতে আশ্চর্য হইবার কিছু নাই। গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণগুলিকে আভ্যন্তরীণ ও বহিরাগত—এই দুই প্রকার কারণে ভাগ করিয়া আলোচনা করিতে পারা যায়। প্রথমত, স্কন্দগুপ্তের পরবর্তী রাজগণের দুর্বলতা এবং সেই সঙ্গে সঙ্গে আত্মকলহ গুপ্ত সাম্রাজ্যের ভিত্তি দুর্বল করিয়া দিয়াছিল। পুষ্যমিত্র জাতির আক্রমণের পর স্কন্দগুপ্ত গুপ্ত সাম্রাজ্য পুনর্গঠিত করিয়াছিলেন বটে, কিন্তু তিনি উহার স্থায়িত্বদান করিতে পারেন নাই। দ্বিতীয়ত, পরবর্তী গুপ্তরাজগণের বৌদ্ধধর্মানুরাগ এবং তাহার ফলে সামরিক শক্তি ও সংগঠনে অবহেলা স্বভাবতই গুপ্ত সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ হইয়া দাঁড়াইয়াছিল। তৃতীয়ত, গুপ্ত সাম্রাজ্যে দুর্বলতা দেখা দিলে এবং সামরিক সংগঠন দক্ষতা হারাইয়া ফেলিলে প্রাদেশিক শাসনকর্তাগণ ও স্থানীয় সামন্তরাজগণ স্বাধীন হইয়া গিয়াছিলেন। কনৌজের মৌখরিগণ, বাংলাদেশের শশাঙ্ক প্রভৃতির নাম এ-বিষয়ে উল্লেখযোগ্য। চতুর্থত, প্রথম কুমার-গুপ্তের রাজত্বকালের শেষদিকে পুষ্যমিত্র জাতির আক্রমণে গুপ্ত সাম্রাজ্যের ভিত্তি প্রকম্পিত হইয়াছিল। যুবরাজ স্কন্দগুপ্ত পুষ্যমিত্র জাতিকে পরাজিত করিয়া গুপ্ত সাম্রাজ্যকে রক্ষা করিয়াছিলেন বটে, কিন্তু এই আঘাত হইতে গুপ্ত সাম্রাজ্যকে সম্পূর্ণভাবে পুনরুজ্জীবিত করিয়া তোলা তাঁহার পক্ষেও সম্ভব হয় নাই। পঞ্চমত, গুপ্ত সাম্রাজ্যের ভিত্তি যখন আভ্যন্তরীণ কারণে দুর্বল, অসংহত সেই সময়ে হূণ জাতির আক্রমণ প্রতিহত করিবার শক্তি গুপ্তরাজগণের স্বভাবতই ছিল না। হূণদের পুনঃ পুনঃ আক্রমণ গুপ্তরাজগণকে ব্যতিব্যস্ত করিয়া তুলিয়াছিল। সেই সময়ে মালবের (মান্দাশোর বা দাসপুর) রাজা যশোধর্মন হূণ নেতা মিহিরগুলকে পরাজিত করেন। যশোধর্মন মধ্য-ভারতের দিকে হূণদের অগ্রগতি রোধ করিয়াছিলেন বটে, কিন্তু ইহার অব্যবহিত পরেই তিনি নিজে স্বাধীন হইয়া গিয়াছিলেন। এইভাবে প্রথম চন্দ্রগুপ্ত, সমুদ্রগুপ্ত ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের অক্লান্ত চেষ্টায় যে বিশাল গুপ্ত সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল উহা ধ্বসিয়া পড়িল।

আভ্যন্তরীণ কারণ : পরবর্তী রাজগণের দুর্বলতা

আত্মকলহ

সামরিক গঠনের দুর্বলতা

প্রাদেশিক শাসনকর্তা ও সামন্তরাজগণের স্বাধীনতা ঘোষণা

মৌখরিগণ ও বাংলাদেশের স্বাধীনতা

পুষ্যমিত্র জাতির আক্রমণ

বহিরাগত কারণ : হূণ আক্রমণ

যশোধর্মন

হূণ আক্রমণ (Hun Invasion) : হূণগণ খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতকের মাঝামাঝি উত্তর-পশ্চিম চীনের ইউ-চি জাতিকে বিতাড়িত করিয়া পশ্চিম অভিমুখে অগ্রসর হইতে থাকে। ইহাদের এক শাখা ইওরোপে এবং অপর এক শাখা অক্ষু নদীর অববাহিকা অঞ্চলে বসবাস করিতে থাকে। স্কন্দগুপ্তের রাজত্বকালে অক্ষু উপত্যকার হূণগণ গুপ্ত সাম্রাজ্য আক্রমণ করিয়াছিল। স্কন্দগুপ্ত তাহাদের এই আক্রমণ প্রতিহত করিয়াছিলেন। কিন্তু খ্রীষ্টীয় পঞ্চম শতকের শেষভাগে এবং ষষ্ঠ শতকের প্রথমভাগে হূণগণ তাহাদের নেতা তোরমান ও মিহিরগুল বা মিহিরকুলের অধীনে অত্যন্ত শক্তিশালী হইয়া উঠে।

হূণ জাতির পরিচয় : হূণ আক্রমণ

হূণ নেতা তোরমান গুপ্ত সাম্রাজ্যের পশ্চিমাংশের কিয়দংশ জয় করিয়া ক্রমে মালব পর্যন্ত অগ্রসর হইয়াছিলেন বলিয়া অনেকে মনে করিয়া থাকেন। শেষ পর্যন্ত গুপ্ত সম্রাট ভানুগুপ্ত তাঁহার এই অগ্রগতি প্রতিহত করেন।

তোরমান

তোরমানের পুত্র মিহিরগুল (Sun-flower) ছিলেন যেমন দুর্ধর্ষ তেমনি অত্যাচারী ও রক্তপিপাসু। তিনি গোয়ালিওর পর্যন্ত হূণ অধিকার বিস্তৃত করিয়াছিলেন। চৈনিক পরিব্রাজক হিউয়েন সাঙের বিবরণ হইতে জানা যায় যে, গুপ্ত সম্রাট বলাদিত্য হূণ নেতা মিহিরগুলকে পরাজিত করিয়া মধ্য-ভারত হূণ শাসনমুক্ত করেন। বলাদিত্যের হস্তে পরাজয়ের পরও মিহিরগুল নিবৃত্ত হইবার পাত্র ছিলেন না। তিনি পুনরায় বিজয় অভিযানে অগ্রসর হইলে মান্দাশোর বা মালবের রাজা যশোধর্মনের হস্তে শোচনীয়ভাবে পরাজিত হইয়া কাশ্মীরে আশ্রয় গ্রহণে বাধ্য হইয়াছিলেন। মিহিরগুল কর্তৃক বিজিত রাজ্যের রাজধানী ছিল শিয়ালকোট। ষষ্ঠ শতকের মাঝামাঝি পর্যন্ত মিহিরগুল রাজত্ব করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পরও উত্তর-পশ্চিম ভারত ও মালব দেশের স্থানে স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র হূণ দলপতিগণ ইতস্তত রাজত্ব করিতেন।

মিহিরগুল

গুপ্তযুগের পরবর্তীকালীন রাজনৈতিক অনৈক্য (Political disintegration after the Guptas) : গুপ্ত সাম্রাজ্যের ধ্বংসাবশেষ হইতে যে-সকল রাজ্যের উত্থান ঘটিয়াছিল সেগুলির মধ্যে কনৌজ, বঙ্গদেশ বা গৌড়রাজ্য, কাশ্মীর, বলভী, বাকাটক প্রভৃতি উল্লেখযোগ্য।

কনৌজ (**Kanauj**) : কনৌজের মৌখরিবংশ গুপ্ত সম্রাটদের সামন্তরাজ ছিল। গুপ্ত সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে এই বংশ উত্তর-ভারতে অন্যতম শক্তিশালী রাজ্য হিসাবে গড়িয়া উঠিবার সুযোগলাভ করিয়াছিল। এই বংশের স্থাপয়িতা ছিলেন হরিবর্মন। ঈশ্বরবর্মন, ঈশানবর্মন, সর্ববর্মন, অবন্তীবর্মন, গ্রহবর্মন প্রভৃতি ছিলেন এই বংশের উল্লেখযোগ্য রাজা। গ্রহবর্মন থানেশ্বরের পুষ্যভূতিবংশের রাজকন্যা রাজ্যশ্রীকে বিবাহ করিয়াছিলেন। মালবরাজ দেবগুপ্তের হস্তে তিনি নিহত হইলে কনৌজ থানেশ্বরের পুষ্যভূতিবংশের অধীন হইয়া গিয়াছিল।

গ্রহবর্মন—দেবগুপ্ত কর্তৃক নিহত

বলভী (Balavi): মৈত্রকবংশের ভট্টারক ছিলেন গুপ্তদের সামরিক কর্মচারী। গুপ্ত সাম্রাজ্যের পতনোন্মুখতার সুযোগ লইয়া তিনি কাথিয়াবাড়ে বলভীরাজ্য স্থাপন করেন। এই বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন ধ্রুবসেন। অষ্টম শতকে আরব আক্রমণে এই রাজ্যের পতন ঘটিয়াছিল।

ধ্রুবসেন

গৌড় (Gauda): গুপ্ত সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে বাংলাদেশে প্রথমে পূর্ববঙ্গ, দক্ষিণবঙ্গ ও পশ্চিমবঙ্গের দক্ষিণ অংশ লইয়া 'বঙ্গ' নামে একটি স্বাধীন রাজ্য গড়িয়া উঠে। ফরিদপুরের কোটালিপাড়া ও বর্দ্ধমান জেলায় প্রাপ্ত শিলালিপি হইতে এই রাজ্যের তিনজন রাজার নাম পাওয়া গিয়াছে—যথা, গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব। ইহাদের মধ্যে কি সম্পর্ক ছিল তাহা সঠিক জানা যায় নাই। তাঁহারা মহারাজাধিরাজ উপাধি ধারণ করিতেন। ইহা হইতে মনে হয় যে, তাঁহারা সম্পূর্ণ স্বাধীন রাজা ছিলেন। বঙ্গরাজ্যের পতনের ইতিহাস জানা যায় নাই। সম্ভবত ইহা গৌড়ের রাজা শশাঙ্কের আমলে তাঁহার অধীন হইয়া পড়িয়াছিল।

বঙ্গ: গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব

কামরূপ (Kamarupa): প্রাচীন কামরূপরাজ্য বর্তমান আসাম, রংপুর ও কোচবিহার লইয়া গঠিত ছিল। খ্রীষ্টীয় চতুর্থ শতকের শেষার্ধে কামরূপরাজ্য গুপ্ত সাম্রাজ্যের করদ মিত্র রাজ্য বলিয়া হরিষেণের এলাহাবাদ-প্রশস্তিতে উল্লিখিত আছে। এলাহাবাদ-প্রশস্তিতেই সর্বপ্রথম কামরূপরাজ্য সম্পর্কে উল্লেখ পাওয়া যায়। গুপ্ত সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে এই রাজ্যটি স্বাধীন হইয়াছিল।

স্বাধীনতা লাভ

থানেশ্বর (Thaneswar): পাঞ্জাবের পূর্বাঞ্চলে খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের প্রারম্ভে পুষ্যভূতিবংশের অভ্যুত্থান ঘটিয়াছিল বলিয়া অনুমিত হয়। এই রাজ্যের রাজধানী ছিল থানেশ্বর। প্রথমে ক্ষুদ্র স্থানীয় রাজবংশ হিসাবেই পুষ্যভূতিবংশের উদ্ভব ঘটিয়াছিল। খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের শেষভাগে এবং সপ্তম শতকের প্রথমভাগে এই রাজবংশ শক্তি ও খ্যাতি অর্জন করিয়াছিল।

নবম অধ্যায়

হর্ষবর্ধন

(Harshavardhana)

থানেশ্বরের পুষ্যভূতিবংশ **(The Pushyabhutis of Thaneswar):** পুষ্যভূতিবংশের রাজা প্রভাকরবর্ধন ছিলেন সর্বপ্রথম উল্লেখযোগ্য নরপতি। খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের শেষভাগ হইতে পুষ্যভূতিবংশ থানেশ্বর নামক স্থানে ক্রমেই শক্তিশালী হইয়া উঠিতে থাকে। গুপ্তবংশের সহিত পুষ্যভূতিবংশের ঘনিষ্ঠ

আত্মীয়তা ছিল। খ্রীষ্টীয় সপ্তম শতকে (৬০৪ খ্রীঃ) হূণ আক্রমণ প্রতিহত করিবার উদ্দেশ্যে প্রভাকরবর্ধন তাঁহার জ্যেষ্ঠ পুত্র রাজ্যবর্ধনকে প্রেরণ করিয়াছিলেন। রাজ্যবর্ধন ছিলেন সমরকুশল সেনাপতি। তিনি হূণ আক্রমণ প্রতিহত করিয়া থানেশ্বররাজ্যের নিরাপত্তা বৃদ্ধি করিয়াছিলেন। প্রভাকরবর্ধন কনৌজের মৌখরিবংশের সহিতও সম্পর্কিত ছিলেন। মৌখরিবংশের রাজা গ্রহবর্মনের সহিত তিনি নিজ কন্যা রাজ্যশ্রীর বিবাহ দিয়াছিলেন। প্রভাকরবর্ধনের দ্বিতীয় পুত্র ছিলেন ইতিহাস-বিখ্যাত হর্ষবর্ধন।

প্রভাকরবর্ধন


প্রভাকরবর্ধনের মৃত্যুর পর তাঁহার পুত্র রাজ্যবর্ধন সিংহাসনে আরোহণ করিলেন (৬০৫ খ্রীঃ)। সেই সময়ে মালব ও কনৌজের মধ্যে তীব্র বিরোধিতা চলিতেছিল। মালবরাজ দেবগুপ্ত গৌড়ের রাজা শশাঙ্কের সহিত মিত্রতা স্থাপন করিয়া নিজ শক্তি বৃদ্ধি করেন এবং কনৌজরাজ গ্রহবর্মনকে পরাজিত ও নিহত করেন। এমনকি তাঁহার রাণী রাজ্যশ্রীকে বন্দিনী করিয়া রাখেন। রাজ্যবর্ধন ভগিনীপতিহন্তা দেবগুপ্তকে সমুচিত শিক্ষা দিবার জন্য সসৈন্যে অগ্রসর হইলেন। যুদ্ধে দেবগুপ্ত পরাজিত হইলেন, কিন্তু পরাজয়ের অব্যবহিত পরেই গৌড়ের রাজা শশাঙ্কের হস্তে রাজ্যবর্ধন প্রাণ হারাইলেন। কথিত আছে, শশাঙ্ক ও রাজ্যবর্ধনের মধ্যে এক মল্লযুদ্ধের অনুষ্ঠান হইয়াছিল। এই মল্লযুদ্ধে রাজ্যবর্ধনের মৃত্যু ঘটিয়াছিল। অবশ্য রাজ্যবর্ধনের মৃত্যু সম্পর্কে একথাও বলা হইয়া থাকে যে, শশাঙ্ক তাঁহাকে নিজ শিবিরে আহ্বান করিয়া আনিয়া হত্যা করিয়াছিলেন। যাহা হউক, রাজ্যবর্ধনের আকস্মিক মৃত্যুতে (৬০৬ খ্রীঃ) তাঁহার ভ্রাতা হর্ষবর্ধন সিংহাসনে আরোহণ করিলেন।

রাজ্যবর্ধন

শশাঙ্কের হস্তে রাজ্যবর্ধন নিহত

হর্ষবর্ধন, ৬০৬-৬৪৭ খ্রীঃ (Harshavardhana): হর্ষবর্ধন স্বয়ং সিংহাসনে আরোহণের পক্ষপাতী ছিলেন না। কিন্তু রাজ্যবর্ধনের আকস্মিক মৃত্যুতে রাজ্যের যে দুর্দিন উপস্থিত হইয়াছিল তাহা বিবেচনা করিয়াই তিনি অনিচ্ছা সত্ত্বেও সভাসদ্‌গণের অনুরোধে সিংহাসনে আরোহণ করেন। গ্রহবর্মনের মৃত্যুতে কনৌজের সিংহাসনও শূন্য হইয়া গিয়াছিল। তথাকার সভাসদ্‌গণের ইচ্ছানুক্রমে কনৌজরাজ্য থানেশ্বররাজ্যের সহিত সংযুক্ত হইল।

হর্ষবর্ধনের সিংহাসন লাভ



হর্ষবর্ধন

সিংহাসনলাভের পরবর্তী কয়েক বৎসর হর্ষবর্ধন নিজেকে 'যুবরাজ শিলাদিত্য' নামেই অভিহিত করেন। দীর্ঘ ছয় বৎসর পর তিনি সম্রাট্-সুলভ উপাধি ধারণ করিয়াছিলেন। এই বিলম্ব সম্পর্কে নানা প্রকার মত আছে। যাহা হউক, হর্ষবর্ধন সিংহাসনে আরোহণ করিয়াই ভ্রাতৃহন্তা শশাঙ্ককে শাস্তি দিবার উদ্দেশ্যে সসৈন্যে অগ্রসর হইলেন। কিন্তু

সম্রাট্-সুলভ উপাধি ধারণে বিলম্ব

শশাঙ্কের সহিত যুদ্ধে অবতীর্ণ হইবার পূর্বেই সংবাদ পাইলেন যে রাজ্যশ্রী বন্দিদশা হইতে মুক্ত হইয়া বিন্ধ্য পর্বতে আশ্রয় গ্রহণ করিয়াছেন। হর্ষবর্ধন কালবিলম্ব না করিয়া ভগিনীকে খুঁজিয়া বাহির করিবার জন্য বিন্ধ্য পর্বতের দিকে অগ্রসর হইলেন। পার্বত্য জাতির লোকদের সাহায্যে তিনি শেষ পর্যন্ত ভগিনীকে খুঁজিয়া বাহির করিতে সমর্থ হইলেন। রাজ্যশ্রী স্বেচ্ছায় প্রাণ-বিসর্জন দিবার উদ্দেশ্যে যখন অগ্নিকুণ্ড জ্বালিয়া ঝাঁপ দিতে উদ্যত ঠিক সেই মুহূর্তে হর্ষবর্ধন তথায় উপস্থিত হইয়া ভগিনীকে প্রাণ-বিসর্জন হইতে নিরস্ত করিলেন। রাজ্যশ্রীকে লইয়া তিনি রাজধানীতে ফিরিয়া আসিলেন। ইহার কিছুকাল পরই তিনি থানেশ্বর হইতে কনৌজে নিজ রাজধানী স্থানান্তরিত করিলেন।

রাজ্যশ্রীর উদ্ধার

ভ্রাতৃহন্তা শশাঙ্ককে তখনও শাস্তি দেওয়া হয় নাই। এইজন্য তিনি প্রথমে কামরূপের রাজা ভাস্করবর্মনের সহিত মিত্রতা স্থাপন করিলেন, কিন্তু ভাস্করবর্মনের সহায়তা গ্রহণ করিয়াও তিনি গৌড়াধিপতি শশাঙ্কের অনিষ্টসাধন করিতে পারিয়াছিলেন বলিয়া কোন প্রমাণ পাওয়া যায় না। ৬১৯ (৬৩৭ ?)* খ্রীষ্টাব্দ পর্যন্ত শশাঙ্ক পূর্ণ পরাক্রমে রাজত্ব করিয়াছিলেন বলিয়া প্রমাণ পাওয়া গিয়াছে।

ভাস্করবর্মনের সহিত মিত্রতা

হর্ষবর্ধন দীর্ঘ ছয় বৎসর অবিরত যুদ্ধ করিয়া এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। তিনি বলভীর রাজা ধ্রুবসেনের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইয়া সাময়িকভাবে বলভীরাজ্য অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন বটে, কিন্তু বেশী দিন তিনি এই প্রাধান্য বজায় রাখিতে সমর্থ হন নাই। বলভীরাজ ধ্রুবসেন নিজরাজ্য পুনরুদ্ধার করিয়া লইয়াছিলেন। ধ্রুবসেন ও হর্ষবর্ধনের মধ্যে আত্মীয়তা স্থাপিত হওয়ার পর এই দুই রাজ্যের পরস্পর দ্বন্দ্বের অবসান ঘটে। সিন্ধুদেশেও সাময়িকভাবে হর্ষবর্ধনের অধিকার বিস্তৃত হইয়াছিল বলিয়া বাণভট্টের হর্ষচরিতে উল্লিখিত আছে। হর্ষবর্ধন 'তুষারশৈল'—অর্থাৎ কাশ্মীররাজ্য আক্রমণ করিয়াছিলেন বলিয়াও প্রমাণ পাওয়া যায়। দাক্ষিণাত্যের দিকে হর্ষবর্ধনের বিজয় অভিযান চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশী কর্তৃক প্রতিহত হইয়াছিল। হর্ষবর্ধন মগধ, কঙ্গোদ প্রভৃতি স্থানও নিজ অধিকারভুক্ত করিয়াছিলেন।

হর্ষবর্ধনের দিগ্বিজয়

দ্বিতীয় পুলকেশীর হস্তে পরাজয়


হর্ষবর্ধনের রাজ্যসীমা কতদূর পর্যন্ত বিস্তৃত ছিল সে-বিষয়ে ঐতিহাসিকগণ একমত নহেন। প্রায় সমগ্র উত্তর-ভারত তাঁহার রাজ্যভুক্ত ছিল একথা আধুনিক ঐতিহাসিক মাত্রেই স্বীকার করিয়া থাকেন।** উত্তরে তুষারাবৃত পর্বত হইতে দক্ষিণে নর্মদা নদী এবং পশ্চিমে কাথিয়াবাড় (বলভী) হইতে পূর্বে কঙ্গোদ (গঞ্জাম) পর্যন্ত তাঁহার সাম্রাজ্য বিস্তৃত ছিল। কে. এম্. পানিক্কারের মতে কাশ্মীর ও নেপাল সহ বিন্ধ্য পর্বতের উত্তরস্থ সকল দেশ হর্ষবর্ধনের

সাম্রাজ্যের বিস্তৃতি

* শশাঙ্কের মৃত্যুকাল সঠিকভাবে জানা যায় নাই। ৬১৯ খ্রীষ্টাব্দের পর এবং ৬৩৭ খ্রীষ্টাব্দের অন্তর্বর্তী কোন কালে তাঁহার মৃত্যু ঘটিয়াছিল। Vide *History of Bengal* Vol. I, p. 66.

** Vide ***An Advanced History of India***, p. 158.

সাম্রাজ্যভুক্ত ছিল।* ডক্টর মজুমদার অবশ্য ভিন্ন মত পোষণ করেন। হিউয়েন-সাঙের বিবরণের উপর নির্ভর করিয়া তিনি এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, হর্ষবর্ধনের সাম্রাজ্যের বিশালতা সম্পর্কে সাধারণত যে ধারণা বিদ্যমান তাহা সম্পূর্ণ ভ্রান্ত। বস্তুত,



* "Nepal and Kashmir were also within his empire ... his authority north of the Vindhyas was complete ... ." Panikkar : *A Survey of Indian History*, p. 77.

তাঁহার সাম্রাজ্য সমগ্র উত্তর-ভারতে বিস্তৃত ছিল না। পূর্ব-পাঞ্জাব, উত্তরপ্রদেশ, মগধ, কঙ্গোদ ও উড়িষ্যা লইয়া তাঁহার সাম্রাজ্য গঠিত ছিল। যাহা হউক, হর্ষবর্ধনের সাম্রাজ্যের বিস্তৃতি সম্পর্কে কোন সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়া এখনও সম্ভব নহে।*

হর্ষবর্ধন কেবল বীরযোদ্ধা হিসাবেই খ্যাতি অর্জন করিয়াছিলেন এমন নহে। সুশাসক হিসাবেও তিনি সমধিক প্রসিদ্ধি অর্জন করিয়াছিলেন।

শাসনব্যবস্থা

সাম্রাজ্যের সুষ্ঠু শাসনকার্য বজায় রাখিবার উদ্দেশ্যে তিনি সাম্রাজ্যের সর্বত্র পরিভ্রমণ করিতেন। শাসনকার্য পরিচালনা ব্যাপারে তাঁহার এই অক্লান্ত চেষ্টার কথা হিউয়েন-সাঙের বর্ণনায়ও পাওয়া যায়।

কেন্দ্রীয় ও প্রাদেশিক শাসনকার্য

ভারতীয় শাসনব্যবস্থার চিরাচরিত রীতি অনুসারে হর্ষবর্ধন শাসন-কার্যকে কেন্দ্রীয় ও প্রাদেশিক এই দুই ভাগে বিভক্ত করিয়াছিলেন। তিনি স্বয়ং ছিলেন শাসনব্যবস্থার সর্বোচ্চে। প্রদেশগুলিতে সামন্তরাজগণ শাসনকার্য

কঠোর দণ্ডবিধি

পরিচালনা করিতেন। হর্ষবর্ধনের আমলে দণ্ডবিধির কঠোরতা

রাজস্ব

পরিলক্ষিত হয়। অপরাধীর অঙ্গ-প্রত্যঙ্গ কাটিয়া ফেলা, কারাদণ্ড, অর্থদণ্ড প্রভৃতি এই সময়ের শাস্তিমূলক ব্যবস্থা ছিল। জমির ফসলের এক-ষষ্ঠাংশ ও অপরাপর কর হইতে রাজস্ব আয় হইত।

ধর্ম-বিষয়ে হর্ষবর্ধন প্রাচীন ভারতীয় সহিষ্ণুতা-নীতি অনুসরণ করিতেন। তিনি প্রথম জীবনে শৈব ছিলেন এবং পরে বৌদ্ধধর্মাবলম্বী হইয়াছিলেন, কিন্তু অপরাপর ধর্মের প্রতিও তাঁহার গভীর শ্রদ্ধা ছিল। বৌদ্ধধর্মের প্রতি

ধর্ম-নীতি

গভীর অনুরাগ সত্ত্বেও তিনি শিব এবং সূর্যেরও উপাসনা করিতেন।** প্রজাবর্গের সুবিধার্থে রাস্তাঘাট নির্মাণ করাইয়া উহার পার্শ্বে সরাইখানা, বিশ্রামাগার তিনি স্থাপন করাইয়াছিলেন। প্রজাবর্গের চিকিৎসার

জনকল্যাণকর কার্যাদি

সুবিধার জন্য তিনি বহু দাতব্য চিকিৎসালয় স্থাপন করিয়া দিয়াছিলেন। বৌদ্ধ ভিক্ষুদের জন্য তিনি অনেকগুলি মঠ নির্মাণ করাইয়াছিলেন। তিনি চৈনিক পরিব্রাজক হিউয়েন-সাঙের সম্মানার্থে কনৌজে

কনৌজের ধর্মসভা

এক ধর্মসভার আয়োজন করেন। এই ধর্মসভায় ভাস্করবর্মন, বলভীর ধ্রুবসেন প্রভৃতি মোট আঠার জন করদ-মিত্র রাজা উপস্থিত ছিলেন।

কনৌজের ধর্মসভার পর হর্ষবর্ধন প্রয়াগে গঙ্গা ও যমুনা নদীর সঙ্গমস্থলে তাঁহার পঞ্চবার্ষিক মেলার আয়োজন করেন। হিউয়েন-সাঙ্‌কেও এই মেলায় আমন্ত্রণ করা

প্রয়াগের পঞ্চবার্ষিক মেলা

হইয়াছিল। দীর্ঘ ৭৫ দিন ধরিয়া এই মেলার অনুষ্ঠান চলিয়াছিল। বুদ্ধ, সূর্য ও শিবের উপাসনা এবং উহার সঙ্গে সঙ্গে দরিদ্র ও বিভিন্ন ধর্মাবলম্বী সাধু-সন্ন্যাসী ও ভিক্ষুদের তিনি নানাবিধ মূল্যবান সামগ্রী দান করিয়াছিলেন। পাঁচ বৎসরের রাজস্বের উদ্বৃত্ত সম্পূর্ণভাবে দান করিয়া এমনকি একখানি সাধারণ বস্ত্র পরিধান করিয়া তাঁহার নিজের মূল্যবান রাজকীয় বস্ত্রখানিও তিনি দান করিয়া দিতেন।

---

* "The idea that his (Harsha's) empire included the whole of Northern India would not bear a moment's scrutiny … ." Majumdar : *Ancient India*, p. 265.

** Vide ***An Advanced History of India***, p. 159.

সাংস্কৃতিক জীবন (Cultural Life) : হর্ষবর্ধনের রাজত্বকালে সাহিত্য ও সংস্কৃতির ক্ষেত্রেও যথেষ্ট উৎকর্ষ সাধিত হইয়াছিল। হর্ষবর্ধনের পৃষ্ঠপোষকতায় কাব্য, সাহিত্য সবকিছুরই উন্নতি ঘটিয়াছিল। শিক্ষার কেন্দ্রস্থলগুলিতে দেশীয় ও বিদেশীয় বহু ছাত্র বিদ্যা অর্জনের জন্য আসিত। সুসাহিত্যিক হিসাবে হর্ষবর্ধন নিজেও খ্যাতি অর্জন করিয়াছিলেন। 'নাগানন্দ', 'প্রিয়দর্শিকা' ও 'রত্নাবলী' নামে তিনখানি অতি মূল্যবান সংস্কৃত নাটক এবং কবিতা রচনা করিয়া তিনি নিজ মানসিক উৎকর্ষের পরিচয় দিয়াছিলেন। বাণভট্ট ছিলেন হর্ষবর্ধনের সভাকবি। ইনি হর্ষবর্ধনের জীবনী ও রাজত্বকাল সম্পর্কে 'হর্ষচরিত' নামে প্রসিদ্ধ গ্রন্থখানি রচনা করিয়াছিলেন।

সাহিত্যের পৃষ্ঠপোষকতা

হর্ষবর্ধনের আমলে রাজস্বের এক বিরাট অংশ সাহিত্য-সেবা ও সাহিত্যসেবীদের সাহায্যে ব্যয়িত হইত। নালন্দা বিশ্ববিদ্যালয় ছিল সমসাময়িক কালের সর্বশ্রেষ্ঠ বৌদ্ধ শাস্ত্রাধ্যয়নের কেন্দ্র। এই বিশ্ববিদ্যালয়টি হর্ষবর্ধনের পৃষ্ঠপোষকতা লাভ করিত।

নালন্দা বিশ্ববিদ্যালয়

হিউয়েন-সাঙ্ **(Hiuen-Tsang) :** হর্ষবর্ধনের রাজত্বকালে চৈনিক পরিব্রাজক হিউয়েন-সাঙ্ দীর্ঘ চৌদ্দ বৎসরকাল ভারতবর্ষে অতিবাহিত করিয়াছিলেন (৬৩০-৬৪৪ খ্রীঃ)। তৎকালীন ভারতবর্ষ সম্পর্কে তিনি একটি বিশদ বিবরণ রাখিয়া গিয়াছেন। তাঁহার বর্ণনা হইতে হর্ষবর্ধনের শাসনব্যবস্থা, তাঁহার ধর্ম-নীতি ও ধর্মপ্রবণতা, সেই যুগের শিক্ষা ও সাহিত্য এবং জনসাধারণের অবস্থা প্রভৃতি সম্পর্কে একটি সুন্দর চিত্র পাওয়া যায়। হিউয়েন-সাঙের বিবরণ হইতে জানা যায় যে হর্ষবর্ধনের রাজধানী কনৌজ সেই সময়ে অত্যন্ত সমৃদ্ধ ছিল। পাটলিপুত্র নগর তখন অবশ্য ধ্বংসপ্রাপ্ত হইয়া গিয়াছিল। বারাণসী নগর দেখিয়া তিনি অত্যন্ত প্রীত হইয়াছিলেন। এখানে তখন হিন্দুধর্মের প্রাধান্য ছিল বটে, তথাপি কয়েকটি বৌদ্ধমঠও তিনি দেখিতে পাইয়াছিলেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ে তিনি দশ হাজার ছাত্রকে বৌদ্ধধর্ম এবং অপরাপর বিষয়ে অধ্যয়নরত দেখিতে পাইয়াছিলেন। তিনি নালন্দা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণের জ্ঞানের গভীরতার ভূয়সী প্রশংসা

হিউয়েন-সাঙের বিবরণ

বারাণসী




হিউয়েন-সাঙ্

করিয়াছেন। ঠিক কোন্ সময়ে এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হইয়াছিল সে-বিষয়ে নিশ্চিত কিছু বলা যায় না। প্রধানত বৌদ্ধ শিক্ষাকেন্দ্র হিসাবেই নালন্দা বিশ্ববিদ্যালয় খ্যাতি অর্জন করিয়াছিল। বৌদ্ধ ধর্মশাস্ত্র ভিন্ন অপরাপর শাস্ত্রও সেখানে অধ্যয়ন করা চলিত। চৈনিক পরিব্রাজক হিউয়েন-সাঙ্, স্বয়ং কয়েক বৎসর নালন্দা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধশাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। হিউয়েন-সাঙের বিবরণ হইতে জানা যায় যে, একটি বৃহৎ উদ্যানের মধ্যে ছয়টি চারিতল অট্টালিকায় থাকিয়া দশ হাজার ছাত্র নালন্দা বিশ্ববিদ্যালয়ে দর্শন, সাহিত্য, রসায়ন, গণিত, ন্যায় ও আয়ুর্বেদ এবং বিভিন্ন ধর্মশাস্ত্র অধ্যয়ন করিত। ভিন্ন ভিন্ন বিষয়ে অধ্যাপনার জন্য একশতটি গৃহ ছিল। ছাত্রগণ সকলেই ছিল পবিত্র-চরিত্র, সুপণ্ডিত ও প্রখর বুদ্ধিসম্পন্ন। শীলভদ্র নামক জনৈক বাঙালী মনীষী ছিলেন নালন্দা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ বা আচার্য। এই বিশ্ববিদ্যালয়ে একটি সুবৃহৎ গ্রন্থাগার ছিল। হিউয়েন-সাঙ্ ভিন্ন ই-সিঙের বিবরণ হইতেও নালন্দা বিশ্ববিদ্যালয় সম্পর্কে অনেক তথ্য জানা যায়। তাঁহার বর্ণনার সহিত হিউয়েন-সাঙের বর্ণনার যথেষ্ট সাদৃশ্য আছে। নালন্দা বিশ্ববিদ্যালয় মুসলমান আক্রমণকাল পর্যন্ত উহার খ্যাতি বজায় রাখিয়া চলিয়াছিল।

নালন্দা বিশ্ববিদ্যালয়ের বর্ণনা

শীলভদ্র



নালন্দা

হিউয়েন-সাঙ্ তক্ষশিলায় দুইবার গিয়াছিলেন বলিয়া তাঁহার ভ্রমণ-কাহিনীতে উল্লেখ আছে। তক্ষশিলা ছিল ভারতের সর্বাপেক্ষা প্রাচীন শিক্ষাকেন্দ্র। গৌতম বুদ্ধের জন্মের পূর্ব হইতেই এই বিশ্ববিদ্যালয় শিক্ষাকেন্দ্র হিসাবে খ্যাতি অর্জন করিয়াছিল। কোশলরাজ প্রসেন্‌জিৎ তক্ষশিলা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছিলেন বলিয়া জানা যায়। 'মহাবগ্‌গ' নামক বৌদ্ধ গ্রন্থ হইতে জানা যায় আত্রেয় নামে এক অতি ক্ষমতাসম্পন্ন সুচিকিৎসক তক্ষশিলায় অধ্যাপনা করিতেন। মগধরাজ বিম্বিসারের চিকিৎসক জীবক ছিলেন তাঁহারই শিষ্য। চৈনিক ভ্রমণকারী ফা-হিয়েনও তক্ষশিলার কথা তাঁহার ভ্রমণবৃত্তান্তে লিপিবদ্ধ করিয়াছেন।

তক্ষশিলা বিশ্ববিদ্যালয়

হিউয়েন-সাঙের বিবরণ হইতে জানা যায় যে, তক্ষশিলায় বহু সংখ্যক বৌদ্ধ বিহার ছিল। মহাযান বৌদ্ধধর্ম সম্প্রদায়ের কয়েকজন সেই সময়ে তক্ষশিলায় বাস করিতেন।

হর্ষবর্ধন ও দ্বিতীয় পুলকেশী শ্রেষ্ঠ রাজা

হিউয়েন-সাঙ্ উত্তর-ভারতে হর্ষবর্ধন এবং দক্ষিণ-ভারতে দ্বিতীয় পুলকেশীকে শ্রেষ্ঠ রাজা বলিয়া বর্ণনা করিয়াছেন। হর্ষবর্ধনের শাসনকার্যের সুখ্যাতি তিনি করিয়া গিয়াছেন। সাম্রাজ্যের সুষ্ঠ শাসনব্যবস্থা বজায় রাখিবার জন্য হর্ষবর্ধন অক্লান্ত পরিশ্রম করিতে দ্বিধাবোধ করিতেন না। হর্ষবর্ধনের রাজত্বকালে দণ্ডবিধি খুবই কঠোর ছিল একথা হিউয়েন-সাঙের বিবরণ হইতে জানিতে পারা যায়। সেই সময়ে রাস্তাঘাটের নিরাপত্তা তেমন ছিল না। হিউয়েন-সাঙ্ নিজেই একাধিকবার দস্যুর কবলে পড়িয়াছিলেন।

দণ্ডবিধির কঠোরতা

বাংলাদেশ—তাম্রলিপ্তি বন্দর

বাংলাদেশে সেই সময়ে শশাঙ্কের অত্যাচারে বৌদ্ধধর্ম একপ্রকার লোপ পাইয়াছিল। হিউয়েন-সাঙ্, বাংলাদেশের শ্রেষ্ঠ বন্দর তাম্রলিপ্তির কথা উল্লেখ করিয়া গিয়াছেন। এই বন্দর হইতে সেই সময়ে দক্ষিণ-পূর্ব এশীয় দ্বীপপুঞ্জের সহিত বাংলাদেশের বাণিজ্য-সম্পর্ক ছিল এবং বহু বাণিজ্যপোত তাম্রলিপ্তি বন্দর হইতে সেই সকল দেশে যাতায়াত করিত।

জনসাধারণের জীবনযাত্রা প্রণালী

জনসাধারণের জীবনযাত্রার কথাও হিউয়েন-সাঙের বিবরণে পাওয়া যায়। হিউয়েন-সাঙ্, তৎকালীন ভারতবাসীর সরলতা ও আড়ম্বরহীন জীবনযাত্রার কথা উল্লেখ করিয়াছিলেন। হর্ষবর্ধনের রাজত্বকালে মাংস অন্যতম প্রধান খাদ্য হিসাবে ব্যবহৃত হইত। এখানে উল্লেখ করা যাইতে পারে, ফা-হিয়েন কসাইখানা, মদের দোকান প্রভৃতি মোটেই দেখিতে পান নাই কিন্তু হিউয়েন-সাঙের আমলে জনসাধারণের জীবনযাত্রা প্রণালী আর ততটা বৌদ্ধধর্মের দ্বারা প্রভাবিত ছিল না। সমাজে জাতিভেদ-প্রথার কঠোরতা দেখা দিয়াছিল। উত্তর-ভারতে বৌদ্ধধর্ম খুবই হ্রাস পাইয়াছিল। দক্ষিণ-ভারতেও বৌদ্ধধর্মের স্থলে হিন্দুধর্ম ও জৈনধর্মের প্রাধান্য পরিলক্ষিত হইয়াছিল। একমাত্র পূর্ব-ভারতে বৌদ্ধধর্ম তখনও প্রবল ছিল।

বৌদ্ধধর্মের প্রভাব হ্রাসপ্রাপ্ত

কনৌজের ধর্মসভা

হিউয়েন-সাঙের বিবরণে কনৌজের ধর্মসভা এবং প্রয়াগের মেলার বিশদ বিবরণ পাওয়া যায়। কনৌজের ধর্মসভায় হর্ষবর্ধনের করদ-মিত্র রাজগণ উপস্থিত ছিলেন। এই সভার অনুষ্ঠানকালে হর্ষবর্ধনের অত্যধিক বৌদ্ধধর্মপ্রীতিতে অসন্তুষ্ট হইয়া ব্রাহ্মণ শ্রেণীর কয়েকজন তাঁহার প্রাণনাশের চেষ্টা করিয়াছিলেন বলিয়া জানা যায়। প্রয়াগের মেলায় বা দানক্ষেত্রে হর্ষবর্ধন কিভাবে তাঁহার পাঁচ বৎসরের সঞ্চিত যাবতীয় ধনরত্ন প্রভৃতি বিতরণ করিয়া দিয়াছিলেন তাহার সুন্দর বিবরণ হিউয়েন-সাঙ্ লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

প্রয়াগের 'দানক্ষেত্র'

চীন-ভারত সাংস্কৃতিক যোগাযোগ বৃদ্ধি

হিউয়েন সাঙ্ বহু বৌদ্ধগ্রন্থের পাণ্ডুলিপি চীনদেশে লইয়া গিয়াছিলেন। এইগুলিকে তিনি চৈনিক ভাষায় অনুবাদ করেন। তাঁহার ভারত আগমনের পর চীন-ভারত মৈত্রী ও সাংস্কৃতিক যোগাযোগ বহুগুণে বৃদ্ধি পাইয়াছিল। চীনদেশে ভারতীয় সংস্কৃতির প্রভাববিস্তারে হিউয়েন-সাঙের উল্লেখযোগ্য দান রহিয়াছে।

বাণভট্ট (Banabhatta)*: বাণভট্ট ছিলেন হর্ষবর্ধনের সভাকবি। তিনি 'কাদম্বরী' ও 'হর্ষচরিত'—এই দুইখানি গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন। সম্রাট হর্ষবর্ধনের প্রশস্তি তাঁহার হর্ষচরিত গ্রন্থে লিপিবদ্ধ রহিয়াছে। এই গ্রন্থ সমসাময়িক কালের ঐতিহাসিক তথ্যাদিতে পরিপূর্ণ। পুরাণগুলির রচনাকাল সম্পর্কেও এই গ্রন্থ হইতে অবগত হওয়া যায়। পুষ্যমিত্র শুঙ্গ কিভাবে মৌর্য সম্রাট বৃহদ্রথকে হত্যা করিয়াছিলেন পুরাণে বর্ণিত সেই কাহিনীও হর্ষচরিতে লিপিবদ্ধ আছে। হর্ষচরিত কেবলমাত্র হর্ষবর্ধনের রাজত্বকালের ঐতিহাসিক তথ্যাদির বিবরণ নহে, পূর্বেকার এবং সমসাময়িক ঐতিহাসিক ঘটনাবলীর অনেক তথ্যও এই গ্রন্থে পাওয়া যায়।

কাদম্বরী ও হর্ষচরিত

হর্ষচরিতের ঐতিহাসিক গুরুত্ব

বাংলাদেশের ইতিহাস : গৌড়াধিপতি শশাঙ্ক (History of Bengal : Sasanka of Gauda): গুপ্ত সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে বাংলাদেশে প্রথমে পূর্ববঙ্গ ও দক্ষিণবঙ্গ এবং পশ্চিমবঙ্গের দক্ষিণ অংশ লইয়া 'বঙ্গ' নামে একটি স্বাধীন রাজ্য গড়িয়া উঠিয়াছিল তাহার উল্লেখ পূর্বেই করা হইয়াছে। ফরিদপুরের কোটালিপাড়া ও বর্দ্ধমান জেলায় প্রাপ্ত শিলালিপি হইতে এই রাজ্যের তিনজন রাজার নাম পাওয়া গিয়াছে—যথা, গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব। ইহাদের পরস্পর সম্পর্ক কি ছিল তাহা সঠিক জানা যায় নাই। তাঁহাদের মহারাজাধিরাজ উপাধি গ্রহণ হইতে মনে হয় যে, তাঁহারা সম্পূর্ণ স্বাধীন রাজা ছিলেন। গৌড়ের রাজা শশাঙ্কের আমলে সম্ভবত বঙ্গরাজ্য তাঁহার অধীন হইয়া পড়িয়াছিল।

বঙ্গ : গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব

গৌড়রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন শশাঙ্ক। ইনি প্রথমে গুপ্তবংশের শেষ রাজা মহাসেনগুপ্তের সেনাপতি ছিলেন। শশাঙ্ক কেবল স্বাধীন গৌড়রাজ্যের স্থাপয়িতাই ছিলেন না, তিনি গৌড়কে একটি সাম্রাজ্যে পরিণত করিতে চাহিয়াছিলেন। তাঁহার রাজধানী ছিল কর্ণসুবর্ণ। মুর্শিদাবাদ জেলার রাঙ্গামাটি নামক স্থানটি সে-যুগে কর্ণসুবর্ণ নামে পরিচিত ছিল। গৌড়াধিপতি শশাঙ্ক ছিলেন সম্রাট হর্ষবর্ধনের সর্বাপেক্ষা শক্তিশালী প্রতিদ্বন্দ্বী। কনৌজের মৌখরিবংশের সাম্রাজ্য-স্পৃহা হইতে নিজরাজ্য রক্ষা করাই ছিল শশাঙ্কের মূল উদ্দেশ্য। মালবরাজ দেবগুপ্তকে তিনি সপক্ষে টানিয়া মৌখরিবংশের বিরুদ্ধে নিজ শক্তিবৃদ্ধি করিয়াছিলেন। তাঁহার সাহায্যেই দেবগুপ্ত মৌখরিরাজ গ্রহবর্মনকে পরাজিত ও নিহত করেন। রাজ্যবর্ধন এইজন্য দেবগুপ্তের রাজ্য আক্রমণ করেন। যুদ্ধে দেবগুপ্তের শোচনীয় পরাজয় ঘটে। কিন্তু এই বিজয়ের অব্যবহিত পরেই দেবগুপ্তের মিত্ররাজ শশাঙ্কের হস্তে রাজ্যবর্ধন প্রাণ হারাইলেন। রাজ্যবর্ধনের ভ্রাতা হর্ষবর্ধন সিংহাসনে আরোহণ করিয়াই ভ্রাতৃহন্তা গৌড়রাজ শশাঙ্ককে সমুচিত শিক্ষা দিবার উদ্দেশ্যে কামরূপের রাজা ভাস্করবর্মনের সহিত মিত্রতা

গৌড় : শশাঙ্ক

মালবরাজ দেবগুপ্ত ও শশাঙ্কের মিত্রতা

শশাঙ্ক কর্তৃক রাজ্যবর্ধন নিহত

* Vide V. A. Smith : *The Early History of India*, pp. 19, 23, 208, 215, 448, 456.

স্থাপন করিলেন। কিন্তু শশাঙ্কের জীবদ্দশায় হর্ষবর্ধন বা ভাস্করবর্মন তাঁহার কোন ক্ষতিসাধন করিতে পারেন নাই। ৬১৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত গৌড়, উৎকল, মগধ ও কঙ্গোদ শশাঙ্কের অধীন ছিল বলিয়াই জানিতে পারা যায়।

হর্ষবর্ধনের বিরুদ্ধে শশাঙ্কের আত্মরক্ষার সামর্থ্য

শশাঙ্ক ব্রাহ্মণ্য ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। বৌদ্ধধর্মের প্রতি তিনি তেমন উদারতা প্রদর্শন করেন নাই। শশাঙ্কের মৃত্যুর পর বাংলাদেশে এক ব্যাপক অরাজকতা দেখা দিয়াছিল; পালবংশের উত্থানের পূর্বাবধি এই অরাজকতা অপ্রতিহতভাবে চলিতেছিল।

শশাঙ্কের পরবর্তীকালে অরাজকতা

হর্ষবর্ধনের পরবর্তীকালে ধর্মনৈতিক পরিবর্তন (Religious changes after Harshavardhana): খ্রীষ্টীয় সপ্তম শতাব্দী হইতে উত্তর-ভারতে বৈষ্ণবধর্মের স্থলে শৈবধর্মের প্রাধান্য পরিলক্ষিত হয়। হূণরাজ মিহিরগুল, মালবরাজ যশোধর্মন, গৌড়াধিপতি শশাঙ্ক এমনকি আংশিকভাবে হর্ষবর্ধন নিজেও শিবের উপাসক ছিলেন।* অষ্টম শতাব্দীতে কেরলরাজ্যের শ্রীশঙ্করাচার্য শৈবধর্মকে সমগ্র ভারতে জনপ্রিয় করিয়া তুলিয়াছিলেন। তিনি কেবলমাত্র ধর্মপ্রচারকই ছিলেন না, তাঁহার সংগঠনী শক্তি ছিল অসাধারণ। তিনি মহীশূরের শ্রীঙ্গেরী, কাথিয়াবাড়ের দ্বারকা, উড়িষ্যার পুরী এবং হিমালয়ের বদ্রিনাথ মঠ স্থাপন করিয়া সংগঠনী শক্তির পরিচয় দিয়াছিলেন। নবম শতাব্দীতে উত্তর-ভারতে কাশ্মীররাজ্যে শৈবধর্মের প্রাধান্য পরিলক্ষিত হয়। কাশ্মীরে বহু শৈবধর্মপ্রচারক মনীষীর আবির্ভাব হইয়াছিল।

শৈবধর্মের প্রাধান্য

শঙ্করাচার্য

ঐ সময়ে দাক্ষিণাত্যে তামিল ও কানাড়ী ধর্মজ্ঞানীদের চেষ্টায় শৈবধর্মের ব্যাপক প্রচার শুরু হইয়াছিল। তামিল শৈবগণ 'নায়নার' এবং কানাড়ী শৈবগণ 'বীরশৈব' নামে পরিচিত ছিলেন। সম্বন্দর, সুন্দরমূর্তি, মাণিক্য বসহর প্রভৃতি ছিলেন তামিল শৈবদের মধ্যে প্রধান। বসব ছিলেন কানাড়ী শৈবদের মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য। বীরশৈবগণ শৈবধর্মের প্রচারের সঙ্গে সঙ্গে নারী-জাতির স্বাধীনতা, জাতিভেদ-প্রথার উচ্ছেদ ও সমাজ-সংস্কারের জন্যও সচেষ্ট ছিলেন।

'নায়নার' ও 'বীরশৈব'

দশম অধ্যায়

রাষ্ট্রকূট-চালুক্য-পল্লব-চোল-পাণ্ড্য রাজ্যসমূহ

(Rashtrakuta-Chalukya-Pallava-Chola-Pandya Kingdoms)

রাষ্ট্রকূটগণ (The Rashtrakutas): রাষ্ট্রকূটগণের আদি পরিচয় সম্পর্কে মতানৈক্য রহিয়াছে। তাহারা সাত্যকি নামে জনৈক যাদববংশীয় নেতার বংশধর বলিয়া দাবি করিত। যাহা হউক, দন্তিবর্মা ছিলেন এই বংশের প্রকৃত স্থাপয়িতা। এই বংশের রাজগণের মধ্যে অমোঘবর্ষ ছিলেন সর্বশ্রেষ্ঠ। রাষ্ট্রকূটরাজগণ বংশ বংশানুক্রমে গুর্জর-প্রতিহারদের সহিত

রাষ্ট্রকূট—গুর্জর-প্রতিহার সংঘর্ষ


* Vide *An Advanced History of India*, p. 159.

সংঘর্ষে লিপ্ত থাকিতেন। তাঁহাদের হস্তে গুর্জর-প্রতিহার রাজগণ একাধিকবার পরাজয় স্বীকার করিয়াছিলেন। রাষ্ট্রকূটরাজ অমোঘবর্ষ ছিলেন শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষক। তাঁহার পৃষ্ঠপোষকতায় জীনসেন নামে জনৈক জৈন ভিক্ষু 'পার্শ্ব-অভ্যুদয়' নামে একখানা মূল্যবান গ্রন্থ রচনা করিয়াছিলেন। সেই সময়ে 'জয়ধবল', 'রত্নমালিকা' প্রভৃতি দার্শনিক গ্রন্থ এবং 'সার সংগ্রহ' নামে একখানা গণিতশাস্ত্রের গ্রন্থ রচিত হইয়াছিল। আরব পর্যটক সুলেমানের বর্ণনায় অমোঘবর্ষকে পৃথিবীর শ্রেষ্ঠ চারিজন রাজার অন্যতম বলিয়া অভিহিত করা হইয়াছে।

অমোঘবর্ষ

অমোঘবর্ষের পরবর্তীকালে দশম শতকের শেষভাগে রাষ্ট্রকূটবংশ কল্যাণীর চালুক্যবংশের হস্তে পরাভূত হইলে রাষ্ট্রকূট শক্তির পতন ঘটে।

***রাষ্ট্রকূট শিল্প* (The Rashtrakuta Art):** দক্ষিণ-ভারতের শিল্পকলার উৎকর্ষসাধনে রাষ্ট্রকূটদের দান উল্লেখযোগ্য। রাষ্ট্রকূটরাজগণ স্থাপত্য,



ইলোরার কৈলাসনাথের মন্দির

ভাস্কর্য, চিত্রশিল্প প্রভৃতি বিভিন্ন শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন। রাষ্ট্রকূটরাজ প্রথম কৃষ্ণের পৃষ্ঠপোষকতায় ইলোরার পর্বতগাত্রে খোদিত কৈলাস-নাথের মন্দিরটি স্থাপত্য ও আলঙ্কারিক ভাস্কর্য কৌশলের অপূর্ব নিদর্শন হিসাবে আজিও বিদ্যমান।

ইলোরার কৈলাস-নাথের মন্দির

চালুক্যগণ (The Chalukyas) : চালুক্য জাতির আদি পরিচয় সম্পর্কে মতদ্বৈধ আছে। চালুক্যগণ নিজেদের রাজপুত জাতির লোক বলিয়া দাবি করিত। কোন কোন ঐতিহাসিকের মতে তাহারা ছিল গুর্জর জাতিরই এক শাখা। যাহা হউক, চালুক্যগণ দাক্ষিণাত্যের বাতাপি ও কল্যাণী—এই দুইটি অঞ্চলে দুইটি পৃথক রাষ্ট্র গড়িয়া তুলিয়াছিল।

আদি পরিচয় সম্পর্কে মতানৈক্য

বাতাপির চালুক্যবংশ (The Chalukyas of Vatapi) : বর্তমান বিজাপুর জেলায় বাতাপিরাজ্য গড়িয়া উঠিয়াছিল। এখানকার চালুক্যবংশের প্রতিষ্ঠাতা ছিলেন প্রথম পুলকেশী। চালুক্যরাজগণ ছিলেন গোঁড়া হিন্দু। এই বংশের প্রকৃত শক্তি ও প্রতিপত্তিশালী স্থাপয়িতা ছিলেন কীর্তিবর্মা। তিনি চতুর্দিকে নিজ রাজ্যসীমা বিস্তার করিয়া এক বিশাল রাজ্যের অধীশ্বর হইয়াছিলেন। উত্তরে তাঁহার রাজ্য বঙ্গোপসাগর, পূর্বে সমুদ্রোপকূল, দক্ষিণে তামিল রাজ্যগুলির শেষ সীমা পর্যন্ত বিস্তৃত ছিল। কীর্তিবর্মা বঙ্গ, মগধ, গঙ্গা, দ্রাবিড় প্রভৃতি অঞ্চলও জয় করিয়াছিলেন বলিয়া মনে করা হয়। কীর্তিবর্মার পরবর্তী রাজা মঙ্গলেশ দাক্ষিণাত্য মালভূমির এক বিশাল অংশ নিজ রাজ্যভুক্ত করিতে সমর্থ হইয়াছিলেন। এই বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন দ্বিতীয় পুলকেশী। তিনি ছিলেন হর্ষবর্ধনের সমসাময়িক। দক্ষিণ-ভারতের দিকে হর্ষবর্ধনের বিজয় অভিযান দ্বিতীয় পুলকেশীর হস্তেই বাধাপ্রাপ্ত হইয়াছিল। হর্ষবর্ধন তাঁহার হস্তে শোচনীয়ভাবে পরাস্ত হইয়াছিলেন। কলিঙ্গ, দক্ষিণ-কোশল, বরোচের গুর্জরবংশ তাঁহার হস্তে পরাজিত হইয়াছিল। দ্বিতীয় পুলকেশী সমগ্র দাক্ষিণাত্য মালভূমি নিজ অধিকারভুক্ত করিতে সমর্থ হইয়াছিলেন। হিউয়েন-সাঙ্‌ তাঁহাকে দক্ষিণ-ভারতের শ্রেষ্ঠ রাজা বলিয়া অভিহিত করিয়াছেন। সুদূর দক্ষিণের চের, চোল ও পাণ্ড্য নামক তামিল রাজ্যগুলিও চালুক্যরাজ্যভুক্ত হইয়াছিল। পল্লবরাজ মহেন্দ্রবর্মাকে (প্রথম) পরাজিত করিয়া তিনি ভেঙ্গী নামক স্থানটিও দখল করিয়াছিলেন। কিন্তু কিছুকাল পরে পল্লবরাজ নরসিংহবর্মা তাঁহাকে পরাজিত করিয়া পূর্ব পরাজয়ের প্রতিশোধ গ্রহণ করিয়াছিলেন। পরবর্তীকালেও চালুক্য-পল্লব দ্বন্দ্ব চলিতেছিল। দ্বিতীয় পুলকেশীর পুত্র প্রথম বিক্রমাদিত্য পল্লবগণকে পরাজিত করিয়া তাহাদের হস্তে পিতার পরাজয় ও অপমানের প্রতিশোধ গ্রহণ করেন। প্রথম বিক্রমাদিত্যের আমলে চালুক্যরাজ্যের মর্যাদা ও প্রতিপত্তি অত্যধিক পরিমাণে বৃদ্ধি পাইয়াছিল। পরবর্তী রাজা দ্বিতীয় বিক্রমাদিত্য দাক্ষিণাত্যের দিকে আরবদের অগ্রগতিকে বাধাদান করিয়াছিলেন। অষ্টম শতাব্দীর মধ্যভাগে রাষ্ট্রকূটদের হস্তে বাতাপির চালুক্য প্রাধান্যের অবসান ঘটে।

প্রথম পুলকেশী

কীর্তিবর্মা

মঙ্গলেশ

দ্বিতীয় পুলকেশী

পল্লব-চালুক্য সংঘর্ষ

আরবদের অগ্রগতি প্রতিহত

কল্যাণীর চালুক্যবংশ (The Chalukyas of Kalyani): বাতাপির চালুক্যবংশের রাজা দ্বিতীয় বিক্রমাদিত্যের জনৈক বংশধর তৈল বা তৈলপ দাক্ষিণাত্যের দক্ষিণ-পশ্চিমাংশ লইয়া কল্যাণীর চালুক্যবংশের প্রতিষ্ঠা করেন। সত্যাশ্রয়, পঞ্চম বিক্রমাদিত্য, জয়সিংহ ও ষষ্ঠ বিক্রমাদিত্য এই বংশের উল্লেখযোগ্য নৃপতি ছিলেন। জয়সিংহ ছিলেন রাজা ভোজ ও রাজেন্দ্র চোলদেবের সমসাময়িক। ষষ্ঠ বিক্রমাদিত্য ছিলেন এই বংশের শ্রেষ্ঠ রাজা। তাঁহার আমলেও চোলরাজ্যের সহিত চালুক্যবংশের বিবাদ চলিয়াছিল। ষষ্ঠ বিক্রমাদিত্য স্বয়ং একজন জ্ঞানী ব্যক্তি ছিলেন। তিনি রাজনীতি, বিচার, চিকিৎসাশাস্ত্র, জ্যোতিষ, রসায়ন প্রভৃতি বিভিন্ন বিষয়ে গ্রন্থাদি রচনা করিয়া নিজ প্রতিভার পরিচয় দিয়াছিলেন।

চোলরাজ্যের সহিত সংঘর্ষ

ষষ্ঠ বিক্রমাদিত্য

চালুক্য শিল্প (The Chalukya Art): চালুক্যরাজগণও স্থাপত্য, ভাস্কর্য প্রভৃতি শিল্পের উদার পৃষ্ঠপোষক ছিলেন। চালুক্যরাজগণের পৃষ্ঠপোষকতায় নির্মিত সঙ্গমেশ্বরের মন্দির, বিরূপাক্ষ মন্দির চালুক্য স্থাপত্য শিল্পের অতি সুন্দর নিদর্শন আজিও বিদ্যমান। চালুক্যরাজগণের আমলে অজন্তা ও এলিফ্যান্টার গুহা-চিত্রগুলিরও কয়েকটি চিত্রিত হইয়াছিল।

সঙ্গমেশ্বর, বিরূপাক্ষ মন্দির— অজন্তা ও এলিফ্যান্টার গুহা-চিত্র



ত্রিমূর্তি (এলিফ্যান্টা)

পল্লবগণ (The Pallavas): কাঞ্চির পল্লববংশের পরিচয় সঠিকভাবে জানা সম্ভব হয় নাই। গুপ্ত সম্রাট সমুদ্রগুপ্ত কাঞ্চির বিষ্ণুগোপ নামক রাজাকে পরাজিত করিয়াছিলেন এই প্রমাণ আছে। যাহা হউক, পল্লব ইতিহাস ষষ্ঠ শতকের শেষভাগ হইতে জানা গিয়াছে। পল্লবরাজ সিংহবাহু দাক্ষিণাত্যের বহু রাজ্য, সুদূর দক্ষিণের চোলরাজ্য এমনকি সিংহল নিজ রাজ্যভুক্ত করিয়াছিলেন। বাতাপির চালুক্যদের সহিত দাক্ষিণাত্যের প্রাধান্য লইয়া পল্লবরাজগণের অবিরত দ্বন্দ্ব লাগিয়াছিল। দ্বিতীয় পুলকেশী পল্লবরাজ মহেন্দ্রবর্মাকে (প্রথম) পরাজিত করিয়া ভেঙ্গী নামক স্থানটিও অধিকার

দাক্ষিণাত্যের প্রাধান্যলাভের জন্য চালুক্য-পল্লব সংঘর্ষ

করিয়াছিলেন। এই নববিজিত অংশে দ্বিতীয় পুলকেশী তাঁহার ভ্রাতাকে শাসনভার দিয়াছিলেন। এই সময় হইতে এখানে পূর্ব-চালুক্য বলিয়া এক নূতন চালুক্যরাজ্যের প্রতিষ্ঠা হইয়াছিল।

মহেন্দ্রবর্মার পরবর্তী রাজা নরসিংহবর্মার আমলেও পল্লব-চালুক্য সংঘর্ষ চলিয়াছিল। তাঁহার আমলে সমগ্র দক্ষিণ-ভারতে পল্লবদের একচ্ছত্র প্রাধান্য স্থাপিত হয়।


সমগ্র দক্ষিণ-ভারতে পল্লব প্রাধান্য

নরসিংহবর্মার রাজত্বকালে চৈনিক পরিব্রাজক হিউয়েন-সাঙ, পল্লবরাজ্য পরিভ্রমণে গিয়া পল্লব রাজধানী কাঞ্চি নগর এবং পল্লবরাজ্যের বিচিত্র ফসলের এক বিশদ বিবরণ রাখিয়া গিয়াছেন। পরবর্তীকালে ক্রমে পল্লববংশের পতন ঘটে।

পল্লবরাজগণ সকলেই স্থাপত্য, ভাস্কর্য প্রভৃতি শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহাদের পৃষ্ঠপোষকতায় পল্লব শিল্প অসাধারণ উন্নতিলাভ করিয়াছিল। সংস্কৃত সাহিত্যের

পল্লবরাজগণের সাহিত্যের পৃষ্ঠপোষকতা

পৃষ্ঠপোষকতার জন্যও পল্লবরাজগণ যথেষ্ট প্রসিদ্ধি অর্জন করিয়াছিলেন। পল্লব রাজধানী কাঞ্চি ছিল সমসাময়িক কালের সংস্কৃত শিক্ষার কেন্দ্রস্বরূপ। সংস্কৃত কবি ভারবী, সংস্কৃত পণ্ডিত দণ্ডিন্ পল্লবরাজগণের পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন। পল্লবরাজগণের মধ্যেও কেহ কেহ, যথা মহেন্দ্রবর্মা, সাহিত্যসেবী ছিলেন।



পর্বতগাত্রে খোদিত শিল্পকার্য (মহাবলীপুরম্)

পল্লব শিল্প (The Pallava Art): সংস্কৃতি, সাহিত্য ও শিল্পের উৎকর্ষের জন্যই পল্লব যুগ ভারত-ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অধ্যায় রচনা করিয়াছে। বৈদেশিক শিল্পরীতির প্রভাবমুক্ত সম্পূর্ণ ভারতীয় শিল্পকৌশল পল্লবদের শিল্পকার্যে পরিলক্ষিত হয়। কুষাণ আমলে অমরাবতী ও কৃষ্ণা নদীর অববাহিকা অঞ্চলে

এক অতি উন্নত ধরনের শিল্প ও স্থাপত্য কৌশলের পরিচয় পাওয়া যায়। সেই শিল্পরীতিকে ক্রমে উন্নত করিয়া পল্লবগণ পল্লব শিল্প গড়িয়া তুলিয়াছিল। কাঞ্চি ও মহাবলীপুরমে পল্লব শিল্পের নিদর্শন আজিও বিদ্যমান। পল্লব শিল্পিগণ বড় বড় পাথরের পাহাড় কাটিয়া মণিকারের সূক্ষ্মতা সহকারে বহু মন্দিরের কারুকার্য রচনা করিয়াছিলেন। তাঁহাদের শিল্প-কৌশল, সূক্ষ্ম কার্যদক্ষতা, অনুপাত জ্ঞান প্রভৃতি আজিও দর্শককে বিস্ময়াভিভূত করিয়া থাকে। পল্লব স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের নিদর্শন হিসাবে কাঞ্চির ত্রিপুরান্তকেশ্বরের মন্দির, ঐরাবতেশ্বরের মন্দির এবং মহাবলীপুরমের মুক্তেশ্বর ও কৈলাস মন্দির বিশেষভাবে উল্লেখযোগ্য। মহাভারতের কাহিনী অবলম্বনে দ্রৌপদী রথ, ভীম রথ, অর্জুন রথ প্রভৃতি রথের আকৃতিবিশিষ্ট বহু মন্দির পল্লব শিল্পিগণ নির্মাণ করিয়াছিলেন। পল্লব শিল্প ভারতীয় শিল্পরীতির উৎকর্ষের এক অতি সুন্দর নিদর্শনস্বরূপ। পল্লব শিল্পরীতি দক্ষিণ-পূর্ব এশিয়ার দ্বীপগুলিতে বিস্তারলাভ করিয়াছিল।

ভারত-ইতিহাসে পল্লব যুগের গুরুত্ব

পল্লব শিল্পের উৎকর্ষ

কাঞ্চি ও মহাবলীপুরমের শিল্প-নিদর্শন

***চোলরাজ্য* (The Chola Kingdom) :** সুদূর দক্ষিণের চোল-রাজ্যটির প্রতিষ্ঠাতা ছিলেন কারিকাল। অতি প্রাচীনকালেও চোল, চের প্রভৃতি তামিলরাজ্যের পরিচয় পাওয়া যায়। সম্রাট অশোকের শিলালিপিতে সত্যপুত্র, কেরলপুত্র (চেররাজ্য), চোল, পাণ্ড্য প্রভৃতি রাজ্যের উল্লেখ আছে। কারিকালের রাজত্বকাল হইতেই চোলরাজ্যের ইতিহাস শুরু হয়। কারিকাল প্রবল পরাক্রমশালী রাজা ছিলেন। তিনি একবার সিংহলরাজ্য জয় করিয়াছিলেন বলিয়া জানা যায়। সিংহল হইতে আনীত শ্রমিকদের সাহায্যে তিনি কাবেরীপদ্দীনম্ নামে একটি নূতন রাজধানী ও একটি বাঁধ নির্মাণ করাইয়াছিলেন। পরবর্তীকালে চোলরাজ্য পল্লবরাজগণ কর্তৃক অধিকৃত হইয়াছিল, কিন্তু খ্রীষ্টীয় দশম শতকের প্রথমভাগে (৯০৮ খ্রীঃ) চোলগণ নিজ স্বাধীনতা পুনরুদ্ধার করে। প্রথম পরান্তক ছিলেন এ-বিষয়ে উল্লেখযোগ্য। তিনিই চোলশক্তির গোড়াপত্তন করিয়াছিলেন।

কারিকাল

প্রথম পরান্তক

এই বংশের রাজগণের মধ্যে রাজরাজ (৯৮৫-১০১২ খ্রীঃ), রাজেন্দ্র চোলদেব প্রভৃতি ছিলেন সর্বশ্রেষ্ঠ। রাজরাজ সামরিক অভিযান দ্বারা বহু রাজ্য অধিকার করেন। তিনি চের ও পাণ্ড্য রাজ্য জয় করিয়া এক বিশাল রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। রাজরাজের রাজ্যসীমা সুদূর দক্ষিণ, সিংহল, মালাবার উপকূল, বর্তমান মাদ্রাজরাজ্য প্রভৃতি লইয়া গঠিত ছিল। রাজরাজের পুত্র রাজেন্দ্র চোলদেব ছিলেন চোলবংশের সর্বাপেক্ষা প্রতিপত্তিশালী রাজা। বাংলার পালবংশীয় রাজা প্রথম মহীপাল তাঁহার হস্তে শোচনীয়ভাবে পরাজিত হইয়াছিলেন। এই বিজয়ের স্মৃতি রক্ষার্থে রাজেন্দ্র চোলদেব

রাজরাজ

রাজেন্দ্র চোলদেব

'গঙ্গইকোণ্ড' উপাধি ধারণ করিয়াছিলেন। চোলরাজ্যের বিশাল নৌবাহিনীর সাহায্যে তিনি পেগু, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ প্রভৃতি অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন। রাজেন্দ্র চোলদেবের মৃত্যুর পরবর্তীকালে চোল রাজবংশের দুর্বলতার সুযোগ লইয়া চতুর্দশ শতকের প্রথমভাগে (১৩১০ খ্রীঃ) আলাউদ্দিন খল্‌জীর সেনাপতি মালিক কাফুর চোলরাজ্য অধিকার করিয়াছিলেন।

চোলরাজ্যের পতন

রামানুজের আবির্ভাব

চোলরাজগণ ছিলেন শৈবধর্মাবলম্বী। কিন্তু তাঁহাদের রাজ্যেই বৈষ্ণবধর্মের শ্রেষ্ঠ দার্শনিক মনীষী রামানুজের আবির্ভাব হইয়াছিল।

চোল শাসনব্যবস্থা (The Chola Administration): দাক্ষিণাত্যের রাজ্যগুলির মধ্যে রাজ্য শাসনব্যবস্থার অতি সুন্দর দৃষ্টান্ত চোলরাজগণ রাখিয়া গিয়াছেন। সমগ্র রাজ্যটি 'চোলমণ্ডলম্' নামে অভিহিত হইত। রাজ্যটি কয়েকটি 'মণ্ডলম্' বা প্রদেশে বিভক্ত ছিল। প্রতিটি 'মণ্ডলম্' কয়েকটি 'নাড়ু' বা জেলায় বিভক্ত ছিল। এগুলি আবার 'কুর্‌রম্' বা 'কুট্টম্'—অর্থাৎ গ্রামে বিভক্ত ছিল। প্রত্যেকটি গ্রামে একটি করিয়া গ্রাম-পঞ্চায়েৎ সভা ছিল। গ্রামের শাসনভার এই সভার উপরই ন্যস্ত থাকিত। গ্রামের শাসনকার্যের সুবিধার জন্য গ্রাম-পঞ্চায়েৎ সভা ক্ষুদ্র ক্ষুদ্র সমিতিতে বিভক্ত ছিল। বিচারকার্য, জলসরবরাহ, রাস্তাঘাট, উদ্যান রচনা ও রক্ষণাবেক্ষণ প্রভৃতি প্রত্যেকটি বিষয় এক একটি সমিতির দায়িত্বাধীন থাকিত। গ্রাম্য শাসনকার্য সুষ্ঠুভাবে পরিচালিত হইতেছে কি না দেখিবার জন্য উর্ধ্বতন কর্মচারিগণ পরিদর্শনে বাহির হইতেন। জমির উৎপন্ন ফসলের এক-ষষ্ঠাংশ রাজস্ব হিসাবে আদায় করা হইত। প্রজাবর্গকে অর্থকরও দিতে হইত। চোলরাজ্যে কৃষিই ছিল প্রধান উপজীবিকা। কৃষির উন্নয়নের জন্য বিরাট বাঁধ এবং সেচ পরিকল্পনা কার্যকর করা হইয়াছিল। চোলরাজ্য নৌবলে বলীয়ান ছিল। এই রাজ্যের বণিকদের বিরাট সংখ্যক বাণিজ্যপোত ছিল। দক্ষিণ-পূর্ব এশিয়ার যাবতীয় অঞ্চলে ও বঙ্গোপসাগর অঞ্চলে তাহারা বাণিজ্যব্যপদেশে যাতায়াত করিত।

'চোলমণ্ডলম্'

'মণ্ডলম্', 'কুর্‌রম্'

গ্রাম-পঞ্চায়েৎ

রাজস্ব


বাণিজ্য

চোল শিল্প (The Chola Art): দক্ষিণ-ভারতীয় শিল্পোৎকর্ষে চোলদের উল্লেখযোগ্য দান রহিয়াছে। স্থাপত্য ও ভাস্কর্যে চোল শিল্পিগণ চরম উৎকর্ষের পরিচয় দান করিয়াছিলেন। চোল শিল্পরীতিতে পল্লব শিল্পরীতির কতক প্রভাব পরিলক্ষিত হয়। চোলরাজগণের পৃষ্ঠপোষকতায় চোল শিল্পের উৎকর্ষ সাধিত হইয়াছিল, বলা বাহুল্য। তাঞ্জোরের রাজরাজেশ্বরের (শিব) মন্দির চোল স্থাপত্য শিল্পের অপূর্ব নিদর্শন হিসাবে বিদ্যমান আছে। এই মন্দিরের চূড়ায় চৌদ্দটি স্তর আছে

এবং সর্বোপরি একটি বিরাট পাথর বৃত্তের আকারে কাটিয়া বসানো হইয়াছে। রাজেন্দ্র চোলদেব-স্থাপিত 'গঙ্গইকোণ্ড চোলপুরম্' নামক নগরে বহু মন্দির নির্মাণ করা হইয়াছিল। এগুলির দেওয়ালে নানা প্রকার মূর্তি খোদাই করা আছে। বড় বড় পাথর কাটিয়া মণিকার সুলভ সূক্ষ্মতা সহকারে সেগুলি হইতে নানা প্রকার কারুকার্যখচিত মন্দির নির্মাণ করিয়া চোল শিল্পিগণ তাঁহাদের শিল্পকৌশলের প্রমাণ রাখিয়া গিয়াছেন। চোল শিল্পিগণ ধাতু দ্বারা মূর্তি নির্মাণেও পারদর্শিতা প্রদর্শন করিয়াছিলেন। ব্রোঞ্জ-নির্মিত নটরাজের মূর্তি চোল শিল্পিগণের শিল্পোৎকর্ষের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন।

রাজরাজেশ্বরের মন্দির

ধাতুশিল্প



রাজরাজেশ্বরের মন্দির (তাঞ্জোর)



নটরাজের মূর্তি

পাণ্ড্য ও চের রাজ্য (The Pandya and Chera Kingdoms):

পাণ্ড্যরাজ্যের বিশেষ কোন ইতিহাস জানা যায় নাই। হর্ষবর্ধনের আমলে পাণ্ড্যরাজ্য পল্লবদের অধীনে ছিল। পরবর্তীকালে স্বাধীনতা লাভের পরও পাণ্ড্যরাজ্য পল্লব, চোল, সিংহল প্রভৃতি রাজ্যের সহিত অবিরত দ্বন্দ্বে প্রবৃত্ত ছিল। চোলরাজ্য শক্তিশালী হইয়া উঠিলে একাদশ ও দ্বাদশ শতাব্দী ধরিয়া পাণ্ড্যরাজ্য

পল্লব, চোল, সিংহল প্রভৃতির সহিত দ্বন্দ্ব

কায়ল বন্দর

চোল শক্তির অধীন হইয়া পড়ে। ত্রয়োদশ শতাব্দীতে স্বাধীনতা অর্জন করিয়া পাণ্ড্যরাজ্য সুদূর দাক্ষিণাত্যের এক প্রতিপত্তিশালী দেশে পরিণত হয়। পাণ্ড্যরাজ্যের বাণিজ্য বন্দর কায়ল সেই যুগের অন্যতম শ্রেষ্ঠ বন্দর ছিল। চতুর্দশ শতাব্দীর প্রথমভাগে (১৩১০ খ্রীঃ) পাণ্ড্যরাজ্য আলাউদ্দিনের সেনাপতি মালিক কাফুর কর্তৃক অধিকৃত হয়।

মুসলমান রাজ্য

অতি প্রাচীনকালে চের বা কেরল রাজ্য স্বাধীন ছিল বটে, কিন্তু পরবর্তীকালে এই রাজ্যটি চোলরাজ্যের অন্তর্ভুক্ত হইয়া পড়িয়াছিল।

চের বা কেরল রাজ্য

একাদশ অধ্যায়

বাংলার পাল ও সেন বংশ
(The Palas and Senas of Bengal)

বঙ্গ ও গৌড় (Vanga and Gauda): গুপ্তরাজগণের দুর্বলতার সুযোগে বাংলাদেশে বঙ্গ ও গৌড়* নামে দুইটি স্বাধীন রাজ্য গড়িয়া উঠিয়াছিল। মোটামুটিভাবে পূর্ববঙ্গ ও দক্ষিণবঙ্গ এবং পশ্চিমবঙ্গের দক্ষিণ অংশ লইয়া গড়িয়া উঠিয়াছিল 'বঙ্গ' রাজ্যটি। গৌড়রাজ্যটি উত্তরবঙ্গ এবং পশ্চিম-বঙ্গের অপরাপর অংশ লইয়া গঠিত ছিল। গোপচন্দ্র নামে জনৈক ব্রাহ্মণ বঙ্গরাজ্যের প্রতিষ্ঠা করিয়াছিলেন বলিয়া অনুমিত হয়। এই বংশেরই সন্তান শীলভদ্র নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য ছিলেন বলিয়া হিউয়েন-সাঙের বিবরণ হইতে জানিতে পারা যায়। বঙ্গরাজ্যের রাজগণের মধ্যে গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব—এই তিনজনের উল্লেখ পাওয়া গিয়াছে। ইহাদের পরস্পর সম্পর্ক বা শাসনকাল সম্বন্ধে তেমন কিছু জানা যায় নাই।

গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব

গৌড়াধিপতি শশাঙ্কের মৃত্যুর পর কামরূপের রাজা ভাস্করবর্মন গৌড়রাজ্য জয় করিয়াছিলেন। নিধনপুর তাম্রশাসনে ভাস্করবর্মন বঙ্গরাজ্যের রাজা জ্যেষ্ঠভদ্রকে সামন্তরাজ বলিয়া অভিহিত করিয়াছেন। ইহা হইতে স্পষ্টই প্রমাণিত হয় যে ভাস্করবর্মন সাময়িক কালের জন্য বঙ্গরাজ্যেরও আনুগত্যলাভে সমর্থ হইয়াছিলেন। অবশ্য অল্পকালের মধ্যেই বঙ্গরাজ্য স্বাধীন হইয়া পড়িয়াছিল মনে করা ভুল হইবে না। কিন্তু ইহার পর অধিককাল জ্যেষ্ঠভদ্রের বংশধরগণ বঙ্গরাজ্যে রাজত্ব করিবার সুযোগ পান নাই। খড়্গবংশ নামে অপর এক বংশ কর্তৃক ভদ্রবংশ সিংহাসনচ্যুত হইয়াছিল। খড়্গবংশের রাজা ললিতচন্দ্রের রাজত্বকালে কনৌজের যশোবর্মন বঙ্গরাজ্য আক্রমণ করিয়া উহার আনুগত্য আদায় করিয়াছিলেন। অবশ্য তাঁহার এই প্রাধান্য অতি

জ্যেষ্ঠভদ্র

খড়্গবংশ—ললিতচন্দ্র

* Vide *History of Bengal* (D. U.) Vol. I, p. 55.
Also vide রমেশচন্দ্র মজুমদার: বাংলাদেশের ইতিহাস, পৃঃ ২৩।

অল্পকাল স্থায়ী হইয়াছিল। খড়্গবংশের রাজা ললিতচন্দ্রের মৃত্যুর পর বঙ্গরাজ্যে এক ব্যাপক অরাজকতা দেখা দিয়াছিল।

গৌড়রাজ্যটিও গুপ্তবংশের রাজগণের দুর্বলতার সুযোগেই গড়িয়া উঠিয়াছিল। সম্ভবত ষষ্ঠ শতকের শেষভাগে মহাসেনগুপ্তের শাসনকালে শশাঙ্ক নামে তাঁহারই এক বাঙালী সামন্তরাজ গৌড়ে এক স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করিয়াছিলেন। শশাঙ্কের মৃত্যুর পর ভাস্করবর্মন সাময়িকভাবে গৌড়রাজ্য অধিকার করিয়াছিলেন। অবশ্য তাঁহার এই আধিপত্য অল্পকাল স্থায়ী হইয়াছিল। বস্তুতপক্ষে, শশাঙ্কের মৃত্যুর পর গৌড়রাজ্য রক্ষা করিবার মত আর কোন ক্ষমতাশালী শাসকের উদ্ভব ঘটে নাই। শশাঙ্কের পরবর্তীকালে বাংলাদেশের সর্বত্র এক ব্যাপক অরাজকতা ও অব্যবস্থা দেখা দিয়াছিল। এই সময়ে বাংলাদেশের অবস্থাকে 'মাৎস্য-ন্যায়' নামে অভিহিত করা হইয়া থাকে। বড় মাছ যেমন ছোট মাছকে খাইয়া ফেলে সেইরূপ ধনী দরিদ্রের উপর, শক্তিশালী দুর্বলের উপর অপ্রতিহতভাবে অত্যাচার চালাইতেছিল। ক্ষত্রিয়, অভিজাত-শ্রেণী, বণিক সম্প্রদায় ও ব্রাহ্মণগণ সকলেই স্ব স্ব প্রধান হইয়া উঠিবার ফলে বাংলাদেশের এক ঘোর দুর্দিন দেখা দিয়াছিল। এই দুর্বলতার সুযোগে শৈলোদ্ভববংশের রাজগণ, চন্দেল্লরাজ যশোবর্মন, জয়াপীড় প্রভৃতি বাংলাদেশ আক্রমণ করিতে স্বভাবতই সাহসী হইয়াছিলেন।

শশাঙ্ক

'মাৎস্য-ন্যায়'

বৈদেশিক আক্রমণ

দীর্ঘ এক শতাব্দী ধরিয়া এইরূপ অরাজকতা চলিতে থাকিলে খ্রীষ্টীয় অষ্টম শতকে বাংলার নেতৃবর্গ দেশের মঙ্গল চিন্তা করিয়া সম্মিলিতভাবে গোপাল নামে জনৈক প্রতিপত্তিশালী স্থানীয় রাজাকে বাংলার সিংহাসনে স্থাপন করিলেন (৭৫০ খ্রীঃ)। দেশ ও দশের স্বার্থের কথা ভাবিয়া বাংলার নেতৃবর্গের গণতান্ত্রিক উপায়ে গোপালকে সিংহাসনে স্থাপন সেই যুগের বাঙালী জাতির জাতীয়তাবোধ ও দেশপ্রেমের অতি চমৎকার দৃষ্টান্ত, বলা বাহুল্য। গোপালের ন্যায় শ্রেষ্ঠ ব্যক্তির উপর বাংলার শাসনভার অর্পণ করিয়া তাঁহারা তাঁহাদের মানসিক উৎকর্ষ ও দূরদর্শিতার পরিচয় দিয়াছিলেন।

গোপালের নির্বাচন (৭৫০ খ্রীঃ)

বাঙালীর দেশাত্মবোধ

গোপাল, ৭৫০-৭৭০ খ্রীঃ (Gopala): ৭৫০ খ্রীষ্টাব্দে বাংলাদেশের সিংহাসনে গোপালের নির্বাচন বাংলা ও বাঙালীর ইতিহাসে এক যুগান্তকারী ঘটনা, সন্দেহ নাই। সিংহাসনে নির্বাচিত হইয়াই গোপাল বাংলাদেশের জনসাধারণের দুঃখ-দুর্দশা দূর করিবার উদ্দেশ্যে শান্তি ও শৃঙ্খলা স্থাপনে মনোযোগী হইলেন। তাঁহার রাজত্বকাল প্রধানত শান্তি-শৃঙ্খলা আনয়নের জন্য যুদ্ধ-বিগ্রহে অতিবাহিত হইয়াছিল। তাঁহার শাসনকালের ঘটনাবলী সম্পর্কে বিশেষ কিছু জানা যায় নাই। খালিমপুর তাম্রশাসনে গোপালের পত্নীকে চন্দ্র, অগ্নি, কুবের, ইন্দ্র, বিষ্ণু প্রভৃতি দেবতার পত্নীদের সহিত তুলনা করা হইয়াছে। ইহা হইতে গোপাল ইন্দ্র, বিষ্ণু, অগ্নি, কুবের প্রভৃতি দেবতার ন্যায় ক্ষমতাশালী নৃপতি ছিলেন,

খালিমপুর তাম্রশাসন

একথা অনুমান করা ভুল হইবে না। মুঙ্গেরে প্রাপ্ত দেবপালের তাম্রশাসনে গোপালের রাজ্য 'সমুদ্র পর্যন্ত' বিস্তৃত ছিল একথা উল্লিখিত আছে। ইহা হইতে তাঁহার রাজ্যের বিস্তৃতি সম্পর্কে কোন সুস্পষ্ট ধারণা করা সম্ভব নহে। যাহা হউক, গোপাল বাংলাদেশের আভ্যন্তরীণ অরাজকতা দূর করিয়া বঙ্গরাজ্যকে সংহতি দান করিয়াছিলেন একথা অনায়াসে স্বীকার করা যায়। গোপাল ঠিক কত বৎসর রাজত্ব করিয়াছিলেন, সে-বিষয়ে নিশ্চিতভাবে কিছু জানা যায় না।* মোটামুটিভাবে বলা যাইতে পারে যে ৭৭০ খ্রীষ্টাব্দে তাঁহার রাজত্বকাল শেষ হইয়াছিল।

গোপাল কর্তৃক শান্তি ও শৃঙ্খলা স্থাপন

ধর্মপাল, ৭৭০-৮১০ খ্রীঃ (Dharmapala) : গোপালের পুত্র ধর্মপাল আনুমানিক ৭৭০ খ্রীষ্টাব্দে বাংলার সিংহাসনে আরোহণ করেন। তাঁহার আমলেই বাংলার পালরাজ্য উন্নতির উচ্চ শিখরে পৌঁছিয়াছিল। তিনি বাংলাদেশকে উত্তর-ভারতের শ্রেষ্ঠ শক্তিতে পরিণত করিয়াছিলেন। তিব্বতীয় ঐতিহাসিক তারনাথের রচনায় উল্লেখ আছে যে, ধর্মপাল উত্তরে বঙ্গোপসাগর হইতে জলন্ধর, দিল্লী প্রভৃতি স্থান পর্যন্ত এবং দক্ষিণে বিন্ধ্য পর্বত পর্যন্ত নিজ রাজ্য বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন। তিনি কনৌজের উপর আধিপত্য বিস্তার করিয়াছিলেন এবং কনৌজের রাজা ইন্দ্ররাজকে (বা ইন্দ্রায়ুধ) পরাজিত করিয়া কনৌজের সিংহাসনে নিজ মনোনীত প্রার্থী চক্রায়ুধকে স্থাপন করিয়াছিলেন। খালিমপুর তাম্রশাসন হইতে জানা যায় যে, ভোজ, মৎস্য, মদ্র, কুরু, অবন্তী, গন্ধার প্রভৃতি রাজ্যের রাজগণ ধর্মপাল কর্তৃক চক্রায়ুধকে কনৌজের সিংহাসনে স্থাপন সমর্থন করিয়াছিলেন। চক্রায়ুধের সিংহাসন আরোহণকালে এই সকল রাজা উপস্থিত ছিলেন; একথা হইতে স্পষ্টই বুঝিতে পারা যায় যে, ধর্মপাল উত্তর-ভারতের সর্বাপেক্ষা শক্তিশালী রাজা হিসাবে আত্মপ্রতিষ্ঠা করিতে সমর্থ হইয়াছিলেন। জনৈক গুজরাটী কবি ধর্মপালকে 'উত্তরাপথস্বামী' নামে অভিহিত করিয়াছেন। বাংলা ও বিহার ছিল ধর্মপালের সরাসরি শাসনাধীন; কিন্তু উত্তর-ভারতের কনৌজ ও উহার নিকটবর্তী অপরাপর বহু দেশ ধর্মপালের আনুগত্যাধীন ছিল। ধর্মপাল বাংলাদেশকে একটি সাম্রাজ্যের মর্যাদা দান করিয়াছিলেন। তিনি 'পরমেশ্বর পরমভট্টারক মহারাজাধিরাজ' উপাধি ধারণ করিয়াছিলেন। অল্পকালের মধ্যেই প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্ট চক্রায়ুধকে কনৌজের সিংহাসন হইতে অপসারিত করিয়া কনৌজ নিজ সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন। দ্বিতীয় নাগভট্টের হস্তে ধর্মপাল পরাজিত হইয়াছিলেন মনে করা ভুল হইবে না। কিন্তু দ্বিতীয় নাগভট্ট স্বয়ং রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দের হস্তে পরাজিত হওয়ায় ধর্মপালের সাম্রাজ্যের কোন ক্ষতি সাধিত হয় নাই বলিয়াই আধুনিক ঐতিহাসিকগণ মনে করেন।

ধর্মপালের সাম্রাজ্যের সীমা

কনৌজের উপর প্রাধান্য

'পরমেশ্বর পরমভট্টারক' উপাধি ধারণ

দ্বিতীয় নাগভট্টের হস্তে পরাজয়

* Vide *History of Bengal* (D. U.) Vol. I, p. 103.

ধর্মপাল যে পালবংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন সে-বিষয়ে সন্দেহের কোন অবকাশ নাই। পিতার নিকট হইতে তিনি অতি ক্ষুদ্র রাজ্যের সিংহাসন উত্তরাধিকার সূত্রে পাইয়াছিলেন। কিন্তু স্বীয় সামরিক প্রতিভা ও রাজনৈতিক বিচক্ষণতার সাহায্যে তিনি সেই ক্ষুদ্র রাজ্যকে সাম্রাজ্যের মর্যাদা দান করিয়াছিলেন।

ধর্মপালের ব্যক্তিগত প্রতিভা

ধর্মপাল বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহার আদেশে মগধে বিক্রমশীলা মহাবিহার বা বিশ্ববিদ্যালয় নির্মিত হইয়াছিল। কথিত আছে যে, সে সময়কার শিল্পী ধীমান ও বীতপাল এই মহাবিহারের নির্মাণ-পরিকল্পনা প্রস্তুত করিয়াছিলেন। ছয়টি মহাবিদ্যালয়-সমন্বিত এই মহাবিহারটির ব্যয় নির্বাহের জন্য ধর্মপাল প্রচুর ভূ-সম্পত্তি দান করিয়াছিলেন। মহাবিহারের সংলগ্ন একটি উচ্চ সমতলখণ্ডে একই সঙ্গে আট হাজার লোক বসিবার ব্যবস্থা ছিল। বিক্রমশীলা মহাবিহারে তিন হাজার বিদ্যার্থী অধ্যয়ন করিত। এই মহাবিহারের মধ্যস্থলে একটি মন্দির ছিল এবং উহার চতুষ্পার্শ্বে মোট ১০৭টি ছোট ছোট মন্দির ছিল। এখানে ছয়টি মহাবিদ্যালয়ে মোট ১৪৪ জন অধ্যাপক ধর্মশাস্ত্রাদি অধ্যাপনা করিতেন। নেপাল ও তিব্বত হইতে বহু বিদ্যার্থী এই মহাবিহারে অধ্যয়নের উদ্দেশ্যে যোগদান করিত। এই মহাবিহার বা বিশ্ববিদ্যালয়ে তন্ত্র, ন্যায়শাস্ত্র, জ্যোতিষ, ব্যাকরণ, চিকিৎসাশাস্ত্র ও ধর্মশাস্ত্রের অধ্যয়ন-অধ্যাপনা হইত। এই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণের মধ্যে রত্নাকর শান্তি, আচার্য শ্রীধর, বুদ্ধজ্ঞানপাদ, অভয়াকরগুপ্ত, শুভাকরগুপ্ত, অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান, রত্নবজ্র প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। আচার্যগণ রাজার নিকট হইতে 'পণ্ডিত' উপাধিলাভ করিতেন। প্রসিদ্ধ পণ্ডিতদের প্রতিকৃতি বিশ্ববিদ্যালয়ের গৃহের প্রাচীর-গাত্রে অঙ্কিত থাকিত। এই বিশ্ববিদ্যালয়টি মোট চারিশত বৎসর উহার কীর্তি ও যশঃ অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হইয়াছিল।

বিক্রমশীলা মহাবিহার বা বিশ্ববিদ্যালয়

কোন কোন পণ্ডিতের মতে ধর্মপাল ওদন্তপুরী মহাবিহারটিও স্থাপন করিয়াছিলেন। কিন্তু অপর অনেকের মতে উহা গোপাল অথবা দেবপাল কর্তৃক স্থাপিত হইয়াছিল। ওদন্তপুরী মহাবিহার বা বিশ্ববিদ্যালয়ে দর্শন, ধর্মশাস্ত্র, বৌদ্ধ-ধর্মশাস্ত্র প্রভৃতি বিভিন্ন বিষয়ে অধ্যয়ন-অধ্যাপনার সুযোগ ছিল। বৌদ্ধধর্ম আলোচনার কেন্দ্র হিসাবেই ওদন্তপুরী বিশেষ খ্যাতি অর্জন করিয়াছিল। মেধাবী বিদ্যার্থীদিগের নিকট হইতে কোনপ্রকার দক্ষিণা না লইয়াই এই মহাবিহারে অধ্যয়নের সুযোগ দেওয়া হইত। অতীশ দীপঙ্কর এই বিশ্ববিদ্যালয়েই বিদ্যাভ্যাস করিয়া 'শ্রীজ্ঞান' উপাধিপ্রাপ্ত হইয়াছিলেন। অতীশ দীপঙ্কর তিব্বতরাজের অনুরোধে বৌদ্ধধর্মের সংস্কার ও প্রচারার্থে তিব্বত গিয়াছিলেন। রাজসাহী জেলার পাহাড়পুর নামক স্থানে ধর্মপাল সোমপুরী মহাবিহার স্থাপন করিয়াছিলেন বলিয়া কয়েকটি সীলমোহর হইতে জানা গিয়াছে। কিছুকাল পূর্বে এই মহাবিহারটির ভগ্নাবশেষ আবিষ্কৃত হইয়াছে।

ওদন্তপুরী মহাবিহার

সোমপুরী মহাবিহার

বৌদ্ধ-সাহিত্যিক হরিভদ্র ধর্মপালের পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন। প্রায় সমগ্র রাজত্বকাল যুদ্ধ-বিগ্রহে অতিবাহিত করিলেও ধর্মপাল ধর্ম ও শান্তিমূলক কার্যাদিতেও অবহেলা প্রদর্শন করেন নাই, ইহা তাঁহার মানসিক উৎকর্ষের পরিচায়ক। বৌদ্ধধর্মানুরাগী হইলেও ধর্মপাল পরধর্মের প্রতি সম্পূর্ণ সহিষ্ণুতা প্রদর্শন করিতেন। হিন্দু দেবতার উপাসনার ব্যয়-সঙ্কুলানের উদ্দেশ্যে তিনি জমি দান করিয়াছিলেন, এই প্রমাণও পাওয়া যায়।

মন্তব্য

দেবপাল, ৮১০-৮৫০ খ্রীঃ (Devapala) : দেবপাল পিতা ধর্মপালের ন্যায়ই ক্ষমতাসম্পন্ন ব্যক্তি ছিলেন। তিনি পাল সাম্রাজ্যের বিস্তারসাধন করিয়াছিলেন। তিনি উৎকল, হূণ, গুর্জর ও দ্রাবিড়দের সমুচিত শিক্ষা দিয়াছিলেন বলিয়া সমসাময়িক লিপিতে উল্লিখিত আছে। উৎকলের রাজা জয়পাল দেবপালের সামরিক অভিযানের সংবাদ পাইয়া রাজধানী ত্যাগ করিয়া গিয়াছিলেন এবং প্রাগ্‌জ্যোতিষপুরের রাজা বিনা যুদ্ধে তাঁহার আনুগত্য স্বীকার করিয়াছিলেন। দেবপাল উত্তর-পশ্চিমে কাম্বোজ এবং দক্ষিণে বিন্ধ্য পর্বত পর্যন্ত সাম্রাজ্য বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন।

সামরিক অভিযান

দেবপাল দীর্ঘ পঁয়ত্রিশ বৎসর বাংলার সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন। তাঁহার আমলে সাম্রাজ্যের গৌরব চরমে পৌঁছিয়াছিল। আসাম হইতে কাশ্মীরের সীমা, হিমালয় হইতে বিন্ধ্য পর্বত পর্যন্ত দেবপালের সাম্রাজ্য বিস্তৃত হইয়াছিল। দেবপালের খ্যাতি ভারতবর্ষের সীমা অতিক্রম করিয়া সুবর্ণভূমি—অর্থাৎ সুমাত্রা, যবদ্বীপ, মালয় দ্বীপপুঞ্জ পর্যন্ত ছড়াইয়া পড়িয়াছিল। সেই অঞ্চলের শৈলেন্দ্রবংশীয় রাজা বালপুত্রদেব নালন্দায় একটি বৌদ্ধ মঠ নির্মাণের জন্য পাঁচখানি গ্রাম প্রার্থনা করিয়া দেবপালের নিকট এক রাষ্ট্রদূত প্রেরণ করিয়াছিলেন। সেই সময়ে নালন্দা বিশ্ববিদ্যালয়ের খ্যাতি বহির্দেশেও ছড়াইয়া পড়িয়াছিল। বৌদ্ধ ধর্ম ও সংস্কৃতির প্রধান কেন্দ্র হিসাবে বৌদ্ধধর্মাবলম্বী দেশ মাত্রেরই নালন্দা বিশ্ববিদ্যালয়ের কথা জানা ছিল। দেবপাল বালপুত্রদেবের অনুরোধ অনুযায়ী পাঁচখানি গ্রাম তাঁহাকে দিয়াছিলেন। নালন্দা বিশ্ববিদ্যালয় দেবপালের উদার পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিল। নগরহার (জালালাবাদ) নামক স্থানের ইন্দ্রগুপ্ত নামে জনৈক বৌদ্ধশাস্ত্রে পারদর্শী ব্রাহ্মণকে তিনি নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য নিযুক্ত করিয়াছিলেন।

সাম্রাজ্যের বিস্তৃতি

বালপুত্রদেবের দূত প্রেরণ

নালন্দা বিশ্ববিদ্যালয়ের পৃষ্ঠপোষকতা

পরবর্তী পালরাজগণ (The later Pala Kings) : দেবপালের রাজত্বকালে পাল সাম্রাজ্য যে গৌরব অর্জন করিয়াছিল তাহা পরবর্তী রাজগণের আমলে অব্যাহত রহিল না। দেবপালের পরবর্তী রাজগণের—বিগ্রহপাল, নারায়ণপাল, রাজ্যপাল প্রভৃতির—আমলে পাল সাম্রাজ্যের মর্যাদা ও প্রতিপত্তি ক্রমেই হ্রাসপ্রাপ্ত হইতে থাকে। উত্তরাধিকারসংক্রান্ত দ্বন্দ্ব, রাজগণের স্বাভাবিক দুর্বলতা পাল সাম্রাজ্যের ভিত্তি দুর্বল করিয়া দিল। নারায়ণপালের দুর্বলতার সুযোগ লইয়া

রাষ্ট্রকূটগণ দক্ষিণ দিক হইতে পাল সাম্রাজ্য আক্রমণ করিয়াছিল। রাষ্ট্রকূটগণ পাল সাম্রাজ্যের কোন বিশেষ ক্ষতিসাধন হয়ত করিতে সমর্থ হয় নাই, তথাপি পালরাজগণের দুর্বলতার সুযোগে পুনঃ পুনঃ আক্রমণ করিয়া পাল সাম্রাজ্যের নিরাপত্তা ক্ষুণ্ণ করিয়াছিল। উড়িষ্যার রাজা রণস্তম্ভ পাল সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে কতক স্থান অধিকার করিয়াছিলেন। দেবপালের রাজত্বকালে প্রতিহাররাজ ভোজদেব বাংলাদেশ আক্রমণ করিয়া অকৃতকার্য হইয়াছিলেন। কিন্তু বিগ্রহপাল ও নারায়ণপালের রাজত্বকালের দুর্বলতার সুযোগে ভোজদেব পালরাজগণের হস্ত হইতে উত্তর-ভারতের রাজনৈতিক প্রাধান্য কাড়িয়া লইবার জন্য অগ্রসর হইলেন। এইজন্য তিনি কলচুরি বা কলস্থরি রাজা কোকল্লের সাহায্য গ্রহণ করিয়াছিলেন। গুহিলো নামে জনৈক গুহিলোৎ রাজাও ভোজদেবকে সামরিক সাহায্যদান করিয়াছিলেন। এইভাবে এক সম্মিলিত শক্তির সাহায্যে ভোজদেব পাল সাম্রাজ্যের এক বিরাট অংশ প্রতিহাররাজ্যভুক্ত করিয়া লইয়াছিলেন। আসাম ও উড়িষ্যা পালরাজগণের দুর্বলতার সুযোগে শক্তিশালী হইয়া উঠিয়াছিল।

রাষ্ট্রকূট আক্রমণ

কলচুরি ও গুহিলোৎদের সাহায্যে প্রতিহার আক্রমণ

এইভাবে ক্রমেই পালবংশের প্রাধান্য ও প্রতিপত্তি হ্রাসপ্রাপ্ত হইতে থাকিলে চন্দেল্লরাজ যশোবর্মন এবং তাঁহার পুত্র ধঙ্গ পালবংশধরগণকে সম্পূর্ণভাবে পরাজিত করিয়াছিলেন। কলচুরিরাজগণও পাল সাম্রাজ্যের একাংশ তাঁহাদের অধিকারভুক্ত করিতে সমর্থ হইয়াছিলেন।

যশোবর্মন কর্তৃক আক্রমণ

প্রথম মহীপাল, ৯৮৮-১০৩৮ খ্রীঃ (Mahipala I): দশম শতাব্দীর শেষভাগে দ্বিতীয় বিগ্রহপালের পুত্র প্রথম মহীপাল সিংহাসনে আরোহণ করিলে পাল সাম্রাজ্য পুনরুজ্জীবিত হইয়া উঠিল। তিনি উত্তরবঙ্গে, পূর্ববঙ্গের একাংশে, পশ্চিমবঙ্গের একাংশে এবং উত্তর ও দক্ষিণ বিহারে পাল প্রভুত্ব পুনরায় স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন। ১০২৬ খ্রীষ্টাব্দে প্রথম মহীপাল বারাণসী পর্যন্ত পালরাজ্য বিস্তার করিয়াছিলেন। তাঁহার রাজত্বের শেষদিকে কলচুরিরাজ গাঙ্গেয়দেবের হস্তে তিনি পরাজিত হইয়াছিলেন। তামিলরাজ রাজেন্দ্র চোলদেব বাংলাদেশ আক্রমণ করিয়া (১০২১-২৩ খ্রীঃ) বাংলাদেশের কতকাংশ জয় করিতে সমর্থ হইয়াছিলেন। কিন্তু এই বিজয় স্থায়ী হয় নাই। অধ্যাপক নীলকণ্ঠ শাস্ত্রী প্রমুখ ঐতিহাসিকের মতে রাজেন্দ্র চোলদেব বাংলাদেশের একাংশ আক্রমণ করিয়া সেই অঞ্চল বিধ্বস্ত করিয়া ফিরিয়া গিয়াছিলেন। এই আক্রমণের ফলে সেই অঞ্চলের জনসাধারণের দুঃখ-দুর্দশার সীমা ছিল না বটে, কিন্তু রাজেন্দ্র চোলদেব বাংলাদেশে কোনপ্রকার রাজনৈতিক প্রাধান্য স্থাপনে সমর্থ হন নাই। প্রথম মহীপালের শ্রেষ্ঠ কীর্তি হইল কাম্বোজ নামে এক বৈদেশিক জাতির আক্রমণ হইতে বাংলাদেশের নিরাপত্তা রক্ষা। কাম্বোজগণের সঠিক পরিচয় জানা যায় নাই।

পাল সাম্রাজ্যের পুনরুজ্জীবন

কলচুরি আক্রমণ

চোল আক্রমণ

কাম্বোজ আক্রমণ

দ্বিতীয় মহীপাল : কৈবর্ত বিদ্রোহ (Mahipala II : Kaibarta Rebellion) : পরবর্তীকালে পালবংশের শাসনে পুনরায় দুর্বলতা দেখা দিলে দ্বিতীয় মহীপাল সাময়িকভাবে উহা পুনঃসঞ্জীবিত করিয়াছিলেন বলিয়া কেহ কেহ অনুমান করেন। কিন্তু তাঁহার শাসনকালে কৈবর্ত নেতা দিব্য বা দিব্যোক এক ভীষণ বিদ্রোহের সৃষ্টি করেন। দিব্য বা দিব্যোকের নেতৃত্বে বাংলাদেশের উত্তরাংশের প্রজাগণ বিদ্রোহ ঘোষণা করিলে দ্বিতীয় মহীপাল এই বিদ্রোহ দমন করিতে গিয়া বিদ্রোহীদের হস্তে প্রাণ হারান। দিব্য বা দিব্যোক সাময়িকভাবে উত্তরবঙ্গে প্রাধান্য স্থাপনে সমর্থ হইয়াছিলেন। তাঁহার পর তাঁহার ভ্রাতুষ্পুত্র ভীম উত্তরবঙ্গের সিংহাসনে আরোহণ করেন।

কৈবর্ত বিদ্রোহ—দিব্য বা দিব্যোক

রামপাল (Rampala) : দ্বিতীয় মহীপালের মৃত্যুর পর রামপাল সিংহাসনে আরোহণ করিয়া দিব্য বা দিব্যোকের উত্তরাধিকারী ভীমের সহিত যুদ্ধে অবতীর্ণ হন। রাষ্ট্রকূটরাজবংশের সহিত রামপালের আত্মীয়তা ছিল। তিনি রাষ্ট্রকূটদের সাহায্য লইয়া ভীমকে পরাজিত ও নিহত করিয়া উত্তরবঙ্গ পুনরুদ্ধার করেন। এই বিজয়ের স্মৃতি-স্বরূপ তিনি 'রামাবতী' নামে এক নূতন রাজধানী স্থাপন করেন। সন্ধ্যাকর নন্দী রচিত রামচরিতের নায়ক হইলেন রামপাল। উত্তরবঙ্গ পুনরুদ্ধার করিলেও রামপাল পতনোন্মুখ পাল সাম্রাজ্যের শক্তি পুনরুজ্জীবিত করিতে সমর্থ হইলেন না। ফলে পরবর্তী পালরাজগণের দুর্বলতা যখন চরমে পৌঁছিল তখন বিজয় সেন নামে সেনবংশীয় জনৈক নেতা বাংলার সিংহাসন অধিকার করিয়া লইলেন।

পালবংশের পতন

সেনবংশীয় রাজগণ (The Senas) :

সামন্ত সেন : হেমন্ত সেন (Samanta Sena : Hemanta Sena) : দাক্ষিণাত্যের কর্ণাট অঞ্চল হইতে সেনবংশের প্রতিষ্ঠাতা সামন্ত সেন বাংলাদেশে বসতি স্থাপন করেন। প্রথমে তিনি পালরাজগণের সামন্তরাজ হিসাবে রাঢ় অঞ্চলের—অর্থাৎ বর্তমান বর্দ্ধমান জেলার কোনও স্থানে রাজত্ব করিতে থাকেন। তাঁহার পুত্র হেমন্ত সেনও পালবংশের সামন্তরাজ ছিলেন। তাঁহার পুত্র বিজয় সেনের আমল হইতেই সেনবংশের স্বাধীন অস্তিত্বের পরিচয় পাওয়া যায়।

পালবংশের সামন্তরাজ

বিজয় সেন, ১০৯৫-১১৫৮ খ্রীঃ (Vijay Sena) : প্রথম জীবনে বিজয় সেনও সামান্য সামন্তরাজ হিসাবেই সিংহাসনে আরোহণ করেন। কিন্তু পালবংশধরগণের দুর্বলতার সুযোগে তিনি পালশাসনের অবসান ঘটাইয়া স্বয়ং স্বাধীন রাজা হিসাবে মর্যাদালাভ করিয়াছিলেন। তিনি কেবলমাত্র পালশাসনের অবসান ঘটাইয়া সন্তুষ্ট ছিলেন না। দেওপাড়া লিপি হইতে জানা যায় যে, তিনি গৌড়, কামরূপ, কলিঙ্গ প্রভৃতির রাজগণ এবং অপরাপর বহু দলপতিকে যুদ্ধে পরাজিত করিয়া এক বিরাট রাজ্য

সর্বপ্রথম স্বাধীন সেনবংশীয় রাজা

গড়িয়া তুলিয়াছিলেন। কলিঙ্গরাজ চোড়গঙ্গ তাঁহার সহিত শেষ পর্যন্ত মিত্রতা স্থাপন করিয়াছিলেন। বিজয় সেন পূর্ববঙ্গের যাদববংশকে পরাজিত করিয়া বিক্রমপুররাজ্যটি দখল করিয়াছিলেন। তিনি পূর্ববঙ্গে বিজয়পুর নামে একটি নূতন রাজধানী স্থাপন করিয়াছিলেন।

তাঁহার রাজ্য সংগঠন

পালবংশধরগণের দুর্বলতার সুযোগে বাংলাদেশে যখন পুনরায় ব্যাপক অরাজকতা দেখা দিয়াছিল এবং বহিরাগত আক্রমণে যখন বাংলাদেশ পুনঃ পুনঃ বিধ্বস্ত হইতেছিল তখন বিজয় সেন বাংলাদেশে শান্তি ও শৃঙ্খলা আনয়ন করিয়া পালবংশের স্থাপয়িতা গোপালের ন্যায়ই কার্য করিয়া গিয়াছিলেন। গোপাল বাংলার দলপতিগণের আনুগত্য ও শুভেচ্ছা লইয়া সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। এইজন্য শাসনকার্যে শৃঙ্খলা স্থাপন করা তাঁহার পক্ষে সহজতর হইয়াছিল। কিন্তু বিজয় সেন সম্পূর্ণভাবে নিজ ক্ষমতার উপর নির্ভর করিয়া বাংলার নিরাপত্তা বিধান করিয়াছিলেন এবং শাসনকার্যে শৃঙ্খলা আনিয়াছিলেন। তাঁহার আমলের শান্তি ও সন্তোষের পরিচয় পাওয়া যায় সমসাময়িক কবি উমাপতিধরের রচনায়। বিজয়-প্রশস্তি রচয়িতা শ্রীহর্ষের রচনায়ও বিজয় সেনের কার্যকলাপের প্রশংসা রহিয়াছে।

শান্তি ও শৃঙ্খলা

উমাপতিধর, শ্রীহর্ষ

বল্লাল সেন, ১১৫৮-৭৯ খ্রীঃ (Vallal Sena): আনুমানিক ১১৫৮ খ্রীষ্টাব্দে বিজয় সেনের মৃত্যু হইলে তাঁহার পুত্র বল্লাল সেন সিংহাসনে আরোহণ করিলেন। তিনি রাজ্যবৃদ্ধির চেষ্টা অপেক্ষা আভ্যন্তরীণ শক্তি সঞ্চয়েই অধিক মনোযোগ দিয়াছিলেন। তাঁহার রাজ্য বঙ্গ, বরেন্দ্র, রাঢ়, বাগ্দি ও মিথিলা—অর্থাৎ বাংলা ও উত্তর-বিহার লইয়া গঠিত ছিল। বল্লাল সেন হিন্দু সমাজকে নূতনভাবে গড়িবার উদ্দেশ্যে ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থ—এই তিন শ্রেণীর মধ্যে কৌলিন্য প্রথার প্রবর্তন করিয়াছিলেন। সামাজিক ব্যাপার, বিবাহ প্রভৃতিতে কুলীন সম্প্রদায়গুলিকে কতক বিশেষ রীতিনীতি মানিয়া চলিতে হইয়াছিল।

আভ্যন্তরীণ সংগঠন

কৌলিন্য প্রথা

লক্ষ্মণ সেন, ১১৭৯-১২০৫ খ্রীঃ (Lakshman Sena): বল্লাল সেনের মৃত্যুর পর তাঁহার পুত্র লক্ষ্মণ সেন বাংলার সিংহাসনে আরোহণ করেন। তিনি 'অরি-রাজ-মণ্ডন-শঙ্কর' ও গৌড়েশ্বর উপাধি গ্রহণ করিয়াছিলেন। পূর্ববর্তী সেনরাজগণ ছিলেন শিবের উপাসক, কিন্তু লক্ষ্মণ সেন বৈষ্ণবধর্মানুরাগী ছিলেন। লক্ষ্মণ সেন রাজকীয় মর্যাদায় রাজসভার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া সমসাময়িক কবি ও সাহিত্যিকগণকে নিজ সভায় সাদরে স্থান দিয়াছিলেন। বিদ্বান্ ও বিদ্যার প্রতি তাঁহার অপরিসীম শ্রদ্ধা ছিল। পিতা বল্লাল সেন-আরব্ধ দানসাগর গ্রন্থখানি লক্ষ্মণ সেন সম্পূর্ণ করিয়া নিজ মানসিক উৎকর্ষের পরিচয় দিয়াছিলেন। প্রসিদ্ধ বাঙালী বৈষ্ণব কবি জয়দেব ও স্বনামধন্য কবি ধোয়ী, শরণ, উমাপতিধর প্রভৃতি তাঁহার রাজসভা অলঙ্কৃত করিয়াছিলেন। সমসাময়িক পণ্ডিতপ্রবর হলায়ুধ ছিলেন লক্ষ্মণ

লক্ষ্মণ সেনের মর্যাদা-বোধ—রাজসভা

সামরিক কৃতিত্ব

সেনের প্রধান বিচারপতি। লক্ষ্মণ সেন গাহড়বালরাজ জয়চন্দ্রকে পরাজিত করিয়া মগধ অধিকার করিয়াছিলেন।

দ্বাদশ শতাব্দীর শেষভাগে কুতবউদ্দিনের সেনাপতি ইখ্‌তিয়ার-উদ্দিন মহম্মদ-বিন্‌-বখ্‌তিয়ার খল্‌জী যখন উত্তর-ভারতের রাজনৈতিক বিচ্ছিন্নতার সুযোগ লইয়া বিহার ও বাংলা জয় করিতে আরম্ভ করেন তখন এক আকস্মিক আক্রমণে লক্ষ্মণ সেনকে তিনি পরাজিত করিতে সমর্থ হন। লক্ষ্মণ সেন নদীয়া ত্যাগ করিয়া পূর্ববঙ্গে আশ্রয় গ্রহণ করেন। সেখানে লক্ষ্মণ সেন এবং পরবর্তীকালে তাঁহার বংশধরগণ দীর্ঘকাল মুসলমান আক্রমণ প্রতিহত করিয়া স্বাধীনভাবে রাজত্ব করিতে সমর্থ হইয়াছিলেন। মুসলমান আক্রমণ প্রতিহত করিবার ব্যাপারে বৃদ্ধ লক্ষ্মণ সেনের কৃতিত্ব তাঁহাকে মর্যাদার আসন দান করিয়াছে। আকস্মিকভাবে আক্রান্ত হইয়া নদীয়া ত্যাগ করিতে বাধ্য হইলেও তিনি দেশরক্ষার জন্য যে চেষ্টা করিয়াছিলেন উহা তাঁহার দেশপ্রেমের উজ্জ্বল দৃষ্টান্ত বলিয়া আধুনিক ঐতিহাসিকগণ মনে করিয়া থাকেন।

মুসলমান আক্রমণ—নদীয়া ত্যাগ

পূর্ববঙ্গের স্বাধীনতা রক্ষা

পাল ও সেন যুগে বাংলার সামাজিক ও সাংস্কৃতিক জীবন (Social and Cultural Life under the Palas and Senas):

সমাজ (Society): পাল ও সেন যুগে বাঙালী সমাজের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ছিল বিভিন্ন জাতির উদ্ভব। জনসাধারণ চিরাচরিত প্রথা অনুযায়ী ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চারি শ্রেণীতে বিভক্ত ছিল বটে, কিন্তু কার্যত এই প্রাচীন শ্রেণীবিভাগ ভিন্ন আরও বহু শ্রেণী ও উপশ্রেণীর উদ্ভব হইয়াছিল। বিভিন্ন জাতির সংমিশ্রণে বহু নূতন সঙ্কর শ্রেণীর সৃষ্টি হওয়াতে তদানীন্তন হিন্দু সমাজ আধুনিক রূপ ধারণ করিয়াছিল। বর্তমান ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ, সৎ-শূদ্র—অর্থাৎ গন্ধবণিক, মোদক, তন্তুবায় প্রভৃতি শ্রেণীর সূচনা পাল ও সেন যুগেই পরিলক্ষিত হয়। সমাজে ব্রাহ্মণশ্রেণী ভিন্ন কায়স্থ ও বৈদ্যগণের প্রাধান্য সেই যুগ হইতেই শুরু হইয়াছিল। সেনরাজ বল্লাল সেন কৌলিন্য প্রথার প্রবর্তন করিয়াছিলেন।

নূতন মিশ্রিত শ্রেণীর উদ্ভব

অন্নপ্রাশন, উপবীত, বিবাহ, শ্রাদ্ধ প্রভৃতি সামাজিক আচার-অনুষ্ঠান বর্তমান কালের ন্যায় সে-যুগে প্রচলিত ছিল। ইহা ভিন্ন, 'বার মাসে তের পার্বণ' লাগিয়াই ছিল। দুর্গা, কালী, গণেশ, সরস্বতী, মনসা প্রভৃতি দেবদেবীর পূজা সেই সময় হইতেই প্রাধান্য লাভ করিয়াছিল। স্ত্রীলোকেরা নানা প্রকার ব্রত এবং সেই সূত্রে উপবাস প্রভৃতি পালন করিতেন।

সামাজিক ও ধর্মনৈতিক অনুষ্ঠান

শিক্ষার প্রতি বাঙালী জাতির আগ্রহের কথা হিউয়েন-সাঙের বিবরণে পাওয়া যায়। হিউয়েন-সাঙের বর্ণনায় বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে অধিবাসীদের আচরণ সম্পর্কেও কতক মন্তব্য রহিয়াছে। পাল ও সেন যুগের ক্ষেত্রেও এই সকল মন্তব্য সমভাবে প্রযোজ্য। সমতট অঞ্চলের লোকেরা ছিল অত্যন্ত শ্রমশীল, কর্ণসুবর্ণের

লোকেরা সৎ ও সাহসী, তাম্রলিপ্তির লোকেরা ছিল অত্যন্ত অব্যবস্থিতচিত্ত। বিদ্যা অর্জনের জন্য সে-যুগের বাঙালীরাও বাংলাদেশের বাহিরে বিভিন্ন স্থানে যাইতেন। ক্ষেমেন্দ্র নামক জনৈক কবির রচনায় বাঙালীর শারীরিক দুর্বলতা এবং অল্পেতে ক্রুদ্ধ হইবার কথা উল্লিখিত আছে।

সে-যুগের বাঙালীর বৈশিষ্ট্য

সমাজে নারীজাতির প্রতি যথেষ্ট শ্রদ্ধা প্রদর্শনের রীতি ছিল। নারী-শিক্ষা ছিল সে-যুগের বাঙালী সমাজের অন্যতম উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। একাধিক স্ত্রী গ্রহণের প্রথা প্রচলিত থাকিবার ফলে বহুক্ষেত্রে পারিবারিক জীবনে বিবাদ-বিসংবাদের সৃষ্টি হইত। নারীজাতির বিশেষ কোন অধিকার আইনত স্বীকৃত ছিল না। স্ত্রীর প্রতি স্বামীর এবং স্বামীর অবর্তমানে পুত্রদের কর্তব্যবোধই ছিল নারীজাতির একমাত্র নির্ভর। কোন কোন বিষয়ে সে-যুগের সামাজিক রীতিনীতি আজিকার রীতিনীতি অপেক্ষাও উদার ছিল। বিধবাদের মৃত স্বামীর সহিত সহমরণের প্রথাও প্রচলিত ছিল। কিন্তু ইহা ব্যাপকতালাভ করিয়াছিল, একথা বলা চলে না। সমাজে বিধবাদের অবস্থা শোচনীয় ছিল। বিধবারা পরিবারের গলগ্রহ হিসাবেই বিবেচিত হইতেন, একথা অস্বীকার করা যায় না। এইভাবে বর্তমান বাঙালী সমাজ-জীবনের অনেক কিছুই পাল ও সেন যুগে প্রচলিত ছিল।

শিক্ষার প্রতি অনুরাগ

নারীজাতির সামাজিক অবস্থা

সে-যুগের বাঙালীর খাদ্য বর্তমান কালের ন্যায়ই ছিল। ভাত, মাছ, মাংস, শাকসবজি, দুধ, ফল প্রভৃতি ছিল তাহাদের প্রধান খাদ্য। চাউল, গুড় প্রভৃতি পচাইয়া একপ্রকার মাদক পানীয় সে-যুগে প্রস্তুত করা হইত। মাদক পানীয় ব্যবহার করা কেহ প্রীতির চক্ষে দেখিত না বটে, কিন্তু উহার ব্যবহার যথেষ্ট প্রসারলাভ করিয়াছিল।

খাদ্য ও পানীয়

সে-যুগের পুরুষ মাত্রেরই পরিধান ছিল ধুতি। হাঁটুর উপর পর্যন্ত ধুতি দ্বারা আবৃত থাকিত। সাধারণত দেহের উপরাংশ অনাবৃতই থাকিত, কিন্তু কোন বিশেষ উৎসব বা উপলক্ষে চাদর ব্যবহারের রীতিও ছিল। পুরুষগণ পাদুকা ও চামড়ার চটি ব্যবহার করিতেন। স্ত্রীলোকেরা শাড়ী পরিতেন। স্ত্রী ও পুরুষ উভয়েই অলঙ্কার পরিতে ভালবাসিতেন। সোনা ও রূপার হার, কুণ্ডল, কেয়ূর, নাকফুল, বালা, মল, কটিবন্ধ প্রভৃতি ছিল সে-যুগের প্রধান অলঙ্কার।

পোশাক-পরিচ্ছদ

পাশা, দাবাখেলা প্রভৃতি ছিল সে-যুগের বাঙালীদের অবসর বিনোদনের প্রধান উপায়। নাচ, গান, বিভিন্ন বাদ্যযন্ত্র-বাদন প্রভৃতি ছিল আমোদ-প্রমোদের প্রধান ব্যবস্থা। সন্তরণ, মল্লযুদ্ধ প্রভৃতিরও প্রচলন ছিল।

আমোদ-প্রমোদ

নৌকা, গরুর গাড়ী, ঘোড়া, হাতী প্রভৃতি পরিবহণের উপায় হিসাবে ব্যবহৃত হইত। 'চর্যাপদ' নামক বাংলা রচনায় সমুদ্রপথে চলাচলকারী বাণিজ্যপোতের উল্লেখ পাওয়া যায়।

পরিবহণ

সে-যুগের বাঙালীর অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি ছিল কৃষি। প্রতি গ্রাম বাস্তু, কৃষি-জমি ও গোচারন—এই তিন ভাগে বিভক্ত ছিল। গ্রাম-পথ, পুষ্করিণী,

গো-পথ প্রভৃতি সর্বত্রই ছিল। গ্রামবাসীর প্রয়োজনীয় প্রায় যাবতীয় জিনিসপত্রই গ্রামে প্রস্তুত হইত। শহর-নগরেরও সে-যুগে অভাব ছিল না। পুণ্ড্রবর্ধন ছিল একটি জনবহুল সমৃদ্ধ নগর। শিল্প, বাণিজ্য, সামরিক ও বিচার সংক্রান্ত কার্যাদি করিয়া শহরাঞ্চলের লোকেরা তাহাদের জীবিকার্জন করিত। পালবংশীয় রাজা রামপাল কর্তৃক নির্মিত 'রামাবতী' অতি সুন্দর দালান ও প্রাসাদে এক অতি সমৃদ্ধ নগরে পরিণত হইয়াছিল।

অর্থনৈতিক জীবনের ভিত্তি—কৃষি

প্রাসাদের চূড়ায় সোনার কলস শোভা পাইত। বস্ত্রশিল্প, মৃৎশিল্প, মণিকারের শিল্প প্রভৃতিতে বাংলাদেশ সেই সময়ে যথেষ্ট উন্নত ছিল। জলপথ ও স্থলপথে দেশবিদেশে বাংলার শিল্পজাত দ্রব্যাদি প্রেরিত হইত।

শিল্প ও বাণিজ্য

পালযুগের ধর্ম, শিল্পকলা ও সাহিত্য (Religion, Art and Literature under the Palas) :

ধর্ম (Religion) : পালযুগে বাংলাদেশে বৌদ্ধধর্মের প্রাধান্য পরিলক্ষিত হয়। সেই সময়ে ভারতবর্ষের অন্যান্য অংশে বৌদ্ধধর্ম বহুলাংশে হ্রাসপ্রাপ্ত হইয়া গিয়াছিল। কারণ, সেই সময় হইতে বৌদ্ধধর্মে তান্ত্রিকতা দেখা দিলে ক্রমে হিন্দুধর্মের পক্ষে বৌদ্ধধর্মকে গ্রাস করা সহজতর হইয়াছিল। পালরাজগণ বৌদ্ধধর্মাবলম্বী হইলেও অন্যান্য ধর্মের প্রতি তাঁহারা যথেষ্ট শ্রদ্ধাশীল ছিলেন। ধর্মপালের আমলে তিব্বতী বৌদ্ধধর্মের কতক সংস্কার সাধিত হইয়াছিল। তিব্বতের রাজার অনুরোধে বৌদ্ধ পণ্ডিত অতীশ দীপঙ্কর বিক্রমশীলা মহাবিহারের অধ্যাপনার কার্য ত্যাগ করিয়া তিব্বতে গিয়াছিলেন এবং তিব্বতে প্রচলিত বৌদ্ধ-ধর্মনীতির কতক সংস্কারসাধন করিয়াছিলেন।

বৌদ্ধধর্ম : অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান

অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান পূর্ববঙ্গের বিক্রমপুরে জন্মগ্রহণ করেন। ওদন্তপুরী মহাবিহারে আচার্য শীলরক্ষিতের নিকট মহাযান ও হীনযান—উভয় বৌদ্ধধর্মমত সম্পর্কে তিনি পূর্ণ জ্ঞান লাভ করিয়া শ্রীজ্ঞান উপাধিপ্রাপ্ত হন। আচার্য শীলভদ্রের নিকট তিনি বৌদ্ধধর্মে দীক্ষা গ্রহণ করিয়া বৌদ্ধধর্ম প্রচারের জন্য ব্রহ্মদেশ, সুবর্ণদ্বীপ প্রভৃতি দেশে পরিভ্রমণ করেন।



অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান

ভারতবর্ষে ফিরিয়া আসিয়া তিনি বিক্রমশীলা মহাবিহারের বা বিশ্ববিদ্যালয়ের আচার্যপদ

গ্রহণ করেন। সেই সময়ে তিব্বতের রাজার বিশেষ অনুরোধে তিব্বতে প্রচারিত বৌদ্ধধর্মের ত্রুটি সংশোধন এবং বৌদ্ধধর্ম প্রচারের জন্য তিনি তিব্বতে গমন করেন। তিব্বতেই তিনি দেহরক্ষা করিয়াছিলেন।

তিব্বতে বৌদ্ধধর্মের সংস্কার ও প্রচার

শিল্পকলা (Art) : পালযুগে বাংলার স্থাপত্য শিল্পের এক অভূতপূর্ব উৎকর্ষ সাধিত হইয়াছিল। পালরাজগণের পৃষ্ঠপোষকতায় ওদন্তপুরী, বিক্রমশীলা ও সোমপুরী মহাবিহারগুলি নির্মিত হইয়াছিল। বিক্রমশীলা মহাবিহারে মোট ১০৭টি মন্দির ও ৬টি মহাবিদ্যালয় (কলেজ) ছিল। পালযুগে নালন্দা বিশ্ববিদ্যালয় পুনরায় প্রসিদ্ধি অর্জন করিয়াছিল। এই সকল মঠের নির্মাণ-পদ্ধতি সে-যুগের স্থাপত্য কৌশলের পরিচায়ক। সোমপুরী মহাবিহারের ভগ্নাবশেষ রাজসাহী জেলায় (বর্তমান পূর্ব-পাকিস্তানের অন্তর্গত পাহাড়পুর নামক স্থানে) আবিষ্কৃত হইয়াছে। সে-যুগের স্তূপ, মঠ ও মন্দিরের নির্মাণকৌশল ছিল বিভিন্ন ধরনের। পালযুগে নির্মিত কয়েকটি মূর্তি পাওয়া গিয়াছে। এগুলির গড়ন দৃষ্টে পালযুগের ভাস্কর্য শিল্পের উৎকর্ষের ধারণা লাভ করা যায়। ধীমান ও তাঁহার পুত্র বীতপাল ছিলেন সে-যুগের শ্রেষ্ঠ ভাস্কর, চিত্রশিল্পী ও ধাতুমূর্তি-নির্মাতা। তাঁহাদের শিল্পকৌশলের নিদর্শন এখনও বিদ্যমান।

স্থাপত্য

ধীমান ও বীতপাল



পালযুগের ভাস্কর্য নিদর্শন

শিক্ষা ও সাহিত্য (Learning and Literature) : পালযুগ শিক্ষা ও সাহিত্য ক্ষেত্রে বাংলার ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। পালযুগের শ্রেষ্ঠ আয়ুর্বেদশাস্ত্রজ্ঞ চক্রপাণি দত্ত, কবি সন্ধ্যাকর নন্দী প্রভৃতি তাঁহাদের রচনার দ্বারা সে-যুগের জ্ঞান-ভাণ্ডারকে সমৃদ্ধ করিয়াছিলেন। বাংলা ভাষায় আদি রচনা বৌদ্ধ চর্যাপদ সে-যুগে রচিত হইয়াছিল বলিয়া মনে করা হয়। সে-যুগের বহু বাঙালী মনীষী বাংলাদেশের বাহিরে বিভিন্ন দেশের রাজসভা অলঙ্কৃত করিয়াছিলেন। সুমাত্রা অঞ্চলের শৈলেন্দ্রবংশীয় রাজগণের কুলগুরু ছিলেন বাঙালী পণ্ডিত কুমার ঘোষ। নানা বিষয়ে শিক্ষার্জনের জন্য বাঙালী শিক্ষার্থীদের ভারতের

সাহিত্যসেবিগণ

অপরাপর স্থানে যাইবার প্রমাণ পাওয়া যায়। কাশ্মীরে বহু বাঙালী শিক্ষার্থীর শিক্ষালাভের উদ্দেশ্যে যাইবার কথাও জানা যায়।

শিক্ষা ও সংস্কৃতির দিক দিয়া বাংলাদেশ সেই যুগে এশিয়া মহাদেশের এক কেন্দ্রস্থলে পরিণত হইয়াছিল। বাংলাদেশের ধর্ম, সাহিত্য ও সংস্কৃতির প্রভাব

বহির্জগতের সহিত বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ

ব্রহ্মদেশ, নেপাল, তিব্বত, যবদ্বীপ তথা সুবর্ণভূমি, চীন, জাপান প্রভৃতি দেশে বিস্তৃত হইয়াছিল। বাংলাদেশের শ্রেষ্ঠ বন্দর তাম্রলিপ্তি হইতে নানা প্রকার পণ্যদ্রব্য দক্ষিণ-পূর্ব এশিয়ার সর্বত্র প্রেরিত হইত।

সেনযুগের সাহিত্য ও সংস্কৃতি (Literature and Culture under the Senas) : সেনবংশীয় রাজগণও শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। বল্লাল সেন 'আচার্যসাগর', 'প্রতিষ্ঠাসাগর', 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' নামে

সাহিত্য

চারিখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। দানসাগর গ্রন্থখানি সম্ভবত তিনি নিজে শেষ করিয়া যাইতে পারেন নাই। তাঁহার কৃতী পুত্র লক্ষ্মণ সেন উহার অসম্পূর্ণ অংশ রচনা করিয়াছিলেন। এই সকল গ্রন্থের মধ্যে শেষোক্ত দুইখানি এখনও বিদ্যমান। বল্লাল সেনের গুরুদেব অনিরুদ্ধ একজন সুপণ্ডিত ছিলেন।

ধোয়ী, জয়দেব প্রভৃতি

গুণবিষ্ণু, ধোয়ী, জয়দেব, হলায়ুধ, উমাপতিধর, ঈশান, পশুপতি প্রভৃতি ছিলেন সে-যুগের বিদ্বান্ মনীষী। ধোয়ী-রচিত 'পবনদূত' এবং জয়দেবের 'পদাবলী' তদানীন্তন সাহিত্য ভাণ্ডারের অপূর্ব রত্নস্বরূপ।

সেনরাজগণ ছিলেন তান্ত্রিক হিন্দুধর্মের পৃষ্ঠপোষক। এই ধর্মপ্রচারের জন্য

ধর্ম

তাঁহারা চট্টগ্রাম, আরাকান প্রভৃতি অঞ্চলে প্রচারক প্রেরণ করিয়াছিলেন।

সেনযুগের শ্রেষ্ঠ শিল্পী ও স্মৃতিশাস্ত্রজ্ঞ ছিলেন শূলপানি। পালরাজগণের

শিল্প

আমলে বাঙালী মনীষার যে প্রকাশ পরিলক্ষিত হইয়াছিল উহা সেনযুগেও অব্যাহত ছিল।



বাংলার পোড়ামাটি শিল্প

শিক্ষা, সাহিত্য, ধর্ম ও সংস্কৃতি—সর্বক্ষেত্রে পাল ও সেন রাজগণের শাসনকাল বাংলার ইতিহাসে এক গৌরবোজ্জ্বল যুগ, বলা বাহুল্য।

দ্বাদশ অধ্যায়

বহির্জগতের সহিত ভারতের রাজনৈতিক ও ধর্মনৈতিক যোগাযোগ

(Indian Contacts Abroad—Political and Religious)

বহির্জগতের সহিত ভারতের যোগাযোগ (India's Contacts with Outside World) : অতি প্রাচীনকাল হইতেই পৃথিবীর বিভিন্ন দেশের সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ ছিল। রোম, মিশর, ব্যাবিলন হইতে আরম্ভ করিয়া মধ্য-এশিয়া, চীন, তিব্বত, নেপাল, ব্রহ্মদেশ, সিংহল, সুমাত্রা, যবদ্বীপ প্রভৃতি দক্ষিণ-পূর্ব এশিয়ার দ্বীপপুঞ্জের সহিত, কোরিয়া, জাপান প্রভৃতি দেশের সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ ছিল। খ্রীষ্টীয় প্রথম শতকের শেষভাগে জনৈক গ্রীক নাবিক জলপথে ভারতে আসিয়াছিলেন। তাঁহার রচিত 'পেরিপ্লাস' (The Periplus of the Erythraean Sea) নামক গ্রন্থে সমসাময়িক ভারতের বন্দরসমূহের এক সুদীর্ঘ তালিকা দিয়াছেন। ভারতে সেই সময়ে সমুদ্রপথে চলাচলের জন্য বড় বড় বাণিজ্যপোত নির্মিত হইত, সেই কথারও তিনি উল্লেখ করিয়াছেন। রোমান ঐতিহাসিক 'প্লিনি'র (Pliny) রচনায়ও পেরিপ্লাস গ্রন্থের বিবরণের সমর্থন পাওয়া যায়।* বাণিজ্যের মাধ্যমে উপরি-উক্ত দেশসমূহের সহিত ভারতের সাংস্কৃতিক আদান-প্রদান স্বভাবতই চলিত। মৌর্য সম্রাট অশোকের ধর্মপ্রচার প্রচেষ্টা এবং সেজন্য বিদেশে দূত প্রেরণ সাংস্কৃতিক প্রভাব বিস্তার ও যোগাযোগের পথ প্রস্তুত করিয়াছিল সন্দেহ নাই।

পাশ্চাত্য ও প্রাচ্য অঞ্চলের সহিত প্রাচীন ভারতের বাণিজ্যক ও সাংস্কৃতিক যোগাযোগ

কুষাণ আমলে কুষাণরাজগণের রাজনৈতিক প্রাধান্য ও ধর্মপ্রচার প্রচেষ্টা মধ্য-এশিয়াকে ভারতীয় উপনিবেশে রূপান্তরিত করিয়াছিল। বর্তমান খোটান অঞ্চলে স্যার্ অরেল স্টাইনের প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে সেই অঞ্চলে যে ভারতীয় উপনিবেশ বিস্তৃত হইয়াছিল তাহার তথ্যাদি আবিষ্কৃত হইয়াছে। চীন, তিব্বত, কোরিয়া, জাপান, সুমাত্রা, যবদ্বীপ, ব্রহ্মদেশ, সিংহল প্রভৃতি দেশের সহিত বাণিজ্য সম্পর্ক ও ধর্ম প্রচারের মাধ্যমে ভারতের ঘনিষ্ঠতা জন্মিয়াছিল। নালন্দা, বিক্রমশীলা প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে উপরি-উক্ত দেশসমূহের অনেকগুলি হইতেই বিদ্যার্থীরা বিশেষভাবে বৌদ্ধ ধর্মশাস্ত্র ও দর্শন সম্পর্কে জ্ঞান অর্জনের জন্য আসিতেন। ধর্ম, সংস্কৃতি ও ব্যবসায়-বাণিজ্যের সূত্র ধরিয়া যে যোগাযোগ শুরু হইয়াছিল তাহা মালয় উপদ্বীপ, কম্বোজ, আনাম, সুমাত্রা, যবদ্বীপ, বলি, বোর্ণিও প্রভৃতি দ্বীপপুঞ্জে ভারতীয় উপনিবেশ স্থাপনের পথ প্রস্তুত করিয়াছিল। খ্রীষ্টীয় দ্বিতীয় শতক ও পঞ্চম শতকের অন্তর্বর্তীকালে এই সকল দেশে ভারতীয়

মধ্য-এশিয়ায় ভারতীয় উপনিবেশ

---

* Vide Majumdar, Raychaudhuri and Datta : *An Advanced History of India*, pp. 211-12.

উপনিবেশ স্থাপিত হইয়াছিল, একথা এই অঞ্চলে প্রাপ্ত সংস্কৃত লিপি ও চৈনিক পরিব্রাজকদের বিবরণ হইতে পাওয়া যায়।* সুতরাং ইহা স্পষ্টভাবেই বুঝিতে পারা যায় যে ভারতীয় উপনিবেশ মধ্য-এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে স্থাপিত হইয়াছিল।

দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় উপনিবেশ

ভারতীয় উপনিবেশসমূহ : রাজনৈতিক, ধর্মনৈতিক ও সাংস্কৃতিক প্রভাব বিস্তার (Indian Colonies : Spread of Political, Religious and Cultural Influence)

(১) মধ্য-এশিয়া (Central Asia) : প্রাচীনকাল হইতে মধ্য-এশীয় অঞ্চল-সমূহের সহিত বৌদ্ধধর্ম প্রচার এবং বাণিজ্যিক আদান-প্রদানের মাধ্যমে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির প্রভাব সেই সকল অঞ্চলে বিস্তারলাভ করিয়াছিল। কিন্তু কুষাণ যুগে কুষাণরাজগণের মধ্য-এশীয় অঞ্চলের সহিত জন্মগত যোগাযোগ এবং রাজনৈতিক প্রাধান্যের ফলে কাস্পিয়ান সাগর হইতে আরম্ভ করিয়া চীনের প্রাচীরের মধ্যবর্তী বিস্তীর্ণ অঞ্চলে ভারতীয় উপনিবেশ গড়িয়া উঠিয়াছিল। মধ্য-এশিয়ার খোটান, কুচা, তুর্ফান, কাশগড় প্রভৃতি অঞ্চলে সে-যুগে যে ভারতীয় উপনিবেশ স্থাপিত হইয়াছিল তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। মধ্য-এশিয়ার পথে ভারত পরিভ্রমণে আসিবার কালে এবং সেই পথে স্বদেশে প্রত্যাবর্তনের কালে হিউয়েন-সাঙ্ সেই অঞ্চলে ভারতীয় সভ্যতা-সংস্কৃতি ও বৌদ্ধধর্মের প্রাধান্য লক্ষ্য করিয়াছিলেন। মধ্য-এশিয়ার পথ ধরিয়াই চীন এবং চীনের নিকটবর্তী অঞ্চলসমূহে বৌদ্ধধর্ম বিস্তারলাভ করিয়াছিল বলিয়া অনেকে মনে করেন। সার্ অরেল স্টাইন কর্তৃক মধ্য-এশিয়ার বিভিন্ন অঞ্চলে প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে বহু সংখ্যক বৌদ্ধ বিহার, হিন্দু ও বৌদ্ধ মন্দির ও মঠ, বুদ্ধমূর্তি ও হিন্দু দেবদেবীর মূর্তি আবিষ্কৃত হইয়াছে। প্রাকৃত ও সংস্কৃত ভাষায় রচিত বহু প্রাচীন গ্রন্থের পাণ্ডুলিপিও এই অঞ্চলে আবিষ্কৃত হইয়াছে। এই অঞ্চলে যে ভারতীয় উপনিবেশ বিস্তৃত হইয়াছিল সে-সম্পর্কে পণ্ডিতগণ একমত। সার্ অরেল স্টাইন মধ্য-এশিয়ায় খননকার্যে তাঁহার নিজ অভিজ্ঞতা বর্ণনা করিতে গিয়া বলিয়াছেন যে, খননকার্যের ফলে আবিষ্কৃত শহরের ধ্বংসাবশেষগুলির মাঝখানে চলাফেরা করিবার কালে একথাই মনে হইয়াছে যে, তিনি কোন প্রাচীন ভারতীয় নগরের মধ্য দিয়া চলিতেছেন।** এই সকল অঞ্চলের ভারতীয় উপনিবেশগুলি সম্পূর্ণ ভারতীয় বৈশিষ্ট্য লইয়া গড়িয়া উঠিয়াছিল।

মধ্য-এশিয়ায় ভারতীয় উপনিবেশসমূহ

সার্ অরেল ষ্টাইনের মন্তব্য

(২) দক্ষিণ-পূর্ব এশিয়া (South-East Asia) : ভারতীয় উপনিবেশ দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চল—অর্থাৎ মালয় উপদ্বীপ, কম্বোজ, আনাম, সুমাত্রা, যবদ্বীপ,

* Vide *An Advanced History of India*, p. 215.

** "Sir Aurel Stein has remarked that whilst he moved in these excavated areas under the ground he could have believed himself to be in the familiar surroundings of an ancient Indian city in the Punjab, so complete was the Indianisation of these out-of-the-way colonies." Vide *An Advanced History of India*, p. 213.

বলি, বোর্ণিও প্রভৃতি অঞ্চলেই বিশেষভাবে বিস্তৃত হইয়াছিল। খ্রীষ্টীয় দ্বিতীয় শতক হইতেই ভারতীয় নামধারী রাজগণ এই সকল অঞ্চলের কোন কোন অংশে রাজত্ব করিতেছিলেন তাহার প্রমাণ পাওয়া যায়। সুমাত্রা, যবদ্বীপ প্রভৃতি অঞ্চল ভারতে সুবর্ণভূমি নামে পরিচিত ছিল এবং বহু ভাগ্যবিড়ম্বিত ক্ষত্রিয় রাজকুমার ও বণিক স্বদেশে রাজ্যচ্যুত হইয়া বা পৈতৃক সিংহাসন হইতে বঞ্চিত অথবা সর্বস্বান্ত হইয়া সুবর্ণদ্বীপে ভাগ্যান্বেষণে যাইবার বহু কাহিনী প্রাচীনকালে প্রচলিত ছিল। যাহা হউক, এই অঞ্চলের ভারতীয় উপনিবেশসমূহের ইতিহাস এই সকল দেশে প্রাপ্ত সংস্কৃত লিপি এবং চৈনিক ঐতিহাসিক রচনায় পাওয়া গিয়াছে।

ভারতীয় উপনিবেশ বিস্তারের অঞ্চলসমূহ: মালয় উপদ্বীপ, কম্বোজ, আনাম, সুমাত্রা, যবদ্বীপ, বলি, বোর্ণিও প্রভৃতি

দক্ষিণ-পূর্ব এশিয়ার উপদ্বীপ ও দ্বীপগুলিতে স্থাপিত ভারতীয় উপনিবেশগুলি বিশাল রাজ্য হিসাবে শক্তি ও প্রতিপত্তি অর্জন করিয়াছিল। এগুলির মধ্যে কয়েকটি রাজ্য হাজার বৎসরেরও অধিককাল, এমনকি ভারতে হিন্দুশাসন অবসানের পরও— পরাক্রম বজায় রাখিতে সমর্থ হইয়াছিল। ইন্দো-চীনে চম্পা ও কম্বোজ নামে দুইটি রাজ্য এ-বিষয়ে উল্লেখযোগ্য। বর্তমান আনাম অঞ্চল লইয়া চম্পারাজ্যটি গঠিত ছিল। খ্রীষ্টীয় একাদশ শতাব্দীর মধ্যভাগ হইতে ত্রয়োদশ শতাব্দীর প্রায় শেষভাগ পর্যন্ত চম্পারাজ্যের রাজগণ যথেষ্ট পরাক্রমের সহিত রাজত্ব করিয়া গিয়াছিলেন। কম্বোজরাজ্যের আক্রমণ এবং মোঙ্গলনেতা কুব্‌লাই খানের আক্রমণ প্রতিহত করিয়া এই রাজ্যটি নিজ স্বাধীনতা রক্ষা করিয়া চলিতে সমর্থ হইয়াছিল। এই রাজ্যের রাজগণের মধ্যে জয়পরমেশ্বর-বর্মন, হরিবর্মন, জয়ইন্দ্রবর্মন, জয়সিংহবর্মন প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য। কাহিনী-কিংবদন্তী হইতে জানা যায় যে একদল ভারতীয় বণিক এই রাজ্যটির প্রতিষ্ঠা করিয়াছিলেন এবং তাঁহাদের নিজ অঞ্চলের নাম 'চম্পা'র (বর্তমান বিহাররাজ্যে অবস্থিত) অনুকরণে এই নব-প্রতিষ্ঠিত রাজ্যটির নাম দিয়াছিলেন চম্পা। এই রাজ্যে প্রাপ্ত সে-যুগের বৌদ্ধ ও হিন্দু মন্দিরসমূহের ধ্বংসাবশেষ ভারতীয় ধর্ম, শিল্প ও সংস্কৃতির পরিচয় আজিও বহন করিতেছে। ষোড়শ শতাব্দীতে মোঙ্গলদের পুনঃ পুনঃ আক্রমণের ফলে চম্পারাজ্যটি ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল।

চম্পারাজ্য

জয়পরমেশ্বরবর্মন, হরিবর্মন, জয়ইন্দ্রবর্মন, জয়সিংহবর্মন— শ্রেষ্ঠ রাজগণ


পতন

ইন্দো-চীনে স্থাপিত অন্যতম হিন্দু ঔপনিবেশিক রাজ্য ছিল কম্বোজ। কাহিনী-কিংবদন্তীতে কোণ্ডিণ্য নামে জনৈক ভারতীয় এই রাজ্যটি স্থাপন করিয়াছিলেন বলিয়া উল্লিখিত আছে। আবার অপর এক কাহিনীতে ইন্দ্রপ্রস্থের রাজা আদিত্যবংশের পুত্র এই রাজ্যটি স্থাপন করিয়াছিলেন বলিয়া উল্লেখ করা হয়। খ্রীষ্টীয় প্রথম বা দ্বিতীয় শতকেই যে এই রাজ্যটি গড়িয়া উঠিয়াছিল সে-সম্পর্কে ঐতিহাসিকগণ একমত। চৈনিকগণ এই রাজ্যটির নাম দিয়াছিল ফুনান। জনৈক চৈনিক ঐতিহাসিকের রচনা হইতে জানা যায় যে, ভারত হইতে

কম্বোজরাজ্য

আগত সহস্রাধিক ব্রাহ্মণ এই দেশে বাস করিতেন এবং দিবারাত্র শাস্ত্র-গ্রন্থ অধ্যয়নে অতিবাহিত করিতেন। কম্বোজরাজ্যের শ্রেষ্ঠ রাজগণের মধ্যে প্রথম, দ্বিতীয় ও সপ্তম জয়বর্মন, যশোবর্মন, দ্বিতীয় সূর্যবর্মনের নাম বিশেষ উল্লেখযোগ্য। এই রাজ্যটি বর্তমান ক্যাম্বোডিয়া, কোচিন-চীন, লাওস, শ্যাম, মালয় উপদ্বীপ ও ব্রহ্মদেশের একাংশ পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল। বহু সংখ্যক সংস্কৃত লিপি হইতে এই রাজ্যের রাজগণ সম্পর্কে জানিতে পারা যায়। ইহা ভিন্ন, আঙ্কোরভাট ও আঙ্কোরথোম নামক দুইটি মন্দির কম্বোজরাজ্যের ঐতিহ্যের সাক্ষ্য আজিও বহন করিতেছে। খ্রীষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে আনাম ও থাই জাতির আক্রমণে এই রাজ্যটি ধ্বংসপ্রাপ্ত হয়।

জয়বর্মন, যশোবর্মন, দ্বিতীয় সূর্যবর্মন—শ্রেষ্ঠ রাজগণ



আঙ্কোরভাটের মন্দির


আঙ্কোরভাট মন্দিরটি মূলত বিষ্ণুর উপাসনার জন্য স্থাপিত হইয়াছিল। ২১৩ ফুট উচ্চ, ⅔ মাইল দীর্ঘ এবং ½ মাইল প্রশস্ত এই মন্দিরটি পৃথিবীর আশ্চর্যজনক বস্তুসমূহের অন্যতম সন্দেহ নাই। এই মন্দিরটির ধাপে ধাপে বিভিন্ন ধরনের কারুকার্য করা হইয়াছে। শিব, অর্জুন, যম প্রভৃতি দেবতার মূর্তি এই মন্দিরটির গাত্রে খোদিত আছে।

আঙ্কোরভাটের বিষ্ণুমন্দির

কম্বোজরাজ্যের রাজধানী ছিল আঙ্কোরথোম। রাজা সপ্তম জয়বর্মন কর্তৃক এই রাজধানীটি স্থাপিত হইয়াছিল। এই নগরটি দুই মাইল দীর্ঘ এবং দুই মাইল প্রশস্ত ছিল। ৩৩০ ফুট চওড়া একটি পরিখা দ্বারা এই নগরটি পরিবেষ্টিত ছিল। আঙ্কোরথোম

নগরটির কেন্দ্রস্থলে পিরামিড আকারে নির্মিত তিন ধাপযুক্ত বেয়ন মন্দিরটি অবস্থিত। এই মন্দিরটিতে প্রায় চল্লিশটি গম্বুজ আছে। প্রত্যেকটি গম্বুজের শীর্ষদেশ ধ্যানরত শিবমূর্তির আকারে গঠিত। আঙ্কোরথোম শহরে ১০০ ফুট প্রশস্ত চারিটি রাজপথ আছে। ইহা ভিন্ন, বহু সংখ্যক প্রাচীর-বেষ্টিত জলাশয় এই নগরের শোভা-বর্ধনের জন্য খনন করা হইয়াছিল। আঙ্কোরথোম নগরের ধ্বংসাবশেষ হইতে উহা যে একটি অতি সুন্দর পরিকল্পনা অনুযায়ী নির্মিত নগরী ছিল সে-সম্পর্কে কোন সন্দেহের অবকাশ থাকে না।

আঙ্কোরথোম—কম্বোজ রাজ্যের রাজধানী; বেয়ন মন্দির



বেয়ন মন্দির


মালয় উপদ্বীপে একাদিক্রমে দুইটি বিশাল সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল। অষ্টম শতাব্দীতে মালয় উপদ্বীপে শৈলেন্দ্রবংশের প্রতিষ্ঠা হয়। এই বংশের অধীনে শৈলেন্দ্র সাম্রাজ্য সুমাত্রা, যবদ্বীপ, বলি, বোর্ণিও প্রভৃতি যাবতীয় দক্ষিণ-পূর্ব ভারতীয় ঔপনিবেশিক অঞ্চল লইয়া গড়িয়া উঠে। শৈলেন্দ্রবংশীয় সম্রাটগণ 'মহারাজ' উপাধি ধারণ করিতেন। আরব বণিকদের বর্ণনা হইতে শৈলেন্দ্রবংশীয় সম্রাটগণের ঐশ্বর্য ও প্রতিপত্তি সম্পর্কে জানিতে পারা যায়। ভারত ও চীনের রাজগণও শৈলেন্দ্র-বংশীয় সম্রাটগণকে যথাযোগ্য সম্মানদানে ত্রুটি করিতেন না। শৈলেন্দ্রবংশীয় সম্রাট বালপুত্রদেব বাংলার পালবংশীয় রাজা দেবপালের অনুমতি গ্রহণ করিয়া নালন্দা বিশ্ববিদ্যালয়ে একটি মঠ নির্মাণ করাইয়া দিয়াছিলেন। তাঁহারই অনুরোধে দেবপাল এই মঠের ব্যয়-সঙ্কুলানের জন্য পাঁচটি গ্রাম দান করিয়াছিলেন। শৈলেন্দ্রবংশীয় রাজগণ ছিলেন মহাযান বৌদ্ধধর্মমতাবলম্বী। ধর্মের ব্যাপারে শৈলেন্দ্রবংশীয় রাজগণ বাংলাদেশের সহিত সর্বদা সংযোগ রক্ষা করিয়া চলিতেন। বস্তুত, ধর্মের ক্ষেত্রে তাঁহারা বাংলাদেশের প্রভাবাধীন ছিলেন। কুমার ঘোষ নামে জনৈক বাঙালী বৌদ্ধ ভিক্ষু ছিলেন শৈলেন্দ্রবংশীয় রাজগণের ধর্মগুরু।

শৈলেন্দ্র সাম্রাজ্য

বালপুত্রদেব ও দেবপালের সৌহার্দ্য

শৈলেন্দ্রবংশীয় রাজগণ শিল্পকলার পৃষ্ঠপোষক ছিলেন। ধর্মগুরু কুমার ঘোষের নির্দেশক্রমে শৈলেন্দ্র সম্রাট তারা মন্দির নামে একটি অতি সুদৃশ্য মন্দির নির্মাণ করাইয়াছিলেন। বরবুদুরের প্রসিদ্ধ বৌদ্ধ স্তূপটি শৈলেন্দ্রবংশীয় রাজগণের আমলে যবদ্বীপে নির্মিত হইয়াছিল। যবদ্বীপ সেই সময়ে শৈলেন্দ্র সাম্রাজ্যের অধীন ছিল। বরবুদুরের মন্দিরটির কয়েকটি স্তর ছিল এবং চারিশত বর্গ ফুট ছিল ইহার মোট আয়তন। এই মন্দিরের স্তরে স্তরে এবং মন্দিরগাত্রে অসংখ্য বুদ্ধমূর্তি ভারতীয় ও যবদ্বীপের ভাস্কর্য শিল্পকলার এক অতি সুন্দর নিদর্শন হিসাবে আজিও বিদ্যমান। প্রধানত জাতকের বিভিন্ন কাহিনীকে দেওয়ালগাত্রের ভাস্কর্যে রূপদান করা হইয়াছে।

শিল্পকলা : তারা মন্দির, বরবুদুরের মন্দির



বরবুদুরের মন্দির

শৈলেন্দ্রবংশের রাজগণের এক বিশাল নৌবাহিনী ছিল। খ্রীষ্টীয় একাদশ শতক পর্যন্ত প্রবল পরাক্রমে রাজত্ব করিবার পর শৈলেন্দ্র সাম্রাজ্য চোলরাজ রাজেন্দ্র চোলদেব কর্তৃক আক্রান্ত হয়। রাজেন্দ্র চোলদেব শৈলেন্দ্র সাম্রাজ্যের এক বিরাট অংশ অধিকার করিয়া লইয়াছিলেন, কিন্তু কিছুকাল পরই শৈলেন্দ্রবংশীয় রাজগণ তাহা পুনরুদ্ধার করিয়া লন। কিন্তু ইহার পর শৈলেন্দ্র সাম্রাজ্যের গৌরব আর বৃদ্ধি না পাইয়া ক্রমেই স্তিমিত হইতে থাকে। ত্রয়োদশ শতাব্দীতে শৈলেন্দ্রবংশের জনৈক রাজা সিংহলের বিরুদ্ধে এক নৌ-অভিযান প্রেরণ করেন। এই অভিযান সম্পূর্ণ বিফল হইলে শৈলেন্দ্র সাম্রাজ্যেরও পতন ঘটে।

শৈলেন্দ্র সাম্রাজ্যের পতন

খ্রীষ্টীয় চতুর্থ শতকে যবদ্বীপে ভারতীয় হিন্দু উপনিবেশ গড়িয়া উঠে। কিন্তু শৈলেন্দ্র সাম্রাজ্যের শক্তিবৃদ্ধির সঙ্গে সঙ্গে যবদ্বীপও শৈলেন্দ্র সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া পড়ে।

নবম শতক পর্যন্ত শৈলেন্দ্র সাম্রাজ্যভুক্ত থাকিবার পর স্বাধীনতা লাভ করিয়া ক্রমে যবদ্বীপও শক্তিশালী রাজ্যে পরিণত হয়। বিজয় নামে জনৈক রাজা ত্রয়োদশ শতকে তিক্ত-বিল্ব নামক স্থানে একটি নূতন রাজধানী স্থাপন করিয়া যবদ্বীপরাজ্যটিকে শক্তি ও সম্মানের পথে ধাবিত করেন। ১৩৬৫ খ্রীষ্টাব্দের মধ্যে—অর্থাৎ প্রায় এক শতাব্দীর মধ্যে, যবদ্বীপ সমগ্র মালয় উপদ্বীপ ও মালয় দ্বীপপুঞ্জ অধিকার করিয়া লয়। এই রাজ্যের জনৈক স্থানীয় নেতা দেশত্যাগ করিয়া গিয়া মলাক্কা দ্বীপে এক নূতন হিন্দু রাজ্যের প্রতিষ্ঠা করিয়াছিলেন। মলাক্কার রাজা ইস্‌লাম ধর্মে দীক্ষিত হইলে ক্রমে ইস্‌লাম ধর্মে দীক্ষিত ব্যক্তিগণের আক্রমণে যবদ্বীপের হিন্দুশাসনের অবসান ঘটে এবং এই রাজ্যে ইস্‌লাম ধর্ম প্রচারিত হয়। সেই সময়ে একদল হিন্দু বলি দ্বীপে আশ্রয় গ্রহণ করিয়া সেখানে একটি হিন্দু রাজ্যের প্রতিষ্ঠা করে। মালয় উপদ্বীপ ও মালয় দ্বীপপুঞ্জে ইস্‌লাম ধর্মের প্রাধান্য স্থাপিত হইলেও অদ্যাবধি বলি দ্বীপটি হিন্দুধর্মের অনুরাগী রহিয়াছে।

যবদ্বীপ

মলাক্কা

বলি

উপরি-উক্ত বিবরণ হইতে প্রাচীন ভারতীয় হিন্দুগণের যেসাহসিকতা, উদ্যমশীলতা ও কর্মপ্রচেষ্টার অভাব ছিল না এবং তাহারা বহির্দেশে উপনিবেশ স্থাপনে পশ্চাৎপদ ছিল না একথা সম্পূর্ণভাবে প্রমাণিত হয়।

ত্রয়োদশ অধ্যায়

মুসলমান আক্রমণ : রাজপুত জাতির অভ্যুত্থান
(Muslim Invasion : Rise of the Rajputs)

মুসলমান আক্রমণকালে উত্তর-ভারতের রাজনৈতিক পরিস্থিতি (Political Condition of Northern India on the eve of Muslim Invasion) : মুসলমান আক্রমণকালে উত্তর-ভারত অসংখ্য ক্ষুদ্র রাজ্যে বিভক্ত ছিল। মৌর্য সম্রাট চন্দ্রগুপ্ত বা গুপ্তরাজ সমুদ্রগুপ্তের ন্যায় শক্তিশালী কোন রাজা বা সম্রাট সেই সময়ে উত্তর-ভারতে ছিলেন না। উত্তর-পশ্চিম ভারতে শাহীয়াবংশের রাজা জয়পাল রাজত্ব করিতেন। কাবুলের লঘ্‌মান হইতে ইরাবতী নদী পর্যন্ত তাঁহার রাজ্য বিস্তৃত ছিল। শাহীয়ারাজ্যের রাজধানী ছিল উন্দ্‌ বা উদ্‌ভাণ্ডপুর। কনৌজ ছিল তখন গাহড়বালবংশের অধীনে। আজমীর ও দিল্লীতে সেই সময়ে চৌহান্‌বংশ রাজত্ব করিত। মালবে পরমারবংশ, বুন্দেলখণ্ডে চন্দেল্লবংশ, বুন্দেলখণ্ডের দক্ষিণে দাহলরাজ্যে চেদীবংশ, কাশ্মীররাজ্যে কার্কটবংশ এবং বাংলায় পালবংশ ও সেনবংশ রাজত্ব করিতেছিল। এই সকল রাজার মধ্যে রাজনৈতিক ঐক্যবোধ দূরের কথা অবিরত যুদ্ধ-বিগ্রহ লাগিয়াই থাকিত। ফলে ভারতের রাজনৈতিক জীবনে

উত্তর-ভারতে অনৈক্যের চিত্র

বৈদেশিক আক্রমণের সুযোগদান

যে দুর্বলতা দেখা দিয়াছিল উহা বহির্দেশীয় আক্রমণকারিগণকে ভারতবর্ষ আক্রমণ করিতে প্ররোচিত করিয়াছিল।

ইস্‌লামের উত্থান (Rise of Islam): হজরত মহম্মদ (৫৭০-৬৩২ খ্রীঃ) ছিলেন ইস্‌লাম ধর্মের প্রবর্তক। তিনি একেশ্বরবাদ—অর্থাৎ ঈশ্বর এক ও অদ্বিতীয় এই ধর্মনীতি প্রচার করিয়াছিলেন। ধর্মপ্রচারে বহু বাধাবিপত্তির মধ্য দিয়া তাঁহাকে অগ্রসর হইতে হইয়াছিল। যাহা হউক, তাঁহার মৃত্যুর (৬৩২ খ্রীঃ) পূর্বেই তিনি আরবে মুসলমান রাজ্য প্রতিষ্ঠা করিয়া গিয়াছিলেন। তাঁহার মৃত্যুর এক শতাব্দীর মধ্যে এই রাজ্য এক দুর্ধর্ষ শক্তি লইয়া চতুর্দিকে বিস্তারলাভ করে। খ্রীষ্টীয় অষ্টম শতকের শেষভাগের মধ্যেই পারস্য, সীরিয়া প্রভৃতি দেশ হইতে আরম্ভ করিয়া ভারতের সিন্ধুপ্রদেশ পর্যন্ত এক বিশাল ভূখণ্ডে ইস্‌লাম ধর্মের প্রসার ঘটিয়াছিল। এমনকি স্পেন ও পোর্তুগাল মুসলমান অধিকারভুক্ত হইয়াছিল। ফ্রাঙ্কোনিয়ার রাজা চার্লস্ মার্টেলের হস্তে (৭৩২ খ্রীঃ) মুসলমানগণ পরাজিত না হইলে সমগ্র ইওরোপ মুসলমান অধিকারভুক্ত হইত।

মধ্য-এশিয়া, স্পেন, পোর্তুগাল প্রভৃতি অঞ্চলে মুসলমান অধিকার-বিস্তৃতি

আরবদের সিন্ধুরাজ্য আক্রমণ (The Arab Invasion of Sind): সেই সময়ে ভারতের সিন্ধু-উপত্যকা অঞ্চলের হিন্দু রাজা ছিলেন দাহির। এক অতি সামান্য ঘটনার সূত্রে দাহিরের রাজ্য আরবগণ কর্তৃক আক্রান্ত হয়। তখন আরব সাম্রাজ্যের পূর্বাঞ্চলের শাসনকর্তা ছিলেন হজ্জাজ। সিংহল হইতে হজ্জাজের নিকট প্রেরিত কয়েকটি বাণিজ্যপোত দাহিরের রাজ্যের দেবল নামক বন্দরের নিকট জলদস্যুগণ কর্তৃক লুণ্ঠিত হয়। হজ্জাজ ক্রুদ্ধ হইয়া সিন্ধুদেশের বিরুদ্ধে দুইটি অভিযান প্রেরণ করিলেন কিন্তু উভয় অভিযানই বিফল হইল। তৃতীয় অভিযানের নেতা হিসাবে আসিলেন মহম্মদ-ইবন্-কাশিম। এই অভিযান সফল হইল। দাহির পরাজিত হইলেন এবং দেবল বন্দরটি কাশিম কর্তৃক অধিকৃত হইল। রাওর নামক স্থানে দাহির পুনরায় কাশিমের সহিত যুদ্ধে পরাজিত হইলে সমগ্র সিন্ধুদেশ আরবদের অধিকারভুক্ত হইল।

আরবগণ কর্তৃক দাহিরের রাজ্য আক্রমণ

মহম্মদ-ইবন্-কাশিম

আরবগণ সিন্ধু-উপত্যকা হইতে আরও দক্ষিণ ও পূর্ব দিকে অগ্রসর হইবার চেষ্টা করিলে চালুক্য, গুর্জর-প্রতিহার ও কার্কটদের সহিত অবিরাম যুদ্ধ চলিল। চালুক্য, গুর্জর-প্রতিহার প্রভৃতি জাতির বাধা এবং আরবদের মধ্যে শিয়া-সুন্নী ধর্ম-দ্বন্দ্ব ক্রমে সিন্ধু-উপত্যকার আরব শক্তিকে দুর্বল করিয়া দিল। ত্রয়োদশ শতাব্দীতে মোহম্মদ ঘুরীর হস্তে পরাজয়ের সঙ্গে সঙ্গে সিন্ধু-উপত্যকায় আরব শাসনের শেষ চিহ্নটুকুও লোপ পাইল।

আরব শাসনের দুর্বলতা

গজনী সুলতানগণের ভারত আক্রমণ (Invasion of India by the Sultans of Ghazni): আফগানিস্তানের সুলেমান-পার্বত্য

অঞ্চলে আলপ্তিগীন নামে জনৈক ভাগ্যান্বেষী তুর্কী মুসলমান গজনীরাজ্যের প্রতিষ্ঠা করেন। আলপ্তিগীনের মৃত্যুর পর তাঁহার পুত্র ইশাক্ সিংহাসন লাভ করিলেন বটে, কিন্তু অল্পকালের মধ্যেই তাঁহার মৃত্যু ঘটিলে আলপ্তিগীনের জনৈক ক্রীতদাস পীরাই গজনীর সিংহাসন অধিকার করিলেন। পীরাই-এর সিংহাসনে আরোহণের অল্পকাল পরেই (৯৭৫ খ্রীঃ) উত্তর-পশ্চিম ভারতের শাহীয়াবংশের রাজা জয়পাল তাঁহার রাজ্যের সীমান্ত দেশে অবস্থিত গজনীরাজ্যের শক্তি ও প্রতিপত্তি বৃদ্ধি হইতে দেওয়া রাজনৈতিক দুরদর্শিতার কাজ হইবে না বিবেচনা করিয়া উহা আক্রমণ করিলেন। অবশ্য এই আক্রমণ সম্পূর্ণ বিফল হইল।

আলপ্তিগীন

ইশাক ও পীরাই

শাহীয়াবংশের বীরত্ব : জয়পাল কর্তৃক গজনী আক্রমণ

এমন সময়ে গজনীরাজ্যের জনসাধারণ পীরাইকে সিংহাসনচ্যুত করিয়া আলপ্তিগীনের জামাতা ও অন্যতম প্রধান ক্রীতদাস সবুক্তিগীনকে গজনীর সিংহাসনে স্থাপন করিল। এই সময়ে জয়পাল পুনরায় গজনীরাজ্য আক্রমণ করিতে গিয়া প্রাকৃতিক দুর্যোগ হেতু সবুক্তিগীনের সহিত যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষর করিতে বাধ্য হইলেন (৯৭৯ খ্রীঃ)। পরবর্তী কয়েক বৎসর শান্তিতেই কাটিল। ইতিমধ্যে সবুক্তিগীন নিজ ক্ষমতা যথেষ্ট বৃদ্ধি করিতে সমর্থ হইয়াছেন। তারপর ৯৮৬ খ্রীষ্টাব্দে তিনি জয়পালের রাজ্য আক্রমণ করিতে অগ্রসর হইলেন। জয়পালের রাজ্য হইতে তিনি প্রভূত পরিমাণ অর্থ ও বহু লোককে বন্দী হিসাবে ধরিয়া লইয়া গেলেন, কিন্তু জয়পালের রাজ্যের কোন অংশ তিনি অধিকার করিতে সমর্থ হইলেন না। দুই বৎসর পর (৯৮৮ খ্রীঃ) সবুক্তিগীন দ্বিতীয়বার জয়পালের রাজ্য আক্রমণ করিয়া কাবুল এবং উহার নিকটবর্তী অঞ্চলসমূহ অধিকার করিয়া লইলেন। ৯৯৭ খ্রীষ্টাব্দে সবুক্তিগীনের মৃত্যু পর্যন্ত জয়পালের রাজ্য আক্রমণের চেষ্টা আর করা হইল না। কিন্তু সবুক্তিগীন ভারতবর্ষ আক্রমণের যে ইঙ্গিত রাখিয়া গেলেন পরবর্তীকালে উহা অনুসরণ করিয়াই তাঁহার পুত্র সুলতান মামুদ পুনঃ পুনঃ ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন।

সবুক্তিগীন

জয়পাল কর্তৃক গজনীরাজ্য আক্রমণ

সবুক্তিগীন কর্তৃক জয়পালের রাজ্য আক্রমণ

সবুক্তিগীনের মৃত্যু

সুলতান মামুদের ভারত আক্রমণের কালে উত্তর-ভারতের রাজনৈতিক পরিস্থিতি (Political Condition of Northern India on the eve of Sultan Mahmud's Invasions): সুলতান মামুদের ভারত আক্রমণের কালে উত্তর-ভারতের সমগ্র ভূভাগ কতকগুলি ক্ষুদ্র স্বাধীন রাজ্যে বিভক্ত ছিল। এই বিচ্ছিন্নতার ফলে কোন বৈদেশিক আক্রমণকারীর বিরুদ্ধে আত্মরক্ষা করিবার মত কোন রাজশক্তি সেই সময়ে উত্তর-ভারতে ছিল না। চন্দ্রগুপ্ত, অশোক, কণিষ্ক, সমুদ্রগুপ্ত বা হর্ষবর্ধনের ন্যায় কোন হিন্দু রাজা উত্তর-ভারতের কোন অঞ্চলেই সেই সময়ে ছিলেন না। কিন্তু সামরিক শক্তিতে শক্তিশালী না হইলেও স্বাধীনতা-স্পৃহা এবং স্বদেশরক্ষার অঙ্গীকারে অবিচল দেশপ্রেমিক রাজা

উত্তর-ভারতে রাজনৈতিক অনৈক্য

সেই সময়ে ছিলেন না, একথা মনে করা ভুল হইবে। উত্তর-পশ্চিম ভারতে শাহীয়াবংশের রাজা জয়পাল ছিলেন এরূপ স্বাধীনচেতা রাজা। তাঁহার রাজ্য চিনাব নদী হইতে আরম্ভ করিয়া কাবুলের লঘ্‌মান পর্যন্ত বিস্তৃত ছিল। তাঁহার রাজধানী ছিল উদ্‌ভাণ্ডপুর—বর্তমান উন্দ্‌। চৌহান্‌বংশ আজমীর ও দিল্লীতে, গাহ্‌ড়বালবংশ কনৌজে, পরমারবংশ মালবে, চালুক্যবংশ গুজরাটে, চেদীবংশ বুন্দেলখণ্ডের দক্ষিণে দাহ্‌লরাজ্যে, কার্কটবংশ কাশ্মীররাজ্যে এবং পালবংশ বাংলাদেশে রাজত্ব করিতেছিল। ব্যক্তিগত শৌর্যে বা বীরত্বে অথবা দেশপ্রেমে এই সকল রাজা কোনভাবেই কম ছিলেন না বটে, কিন্তু তাঁহাদের মধ্যে ঐক্যের অভাব হেতু উত্তর-ভারত বৈদেশিক আক্রমণের বিরুদ্ধে দুর্বল ছিল, বলা বাহুল্য।

বিভিন্ন ক্ষুদ্র রাজা

সুলতান মামুদ (Sultan Mahmud) : সবুক্তিগীনের মৃত্যুর পর তাঁহার পুত্র সুলতান মামুদ গজনীর সিংহাসনে আরোহণ করিলেন। সিংহাসন আরোহণের অব্যবহিত পরেই তিনি পিতা কর্তৃক প্রদর্শিত পন্থা অনুসরণ করিয়া জয়পালের রাজ্য আক্রমণে অগ্রসর হইলেন। তাঁহার রাজত্বকালের অধিকাংশই ভারত-আক্রমণে ব্যয়িত হইয়াছিল। সুলতান মামুদ মোট কতবার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন সে-বিষয়ে কোন নিশ্চিত সিদ্ধান্তে উপনীত হওয়া যায় নাই। সার্‌ হেন্‌রী ইলিয়টের মতে তিনি মোট সতেরবার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন। এই সংখ্যাই ঐতিহাসিকগণ কর্তৃক গৃহীত হইয়াছে।

সুলতান মামুদ কর্তৃক মোট সতেরবার ভারতবর্ষ আক্রমণ

সুলতান মামুদের সর্বপ্রথম অভিযান ছিল সম্পূর্ণ পরীক্ষামূলক। ১০০০ খ্রীষ্টাব্দে* তিনি ভারতবর্ষের উত্তর-পশ্চিম সীমান্তের কয়েকটি শহর অধিকার করিতে সমর্থ হন। এই অভিযানের সাফল্য তাঁহার ভারত-আক্রমণ স্পৃহা স্বভাবতই বৃদ্ধি করিল। ঐ বৎসরই তিনি মোট দশ হাজার সৈন্যসহ পিতৃশত্রু শাহীয়াবংশের রাজা জয়পালের রাজ্য আক্রমণ করিলেন। জয়পাল নিজ দেশ ও প্রজাবর্গকে রক্ষা করিবার উদ্দেশ্যে পেশোয়ারের নিকট প্রাণপণ যুদ্ধ করিয়াও পরাজিত হইলেন। কয়েকজন উচ্চপদস্থ রাজকর্মচারীসহ তিনি সুলতান মামুদের হস্তে বন্দী হইলেন। সুলতান মামুদের আদেশে পরাজিত শত্রুর দেহাভরণ মণিমুক্তা কাড়িয়া লওয়া হইল। ইহার পর প্রভূত পরিমাণ ক্ষতিপূরণের বিনিময়ে জয়পাল ও তাঁহার অনুচরবর্গকে মুক্তি দেওয়া হইল। পরাজিত শত্রুর প্রতি উদারতা প্রদর্শন করিবার মত মনোবৃত্তি সুলতান মামুদের ছিল না। তাঁহার হস্তে লাঞ্ছিত ও অপমানিত হইয়া জয়পাল যখন মুক্তিলাভ করিলেন তখন জীবনের প্রতি তাঁহার ঘৃণার উদ্রেক হইল। সিংহাসনভার নিজ পুত্র আনন্দপালের হস্তে অর্পণ করিয়া তিনি স্বেচ্ছায় অগ্নিকুণ্ডে ঝাঁপ দিয়া প্রাণ বিসর্জন দিলেন (১০০১ খ্রীঃ)।

সুলতান মামুদের প্রথম অভিযান (১০০০ খ্রীঃ)

দ্বিতীয় অভিযান (১০০০ খ্রীঃ)

জয়পালের পরাজয় ও স্বেচ্ছায় মৃত্যুবরণ

* সুলতান মামুদের ভারত আক্রমণের তারিখ সম্পর্কে বিভিন্ন পুস্তকে কতক অসামঞ্জস্য রহিয়াছে। এখানে ভারতীয় বিদ্যাভবন প্রকাশিত *The Struggle for Empire* গ্রন্থের তারিখ অনুসরণ করা হইয়াছে।

চতুর্থ অভিযান

মুলতান অধিকার

এদিকে সুলতান মামুদ তৃতীয় অভিযানে 'ভীর' বা ভেরা নামক শহরটি জয় করিয়া চতুর্থ অভিযানে মুলতানের দিকে অগ্রসর হইলেন (১০০৪-০৫ খ্রীঃ)। সহজে মুলতানে পৌঁছিবার উদ্দেশ্যে সুলতান মামুদ আনন্দপালের রাজ্যের একাংশ দিয়া সসৈন্যে যাইবার প্রস্তাব করিলে আনন্দপাল সেই প্রস্তাব অগ্রাহ্য করিলেন। যাহা হউক, সুলতান মামুদ অন্য পথে মুলতানরাজ্য পর্যন্ত অগ্রসর হইয়া মুলতানের অধিপতি আবুল ফতাকে বাৎসরিক করদানে বাধ্য করিয়া (১০০৭ খ্রীঃ) পর বৎসর পঞ্চম অভিযানে (১০০৮-০৯ খ্রীঃ) আনন্দপালের পূর্ব-ব্যবহারের প্রতিশোধ গ্রহণের জন্য অগ্রসর হইলেন। আনন্দপাল পূর্বেই এইরূপ আক্রমণের সম্ভাবনা উপলব্ধি করিয়াছিলেন। সুতরাং উজ্জয়িনী, কালিঞ্জর, গোয়ালিওর, দিল্লী, কনৌজ, আজমীর প্রভৃতি দেশের রাজগণের সাহায্যে এক বিরাট সম্মিলিত বাহিনী লইয়া সুলতান মামুদকে বাধাদানের জন্য তিনি প্রস্তুত ছিলেন। কাশ্মীর অঞ্চলের খোক্‌র জাতিও আনন্দপালের সাহায্যে দণ্ডায়মান হইল। পেশোয়ার ও উন্দের মধ্যবর্তী অঞ্চলে উভয় পক্ষে তুমুল যুদ্ধ হইল। আনন্দপালের জয়লাভ যখন নিশ্চিত সেই সময়ে আনন্দপালের হস্তী আঘাতপ্রাপ্ত হইয়া যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন করিল। আনন্দপাল যুদ্ধ ত্যাগ করিয়া পলায়ন করিতেছেন মনে করিয়া তাঁহার সেনাবাহিনীও যুদ্ধক্ষেত্র ত্যাগ করিতে লাগিল। এই সুযোগে সুলতান মামুদ হিন্দুবাহিনীর আট হাজারের অধিক সৈনিকের প্রাণনাশ করিলেন। ইহার পর তিনি ভীমনগর বা নগরকোট (বর্তমান কাংড়া) দুর্গটি আক্রমণ করিয়া দুর্গের অভ্যন্তরস্থ অভাবনীয় পরিমাণ ধনরত্ন, মণিমুক্তা লুণ্ঠন করিলেন। ষাট হাত দীর্ঘ ও ত্রিশ হাত প্রশস্ত রৌপ্য নির্মিত একটি গৃহ এবং স্বর্ণ নির্মিত উহার দুইটি স্তম্ভ সুলতান মামুদ কাংড়া হইতে লইয়া গেলেন। লুণ্ঠিত ধনরত্নের ও সোনারূপার পরিমাণ দেখিয়া গজনীরাজ্যের সকলেই বিস্ময়াভিভূত হইয়াছিল।

পঞ্চম অভিযান : আনন্দপালের নেতৃত্বাধীনে সম্মিলিত শক্তি-সঙ্ঘ গঠন

আনন্দপালের পরাজয়

সুলতান মামুদ কর্তৃক অভাবনীয় পরিমাণ ধনরত্ন লুণ্ঠন

থানেশ্বর আক্রমণ

পরবর্তী উল্লেখযোগ্য অভিযান (দশম) থানেশ্বরের বিরুদ্ধে অনুষ্ঠিত হইল। তথাকার চক্রস্বামী প্রভৃতি মন্দির হইতে প্রভূত পরিমাণ ধনরত্নাদি তিনি লুণ্ঠন করিলেন (১০১৪ খ্রীঃ) এবং ঐ খ্রীষ্টাব্দে শাহীয়ারাজ্যের নূতন রাজধানী নন্দনদুর্গ অধিকার করেন।

মথুরা ও কনৌজ লুণ্ঠন

দ্বাদশ অভিযানে সুলতান মামুদ মথুরা (১০১৮ খ্রীঃ) এবং কনৌজের গুর্জর-প্রতিহাররাজ রাজ্যপালকে পরাজিত করিয়া যাবতীয় হিন্দু মন্দির লুণ্ঠন (১০১৮-১৯ খ্রীঃ) করিলেন। মথুরা নগরীর মধ্যস্থলে নির্মিত হিন্দু স্থাপত্যের অভূতপূর্ব কীর্তি একটি মন্দির সুলতান মামুদের আদেশে ধূলিসাৎ করা হইয়াছিল। এই মন্দির দেখিয়া সুলতান মামুদ স্বয়ং বিস্ময়াভিভূত হইয়া বলিয়াছিলেন যে, উহা নির্মাণ করিতে অন্তত দুইশত বৎসর লাগিয়া থাকিবে। মামুদ কাশ্মীরের বিরুদ্ধে দুইবার অভিযান করিয়া ব্যর্থ হইয়াছিলেন (১০১৫ খ্রীঃ ও ১০২১ খ্রীঃ)।

পরবর্তী অভিযানগুলির মধ্যে ষোড়শ অভিযানে সোমনাথের মন্দির লুণ্ঠন বিশেষ উল্লেখযোগ্য। গুজরাটের চালুক্যরাজ প্রথম ভীম, বহু সংখ্যক রাজপুত সৈনিক ও রাজা এবং অসংখ্য ব্রাহ্মণসহ সোমনাথের মন্দির রক্ষার্থে সমবেত হইলেন। কিন্তু সুলতান মামুদের দুর্ধর্ষ সেনাবাহিনীকে বাধাদান করা সম্ভব হইল না। সুলতান মামুদ মন্দিরটি অপবিত্র করিয়া উহার অভ্যন্তরস্থিত দুই কোটি মুদ্রা লইয়া গেলেন (১০২৫-২৬ খ্রীঃ)। এই সময় আনন্দপালের পৌত্র 'নিডর' ভীমপালকে পরাভূত করিয়া (১০২৬ খ্রীঃ) মামুদ সমগ্র শাহীয়ারাজ্যটি অধিকার করিয়া লইলেন। পর বৎসর (১০২৭ খ্রীঃ) জাঠগণের বিরুদ্ধে তিনি সসৈন্যে অগ্রসর হইলেন। জাঠগণ প্রাণপণ যুদ্ধ করিয়াও পরাজিত হইল। ভারতে ইহাই তাঁহার শেষ অভিযান ছিল। পরবর্তীকালে তিনি পারস্যরাজ্য লইয়া ব্যস্ত হইয়া পড়েন। ১০৩০ খ্রীষ্টাব্দে গজনী নগরীতে সুলতান মামুদের মৃত্যু ঘটে। মৃত্যুকালে তাঁহার সাম্রাজ্য পূর্বে পাঞ্জাব হইতে পশ্চিমে কাস্পিয়ান সাগর পর্যন্ত বিস্তৃত হইয়াছিল।

ষোড়শ অভিযান : সোমনাথের মন্দির আক্রমণ

সুলতান মামুদ নিজ দেশে বিচক্ষণ, ধর্মপ্রাণ, শিল্প ও সাহিত্যের প্রতি অনুরাগী নৃপতি হিসাবে নিজ পরিচয় রাখিয়া গিয়াছেন বটে, কিন্তু ভারতবাসীদের দিক হইতে বিচার করিলে তাঁহার অভিযানগুলি নৃশংসতা ও নীচ স্বার্থপরতার পরিচায়ক ছিল। স্বদেশে তিনি ন্যায়পরায়ণ ও সুবিচারক ছিলেন কিন্তু ভারতবাসীকে হত্যা করিয়া, হিন্দু দেবদেবীর অসংখ্য মন্দির কলুষিত করিয়া ধনরত্ন লুণ্ঠন করা তাঁহার ন্যায়পরায়ণতার ও সুবিচারের অবমাননা করিয়াছিল সন্দেহ নাই। ভারত-ইতিহাসে ও ভারতীয়দের বিচারে তাঁহার এই সকল কার্যকলাপের কৃতিত্ব অবান্তর বলা যাইতে পারে। ভারতবাসীর দৃষ্টিতে তিনি ছিলেন অর্থগৃধ্নু, দুর্ধর্ষ লুণ্ঠনকারী।* তাঁহার ভারত-অভিযানের মূল উদ্দেশ্য ছিল ধনরত্ন লুণ্ঠন এবং অ-মুসলমানদের হত্যাসাধন। সুলতান মামুদের রাজসভা 'শাহ্‌নামা'-রচয়িতা ফির্‌দৌসী, ঐতিহাসিক উৎবী, দার্শনিক ফারাবী, কবি আনসারি, আস্‌উজী প্রভৃতি কর্তৃক অলঙ্কৃত ছিল। সমসাময়িক কালের অন্যতম শ্রেষ্ঠ মনীষী অল্‌বিরুণী তাঁহার রাজসভায় ছিলেন। পরে তিনি ভারতবর্ষে চলিয়া আসিয়া সংস্কৃত ভাষা ও হিন্দু দর্শন শিক্ষা করেন। তাঁহার রচিত 'তহ্‌কক্‌-ই-হিন্দ' সমসাময়িক কালের ভারতীয় দর্শন, জ্যোতির্বিদ্যা, গণিত, রসায়ন প্রভৃতি নানাবিধ জ্ঞানবিজ্ঞান, হিন্দুদের সামাজিক রীতিনীতি প্রভৃতি সম্পর্কে একখানি অমূল্য গ্রন্থ। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, অল্‌বিরুণী ও 'শাহ্‌নামা'-রচয়িতা ফির্‌দৌসী সুলতান মামুদের নিকট সদ্ব্যবহার পান নাই।

সুলতান মামুদের চরিত্র ও কৃতিত্ব

অল্‌বিরুণী

সুলতান মামুদের অভিযানগুলির স্থায়ী ফলাফল খুব বেশী ছিল না। পুনঃ পুনঃ পাঞ্জাবের মধ্য দিয়া ভারতবর্ষে প্রবেশ করিবার এবং ভারতবর্ষ হইতে ফিরিয়া যাইবার ফলে সেই অঞ্চলে গজনীর অধিকার স্থাপিত হইয়াছিল। ইহা ভিন্ন, অপরাপর অঞ্চলে

---

* "So far as India was concerned Mahmud was simply a bandit operating on a large scale." Smith : *The Oxford History of India* (3rd Edition), p. 208.

তিনি অর্থগৃধ্নু, দুর্ধর্ষ লুণ্ঠনকারীর ভূমিকায়ই অবতীর্ণ হইয়াছিলেন। কিন্তু তাঁহার অভিযানগুলির ফলে ভারতবর্ষের উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের দেশগুলির ধনরত্ন সবকিছু এমনভাবে লুণ্ঠিত হইয়াছিল যে, পরবর্তীকালে সেই সকল অঞ্চলে চরম অর্থনৈতিক দুর্বলতা দেখা দিয়াছিল। সুলতান মামুদের আক্রমণ সেই অঞ্চলে এক বিভীষিকারও সৃষ্টি করিয়াছিল। ফলে এই সকল অভিযান একদিকে যেমন ভবিষ্যৎ মুসলমান আক্রমণের পথপ্রদর্শক হইয়াছিল, অপরদিকে তেমনি উত্তর-পশ্চিম অঞ্চলের রাজনৈতিক ও অর্থনৈতিক দুর্বলতার সৃষ্টি করিয়া ভবিষ্যৎ আক্রমণকারিগণের কার্য সহজতর করিয়া দিয়াছিল।

সুলতান মামুদের অভিযানগুলির স্থায়ী ফলাফল

সুলতান মামুদের অভিযানগুলির সাফল্যের পশ্চাতে (১) সর্বপ্রথম কারণ ছিল তাঁহার সমরকুশলতা। তিনি ছিলেন এক অনন্যসাধারণ দুর্ধর্ষ নেতা। ধর্মান্ধ তুর্কী দলকে মণিমুক্তা, স্বর্ণরৌপ্য পরিপূর্ণ ভারতবর্ষ আক্রমণে উদ্বুদ্ধ করিবার মত শক্তি তাঁহার ছিল। ধর্মান্ধ, পরধর্ম-অসহিষ্ণু নীতি অনুসরণকারী তুর্কী সৈনিকদের সম্মুখে তৎকালীন হিন্দু সৈন্যগণ সম্পূর্ণ দুর্বল ছিল। (২) ভারতবাসীর ঐক্যের অভাব এবং জাতিভেদ-প্রথাপ্রসূত পরস্পর অসহিষ্ণুতার ফলে সুলতান মামুদের সাফল্য সহজতর হইয়াছিল। (৩) যুদ্ধকৌশলের দিক দিয়া বিচার করিলে দেখা যায় যে, মুসলমান সেনাবাহিনীর আকস্মিক আক্রমণ নীতির (shock tactics) সম্মুখে আত্মরক্ষা করিবার শক্তি সেই যুগের হিন্দু সেনাবাহিনীর ছিল না।

সুলতান মামুদের সাফল্যের কারণ

রাজপুত জাতির মূল পরিচয় ও অভ্যুত্থান (The Origin and Rise of the Rajputs) : কাহিনী-কিংবদন্তীতে রাজপুত জাতি কোন কোন স্থলে সূর্যবংশীয় ক্ষত্রিয়, কোন কোন স্থলে চন্দ্রবংশীয় ক্ষত্রিয় বলিয়া বর্ণিত হইয়াছে। বস্তুত, তাহাদের আদি পরিচয় সম্পর্কে কোন স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া যায় নাই। রাজপুতদের বিভিন্ন শাখা রামায়ণ-মহাভারতে উল্লিখিত বীরগণের বংশধর বলিয়া নিজেদের পরিচয় দিয়া থাকে। কোন কোন ঐতিহাসিকের মতে রাজপুতগণ মূলত ভারতীয় জাতির লোক। ইহার যুক্তি হিসাবে বলা হয় যে, রাজপুতগণ হিন্দুধর্মাবলম্বী এবং মুসলমান আক্রমণ হইতে হিন্দু ধর্ম ও সংস্কৃতিকে বাঁচাইবার উদ্দেশ্যে তাহারা প্রাণপণ যুদ্ধ-বিগ্রহ করিয়াছে। কিন্তু এই যুক্তির উপর নির্ভর করিয়া রাজপুতগণ যে মূলত ভারতীয় জাতির লোক এরূপ সিদ্ধান্তে উপনীত হওয়া ঠিক হইবে না। কারণ, সে-যুগের হিন্দু সমাজের পরকে আপন করিয়া লইবার শক্তি ছিল। ফলে মূলত বিদেশী হইলেও রাজপুতগণ হিন্দু ধর্ম ও সংস্কৃতি রক্ষার জন্য চেষ্টা করিবে ইহাতে আশ্চর্য হইবার কিছু নাই। হূণ, গুর্জর প্রভৃতি বহিরাগত জাতির সংমিশ্রণে রাজপুত জাতির উৎপত্তি হইয়াছিল বলিয়া বহু আধুনিক ঐতিহাসিক মনে করিয়া থাকেন। শক, কুষাণ প্রভৃতি বৈদেশিক জাতির ন্যায়ই ইহারা হিন্দু সমাজের সহিত সম্পূর্ণ মিশিয়া গিয়াছিল। রাজপুত জাতির কোন কোন শাখা—যেমন মধ্য-ভারতের চন্দেল্লবংশ ভারতীয় গোন্দ জাতি-সম্ভূত বলিয়া কেহ কেহ অনুমান

রাজপুত জাতির মূল পরিচয় সম্পর্কে অনিশ্চয়তা

রাজপুত জাতির বিভিন্ন শাখা

করেন। যাহা হউক, রাজপুত জাতির মূল পরিচয় সম্পর্কে কোন নির্দিষ্ট কিছু বলা ঠিক হইবে না। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দী হইতে ত্রয়োদশ শতাব্দী পর্যন্ত রাজপুত জাতির বিভিন্ন শাখা ভারতের বিভিন্ন অংশে প্রতিপত্তি লাভ করিয়াছিল। রাজপুত জাতির মধ্যে চৌহান্, পরমার, তোমর, চন্দেল্ল, গাহ্ড়বাল, কলচুরি, গুর্জর-প্রতিহার ও রাষ্ট্রকূটগণ বিশেষ উল্লেখযোগ্য।

বিভিন্ন রাজপুত রাজ্যের উদ্ভব

ভারত-ইতিহাসের দশম শতকে উত্তর-ভারতে রাজনৈতিক অনৈক্যের চিত্র পরিলক্ষিত হয়। গুর্জর-প্রতিহারদের দুর্বলতার সুযোগ লইয়া যে-সকল স্বাধীন রাজ্য গড়িয়া উঠিয়াছিল, সেগুলির মধ্যে অধিকাংশই ছিল রাজপুত রাজ্য।

চৌলুক্য বা সোলাঙ্কি বংশ

গুজরাট ও কাথিয়াবাড় অঞ্চলে চৌলুক্য (ইহারা সোলাঙ্কি নামেও পরিচিত) রাজ্যের উদ্ভব হয়। এই রাজ্যের রাজধানী ছিল 'অন্হিলবারা'। এই বংশের রাজগণের মধ্যে প্রথম ভীম (১০২২-৬৪ খ্রীঃ), জয়সিংহ (১০৯৪-১১৪৪ খ্রীঃ), কুমার পাল (১১৪৪-৭৩ খ্রীঃ) ও দ্বিতীয় ভীমের (১১৭৮-১২৪১ খ্রীঃ) নাম বিশেষ উল্লেখযোগ্য। কুমার পাল ছিলেন সমরকুশল নৃপতি। তাঁহার রাজত্বকালে চৌলুক্যরাজ্য চতুর্দিকেই বিস্তারলাভ করিয়াছিল। শেষ জীবনে কুমার পাল জৈনধর্মের প্রতি অত্যধিক অনুরক্ত হইয়া পড়েন। চৌলুক্যরাজ দ্বিতীয় ভীম (১১৭৮-১২৪১ খ্রীঃ) ছিলেন দুর্ধর্ষ বীর। তিনি মোহম্মদ ঘুরীর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইয়াছিলেন এবং ঘুরীর আক্রমণ প্রতিহত করিতে সমর্থ হইয়াছিলেন। চৌলুক্য-বংশ প্রায় তিনশত বৎসর রাজত্ব করিয়াছিল। ইহার পর (ত্রয়োদশ শতকে) এই বংশেরই এক শাখা শক্তিশালী হইয়া উঠে এবং শাসনক্ষমতা হস্তগত করে। এই নূতন রাজবংশ 'বাঘেলাবংশ' নামে পরিচিত। বাঘেলাবংশের রাজা দ্বিতীয় কর্ণদেবের রাজত্বকালে আলাউদ্দিন খল্জী গুজরাট জয় করিয়াছিলেন। এ-বিষয়ে আলোচনা পরে করা হইবে।

চৌহান্‌বংশ

রাজপুত জাতির মধ্যে চৌহান্‌বংশ মুসলমান আক্রমণ প্রতিরোধে গুরুত্বপূর্ণ অংশগ্রহণ করিয়াছিল। আজমীর ও দিল্লী অঞ্চল লইয়া চৌহান্‌বংশের রাজ্য গঠিত ছিল। খ্রীষ্টীয় নবম শতাব্দী হইতে প্রায় তিনশত বৎসর—অর্থাৎ দ্বাদশ শতাব্দী পর্যন্ত চৌহান্‌বংশ প্রতিপত্তি সহকারে রাজত্ব করিয়াছিল। গঙ্গা-যমুনার অববাহিকা অঞ্চলে চৌহান্‌রাজ্য বিস্তৃত ছিল বলিয়া মুসলমান আক্রমণ প্রতিরোধ করা ছিল তাহাদের বিশেষ দায়িত্ব। তরাইনের প্রথম ও দ্বিতীয় যুদ্ধে পৃথ্বীরাজের দেশরক্ষার চেষ্টা এ-বিষয়ে উল্লেখযোগ্য।

চন্দেল্লবংশ

বুন্দেলখণ্ডের চন্দেল্লবংশ খ্রীষ্টীয় দশম শতাব্দী হইতে প্রাধান্য অর্জন করে। এই বংশের রাজা ধঙ্গ (৯৫৪-১০০২ খ্রীঃ) ছিলেন সমরবিজয়ী বীর। তিনি এলাহাবাদ, গোয়ালিওর, কালিঞ্জর প্রভৃতি অঞ্চলও নিজ রাজ্যভুক্ত করিয়াছিলেন। চন্দেল্লবংশের প্রধান কর্মকেন্দ্র ছিল খজুরাহো। এই বংশের রাজগণের পৃষ্ঠপোষকতায় খজুরাহোর মন্দিরগুলি নির্মিত হইয়াছিল। এই

সকল মন্দির সে-যুগের স্থাপত্য ও ভাস্কর্যের উৎকর্ষের সাক্ষ্য আজিও বহন করিতেছে। চন্দেল্লরাজগণ দীর্ঘকাল স্বাধীনতা বজায় রাখিতে সমর্থ হইয়াছিলেন।

জব্বলপুর অঞ্চলে কলচুরি বা কলস্থুড়িগণ রাজ্য গড়িয়া তুলিয়াছিল। ত্রিপুরি ছিল এই রাজ্যের রাজধানী। এই বংশের রাজগণের মধ্যে বিক্রমাদিত্য (১০৩০-৪১ খ্রীঃ) ও লক্ষ্মীকর্ণ (১০৪১-৭০ খ্রীঃ) বিশেষ উল্লেখযোগ্য। খ্রীষ্টীয় দশম শতক হইতে একাদশ শতক পর্যন্ত এই বংশ শক্তি ও প্রতিপত্তি সহকারে রাজত্ব করিয়াছিল। দ্বাদশ শতকে এই বংশ দুর্বল হইয়া পড়ে, কিন্তু খ্রীষ্টীয় পঞ্চদশ শতক পর্যন্ত এই বংশের শাসনব্যবস্থা জব্বলপুর অঞ্চলের কোন কোন অংশে টিকিয়াছিল।

কলচুরি বা কলস্থড়ি বংশ

মালবের পরমারবংশ ছিল রাজপুত জাতির বিভিন্ন শাখার অন্যতম প্রধান। খ্রীষ্টীয় দশম শতক হইতে ত্রয়োদশ শতক পর্যন্ত প্রায় তিনশত বৎসর এই বংশ রাজত্ব করিয়াছিল। পরমারবংশের রাজা বাক্‌পতি প্রতিবেশী রাজগণের রাজ্যের কতক অংশ জয় করিতে সমর্থ হইয়াছিলেন। কিন্তু কল্যাণীর চালুক্যরাজ দ্বিতীয় তৈলের সহিত যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হন। এই বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন রাজা ভোজ (১০১০-৫৫ খ্রীঃ)। রাজা ভোজ ছিলেন সাহিত্য ও শিল্পের পৃষ্ঠপোষক। তিনি নিজেও বহুমুখী প্রতিভাসম্পন্ন ছিলেন বলিয়া জানা যায়। দর্শন, অলঙ্কারশাস্ত্র, ব্যাকরণ, জ্যোতিষ, চিকিৎসাশাস্ত্র প্রভৃতিতে তিনি পারদর্শী ছিলেন বলিয়া কাহিনী-কিংবদন্তী আছে। তাঁহার আমলে পরমাররাজ্যের রাজধানী 'ধার' সাহিত্য-সংস্কৃতির কেন্দ্রস্বরূপ হইয়া উঠিয়াছিল। রাজা ভোজের শ্রেষ্ঠত্ব প্রচলিত বহু কাহিনী-কিংবদন্তী হইতে জানিতে পারা যায়।

পরমারবংশ

গাহ্‌ড়বালবংশ-প্রতিষ্ঠাতা চন্দ্র বারাণসীতে রাজত্ব শুরু করেন, কিন্তু অল্পকালের মধ্যেই তিনি কনৌজ পর্যন্ত সকল স্থান নিজ রাজ্যভুক্ত করেন। এই বংশের রাজগণের মধ্যে গোবিন্দ চাঁদ (১১১৪-৫৪ খ্রীঃ), জয়চাঁদ বা জয়চন্দ্র (১১৭০-৯৩ খ্রীঃ) প্রভৃতির নাম উল্লেখযোগ্য। পৃথ্বীরাজের সহিত জয়চাঁদের মনোমালিন্যের সৃষ্টি হইয়াছিল বলিয়া জয়চাঁদ তরাইনের দ্বিতীয় যুদ্ধে (১১৯২ খ্রীঃ) পৃথ্বীরাজের পক্ষ অবলম্বন করেন নাই। তিনি অবশ্য নিজে মোহম্মদ ঘুরীকে বাধাদানে ত্রুটি করেন নাই। মোহম্মদ ঘুরীর সহিত যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হইয়াছিলেন।

গাহড়বালবংশ

গুর্জরগণ (The Gurjaras) : খ্রীষ্টীয় ষষ্ঠ শতকে গুর্জর জাতি ভারতবর্ষে প্রবেশ করিয়াছিল। ক্রমে তাহারা ভারতবর্ষের বিভিন্ন অংশে ছড়াইয়া পড়িয়া ক্ষুদ্র ক্ষুদ্র বহু রাজ্য গড়িয়া তুলিতে সমর্থ হয়। এই সকল রাজ্যের মধ্যে রাজপুতানার গুর্জর-রাজ্য ছিল অন্যতম প্রধান। এই রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন হরিচন্দ্র গুর্জর। ভিন্‌মাল ছিল এই রাজ্যের রাজধানী। গুর্জরগণ শক, কুষাণ প্রভৃতি জাতির ন্যায় ভারতীয় সমাজের সহিত মিশিয়া গিয়াছিল। তাহারা নিজেদের ক্ষত্রিয় এবং রামের ভ্রাতা লক্ষ্মণের বংশধর বলিয়া দাবি করিত। অষ্টম শতাব্দীর মধ্যভাগে গুর্জর নেতৃবর্গের

কয়েকজন রাষ্ট্রকূটরাজ কর্তৃক উজ্জয়িনীতে অনুষ্ঠিত এক যজ্ঞে প্রতিহারের—অর্থাৎ দ্বার-রক্ষকের কাজ করিয়াছিলেন। এইজন্য তাঁহারা গুর্জর-প্রতিহার নামে অভিহিত হইয়া থাকেন। গুর্জর-প্রতিহারবংশের প্রথম নাগভট্ট, বৎসরাজ, দ্বিতীয় নাগভট্ট, প্রথম ভোজ, মহেন্দ্রপাল, দ্বিতীয় ভোজ, মহীপাল প্রভৃতি রাজগণের নাম উল্লেখ করা যাইতে পারে।

প্রথম নাগভট্ট

প্রথম নাগভট্ট আরবদের আক্রমণ প্রতিহত করিয়াছিলেন।

বৎসরাজ

বৎসরাজ ছিলেন পরাক্রমশালী রাজা। তিনি উত্তর-ভারতে রাজ্যবিস্তার শুরু করিলে রাষ্ট্রকূটবংশের রাজা ধ্রুবের হস্তে তাঁহাকে পরাজয় স্বীকার করিতে হইয়াছিল।

দ্বিতীয় নাগভট্ট

দ্বিতীয় নাগভট্টের রাজত্বকালে গুর্জর-প্রতিহাররাজ্য অত্যন্ত শক্তিশালী হইয়া উঠে। তিনি বাংলাদেশের রাজা ধর্মপালের মনোনীত প্রার্থী চক্রায়ুধকে সিংহাসন হইতে বিতাড়িত করিয়া কনৌজ অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন। কিন্তু রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দের হস্তে তাঁহারও শোচনীয় পরাজয় ঘটিয়াছিল।

প্রথম ভোজ: গুর্জর-প্রতিহার-বংশের সাম্রাজ্য পরিণতি

রাষ্ট্রকূটদের শক্তি ও প্রতিপত্তি বৃদ্ধি পাইলে গুর্জর-প্রতিহাররাজ্যের ক্ষমতা কতক পরিমাণে হ্রাসপ্রাপ্ত হইয়াছিল। কিন্তু গুর্জররাজ প্রথম ভোজ গুর্জর-প্রতিহাররাজ্যের শক্তি পুনরুজ্জীবিত করিয়াছিলেন। তাঁহার রাজ্য পাঞ্জাবের কার্ণুল হইতে বাংলাদেশের উত্তরাংশ পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল। পালবংশের জনৈক রাজা তাঁহার হস্তে পরাজিত হইয়াছিলেন। যাহা হউক, প্রথম ভোজের চেষ্টায়ই গুর্জর-প্রতিহাররাজ্য এক বিশাল সাম্রাজ্যে পরিণত হইয়াছিল।

গুর্জর-প্রতিহার-বংশের কৃতিত্ব—আরব আক্রমণ প্রতিহত

তিনিই উত্তর-ভারতে রাজপুত প্রাধান্যের গোড়াপত্তন করিয়া গিয়াছিলেন। পরবর্তী রাজগণের মধ্যে মহেন্দ্রপাল ও দ্বিতীয় ভোজ গুর্জর সাম্রাজ্যের প্রতিপত্তি বজায় রাখিতে সমর্থ হইয়াছিলেন, কিন্তু মহীপালের রাজত্বকাল হইতেই গুর্জর-প্রতিহার শক্তির পতন শুরু হয়। গুর্জর-প্রতিহাররাজগণ আরব আক্রমণ প্রতিহত করিয়া অন্তত কয়েক শতাব্দী পর্যন্ত ভারতের নিরাপত্তা বিধান করিয়াছিলেন। গুর্জরগণের পুনঃ পুনঃ আঘাতের ফলেই ভারতে আরব শক্তি দুর্বল হইয়া পড়িয়াছিল।

ঘুরবংশ : মোহম্মদ ঘুরীর ভারত অভিযান (The House of Ghur : Invasion of Muhammad of Ghur) : হিরাট ও গজনী রাজ্যের অন্তর্বর্তী অঞ্চলে ঘুর* নামে একটি ক্ষুদ্র রাজ্য ছিল।

ঘুররাজ্য

গজনীর সহিত ঘুররাজ্যের অবিরত দ্বন্দ্ব চলিত। সুতরাং মামুদের আমলে ঘুররাজবংশ গজনীর প্রাধান্য স্বীকার করিয়া চলিতে বাধ্য হইয়াছিল।

আলাউদ্দিন হুসেন

কিন্তু সুলতান মামুদের মৃত্যুর পর ঘুরবংশ স্বাধীন হইয়া উঠে। ১১৬০ খ্রীষ্টাব্দে আলাউদ্দিন হুসেন গজনীর রাজ্য আক্রমণ করিয়া উহার

---

* 'Usually written Ghor but Ghur is correct'. Vide *Cambridge History of India*: Vol. III, p. 16, fn.

দালান, প্রাসাদ প্রভৃতি ভস্মীভূত করিয়াছিলেন। সেই সময় হইতে গজনীরাজ্য ঘুরবংশের প্রাধান্যাধীন হইয়া পড়ে।

গিয়াসউদ্দিন ঘুরী

ঘুরবংশের পরবর্তী আমীর ছিলেন গিয়াসউদ্দিন ঘুরী। তিনি নিজ ভ্রাতা মোহম্মদ ঘুরীকে কাবুল ও গজনীর শাসনকর্তা নিযুক্ত করেন। মোহম্মদ ঘুরীর নাম হইল মুইজউদ্দিন মোহম্মদ-বিন্-সাম।

মোহম্মদ ঘুরী

মোহম্মদ ঘুরী ভ্রাতা গিয়াসউদ্দিন ঘুরীর সম্পূর্ণ অনুগত থাকিয়া ভারত বিজয়ে অগ্রসর হইলেন। তিনি ছিলেন ক্ষমতাবান শাসক ও সামরিক নেতা। ভারত বিজয় ছিল তাঁহার জীবনের প্রধান উদ্দেশ্য। ১১৭৫ খ্রীষ্টাব্দে মুলতান আক্রমণ করিয়া তিনি তথাকার আরব শাসনের অবসান ঘটাইলেন। এই অভিযানের সাফল্যলাভে উৎসাহিত হইয়া পর বৎসর তিনি উচ্ দুর্গটি অধিকার করিলেন। ইহার পর গুজরাট আক্রমণ করিয়া গুজরাটের চৌলুক্য-বংশীয় হিন্দু রাজা দ্বিতীয় ভীমের হস্তে শোচনীয়ভাবে পরাজিত হন। এই পরাজয়েও মোহম্মদ ঘুরী দমিলেন না। পর বৎসর তিনি পুনরায় ভারত অভিযানে অগ্রসর হইয়া পেশোয়ার জয় করিলেন। ইহার পর জম্মুর হিন্দুরাজ বিজয়দেবের সহিত মিত্রতা স্থাপন করিয়া তাঁহার সাহায্য লইয়া লাহোর অধিকার করিলে ভারতে সুলতান মামুদ কর্তৃক বিজিত স্থানের শেষ চিহ্নটুকু লোপ পাইল।

তাঁহার ভারত অভিযান

পৃথ্বীরাজ

মোহম্মদ ঘুরীর অধিকার ক্রমেই বিস্তারলাভ করিতেছে দেখিয়া রাজপুত জাতি তাঁহার অগ্রগতি রোধ করিতে অগ্রসর হইল। ১১৯০ খ্রীষ্টাব্দে চৌহান্‌রাজ পৃথ্বীরাজের রাজ্যাংশ ভাতিন্দা জয় করিলে পৃথ্বীরাজ ভাতিন্দা উদ্ধারের এবং মোহম্মদ ঘুরীর অগ্রগতি রোধ করিবার জন্য এক বিশাল বাহিনী প্রস্তুত করিলেন। কিন্তু মোহম্মদ ঘুরী এই সংবাদ পাইয়া এক বিশাল মুসলমান বাহিনী লইয়া পৃথ্বীরাজের সহিত যুদ্ধের জন্য অগ্রসর হইলেন। এই সঙ্কট মুহূর্তে উত্তর-ভারতের হিন্দুরাজগণ পরস্পর বিবাদ ভুলিয়া ঐক্যবদ্ধভাবে মোহম্মদ ঘুরীকে বাধাদানে প্রস্তুত হইলেন। কথিত আছে, পৃথ্বীরাজ কনৌজের রাজা জয়চাঁদের অমতে তাঁহার কন্যা সংযুক্তাকে বিবাহ করিয়াছিলেন, এইজন্য জয়চাঁদ এই জাতীয় দুর্দিনেও নির্লিপ্ত রহিলেন। তরাইনের প্রান্তরে উভয় পক্ষে তুমুল যুদ্ধ হইল। মোহম্মদ ঘুরী শোচনীয়ভাবে পরাজিত হইয়া ভারতবর্ষ ত্যাগ করিলেন। পৃথ্বীরাজ তথা ভারতীয় নৃপতিদের কেহই পলায়মান মোহম্মদ ঘুরীর পশ্চাদ্ধাবন করিয়া তাঁহাকে চরমভাবে আঘাত করিবার প্রয়োজন উপলব্ধি করিলেন না। ফলে পর বৎসরই মোহম্মদ ঘুরী শক্তি সঞ্চয় করিয়া পুনরায় তরাইনের প্রান্তরে আসিয়া উপস্থিত হইলেন। তরাইনের দ্বিতীয় যুদ্ধে পৃথ্বীরাজ এক বিশাল বাহিনীসহ ঘুরীর সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। কিন্তু এইবার বীরত্ব সহকারে যুদ্ধ করা সত্ত্বেও ঘুরীর সামরিক কৌশলের ফলে হিন্দুরাজগণ সম্পূর্ণভাবে পরাজিত হইলেন। পৃথ্বীরাজ

তরাইনের প্রথম যুদ্ধ (১১৯১ খ্রীঃ)

তরাইনের দ্বিতীয় যুদ্ধ (১১৯২ খ্রীঃ)

হিন্দুরাজগণের পরাজয়

ধৃত ও নিহত হইলেন। মোহম্মদ ঘুরী নব-বিজিত রাজ্যগুলি কুতবউদ্দিন নামে তাঁহারই জনৈক ক্রীতদাসের উপর অর্পণ করিয়া স্বদেশে চলিয়া গেলেন।

মোহম্মদ ঘুরীর কৃতিত্ব

ভারতে মুসলমান প্রভুত্ব স্থায়ীভাবে স্থাপনের ব্যাপারে মোহম্মদ ঘুরীর দান নেহাত কম নহে। তিনি ছিলেন যেমন একজন দুর্ধর্ষ ও নির্ভীক সেনাপতি তেমনি প্রতিভাবান সংগঠক। তরাইনের প্রথম যুদ্ধে পরাজয়ের পর দ্বিতীয়বার তরাইনের প্রান্তরে উপস্থিত হইয়া তিনি জয়লাভে সমর্থ হইয়াছিলেন। তিনিই ছিলেন ভারতের মুসলমান অধিকারের ভিত্তিনির্মাতা।

কুতবউদ্দিন

মোহম্মদ ঘুরীর ভারতে অধিকৃত রাজ্যের শাসনভার গ্রহণ করিয়া কুতবউদ্দিন তাঁহার জনৈক সহকর্মী ইখ্‌তিয়ার-উদ্দিন-বিন-বখ্‌তিয়ার খল্‌জীকে বিহার ও বাংলাদেশ জয় করিতে প্রেরণ করিলেন। তিনি স্বয়ং দিল্লী, অন্‌হিলবার, গোয়ালিওর, কনৌজ প্রভৃতি জয় করিলেন। ইখ্‌তিয়ার-উদ্দিন বিহার ও বাংলাদেশ আক্রমণ করিয়া সেনবংশীয় বৃদ্ধ রাজা লক্ষ্মণ সেনকে নিজ রাজধানী নদীয়া ত্যাগ করিয়া পূর্ববঙ্গে আশ্রয় গ্রহণে বাধ্য করিয়াছিলেন। এইভাবে বিহারে ও বাংলায় মুসলমান অধিকার বিস্তৃত হইয়াছিল। পূর্ববঙ্গে সেনবংশীয় রাজগণ অবশ্য আরও কিছুকাল মুসলমান আক্রমণ প্রতিহত করিয়া স্বাধীনভাবে রাজত্ব করিতে সমর্থ হইয়াছিলেন।

ইখ্‌তিয়ার-উদ্দিন-বিন-বখ্‌তিয়ার কর্তৃক বিহার ও বাংলাদেশ জয়

চতুর্দশ অধ্যায়

দিল্লী সুলতানির পত্তন : কুতবউদ্দিন : ইল্‌তুৎমিস

(Establishment of the Delhi Sultanate : Qutb-ud-din : Iltutmish)

দাস সুলতানবংশ (The so-called Slave Dynasty): তরাইনের দ্বিতীয় যুদ্ধে জয়লাভ করিয়া মোহম্মদ ঘুরী দিল্লীতে মুসলমান শাসন স্থায়ীভাবে প্রতিষ্ঠা করেন। ভারত অভিযানের পর তিনি যখন স্বদেশে ফিরিয়া যান তখন তাঁহার একজন বিশ্বস্ত অনুচরের উপর ভারতে বিজিত রাজ্যের শাসনভার দিয়া গিয়াছিলেন। এই বিশ্বস্ত অনুচরটির নাম ছিল কুতবউদ্দিন অইবক। কুতবউদ্দিন ছিলেন মোহম্মদ ঘুরীর ক্রীতদাস। কিন্তু তিনি নিজ প্রতিভাবলে মোহম্মদ ঘুরীর দক্ষিণহস্তস্বরূপ হইয়া উঠিয়াছিলেন। কুতবউদ্দিন নিজে যেমন ক্রীতদাস ছিলেন সেইরূপ পরবর্তী কয়েকজন সুলতানও ছিলেন ক্রীতদাস। এই কারণে দিল্লী সুলতানির প্রথমদিকের সুলতানবংশ 'দাসবংশ' নামে পরিচিত। প্রকৃতপক্ষে 'দাস' কথাটি বলা যুক্তিযুক্ত নহে, কারণ প্রথম জীবনে ক্রীতদাস হইলেও এই সকল সুলতান পরে উচ্চপদে নিযুক্ত হইয়াছিলেন এবং অনেকেই সুলতানের

'দাসবংশ' নামের অযৌক্তিকতা

কন্যা বিবাহ করিয়াছিলেন। উচ্চ রাজকর্মচারী পদে নিযুক্ত হওয়া বা স্থলতানের কন্যা বিবাহ করিবার ফলে স্বভাবতই তাঁহাদের দাসত্বের অবসান ঘটিয়াছিল। যাহা হউক, ইতিহাসে তাঁহারা 'দাসবংশ' নামেই পরিচিত।*

কুতবউদ্দিন অইবক, ১২০৬-১০ খ্রীঃ (Qutb-ud-din Aibak): প্রথম জীবনে কুতবউদ্দিন ছিলেন একজন ক্রীতদাস। পারস্যের নিশাপুর নামক স্থানের একজন কাজী তাঁহাকে বাল্যকালে ক্রীতদাস হিসাবে ক্রয় করিয়াছিলেন। কিন্তু তাঁহার প্রতিভা ও তীক্ষ্ণবুদ্ধির পরিচয় পাইয়া সেই কাজী তাঁহাকে নানা বিদ্যা শিক্ষা দেন এবং যুদ্ধবিদ্যায় পারদর্শী করিয়া তোলেন। কাজীর মৃত্যুর পর কিছুকাল অবশ্য কুতবউদ্দিনকে দুঃখকষ্টে কাটাইতে হইয়াছিল। কিন্তু মোহম্মদ ঘুরী তাঁহাকে ক্রীতদাস হিসাবে ক্রয় করিয়া আনিলে তাঁহার ভাগ্য ফিরিয়া যায়। মোহম্মদ ঘুরী কুতবউদ্দিনের কার্যদক্ষতা ও সততার পরিচয় পাইয়া তাঁহাকে নিজের পার্শ্ববর্তী অনুচরে পরিণত করেন। ক্রমে কুতবউদ্দিন মোহম্মদ ঘুরীর দক্ষিণহস্তস্বরূপ হইয়া উঠেন। ভারতবর্ষ ত্যাগ করিয়া যাইবার কালে মোহম্মদ ঘুরী কুতবউদ্দিনকে ভারতে তাঁহার বিজিত রাজ্যের শাসনকর্তা নিযুক্ত করিয়া যান (১১৯২ খ্রীঃ)।

প্রথম জীবন

মোহম্মদ ঘুরী ছিলেন অপুত্রক। তাঁহার মৃত্যুর পর কুতবউদ্দিন 'স্থলতান' উপাধি ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন এবং স্বাধীনভাবে শাসনকার্য পরিচালনা করিতে লাগিলেন। তিনিই ছিলেন দিল্লীর প্রথম স্থলতান। মোহম্মদ ঘুরীর ক্রীতদাসগণের মধ্যে অপর দুইজন প্রতিভাবান ব্যক্তি ছিলেন উচ্ ও মুলতানের শাসনকর্তা নাসিরউদ্দিন কুবাচা এবং কির্‌মান প্রদেশের শাসনকর্তা তাজউদ্দিন ইল্‌দিজ্। কুতবউদ্দিন দিল্লীর স্থলতান হইয়া বসিলে তাজউদ্দিন ও নাসিরউদ্দিন স্বভাবতই ঈর্ষান্বিত হইয়া উঠিলেন। তাজউদ্দিন গজনীরাজ্যটিও অধিকার করিয়া লইলেন। কুতবউদ্দিন অল্পকালের জন্য গজনীরাজ্যটি দখল করিতে সমর্থ হইয়াছিলেন বটে, কিন্তু পরে এই রাজ্য তাঁহার হস্তচ্যুত হইয়া গিয়াছিল। তাঁহার রাজ্য দিল্লী, পাঞ্জাব, বাংলাদেশের একাংশ, কালিঞ্জর ও গুজরাট পর্যন্ত বিস্তৃত ছিল। কুতবউদ্দিন স্বাধীন স্থলতান হিসাবে মাত্র চারি বৎসর রাজত্ব করিয়াছিলেন। ১২১০ খ্রীষ্টাব্দে 'চৌগান' বা 'পোলো' (Polo) খেলিবার সময় ঘোড়া হইতে পড়িয়া তাঁহার মৃত্যু ঘটিয়াছিল।

রাজ্যবিস্তার

ঐতিহাসিক মিন্‌হাজ-উস্-সিরাজ ও হাসান-উন্-নিজামীর রচনা হইতে কুতবউদ্দিনের চরিত্র সম্পর্কে জানা যায়। তিনি ছিলেন ন্যায়পরায়ণ বিচারক ও স্থদক্ষ শাসক। কুতবউদ্দিন যেমন ছিলেন সমরকুশল তেমনি ছিলেন উদার ও দানশীল।

* "Slave Dynasty—This description of Qutb-ud-din's dynasty is inaccurate. ... It is also incorrect to describe the dynasty as the 'Pathan' or 'Afghan' dynasty, because all these rulers were neither 'Pathans' nor 'Afghans' but Turks." *An Advanced History of India*, p. 279, fn. (1960 Reprint).

প্রজাবর্গের সুখ-স্বাচ্ছন্দ্যের এবং দেশের শান্তি ও নিরাপত্তার প্রতি তাঁহার সর্বদা সতর্ক দৃষ্টি ছিল। তাঁহার দানশীলতার জন্য তাঁহাকে সকলে 'লাখবক্স' (অর্থাৎ যিনি লক্ষ লক্ষ মুদ্রা দান করেন) উপাধি দিয়াছিল। তাঁহার পৃষ্ঠপোষকতায় তদানীন্তন ভারতে ইস্‌লাম ধর্মমত যথেষ্ট প্রসারলাভ করিয়াছিল। তাঁহার আদেশে দিল্লী ও আজমীরে দুইটি মসজিদ স্থাপিত হইয়াছিল। ইহা হইতে ধর্মের প্রতি তাঁহার গভীর অনুরাগের পরিচয় পাওয়া যায়।*

চরিত্র

আরাম শাহ্, ১২১০-১১ খ্রীঃ (Aram Shah): কুতবউদ্দিনের মৃত্যুর পর তাঁহার পোষ্যপুত্র আরাম শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। আরাম শাহ্ নামে ও কাজে একই রূপ ছিলেন। তিনি ছিলেন যেমন অকর্মণ্য তেমনি আরামপ্রিয়। শাসনকার্যে তাঁহার অক্ষমতার পরিচয় পাইয়া দিল্লীর আমীর-ওমরাহ্‌গণ কুতবউদ্দিনের জামাতা ইল্‌তুৎমিস্‌কে দিল্লীর সিংহাসনে আরোহণ করিবার জন্য আমন্ত্রণ জানান। ইল্‌তুৎমিস্ তখন বদাউন প্রদেশের শাসনকর্তা ছিলেন। ইল্‌তুৎমিস্ আমীর-ওমরাহ্‌দের আমন্ত্রণে দিল্লী আসিলে আরাম শাহ্ তাঁহাকে বাধা দিতে অগ্রসর হইলেন। কিন্তু দিল্লীর সন্নিকটে 'যূদ' নামক প্রান্তরে ইল্‌তুৎমিস্ তাঁহাকে পরাজিত করিয়া দিল্লীর সিংহাসন অধিকার করিলেন।

তাঁহার অকর্মণ্যতা—আমীর-ওমরাহ্‌গণ কর্তৃক ইল্‌তুৎমিস্‌কে আহ্বান

ইল্‌তুৎমিস্, ১২১১-৩৬ খ্রীঃ (Iltutmish): ইল্‌তুৎমিস্‌ও কুতবউদ্দিনের মত প্রথম জীবনে একজন তুর্কী ক্রীতদাস ছিলেন। ইল্‌তুৎমিস্ দেখিতে খুব সুন্দর ছিলেন। তিনি ছিলেন ইল্‌বেরী তুর্কীবংশ-সম্ভূত। তুর্কী অভিজাত পরিবারে তিনি জন্মগ্রহণ করিয়াছিলেন। কিন্তু তাঁহার দেহসৌষ্ঠব, সৌন্দর্য ও চরিত্রের গুণাবলী তাঁহার ভ্রাতাদের ঈর্ষার কারণ হইয়া দাঁড়াইয়াছিল। তাঁহারা চক্রান্ত করিয়া তাঁহাকে পৈতৃক সম্পত্তিচ্যুত করিয়া ক্রীতদাস হিসাবে বিক্রয় করিয়া দিয়াছিলেন। প্রথমে এক বণিক তাঁহাকে ক্রীতদাস হিসাবে ক্রয় করিয়া গজনীতে লইয়া আসে। সেখান হইতে পরে তাঁহাকে দিল্লী আনা হয়। কুতবউদ্দিন তাঁহার সুন্দর চেহারা দেখিয়া তাঁহাকে ক্রয় করেন এবং নিজ কন্যার সহিত বিবাহ দিয়া তাঁহাকে বদাউন প্রদেশের শাসনকর্তা নিযুক্ত করেন।

প্রথম জীবন

আরাম শাহের রাজত্বকালে যে অরাজকতা ও অকর্মণ্যতা দেখা দিয়াছিল সেই সময়ে দিল্লীর আমীর-ওমরাহ্‌গণ ইল্‌তুৎমিস্‌কে দিল্লীর সিংহাসনে আরোহণ করিবার জন্য আমন্ত্রণ জানাইয়া দেশের ও দশের উপকারই করিয়াছিলেন। কারণ, সেই সময়ে দিল্লী সুলতানি প্রায় টলমল করিতেছিল। ইল্‌তুৎমিসের ন্যায় দূরদর্শী ও ক্ষমতাবান সুলতান সিংহাসনে না বসিলে দিল্লী সুলতানির ভাগ্য কি হইত বলা কঠিন।

দিল্লীর সিংহাসন লাভ

* Vide *An Advanced History of India*, p. 282.

সিংহাসনে আরোহণ করিয়াই ইল্‌তুৎমিস্‌কে কতকগুলি দারুণ জটিল সমস্যার সমাধান করিতে হইল। নাসিরউদ্দিন কুবাচা সিন্ধুদেশে স্বাধীনতা ঘোষণা করিয়া স্বাধীনভাবেই রাজত্ব শুরু করিয়াছেন এবং পাঞ্জাব অধিকার করিতে সচেষ্ট হইয়াছেন। বাংলাদেশ তখন খল্‌জী আমীর আলীমর্দানের অধীনে স্বাধীন হইয়া উঠিয়াছে। আলীমর্দান 'সুলতান আলাউদ্দিন' উপাধি ধারণ করিয়া বাংলাদেশে স্বাধীনভাবে রাজত্ব চালাইতেছিলেন। গজনীতে তাজউদ্দিন ইল্‌দিজ্ স্বাধীন হইয়া গিয়াছিলেন এবং দিল্লীর সিংহাসন দখল করিবার জন্য চেষ্টা করিতেছিলেন। গোয়ালিওর ও রণথম্ভোরের রাজগণ আরাম শাহের দুর্বলতার সুযোগ লইয়া নিজ নিজ স্বাধীনতা পুনরুদ্ধার করিয়া লইয়াছিলেন। তদুপরি দিল্লীর আমীর-ওমরাহ্‌দের একদল ইল্‌তুৎমিসের বিরোধিতা শুরু করিয়াছিলেন। ইল্‌তুৎমিস্ একে একে এই সকল চক্রান্ত ও বিদ্রোহ কঠোর হস্তে দমন করিলেন। তিনি তাজউদ্দিন ইল্‌দিজ্‌কে যুদ্ধে পরাজিত ও বন্দী করিয়া বদাউনে প্রেরণ করিলেন। নাসিরউদ্দিন কুবাচাও শেষ পর্যন্ত ইল্‌তুৎমিসের বশ্যতা স্বীকার করিতে বাধ্য হইলেন। কিন্তু সিন্ধুনদ অতিক্রমকালে তিনি (নাসিরউদ্দিন কুবাচা) আকস্মিকভাবে জলে ডুবিয়া প্রাণ হারান।

নাসিরউদ্দিন কুবাচা ও তাজউদ্দিন ইল্‌দিজ্‌কে দমন

আমীর-ওমরাহ্‌দের দমন

এদিকে মোঙ্গল নেতা চিঙ্গিজ খাঁ তাঁহার দুর্ধর্ষ সেনাবাহিনী লইয়া পশ্চিম-এশিয়ার খোরারজম্ বা খারিজম্ রাজ্য আক্রমণ করেন। সেখানকার শাহ্ জালালউদ্দিন তাঁহার রাজধানী খিবা হইতে পলাইয়া আসিয়া পাঞ্জাবে উপস্থিত হন। চিঙ্গিজ খাঁও তাঁহার পশ্চাদ্ধাবন করিয়া সিন্ধু-উপত্যকায় উপস্থিত হন। এইরূপ সঙ্কটে পড়িয়া জালালউদ্দিন ইল্‌তুৎমিসের আশ্রয় ভিক্ষা করিলে সুচতুর ইল্‌তুৎমিস্ দেখিলেন যে, তিনি জালাল-উদ্দিনকে আশ্রয় দান করিলে অযথা মোঙ্গল নেতা চিঙ্গিজ খাঁর সহিত যুদ্ধে লিপ্ত হইতে হইবে। তাই তিনি জালালউদ্দিনকে আশ্রয়দানে অস্বীকৃত হইলেন। বাধ্য হইয়া জালালউদ্দিন ভারতবর্ষ ত্যাগ করিয়া গেলে মোঙ্গল নেতা চিঙ্গিজ খাঁও চলিয়া গেলেন।

প্রথম মোঙ্গল আক্রমণ


তারপর তিনি পূর্ব-ভারতের দিকে রাজ্যবিস্তারে মনোনিবেশ করিলেন! বাংলাদেশে তখন খল্‌জী মালিকগণ স্বাধীনভাবে রাজত্ব করিতেছিলেন। ইল্‌তুৎমিস্ তাঁহাদিগকে দমন করিবার জন্য এক সেনাবাহিনী প্রেরণ করিলেন। যুদ্ধে খল্‌জী মালিকগণ পরাজিত হইলে বাংলাদেশ ইল্‌তুৎমিসের অধিকারে আসিল। তিনি তাঁহার জ্যেষ্ঠপুত্র নাসিরউদ্দিন মামুদকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করিলেন। ইল্‌তুৎমিস্ রণথম্ভোরও পুনরুদ্ধার করিলেন। ইহা ভিন্ন, মন্দোর নামে হিমালয়ের এক পার্বত্য অঞ্চলও তাঁহার অধিকারভুক্ত হইল।

বাংলাদেশ দখল

ইল্‌তুৎমিসের রাজত্বকালে বাগদাদে আব্বাসবংশের খলিফাগণ রাজত্ব করিতে-ছিলেন। হজরত মহম্মদের মৃত্যুর পর যে-সকল মুসলমান নেতা আরবদেশের সিংহাসনে বসিয়াছিলেন তাঁহারা নিজেদের 'খলিফা'—অর্থাৎ মহম্মদের প্রতিনিধি

বলিয়া পরিচয় দিতেন। মহম্মদের প্রতিনিধি হিসাবে মুসলমানমাত্রেই বাগদাদের খলিফাকে মুসলমান জগতের সর্বোচ্চ শাসক বলিয়া মনে করিতেন এবং সকল মুসলমান স্থলতান-বাদশাহ্-ই মহম্মদের প্রতিনিধি খলিফার আনুগত্য স্বীকার করিয়া চলিতেন। অবশ্য এই আনুগত্য স্বীকার করা নিছক মৌখিক ব্যাপারেই সীমাবদ্ধ ছিল। যাহা হউক, ইল্‌তুৎমিস্‌ও নিজেকে খলিফার অনুগত শাসক প্রতিপন্ন করিবার উদ্দেশ্যে খলিফার নিকট আবেদন করিলেন। খলিফা খুশি মনে ইল্‌তুৎমিস্‌কে 'স্থলতান-ই-আজ্‌ম'—অর্থাৎ প্রধান স্থলতান উপাধিতে ভূষিত করিলেন। ইল্‌তুৎমিস্ খলিফার নামাঙ্কিত মুদ্রার প্রচলন করিয়া নিজেকে ন্যায় ও ধর্মসম্মত মুসলমান শাসক বলিয়া প্রতিপন্ন করিলেন।

বাগদাদের খলিফার নিকট হইতে 'স্থলতান-ই-আজ্‌ম' উপাধি লাভ



কুতবমিনার

ইতিমধ্যে বাংলার শাসনকর্তা ইল্‌তুৎমিসের জ্যেষ্ঠপুত্র নাসিরউদ্দিন মামুদ শাহের মৃত্যু (১২২৯ খ্রীঃ) হইলে খল্‌জী বংশের মালিকগণ বিদ্রোহ ঘোষণা করিলেন। ইল্‌তুৎমিস্‌ এক সামরিক অভিযান প্রেরণ করিয়া বাংলাদেশ পুনরধিকার করেন এবং আলাউদ্দিন জানিকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করেন (১২৩১ খ্রীঃ)। ১২৩২ খ্রীষ্টাব্দে ইল্‌তুৎমিস্‌ গোয়ালিওর পুনর্দখল করিতে সমর্থ হন। এই রাজ্যটি আরাম শাহের দুর্বলতার সুযোগ লইয়া স্বাধীনতা ঘোষণা করিয়াছিল। ইহার পর তিনি মালবের ভিল্‌সা ও উজ্জয়িনী জয় করেন। এইভাবে দিল্লী সুলতানিকে দৃঢ় ভিত্তিতে স্থাপন করিয়া ইল্‌তুৎমিস্‌ ১২৩৬ খ্রীষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হন।

বাংলাদেশ ও গোয়ালিওর পুনরুদ্ধার

ভিল্‌সা ও উজ্জয়িনী দখল

কুতবউদ্দিন দিল্লী সুলতানির ভিত্তি স্থাপন করিয়া গিয়াছিলেন বটে, কিন্তু উহাকে দৃঢ় করিয়াছিলেন ইল্‌তুৎমিস্‌। আরাম শাহের অকর্মণ্যতায় দিল্লী সুলতানি যখন পতনোন্মুখ হইয়া উঠিয়াছিল তখন উহাকে রক্ষা করিয়াছিলেন ইল্‌তুৎমিস্‌। তিনি একাধারে বীর যোদ্ধা ও দূরদর্শী শাসক ছিলেন। তাঁহার সমর-কুশলতা, শাসনক্ষমতা, জ্ঞানী ও গুণীর প্রতি শ্রদ্ধা তাঁহাকে দিল্লীর শ্রেষ্ঠ সুলতানদের মধ্যে আসন দান করিয়াছে। তিনি সাহিত্য ও শিল্পের উদার পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহার পৃষ্ঠপোষকতায় দিল্লীর বিখ্যাত কুতবমিনার নির্মিত হইয়াছিল। মুসলমান ধর্মজ্ঞানী কুতবউদ্দিনের কবরের উপর এই মিনারটি তিনি নির্মাণ করাইয়া দিয়াছিলেন।

চরিত্র ও কৃতিত্ব

সুলতানা রাজিয়া, ১২৩৬-৪০ খ্রীঃ

(Sultana Raziyya) : ইল্‌তুৎমিসের মৃত্যুর পূর্বেই তাঁহার প্রথম পুত্রের মৃত্যু হইয়াছিল। তাঁহার অপরাপর পুত্র ছিলেন যেমন অলস তেমনি অকর্মণ্য। এইজন্য ইল্‌তুৎমিস্‌ মৃত্যুর পূর্বেই তাঁহার সুযোগ্যা কন্যা রাজিয়াকে নিজ উত্তরাধিকারিণী বলিয়া ঘোষণা করেন। রাজিয়া ছিলেন অত্যন্ত বিদুষী ও বুদ্ধিমতী রমণী। কিন্তু তিনি সিংহাসনে আরোহণ করিলে রাজ্যের প্রধান আমীর, মালিক ও ওমরাহ্‌গণ তাঁহার বিরোধিতা শুরু করিলেন। তাঁহারা কোন স্ত্রীলোককে সিংহাসনে বসাইবার পক্ষপাতী ছিলেন না। রাজিয়া সুলতানা হইলে তাঁহারা স্বভাবতই অপমান বোধ করিলেন। তাঁহারা ইল্‌তুৎমিসের শেষ নির্দেশ অমান্য করিয়া তাঁহার মধ্যম পুত্র রুক্‌নউদ্দিনকে দিল্লীর সিংহাসনে বসাইলেন। রুক্‌নউদ্দিন ছিলেন যেমন

চরিত্র

রুক্‌নউদ্দিনের শাসন



সুলতানা রাজিয়া

বিলাসী তেমনি উচ্ছৃঙ্খল ও অকর্মণ্য। ফলে আমীর-ওমরাহ্‌দের ভুল ভাঙ্গিল। তাঁহারা পুনরায় রাজিয়াকে সিংহাসনে স্থাপন করিলেন (১২৩৬ খ্রীঃ)। রাজিয়া ছিলেন এক অসাধারণ প্রতিভাসম্পন্না নারী। তিনি পুরুষের পোশাকে দরবারে আসিতেন এবং দক্ষতার সহিত শাসনকার্যের সবকিছু সম্পন্ন করিতেন। সামরিক প্রতিভাও তাঁহার নেহাত কম ছিল না। তাঁহার কর্মদক্ষতা ও অসাধারণ কৃতিত্বের পরিচয় পাইয়া আমীর-ওমরাহ্‌দের একদল তাঁহার প্রতি হিংসাপরায়ণ হইয়া উঠিলেন। তাঁহারা গোপনে রাজিয়ার বিরুদ্ধে চক্রান্ত শুরু করিলেন। সরহিন্দের শাসনকর্তা ইক্তিয়ারউদ্দিন আল্‌তুনিয়া রাজিয়ার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিলেন। আল্‌তুনিয়াকে দমন করিতে গিয়া রাজিয়া পরাজিত ও বন্দী হইলেন। এদিকে আমীর-ওমরাহ্‌গণ তাঁহার অন্য এক ভ্রাতা মুইজউদ্দিন বাহ্‌রামকে দিল্লীর সিংহাসনে বসাইলেন।

রাজিয়াকে সিংহাসনে পুনরায় স্থাপন

আল্‌তুনিয়ার বিদ্রোহ

মুইজউদ্দিনের শাসন

রাজিয়া এদিকে আল্‌তুনিয়াকে বিবাহ করিয়া আল্‌তুনিয়ার সাহায্যে দিল্লীর সিংহাসন পুনরুদ্ধার করিতে অগ্রসর হইলেন। কিন্তু মুইজউদ্দিনের হস্তে উভয়েই পরাজিত ও নিহত হইলেন।

রাজিয়ার পরাজয় ও মৃত্যু

রাজিয়া বুদ্ধিমতী বিদুষী রমণী ছিলেন। বিদ্যা ও বিদ্বানের প্রতি তাঁহার যথেষ্ট শ্রদ্ধা ছিল। তাঁহার সামরিক প্রতিভা ও শাসনক্ষমতা ছিল প্রশংসনীয়। কিন্তু দিল্লীর আমীর-ওমরাহ্‌গণ নিছক কুসংস্কারবশত তাঁহার অধীনতা স্বীকার করিতে রাজী না হওয়ায় তাঁহার শাসন দক্ষতার সুফল ভোগ করা সম্ভব হয় নাই।

রাজিয়ার বিফলতার কারণ

রাজিয়ার পরাজয় ও মৃত্যুতে দিল্লীর সুলতানি শাসনে বিশৃঙ্খলা দেখা দিল। রাজ্যের সর্বত্র চক্রান্ত, হত্যাকাণ্ড প্রভৃতি শুরু হইল। মুইজউদ্দিন বাহ্‌রামের পর রুকনউদ্দিনের পুত্র আলাউদ্দিন মাসুদ শাহ্‌ দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। মাসুদ শাহের রাজত্বের শেষদিকে রাজ্যের সর্বত্র অব্যবস্থা দেখা দিলে আমীর-ওমরাহ্‌গণ তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া দিল্লী সুলতান ইল্‌তুৎমিসের কনিষ্ঠ পুত্র নাসিরউদ্দিন মামুদকে দিল্লীর সিংহাসনে বসাইলেন (১২৪৬ খ্রীঃ)। নাসিরউদ্দিন ছিলেন উদার, ন্যায়পরায়ণ ও ধর্মভীরু সুলতান। কিন্তু শাসনকার্যে তাঁহার কোন যোগ্যতা ছিল না। এইজন্য তিনি তাঁহার মন্ত্রী উলুঘ্‌ খাঁর উপর রাজ্যের শাসনভার ছাড়িয়া দিয়াছিলেন। উলুঘ্‌ খাঁ ছিলেন সম্পর্কে নাসিরউদ্দিনের শ্বশুর। তিনি ছিলেন একজন ক্ষমতাবান শাসক। তাঁহার মন্ত্রিত্বকালে রাজ্যের শাসন-শৃঙ্খলা ও নিরাপত্তা বৃদ্ধি পাইয়াছিল। নাসিরউদ্দিন অপুত্রক অবস্থায় মারা গেলে উলুঘ্‌ খাঁ গিয়াসউদ্দিন বলবন নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।

আলাউদ্দিন মাসুদ শাহ্‌

নাসিরউদ্দিন মামুদ

উলুঘ্‌ খাঁ

গিয়াসউদ্দিন বলবন, ১২৬৬-৮৭ খ্রীঃ (Ghiyas-ud-din Balban): গিয়াসউদ্দিন বলবন ছিলেন জাতিতে তুর্কী। প্রথম জীবনে তিনি মোঙ্গলদের হস্তে বন্দী হন। মোঙ্গলগণ তাঁহাকে বাগদাদে লইয়া গিয়া সেখানে খাজা জামালউদ্দিনের নিকট বিক্রয় করে। খাজা জামালউদ্দিনের নিকট হইতে ইল্‌তুৎমিস্‌ তাঁহাকে ক্রয় করেন। বলবন ছিলেন ইল্‌তুৎমিসের চল্লিশজন প্রধান ক্রীতদাসের অন্যতম। এই সকল ক্রীতদাস 'বন্দেগান-ই-চাহেলাগান'—অর্থাৎ 'চল্লিশ-জন ক্রীতদাস' (The Forty) নামে পরিচিত ছিলেন। গিয়াসউদ্দিন বলবন বিভিন্ন দিল্লী সুলতানের অধীনে চাকরি করিয়া শেষ পর্যন্ত নাসিরউদ্দিনের মন্ত্রী নিযুক্ত হন। ইহার পূর্বেই ১২৭৫ খ্রীষ্টাব্দে মোঙ্গল নেতা মঙ্গু সিন্ধু অঞ্চল আক্রমণ করিলে গিয়াসউদ্দিন বলবন তাঁহাকে পরাজিত করিয়া তাড়াইয়া দিয়াছিলেন। নাসির-উদ্দিনের মন্ত্রী হিসাবেই বলবন তাঁহার প্রতিভার পরিচয় দিবার পূর্ণ সুযোগ পাইয়াছিলেন। তিনি বুঝিতে পারিয়াছিলেন যে, আমীর-ওমরাহ্‌—অর্থাৎ অভিজাতশ্রেণীকে সম্পূর্ণভাবে দমন করিতে না পারিলে এবং মোঙ্গল আক্রমণ হইতে দেশকে রক্ষা করিতে না পারিলে দেশের শাসন ও শৃঙ্খলা বজায় রাখা কঠিন হইবে। এইজন্য প্রথমেই তিনি একটি সুদক্ষ সামরিক বাহিনীর প্রয়োজন উপলব্ধি করিলেন। তিনি পুরাতন সেনাবাহিনীকে নূতন করিয়া গঠন করিলেন। ইহা ভিন্ন, পদাতিক ও অশ্বারোহীদের ভালভাবে শিখাইয়া তুলিয়া সেনাবাহিনীর দক্ষতা বহুগুণে বাড়াইলেন। দেশের কোন্‌ অঞ্চলে কি ঘটিতেছে সেই সংবাদ সংগ্রহের জন্য বলবন বহু সংখ্যক গুপ্তচর নিযুক্ত করিলেন। গুপ্তচরগণ যে-সকল সংবাদ সংগ্রহ করিয়া আনিত সেগুলির সত্যতা সম্পর্কে নিঃসন্দেহ হইতে পারিলেই বলবন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করিতেন। গুপ্তচরগণের সংগৃহীত সংবাদ মিথ্যা প্রমাণিত হইলে গুপ্তচরদিগকে চরম শাস্তিভোগ করিতে হইত।

প্রথম জীবন

মোঙ্গল আক্রমণ রোধ



গিয়াসউদ্দিন বলবন

সেনাবাহিনীর সংগঠন

গুপ্তচর নিয়োগ

'বন্দেগান-ই-চাহেলাগান' (The Forty)-এর যাঁহারা গোপন ষড়যন্ত্রে লিপ্ত হইতে সচেষ্ট হইয়াছিলেন এবং যে-সকল তুর্কী অভিজাত আমীরগণ শাসনকার্যের কোনপ্রকার বাধার সৃষ্টি করিয়াছিলেন তাঁহাদিগকে বলবন কঠোর শাস্তিদান করিতে দ্বিধাবোধ করিলেন না। ইহা ভিন্ন, তিনি তাঁহাদের জায়গির বাজেয়াপ্ত করিয়া, কয়েকজনকে গোপনে হত্যা করাইয়া দেশে শৃঙ্খলা ফিরাইয়া আনিলেন। অভিজাতশ্রেণী ও আমীর-ওমরাহ্‌দের কার্যকলাপ সম্পর্কে অবহিত থাকিবার জন্য বলবন গুপ্তচরদের সাহায্য গ্রহণ করিতেন।

তুর্কী আমীর-ওমরাহ্‌দের দমন

মেওয়াটী দস্যুদের আক্রমণে দিল্লীর পার্শ্ববর্তী স্থান অবধি বিপদসঙ্কুল হইয়া উঠিয়াছিল। বলবন তাঁহার সুগঠিত সেনাবাহিনীর সাহায্যে মেওয়াটী দস্যুদের দমন করিলেন। ইহা ভিন্ন, তিনি যূদ অঞ্চলের উপজাতিদের দমন করিলেন। মোঙ্গল আক্রমণ হইতে দেশ রক্ষার জন্য তিনি শের খাঁ নামে তাঁহার এক আত্মীয়কে মোঙ্গল আক্রমণ প্রতিরোধ করিবার দায়িত্ব দান করিলেন। শের খাঁ ছিলেন সুনাম, লাহোর ও দীপালপুরের এক অতিশয় সুদক্ষ জায়গিরদার। শের খাঁ মোঙ্গল আক্রমণ সাফল্যের সহিত রোধ করিয়াছিলেন। ইহা ভিন্ন জাঠ, খোখ্‌র প্রভৃতি জাতিকে তিনি পরাজিত করিয়া নিজ অধীনে আনিতে সমর্থ হইয়াছিলেন। কিন্তু তাঁহার সাফল্য ও কর্মদক্ষতায় বলবন ক্রমেই ঈর্ষান্বিত হইয়া উঠিলেন। এমনকি তিনি বিষপ্রয়োগে শের খাঁকে হত্যা করাইতেও দ্বিধাবোধ করিলেন না। তারপর তিনি নিজের দুই পুত্র মোহম্মদ খাঁ ও বুগ্‌রা খাঁকে সামান ও সুনাম নামক স্থানে মোঙ্গল আক্রমণ প্রতিরোধের জন্য সসৈন্যে স্থাপন করেন। এই সকল ব্যবস্থার ফলে ১২৭৯ খ্রীষ্টাব্দে মোঙ্গলগণ যখন ভারত আক্রমণ করিল তখন তাহারা শোচনীয়ভাবে পরাজিত হইয়া ভারতবর্ষ ত্যাগ করিতে বাধ্য হইয়াছিল।

মেওয়াটী দস্যু দমন

মোঙ্গল আক্রমণ প্রতিরোধের ব্যবস্থা

১২৭৯ খ্রীষ্টাব্দে মোঙ্গল আক্রমণ প্রতিহত

মোঙ্গল আক্রমণের সুযোগ লইয়া বাংলাদেশের শাসনকর্তা তুঘ্‌রিল খাঁ স্বাধীনতা ঘোষণা করিলেন। বলবন তাঁহার বিরুদ্ধে পর পর দুইটি অভিযান প্রেরণ করিলেন। দুইটি অভিযানই ব্যর্থ হইলে তিনি নিজেই সসৈন্যে তুঘ্‌রিল খাঁর বিরুদ্ধে অগ্রসর হইলেন। তুঘ্‌রিল খাঁ প্রথমে রাজ্য ছাড়িয়া পলাইয়া গেলেন কিন্তু পরে ধরা পড়িয়া প্রাণদণ্ডে দণ্ডিত হইলেন। বলবন তাঁহার দ্বিতীয় পুত্র বুগ্‌রা খাঁকে বাংলাদেশের শাসনকর্তা নিযুক্ত করিলেন। কিন্তু সঙ্গে সঙ্গেই মোঙ্গলগণ পাঞ্জাব আক্রমণ করিল। মোহম্মদ খাঁ মোঙ্গলদের বাধা দিতে গিয়া প্রাণ হারাইলে এই আঘাত বলবন সহ্য করিতে পারিলেন না। অল্পকালের মধ্যেই তিনিও মৃত্যুমুখে পতিত হইলেন (১২৮৭ খ্রীঃ)।

বাংলাদেশে তুঘ্‌রিল খাঁর বিদ্রোহ

বলবনের মৃত্যু (১২৮৭ খ্রীঃ)

***বলবনের কৃতিত্ব* (Estimate of Balban) :** গিয়াসউদ্দিন বলবন ছিলেন যেমন সুদক্ষ শাসক তেমনি বীর যোদ্ধা। তাঁহার সামরিক সংগঠনক্ষমতা ছিল অসাধারণ। দেশের আভ্যন্তরীণ ক্ষেত্রে বিশৃঙ্খলা দূর করিবার উদ্দেশ্যে তিনি অভিজাতশ্রেণীকে দমন করিয়া দূরদর্শিতার পরিচয় দিয়াছিলেন। ইহা ভিন্ন, তিনিই সর্বপ্রথম মোঙ্গল আক্রমণ হইতে দেশরক্ষার যে ব্যবস্থা করিয়াছিলেন তাহাই তাঁহার কৃতিত্বের মধ্যে সর্বপ্রধান উল্লেখযোগ্য বিষয় সন্দেহ নাই। ইহা ভিন্ন, উপজাতি দলের বিদ্রোহ, মেওয়াটী দস্যুদের দমন প্রভৃতি কার্যের দ্বারাও তিনি আভ্যন্তরীণ শৃঙ্খলা আনিয়াছিলেন।

তাঁহার প্রতিভা

মঙ্গোল আক্রমণ রোধ

শাসনকার্য পরিচালনা ব্যাপারে তিনিই ছিলেন সর্বেসর্বা। কিন্তু তিনি ন্যায়পরায়ণ কর্তব্যনিষ্ঠ শাসক ছিলেন। ক্ষমতার অপব্যবহার তিনি কখনও করিতেন না। শের খাঁকে বিষপ্রয়োগে হত্যা করাইয়া অবশ্য তিনি নিজ চরিত্রে কতকটা মসি লেপন করিয়াছিলেন। কিন্তু এই দৃষ্টান্ত বাদ দিলে তাঁহার ন্যায়পরায়ণতা, দূরদর্শিতা ও কর্তব্যজ্ঞানের প্রশংসা না করিয়া উপায় নাই। বিচার বিষয়ে তিনি উচ্চ-নীচ ভেদাভেদ করিতেন না। তিনি গুপ্তচর নিয়োগ করিয়া রাজ্যের কোন স্থানে বিদ্রোহ, ষড়যন্ত্র অথবা কোন অন্যায় অত্যাচার চলিতেছে কি না সে-বিষয়ে সংবাদ সংগ্রহের ব্যবস্থা করিয়াছিলেন। বলবনের সামরিক সংগঠনের অনুকরণেই পরবর্তী খল্‌জী আমলের সামরিক পুনর্গঠন সাধিত হইয়াছিল। দিল্লী সুলতানিকে সুদৃঢ় ও সুদক্ষ করিয়া তুলিতে বলবনের দান অপরিসীম। আভ্যন্তরীণ শৃঙ্খলা স্থাপন, বহিরাগত আক্রমণ হইতে দেশরক্ষা করিয়া, এবং শাসনকার্যে দক্ষতা প্রভৃতি আনিয়া দিয়া বলবন দিল্লী সুলতানিকে স্থায়িত্ব দান করিয়াছিলেন। জ্ঞানী-গুণীর সমাদরও তিনি করিতেন। কবি আমীর খস্রু তাঁহার আনুকূল্য লাভ করিয়াছিলেন। মধ্য-এশিয়ার বহু পলাতক রাজাকে আশ্রয় দিয়া বলবন নিজ উদারতার পরিচয় দান করিয়াছিলেন। তাঁহার কার্যকলাপ দিল্লী সুলতানির মর্যাদা ও প্রতিপত্তি দুই-ই বৃদ্ধি করিয়াছিল। বলবনের মৃত্যুর পর দাসবংশের সুলতানি বেশী দিন স্থায়ী হয় নাই। কিন্তু তিনি দিল্লী সুলতানির যে ভিত্তি রচনা করিয়াছিলেন তাহা আরও বহুকাল অটুট ছিল।

শাসন দক্ষতা

ন্যায়পরায়ণতা ও সুবিচার

সামরিক সংগঠন

দিল্লী সুলতানিকে সুদৃঢ়করণ

পঞ্চদশ অধ্যায়

খল্‌জী ও তুঘ্‌লক বংশ

(The Khaljis and the Tughluqs)

দাসবংশের পতন (Fall of the Slave Dynasty) : বলবন ছিলেন প্রতিপত্তিশালী শাসক। তাঁহার রাজত্বকালে আমীর-ওমরাহ্‌গণ দেশের শান্তি-শৃঙ্খলা বিনষ্ট করিতে সাহস পাইতেন না। কিন্তু তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গে তাঁহারা নিজ নিজ স্বার্থসিদ্ধির জন্য দিল্লী সুলতানি নিজেদের প্রভাবাধীন করিতে চাহিলেন। বলবন তাঁহার পৌত্র কাইখস্রুকে সিংহাসনের উত্তরাধিকারী মনোনীত করিয়া গিয়াছিলেন। আমীর-ওমরাহ্‌গণ বলবনের শেষ নির্দেশ অমান্য করিয়া নিজেদের ইচ্ছামত বলবনেরই অন্য এক পৌত্র কাইকোবাদকে দিল্লীর সিংহাসনে স্থাপন করিলেন। সুলতানপদের দায়িত্ব পালনের ক্ষমতা কাইকোবাদের ছিল না। সিংহাসনে

আরোহণ করিয়াই তিনি বিলাস-ব্যসনে গা ঢালিয়া দিলেন। মালিক নিজামউদ্দিন ছিলেন তাঁহার দক্ষিণহস্তস্বরূপ। সুলতানের অযোগ্যতার সুযোগ তিনি গ্রহণ করিতে ছাড়িলেন না। এমনকি দিল্লীর সিংহাসনও দখল করিবার আকাঙ্ক্ষা তিনি পোষণ করিতে লাগিলেন। তিনি কৌশলে বলবনের মনোনীত উত্তরাধিকারী পৌত্র কাইখস্রুকে হত্যা করাইলেন। এই হত্যাকাণ্ডের ফলে দিল্লীতে এক দারুণ অব্যবস্থার সৃষ্টি হইল। সেই সুযোগে অকর্মণ্য সুলতান কাইকোবাদকে হত্যা করাইয়া খল্‌জীবংশের জালালউদ্দিন ফিরুজ খল্‌জী দিল্লীর সিংহাসন অধিকার করিয়া লইলেন (১২৯০ খ্রীঃ)।

কাইকোবাদ (১২৮৭-৯০ খ্রীঃ)

জালালউদ্দিন ফিরুজ খল্‌জী, ১২৯০-৯৬ খ্রীঃ (Jalal-ud-din Firuz Khalji) : জালালউদ্দিন যখন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন তখন তাঁহার বৃদ্ধ বয়স। কাইকোবাদকে হত্যা করাইয়া তিনি সিংহাসনলাভ করিয়াছিলেন সত্য, কিন্তু তিনি ছিলেন ক্ষমাশীল ও স্নেহপরায়ণ। তিনি নিজ ভ্রাতুষ্পুত্র আলাউদ্দিন খল্‌জীর সহিত নিজ কন্যার বিবাহ দিয়াছিলেন। আলাউদ্দিনের প্রতি তিনি স্নেহে একেবারে অন্ধ ছিলেন। ব্যক্তিগত চরিত্রের দিক দিয়া তাঁহার স্নেহশীলতা সমর্থনযোগ্য হইলেও রাজনৈতিক দিক দিয়া উহা ক্ষতির কারণ হইয়া দাঁড়াইয়াছিল। তাঁহার রাজত্বকালে মোঙ্গলগণ তাহাদের নেতা হলাকু বা হুলাগুর অধীনে ভারত আক্রমণ করিয়াছিল। তিনি তাহাদিগকে পরাজিত করেন এবং বিনা বাধায় নিজ দেশে ফিরিয়া যাইতে অনুমতি দান করেন। ইহা ভিন্ন, একদল মোঙ্গল দিল্লীর একেবারে নিকটে স্থায়ীভাবে বসবাস করিবার অনুমতি চাহিলে তিনি সেই অনুমতি দিয়াছিলেন। এই সকল মোঙ্গল অবশ্য ইস্‌লাম ধর্ম গ্রহণ করিয়াছিল। ইস্‌লাম ধর্ম গ্রহণের পর তাহাদের নাম হইয়াছিল 'নব-মুসলমান'। কিন্তু এই উদারতা পরবর্তীকালে অসুবিধার সৃষ্টি করিয়াছিল।

জালালউদ্দিনের চরিত্র

মোঙ্গল আক্রমণ : 'নব-মুসলমান'

জালালউদ্দিন আলাউদ্দিনের সহিত নিজ কন্যার বিবাহ দিয়া তাঁহাকে কারা প্রদেশের শাসনকর্তা নিযুক্ত করিয়াছিলেন। আলাউদ্দিন জালালউদ্দিনের অনুমতি লইয়া ১২৯২ খ্রীষ্টাব্দে মালব জয় করেন এবং ভিল্‌সা দুর্গটি লুণ্ঠন করেন। এইজন্য জালালউদ্দিন তাঁহাকে অযোধ্যার শাসনকর্তার পদও দান করিলেন। কিন্তু আলাউদ্দিন কারা ও অযোধ্যার শাসনকর্তার পদ পাইয়া সন্তুষ্ট হইবার পাত্র ছিলেন না। তিনি দিল্লীর সিংহাসন কিভাবে দখল করা যায় সেই চেষ্টা শুরু করিলেন। এইজন্য প্রথমেই কিছু ধন-দৌলত সঞ্চয় করা প্রয়োজন মনে করিয়া তিনি জালালউদ্দিনের বিনা অনুমতিতে দেবগিরি আক্রমণ করিলেন। দেবগিরির যাদববংশীয় রাজা রামচন্দ্রদেবের অতুল ঐশ্বর্যের কথা তাঁহার অজানা ছিল না। যুদ্ধে রামচন্দ্রদেবের পরাজয় ঘটিল। তিনি প্রচুর পরিমাণ ধনরত্ন আলাউদ্দিনকে উপঢৌকন দিয়া সন্ধি করিলেন। আলাউদ্দিনের দেবগিরি অভিযানের ফলে কেবল দাক্ষিণাত্যের এক

আলাউদ্দিনের মালব জয়

দেবগিরি আক্রমণ

বিশাল পরিমাণ স্বর্ণ-রৌপ্য লুণ্ঠিত হইয়াছিল এমন নহে, এই অভিযান বিন্ধ্য পর্বতের দক্ষিণ দিকে মুসলমান অধিকারের পথও প্রশস্ত করিয়াছিল। ইহাই হইল আলাউদ্দিনের দেবগিরি অভিযানের ঐতিহাসিক গুরুত্ব।*

দেবগিরি হইতে লুণ্ঠিত ধনরত্ন লইয়া আলাউদ্দিন নিজ কর্মস্থলে ফিরিয়া গেলেন। এই সকল ধনরত্ন তিনি দিল্লীর রাজকোষে জমা দিলেন না। তাঁহার এই আচরণ আমীর-ওমরাহ্‌দের অনেকেরই মনে সন্দেহের উদ্রেক করিল। বিশ্বস্ত আমীর আহম্মদ চাপ এ-বিষয়ে সুলতানকে সতর্ক হইতে উপদেশ দিলেন। কিন্তু স্নেহান্ধ পিতৃব্য ও শ্বশুর জালালউদ্দিন ইহা দূষণীয় মনে করিলেন না। উপরন্তু, ভ্রাতুষ্পুত্রের সাফল্যে প্রীত হইয়া তাঁহাকে অভিনন্দিত করিবার উদ্দেশ্যে তিনি কারা রওয়ানা হইলেন। আমীর-ওমরাহ্‌দের কেহ কেহ জালালউদ্দিনকে কারা যাইতে নিষেধ করিয়াছিলেন কিন্তু জালালউদ্দিন তাঁহাদের সতর্কবাণী না শুনিয়া কারায় উপস্থিত হইলে আলাউদ্দিন তাঁহাকে হত্যা করাইলেন। এইভাবে স্নেহশীল পিতৃব্য ও শ্বশুরকে হত্যা করাইয়া আলাউদ্দিন নিজেকে দিল্লীর সুলতান বলিয়া ঘোষণা করিলেন (১২৯৬ খ্রীঃ)।

জালালউদ্দিনকে হত্যা: আলাউদ্দিনের সিংহাসন অধিকার

জালালউদ্দিনের হত্যার সংবাদ পাইয়া দিল্লীর আমীর-ওমরাহ্‌গণ জালালউদ্দিনের পুত্রকে সিংহাসনে বসাইতে চাহিলে সুচতুর আলাউদ্দিন তাঁহাদিগকে প্রচুর অর্থ দিয়া স্ববশে আনিলেন। ইহা ভিন্ন, জালালউদ্দিনের উত্তরাধিকারীদের সকলকে নৃশংসভাবে হত্যা করাইয়া তিনি পথের কাঁটা দূর করিলেন এবং জালালউদ্দিন খল্‌জীর অনুগত আমীর আহম্মদ চাপ ও অপরাপর অনেকের চক্ষু উৎপাটন করাইয়া তাঁহাদিগকে কারাগারে নিক্ষেপ করিলেন।

আলাউদ্দিনের নৃশংসতা

***আলাউদ্দিন খল্‌জী, ১২৯৬-১৩১৬ খ্রীঃ* (Ala-ud-din Khalji):** সিংহাসন আরোহণের পূর্বে আলাউদ্দিনের মালব জয়, দেবগিরি লুণ্ঠন প্রভৃতির কথা পূর্বেই আলোচনা করা হইয়াছে। ১২৯৬ খ্রীষ্টাব্দে স্নেহান্ধ পিতৃব্য ও শ্বশুর জালালউদ্দিনকে নৃশংসভাবে হত্যা করাইয়া আলাউদ্দিন দিল্লীর সিংহাসনে উপবিষ্ট হইলেন। তারপর অন্যায়ভাবে লব্ধ সিংহাসনাধিকার দৃঢ় করিবার জন্য আলাউদ্দিন সবেমাত্র শিশু, নারী, বৃদ্ধ অনেকেরই প্রাণনাশ করাইয়া এবং ওমরাহ্‌দের উৎকোচ দ্বারা বশীভূত করিয়া একটু স্বস্তির নিশ্বাস ফেলিয়াছেন, এমন সময় মোঙ্গলগণ ভারত আক্রমণ করিল। মোঙ্গল আক্রমণ ভিন্ন তুর্কী অভিজাতবর্গের ঔদ্ধত্য, গুজরাট, রাজপুতানা, মালব প্রভৃতি রাজ্যের রাজগণের বিরোধিতা প্রভৃতি নানা সমস্যার তিনি সম্মুখীন হইলেন। আলাউদ্দিনের বিশ্বস্ত বীর কর্মচারী জাফর খাঁর তৎপরতায় মোঙ্গলগণ পরাজিত হইয়া ভারত ত্যাগ করিতে বাধ্য হইল। এইভাবে তাহারা আলাউদ্দিনের রাজত্বের প্রথম কয়েক

আলাউদ্দিনের সমস্যা

মোঙ্গল আক্রমণ

* Vide *An Advanced History of India* (1960 Reprint), p. 298.

বৎসরে মোট পাঁচবার হানা দিয়াছিল। কিন্তু প্রতিবারই তাহারা পরাজিত হইয়াছিল। এই অভিজ্ঞতা হইতে মোঙ্গলগণ স্পষ্টই বুঝিতে পারিয়াছিল যে, আলাউদ্দিনের আমলে তাহাদের ভারত আক্রমণ সফল হইবে না। এই কারণেই তাহারা আলাউদ্দিনের রাজত্বকালে আর ভারত আক্রমণ করিতে অগ্রসর হয় নাই। আলাউদ্দিন কেবল মোঙ্গল আক্রমণ প্রতিহত করিয়াই ক্ষান্ত ছিলেন না; মোঙ্গলগণ যাহাতে কোন সময়েই ভারত আক্রমণ করিতে না পারে সেইজন্য তিনি উপযুক্ত ব্যবস্থাও অবলম্বন করিয়াছিলেন। তিনি উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে কয়েকটি দুর্গ নির্মাণ করাইয়া এবং সেখানকার পুরাতন দুর্গগুলির সংস্কার করাইয়া মোঙ্গল আক্রমণ প্রতিরোধের উপযুক্ত ব্যবস্থা করিয়াছিলেন। ইহা ভিন্ন, সামান ও দীপালপুর নামক দুইটি স্থানে তিনি স্থায়ী সেনাবাহিনী মোতায়েন রাখিয়াছিলেন। আলাউদ্দিন খল্‌জীর রাজত্বকালের উল্লেখযোগ্য কার্যগুলির মধ্যে মোঙ্গল প্রতিরোধকল্পে তাঁহার কার্যকলাপের গুরুত্ব সর্বাধিক, বলা বাহুল্য।

আলাউদ্দিনের মোঙ্গল-নীতি

উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে দুর্গ স্থাপন



আলাউদ্দিন খল্‌জী

মোঙ্গলদের মধ্যে যাহারা 'নব-মুসলমান' হইয়া দিল্লীর উপকণ্ঠে বসবাস করিতেছিল তাহারা সরকারী উচ্চপদে নিযুক্ত হইবার আকাঙ্ক্ষা পোষণ করিত। আলাউদ্দিনের সেনাবাহিনীতে কিছু সংখ্যক নব-মুসলমানও চাকরি করিত। সরকারী উচ্চপদলাভে ব্যর্থ হইয়া তাহারা একবার বিদ্রোহী হইয়া উঠিলে আলাউদ্দিন তাহাদিগকে চাকরি হইতে বিতাড়িত করেন। এই সকল কারণে তাহাদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পাইলে তাহারা বিদ্রোহ ঘোষণা করে। আলাউদ্দিন তাহাদিগকে দমন করিবার জন্য একদিনে প্রায় ত্রিশ হাজার নব-মুসলমানকে হত্যা করেন। ফলে নব-মুসলমানদের হইতে যে ভয়ের কারণ ছিল তাহা দূরীভূত হয়।


নব-মুসলমানদের নৃশংসভাবে হত্যা

সামরিক অভিযান (Military Expeditions): সিংহাসন আরোহণের সঙ্গে সঙ্গে মোঙ্গলদের বিরুদ্ধে সাফল্যলাভের ফলে আলাউদ্দিনের আকাঙ্ক্ষা অতিমাত্রায় বৃদ্ধি পাইয়াছিল। তিনি গ্রীকবীর আলেকজাণ্ডারের ন্যায় দিগ্বিজয়ী হইতে ইচ্ছা পোষণ করিতে লাগিলেন। ইহা ভিন্ন, তিনি একটি নূতন ধর্ম প্রবর্তনেরও পরিকল্পনা প্রস্তুত করিলেন। কিন্তু কাজী আলা-উল্‌-মুল্‌কের উপদেশে তিনি শেষ পর্যন্ত এই সকল অবাস্তব পরিকল্পনা

অবাস্তব পরিকল্পনা

ত্যাগ করিয়াছিলেন। যাহা হউক, তিনি নিজেকে 'দ্বিতীয় সিকন্দর'—অর্থাৎ 'দ্বিতীয় আলেকজাণ্ডার' বলিয়া অভিহিত করিতেন।*

বিশ্বজয়ী বীর হইবার পরিকল্পনা ত্যাগ করিলেও তিনি ভারতের উপর নিজ প্রাধান্য বিস্তারে মনোযোগী হইলেন। প্রথমে তিনি গুজরাটের বিরুদ্ধে অভিযান প্রেরণ করেন। গুজরাটের বাঘেলাবংশের রাজা দ্বিতীয় কর্ণদেব পরাজিত হইয়া পলাইয়া



* Vide *An Advanced History of India* (1960 Reprint), p. 300.

গেলে তাঁহার রাণী কমলাদেবীকে আলাউদ্দিনের সেনাবাহিনী বন্দিনী করিয়া দিল্লী লইয়া আসে। আলাউদ্দিন কমলাদেবীকে বিবাহ করিয়া তাঁহার প্রধানা মহিষীপদে স্থাপন করেন। কিছুকাল পর কমলাদেবীর পলাতকা কন্যা দেবলাদেবীকে ধরিয়া আনিয়া আলাউদ্দিন নিজ পুত্রের সহিত বিবাহ দেন।

গুজরাট জয়

গুজরাট জয় করিয়া আলাউদ্দিন রণথম্ভোর দখল করেন (১৩০১ খ্রীঃ)। তারপর মেবারের রাজধানী চিতোর আক্রমণ করেন। চিতোরের রাণা রতন সিংহ সিংহের ন্যায়ই বিক্রম সহকারে আলাউদ্দিনকে বাধাদান করেন। কিন্তু শেষ পর্যন্ত পরাজিত হন। চিতোর রক্ষা করিবার জন্য বহু রাজপুত বীর যুদ্ধ করিয়া প্রাণ দিতেও কুণ্ঠাবোধ করেন নাই। যুদ্ধে পরাজয় নিশ্চিত দেখিয়া সেই দিন রাজপুত রমণীগণ নিজ হস্তে চিতা জ্বালাইয়া তাহাতে ঝাঁপ দিয়াছিলেন। ইহা 'জৌহর ব্রত' নামে পরিচিত। তথাপি তাঁহারা প্রাণ থাকিতে শত্রুর হস্তে ধরা দেন নাই। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, রাণা রতন সিংহের রূপসী স্ত্রী পদ্মিনীকে লাভ করিবার উদ্দেশ্যে আলাউদ্দিন চিতোর আক্রমণ করিয়াছিলেন একথার সত্যতা সম্পর্কে ঐতিহাসিকগণ একমত নহেন।

রণথম্ভোর ও চিতোর জয়

চিতোর জয়ের পর আলাউদ্দিন ক্রমে মালব, পাণ্ডু, ধার ও চন্দেরী অধিকার করেন। ইতিমধ্যে দেবগিরির রাজা পূর্ব-প্রতিশ্রুতি ভঙ্গ করিয়া বাৎসরিক করদান বন্ধ করিলে আলাউদ্দিন তাঁহার বিরুদ্ধে অভিযান প্রেরণ করিলেন। সেনাপতি মালিক কাফুরের হস্তে পরাজিত হইয়া রামচন্দ্রদেব আলাউদ্দিনের প্রভুত্ব মানিয়া লইলেন। তারপর মালিক কাফুর বরঙ্গলের কাকতীয়বংশের রাজাকে পরাজিত করিয়া বরঙ্গল আলাউদ্দিনের প্রভুত্বাধীন করিলেন। এইভাবে দোরসমুদ্রের হোয়সলরাজ্য, মাদুরার পাণ্ড্য-রাজ্য আলাউদ্দিনের সাম্রাজ্যভুক্ত হইল। দাক্ষিণাত্যের এই সকল রাজ্য জয়ের সময় প্রচুর ধনরত্ন পাওয়া গিয়াছিল। একমাত্র মাদুরা হইতেই মালিক কাফুর ৯৬ হাজার মণ সোনারূপা, মণিমাণিক্য লইয়া আসিয়াছিলেন বলিয়া জানা যায়। পাণ্ড্যরাজ্য জয় করিয়া মালিক কাফুর আলাউদ্দিনের সাম্রাজ্য সেতুবন্ধ রামেশ্বরম্ পর্যন্ত বিস্তৃত করেন। সেখানে তিনি একটি মসজিদ স্থাপন করিয়াছিলেন। এইভাবে আলাউদ্দিন নিজ সমরকুশলতা ও মালিক কাফুরের অসাধারণ সামরিক প্রতিভার সাহায্যে এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তোলেন।

মালব, পাণ্ডু, ধার ও চন্দেরী জয়

বরঙ্গল, হোয়সলরাজ্য ও মাদুরা জয়

সেতুবন্ধ রামেশ্বরম্ পর্যন্ত রাজ্যসীমা বিস্তার

শাসনব্যবস্থা (Administration): আলাউদ্দিন বিশাল সাম্রাজ্য গঠন করিয়াই নিজ কর্তব্য শেষ করেন নাই। তিনি একটি সুসংগঠিত কেন্দ্রীয় শাসনব্যবস্থাও গড়িয়া তুলিয়াছিলেন। রাজ্যের বিভিন্ন স্থানে বিদ্রোহ এবং কেন্দ্রীয়

সরকারের দুর্বলতার কারণ খুঁজিতে গিয়া আলাউদ্দিন উপলব্ধি করিলেন যে, (১) আমীর-ওমরাহ্ ও রাজকর্মচারীদের কর্তব্য কার্যে অবহেলা, (২) মদ্যপান, (৩) পরস্পর যোগাযোগ এবং সেই সূত্রে বিদ্রোহ ও ষড়যন্ত্র করিবার সুযোগ এবং (৪) অর্থের প্রাচুর্য—এই চারিটিই হইল প্রধান কারণ। এইজন্য তিনি এই চারিটি কারণ দূর করিতে বদ্ধপরিকর হইলেন। তিনি রাজকর্মচারীদের কার্যের তদারকের ব্যবস্থা করিলেন এবং নিজেও সে-বিষয়ে সতর্ক দৃষ্টি রাখিতে লাগিলেন। তিনি পূর্বে মদ্যপান করিতেন। আমীর-ওমরাহ্গণকে মদ্যপান হইতে বিরত করিবার জন্য তিনি নিজেই প্রথমে মদ্যপান ত্যাগ করিলেন এবং পানপাত্রগুলি ভাঙ্গিয়া ফেলিলেন। আমীর-ওমরাহ্গণ বিনা অনুমতিতে কোনপ্রকার পরস্পর বিবাহ-সম্পর্ক স্থাপন অথবা সামাজিক উৎসব-অনুষ্ঠান করিতে পারিবেন না, এই আদেশও তিনি জারি করিলেন। দেশের সর্বত্র গুপ্তচর নিয়োগ করিয়া দেশের অবস্থা সম্পর্কে এবং কোন ষড়যন্ত্র প্রভৃতি করা হইতেছে কি না সে-বিষয়ে তিনি খবরাখবর লইতেন। আমীর-ওমরাহ্দের অর্থ ও বিত্ত হ্রাস করিবার উদ্দেশ্যে তিনি তাঁহাদের সম্পত্তি বাজেয়াপ্ত করেন। হিন্দুদের হাতে সেই সময়ে যথেষ্ট অর্থ ছিল। তাহাদিগকেও দুর্বিষহ করভারে তিনি জর্জরিত করেন। এইভাবে তাঁহার সাম্রাজ্যে কাহারও হাতে নিছক প্রয়োজনের অতিরিক্ত অর্থ যাহাতে না থাকে সেই ব্যবস্থা তিনি করিয়াছিলেন। আলাউদ্দিনের ধারণা ছিল যে, অত্যধিক অর্থ কাহারও হাতে সঞ্চিত হইলে তাহার বিদ্রোহ করিবার সামর্থ্য ও ইচ্ছা জাগে। এইজন্য তিনি কাহারও হাতে অধিক অর্থ সঞ্চিত হইতে দিতেন না।

শাসনব্যবস্থা সুদৃঢ়করণ

আমীর-ওমরাহ্দের উপর বিধি-নিষেধ আরোপ

আমীর-ওমরাহ্দের বিত্তহ্রাসের চেষ্টা

আলাউদ্দিন এক বিশাল সেনাবাহিনী গঠন করিয়াছিলেন। সুলতানের প্রকৃত ক্ষমতা তাঁহার নিজ সেনাবাহিনীর শক্তি ও সংখ্যার উপর নির্ভর করে একথা তিনি উপলব্ধি করিয়া নিজ সৈন্যসংখ্যা বাড়াইয়াছিলেন। অল্প বেতনে এই বিশাল সৈন্যসংখ্যার দৈনন্দিন খরচ সঙ্কুলান যাহাতে হইতে পারে সেইজন্য আলাউদ্দিন প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বাঁধিয়া দিয়াছিলেন। ইহাতে ব্যবসায়িগণ অধিক মুনাফা করিতে পারিত না, আর সৈন্যগণও অল্প বেতন পাইয়া স্বচ্ছন্দ জীবন যাপন করিতে পারিত। কিন্তু এইভাবে মূল্য নিয়ন্ত্রণ করিয়া দেওয়ার ফলে চাকরিজীবীদের খুবই সুবিধা হইয়াছিল বটে, কিন্তু যাহারা ফসল অথবা সামগ্রী উৎপাদন করিত তাহাদের দুর্দশার সীমা ছিল না। কারণ, আলাউদ্দিন যে মূল্য স্থির করিয়াছিলেন উহা তাহাদের উৎপাদন খরচ অপেক্ষা অনেক ক্ষেত্রেই কম ছিল।

সেনাবাহিনীর সংখ্যাবৃদ্ধি

অর্থ নৈতিক ব্যবস্থা : মূল্য নিয়ন্ত্রণ

কৃষক ও শ্রমশিল্পীদের দুর্দশা

আলাউদ্দিনের শাসননীতি সম্পর্কে একটি বিশেষ উল্লেখযোগ্য কথা হইল এই যে, তিনি মুসলমান কাজী বা উলেমাদের প্রভাবাধীন ছিলেন না। মুসলমান


ধর্মজ্ঞানীদের ধর্মান্ধ-নীতি তাঁহাকে প্রভাবিত করিতে পারে নাই। এ-বিষয়ে তিনি পূর্বেকার স্থলতানদের অপেক্ষা সম্পূর্ণ স্বাধীন মনোবৃত্তির পরিচয় দিয়াছিলেন। কিন্তু উলেমাদের প্রভাবাধীন না হইলেও আলাউদ্দিন হিন্দুদের নিকট হইতে 'জিজিয়া' কর এবং উৎপন্ন ফসলের অর্ধেক রাজস্ব হিসাবে আদায় করিতেন।

তাঁহার শাসননীতি

হিন্দুদের উপর 'জিজিয়া' ও অন্যান্য অন্যায্য কর স্থাপন

শিল্পের প্রতিও আলাউদ্দিনের যথেষ্ট অনুরাগ ছিল। দিল্লীর নিকটে তিনি 'সিরি' নামে একটি নূতন শহর প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইহা ভিন্ন, কুতব মসজিদের একটি অতি সুন্দর প্রবেশদ্বার তিনি নির্মাণ করাইয়া দিয়াছিলেন। ইহা 'আলাই দরওয়াজা' নামে পরিচিত। নিজামউদ্দিনের দরগায় তিনি 'জমা-অৎখানা' মসজিদটি নির্মাণ করাইয়াছিলেন।

তাঁহার শিল্পানুরাগ



আলাই দরওয়াজা

কবি ও পণ্ডিত ব্যক্তিদিগের প্রতিও আলাউদ্দিন যথেষ্ট শ্রদ্ধাবান ছিলেন। ঐতিহাসিক জিয়াউদ্দিন বরণী, কবি হোসেন দেহ্‌লবী প্রভৃতি তাঁহার পৃষ্ঠপোষকতা লাভ করিয়াছিলেন। কবি আমীর খসরু ছিলেন তাঁহার সভাকবি।

সাহিত্য ও সাহিত্যিকদের পৃষ্ঠপোষকতা

আলাউদ্দিনের চরিত্র ও কর্মদক্ষতা সম্পর্কে বিভিন্ন পরস্পর-বিরোধী মত রহিয়াছে। আফ্রিকা হইতে আগত পর্যটক ইব্‌ন্‌-বতুতা আলাউদ্দিনকে দিল্লীর সুলতানদের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া অভিহিত করিয়াছেন। পক্ষান্তরে, জিয়াউদ্দিন বরণী তাঁহাকে

নিষ্ঠুর ও রক্তপিপাসু বলিয়া নিন্দাবাদ করিয়াছেন। কিন্তু সামান্য অনুধাবন করিলেই এই উভয় মন্তব্যেরই যৌক্তিকতা বুঝিতে পারা যাইবে। আলাউদ্দিন ব্যক্তিগতভাবে নিষ্ঠুর ও উচ্ছৃঙ্খল ছিলেন। স্নেহশীল পিতৃব্যকে নৃশংসভাবে হত্যা করাইতে এবং বংশের বহু শিশু, নারী, বৃদ্ধকে হত্যা করাইয়া সিংহাসনাধিকার নিরঙ্কুশ করিতে তিনি দ্বিধাবোধ করেন নাই। এদিক দিয়া বিচার করিলে তাঁহাকে রক্তপিপাসু বলিলেও অত্যুক্তি হয় না। কিন্তু শাসনকার্য পরিচালনায় দক্ষতা, দেশে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখা, মোঙ্গল আক্রমণ হইতে দেশকে নিরাপদ রাখা, সামরিক শক্তিকে দৃঢ়তর করিয়া কেন্দ্রীয় শাসনের শক্তিবৃদ্ধি করা, প্রভৃতি কার্য সুলতান হিসাবে তাঁহার দক্ষতার পরিচায়ক সন্দেহ নাই। সুতরাং ইব্‌ন্-বতুতা ও জিয়াউদ্দিন বরণী উভয়ের মতই আংশিকভাবে সত্য।

চরিত্র ও কৃতিত্ব বিচার

শেষ বয়সে আলাউদ্দিন রোগাক্রান্ত হইলে তাঁহার কর্মক্ষমতা হ্রাস পায়। সেই সুযোগে মালিক কাফুর শাসনক্ষমতা হস্তগত করিয়া লন। অবশেষে ১৩১৬ খ্রীষ্টাব্দে আলাউদ্দিন মৃত্যুমুখে পতিত হন। অনেকে মনে করেন যে, মালিক কাফুরই তাঁহার প্রাণনাশ করিয়াছিলেন।

মৃত্যু (১৩১৬ খ্রীঃ)

***আলাউদ্দিনের পরবর্তী খল্জী সুলতানগণ* (Khalji Sultans after Ala-ud-din) :** আলাউদ্দিনের মৃত্যুর পর মালিক কাফুর তাঁহার চারি বৎসর বয়স্ক শিশুপুত্র শিহাবউদ্দিনকে দিল্লীর সিংহাসনে স্থাপন করিয়া নিজেই শাসনকার্য চালাইতে লাগিলেন। নিজের ক্ষমতা আরও সুদৃঢ় করিবার উদ্দেশ্যে মালিক কাফুর আলাউদ্দিনের অন্যান্য বংশধর অনেককেই হত্যা করাইলেন। ফলে তাঁহার বিরুদ্ধে এক দারুণ বিক্ষোভের সৃষ্টি হইল। আলাউদ্দিনের কয়েকজন বিশ্বস্ত ক্রীতদাস মালিক কাফুরকে হত্যা করিয়া তাঁহার ঔদ্ধত্যের অবসান ঘটাইল। তারপর তাহারা আলাউদ্দিনের তৃতীয় পুত্র মুবারক শাহ্‌কে দিল্লীর সিংহাসনে বসাইল। মুবারক শাহ্‌ ছিলেন যেমন বিলাসী তেমনি অকর্মণ্য। তাঁহার আমলে দেবগিরি ও গুজরাটে বিদ্রোহ দেখা দিল। কিন্তু মুবারক শাহ্‌ সেদিকে নজর না দিয়া আরাম ও বিলাস-ব্যসনে গা ঢালিয়া দিলেন। সেই সুযোগে তাঁহারই অনুচর খুসরভ্‌ বা খস্‌রু শাসনক্ষমতা হস্তগত করিয়া লইলেন। অবশেষে তিনি মুবারক শাহ্‌কে হত্যা করাইয়া নিজে দিল্লীর সিংহাসন দখল করিলেন। খস্‌রু সিংহাসনে আরোহণ করিয়াই উদ্ধত হইয়া উঠিলেন। তাঁহার ব্যভিচার ও উদ্ধত আচরণে আমীর-ওমরাহ্‌গণ বিরূপ হইয়া উঠিলেন। তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু হইল। পাঞ্জাবের শাসনকর্তা গাজী মালিককে এই ষড়যন্ত্রের নেতাগণ সসৈন্যে দিল্লী আসিবার জন্য আমন্ত্রণ জানাইলেন। গাজী মালিক খস্‌রুকে দিল্লীর নিকটে পরাজিত করিয়া বন্দী করিলেন। তারপর তাঁহাকে হত্যা করা হইল। আমীর-ওমরাহ্‌গণ গাজী মালিককেই দিল্লীর

শিহাবউদ্দিন

মুবারক শাহ্‌

খস্‌রু

গাজী মালিকের সিংহাসনলাভ

সিংহাসনে স্থাপন করিলেন। গাজী মালিক গিয়াসউদ্দিন তুঘ্‌লক নাম গ্রহণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন (১৩২০ খ্রীঃ)। এইভাবে দিল্লীর তুঘ্‌লক বংশের প্রতিষ্ঠা হইল।

তুঘ্‌লক বংশ : *গিয়াসউদ্দিন তুঘ্‌লক, ১৩২০-২৫ খ্রীঃ* (The Tughluqs : Ghiyas-ud-din Tughluq) : গিয়াসউদ্দিন যখন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন তখন তাঁহার বৃদ্ধ বয়স। কিন্তু বৃদ্ধ হইলেও শাসনকার্যের প্রয়োজনীয় দক্ষতা তাঁহার ছিল। তিনি কৃষির উন্নতির জন্য সেচব্যবস্থার উন্নয়ন করেন। উৎপন্ন ফসলের এক-দশমাংশ তিনি রাজকর হিসাবে গ্রহণ করিতেন। হিন্দুদের প্রতি আলাউদ্দিন-প্রবর্তিত কঠোর বিধি-নিষেধের কিছুটা তিনি হ্রাস করেন। রাজ্যে শান্তি-শৃঙ্খলা স্থাপন করিয়া এবং সুবিচারের ব্যবস্থা করিয়া তিনি প্রজাবর্গের কৃতজ্ঞতাভাজন হইয়াছিলেন।

কার্যকলাপ

গিয়াসউদ্দিনের শাসনকালে বাংলার শাসনকর্তা বুগ্‌রা খাঁর বংশধরগণের মধ্যে নানা প্রকার গোলযোগ চলিতেছিল। সুলতান গিয়াসউদ্দিন স্বয়ং বাংলাদেশে আসিয়া নাসিরউদ্দিনকে বাংলার সিংহাসনে স্থাপন করিয়া দিল্লী ফিরিয়া যান। দিল্লী প্রবেশকালে তাঁহার অভ্যর্থনার জন্য যে তোরণ প্রস্তুত করা হইয়াছিল উহা ভাঙ্গিয়া পড়িয়া গিয়াসউদ্দিনের মৃত্যু ঘটে। কেহ কেহ মনে করেন যে, গিয়াসউদ্দিনের জ্যেষ্ঠ পুত্র জুনা খাঁর নির্দেশ মতই তোরণটি তাঁহার উপর ভাঙ্গিয়া পড়িবার ব্যবস্থা করা হইয়াছিল। এই জুনা খাঁ-ই পরবর্তীকালে মহম্মদ-বিন্-তুঘ্‌লক নামে দিল্লীর সিংহাসনে বসিয়াছিলেন।

বাংলার বিশৃঙ্খলা দূরীকরণ

তাঁহার মৃত্যু

***মহম্মদ-বিন্-তুঘ্‌লক, ১৩২৫-৫১ খ্রীঃ* (Muhammad-bin-Tughluq) :** গিয়াসউদ্দিন তুঘ্‌লকের মৃত্যুর পর তাঁহার পুত্র জুনা খাঁ মহম্মদ-বিন্-তুঘ্‌লক নাম ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। মহম্মদ-বিন্-তুঘ্‌লকের ন্যায় বিচিত্র চরিত্রের অপর কোন সুলতান দিল্লীর সিংহাসনে আরোহণ করেন নাই। মহম্মদ-বিন্-তুঘ্‌লক ছিলেন নানা গুণের অধিকারী। তাঁহার চরিত্রে বহু পরস্পর-বিরোধী গুণের এক বিচিত্র সমাবেশ দেখিতে পাওয়া যায়। তিনি আরবী, ফারসী প্রভৃতি ভাষায় পারদর্শী ছিলেন। তিনি নিজে কবি, সুসাহিত্যিক ও নানা বিজ্ঞানশাস্ত্রে সুপণ্ডিত ছিলেন। তর্কশাস্ত্র, গণিত, চিকিৎসাশাস্ত্র, জ্যোতির্বিদ্যা সব কিছুতেই তিনি পাণ্ডিত্য অর্জন করিয়াছিলেন। তাঁহার হস্তাক্ষর ছিল অতি সুন্দর। এই সকল গুণ ভিন্ন দয়া-দাক্ষিণ্যের জন্য তিনি ছিলেন বিখ্যাত। তিনি ধার্মিক ছিলেন বটে, কিন্তু তিনি ধর্মান্ধ ছিলেন না। তিনি উলেমা, মুফ্‌তি প্রভৃতির নির্দেশ না মানিয়া নিজ বুদ্ধিবিবেচনা অনুযায়ী দেশের শাসনকার্য পরিচালনা করিতেন। সে-যুগের সুলতানগণের মধ্যে ব্যভিচার, মদ্যাশক্তি, বিলাস-ব্যসন

চরিত্র : পরস্পর-বিরোধী গুণের বিচিত্র সংমিশ্রণ

প্রভৃতি দেখা যাইত। কিন্তু মহম্মদ-বিন্-তুঘ্‌লক এই সকলের ঊর্ধ্বে ছিলেন। কিন্তু মস্তিষ্ক ও অন্তরের এই সকল গুণ থাকা সত্ত্বেও মহম্মদ-বিন্-তুঘ্‌লক ইতিহাসে নিজ বিফলতা ও অকৃতকার্যতার জন্যই কুখ্যাতি অর্জন করিয়াছেন। তিনি ছিলেন অব্যবস্থিতচিত্ত, কোপন-স্বভাব, নৃশংস ও অদূরদর্শী শাসক। কেহ কেহ তাঁহাকে 'উন্মাদ', 'রক্তপিপাসু' প্রভৃতি বলিয়া বর্ণনা করিয়াছেন। তাঁহার চরিত্রের প্রধান ত্রুটি ছিল তাঁহার ধৈর্যহীনতা ও বাস্তব বুদ্ধির অভাব। তিনি বড় বড় পরিকল্পনা প্রস্তুত করিতেন কিন্তু বাস্তব বুদ্ধির অভাব হেতু সেগুলিকে কার্যকর করিতে পারিতেন না।



মহম্মদ-বিন্-তুঘ্‌লক

বাস্তব বুদ্ধির অভাব হেতু বিফলতা

সিংহাসনে আরোহণ করিয়াই তিনি গঙ্গা ও যমুনার মধ্যবর্তী দোয়াব অঞ্চলের রাজস্ব বহুগুণ বাড়াইয়া দিলেন। সেই সময়ে দোয়াব অঞ্চলে ফসল না হওয়ায় কৃষকদের অবস্থা এমনি-ই খারাপ ছিল। অত্যধিক করভার স্থাপনের ফলে তাহাদের দুঃখ-দুর্দশার সীমা রহিল না। কিন্তু রাজকর্মচারিগণ জোর করিয়া কৃষকদের নিকট হইতে রাজস্ব আদায় করিতে লাগিল। কৃষকরা গ্রাম ছাড়িয়া বনেজঙ্গলে আশ্রয় লইল। সেখানেও তাহাদিগকে খুঁজিয়া বাহির করিয়া তাহাদের উপর অত্যাচার করা হইতে লাগিল। এইভাবে যখন এক বিশাল সংখ্যক লোক প্রাণে মারা গেল তখন মহম্মদ-বিন্-তুঘ্‌লক ব্যাপারটা বুঝিতে পারিয়া কৃষকদের অর্থসাহায্য করিলেন। কিন্তু সেই অর্থসাহায্য লইবার আগেই অনেকে প্রাণত্যাগ করিয়াছিল।

দোয়াব অঞ্চলের কৃষকদের উপর করভার বৃদ্ধি

তারপর মহম্মদ-বিন্-তুঘ্‌লক তাঁহার রাজধানী দিল্লী হইতে দেবগিরিতে স্থানান্তরিত করিতে চাহিলেন। দেবগিরির নাম দেওয়া হইল দৌলতাবাদ। সুলতানের হুকুমে দিল্লীর জনপ্রাণী সকলেই দৌলতাবাদ যাইতে বাধ্য হইল। পথের দুঃখ-কষ্ট অনেকে সহ্য করিতে না পারিয়া মারা গেল। আট বৎসর দৌলতাবাদে থাকিবার পর সেই স্থানটি মহম্মদ-বিন্-তুঘ্‌লকের ভাল লাগিল না। তিনি সকলকে আবার দিল্লী ফিরিয়া আসিবার আদেশ দিলেন। এবারও অনেকে প্রাণ হারাইল। দৌলতাবাদ স্থানটি ছিল তখনকার দিল্লীর সুলতানী সাম্রাজ্যের মধ্যবর্তী স্থলে অবস্থিত। মোঙ্গল আক্রমণ হইতে নিরাপত্তা ও সমগ্র সাম্রাজ্য শাসনের পক্ষে দৌলতাবাদে রাজধানী স্থাপন করা মোটেই অযৌক্তিক

দৌলতাবাদে রাজধানী স্থানান্তরিত

ছিল না। কিন্তু মহম্মদ-বিন্-তুঘ্লক দিল্লীর সকল লোককেই সেখানে যাইতে আদেশ দিয়া ভুল করিয়াছিলেন। সরকারী দপ্তরখানা ও রাজসভা স্থানান্তরিত করিলেই যে আপনা হইতেই ক্রমে দৌলতাবাদ জনবহুল হইয়া উঠিবে সেই কথা আগে মহম্মদ-বিন্-তুঘ্লক বুঝিতে পারেন নাই।

মহম্মদ-বিন্-তুঘ্লকের দিগ্বিজয়ের পরিকল্পনাও কার্যকরী হয় নাই। তিনি খোরাসান ও ইরাক জয় করিবার জন্য তিন লক্ষ সত্তর হাজার সৈন্য এক বৎসর পোষণ করেন। কিন্তু শেষ পর্যন্ত সেই পরিকল্পনা তাঁহাকে ত্যাগ করিতে হইয়াছিল।

খোরাসান ও ইরাক জয়ের পরিকল্পনা

এক্ষেত্রেও বলা প্রয়োজন যে, মহম্মদ-বিন্-তুঘ্লকের পরিকল্পনা অযৌক্তিক ছিল না। খোরাসান, ইরাক প্রভৃতি অঞ্চল তখন অত্যন্ত দুর্বল হইয়া পড়িয়াছিল। মিশরের সুলতান মহম্মদ-বিন্-তুঘ্লককে সাহায্য করিবেন বলিয়া আশ্বাস দিয়াছিলেন। কিন্তু এই সাহায্য না পাওয়ায় মহম্মদ-বিন্-তুঘ্লককে তাঁহার পরিকল্পনা ত্যাগ করিতে হইয়াছিল।

চীন ও ভারতের মধ্যবর্তী কারাজল বা কুর্মাচল জয় করিবার উদ্দেশ্যে মহম্মদ-বিন্-তুঘ্লক এক সেনাবাহিনী প্রেরণ করিয়াছিলেন। অনেকে এই অভিযানকে চীন জয়ের

কারাজল অভিযান

জন্য প্রেরিত অভিযান বলিয়া অভিহিত করিয়াছেন, কিন্তু জিয়াউদ্দিন বরণীর রচনায় একথা স্পষ্টভাবে উল্লিখিত আছে যে, মহম্মদ-বিন্-তুঘ্লক কারাজল জয়ের উদ্দেশ্যেই এই অভিযান প্রেরণ করিয়াছিলেন। তিনি হিমালয় অঞ্চলে একদল সৈন্যও পাঠাইয়াছিলেন। কিন্তু আকস্মিক বারিপাতে এবং কারাজল অঞ্চলে শীতের প্রকোপে অনেকেই মৃত্যুমুখে পতিত হইল। যাহারা ফিরিয়া আসিল, সুলতানের আদেশে তাহাদিগকেও হত্যা করা হইল। অবশ্য কারাজল অঞ্চলে অভিযান প্রেরণের ফলে সেখানকার পার্বত্য জাতি সুলতানী সাম্রাজ্যের সীমানায় হানা দেওয়া বন্ধ করিয়াছিল।

মহম্মদ-বিন্-তুঘ্লকের রাজত্বকালে (১৩২৭-২৮ খ্রীঃ) মোঙ্গল নেতা তর্মরিশ খাঁ ভারত আক্রমণ করেন এবং পাঞ্জাব অঞ্চল লুণ্ঠন করিয়া দিল্লীর উপকণ্ঠে আসিয়া উপস্থিত

মোঙ্গল আক্রমণ

হন। ফেরিস্তার বিবরণ হইতে জানা যায় যে, সুলতান মহম্মদ-বিন্-তুঘ্লক তর্মরিশ খাঁকে প্রভূত পরিমাণ ধনরত্ন উৎকোচ দান করিয়া নিরস্ত করিতে সমর্থ হইয়াছিলেন। সুলতান মহম্মদ-বিন্ তুঘ্লকের আমলে উত্তর-পশ্চিম সীমান্ত রক্ষার কাজে শিথিলতার ফলেই মোঙ্গলগণ ভারত আক্রমণের সুযোগ ও সাহস পাইয়াছিল, বলা বাহুল্য।

চীনদেশের কাগজের নোটের অনুকরণে মহম্মদ-বিন্-তুঘ্লক তামার নোট চালু করিয়াছিলেন। নোট চালু করিবার পরিকল্পনা সমর্থনযোগ্য ইহাতে সন্দেহ নাই।

তামার নোট প্রচলন

কিন্তু নোট যাহাতে জাল না হইতে পারে সে-বিষয়ে তিনি কোন সতর্কতা অবলম্বন করিলেন না। তামার জাল নোটে দেশ ছাইয়া গেল। বণিকরা এই নোট লইতে চাহিল না। শেষ পর্যন্ত সব তামার নোটের বদলে

সোনা ও রূপার মুদ্রা দিয়া মহম্মদ-বিন্‌-তুঘ্‌লক তাঁহার নোটের প্রচলন বন্ধ করিলেন। ফলে রাজকোষ কপর্দকশূন্য হইয়া পড়িল।

পরিকল্পনাগুলির ব্যর্থতার প্রধান কারণ: অব্যবস্থিতচিত্ততা ও ধৈর্যের অভাব

মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের পরিকল্পনাগুলি যে অযৌক্তিক ছিল না সেই কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। কিন্তু একই সঙ্গে নানাবিধ পরিকল্পনা কার্যকরী করিবার চেষ্টা এবং একটি পরিকল্পনা ব্যর্থ হইলে তাঁহার যে ধৈর্যচ্যুতি ঘটিত সেইজন্যই তাঁহাকে সম্পূর্ণ বিফল হইতে হইয়াছিল।

ফলাফল: সাম্রাজ্যের বিভিন্ন স্থানে বিদ্রোহ

মৃত্যু (১৩৫১ খ্রীঃ)

সুলতানের অব্যবস্থিতচিত্ততা ও তাঁহার পরিকল্পনার ব্যর্থতার ফলে তাঁহার শাসন যেমন দুর্বল হইতে লাগিল, সাম্রাজ্যের বিভিন্ন অংশে বিদ্রোহের সংখ্যাও ক্রমেই বাড়িয়া চলিল। দক্ষিণ-ভারত তাঁহার সাম্রাজ্য হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িল। সেখানে বিজয়নগর ও বহ্‌মনী রাজ্য দুইটি গড়িয়া উঠিল। বাংলাদেশে ফক্‌রউদ্দিন মোবারক শাহ্‌ স্বাধীনতা ঘোষণা করিলেন। সিন্ধু অঞ্চলেও বিদ্রোহ দেখা দিল। সিন্ধুর বিদ্রোহ দমন করিতে গিয়া তট্টা নামক স্থানে মহম্মদ-বিন্‌-তুঘ্‌লক জ্বর রোগে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হন (১৩৫১ খ্রীঃ)।

তাঁহার চরিত্র সম্পর্কে পরস্পর-বিরোধী বিভিন্ন মত

পরিকল্পনার অসাফল্যের কারণ

***মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের কৃতিত্ব বিচার* (Muhammad-bin-Tughluq's Estimate):** মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের চরিত্র ও কৃতিত্ব সম্পর্কে পরস্পর-বিরোধী বিভিন্ন অভিমত প্রকাশিত হইয়াছে। স্মিথ, টমাস্‌ প্রভৃতি ঐতিহাসিক মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের চরিত্র ও কার্যকলাপ তাঁহার অব্যবস্থিতচিত্ততা ও বিকৃত মস্তিষ্কের পরিচায়ক বলিয়া মনে করেন। কিন্তু ঈশ্বরী-প্রসাদ, গার্ডনার ব্রাউন প্রভৃতি লেখক এই মত অযৌক্তিক বলিয়া মনে করিয়া থাকেন। তাঁহাদের মতে মহম্মদ-বিন্‌-তুঘ্‌লক ছিলেন মধ্যযুগের ভারত-ইতিহাসের শ্রেষ্ঠ সুলতান। ইহা ভিন্ন, ইব্‌ন্‌-বতুতা বা জিয়াউদ্দিন বর্‌ণীর রচনাতে তাঁহাকে উন্মাদ বলিয়া কোথাও উল্লেখ করা হয় নাই। কিন্তু তাঁহার সামঞ্জস্যহীন কার্যকলাপ ও রক্তলোলুপতার কথা ইব্‌ন্‌-বতুতা উল্লেখ করিয়াছেন। বস্তুত, নিরপেক্ষ বিচারে একথা স্বীকার করিতে হয় যে শিক্ষা, সংস্কৃতি, দর্শন, বিজ্ঞান, ভোজবিদ্যা প্রভৃতিতে তাঁহার অনন্যসাধারণ পারদর্শিতা এবং তাঁহার বিভিন্নমুখী প্রতিভা থাকা সত্ত্বেও বাস্তব জ্ঞান ও অভিজ্ঞতার অভাব হেতু মহম্মদ-বিন্‌-তুঘ্‌লক নিজ পরিকল্পনাকে কার্যকরী করিয়া তুলিতে পারেন নাই। আদর্শবাদ, সুউচ্চ পরিকল্পনা প্রভৃতি তাঁহার চিন্তাধারার মৌলিকতার পরিচয় বহন করিয়া থাকে বটে কিন্তু স্থৈর্য ও ধৈর্যের অভাব হেতু তিনি সেগুলিকে রূপদান করিতে সমর্থ হন নাই। একবার কোন কার্যে অকৃতকার্য হইলেই তিনি ধৈর্যহীন হইয়া পড়িতেন, ফলে পরবর্তী পদক্ষেপে তাঁহার ভুলভ্রান্তি ঘটিত।

রাজধানী দৌলতাবাদে স্থানান্তরিত করিবার, পারস্য জয়ের, কারাজল অভিযানের বা তামার নোট প্রচলনের যৌক্তিকতার কথা কেহ অস্বীকার করেন না। কিন্তু এই সকল পরিকল্পনা কার্যকরী করিতে যে বাস্তব বুদ্ধি ও অভিজ্ঞতার প্রয়োজন মহম্মদ-বিন্-তুঘ্‌লকের তাহা ছিল না। এইজন্যই তাঁহার কার্যকলাপ বিফলতায় পর্যবসিত হইয়াছিল।

পরিকল্পনার যৌক্তিকতা

ইহা ভিন্ন, বিচারব্যবস্থাকে ন্যায় ও সততার ভিত্তিতে স্থাপন করা, শাসনকার্যাদি ধর্মনিরপেক্ষভাবে পরিচালনা করা, কৃষির উন্নতিসাধনের জন্য এক বিশেষ পর্যায়ের কর্মচারী-পদ সৃষ্টি করা তাঁহার জনকল্যাণের ইচ্ছার পরিচায়ক।

বিচার, ধর্মনিরপেক্ষ শাসনকার্য, কৃষির উন্নয়ন

তথাপি একথা বলা প্রয়োজন, মহম্মদ-বিন্-তুঘ্‌লক শিক্ষা, সংস্কৃতি ও বহুমুখী প্রতিভাসম্পন্ন হইলেও অনভিজ্ঞতা, বাস্তব জ্ঞানের অভাব, যুগধর্ম অপেক্ষা অগ্রবর্তিতা প্রভৃতি কারণে তাঁহার বিফলতা ঘটিয়াছিল। তিনি একই সঙ্গে বহু কিছুর সংস্কারসাধন করিতে গিয়া স্বভাবতই অকৃতকার্য হইয়াছিলেন। তাঁহার আমলে উত্তর-পশ্চিম সীমান্ত নীতির দুর্বলতা মোঙ্গল আক্রমণের কারণ হইয়া দাঁড়াইয়াছিল। এইভাবে নানা প্রকার বিফলতা ও অর্থাভাবের ফলে যখন সাম্রাজ্যের সর্বত্র অব্যবস্থা দেখা দিয়াছিল তখন দাক্ষিণাত্য, বাংলা ও সিন্ধু দেশ দিল্লী সুলতানের আনুগত্য অস্বীকার করিল। সুলতানী সাম্রাজ্য ধ্বংসের পথে অগ্রসর হইতে লাগিল।

অনভিজ্ঞতা হেতু বিফলতা : যুগধর্ম অপেক্ষা অগ্রবর্তিতা

ইব্‌ন্-বতুতা (Ibn-Batuta): মহম্মদ-বিন্-তুঘ্‌লকের রাজত্বকালে আফ্রিকা হইতে ইব্‌ন্-বতুতা নামে একজন ভ্রমণকারী ভারতে আসিয়াছিলেন। ইনি মাত্র একুশ বৎসর বয়সে বিদেশ ভ্রমণে বাহির হইয়া জীবনের অধিকাংশ সময়ই দেশ-বিদেশে ঘুরিয়া বেড়াইয়াছিলেন। এশিয়ার নানা স্থানে ভ্রমণের পর ১৩৩৩ খ্রীষ্টাব্দে তিনি ভারতে আসেন। মহম্মদ-বিন্-তুঘ্‌লক তাঁহাকে সসম্মানে নিজ সভায় অভ্যর্থনা জানান। পরে তাঁহাকে দিল্লীর কাজী—অর্থাৎ বিচারপতি নিযুক্ত করেন। দীর্ঘ আট বৎসর তিনি ভারতে বাস করিয়াছিলেন। মহম্মদ-বিন্-তুঘ্‌লকের অধীনে কাজ করিবার সময় তিনি চীনদেশে ভারতীয় দূত হিসাবে গিয়াছিলেন। ১৩৪৯ খ্রীষ্টাব্দে নিজ দেশে ফিরিয়া গিয়া ইব্‌ন্-বতুতা তাঁহার ভ্রমণবৃত্তান্ত রচনা করেন। ইহার নাম ছিল 'শফ্‌রনামা'। 'শফ্‌র' কথাটির অর্থ হইল ভ্রমণ। তুঘ্‌লক শাসনকাল ও খল্‌জী শাসনকাল সম্পর্কে বহু মূল্যবান তথ্য ইব্‌ন্-বতুতার ভ্রমণবৃত্তান্তে পাওয়া যায়।

ভারতে আগমন : দিল্লী সুলতানের অধীনে কার্যগ্রহণ

'শফ্‌রনামা'

ফিরুজ শাহ্ তুঘ্‌লক, ১৩৫১-৮৮ খ্রীঃ (Firuz Shah Tughluq): সিন্ধুদেশে বিদ্রোহ দমনকালে মহম্মদ-বিন্-তুঘ্‌লকের মৃত্যু হইলে আমীর-ওমরাহ্‌দের অনুরোধে তাঁহার পিতৃব্য ফিরুজ শাহ্ দিল্লীর সুলতান হইলেন। কারণ, মহম্মদ-বিন্-তুঘ্‌লকের কোন পুত্রসন্তান ছিল না।

সিংহাসনলাভ

ফিরুজ শাহ্‌ তুঘ্‌লক ছিলেন ধর্মভীরু, প্রজাহিতৈষী শাসক। তিনি ছিলেন সত্যনিষ্ঠ ও সদাচারী। কিন্তু তাঁহার সামরিক প্রতিভা তেমন ছিল না। মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের রাজত্বকালের অব্যবস্থার সুযোগে বাংলাদেশ ও সিন্ধুদেশ স্বাধীন হইয়া গিয়াছিল। ফিরুজ শাহ্‌ সিংহাসনে আরোহণ করিয়াই বাংলা ও সিন্ধু দেশ জয় করিতে মনস্থ করিলেন। তিনি বাংলাদেশের বিদ্রোহ দমনের জন্য পর পর দুইটি অভিযান করেন। কিন্তু তাঁহার উভয় অভিযানই ব্যর্থ হয়। অবশ্য বাংলাদেশ হইতে ফিরিবার পথে তিনি উড়িষ্যা জয় করিতে সমর্থ হইয়াছিলেন। ইহা ভিন্ন, তিনি নগরকোট বা কাংড়া দুর্গটি জয় করিয়াছিলেন। সেই দুর্গে মোট ৩০০ সংস্কৃত গ্রন্থ তিনি পাইয়াছিলেন। তাঁহার আদেশে সেগুলি ফার্সী ভাষায় অনূদিত হইয়াছিল। ফিরুজ শাহ্‌ সিন্ধুদেশ পুনরধিকারের জন্য স্বয়ং সসৈন্যে অগ্রসর হইয়াছিলেন। কিন্তু পথে শত্রুপক্ষের কূটকৌশলে তাঁহাকে পথভ্রান্ত হইয়া দুর্ভিক্ষ ও মহামারীতে বহু সৈন্য হারাইতে হইয়াছিল। তারপর দিল্লী হইতে নূতন একদল সৈন্য তাঁহার সাহায্যে প্রেরিত হইলে তিনি সিন্ধুরাজকে বশ্যতা স্বীকার করিতে বাধ্য করেন। তাঁহার আমলে অবশ্য কোন মোঙ্গল আক্রমণ হয় নাই। কারণ, ফিরুজ শাহ্‌ তুঘ্‌লক তাঁহার সাম্রাজ্যের উত্তর-পশ্চিম সীমান্ত রক্ষার উদ্দেশ্যে অনুগত কর্মচারীদের অধীনে সুদক্ষ সৈন্যদল সেই অঞ্চলে মোতায়েন রাখিয়াছিলেন।* ফিরুজ শাহ্‌ দাক্ষিণাত্য পুনরুদ্ধারের চেষ্টা অবশ্য করেন নাই। সামশ্‌-ই-সিরাজ আফিফ্‌ নামক ঐতিহাসিকের রচনা হইতে জানিতে পারা যায় যে, পদস্থ রাজকর্মচারিগণ যখন ফিরুজ শাহ্‌কে দৌলতাবাদ জয় করিবার জন্য অভিযান প্রেরণ করিতে অনুরোধ জানাইয়াছিলেন তখন তিনি অশ্রুসজল চক্ষে জবাব দিয়াছিলেন যে, জীবনে তিনি কখনও নিজ সম্প্রদায়ের (ইস্‌লাম ধর্মীয়) লোকের বিরুদ্ধে আর যুদ্ধ করিবেন না।**

বাংলাদেশের বিদ্রোহ দমনের ব্যর্থ চেষ্টা

কার্যকলাপ

সিন্ধুজয়

ফিরুজ শাহ্‌ সামরিক কার্যাদিতে তেমন দক্ষতার পরিচয় না দিলেও শাসনকার্যে তিনি যথেষ্ট কৃতিত্ব প্রদর্শন করিয়াছিলেন। তিনি রাজস্বভার লাঘব করিয়া দিয়া প্রজাবর্গের সুবিধা করিয়া দিয়াছিলেন। কৃষির উন্নতির জন্য তিনি কয়েকটি সেচখাল খনন করাইয়া দিয়াছিলেন। ফলে নূতন নূতন অঞ্চল যেখানে পূর্বে কোনপ্রকার ফসল ফলিত না সেই সকল স্থানও কৃষির যোগ্য হইয়া উঠিয়াছিল। তাঁহার রাজত্বকালে প্রজাদের ঘর শস্য, সম্পদ, আসবাবপত্রে পূর্ণ হইয়া উঠিয়াছিল। প্রজাবর্গের উপর কোনপ্রকার অত্যাচার যাহাতে না হয় সেদিকেও সর্বদা তাঁহার দৃষ্টি ছিল। দেশের বেকারদের কর্মসংস্থান করিয়া দিবার জন্য তিনি একটি 'নিয়োগ পরিষদ' (Employment Bureau) স্থাপন করিয়াছিলেন।

প্রজাহিতৈষণা

বেকারদের কর্মসংস্থান

* Vide *An Advanced History of India*, p. 330.

** *Idem.*

নির্মাতা হিসাবেও ফিরুজ শাহ্ তুঘ্‌লকের উল্লেখযোগ্য দান রহিয়াছে। তাঁহার পৃষ্ঠপোষকতায় বহু শহর, প্রাসাদ, মসজিদ, বিদ্যালয়, উদ্যান ও সরাইখানা নির্মিত হইয়াছিল। ফিরুজাবাদ, হিসারফিরোজা, ফিরুজপুর প্রভৃতি বহু শহর এবং মোট বার শত উদ্যান তাঁহার আদেশে স্থাপিত হইয়াছিল। খিজরাবাদ ও মীরাট হইতে তিনি মৌর্য সম্রাট অশোক-নির্মিত দুইটি প্রস্তরস্তম্ভ দিল্লীতে আনাইয়াছিলেন।

নির্মাণ-শিল্পানুরাগ

ফিরুজ শাহের কর-নীতিও কোরাণের নির্দেশের উপর নির্ভরশীল ছিল। তিনি কোরাণের নির্দেশ অনুসারে 'খারাজ'—অর্থাৎ কৃষি-জমির ফসলের এক-দশমাংশ, 'জিজিয়া'—অর্থাৎ অ-মুসলমানদের উপর ধার্য কর, 'জাকৎ'—অর্থাৎ সরকারের সাহায্যার্থে দান এবং 'খাম্‌স্'—অর্থাৎ যুদ্ধকালে লুণ্ঠিত দ্রব্যের ও খনিজ সম্পদের এক-পঞ্চমাংশ—এই চারি প্রকার কর স্থাপন করিয়াছিলেন। এগুলি ভিন্ন সেচ করও তিনি স্থাপন করিয়াছিলেন।

কর-নীতি

দরিদ্রদের ভিক্ষা দিবার জন্য 'দিওয়ান-ই-খয়রাত' ও পীড়িত ব্যক্তির চিকিৎসার জন্য 'দার-উল-সফা' নামক দুইটি সংস্থা তিনি স্থাপন করিয়াছিলেন। কিন্তু তিনি ছিলেন অত্যন্ত ধর্মভীরু। ধর্মের দ্বারা নিজ শাসননীতিকে প্রভাবিত হইতে দিয়া তিনি সকল প্রজার প্রতি সমান ব্যবহারে ত্রুটি করিয়াছিলেন। তিনি নিজে ছিলেন হিন্দু রমণীর সন্তান। কিন্তু অত্যধিক ধর্মপ্রভাব হেতু তিনি কোরাণের নীতি অনুসারে হিন্দুদের উপর জিজিয়া কর স্থাপন করিয়াছিলেন। পূর্বে ব্রাহ্মণগণ এই কর হইতে অব্যাহতি পাইতেন। কিন্তু ফিরুজ শাহ্ তুঘ্‌লক ব্রাহ্মণদের উপর জিজিয়া কর স্থাপন করেন। তিনি নিজে ছিলেন সুন্নী সম্প্রদায়ের মুসলমান। এইজন্য একমাত্র সুন্নী সম্প্রদায় ভিন্ন অপরাপর সকল সম্প্রদায়ের উপর তিনি নানা প্রকার নির্যাতন করিতেও দ্বিধাবোধ করেন নাই। শিয়া সম্প্রদায়ের বহু প্রচারককে তিনি হত্যা করাইয়াছিলেন। তাঁহার শাসননীতি ধর্মের প্রভাবে অত্যধিক প্রভাবিত ছিল। মিশরের খলিফার প্রতি তিনি খুব শ্রদ্ধাবান ছিলেন এবং তিনি খলিফার নিকট হইতে দুইবার সম্মানসূচক পোশাক এবং খলিফা কর্তৃক তাঁহার সিংহাসনাধিকার অনুমোদনপত্র পাইয়াছিলেন। ইহা সে-যুগে খুবই সম্মানের বিষয় ছিল। তাঁহার আমলে নূতন হিন্দুমন্দির নির্মাণ নিষিদ্ধ ছিল। নূতন প্রতিষ্ঠিত হিন্দুবিগ্রহ তিনি ধ্বংস করিতে দ্বিধাবোধ করেন নাই। পুরীর জগন্নাথ মন্দিরটি ভাঙ্গিয়া দিয়া তিনি উহার অভ্যন্তরস্থ দেবমূর্তি অপবিত্র করিয়াছিলেন একথা সমসাময়িক ঐতিহাসিক গ্রন্থ সীরাৎ-ই-ফিরুজশাহী এবং আইন-উল্-মূলকের রচনায় পাওয়া যায়।* যাহা হউক, তিনি নিজ ধারণা ও ধর্মভাব

জনহিতকর কার্যাদি

ধর্ম-বিষয়ে সঙ্কীর্ণতা

হিন্দু ও শিয়া সম্প্রদায়ের প্রতি অবিচার

খলিফার প্রতি শ্রদ্ধা—খলিফার নিকট হইতে পোশাক ও অনুমোদনপত্র লাভ

---

* Vide *The Delhi Sultanate*, pp. 105-9.

অনুযায়ী দয়াপ্রবণতা, প্রজাহিতৈষণা ও ন্যায়পরায়ণতা প্রদর্শন করিয়াছিলেন ইহাতে সন্দেহ-ই নাই।

এইভাবে শাসনদক্ষতার সহিত ধর্মের সঙ্কীর্ণতার মিশ্রণের ফলে ফিরুজ শাহ্ তুঘ্‌লকের রাজত্বকাল সম্পূর্ণ ত্রুটিহীন ছিল না। মহম্মদ-বিন্-তুঘ্‌লকের আমলে দিল্লীর সুলতানী সাম্রাজ্যে যে দুর্বলতা দেখা দিয়াছিল তাহা ফিরুজ শাহ্ তুঘ্‌লক দূর করিতে সমর্থ হন নাই। উপরন্তু, তিনি জায়গির প্রথার পুনঃপ্রবর্তন করিয়া সুলতানী শাসনের দুর্বলতার সূত্রপাত করিয়াছিলেন। কিন্তু ঐতিহাসিক ইলিয়ট, এল্‌ফিন্‌স্টোন প্রভৃতি কর্তৃক ফিরুজ শাহ্ তুঘ্‌লককে আকবরের সহিত তুলনা ঈশ্বরীপ্রসাদ প্রমুখ আধুনিক ঐতিহাসিক মাত্রেই অযৌক্তিক বলিয়া মনে করেন।* তথাপি প্রজাহিতৈষী সুলতান হিসাবে ফিরুজ শাহ্ তুঘ্‌লকের দাবি অস্বীকার করা যায় না, যদিও একথা অনস্বীকার্য যে তাঁহার প্রজাহিতৈষী কার্যকলাপের ফল তাঁহার মুসলমান প্রজাবর্গই বেশী ভোগ করিয়াছিল।** প্রজাহিতৈষণার সঙ্গে সঙ্গে উৎকট সাম্প্রদায়িকতা তাঁহার চরিত্রের মাধুর্য কতক পরিমাণে হ্রাস করিয়াছিল। ডক্টর মজুমদারের মতে ধর্মান্ধতাই ছিল তাঁহার চরিত্রের সর্বাধিক উল্লেখযোগ্য ত্রুটি।† ব্রাহ্মণদের উপর 'জিজিয়া' কর স্থাপন এবং হিন্দুদিগকে ইস্‌লাম ধর্মে ধর্মান্তরিত করিবার উদ্দেশ্যে নানা প্রকার উপায় অবলম্বনের ফলে ফিরুজ শাহ্ বিভিন্ন ধর্মাবলম্বী-অধ্যুষিত ভারতের জাতীয় শাসকে বা সুলতানে পরিণত হইতে পারেন নাই।††

জায়গির প্রথার পুনঃপ্রবর্তন

তাঁহার ধর্মান্ধ-নীতি

পূর্ববর্তী সুলতানদের কঠোর শাসনের তুলনায় ফিরুজ শাহ্ তুঘ্‌লকের শাসন কতক পরিমাণে জনপ্রিয় ও জনহিতৈষী হওয়া সত্ত্বেও, তাঁহার শাসনকালে দিল্লীর তুর্কি-আফগান সুলতানির ভিত্তি বহুল পরিমাণে দুর্বল হইয়া পড়িয়াছিল। রাজনীতিতে 'উলেমা', 'মুশাহিক' প্রভৃতি ইস্‌লাম ধর্মযাজকদের প্রভাব বিস্তার, ফিরুজ শাহ্ তুঘ্‌লক কর্তৃক নিযুক্ত পদস্থ কর্মচারীবর্গের শাসনকার্যে অক্ষমতা ও অদক্ষতা, সামরিক কর্মচারী ও অভিজাতবর্গের প্রতি তাঁহার যুক্তিহীন ঔদার্য, জায়গির প্রথার পুনঃপ্রবর্তন, তাঁহার কর-নীতি প্রভৃতি সুলতানী শাসনের ভিত্তি অত্যধিক দুর্বল করিয়া দিয়া দিল্লী সুলতানির পতনের পথ প্রশস্ত করিয়াছিল। পতনোন্মুখ দিল্লী সুলতানিকে পুনরুজ্জীবিত করা দূরে থাকুক, তাঁহার শাসনের ফলে পতন অনিবার্য হইয়া পড়িয়াছিল। ১৩৮৮ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়।

দিল্লী সুলতানির পতনে ফিরুজ শাহের দায়িত্ব

মৃত্যু (১৩৮৮ খ্রীঃ)

---

* "Firuz had not even a hundredth part of the genius of that great-hearted and broad-minded monarch." Ishwari Prasad: *History of Medieval India*, p. 281.

** Vide *The Delhi Sultanate*, pp. 106-7.

† "... bigotry of Firuz Shah which formed the blackest spot on his character." *The Delhi Sultanate*, p. 103.

†† *Ibid.*, pp. 104-5.

ষোড়শ অধ্যায়

তৈমুরলঙ্গের ভারত আক্রমণ : দিল্লী সুলতানির পতন

(Invasion of Timur : Disintegration of the Delhi Sultanate)

তৈমুরলঙ্গের ভারত আক্রমণ, ১৩৯৮ খ্রীঃ **(Invasion of Timur) :** ফিরুজ শাহ্ তুঘ্লকের শেষ জীবন সুখে কাটে নাই। তাঁহার জীবদ্দশাতেই সিংহাসনের উত্তরাধিকার লইয়া গৃহবিবাদের সূত্রপাত হয়। ফলে কয়েক বৎসরের মধ্যেই মোট ছয়জন সুলতান দিল্লীতে রাজত্ব করেন। সুলতানী সাম্রাজ্যও ভাঙ্গিয়া পড়ে। গুজরাট, মালব, জৌনপুর, গোয়ালিওর প্রভৃতি স্থান স্বাধীনতা ঘোষণা করে। দিল্লী সুলতানি যখন এইভাবে হীনবল, সুলতানী সাম্রাজ্য যখন প্রায় বিধ্বস্ত সেই সময় তৈমুরলঙ্গ ভারত আক্রমণ করেন।

মহম্মদ-বিন্-তুঘ্লকের পরবর্তীকালের অবস্থা

মধ্য-এশিয়ার সমরকন্দে ১৩৩৬ খ্রীষ্টাব্দে তৈমুরের জন্ম হয়। তিনি জন্ম হইতেই 'লঙ্গ' বা 'খোঁড়া' ছিলেন। বড় হইয়া তিনি সমরকন্দ এবং ক্রমে ইরাক, ইরাণ, আফগানিস্তান প্রভৃতি জয় করিয়া এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তোলেন। তুঘ্লক বংশের সুলতান মামুদ শাহের রাজত্বকালে তৈমুর ভারত আক্রমণ করেন। তৈমুর ছিলেন অনন্যসাধারণ এক দুর্ধর্ষ সমরবিজয়ী বীর। তাঁহার আক্রমণ প্রতিহত করিবার শক্তি ও সামর্থ্য মামুদ শাহের ছিল না। তিনি তৈমুরকে বাধা দিলেন বটে, কিন্তু তাঁহার চেষ্টা ব্যর্থ হইল। তৈমুর দিল্লী আসিয়া অসংখ্য দিল্লীবাসীকে হত্যা করিয়া তাহাদের ধনরত্ন সবকিছু লুঠ করিলেন। তিন মাস ধরিয়া অবাধ লুণ্ঠন ও হত্যাকাণ্ড চালাইয়া তৈমুর অভাবনীয় পরিমাণ ধনরত্ন লইয়া স্বদেশে ফিরিয়া গেলেন। তাঁহার দিল্লী ত্যাগের পরই সেই অঞ্চলে এক ভীষণ দুর্ভিক্ষ ও মহামারী দেখা দিল।



আমীর তৈমুর

তৈমুরলঙ্গের ভারত আক্রমণ

মামুদ শাহ্ তৈমুরের নিকট পরাজিত হইয়া পলাইয়াছিলেন। তিনি দিল্লী ফিরিয়া আসিয়া আরও কিছুকাল রাজত্ব করিলেন। তাঁহার মৃত্যুর সঙ্গে সঙ্গে তুঘ্লক বংশের অবসান ঘটিল (১৪১৩ খ্রীঃ)।

তুঘ্লক রাজত্বের অবসান (১৪১৩ খ্রীঃ)

দিল্লী সুলতানির ধ্বংসোন্মুখতা **(Disintegration of the Delhi Sultanate) :** মহম্মদ-বিন্-তুঘ্লকের রাজত্বকালে দিল্লীর সুলতানী সাম্রাজ্যের সর্বত্র যে অব্যবস্থা দেখা দিয়াছিল তাহা হইতে দিল্লী সুলতানিকে রক্ষা করিবার ক্ষমতা ফিরুজ শাহ্ তুঘ্লক বা তাঁহার পরবর্তী সুলতানগণের ছিল না। ফলে

দিল্লীর সুলতানী শাসন যখন ক্রমেই শিথিল এবং দিল্লীর সুলতানী সাম্রাজ্য যখন ক্রমেই ক্ষুদ্র পরিসর হইয়া পড়িতেছিল সেই সময়ে তৈমুরলঙ্গের ভারত আক্রমণ ও দিল্লী লুণ্ঠন দিল্লী সুলতানিকে চরম আঘাত হানিয়াছিল। কেন্দ্রীয় শাসনের দুর্বলতার সুযোগে বৃহৎ সুলতানী সাম্রাজ্য ছিন্নভিন্ন হইয়া পড়ে। দিল্লীর সুলতানী সাম্রাজ্যের বিভিন্ন অংশে বিভিন্ন স্বাধীন রাজ্য গড়িয়া উঠে। তুঘ্‌লক বংশের অবসানের পর হইতে মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠার অন্তর্বর্তীকাল পর্যন্ত দিল্লীর সুলতানী সাম্রাজ্যের যে অংশ টিকিয়াছিল উহার উপর সৈয়দ ও লোদী বংশের সুলতানগণ রাজত্ব করিতেছিলেন। তাঁহাদের শাসনব্যবস্থা যেমন ছিল শিথিল তেমনি অকর্মণ্য। ফলে লোদী বংশের ইব্রাহিম লোদীর আমলে সুলতানী শাসনের অবসান ঘটে।

দিল্লী সুলতানির দুর্দিন

***সৈয়দ বংশ, ১৪১৪-৫১ খ্রীঃ* (The Sayyids):** মামুদ শাহ্ তুঘ্‌লকের মৃত্যুর পর দিল্লীর মালিক ও আমীর-ওমরাহ্‌গণ তাঁহাদের মধ্য হইতে দৌলত খাঁ লোদী নামে একজন ব্যক্তিকে দিল্লীর সিংহাসনে স্থাপন করিলেন। কিন্তু মুলতান, দীপালপুর প্রভৃতি স্থানের শাসনকর্তা খিজির খাঁ দৌলত খাঁকে সিংহাসন হইতে সরাইয়া দিয়া নিজে দিল্লীর সুলতান হইয়া বসিলেন। খিজির খাঁকে তৈমুরলঙ্গ ভারতে তাঁহার প্রতিনিধি নিয়োগ করিয়া গিয়াছিলেন। এইজন্য খিজির খাঁ বস্তুত সুলতান হইয়াও সুলতান উপাধি ধারণ করিলেন না। তিনি তৈমুরের প্রতিনিধি হিসাবেই রাজত্ব করিতে লাগিলেন।

খিজির খাঁ

খিজির খাঁর পর তাঁহার পুত্র মোবারক শাহ্ দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তিনি অবশ্য নিজেকে স্বাধীন সুলতান বলিয়া ঘোষণা করেন। মোবারক শাহ্ চৌদ্দ বৎসর রাজত্ব করিয়া মারা গেলে আলাউদ্দিন আলম শাহ্ সিংহাসনলাভ করেন। মোবারক শাহ্ ও তাঁহার বংশধর আলম শাহের আমলে দিল্লীর সুলতানী সাম্রাজ্য নামেমাত্রই সাম্রাজ্য ছিল। উহার সীমা দিল্লীর চতুষ্পার্শ্বেই সীমাবদ্ধ ছিল। আলাউদ্দিন আলম শাহ্ ছিলেন একেবারে অকর্মণ্য শাসক। তিনি শেষ পর্যন্ত নিজের অকর্মণ্যতা হেতু শাসনভার বহ্‌লুল লোদী নামক জনৈক ওমরাহের উপর ন্যস্ত করিয়া বদাউনে চলিয়া গেলেন। এইভাবে সৈয়দ বংশের অবসান ঘটিল। সৈয়দ বংশের সুলতানগণ নিজেদের হজরত মহম্মদের বংশধর বলিয়া পরিচয় দিতেন। সেইজন্যই তাঁহারা 'সৈয়দ বংশ' নামে পরিচিত ছিলেন।

মোবারক শাহ্

আলাউদ্দিন আলম শাহ্

হজরত মহম্মদের বংশধর বলিয়া সৈয়দ বংশের দাবি

***লোদী বংশ, ১৪৫১-১৫২৬ খ্রীঃ* (The Lodis):** বহ্‌লুল লোদী সামান্য সৈনিক হইতে শেষ পর্যন্ত দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। তিনি ছিলেন জাতিতে আফগান। তাঁহার আমলে আফগান আমীর-ওমরাহ্‌দের মর্যাদা ও প্রতিপত্তি বহুগুণে বৃদ্ধি পাইয়াছিল। বহ্‌লুল লোদী জৌনপুর অধিকার করেন। জৌনপুর তৈমুরের ভারত আক্রমণের অব্যবহিত পরে স্বাধীন হইয়া গিয়াছিল। কাশী হইতে বুন্দেলখণ্ড পর্যন্ত বহ্‌লুল লোদীর রাজ্য বিস্তৃত ছিল।

বহ্‌লুল লোদী (১৪৫১-৮৯ খ্রীঃ)

বহ্‌লুল লোদীর পর তাঁহার পুত্র সিকন্দর লোদী দিল্লীর সুলতান হন। তিনি দিল্লী সুলতানির লুপ্ত গৌরব পুনরুদ্ধারের জন্য চেষ্টার ত্রুটি করেন নাই। সিকন্দর লোদী বিহার জয় করিয়া দিল্লী সুলতানির রাজ্য বৃদ্ধি করিয়াছিলেন। তিনি যেমন বীর যোদ্ধা ছিলেন তেমনি শাসনকার্যেও তাঁহার দক্ষতা নেহাত কম ছিল না। তাঁহার শাসনদক্ষতায় দেশে আবার শান্তি-শৃঙ্খলা ফিরিয়া আসিয়াছিল। কৃষি ও ব্যবসায়-বাণিজ্যের উন্নতির ফলে দৈনন্দিন জীবনের ব্যয় অনেকটা হ্রাস পাইয়াছিল। বিচার-বিষয়ে তিনি ছিলেন সম্পূর্ণ নিরপেক্ষ। গরীব-দুঃখী প্রজারাও তাঁহার নিকট সরাসরি আবেদন করিবার সুযোগ পাইত। শিল্প ও সাহিত্যের প্রতিও তাঁহার যথেষ্ট অনুরাগ ছিল। তিনি সুলতান মামুদের আক্রমণে বিধ্বস্ত আগ্রা শহরের সংস্কারসাধন করিয়াছিলেন। ধর্ম-বিষয়ে অবশ্য তিনি উদার ছিলেন না। বহু হিন্দু দেবদেবীর মন্দির ধ্বংস করিয়া তিনি তাঁহার ধর্মান্ধতার পরিচয় দিয়াছিলেন।

সিকন্দর লোদী
(১৪৮৯-১৫১৭ খ্রীঃ)

তাঁহার কার্যাবলী

সিকন্দর লোদীর মৃত্যুর পর তাঁহার পুত্র ইব্রাহিম লোদী দিল্লীর সিংহাসনে বসিলেন। তিনি ছিলেন যেমন অকর্মণ্য তেমনি উদ্ধত। তিনি নিজ ব্যবহারে তাঁহার আত্মীয়স্বজনদেরও শত্রু করিয়া তুলিলেন। পাঞ্জাবের শাসনকর্তা দৌলত খাঁ লোদী ও ইব্রাহিম লোদীর পিতৃব্য আলম খাঁ লোদী তাঁহার ব্যবহারে অসন্তুষ্ট হইয়া তাঁহাকে সিংহাসন হইতে বিতাড়িত করিবার জন্য চেষ্টা শুরু করেন। তাঁহারা বাবরকে ভারত আক্রমণ করিবার জন্য গোপনে আমন্ত্রণ জানাইলেন। বাবর বহুকাল পূর্ব হইতেই হিন্দুস্তান জয়ের স্বপ্ন দেখিতেছিলেন। তিনি দৌলত খাঁ ও আলম খাঁর আমন্ত্রণ সানন্দে গ্রহণ করিয়া ভারত আক্রমণ করিলেন। পাণিপথের প্রথম যুদ্ধে (১৫২৬ খ্রীঃ) ইব্রাহিম লোদী তাঁহাকে বাধাদান করিলেন। কিন্তু বাবরের কামান ও বন্দুকের সম্মুখে ইব্রাহিম লোদীর বিশাল সেনাবাহিনী বিধ্বস্ত হইল। বাবর ইব্রাহিম লোদীকে পরাজিত করিয়া দিল্লী অধিকার করিলেন। সেই সময় হইতেই মোগল শাসনের সূত্রপাত হইল।

ইব্রাহিম লোদী
(১৫১৭-২৬ খ্রীঃ)

বাবর : পাণিপথের
প্রথম যুদ্ধ (১৫২৬ খ্রীঃ)
মোগল রাজত্বের
সূত্রপাত

***দিল্লী সুলতানির পতনের কারণ* (Causes of the Downfall of the Delhi Sultanate) :** দিল্লীর সুলতানী সাম্রাজ্য সুলতানদের ব্যক্তিগত ক্ষমতা ও সামরিক শক্তির উপর প্রতিষ্ঠিত ছিল। জনসাধারণের সহযোগিতা বা আনুগত্যের উপর উহা গড়িয়া উঠে নাই। এই কারণে দিল্লী সুলতানির ভিত্তি ছিল দুর্বল। তদুপরি সুলতানী শাসনব্যবস্থা ছিল সামন্তপ্রথার উপর নির্ভরশীল। সামন্তপ্রথার প্রধান ত্রুটি-ই ছিল এই যে, কেন্দ্রীয় শাসন সামান্য দুর্বল হইয়া পড়িলে প্রাদেশিক তথা স্থানীয় শাসকবর্গ মাত্রেই স্ব স্ব প্রধান হইয়া উঠিতেন। দিল্লী সুলতানির পতনের কারণ হিসাবে এই দুর্বলতা বিশেষ উল্লেখযোগ্য। বড় বড় জমিদার, অভিজাত ব্যক্তি, আমীর-ওমরাহ্, জায়গিরদার

সুলতানী শাসনের
প্রকৃতি—সামরিক
শক্তি ও ব্যক্তিগত
ক্ষমতার প্রাধান্য

সামন্তপ্রথাজনিত ত্রুটি

প্রভৃতি ছিলেন শাসনব্যবস্থার স্তম্ভস্বরূপ। তাঁহারা নিজ নিজ এলাকায় একপ্রকার স্বাধীনভাবে শাসনকার্য পরিচালনা করিতেন। স্থানীয় প্রজাবর্গের উপর তাঁহাদের প্রভাব-প্রতিপত্তি ছিল অত্যধিক। কেন্দ্রীয় শাসন দুর্বল হওয়া মাত্রই এই সকল জমিদার, আমীর-ওমরাহ্ বিদ্রোহী হইয়া উঠিয়াছিলেন। প্রাদেশিক শাসনকর্তাগণও কেন্দ্রীয় সরকারকে অমান্য করিয়া স্বাধীন হইয়া পড়িয়াছিলেন।

প্রাদেশিক শাসনকর্তা ও অভিজাতবর্গের আনুগত্যহীনতা

সুলতানী শাসনের প্রথমদিকে ক্রীতদাসগণ ছিলেন যেমন বীর যোদ্ধা তেমনি সুদক্ষ শাসক। কুতবউদ্দিন, ইল্‌তুৎমিস্, বলবন প্রভৃতি সুদক্ষ সুলতানগণ প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন। ইঁহারাই সুলতানী শাসনের ভিত্তি দৃঢ়ভাবে স্থাপন করিয়া দিল্লীর সুলতানী সাম্রাজ্য গড়িয়া তুলিবার পথ প্রস্তুত করিয়া গিয়াছিলেন। কিন্তু পরবর্তীকালে ক্রীতদাসের সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল বটে, তথাপি তাঁহারা শাসনব্যবস্থাকে শক্তিশালী না করিয়া দুর্বলতর করিয়া দিয়াছিলেন। এদিকে সুলতানগণও ব্যভিচার, মদ্যপান, বিলাস-ব্যসনে গা ঢালিয়া দিয়াছিলেন। ফলে শাসনযন্ত্র অকর্মণ্য হইয়া পড়িয়াছিল। অসংখ্য দাস-দাসী পরিবৃত সুলতান, মালিক, আমীর-ওমরাহ্‌গণ স্বভাবতই শাসনকার্যের দক্ষতার দিকে তেমন মনোযোগ দিতে পারেন নাই।

ক্রীতদাসের সংখ্যাধিক্য ও অকর্মণ্যতা

বিশাল সাম্রাজ্যের বিভিন্ন অংশ হইতে আহৃত রাজস্ব সুলতান ও তাঁহার অনুচরবর্গ, অভিজাতশ্রেণী ও রাজকর্মচারীদের মধ্যে উচ্ছৃঙ্খলতা বৃদ্ধি করিয়াছিল। তাঁহারা স্বভাবতই কর্তব্যজ্ঞান ভুলিয়া দুর্নীতিপূর্ণ আমোদ-প্রমোদে নিমজ্জিত ছিলেন। শাসনকার্যের দুর্বলতার ইহাও একটি কারণ বটে।

সুলতান ও রাজ-কর্মচারীদের দুর্নীতি-পরায়ণতা

মহম্মদ-বিন্-তুঘ্‌লকের অবাস্তব আদর্শবাদিতা ও অকার্যকর পরিকল্পনার ফলে দেশে যে বিশৃঙ্খলা ও দুর্বলতা দেখা দিয়াছিল তাহা হইতে শাসনব্যবস্থাকে পুনরায় শক্তিশালী করিয়া তুলিবার ক্ষমতা ফিরুজ শাহ্ তুঘ্‌লক বা অপর কোন সুলতানের ছিল না। মহম্মদ-বিন্-তুঘ্‌লকের সময় হইতেই দিল্লী সুলতানি ক্রমে বিচ্ছিন্ন হইয়া পড়িতেছিল। এইজন্য মহম্মদ-বিন্-তুঘ্‌লক যথেষ্ট পরিমাণে দায়ী ছিলেন একথা অনস্বীকার্য।

মহম্মদ-বিন্-তুঘ্‌লক ও পরবর্তী সুলতানগণের দায়িত্ব

সুলতানী শাসনের একটি প্রধান ত্রুটি ছিল এই যে, উহার অধীনে হিন্দু-মুসলমান প্রজাগণ সকলে সমান মর্যাদা পাইত না। দুই-এক জন সুলতান ভিন্ন অপর সকল সুলতানই হিন্দুদের প্রতি বৈষম্যমূলক নীতি অনুসরণ করিয়া শাসনের ভিত্তি দুর্বল করিয়া দিয়াছিলেন। হিন্দুদের উপর জিজিয়া কর, তীর্থ কর স্থাপন প্রভৃতি বৈষম্যমূলক নীতি হিন্দুপ্রধান ভারতবর্ষে অনুসরণ করিবার ফলে স্বভাবতই সর্বনাশমূলক হইয়াছিল। প্রজাবর্গের অকপট আনুগত্যের উপর নির্ভরশীল সাম্রাজ্য গড়িয়া উঠে নাই বলিয়াই উহা সহজে ধ্বংসপ্রাপ্ত হইয়া গিয়াছিল।

হিন্দুদের প্রতি বৈষম্য-মূলক ব্যবহার

আভ্যন্তরীণ ক্ষেত্রে সুলতানী শাসন যখন দুর্বলতার চরমে পৌঁছিয়াছে সেই সময়ে তৈমুরলঙ্গের ভারত আক্রমণ ও দিল্লী লুণ্ঠন উহাকে চরম আঘাত হানিয়া গিয়াছিল। তৈমুরের আক্রমণের ফলে যে রাজনৈতিক ও অর্থনৈতিক বিশৃঙ্খলা এবং দুর্বলতা দেখা দিয়াছিল তাহা হইতে সুলতানী শাসনকে রক্ষা করা সম্ভব ছিল না। লোদী বংশের সুলতান ইব্রাহিম লোদীর উদ্ধত ও অকর্মণ্য শাসনে দিল্লী সুলতানির প্রশাসনিক বিভাগে এক দারুণ বিদ্বেষের সৃষ্টি হইয়াছিল। ইব্রাহিম লোদীর আত্মীয়স্বজনও তাঁহার ব্যবহারে প্রীত ছিলেন না। এই আত্মকলহের সর্বনাশাত্মক ফল হিসাবে দৌলত খাঁ লোদী ও আলম খাঁ লোদী বিদেশী আমীর ও মোগল বীর বাবরের আমন্ত্রণ সুলতানী শাসনের অবসান ঘটাইবার পথ সহজ করিয়া দিয়াছিল।

তৈমুর ও বাবরের আক্রমণ

সপ্তদশ অধ্যায়

বাংলার ইলিয়াস শাহী বংশ : বহ্‌মনী রাজ্য : দাক্ষিণাত্যের সুলতানী রাজ্যসমূহ

(Iliyas Shahi Rulers of Bengal : Bahmani Kingdom : The Deccan Sultanates)

***ইলিয়াস শাহী বংশের শাসনাধীন বাংলাদেশ* (Bengal under the Iliyas Shahi Rulers) :** সুলতানী আমলে বাংলাদেশ একপ্রকার স্বাধীনভাবেই চলিতেছিল। দিল্লী হইতে বাংলাদেশের দূরত্বই ছিল এই স্বাধীনতা-স্পৃহার প্রধান কারণ। কুতবউদ্দিনের মৃত্যুর সঙ্গে সঙ্গে বাংলার তদানীন্তন শাসনকর্তা আলিমর্দান খাঁ স্বাধীনতা ঘোষণা করিয়াছিলেন। কিন্তু ইল্‌তুৎমিস্ দিল্লীর সিংহাসনে আরোহণ করিয়া পুনরায় বাংলাদেশ দিল্লীর সুলতানী সাম্রাজ্যভুক্ত করেন। কিন্তু ইল্‌তুৎমিসের পরবর্তীকালে বাংলাদেশ পুনরায় স্বাধীন হইয়া যায়। বলবনের রাজত্বকালে মোঙ্গল আক্রমণের সুযোগ লইয়া বাংলার তদানীন্তন শাসনকর্তা তুঘ্‌রিল খাঁ স্বাধীন হইয়া উঠেন। বলবন অবশ্য একাধিক অভিযানের ফলে শেষ পর্যন্ত বাংলাদেশকে পুনরায় দিল্লীর সুলতানী সাম্রাজ্যভুক্ত করিলেন। তারপর তাঁহার দ্বিতীয় পুত্র বুগ্‌রা খাঁকে বাংলাদেশের শাসনকর্তা নিযুক্ত করিলেন। বলবনের মৃত্যুর পর বুগ্‌রা খাঁর পুত্র দিল্লীর সুলতান হইলেন। পিতা বুগ্‌রা খাঁ বাংলাদেশের শাসনকর্তা-ই রহিয়া গেলেন। তবে তিনি স্বাধীনভাবেই রাজত্ব করিতে লাগিলেন। কিন্তু বুগ্‌রা খাঁর মৃত্যুর পর বাংলাদেশে অরাজকতা দেখা দিলে তুঘ্‌লক বংশের সুলতান গিয়াসউদ্দিন তুঘ্‌লক নাসিরউদ্দিনকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করিলেন। ইহা ভিন্ন, পরবর্তী সুলতান মহম্মদ-বিন্-তুঘ্‌লক বাংলাদেশ যাহাতে বিদ্রোহী হইয়া উঠিতে না

সুলতানী শাসনাধীনে বাংলাদেশের স্বাধীনতা-স্পৃহা

পারে সেইজন্য উহাকে তিন অংশে বিভক্ত করিয়া এক এক অংশের জন্য এক এক জন পৃথক শাসনকর্তা নিযুক্ত করিলেন। বাংলাদেশের রাজধানীও হইল তিনটি—যথা, লক্ষ্মণাবতী, সোনারগাঁও ও সপ্তগ্রাম বা সাতগাঁও। কিন্তু এই তিন অংশের শাসনকর্তাদের মধ্যে সব সময়ই যুদ্ধ-বিগ্রহ লাগিয়াছিল। তারপর কিছুকালের মধ্যেই লক্ষ্মণাবতী ও সোনারগাঁও-এর শাসনকর্তা স্বাধীনতা ঘোষণা করেন। শেষ পর্যন্ত ১৩৪৫ খ্রীষ্টাব্দে হাজী ইলিয়াস সমগ্র বাংলাদেশ নিজ অধিকারে আনিয়া 'শামস্উদ্দিন ইলিয়াস শাহ্' উপাধি ধারণ করিয়া স্বাধীনভাবে রাজত্ব করিতে লাগিলেন। মহম্মদ-বিন্-তুঘ্লকের রাজত্বকালের শেষভাগে যে বিশৃঙ্খলা দেখা দিয়াছিল তাহাতে ইলিয়াস শাহের সুযোগ ও সুবিধা বৃদ্ধি পাইয়াছিল। তিনি নিজ অধিকার বিস্তৃত করিয়া উড়িষ্যা ও তিরহুত হইতে কর আদায় করিতে লাগিলেন। ফিরুজ শাহ্ তুঘ্লক ইলিয়াস শাহ্কে দমন করিবার উদ্দেশ্যে অভিযান করিয়া ব্যর্থ হইলেন। ইলিয়াস শাহ্ বাংলাদেশের স্বাধীনতা রক্ষা করিয়াই ক্ষান্ত ছিলেন না, তাঁহার রাজত্বকালে বাংলাদেশের শান্তি ও শৃঙ্খলা বজায় ছিল। বাংলাদেশের স্বাধীন সুলতানদের মধ্যে ইলিয়াস শাহ্ ছিলেন অন্যতম শ্রেষ্ঠ। শিল্প, সাহিত্য প্রভৃতিরও উন্নতি তাঁহার আমলে ঘটিয়াছিল।

শামস্উদ্দিন ইলিয়াস শাহ্ (১৩৪৫-৫৭ খ্রীঃ)

ইলিয়াস শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র সিকন্দর শাহ্ বাংলাদেশের সিংহাসনে বসিলেন। তাঁহার বিরুদ্ধে অভিযান করিয়া ফিরুজ শাহ্ তুঘ্লক পুনরায় বিফল মনোরথ হইয়াছিলেন। তারপর তিনি সিকন্দর শাহের সহিত সন্ধি স্থাপন করিয়া বাংলাদেশের স্বাধীনতা একপ্রকার স্বীকার করিয়া লন। ইহার পর স্বভাবতই বাংলাদেশকে দিল্লী সুলতানির অধীনে আনিবার চেষ্টা পরিত্যক্ত হয়। সিকন্দর শাহ্ যেমন বাংলাদেশের স্বাধীনতা রক্ষা করিয়াছিলেন তেমনি দেশের আভ্যন্তরীণ শাসনকার্য যাহাতে ভালভাবে চলিতে পারে সেই ব্যবস্থাও করিয়াছিলেন। শিল্পের প্রতি তাঁহার যথেষ্ট অনুরাগ ছিল। তাঁহার আমলে পাণ্ডুয়ার বিখ্যাত আদিনা মসজিদ নির্মিত হইয়াছিল।


সিকন্দর শাহ্ (১৩৫৭-৯৩ খ্রীঃ)

সিকন্দর শাহের পর তাঁহার পুত্র গিয়াসউদ্দিন আজ্ম বাংলার সিংহাসনে আরোহণ করেন। সাহিত্য ও সাহিত্যিকদের প্রতি তাঁহার খুব শ্রদ্ধা ছিল। তিনি কবি হাফেজের সহিত পত্র বিনিময় করিতেন। তাঁহার রাজত্বকালে চীনদেশের সহিত দূত বিনিময় হইয়াছিল। গিয়াসউদ্দিন আজ্মের পর সৈইফ্উদ্দিন হাম্জা শাহ্ বাংলার সুলতান হন। সেই সময়ে ভাতুরিয়া ও দিনাজপুরের জমিদার গণেশ স্বাধীনতা ঘোষণা করেন। ক্রমে তিনি বাংলার সিংহাসন নিজ অধিকারে আনিতে সমর্থ হন।


গিয়াসউদ্দিন আজ্ম শাহ্, সৈইফ্উদ্দিন হাম্জা শাহ্

রাজা গণেশ স্বাধীনভাবে রাজত্ব করিতেন বা ইলিয়াস শাহী বংশের সুলতানদের নামেমাত্র আনুগত্য স্বীকার করিয়া চলিতেন, সে-বিষয়ে মতানৈক্য রহিয়াছে। যাহা হউক, রাজা গণেশ কিছুকাল রাজত্ব করিয়া তাঁহার পুত্র যদুর হস্তে সিংহাসন অর্পণ করিয়া অবসর গ্রহণ করেন। যদু ইস্লাম ধর্ম

রাজা গণেশ



আদিনা মসজিদের ধ্বংসাবশেষ



একলাখী মসজিদ (পাণ্ডুয়া)

গ্রহণ করিয়া জালালউদ্দিন মহম্মদ শাহ্ নাম গ্রহণ করেন। ইস্‌লাম ধর্মে ধর্মান্তরিত হইবার পর যদু অত্যন্ত অত্যাচারী হইয়া উঠেন। বিশেষভাবে হিন্দুদের উপর অবিচার ও অত্যাচার তিনি অপ্রতিহতভাবে চালাইয়াছিলেন। তিনি লক্ষ মুদ্রা ব্যয় করিয়া পাণ্ডুয়ার একলাখী মসজিদ নির্মাণ করাইয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র শামসউদ্দিন স্থলতান হন। তিনি অল্পকালের মধ্যেই এমন অত্যাচারী হইয়া উঠেন যে, রাজকর্মচারিগণ তাঁহাকে হত্যা করিয়া ইলিয়াস শাহী বংশের একজন বংশধর নাসিরউদ্দিনকে বাংলার সিংহাসনে স্থাপন করেন। নাসিরউদ্দিন ছিলেন স্থদক্ষ শাসক। তিনি দেশে শান্তি ও শৃঙ্খলা ফিরাইয়া আনেন। তাঁহার মৃত্যুর পর রুক্‌নউদ্দিন বারবক্ শাহ্ সিংহাসনে আরোহণ করেন। বারবক্ শাহ্ বহু হাব্‌সী (আবিসিনিয়াবাসী) ক্রীতদাস বাংলাদেশে আনাইয়াছিলেন। এই হাব্‌সী ক্রীতদাসগণ স্থলতানের দেহরক্ষী হিসাবে কাজ করিত। কিন্তু বারবক্ শাহের পরবর্তী শাসকগণ দুর্বল হইয়া পড়িলে হাব্‌সী নেতা সিদি বদ্র বাংলার সিংহাসন দখল করিয়া লন। সিদি বদ্র ছিলেন অত্যাচারী ও অযোগ্য শাসক। তাঁহার আমলে বাংলাদেশে চরম অরাজকতা দেখা দেয়। এইরূপ অবস্থা হইতে বাংলাদেশ ও বাংলার জনসাধারণকে রক্ষা করিবার উদ্দেশ্যে তদানীন্তন অভিজাতবর্গ আলাউদ্দিন হুসেন শাহ্‌কে বাংলার স্থলতান-পদে স্থাপন করিলেন। আলাউদ্দিন হুসেন ইতিহাসে 'হুসেন শাহ্' নামেই পরিচিত।

যদু

শামস্‌উদ্দিন আহম্মদ, নাসিরউদ্দিন মামুদ

রুক্‌নউদ্দিন বারবক্ শাহ্

হাব্‌সী শাসন (১৪৮৬-৯৩ খ্রীঃ)

আলাউদ্দিন হুসেন শাহ্ (১৪৯৩-১৫১৯ খ্রীঃ): হুসেন শাহ্ বাংলাদেশের স্বাধীন স্থলতানদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন। সিংহাসনে আরোহণ করিয়াই হুসেন শাহ্ হাব্‌সী ক্রীতদাসদিগকে দেশ হইতে বিতাড়িত করেন। অল্পকালের মধ্যেই দেশে শান্তি ও শৃঙ্খলা ফিরাইয়া আনিয়া হুসেন শাহ্ রাজ্য-বিস্তারে মনোযোগ দেন। তাঁহার রাজত্বকালে বিহারের একাংশ বাংলার অধিকারে আসে। তিনি আসাম ও উড়িষ্যার বিরুদ্ধেও অভিযান করিয়াছিলেন। এই দুই স্থান জয় করিতে না পারিলেও এগুলির নিকটবর্তী কতক কতক স্থান তাঁহার অধিকারে আসিয়াছিল।

হাব্‌সী ক্রীতদাস বিতাড়ন: রাজ্যবিস্তার


হুসেন শাহ্ যেমন ছিলেন স্থদক্ষ শাসক তেমনি ছিলেন বিদ্বান্ ও বিদ্বানের প্রতি শ্রদ্ধাবান। তাঁহার রাজত্বকালে বাংলাদেশের হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে পরম প্রীতির সম্পর্ক স্থাপিত হইয়াছিল। হুসেন শাহ্ ছিলেন ধর্ম-বিষয়ে খুবই উদার। ধর্মের ভিত্তিতে তিনি প্রজায় প্রজায় কোনপ্রকার প্রভেদ করিতেন না। তাঁহার উজীর পুরন্দর খাঁ (গোপীনাথ বসু), তাঁহার দবীরখাস রূপ গোস্বামী ও সনাতন গোস্বামী, তাঁহার চিকিৎসক মুকুন্দ দাস এবং টাঁকশালের প্রধান কর্মচারী অনুপ—সকলেই ছিলেন হিন্দু।

হুসেন শাহের উদারতা


সাহিত্য ও শিল্পেরও তিনি একজন প্রধান পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহার আদেশে মালাধর বসু শ্রীমদ্ভাগবত গীতার বাংলা অনুবাদ করিয়াছিলেন। রূপ গোস্বামী ও সনাতন

গোস্বামী নামে দুই ভাই ছিলেন সেই আমলের দুইজন খ্যাতিসম্পন্ন গ্রন্থকার। রূপ গোস্বামী ছিলেন হুসেন শাহের মন্ত্রী। হুসেন শাহের সেনাপতি পরাগল খাঁর আদেশে পরমেশ্বর নামে একজন বাঙালী কবি মহাভারতের বাংলা অনুবাদ করিয়াছিলেন। হুসেন শাহের শিল্প অনুরাগেরও উল্লেখ

সাহিত্য ও শিল্পের পৃষ্ঠপোষকতা



কদম রসুল (গৌড়)



বড় সোনা মসজিদ (গৌড়)

করা প্রয়োজন। তিনি প্রতি জেলায় মসজিদ ও হাসপাতাল নির্মাণ করাইয়া দিয়াছিলেন। গৌড়ের ছোট সোনা মসজিদ তাঁহার আমলেই নির্মিত হইয়াছিল।

শ্রীচৈতন্যদেব হুসেন শাহের আমলেই নবদ্বীপে হরিনামের প্লাবন আনিয়াছিলেন। হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে যে গভীর প্রীতি তখন জন্মিয়াছিল উহা শ্রীচৈতন্যদেবের হিন্দু-মুসলমান, ছোট-বড় নির্বিশেষে সকলকেই শিষ্যত্বে গ্রহণ, সত্যপীরের পূজা প্রভৃতিতে প্রকাশলাভ করিয়াছিল। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ই সত্যপীরের আরাধনা করিত।

শ্রীচৈতন্যদেবের আবির্ভাব

হুসেন শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র নুসরৎ শাহ্‌ সিংহাসনে বসিলেন। তাঁহার আমলে বাংলাদেশের সীমা তিরহুত পর্যন্ত বিস্তৃত হয়। নুসরৎ শাহ্‌ হুসেন শাহের মতই সাহিত্য ও শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহার আমলে মহাভারতের আরও একখানা বাংলা অনুবাদ রচিত হইয়াছিল। তাঁহার সেনাপতি ছুটি খাঁ-ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। নুসরৎ শাহের আমলে গৌড়ের বড় সোনা মসজিদ, কদম রসুল প্রভৃতি নির্মিত হইয়াছিল।

নুসরৎ শাহ (১৫১৯-৩৩ খ্রীঃ)

নুসরৎ শাহের পরবর্তী হুসেন শাহী সুলতানগণ ছিলেন অত্যন্ত দুর্বল। গিয়াসউদ্দিন মামুদ শাহ্‌ যখন বাংলার সুলতান তখন শূরবংশের শের শাহ্‌ বাংলাদেশ জয় করিয়া দিল্লী-সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন।

হুসেন শাহী বংশের অবসান

বহ্‌মনী রাজ্য (Bahmani Kingdom): মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের রাজত্বকালের শেষভাগে সুলতানী সাম্রাজ্যের সর্বত্র যখন বিশৃঙ্খলা দেখা দিয়াছিল সেই সময় দাক্ষিণাত্যের একদল অভিজাত ব্যক্তি মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের প্রাধান্য অস্বীকার করিয়া দৌলতাবাদ নগরটি অধিকার করিয়া লন। ইস্‌মাইল মুখ্‌ নামে তাঁহাদের মধ্য হইতেই একজনকে সিংহাসনে স্থাপন করিয়া সেখানে তাঁহারা এক স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন। ইস্‌মাইল মুখ্‌ 'নাসিরউদ্দিন শাহ্‌' উপাধি গ্রহণ করিয়া সিংহাসনে আরোহণ করিলেন। কিন্তু অত্যধিক বার্ধক্য হেতু অতি অল্প সময়ের মধ্যেই তিনি সিংহাসন ত্যাগ করিতে বাধ্য হইলেন। অভিজাতবর্গ হাসান নামে অপর এক ব্যক্তিকে সিংহাসনে স্থাপন করিলেন (১৩৪৭ খ্রীঃ)। হাসান জাফর খাঁ নামেও পরিচিত ছিলেন। তিনি সিংহাসনে আরোহণ করিয়া আবুল মুজফ্‌ফর আলাউদ্দিন বহ্‌মন শাহ্‌ উপাধি ধারণ করিলেন। গুলবর্গা নামক স্থানে তাঁহার রাজধানী স্থাপিত হয়। ঐতিহাসিক ফেরিস্তার মতে হাসান প্রথম জীবনে গাঙ্গু নামে দিল্লীর জনৈক ব্রাহ্মণের ভৃত্য ছিলেন। গাঙ্গুর চেষ্টায় হাসান মহম্মদ-বিন্‌-তুঘ্‌লকের অধীনে এক উচ্চ রাজকর্মচারী-পদে নিযুক্ত হইয়াছিলেন। পরে যখন তিনি স্বাধীন রাজ্যের সুলতান হন তখন সেই 'বামুন'—অর্থাৎ ব্রাহ্মণের প্রতি তাঁহার কৃতজ্ঞতার নিদর্শন হিসাবে তিনি নিজ রাজবংশের নাম দিয়াছিলেন বহ্‌মনী বংশ এবং তাঁহার রাজ্যের নাম দিয়াছিলেন বহ্‌মনী রাজ্য। এই সকল কথা ঐতিহাসিকগণ সত্য বলিয়া মনে করেন না।

বহ্‌মনী রাজ্যের প্রতিষ্ঠা

বহ্‌মনী রাজ্যের প্রতিষ্ঠাতা

আলাউদ্দিন বহ্‌মন শাহ্‌

আলাউদ্দিন বহ্‌মন শাহ্ পারস্যের বিখ্যাত বীর বহ্‌মনের বংশধর বলিয়া নিজের পরিচয় দিতেন। এই হইতেই তিনি বহ্‌মন উপাধি গ্রহণ করিয়াছিলেন।*

আলাউদ্দিন বহ্‌মন শাহ্ ছিলেন দৃঢ়প্রতিজ্ঞ পরাক্রমশালী নৃপতি। সিংহাসনে আরোহণ করিয়াই তিনি বহ্‌মনী রাজ্যের আয়তন বাড়াইবার উদ্দেশ্যে যুদ্ধ শুরু করিলেন। ক্রমে তাঁহার রাজ্য উত্তরে পেনগঙ্গা, দক্ষিণে কৃষ্ণা এবং পশ্চিম দিকে দেবগিরি হইতে ভঙ্গীর পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল। বহ্‌মনী রাজ্যের দক্ষিণে বিজয়নগর রাজ্য ও পূর্বে তেলিঙ্গানা রাজ্য অবস্থিত ছিল। আলাউদ্দিন বহ্‌মন শাহ্ রাজ্যবিস্তার শুরু করিলে স্বভাবতই এই দুইটি হিন্দু রাজ্যের সহিত তাঁহার সংঘর্ষ উপস্থিত হইল।

রাজ্যবিস্তার

বহ্‌মন শাহ্ সুশাসক ছিলেন। শাসনকার্যের সুবিধার জন্য তিনি তাঁহার রাজ্যটিকে চারিটি 'তরফ্' বা প্রদেশে বিভক্ত করিয়াছিলেন; যথা—গুলবর্গা, দৌলতাবাদ, বেরার ও বিদর। এই প্রদেশগুলির প্রত্যেকটিতেই তিনি একজন করিয়া শাসনকর্তা নিযুক্ত করিয়াছিলেন। তিনি 'খান', 'মালিক' প্রভৃতি উপাধি দান করিয়া এক নূতন অভিজাতশ্রেণী গঠন করিয়াছিলেন। একাদশ বৎসর দক্ষতার সহিত রাজত্ব করিয়া ১৩৫৮ খ্রীষ্টাব্দে আলাউদ্দিন বহ্‌মন শাহ্ মৃত্যুমুখে পতিত হন।

শাসননীতি

আলাউদ্দিন বহ্‌মন শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র মহম্মদ শাহ্ (প্রথম) সুলতান হইলেন। তিনি ছিলেন সমরকুশল সেনাপতি। তাঁহার হস্তে বিজয়নগর ও তেলিঙ্গানার (বরঙ্গল) রাজগণ পরাজয় স্বীকার করিলেন এবং অতি অপমানজনক শর্তে মহম্মদ শাহের সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। কিন্তু বিজয়নগর ও তেলিঙ্গানা, বিশেষভাবে বিজয়নগর রাজ্যের সহিত বহ্‌মনী রাজ্যের যুদ্ধ-বিগ্রহ লাগিয়াই রহিল। প্রথম মহম্মদ শাহের মৃত্যুর পর তাঁহার পুত্র আলাউদ্দিন মুজাহিদ শাহ্ সিংহাসনে আরোহণ করিলেন। কিন্তু মাত্র তিন বৎসর রাজত্ব করিবার পর তিনি দাউদ খাঁ নামে তাঁহারই এক নিকট আত্মীয় কর্তৃক নিহত হন।

মহম্মদ শাহ্ (প্রথম)
(১৩৫৮-৭৫ খ্রীঃ)

দাউদ খাঁ অবশ্য বেশী দিন রাজত্ব করিবার সুযোগ পাইলেন না। সিংহাসন অধিকার করিবার এক মাসের মধ্যেই নিহত সুলতান মুজাহিদ শাহের অনুচরবর্গের হস্তে তাঁহাকে প্রাণ হারাইতে হইল। ইহার পর দাউদের ভ্রাতা মহম্মদ শাহ্ (দ্বিতীয়) সিংহাসনে অধিষ্ঠিত হইলেন। পরবর্তী বহ্‌মনী সুলতান তাজউদ্দিন ফিরুজ শাহের রাজত্বকালে বহ্‌মনী রাজ্যের শক্তি ও

মহম্মদ শাহ্ (দ্বিতীয়)
(১৩৭৮-৯৭ খ্রীঃ)


* "Tabataba and Nizam-ud-din, the authors respectively of ***Burhan-i-Ma'asir*** and Tabaqat-i-Akbari, both of whom wrote earlier than Firishta, give credit to the story that Hasan was descended from the hero Bahman, son of Isfandiyar, and therefore the Dynasty is called Bahmani." ***The Delhi Sultanate*** A Bharatiya Vidyabhaban Publication), p. 248.

Also vide ***An Advanced History of India***, p. 356.

Srivastava: ***The Sultanate of Delhi***, p. 272.

প্রতিপত্তি বহুগুণে বৃদ্ধি পায়। তাজউদ্দিন বিজয়নগরের রাজা প্রথম দেবরায়কে পরপর দুইবার পরাজিত করিয়া তাঁহার কন্যাকে বিবাহ করেন। কিন্তু পুনরায় বিজয়নগর রাজ্য আক্রমণ করিতে গিয়া তিনি শোচনীয়ভাবে পরাজিত হন (১৪২০ খ্রীঃ) এবং বহ্মনী রাজ্যের একাংশ বিজয়নগর রাজ্যের নিকট ছাড়িয়া দিতে বাধ্য হন। তারপর তাজউদ্দিনের ভ্রাতা আহম্মদ শাহ্ সিংহাসনে আরোহণ করেন। তাঁহার রাজত্বকালেও বিজয়নগরের সহিত যুদ্ধ-বিগ্রহ

তাজউদ্দিন ফিরুজ শাহ্ (১৩৯৭-১৪২২ খ্রীঃ)



চলিতে থাকে। বিজয়নগরের রাজা দ্বিতীয় দেবরায় আহম্মদ শাহের সহিত সন্ধি স্থাপনে বাধ্য হইয়াছিলেন। এই সন্ধির শর্ত অনুসারে দ্বিতীয় দেবরায়কে ক্ষতিপূরণ হিসাবে প্রচুর অর্থ দিতে হইয়াছিল। বিজয়নগরের সহিত সন্ধি স্থাপনের পর তেলিঙ্গানার রাজধানী বরঙ্গল আহম্মদ শাহ্ অধিকার করিয়া লন। ইহা ভিন্ন, তিনি মালবের সুলতান হুসং শাহ্‌কে পরাজিত করেন। গুজরাটের সহিতও আহম্মদ শাহের সংঘর্ষ উপস্থিত হইয়াছিল। আহম্মদ শাহ্ বিদর নামক স্থানে এক নূতন রাজধানী স্থাপন করিয়াছিলেন।*

আহম্মদ শাহ্, (১৪২২-৩৫ খ্রীঃ)

আভ্যন্তরীণ বিশৃঙ্খলা

আহম্মদ শাহের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র দ্বিতীয় আলাউদ্দিন শাহ্ উপাধি ধারণ করিয়া বহ্‌মনী রাজ্যের সিংহাসনে আরোহণ করেন। ১৪৪৩ খ্রীষ্টাব্দে দ্বিতীয় আলাউদ্দিন শাহ্ বিজয়নগর রাজ্য আক্রমণ করিয়া রাজা দ্বিতীয় দেবরায়কে শোচনীয়ভাবে পরাজিত করেন এবং তাঁহাকে নিয়মিতভাবে বাৎসরিক করদানে বাধ্য করেন।

দ্বিতীয় আলাউদ্দিনশাহ্, (১৪৩৫-৫৭ খ্রীঃ)

আহম্মদ শাহের আমল হইতেই বহ্‌মনী রাজ্যে দক্ষিণী অভিজাত ও বিদেশী অভিজাত—এই দুইটি পরস্পর-বিরোধী অভিজাত দলের সৃষ্টি হইয়াছিল। দক্ষিণী অভিজাত দল স্থানীয় মুসলমান অভিজাতগণ লইয়া গঠিত ছিল। এই দল আফ্রিকা হইতে আগত মুসলমান অভিজাতগণ কর্তৃক সমর্থিত ছিল। অপরপক্ষে তুর্কী, আরব ও পারসিক মুসলমান অভিজাতগণ লইয়া বিদেশী অভিজাত দল গঠিত ছিল। এই দলের লোকেরাই অধিকাংশ সরকারী কর্মচারী-পদ অধিকার করিয়া বসিয়াছিল। আহম্মদ শাহের পরবর্তী বহ্‌মনী সুলতানগণ দুর্বল ও অকর্মণ্য ছিলেন। সেই সুযোগে অভিজাত-শ্রেণী নিজেদের স্বার্থসিদ্ধির জন্য আত্মকলহে লিপ্ত হয়। অভিজাতগণের মধ্যে দুইটি পরস্পর-বিরোধী দলের সৃষ্টি হইয়াছিল। এইভাবে যখন বহ্‌মনী রাজ্য দুর্বল হইয়া পড়ে তখন মামুদ গাওয়ান নামে একজন আমীর বহ্‌মনী রাজ্যের প্রধান মন্ত্রীর পদ গ্রহণ করেন। গাওয়ান একজন বিদেশী আমীর ছিলেন। কিন্তু তিনি বহ্‌মনী রাজ্যের নিরাপত্তা ও উন্নতির জন্য যথাসাধ্য চেষ্টা করিতে ত্রুটি করেন নাই। দেশীয় যে-কোন আমীর-ওমরাহ্ অপেক্ষা তিনি ছিলেন অধিকতর দেশপ্রীতিসম্পন্ন। মামুদ গাওয়ান ছিলেন দূরদর্শী শাসক, সমরবিজয়ী নেতা ও অনন্যসাধারণ পণ্ডিত। তাঁহার আমলে বহ্‌মনী রাজ্য সর্বাধিক প্রসারলাভ করিয়াছিল। তিনি একটি বিরাট গ্রন্থাগার ও একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছিলেন। দৈনন্দিন কার্যের অবসরে তিনি গ্রন্থাগারে অধ্যয়ন করিতেন। মামুদ গাওয়ান অভিজাতশ্রেণীর পরস্পর দলাদলির উর্ধ্বে থাকিয়া বহ্‌মনী রাজ্যের উন্নতির জন্যই চেষ্টা করিতেন। কিন্তু তাঁহার ক্ষমতা ও প্রতিপত্তি বৃদ্ধি পাওয়াতে কয়েকজন অভিজাত

মামুদ গাওয়ান

* বহ্‌মনী সুলতানদের রাজত্বকাল সম্পর্কে বিভিন্ন ঐতিহাসিক গ্রন্থে কতক পার্থক্য রহিয়াছে। এই গ্রন্থে ভারতীয় বিদ্যাভবন প্রকাশিত Majumdar, Pusalker and Majumdar সঙ্কলিত *The Delhi Sultanate*-এ প্রদত্ত তারিখ গ্রহণ করা হইয়াছে।

ব্যক্তি তাঁহার প্রতি ঈর্ষান্বিত হইয়া উঠিলেন। তাঁহারা বহ্‌মনী স্থলতান তৃতীয় মহম্মদ শাহ্‌কে গাওয়ানের বিরুদ্ধে প্ররোচিত করিতে লাগিলেন। শেষ পর্যন্ত তৃতীয় মহম্মদ শাহ্ তাঁহাদের কু-পরামর্শে গাওয়ানকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করিলেন। মামুদ গাওয়ানের প্রাণদণ্ডের পর হইতে বহ্‌মনী রাজ্যের পতন শুরু হইল। তৃতীয় মহম্মদ অবশ্য শেষে নিজের ভুল বুঝিতে পারিয়াছিলেন। বহ্‌মনী রাজ্য ক্রমেই দুর্বল হইয়া পড়িলে প্রাদেশিক শাসনকর্তাগণ স্বাধীনতা ঘোষণা করিতে লাগিলেন। ক্রমে বহ্‌মনী রাজ্য ভাঙ্গিয়া গিয়া বেরার, বিজাপুর, আহ্‌মদনগর, গোলকুণ্ডা ও বিদর—এই পাঁচটি স্বাধীন স্থলতানী রাজ্যের উদ্ভব হইল।

গাওয়ানের কৃতিত্ব : তাঁহার মৃত্যুদণ্ড

বহ্‌মনী রাজ্যের পতন

বহ্‌মনী রাজ্যের শাসনব্যবস্থা (Administration of the Bahmani Kingdom) : বহ্‌মনী শাসনব্যবস্থায় আইনত স্থলতানের ক্ষমতা ছিল অপরিসীম। কিন্তু কার্যক্ষেত্রে তিনি তাঁহার মন্ত্রীবর্গের পরামর্শমতই কাজ করিতেন। অবশ্য মন্ত্রীদের মতামত গ্রহণ করা না-করা স্থলতানের ইচ্ছার উপর নির্ভর করিত। স্থলতানের প্রধান মন্ত্রী 'ভকীল-ই-স্থলতানাৎ' নামে অভিহিত হইতেন। স্থলতানের আদেশ মাত্রই প্রধান মন্ত্রীর মারফত প্রচারিত হইত। রাজস্ব মন্ত্রী ছিলেন 'আমীর-ই-জুম্‌লা' নামে পরিচিত। 'পেশওয়া' ও 'ওয়াজীর-ই-কুল' নামে আরও দুইজন মন্ত্রীর উল্লেখ পাওয়া যায়। ইহাদের কর্তব্যকার্যাদি কি ছিল সে-সম্পর্কে সঠিক কিছু জানা যায় নাই।

স্থলতানের ক্ষমতা

মন্ত্রিগণ

প্রাদেশিক শাসনকার্যাদির ব্যবস্থা আলাউদ্দিন বহ্‌মন শাহ্ যেভাবে করিয়া গিয়াছিলেন ঠিক সেইভাবেই চলিতেছিল। রাজ্যটি চারিটি 'প্রদেশ' বা 'তরফ্'-এ বিভক্ত ছিল। 'তরফ্‌দার'—অর্থাৎ প্রাদেশিক শাসনকর্তা বিভিন্ন পর্যায়ের কর্মচারীর সাহায্যে প্রাদেশিক শাসনকার্যাদি পরিচালনা করিতেন। প্রদেশ বা তরফ্ 'সরকারে' এবং 'সরকার'গুলি পরগণায় বিভক্ত ছিল। শাসনব্যবস্থার সর্বনিম্ন বিভাগ ছিল গ্রাম।*

প্রাদেশিক শাসনব্যবস্থা

দাক্ষিণাত্যের স্থলতানী রাজ্যসমূহ (The Deccan Sultanates):

বেরার (Berar) : প্রথমে বেরার প্রদেশটি বহ্‌মনী রাজ্য হইতে বিচ্ছিন্ন হইয়া গিয়া স্বাধীনতা ঘোষণা করিয়াছিল। ইমাদ্ শাহ্ ছিলেন সেখানকার শাসনকর্তা। তিনি প্রথম জীবনে ছিলেন হিন্দু। ১৪৮৪ খ্রীষ্টাব্দে ইমাদ্ শাহ্ স্বাধীনতা ঘোষণা করিয়া বেরারের ইমাদ্ শাহী বংশের প্রতিষ্ঠা করেন। এই বংশ প্রায় একশত বৎসর বেরারে স্বাধীনভাবে রাজত্ব করিয়াছিল। পরে আহ্‌মদনগর কর্তৃক বেরার অধিকৃত হয়।

ইমাদ্ শাহী বংশ

* Vide *The Delhi Sultanate*, pp. 256-8.

বিজাপুর (Bijapur) : বেরার প্রদেশটি স্বাধীনতা ঘোষণা করিলে বিজাপুরের শাসনকর্তা ইয়ুসুফ্ আদিল শাহ্ বিজাপুর প্রদেশটির স্বাধীনতা ঘোষণা করেন (১৪৯০ খ্রীঃ)। তিনি বিজাপুরের আদিল শাহী বংশের প্রতিষ্ঠা করেন। মোগল রাজত্বকালে দাক্ষিণাত্যের ইতিহাসে বিজাপুরের স্বাধীন সুলতানী রাজ্যটি এক গুরুত্বপূর্ণ অংশগ্রহণ করিয়াছিল। এই বংশের একাধিক সুলতান খুবই যোগ্যতার সহিত শাসনকার্য পরিচালনা করিয়া গিয়াছিলেন। তাঁহাদের শাসনব্যবস্থা ধর্ম-নিরপেক্ষ ছিল। হিন্দু-মুসলমানের মধ্যে কোনপ্রকার প্রভেদ করা হইত না। মোগল সম্রাট ঔরংজেব বিজাপুর রাজ্যটি মোগল সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন। ইহার পূর্বাবধি বিজাপুর নিজ স্বাধীনতা বজায় রাখিয়া চলিয়াছিল।

আদিল শাহী বংশ

আহ্‌ম্মদনগর (Ahmmadnagar) : আহ্‌ম্মদ নিজাম শাহ্ ১৪৯০ খ্রীষ্টাব্দে আহ্‌ম্মদনগরের স্বাধীনতা ঘোষণা করিয়া নিজাম শাহী বংশের সূচনা করেন। নিজাম শাহ্ প্রতিবেশী রাজ্যগুলির অনেক স্থান জয় করিয়াছিলেন। আহ্‌ম্মদনগর মোগল সম্রাটদের বিরুদ্ধে নিজ স্বাধীনতার জন্য দীর্ঘকাল যুঝিয়া চলিয়াছিল। অবশেষে সম্রাট শাহ্‌জাহানের আমলে উহা মোগল সাম্রাজ্যভুক্ত হয়।

নিজাম শাহী বংশ

গোলকুণ্ডা (Golconda) : বহ্‌মনী সুলতানগণ তেলিঙ্গানার বরঙ্গল অধিকার করিয়াছিলেন। পরে বরঙ্গলেই গোলকুণ্ডা নামক স্বাধীন সুলতানী রাজ্যের প্রতিষ্ঠা হইয়াছিল। এই স্বাধীন সুলতানী রাজ্যের প্রতিষ্ঠা করিয়াছিলেন কুতব শাহ্। তাঁহার প্রতিষ্ঠিত সুলতান বংশ সেই কারণে কুতব শাহী বংশ নামে পরিচিত। ১৬৮৭ খ্রীষ্টাব্দে ঔরংজেব এই স্বাধীন সুলতানী রাজ্যটি মোগল সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন।

কুতব শাহী বংশ

বিদর (Bidar) : বহ্‌মনী রাজ্য বিচ্ছিন্ন হইয়া পড়িলে বহ্‌মনী সুলতান বংশ কিছুকাল তাঁহাদের রাজধানী বিদরে রাজত্ব করিতেছিলেন, কিন্তু কিছুকাল পরে (১৫২৬ খ্রীঃ) আলী বদ্‌র নামে জনৈক অভিজাত ব্যক্তি বহ্‌মনী বংশের শেষ সুলতানের হাত হইতে সিংহাসন কাড়িয়া লইয়া 'বারিদ শাহী' সুলতান বংশের প্রতিষ্ঠা করেন। ১৬১৮ খ্রীষ্টাব্দে এই রাজ্যটি বিজাপুরের আদিল শাহী বংশের সুলতানগণ কর্তৃক অধিকৃত হয়।

বারিদ শাহী বংশ

অষ্টাদশ অধ্যায়

বিজয়নগর সাম্রাজ্য

(Vijaynagar Empire)

বিজয়নগর সাম্রাজ্যের প্রতিষ্ঠা ও প্রসার (Establishment and Expansion of the Vijaynagar Empire): বিজয়নগর সাম্রাজ্যের প্রতিষ্ঠার ইতিহাস সম্পর্কে মতানৈক্য রহিয়াছে। মোটামুটিভাবে একথা সর্বজনগ্রাহ্য যে, সঙ্গম নামে এক ব্যক্তির পাঁচ পুত্র তুঙ্গভদ্রা নদীর তীরে বিজয়নগর সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। এই পাঁচ পুত্রের মধ্যে হরিহর ও বুক্ক-ই বিশেষ উল্লেখযোগ্য।

বিজয়নগরের প্রতিষ্ঠা সঙ্গমবংশ : প্রথম হরিহর ও বুক্ক

১৩৩৬ খ্রীষ্টাব্দে বিজয়নগর সাম্রাজ্যের প্রতিষ্ঠা হইয়াছিল বলিয়া সাধারণত ধরা হইয়া থাকে। সঙ্গমের সন্তান বলিয়া বিজয়নগর সাম্রাজ্যের ইতিহাসের প্রথমদিকে যাঁহারা রাজত্ব করিয়াছিলেন তাঁহারা সঙ্গমবংশীয় বলিয়াই পরিচিত। প্রথম হরিহর অপেক্ষা বুক্কের রাজত্বকালেই বিজয়নগরের সমৃদ্ধি ও প্রতিপত্তি বৃদ্ধি পাইতে থাকে। বুক্ক ১৩৭৪ খ্রীষ্টাব্দে চীনদেশে দূত পাঠাইয়া নিজ ক্ষমতা ও মর্যাদার পরিচয় দিয়াছিলেন। বুক্কের পুত্র

দ্বিতীয় হরিহর

দ্বিতীয় হরিহর সিংহাসনে আরোহণ করিয়া 'মহারাজাধিরাজ', 'রাজপরমেশ্বর' প্রভৃতি উপাধি ধারণ করেন। এই সকল উপাধি হইতে মনে হয় যে, দ্বিতীয় হরিহরের রাজত্বকালে বিজয়নগর সাম্রাজ্যের মর্যাদা প্রাপ্ত হইয়াছিল। বিজয়নগর সাম্রাজ্যের প্রতিষ্ঠাকাল হইতেই বহ্মনী রাজ্যের সহিত উহার যুদ্ধ-বিগ্রহ লাগিয়াই ছিল। দ্বিতীয় হরিহরের রাজত্বকালে সেই বিবাদ অপ্রতিহতভাবে

প্রথম দেবরায়

চলিতে থাকে। রায়চুর দোয়াবের অধিকার লইয়া বিজয়নগর ও বহ্মনী রাজ্যের মধ্যে বিবাদ বাধিয়াছিল। দ্বিতীয় হরিহরের রাজত্বকালে বহ্মনী সুলতান তাজউদ্দিন ফিরুজ শাহ্ বিজয়নগর সাম্রাজ্যের একাংশে সসৈন্যে প্রবেশ করিয়া বহু হিন্দুকে হত্যা করেন। দ্বিতীয় হরিহরের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম দেবরায় সম্রাট হইলে তাঁহার সহিত ফিরুজ শাহের যুদ্ধ বাধে। কিন্তু প্রথম

বহ্মনী রাজ্যের সহিত সংঘর্ষ

দেবরায় ফিরুজ শাহের নিকট দুইবার শোচনীয়ভাবে পরাজিত হইয়া তাঁহার সহিত নিজ কন্যার বিবাহ দিতে বাধ্য হইয়াছিলেন। কিন্তু এই বৈবাহিক সম্বন্ধ স্থাপনের পরও এই দুই রাজ্যে কোনপ্রকার মিত্রতার সৃষ্টি হইল না। প্রথম দেবরায় নিজের জীবনেই বহ্মনী সুলতান ফিরুজ শাহ্‌কে পরাজিত করিয়া পূর্ব-অপমানের প্রতিশোধ গ্রহণ করিয়াছিলেন।

প্রথম দেবরায়ের মৃত্যুর পর তাঁহার পুত্র বীরবিজয় বা বিজয়বুক্ক মাত্র কয়েক মাস রাজত্ব করিয়া মৃত্যুমুখে পতিত হইলে তাঁহার পুত্র—অর্থাৎ প্রথম দেবরায়ের পৌত্র দ্বিতীয় দেবরায় বিজয়নগরের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার রাজত্বকালে

ইতালীয় পরিব্রাজক নিকোলো কন্টি এবং পারস্যের রাষ্ট্রদূত আব্দুররজাক বিজয়নগরে আসিয়াছিলেন। তাঁহাদের লিখিত বিবরণ হইতে দ্বিতীয় দেবরায়ের রাজত্বকালে বিজয়নগর সাম্রাজ্য সম্পর্কে বহু তথ্য জানিতে পারা গিয়াছে।

দ্বিতীয় দেবরায়

আব্দুররজাকের বিবরণ হইতে জানা যায় যে, দ্বিতীয় দেবরায়ের সাম্রাজ্য গুলবর্গা হইতে সিংহল এবং উড়িষ্যা হইতে মালাবার পর্যন্ত বিস্তৃত ছিল। দ্বিতীয় দেবরায় প্রজায় প্রজায় কোন প্রভেদ করিতেন না ; হিন্দু-মুসলমান সকল প্রজাকেই তিনি সমান চক্ষে দেখিতেন একথা আব্দুররজাক উল্লেখ করিয়া গিয়াছেন। দ্বিতীয় দেবরায়ের সেনাবাহিনীতে বহু মুসলমানও চাকরি করিত। দ্বিতীয় দেবরায় বহমনী স্বলতান দ্বিতীয় আলাউদ্দিন শাহের নিকট পরাজিত হন (১৪৪৩ খ্রীঃ)। দ্বিতীয় দেবরায় সঙ্গমবংশের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট ছিলেন। বিদ্যা ও বিদ্বানের প্রতি তাঁহার যথেষ্ট শ্রদ্ধা ছিল। ইতালীয় পর্যটক নিকোলো কন্টি ও পারসিক রাষ্ট্রদূত আব্দুররজাক বিজয়নগরের ঐশ্বর্য ও প্রতিপত্তির ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন।

দ্বিতীয় দেবরায়ের মৃত্যুর পর সঙ্গমবংশ দুর্বল হইয়া পড়ে। দ্বিতীয় দেবরায়ের পুত্র মল্লিকার্জুনের রাজত্বকালে চন্দ্রগিরির নরসিংহ সালুভ অত্যধিক ক্ষমতাসম্পন্ন হইয়া উঠেন। পরবর্তী বিজয়নগর সম্রাট বিরূপাক্ষের আমলে নরসিংহ তাঁহার সেনাপতি নরসনায়কের সাহায্যে বিজয়নগর অধিকার করেন। এইভাবে সঙ্গমবংশের রাজত্বের অবসান ঘটিয়া বিজয়নগরে সালুভবংশের শাসন স্থাপিত হয়।

সালুভবংশ : নরসিংহ সালুভ

নরসিংহ সালুভ বিজয়নগর সাম্রাজ্যের হৃত গৌরব পুনরুদ্ধার করিতে সমর্থ হন। দেশের বিভিন্ন অংশে যে সকল সামন্ত প্রায় স্বাধীন হইয়া উঠিয়াছিলেন নরসিংহ তাঁহাদিগকে দমন করিয়া বিজয়নগর সাম্রাজ্যকে পুনরায় সুদৃঢ় ও ঐক্যবদ্ধ করেন। কিন্তু উড়িষ্যার রাজা পুরুষোত্তম গজপতি ও বহমনী স্বলতানগণ যে সকল স্থান বিজয়নগর সাম্রাজ্য হইতে দখল করিয়া লইয়াছিলেন সেগুলি তিনি পুনরুদ্ধার করিতে সমর্থ হন নাই। নরসিংহের মৃত্যুর পর তাঁহার সেনাপতি নরসনায়ক শাসনক্ষমতা নিজ হস্তে কেন্দ্রীভূত করেন। তিনি অবশ্য নিজে বিজয়নগরের সিংহাসনে বসেন নাই। কিন্তু তাঁহার পুত্র বীর নরসিংহ সালুভবংশের শেষ রাজার দাবি অস্বীকার করিয়া নিজেই সিংহাসন অধিকার করিয়া লইলেন। ফলে সালুভবংশের স্থলে তুলভবংশের শাসন স্থাপিত হইল। বীর নরসিংহের মৃত্যুর পর তাঁহার ভ্রাতা কৃষ্ণদেব রায় বিজয়নগরের সিংহাসনে আরোহণ করেন। তিনি ছিলেন তুলভবংশের শ্রেষ্ঠ সম্রাট।

তুলভবংশ : নরসনায়ক

বীর নরসিংহ

কৃষ্ণদেব রায় প্রথমেই উচ্ছৃঙ্খল ও বিদ্রোহী সামন্তগণকে দমন করিয়া দেশে শান্তি ও শৃঙ্খলা আনয়ন করেন। তিনি ছিলেন যেমন বীর যোদ্ধা তেমনি ক্ষমতাশালী শাসক। তিনি উড়িষ্যারাজ প্রতাপরুদ্রকে পরাজিত করিয়া উদয়গিরি পুনরুদ্ধার করেন।

এই স্থানটি পূর্বে উড়িষ্যারাজ বিজয়নগর সাম্রাজ্য হইতে জয় করিয়া লইয়াছিলেন। ইতিমধ্যে বহ্‌মনী রাজ্য বিচ্ছিন্ন হইয়া দাক্ষিণাত্যের পাঁচটি স্বাধীন

কৃষ্ণদেব রায়

সুলতানির উদ্ভব ঘটিয়াছিল। এগুলির মধ্যে বিজাপুর রাজ্যের সহিত যুদ্ধে অবতীর্ণ হইয়া কৃষ্ণদেব রায় রায়চুর দোয়াব পুনরুদ্ধার করেন। ইহা ভিন্ন, তিনি বিজাপুর সুলতান আদিল শাহ্‌কে পরাজিত করিয়া গুলবর্গা

সাম্রাজ্য বিস্তার

দুর্গটি ধ্বংস করেন। তাঁহার সাম্রাজ্য উত্তরে উড়িষ্যা ও বিজাপুর এবং দক্ষিণে সুদূর সমুদ্রোপকূল পর্যন্ত বিস্তারলাভ করিয়াছিল।

কৃষ্ণদেব রায়ের রাজত্বকালে পোর্তুগীজ পর্যটক পায়েজ বিজয়নগরে আসিয়াছিলেন। তাঁহার বর্ণনায় কৃষ্ণদেব রায়ের শাসনক্ষমতার প্রচুর প্রশংসা রহিয়াছে। বিজয়নগরকে পায়েজ পৃথিবীর শ্রেষ্ঠ এবং সর্বাধিক সমৃদ্ধ নগরী বলিয়া বর্ণনা করিয়াছেন। কৃষ্ণদেব রায়ের বীরত্ব ও শাসনক্ষমতা ভিন্ন অপর আরও গুণ ছিল। তিনি

শাসনব্যবস্থা

ছিলেন পরম বৈষ্ণব এবং শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষক। তাঁহার আমলে কতকগুলি বিদ্যালয় স্থাপিত হইয়াছিল। সেগুলির যাবতীয় খরচ রাজকোষ হইতে দেওয়া হইত। তাঁহার আমলে বিজয়নগর সাম্রাজ্য উন্নতির চরম শিখরে পৌঁছিয়াছিল।

কৃষ্ণদেব রায়ের মৃত্যুর পর তাঁহার বৈমাত্রেয় ভ্রাতা অচ্যুৎ রায় সিংহাসনে আরোহণ করেন। তিনি বিজয়নগর সাম্রাজ্য আরও বিস্তার করিতে সমর্থ হন। মাদুরা, ত্রিবাঙ্কুর প্রভৃতি রাজ্য তিনি তাঁহার আনুগত্যাধীনে আনিয়াছিলেন।

অচ্যুৎ রায়

বিজাপুর সুলতান তাঁহার আমলেই রায়চুর দোয়াব অধিকার করিয়া লইয়াছিলেন। অচ্যুৎ রায় তাহা পুনরায় দখল করেন। তাঁহার রাজত্বের শেষদিকে বিজয়নগরের শক্তি ক্রমেই হ্রাস পাইতে থাকে।

বেঙ্কট রায়, সদাশিব রায়

পরবর্তী সম্রাট বেঙ্কট রায়, সদাশিব রায় অকর্মণ্য শাসক ছিলেন। সদাশিব রায়ের আমলে শাসনক্ষমতা মন্ত্রী রাম রায়ের হস্তে চলিয়া যায়। রাম রায় প্রথমে বিজাপুর সুলতান আদিল শাহের সহিত যুগ্মভাবে আহ্‌ম্মদনগর বিধ্বস্ত করেন। তারপর তিনি বিজাপুর, গোলকুণ্ডা

রাম রায়

প্রভৃতি সুলতানী রাজ্যগুলির পরস্পর বিবাদে কখন একপক্ষ, কখনও বা অপরপক্ষ গ্রহণ করিতে আরম্ভ করেন। শেষ পর্যন্ত সেই সকল রাজ্যের সুলতানগণ তাঁহার ব্যবহারে অতিষ্ঠ হইয়া নিজেদের বিবাদ

তালিকোটের যুদ্ধ (১৫৬৫ খ্রীঃ)

সাময়িকভাবে ভুলিয়া গিয়া ঐক্যবদ্ধভাবে বিজয়নগর সাম্রাজ্য আক্রমণ করিলেন। ১৫৬৫ খ্রীষ্টাব্দে তালিকোটের যুদ্ধে রাম রায় প্রাণপণ যুদ্ধ করিয়া পরাজিত ও নিহত হইলেন। শত্রুপক্ষের সেনাবাহিনী বিজয়নগরে প্রবেশ করিয়া উহার ধ্বংসসাধন করিল। ইহার পর রাম রায়ের

বিজয়নগরের পতন

ভ্রাতা তিরুমল সদাশিব রায়কে সিংহাসনচ্যুত করিয়া আরবিডু-বংশের প্রতিষ্ঠা করিলেন। এই বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন দ্বিতীয় বেঙ্কট রায়। তাঁহার মৃত্যুর পর বিজয়নগর সাম্রাজ্য কতকগুলি খণ্ডরাজ্যে বিচ্ছিন্ন হইয়া পড়িল।

বিদেশী পর্যটকগণের বর্ণনা (Accounts of the Foreign Travellers) : রাজা দ্বিতীয় দেবরায়ের রাজত্বকালে নিকোলো কন্টি নামে জনৈক ইতালীয় পর্যটক এবং আব্দুর্রজাক নামে একজন পারসিক রাষ্ট্রদূত বিজয়নগরে আসিয়াছিলেন। তাঁহাদের বর্ণনা হইতে বিজয়নগরের প্রতিপত্তি ও সমৃদ্ধির একটি সুস্পষ্ট ধারণা পাওয়া যায়। ইহা ভিন্ন, পোর্তুগীজ পর্যটক পায়েজ ও নুনিজের বর্ণনা হইতেও বিজয়নগরের সমৃদ্ধি সম্পর্কে ধারণা লাভ করা যায়।

নিকোলো কন্টি, আব্দুর্রজাক, পায়েজ ও নুনিজ

নিকোলো কন্টির বর্ণনা হইতে জানা যায় যে, বিজয়নগর রাজধানীটি একটি উচ্চ পর্বতের পাদদেশে নির্মিত হইয়াছিল। উহা একটি প্রাচীর দ্বারা পরিবেষ্টিত ছিল। ইহার মোট পরিধি ছিল ৬০ মাইল। বিজয়নগর শহরের প্রায় ৯০ হাজার লোক সৈনিকের কাজ করিবার জন্য সর্বদা প্রস্তুত ছিল। পুরুষেরা বহু বিবাহ করিত। সতীদাহ প্রথার প্রচলন ছিল। বিজয়নগরের সম্রাটেরও বহু রাণী ছিলেন। নিকোলো কন্টি বিজয়নগরের সম্রাটকে ভারতের শ্রেষ্ঠ সম্রাট বলিয়া বর্ণনা করিয়াছেন।

নিকোলো কন্টির বিবরণ

নিকোলো কন্টির কুড়ি বৎসর পর আব্দুর্রজাক বিজয়নগরে আসিয়াছিলেন। তাঁহার বিবরণে বিজয়নগর সম্রাটের রাজসভার সুন্দর বর্ণনা রহিয়াছে। চল্লিশটি স্তম্ভ-বিশিষ্ট একটি বিরাট কক্ষে সম্রাট তাঁহার সভা বসাইতেন। সম্রাটের দেহ নানা মূল্যবান অলঙ্কারে শোভিত থাকিত। তখনকার নিয়ম অনুসারে বিদেশী দূতগণ সপ্তাহে দুইবার করিয়া রাজসভায় উপস্থিত হইতেন এবং সম্রাটের নিকট হইতে ব্যক্তিগত সম্মানস্বরূপ পান ও সুপারি গ্রহণ করিতেন। আব্দুর্রজাকও বিজয়নগর শহরটিকে পৃথিবীর শ্রেষ্ঠ শহর বলিয়া বর্ণনা করিয়াছেন। তাঁহার বিবরণে জানা যায় যে, নগরটি পর পর ছয়টি প্রাচীর দ্বারা পরিবেষ্টিত ছিল। শহরের বাজারে বহু দোকানপাট ছিল। খোলা বাজারে সাধারণ ক্রেতাবিক্রেতাগণ মণিমুক্তা ক্রয়বিক্রয় করিত।

আব্দুর্রজাকের বিবরণ

কৃষ্ণদেব রায়ের রাজত্বকালে পোর্তুগীজ পর্যটক পায়েজ বিজয়নগরে আসিয়াছিলেন। তিনি বিজয়নগর শহরটিকে পৃথিবীর শ্রেষ্ঠ এবং সর্বাধিক সমৃদ্ধ নগরী বলিয়া বর্ণনা করিয়াছেন। কৃষ্ণদেব রায়ের চরিত্র ও শাসনক্ষমতারও তিনি ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন।

পায়েজের বিবরণ

অচ্যুৎ রায়ের রাজত্বকালে নুনিজ নামে অপর একজন পোর্তুগীজ পর্যটক বিজয়নগরে আসেন। তিনি অচ্যুৎ রায়কে ভীরু কাপুরুষ বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু প্রকৃতপক্ষে অচ্যুৎ রায় সেইরূপ ছিলেন না। নুনিজের বর্ণনা সমসাময়িক ইতিহাস দ্বারা সমর্থিত নহে।

নুনিজের বিবরণ

বিজয়নগর সাম্রাজ্যের শাসনব্যবস্থা (Administration of the Vijaynagar Empire) : বিজয়নগর সাম্রাজ্যের শাসনব্যবস্থার সর্বোপরি ছিলেন সম্রাট স্বয়ং। শাসনকার্য পরিচালনা ব্যাপারে সম্রাট মন্ত্রীদের সাহায্য

লইতেন। কিন্তু শাসননীতি নির্ধারণের এবং চরম আদেশ দিবার ক্ষমতা একমাত্র সম্রাটেরই ছিল। মন্ত্রিগণের মধ্যে প্রধান মন্ত্রী, প্রধান কোষাধ্যক্ষ, শান্তি ও শৃঙ্খলার ভারপ্রাপ্ত মন্ত্রী, সম্রাটের মণিমুক্তা ও ধনরত্নের তত্ত্বাবধায়ক মন্ত্রী —এই কয়জনই ছিলেন সর্বোচ্চ রাজকর্মচারী। বিজয়নগরের সম্রাটগণ খুব সমারোহ সহকারে রাজসভায় বসিতেন। সম্রাটের দুই পার্শ্বে ব্রাহ্মণ, অভিজাত ব্যক্তিগণ, মন্ত্রী, শিল্পী ও সাহিত্যিকগণ বসিতেন।

কেন্দ্রীয় শাসনব্যবস্থা

সমগ্র সাম্রাজ্যটি মোট দুই শতেরও অধিক সংখ্যক প্রদেশে বিভক্ত ছিল। প্রত্যেকটি প্রদেশ নাড়ু বা কুট্টম্-এ বিভক্ত ছিল। এগুলি আবার শহর ও গ্রামে বিভক্ত ছিল। রাজবংশের কোন ব্যক্তি বা কোন বিশ্বস্ত অভিজাত ব্যক্তিকে প্রাদেশিক শাসনকর্তা নিযুক্ত করা হইত। সম্রাটের ন্যায় এই সকল শাসনকর্তারও একটি করিয়া সেনাবাহিনী ও সভা থাকিত। কেন্দ্রীয় সরকারের নির্দেশ মানিয়া প্রাদেশিক শাসনকর্তাগণ নিজ নিজ এলাকায় অবাধে শাসনকার্য পরিচালনা করিবার স্বাধীনতা ভোগ করিতেন। যুদ্ধ-বিগ্রহের সময়ে তাঁহাদিগকে সম্রাটের নির্দেশমত সৈন্য প্রেরণ করিতে হইত। প্রাদেশিক শাসনকর্তাদের পদে বহাল থাকা সম্রাটের ইচ্ছার উপর নির্ভর করিত। গ্রামের শাসনভার গ্রাম-পঞ্চায়েতের উপর ন্যস্ত ছিল। গ্রাম-পঞ্চায়েতকে সাহায্য করিবার জন্য রাজকর্মচারীও নিয়োগ করা হইত। এই সকল রাজকর্মচারী গ্রামের ছোটখাট মামলা-মোকদ্দমারও বিচার করিতেন।

প্রাদেশিক শাসনব্যবস্থা

গ্রাম্য শাসনব্যবস্থা

জমির খাজনা, খেয়া, পথকর, শুল্ক প্রভৃতি অপরাপর নানাবিধ কর হইতে সরকারের আয় হইত। বিজয়নগর-সম্রাটের সেনাবাহিনী পদাতিক অশ্বারোহী গোলন্দাজ বাহিনী, উষ্ট্র বাহিনী ও হস্তী বাহিনী—এই কয়টি ভিন্ন ভিন্ন বাহিনী লইয়া গঠিত ছিল।

রাজস্ব, সেনাবাহিনী

বিচারব্যবস্থার সর্বোপরি ছিলেন রাজা। দীর্ঘকাল ধরিয়া প্রচলিত রীতিনীতি আইনের ন্যায় বলবৎ ছিল। বিচারালয়গুলি এই সকল আইন কার্যকরী করিত। বিজয়নগর সাম্রাজ্যের শাসনব্যবস্থা সুদক্ষ ছিল সন্দেহ নাই। কিন্তু প্রাদেশিক শাসনকর্তাগণ নিজ নিজ এলাকায় অনেক পরিমাণে স্বাধীনতা ভোগ করিতেন। এই কারণে কেন্দ্রীয় সরকার সামান্য দুর্বল হইলেই প্রাদেশিক শাসনকর্তাগণ স্ব স্ব প্রধান হইয়া উঠিতেন।

বিচারব্যবস্থা

***সামাজিক ও অর্থনৈতিক অবস্থা* (Social and Economic Condition) :** বিজয়নগরের সমৃদ্ধিকালে সমাজের সর্বোচ্চে ছিলেন ব্রাহ্মণশ্রেণী। ব্রাহ্মণগণ রাজনীতিতেও অংশগ্রহণ করিতেন। সেই সময়ে বহুবিবাহ প্রথা প্রচলিত ছিল। কিন্তু নারীদের প্রতি কোনপ্রকার অবিচার করা হইত না। নারীগণ পুরুষদের সহিত সমান অধিকার ভোগ করিতেন। সতীদাহ প্রথা তখন প্রচলিত ছিল। স্ত্রীলোকদের মধ্যে শিক্ষা, সঙ্গীত প্রভৃতিতে অনেকেই পারদর্শিতা অর্জন করিয়াছিলেন। মল্লযুদ্ধ, অসিচালনা, জ্যোতিষ, জ্যোতির্বিদ্যা

সমাজ-জীবন

প্রভৃতিতেও তাঁহারা যথেষ্ট কৃতিত্ব প্রদর্শন করিয়াছিলেন। সমাজ-জীবন নিষ্কলুষ ছিল একথা বলা যায় না। অর্থ ও ঐশ্বর্যের প্রাচুর্য হেতু আনুষঙ্গিক ব্যভিচারও দেখা দিয়াছিল। ব্রাহ্মণগণ নিরামিষাশী ছিলেন। ব্রাহ্মণগণ ব্যতীত অপর সকল শ্রেণীর লোকই মাছমাংস খাইত। বিজয়নগরে বিষ্ণুর উপাসনা প্রাধান্যলাভ করিয়াছিল। সম্রাটদের মধ্যে অনেকেই ছিলেন বিষ্ণুর উপাসক। বিজয়নগরে জৈন, বৌদ্ধ, মুসলমান প্রভৃতি বিভিন্ন ধর্মের লোকও যথেষ্ট ছিল। শাসনব্যবস্থা ছিল সম্পূর্ণভাবে ধর্ম-নিরপেক্ষ। পরধর্মের প্রতি সহিষ্ণুতা বিজয়নগরের সম্রাটগণ প্রদর্শন করিতে মোটেই কার্পণ্য করেন নাই।

ধর্ম

নিকোলো কন্টি ও আব্দুর্রজাকের বর্ণনা হইতে বিজয়নগরের জনসাধারণের অবস্থা যে খুবই উন্নত ছিল সেই কথা জানিতে পারা যায়। সাধারণ লোকও নানা প্রকার মণিমুক্তা ব্যবহার করিত। সম্রাট ও অভিজাতশ্রেণীর ঐশ্বর্যের তুলনা ছিল না। কিন্তু কৃষি, শিল্প প্রভৃতি যথেষ্ট উন্নতিলাভ করিয়াছিল বলিয়া জনসাধারণ সুখে-স্বাচ্ছন্দ্যেই বাস করিত। কৃষিই ছিল জনসাধারণের প্রধান উপজীবিকা। অবশ্য বস্ত্রশিল্প, মৃৎশিল্প, খনিশিল্প প্রভৃতিও যথেষ্ট উন্নত ছিল। বিজয়নগরের বণিকগণ চীন, মালয়, ব্রহ্মদেশ, আরব, আফ্রিকা প্রভৃতি নানা দেশের সহিত বাণিজ্য করিত। জিনিসপত্রের দাম ছিল খুব কম। সোনা, রূপা ও তামার মুদ্রার তখন প্রচলন ছিল।

কৃষি, শিল্প, বাণিজ্য প্রভৃতি

সাহিত্য, শিল্প ও সংস্কৃতি (Literature, Art and Culture):

বিজয়নগর সাম্রাজ্য দাক্ষিণাত্যে হিন্দু সংস্কৃতি ও সাহিত্যকে মুসলমান প্রভাব হইতে মুক্ত রাখিতে সমর্থ হইয়াছিল। বিজয়নগর ছিল মুসলমান আমলে হিন্দু সাহিত্য ও সংস্কৃতির কেন্দ্রস্থলস্বরূপ। সেখানকার সম্রাটগণ নিজেরাও বিদ্বান্ এবং বিদ্বানের প্রতি শ্রদ্ধাবান ছিলেন। কৃষ্ণদেব রায় নিজে 'আমুক্ত মাল্যদা' নামে একখানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। আটজন খ্যাতনামা কবি কৃষ্ণদেব রায়ের সভার শোভাবর্ধন করিতেন। সঙ্গীত, নাটক, দর্শন প্রভৃতি নানা বিষয়ের উপর সেই সময়ে বহু গ্রন্থ রচিত হইয়াছিল। সায়ন ও মাধবাচার্য ছিলেন সে-যুগের শ্রেষ্ঠ বেদ-ভাষ্যকার।

সাহিত্য

স্থাপত্য শিল্পেও বিজয়নগর সম্রাটগণের যথেষ্ট অনুরাগ ছিল। তাঁহাদের আমলে সুন্দর সুন্দর মন্দির ও প্রাসাদ নির্মিত হইয়াছিল। তালিকোটের যুদ্ধের পর সুলতানী সৈন্যদল সেই সকল প্রাসাদ ও মন্দিরের ধ্বংসসাধন করে। কৃষ্ণদেব রায়ের রাজত্বকালে নির্মিত 'হাজার মন্দির' হিন্দু স্থাপত্যের একটি অতি সুন্দর নিদর্শন হিসাবে এখনও টিকিয়া আছে। 'বিঠলস্বামী' মন্দিরটিও এ-বিষয়ে উল্লেখযোগ্য।

শিল্প

সঙ্গীত ও চিত্রশিল্প

সঙ্গীত, চিত্রশিল্প প্রভৃতিরও সেই সময়ে খুবই উন্নতি সাধিত হইয়াছিল। কৃষ্ণদেব রায় ও রাম রায় সঙ্গীতজ্ঞ ছিলেন। এই সকল দৃষ্টান্ত হইতে বিজয়নগরের উন্নত ধরনের সংস্কৃতির পরিচয় আমরা পাইয়া থাকি।

উনবিংশ অধ্যায়

ভারতীয় সমাজ ও সংস্কৃতিতে ইস্‌লামের প্রভাব

(Impact of Islam on Indian Society and Culture)

***ইস্‌লামীয় সভ্যতার প্রভাব* (Impact of Islam) :** মুসলমানদের আগমনের পূর্বাবধি যে-সকল বৈদেশিক জাতি ও সভ্যতার প্রভাব ভারতে প্রবেশ করিয়াছিল সেগুলিকে ভারতীয় সমাজ ও সংস্কৃতি সম্পূর্ণভাবে নিজস্ব করিয়া লইয়াছিল। বহিরাগত সভ্যতা ও সংস্কৃতি ভারতীয় সভ্যতা-সংস্কৃতির মধ্যে সম্পূর্ণভাবে মিশিয়া গিয়াছিল। কিন্তু মুসলমানদের ক্ষেত্রে তাহা ঘটে নাই। ইহার প্রধান কারণ ছিল এই যে, মুসলমানগণ যখন ভারতে আসেন তখন মুসলমান সভ্যতার নিজস্ব একটি রূপ ছিল। মুসলমানগণ এ-সম্পর্কে অত্যন্ত সচেতন ছিলেন। ইহা ভিন্ন, মুসলমান আক্রমণের কালে জনসাধারণের উপর যে-সকল নিষ্ঠুরতা এবং ভারতীয় সমাজের উপর যে-ধরনের অত্যাচার অনুষ্ঠিত হইয়াছিল তাহাও ভারতীয় সভ্যতা ও ইস্‌লামীয় সভ্যতার সংমিশ্রণের পথে বাধার সৃষ্টি করিয়াছিল। মুসলমানদের নিকট অ-মুসলমানগণ হইলেন 'জিম্মি' আর ভারতীয়দের নিকট মুসলমানগণ হইলেন 'যবন' ও 'ম্লেচ্ছ'। ফলে এই দুই সমাজ ও সংস্কৃতি পরস্পর পরস্পর হইতে বিচ্ছিন্ন থাকিবার জন্য সচেষ্ট হইল। ইস্‌লাম ধর্ম ও সংস্কৃতির প্রভাব হইতে হিন্দু ধর্ম ও সংস্কৃতিকে রক্ষা করিবার উদ্দেশ্যে হিন্দু সমাজে নানা প্রকার কঠোর বিধি-নিষেধও চালু হইল। স্মৃতিশাস্ত্রের নূতন নূতন ব্যাখ্যা করিয়া হিন্দু ধর্মের ও হিন্দু সমাজের রক্ষণশীলতা বহুগুণে বাড়ানো হইল। স্মৃতিশাস্ত্রের ব্যাখ্যাকারদের মধ্যে বাংলার রঘুনন্দন শিরোমণি এবং বিজয়নগরের মাধবাচার্য ছিলেন সর্বাধিক বিখ্যাত। উপরি-উক্ত কারণে হিন্দু ও মুসলমানদের সামাজিক ও সাংস্কৃতিক সংমিশ্রণের পথে বাধার সৃষ্টি হইয়াছিল।

ইস্‌লামীয় সমাজ ও সংস্কৃতির সহিত ভারতীয় সমাজ ও সংস্কৃতির সংঘাত

হিন্দু ধর্ম ও সমাজের রক্ষণশীলতা বৃদ্ধি : রঘুনন্দন, মাধবাচার্য

কিন্তু দীর্ঘকাল পাশাপাশি বসবাস করিবার ফলে ইস্‌লামীয় সভ্যতা-সংস্কৃতি ও হিন্দু তথা ভারতীয় সভ্যতা-সংস্কৃতির মধ্যে যে বিভেদের মনোভাব প্রথম হইতে সৃষ্টি হইয়াছিল তাহা হ্রাসপ্রাপ্ত হইতে লাগিল। ক্রমে বিদ্বেষ ও পারস্পরিক অসহিষ্ণুতা হ্রাসপ্রাপ্ত হইয়া পরস্পরের প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পাইতে লাগিল। মুসলমান মনীষী অল্‌বিরুণী সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া উপনিষদ্ পাঠে মনোনিবেশ করিয়াছিলেন। উপনিষদের একেশ্বরবাদ ও ইস্‌লাম ধর্মের একেশ্বরবাদের সামঞ্জস্য ক্রমে মুসলমান সমাজকে হিন্দু ধর্মের প্রতি আগ্রহান্বিত করিয়া তুলিল। একে অপরের ধর্ম সম্পর্কে জ্ঞানলাভ করিবার ফলে পারস্পরিক সহিষ্ণুতা ও সম্প্রীতি বৃদ্ধি পাইল। ইহা ভিন্ন, হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে বিবাহাদি সম্পর্ক স্থাপিত হওয়ার ফলেও হিন্দু সমাজের বহু আচার-ব্যবহার মুসলমান সমাজে বিস্তারলাভ করিল। হিন্দুদের মধ্যে

পরস্পর প্রভাব বিস্তার

আর্‌বী ও ফার্‌সী ভাষা শিক্ষা করিয়া সুলতানদের পদস্থ কর্মচারী হিসাবে নিযুক্ত হইবার ফলে মুসলমান সমাজের আদব-কায়দা, পোশাক-পরিচ্ছদও হিন্দু সমাজে স্থানলাভ করিতে লাগিল। এইভাবে হিন্দু ও মুসলমান এই দুই বৃহৎ সম্প্রদায়ের মধ্যে ক্রমেই প্রীতি ও সৌহার্দ্য জন্মিতে লাগিল। এই পরস্পর প্রীতির মনোভাব হইতে বাংলাদেশের সত্যপীরের পূজার উদ্ভব ঘটে। হিন্দুদের মধ্যে মুসলমান পীরদের প্রতি শ্রদ্ধা এবং মুসলমানদের মধ্যে হিন্দু সাধু-সন্ন্যাসীদের প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পাইতে লাগিল। ফলে নামদেব, কবীর, নানক, শ্রীচৈতন্য প্রভৃতি ধর্মজ্ঞানীর উদ্ভব ঘটিল। ইহারা প্রত্যেকেই হিন্দু-মুসলমান ভাই ভাই এই ধারণা প্রচার করিয়াছিলেন। হিন্দু ধর্ম বা মুসলমান ধর্ম ঈশ্বরকে পাইবার বা ঈশ্বরের উপাসনার ভিন্ন দুইটি পথ মাত্র, একথাই এই সকল ধর্মজ্ঞানী বলিতেন। নামদেব, কবীর, নানক, শ্রীচৈতন্য প্রভৃতি মহাপুরুষগণের শিষ্যদের মধ্যে হিন্দু ও মুসলমান, উভয় শ্রেণীর লোকই ছিল। যবন হরিদাস ছিলেন প্রথমে একজন মুসলমান। তিনি শ্রীচৈতন্যদেবের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন। এইভাবে হিন্দু ও মুসলমান সমাজে ধর্ম ও সংস্কৃতির মধ্যে এই সমন্বয়ের চেষ্টা সুলতানী আমলের শেষভাগে পরিলক্ষিত হয়। বাংলাদেশের উদারচেতা সুলতানদের চেষ্টা এ-বিষয়ে বিশেষভাবে উল্লেখযোগ্য।

পারস্পরিক শ্রদ্ধা

ধর্মের ক্ষেত্রে সমন্বয়ের চেষ্টা

হুসেন শাহ্ যখন বাংলাদেশের সুলতান ছিলেন তখন তাঁহার পৃষ্ঠপোষকতায় হিন্দু ধর্মগ্রন্থ মহাভারত, শ্রীমদ্ভাগবত গীতা প্রভৃতির বাংলা অনুবাদ করা হইয়াছিল। হুসেন শাহ্ ছিলেন পরধর্মসহিষ্ণু সুলতান। তাঁহার আমলে হিন্দু-মুসলমান সমাজে প্রীতি ও সৌহার্দ্যের এক অতি সুন্দর অভিব্যক্তি দেখিতে পাওয়া যায়। হুসেন শাহের পুত্র নুসরৎ শাহ্, এমনকি হুসেন শাহের সেনাপতি পরাগল খাঁও হিন্দু-মুসলমান ঐক্যের জন্য চেষ্টা করিয়া গিয়াছিলেন। পরাগল খাঁর পুত্র ছুটি খাঁর নামও এ-বিষয়ে উল্লেখযোগ্য। হিন্দু পণ্ডিত ও বিদ্বান্ ব্যক্তিরা আর্‌বী এবং ফার্‌সী ভাষায় তখন যথেষ্ট ব্যুৎপত্তি অর্জন করিয়াছিলেন।

হুসেন শাহের আমলে হিন্দু-মুসলমানদের মধ্যে প্রীতি ও ভালবাসা

বাংলাদেশ ভিন্ন কাশ্মীরের সুলতান জৈনুল আবিদিন হুসেন শাহের ন্যায় উদারচেতা সুলতান ছিলেন। তাঁহার পিতা ছিলেন হিন্দু-বিদ্বেষী। তাঁহার পিতার রাজত্বকালে বহু ব্রাহ্মণ দেশত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলেন। কিন্তু জৈনুল আবিদিন তাঁহাদিগকে ফিরাইয়া আনেন। তিনি হিন্দুদের উপর হইতে ঘৃণ্য জিজিয়া কর তুলিয়া দিয়া মহাভারত, রাজতরঙ্গিণী প্রভৃতি সংস্কৃত ও কাশ্মীরী গ্রন্থের আর্‌বী ও ফার্‌সী অনুবাদ করাইয়া নিজ মানসিক উৎকর্ষের পরিচয় দান করিয়াছিলেন। তিনি সংস্কৃত গ্রন্থাদি যেমন আর্‌বী ও ফার্‌সী ভাষায় অনুবাদ করাইয়াছিলেন সেরূপ বহু আর্‌বী ও ফার্‌সী গ্রন্থও হিন্দী ভাষায় অনুবাদ করাইয়াছিলেন। তাঁহার উদারতা ও প্রজাবাৎসল্যের জন্য তিনি 'কাশ্মীরের আকবর' নামে পরিচিতি লাভ করিয়াছিলেন।

কাশ্মীরের জৈনুল আবিদিন

হিন্দু ও মুসলমান সমাজের পরস্পর প্রভাব ও মিলনের ফল অপর একটি ধারায় প্রকাশলাভ করিয়াছিল। ইহা ভক্তিবাদ নামে পরিচিত। হিন্দুধর্মে ভাগবত ধর্ম ও ভক্তিবাদ এবং ইস্‌লামের স্থফীবাদে মানুষকে মানুষ হিসাবে এবং সকল মানুষকে সমান চক্ষে দেখিবার নীতি প্রচারিত হইয়াছিল। এই সমন্বয়ের প্রয়োজন যখনই হিন্দু ও মুসলমান সমাজের মহাপুরুষগণ উপলব্ধি করিলেন তখনই ধর্মের ক্ষেত্রে আসিল এক নূতন ভাব। ভালবাসার মধ্য দিয়া ভগবানের উপাসনা, মানুষকে ভালবাসিয়া সেই ভালবাসার মাধ্যমে ভগবানের স্থষ্ট সবকিছুকে ভালবাসিবার ইচ্ছা সেই যুগে প্রকাশ পাইল। স্থফীবাদ ও ভক্তিবাদ উভয় ধর্মমতই ভগবানের সহিত মানুষের একাত্মবোধ ও মানুষে মানুষে সমতা প্রচার করিয়াছিল। স্থফী ধর্মজ্ঞানীদের মধ্যে নিজামউদ্দিন আউলিয়া, মইনুদ্দিন চিস্‌তি প্রভৃতি ছিলেন শ্রেষ্ঠ। নিজামউদ্দিন আউলিয়া নিজ দেশ আফগানিস্তান ত্যাগ করিয়া দিল্লীতে বাস করিতে আসেন। হিন্দু-মুসলমান—সকল ধর্মের লোকই নিজামউদ্দিন আউলিয়াকে পরম শ্রদ্ধা করিত। স্থলতান আলাউদ্দিন খল্‌জীও তাঁহার প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। মইনুদ্দিন চিস্‌তি আজমীরে বাস করিতেন। তিনিও সাম্যের বাণী প্রচার করিয়াছিলেন। ভালবাসার মাধ্যমে ভগবানকে পাইবার পথ তিনিও মানুষকে দেখাইয়াছিলেন। নিজামউদ্দিনের ন্যায় মইনুদ্দিন হিন্দু ও মুসলমান সমাজের শ্রদ্ধা অর্জন করিয়াছিলেন।

ভক্তিবাদ ও স্থফীবাদ

নিজামউদ্দিন আউলিয়া

মইনুদ্দিন চিস্‌তি

বিজাপুরের আদিল শাহী স্থলতান বংশের ইয়ুস্থফ্ আদিল শাহ্ এবং দ্বিতীয় ইব্রাহিম আদিল শাহের আমলে বিজাপুরে পরধর্মসহিষ্ণুতার প্রমাণ পাওয়া যায়। ইয়ুস্থফ্ আদিল শাহ্ ধর্মের ভিত্তিতে রাজকর্মচারী-পদ পূরণ করিতেন না। জাতিধর্মনির্বিশেষে কার্যক্ষমতার ভিত্তিতে তিনি রাজকর্মচারী নিয়োগ করিতেন। এই বংশের অন্যতম স্থলতান দ্বিতীয় ইব্রাহিম আদিল শাহের রাজত্বকাল পরধর্মসহিষ্ণুতা এবং শাসনকার্যে ন্যায় ও বিচারবিবেচনার জন্য প্রসিদ্ধি অর্জন করিয়াছিল। মেডোস্ টেলর (Meadows Taylor) নামক জনৈক ইংরেজ বিজাপুরের স্থলতানদের উদারতার ও দক্ষতার ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন।*

আদিল শাহ্

দাক্ষিণাত্যে চতুর্দশ শতকে রামানন্দ নামে জনৈক ব্রাহ্মণ রাম-সীতার উপাসনার মধ্য দিয়া ভগবানকে উপলব্ধির চেষ্টা করেন। তিনি ভক্তিবাদে বিশ্বাসী ছিলেন। জাতিধর্মনির্বিশেষে তিনি সকলকে তাঁহার শিষ্যত্বে গ্রহণ করিতেন। মুচি, মেথর, হিন্দু, মুসলমান সকল শ্রেণীর ও জাতির লোক তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিল। বিখ্যাত মুসলমান ধর্মজ্ঞানী কবীর তাঁহার শিষ্য ছিলেন। রামানন্দ সমগ্র উত্তর-ভারতে তাঁহার ধর্ম প্রচার করিয়া বেড়াইয়াছিলেন। রাম ও রহিম এক এবং অভিন্ন একথা তিনি বলিতেন।

রামানন্দ

মহারাষ্ট্রে নামদেব নামে জনৈক ভক্তিবাদের প্রচারকের আবির্ভাব হইয়াছিল। পঞ্চদশ শতাব্দীর প্রথমভাগে তিনি ভক্তিবাদ প্রচার করেন। তিনি ছিলেন জাতিতে

* Vide *An Advanced History of India*, pp. 363-64.

দরজী। ঘটা করিয়া পূজাপার্বণ বা মূর্তি পূজার তিনি সমর্থন করিতেন না। ভক্তির মাধ্যমে ভগবানকে পাওয়াই ছিল তাঁহার ধর্মপথের নির্দেশ। জাতিধর্ম-নির্বিশেষে তিনি হিন্দু, মুসলমান সকলকেই তাঁহার শিষ্যত্বে গ্রহণ করিয়াছিলেন।

নামদেব



কবীর

কবীর

কবীরের জন্মপরিচয় সম্পর্কে সঠিক কিছু জানা যায় না। কেহ কেহ তাঁহাকে আসলে ব্রাহ্মণ-সন্তান বলিয়া পরিচয় দিয়া থাকেন। যাহা হউক, পরে তিনি ইস্‌লামধর্মে ধর্মান্তরিত হন। তিনি ছিলেন একজন তন্তুবায়। প্রাপ্ত বয়সে তিনি রামানন্দের শিষ্যত্ব গ্রহণ করেন। তিনি অতি সহজ ও সরল ভাষায় তাঁহার ধর্মমত প্রচার করিতেন। তিনি বলিতেন যে, হিন্দুদের রাম আর মুসলমানদের আল্লাহ্ বা রহিম এক এবং অভিন্ন। হিন্দু বা মুসলমান ধর্ম ঈশ্বরের উপাসনার ভিন্ন দুইটি পথ মাত্র। কবীর দুই লাইনে খুব সহজ ভাষায় দোঁহা* রচনা করিয়া তাঁহার উপদেশগুলি প্রচার করেন। এগুলি 'কবীরের দোঁহা' নামে পরিচিত।



নানক

নানক

১৪৬৯ খ্রীষ্টাব্দে লাহোরের তালবন্দী গ্রামে নানকের জন্ম হয়। তিনি ছিলেন একজন সামান্য ব্যবসায়ীর পুত্র। প্রথম জীবনহইতেই ধর্মকর্মে তাঁহার গভীর অনুরাগের সৃষ্টি হয়। প্রথমে কিছুকাল ব্যবসায়ে কাটাইবার পর তিনি ধর্মকর্মে মনোযোগী হন। ব্যবসায় করিতে গিয়া বহুবার তিনি নিজের অর্থ গরীব-দুঃখী, সাধু-সন্ন্যাসীদের মধ্যে

* "হীরা পড়া বাজারমে, রহা ছার লপ্‌টায়
বহুতক মুরখ্ চলি গয়ে, পারিখ লিয়া উঠায়।"—কবীর


—বাজারের ধুলায় হীরা পড়িয়া আছে, মূর্খলোক দেখিয়াও দেখিতেছে না, কিন্তু জহুরী দেখিবামাত্র উহা উঠাইয়া লইতেছে। অর্থাৎ ভগবান সর্বত্র বিরাজমান, যাহার চক্ষু আছে সে-ই তাঁহাকে দেখিতে পায়।

বণ্টন করিয়া দিয়াছিলেন। ধর্ম সাধনা শুরু করিয়া তিনি নানা তীর্থে ভ্রমণ করেন। তিনি একবার মক্কাও গিয়াছিলেন। নানক কোন জাতিভেদ মানিতেন না। সকল ধর্মের সমন্বয়সাধন ছিল তাঁহার উদ্দেশ্য। তিনি যে-ধর্মের প্রচার করেন উহা 'শিখ' ধর্ম নামে পরিচিত। 'শিখ' কথাটির অর্থ হইল 'শিষ্য'। নানক জাতিধর্মনির্বিশেষে সকলকেই তাঁহার শিষ্যত্বে গ্রহণ করিতেন।

নানকের প্রায় সমসাময়িক ছিলেন নবদ্বীপের শ্রীচৈতন্যদেব। ১৪৮৫ খ্রীষ্টাব্দে তিনি জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা জগন্নাথ মিশ্র নবদ্বীপে অধ্যাপনা করিতেন। শ্রীচৈতন্যদেবের মাতার নাম ছিল শচীদেবী।

শ্রীচৈতন্য

শ্রীচৈতন্যের আসল নাম ছিল বিশ্বম্ভর। আদর করিয়া তাঁহাকে গৌরাঙ্গ, নিমাই প্রভৃতি নামেও ডাকা হইত। চব্বিশ বৎসর বয়সে নিমাই সন্ন্যাসধর্ম গ্রহণ করেন। ইহার পর তাঁহার নাম হয় শ্রীচৈতন্য। তিনি বাংলাদেশ, উড়িষ্যা, বৃন্দাবন, দক্ষিণ-ভারত পর্যটন করিয়া তাঁহার উদার ধর্মমত প্রচার করেন।



শ্রীচৈতন্য

শ্রীচৈতন্যের বাণী

ঈশ্বরের প্রতি ভক্তি ও ভালবাসা, জীবের প্রতি দয়া, সকল মানুষকে সমানভাবে দেখা প্রভৃতি ছিল শ্রীচৈতন্যের বাণী। তিনি জাতিভেদ মানিতেন না। মুসলমানদের মধ্য হইতেও তিনি তাঁহার শিষ্য গ্রহণ করিতেন। ৪৮ বৎসর বয়সে পুরীর নীলাচলে তিনি দেহরক্ষা করেন।

মীরাবাঈ

রাঠোরদুহিতা কৃষ্ণ-ভক্তিপরায়ণা মীরাবাঈ ভালবাসার মধ্য দিয়া ভগবান প্রাপ্তির পথ প্রদর্শন করিয়াছিলেন। ব্রজভাষায় গানের মাধ্যমে তিনি রাধাকৃষ্ণের উপাসনা করিতেন। তাঁহার অসংখ্য কৃষ্ণপ্রেম গান কেবল শ্রীকৃষ্ণের উপাসনার ব্যাপক প্রচার করিয়াছিল এমন নহে, হিন্দী সাহিত্যের উৎকর্ষসাধন এবং হিন্দু-মুসলমান সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতিরও সৃষ্টি করিয়াছিল। মীরাবাঈ ছিলেন শাক্ত মেবার রাজবংশের রাণা কুম্ভের সহধর্মিণী। ফলে রাজপরিবারের সহিত ধর্ম-বিষয়ে মনোমালিন্যের ফলে রাজপ্রাসাদ ত্যাগ করেন এবং তীর্থপর্যটনকালে দ্বারকায় দেহত্যাগ করেন।

নামদেব, রামানন্দ, কবীর, নানক, শ্রীচৈতন্য, মীরাবাঈ সেই যুগে হিন্দু ও মুসলমান সমাজ ও ধর্মের মধ্যে যে বিভেদের প্রাচীর ছিল তাহা ভাঙ্গিয়া দিয়া সর্বধর্ম সমন্বয়ের পথপ্রদর্শন করিয়াছিলেন।

সর্বধর্ম সমন্বয়

***সাহিত্য ও শিল্প* (Literature and Art) :** সুলতানী আমলে আর্‌বী, ফার্‌সী এবং ভারতের বিভিন্ন অঞ্চলের আঞ্চলিক ভাষা ও সাহিত্যের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। ইহা ভিন্ন, ইতিহাস-গ্রন্থ, জীবনস্মৃতি প্রভৃতিও রচিত হইয়াছিল।

ফার্‌সী ভাষায় শ্রেষ্ঠ কবি ছিলেন আমীর খস্রু। জিয়াউদ্দিন বর্‌ণী ছিলেন সে-যুগের শ্রেষ্ঠ ঐতিহাসিক। সুলতানী আমলের পূর্বেই অল্‌বিরুণী সংস্কৃত সাহিত্য, দর্শন ও ধর্মশাস্ত্র পাঠ করিয়া ভারতীয় সংস্কৃতি ও ধর্মের সহিত পরিচিত হইয়াছিলেন। তিনি ভারতবর্ষ সম্পর্কে একটি ঐতিহাসিক গ্রন্থ লিখিয়া গিয়াছিলেন। তাঁহার পদাঙ্ক পরবর্তীকালে—সুলতানী আমলে অনুসৃত হইয়াছিল। মিন্‌হাজ-উস্‌-সিরাজও সে-যুগের ঐতিহাসিক গ্রন্থ রচনা করিয়াছিলেন। বিদেশী পর্যটক ইব্‌ন্‌-বতুতার বর্ণনায় সে-যুগের অনেক তথ্য পাওয়া যায়।

আর্‌বী ও ফার্‌সী সাহিত্য

হিন্দী সাহিত্যিকদের মধ্যে চাঁদ বর্‌দৈ, রামানন্দ, কবীর, জগনায়ক, গোরখনাথ প্রভৃতির নাম উল্লেখযোগ্য। রাধাকৃষ্ণের ভক্তি ও প্রেম সম্পর্কে ব্রজভাষায় বহু গীত সেই যুগে রচিত হইয়াছিল। ফার্‌সী ও হিন্দী ভাষা ভিন্ন হিন্দী ও ফার্‌সীর সংমিশ্রণে উর্দু ভাষারও উদ্ভব সে-যুগেই ঘটিয়াছিল।

হিন্দী সাহিত্য

সুলতানী আমলে প্রাদেশিক ভাষাগুলির মধ্যে বাংলাভাষার সর্বাধিক উন্নতি ঘটিয়াছিল। হুসেন শাহ্‌ ও তাঁহার পুত্র নুসরৎ শাহ্‌ এবং তাঁহাদের উচ্চপদস্থ কর্মচারিগণ—পরাগল খাঁ, ছুটি খাঁ প্রভৃতির পৃষ্ঠপোষকতা এ-বিষয়ে খুবই সহায়ক হইয়াছিল। বিদ্যাপতি, চণ্ডীদাস, মালাধর বসু, পরমেশ্বর কবীন্দ্র প্রভৃতি তখন তাঁহাদের সাহিত্য-সাধনা দ্বারা বাংলা ভাষা ও সাহিত্যের যথেষ্ট উন্নতিসাধন করিয়া গিয়াছিলেন। বিজয়গুপ্তের মনসামঙ্গল, মালিক জয়সীর পদ্মাবৎ কাব্য প্রভৃতিও ঐ যুগে রচিত হইয়াছিল। শ্রীকর নন্দী মহাভারতের কতকাংশ বাংলায় অনুবাদ করিয়াছিলেন। হুসেন শাহ্‌, নুসরৎ শাহ্‌, পরাগল খাঁ, ছুটি খাঁ প্রভৃতি সুলতান ও পদস্থ রাজকর্মচারীদের পৃষ্ঠপোষকতায় বাংলা সাহিত্য সমৃদ্ধ হইয়া উঠিয়াছিল। রূপ গোস্বামী ছিলেন হুসেন শাহের মন্ত্রী। তিনি ও তাঁহার ভ্রাতা সনাতন গোস্বামী সংস্কৃত গ্রন্থাদি রচনা করিয়া সে-যুগের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ করিয়া তুলিয়াছিলেন।

বাংলা ভাষা ও সাহিত্য

বৈষ্ণব পদাবলী, মহাকাব্য প্রভৃতি

পাঞ্জাবী ভাষা, মারাঠী সাহিত্য প্রভৃতিরও সে-যুগে যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। কাশ্মীরের সুলতান জৈনুল আবিদিনের পৃষ্ঠপোষকতায় তথাকার আঞ্চলিক ভাষা ও সাহিত্যের উন্নতি ঘটিয়াছিল। তাঁহার আদেশে আর্‌বী ও ফার্‌সী গ্রন্থাদির হিন্দী অনুবাদ এবং হিন্দী ও কাশ্মীরী গ্রন্থাদির আর্‌বী ও ফার্‌সী অনুবাদ করা হইয়াছিল।

পাঞ্জাবী, মারাঠী, কাশ্মীরী ভাষা ও সাহিত্য


শিল্পের ক্ষেত্রে সুলতানী যুগের উল্লেখযোগ্য অবদান রহিয়াছে। সমাজ ও সংস্কৃতিতে হিন্দু ও মুসলমান সমাজের পারস্পরিক সৌহার্দ্য ও প্রীতির সুফল সে-যুগের স্থাপত্য শিল্পেও প্রকাশলাভ করিয়াছিল। হিন্দু ও ইস্‌লামীয় স্থাপত্য শিল্পের এক অভূতপূর্ব সংমিশ্রণ সে-যুগে দেখা গিয়াছিল। 'কুতবমিনার', 'আলাই দরওয়াজা', 'জমায়েতখানা মসজিদ', 'ফিরোজ শাহের সমাধি-সৌধ' প্রভৃতি দিল্লীর স্থাপত্য নিদর্শনগুলি সে-যুগের স্থাপত্য শিল্পের উৎকর্ষের চমৎকার সাক্ষ্য বহন করিতেছে। দিল্লী ভিন্ন জৌনপুর, গুজরাট, বাংলাদেশ প্রভৃতি অঞ্চলেও স্থানীয় বৈশিষ্ট্য-সমন্বিত স্থাপত্য কৌশল প্রকাশলাভ করিয়াছিল। জৌনপুরের প্রাসাদ, মসজিদ প্রভৃতিতে হিন্দু স্থাপত্য রীতির প্রভাব সুস্পষ্ট রহিয়াছে। জৌনপুরের অতাল মসজিদ, গুজরাটের মাফিজ মসজিদ প্রভৃতি সে-যুগের স্থাপত্য শিল্পের চমৎকার নিদর্শন। বহু স্থানে প্রাচীন হিন্দু মঠ, মন্দির প্রভৃতির সামান্য পরিবর্ত্তনসাধন করিয়া মসজিদ নির্মাণ করা হইয়াছিল। এগুলিতে স্বভাবতই হিন্দু ও মুসলমান স্থাপত্য কৌশলের সংমিশ্রণ দেখা যায়। বাংলাদেশের গৌড় ও পাণ্ডুয়ার স্থাপত্য নিদর্শনগুলি আজিও দর্শকের বিস্ময়ের সৃষ্টি করিয়া থাকে। বাংলাদেশের স্থাপত্য শিল্পে ইটের ব্যবহার দেখা যায়। অন্যান্য স্থানে ইট অপেক্ষা পাথরেরই প্রাধান্য পরিলক্ষিত হয়। গৌড়ের ছোট ও বড় সোনা মসজিদ, গৌড়ের দাখিল দরওয়াজা, কদম রসুল, তাঁতিপাড়া মসজিদ প্রভৃতি এখনও সে-যুগের শিল্পকলার নিদর্শন হিসাবে টিকিয়া আছে।

শিল্প: হিন্দু ও মুসলমান স্থাপত্য রীতির অপূর্ব সংমিশ্রণ (Indo-Saracenic art)


দিল্লী

জৌনপুর, গুজরাট, বাংলাদেশ


বাংলাদেশের গৌড় ও পাণ্ডুয়া



ফিরোজ শাহের সমাধ-সৌধ (দিল্লী)



অতাল মসজিদ



গৌড়ের দাখিল দরওয়াজা

***সমাজ ও অর্থনীতি* (Society and Economy):** সুলতানী আমলে ভারতের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে জিয়াউদ্দিন বরণী, মিন্‌হাজ-উস্‌-সিরাজ, আমীর খস্রু প্রভৃতি রচয়িতার রচনা হইতে নানাবিধ তথ্য পাওয়া যায়। ইহা ভিন্ন, বিদেশী ভ্রমণকারী—যথা, ইব্‌ন্‌-বতুতা, মাহুয়ান, নিকোলো কন্টি, এথেনিসিয়াস নিকিতিন, পায়েজ, নুনিজ প্রভৃতির বিবরণে সে-যুগের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার বর্ণনা পাওয়া যায়।

বিদেশী পর্যটক ও লেখকদের বর্ণনা

সুলতানী আমলে সমাজের সর্বোচ্চে ছিলেন সুলতান স্বয়ং। তারপর স্থান ছিল অভিজাতশ্রেণীভুক্ত মালিক ও আমীর-ওমরাহ্‌দের। মধ্যবিত্তশ্রেণী বলিতে সাধারণ রাজকর্মচারী এবং ব্যবসায়ী ও বণিকদের বুঝাইত। ইহাদের নিম্ন স্তরে ছিল কৃষক ও শ্রমিক সম্প্রদায়। মালিক ও আমীর-ওমরাহ্‌গণ সামাজিক সম্মান ও প্রতিপত্তির অধিকারী ছিলেন। দেশের সর্বাধিক পরিমাণ ভূ-সম্পত্তি ও ধনদৌলত তাঁহাদের হস্তে ছিল। মধ্যবিত্ত সম্প্রদায়ের মধ্যে খুব অল্প সংখ্যকেরই অভিজাতশ্রেণীর মত অর্থ ও ধনসম্পদ ছিল। ধনদৌলত ভোগের সঙ্গে সঙ্গে নানা প্রকার কু-অভ্যাস, মদ্যপান, ব্যভিচার প্রভৃতি অভিজাতসম্প্রদায়ে এবং অভিজাতসম্প্রদায়ের সমকক্ষ কয়েকটি বণিক পরিবারেও দেখা দিয়াছিল। কিন্তু মধ্যবিত্ত, কৃষক ও শ্রমিক সম্প্রদায় এই সকল দোষত্রুটি হইতে মুক্ত ছিল। মুসলমান রাজত্ব শুরু হওয়ার সঙ্গে সঙ্গে নারীজাতির অধিকার নানাভাবে সঙ্কুচিত হইয়াছিল। পর্দাপ্রথার প্রবর্তন, পরিবারের বাহিরে শিক্ষা বা সাংস্কৃতিক কার্যকলাপে অংশগ্রহণ না করা প্রভৃতি তখনকার হিন্দু সমাজে চালু হইয়াছিল। সেই যুগে সতীদাহ প্রথা প্রচলিত ছিল। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যেই নানা প্রকার কুসংস্কার ছিল।

সুলতান, অভিজাত-শ্রেণী, মধ্যবিত্তশ্রেণী, কৃষক ও শ্রমজীবী

নারীজাতির অধিকার সঙ্কুচিত

কৃষি ও শ্রমশিল্প ছিল সে-যুগের প্রধান উপজীবিকা। ব্যবসায়-বাণিজ্যের মাধ্যমেও বহু লোক জীবিকার্জন করিত। গ্রাম ছিল তখনকার অর্থনৈতিক কাঠামোর মূল ভিত্তি। কৃষি ও শিল্পের উন্নতির ফলেই তখন পর্যাপ্ত পরিমাণে ধনদৌলত দেশে সঞ্চিত হইয়াছিল। অবশ্য এই ধনদৌলতের অতি সামান্য অংশই যাহারা প্রকৃত উৎপাদনকারী তাহাদের হাতে থাকিত। অত্যধিক করভার, রাজস্বের পরিমাণ ভিন্ন নানা প্রকার অবৈধ কর প্রভৃতির চাপে জনসাধারণের অবস্থা খুব ভাল ছিল না। যে-বৎসর ফসল হইত না সেই বৎসর তাহাদিগকে খুবই দুর্দশায় কাটাইতে হইত। মোটামুটিভাবে খাওয়া-পরার অভাব না হইলেও কৃষক ও শ্রমিকদের অবস্থা ভাল ছিল একথা বলা যায় না। তাহাদের শীতবস্ত্র বা জুতা প্রভৃতি ব্যবহারের সঙ্গতি ছিল না। আমীর খস্রু বলিয়াছেন যে, দরিদ্র কৃষকদের রক্ত-বিগলিত অশ্রু যেন জমাট বাঁধিয়া সুলতানের মুকুটের মণিমুক্তায় পরিণত হইয়াছে—অর্থাৎ গরীবদের শোষণ করিয়াই সুলতান ও অভিজাতশ্রেণীর অর্থ ও ঐশ্বর্য সঞ্চিত হইয়াছিল।

কৃষি

শিল্পের মধ্যে কাগজ, কাপড়, মদ, চিনি, জুতা, গন্ধদ্রব্য প্রভৃতি প্রচুর পরিমাণে উৎপন্ন হইত। রেশম ও পশমের বস্ত্রাদিও যথেষ্ট পরিমাণে উৎপন্ন হইত। বাংলাদেশ ও গুজরাট সূক্ষ্ম কার্পাস বস্ত্রের জন্য প্রসিদ্ধ ছিল। বিদেশী পর্যটকগণ বাংলাদেশের সমৃদ্ধির কথা বিশেষভাবে উল্লেখ করিয়া গিয়াছেন। কৃষিজাত দ্রব্যাদি, নানা প্রকার বস্ত্র, নীল, আফিং প্রভৃতি বিদেশে রপ্তানী করা হইত। বিদেশ হইতে ঘোড়া, ক্রীতদাস, খচ্চর এবং নানা প্রকার বিলাসসামগ্রী আমদানী করা হইত। সেই সময়ে জিনিসপত্রের দাম অত্যন্ত কম ছিল। ইব্‌ন্-বতুতা বলিয়াছেন যে, পৃথিবীর অপর কোন স্থানেই এত সস্তায় জিনিসপত্র তিনি দেখিতে পান নাই।

শিল্প

হিন্দু প্রজাদের উপর সে-যুগে নানা প্রকার অবিচার করা হইত। তাহাদিগকে জিজিয়া কর, তীর্থ কর প্রভৃতি দিতে হইত। উৎপন্ন ফসলের অর্ধেক তাহাদিগকে রাজস্ব হিসাবে দিতে হইত। আলাউদ্দিনের আমলে হিন্দুদের আর্থিক অবস্থা শোচনীয় হইয়া উঠিয়াছিল।

হিন্দুদের অবস্থা

দক্ষিণ-ভারতের বিজয়নগর সাম্রাজ্যে জনসাধারণের অবস্থা খুবই উন্নত ছিল সেই কথা আব্দুর্রজাক, নিকোলো কন্টি, পায়েজ, স্থনিজ প্রভৃতি বিদেশী পর্যটকের বর্ণনা হইতে জানিতে পারা যায়।

বিংশ অধ্যায়

মোগল সাম্রাজ্যের সূচনা : মোগল-আফগান দ্বন্দ্ব

(Establishment of the Mughal Empire : Mughal-Afghan Contest)

***মোগল জাতি* (The Mughals) :** 'মোগল' বা 'মুঘল' কথাটি 'মোঙ্গল' শব্দ হইতে উদ্ভূত। মধ্য-এশিয়ার—বর্তমান মোঙ্গলিয়ায় মোঙ্গল জাতির আদি বাসভূমি ছিল। এই মোঙ্গল জাতিই ভারতীয় মোগল বংশের পূর্বপুরুষ। মোঙ্গল জাতি কতকগুলি উপদলে বিভক্ত ছিল। এই সকল উপদলের প্রধান উপজীবিকা ছিল মৃগয়া ও পশুপালন। ক্রমে মোঙ্গল জাতির বিভিন্ন দল-উপদলের মধ্যে একটি অত্যন্ত শক্তিশালী হইয়া উঠে। ইহার নেতা বা দলপতি ছিলেন ইয়েসুকাই। তাঁহার পুত্র তেমুচিন ছিলেন অসাধারণ বীর। তিনি তাতার জাতিকে পরাজিত করিয়া এবং মোঙ্গল উপদলগুলিকে সঙ্ঘবদ্ধ করিয়া এক অতিশয় শক্তিশালী নেতা হইয়া উঠেন। তাঁহার অসীম সাহস ও সংগঠনী শক্তির পরিচয় পাইয়া মোঙ্গল জাতির বিভিন্ন দলের দলপতিগণ তাঁহাকে তাঁহাদের সর্বোচ্চ নেতা বা 'খান' বলিয়া স্বীকার করেন (১২০৬ খ্রীঃ)। তেমুচিন ছিলেন অসীম শক্তিশালী পুরুষ। সেইজন্য তাঁহার নূতন নাম হয় 'চিঙ্গিস্' বা 'জিঙ্গিজ' খাঁ। 'চিঙ্গিস্' বা

আদি পরিচয়

'জিঙ্গিজ' কথাটির অর্থ হইল 'অসাধারণ শক্তিশালী'। এই চিঙ্গিস্ খাঁ ক্রমে পশ্চিম-এশিয়া অঞ্চলে এক ভীতির সৃষ্টি করেন। তাঁহার নেতৃত্বাধীনে মোঙ্গল জাতি এক দুর্ধর্ষ শক্তি লইয়া রাজ্যজয়ে প্রবৃত্ত হয়। খোয়ারজম্ বা খারিজম্ রাজ্যের শাহ্ জালালউদ্দিন মোঙ্গল জাতি কর্তৃক আক্রান্ত হইয়া নিজ রাজধানী খিবা হইতে পলায়ন করেন। তিনি ভারতে আসিয়া ইল্‌তুৎমিসের আশ্রয়প্রার্থী হইলে চিঙ্গিস্ খাঁ তাঁহার পশ্চাদ্ধাবন করিয়া সিন্ধুদেশের সীমায় আসিয়া উপস্থিত হন। সুচতুর ইল্‌তুৎমিস্ এই পরিস্থিতিতে খারিজমের শাহ্‌কে আশ্রয় দিতে অস্বীকার করেন। কারণ, তাঁহাকে আশ্রয়দানের অর্থই ছিল চিঙ্গিস্ খাঁর বিরাগভাজন হওয়া। ফলে তাঁহাকে ভারত ত্যাগ করিতে হয়। সঙ্গে সঙ্গে চিঙ্গিস্ খাঁও সিন্ধুদেশের সীমা ত্যাগ করিয়া যান। চিঙ্গিস্ খাঁ ভারত আক্রমণ না করিলেও চীন হইতে রাশিয়া এবং সাইবেরিয়া হইতে জর্জিয়া পর্যন্ত এক বিশাল ভূভাগে নিজ অধিকার বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন।

চিঙ্গিস্ খাঁ

চিঙ্গিস্ খাঁর মৃত্যুর পর তাঁহার সাম্রাজ্য কতকগুলি ক্ষুদ্র অংশে বিভক্ত হইয়া পড়ে। তাঁহার দ্বিতীয় পুত্র চাঘ্‌তাই-এর ভাগে পড়ে মধ্য-এশিয়া। চাঘ্‌তাই-এর বংশধরগণও এই অঞ্চলে রাজত্ব করেন। এইজন্য রাজ্যটির নাম হয় চাঘ্‌তাই রাজ্য এবং উহার অধিবাসী তুর্কীগণ চাঘ্‌তাই তুর্কী নামে পরিচিত হয়। কিন্তু পরে মধ্য-এশিয়ার চাঘ্‌তাই রাজ্যটি দুই ভাগে বিভক্ত হইয়া যায়। পশ্চিম অংশে তাতার জাতির সংখ্যাধিক্য ছিল। ক্রমে সেই অঞ্চলের তাতার জাতির ও মোঙ্গলদের মধ্যে বিবাহাদি সম্বন্ধের মাধ্যমে সম্পূর্ণ সংমিশ্রণ ঘটে। এই অংশের মোঙ্গল-তাতার জাতি হইতে তৈমুরলঙ্গের উদ্ভব ঘটিয়াছিল। তিনি ১৩৯৮ খ্রীষ্টাব্দে ভারত আক্রমণ করিয়া দিল্লী লুণ্ঠন করিয়াছিলেন সেই কথা পূর্বেই আলোচনা করা হইয়াছে।

চাঘ্‌তাই মোগল জাতি

তৈমুরলঙ্গ

চিঙ্গিস্ খাঁ সিন্ধুদেশের সীমা পর্যন্ত অগ্রসর হইলেও তিনি ভারত আক্রমণ করেন নাই। তৈমুরই ছিলেন প্রথম মোঙ্গল নেতা* যিনি দিল্লী পর্যন্ত প্রবেশ করিয়াছিলেন।

* তৈমুর মোঙ্গল-তাতার বংশ সম্ভূত হইলেও এবং পিতৃপুরুষের দিক হইতে বিচার করিলে তাতার —অর্থাৎ তুর্কী বলিয়া অভিহিত হইবার যুক্তি থাকিলেও ভারত-ইতিহাসে তিনি এবং তাঁহার বংশধরগণ মোঙ্গল বা মোগল বলিয়াই পরিচিত। পিতার দিক দিয়া তৈমুরের বংশধর হইলেও বাবর ও তাঁহার বংশধরগণও নিজেদের 'তুর্কী' না বলিয়া 'মোগল' বলিয়াই পরিচয় দিতেন। তুর্কী ও মোঙ্গল রক্তের মধ্যে মোঙ্গল রক্তের প্রাধান্যের জন্য এরূপ ঘটিয়াছিল, বলা বাহুল্য। এই কারণে ভারত-ইতিহাসে 'তৈমুরে'র বংশধরগণ 'মোগল' নামেই অভিহিত হইয়া থাকেন। হঠাৎ মোঙ্গল বংশকে তুর্কীবংশ বলিলে বা Akbar the Great Mughal না বলিয়া Akbar the Great Turk বলিলে কেবল বিভ্রান্তিরই সৃষ্টি হইবে। এই সকল যুক্তির পরিপ্রেক্ষিতে তৈমুরকে মোঙ্গল বলিয়া অভিহিত করিলে যে ভুল হইবে না তাহা নিম্নলিখিত পুস্তকের উল্লিখিত স্থান পাঠ করিলেও বুঝিতে পারা যাইবে।

Lane Poole's *Mohammadan Dynasty,* p. 562.

E. De Zambaur : *Manual De Genealogie et De Chronologie,* p. 269.

জাফরনামা-(ফারসী ভাষায় রচিত) প্রথম খণ্ডের ১০ পৃষ্ঠা।

An Advanced History, p. 425, also fn.

তাঁহার পূর্বে মোঙ্গল অভিযান পাঞ্জাবে এবং কোন কোন বার দিল্লীর উপকণ্ঠ পর্যন্ত পৌঁছিয়াছিল। সুলতানী রাজধানী দিল্লীতে তৈমুরলঙ্গই প্রথম প্রবেশ করেন। তাঁহারই বংশধর দিল্লীতে মোঙ্গল বা মোগল রাজত্বের প্রতিষ্ঠা করিয়াছিলেন।

মোঙ্গলদের দিল্লী প্রবেশ

বাবর (Babur) : বাবরের আসল নাম ছিল জহিরউদ্দিন মহম্মদ। পিতার দিক দিয়া তিনি তৈমুরের এবং মাতার দিক দিয়া চিঙ্গিস্ খাঁর বংশধর ছিলেন। এই দুই দুর্ধর্ষ বীরের রক্ত তাঁহার শিরায় প্রবাহিত ছিল। সুতরাং তিনিও একজন বীর হইবেন ইহাতে আশ্চর্য হইবার কিছু নাই। মোঙ্গল বংশধর হিসাবে তিনি নিজেকে মোঙ্গল বা মোগল বলিয়া পরিচয় দিতেন। এইজন্য তিনি ভারতে যে-রাজবংশের প্রতিষ্ঠা করিয়াছিলেন উহা 'মোঙ্গল' বা 'মোগল' বা 'মুঘল' বংশ নামে পরিচিত।

বংশ-পরিচয়


বাবর

তুর্কীস্তানের ফর্ঘনা নামক ক্ষুদ্র রাজ্যের আমীর ছিলেন বাবরের পিতা। তাঁহার নাম ছিল ওমর শেখ্। বাবর মাত্র এগার বৎসর বয়সে পিতাকে হারান। ফলে রাজ্যের শাসনভার তাঁহারই উপর ন্যস্ত হয়। অল্পবয়স্ক বালক সিংহাসন-লাভ করিলে আত্মীয়স্বজনের অনেকেই নিজ নিজ স্বার্থসিদ্ধির জন্য উঠিয়া-পড়িয়া লাগিলেন। কিন্তু বাবর ছিলেন প্রতিভাবান ব্যক্তি। 'বাবর' কথাটির অর্থ হইল সিংহ। বাবর প্রকৃতই পুরুষ-সিংহ ছিলেন। অল্পবয়স্ক বালক হইলেও তিনি শাসনকার্যে নিজ দক্ষতার পরিচয় দিলেন। তিনি নিজ পূর্বপুরুষ তৈমুরের রাজধানী সমরখন্দ নিজ অধিকারে আনিয়া পুনরায় এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তোলার স্বপ্ন দেখিতেন। সেই সময়ে সমরখন্দে অন্তর্যুদ্ধ দেখা দিলে সুযোগ বুঝিয়া বাবর সমরখন্দ জয় করিয়া লইলেন। তখন তাঁহার বয়স মাত্র চৌদ্দ বৎসর। তিনি যখন সমরখন্দে তখন ফর্ঘনা রাজ্যে তাঁহার আত্মীয়েরা বিদ্রোহী হইয়া উঠিলেন। বাবর সমরখন্দ ত্যাগ করিয়া ফর্ঘনা যাত্রা করিলে তথাকার উজ্বেক সর্দার সাহেবানী খাঁ সমরখন্দ দখল করিয়া লইলেন। এদিকে ফর্ঘনা রাজ্য হইতেও বাবর বিতাড়িত হইলেন। ফলে তিনি নিজ রাজ্য এবং বিজিত রাজ্য উভয়ই হারাইয়া ভাগ্য-বিড়ম্বিতের ন্যায় কিছুকাল সুযোগের অপেক্ষায় এবং

ফর্ঘনার সিংহাসনলাভ

সমরখন্দ জয়

সমরখন্দ ও ফর্ঘনা হইতে বিতাড়িত

আশ্রয়ের সন্ধানে স্থান হইতে স্থানান্তরে ঘুরিতে লাগিলেন। জীবনের প্রথমভাগে এই ভাগ্য-বিড়ম্বনার ফলে বাবরকে যে দুঃখ-দুর্দশার সহিত যুঝিয়া চলিতে হইয়াছিল সেই অভিজ্ঞতা বাবরের পরবর্তী জীবনে কাজে লাগিয়াছিল। এই সময়ে কাবুল রাজ্যের শাসনব্যবস্থায় দুর্বলতা দেখা দিলে তিনি অতি অল্প সংখ্যক অনুচর লইয়া কাবুল দখল করিলেন। কাবুলের আমীর-পদে নিজেকে সুপ্রতিষ্ঠিত করিয়াই বাবর হিন্দুস্তান জয়ের কল্পনা করিতে লাগিলেন।

কাবুল অধিকার

এদিকে দিল্লী সুলতানির তখন খুবই দুর্দিন উপস্থিত হইয়াছে। সুলতান ইব্রাহিম লোদীর অত্যাচারী শাসনে তাঁহার ঘনিষ্ঠ আত্মীয়েরাও তাঁহার শত্রু হইয়া উঠিয়াছিলেন। পাঞ্জাবের শাসনকর্তা দৌলত খাঁ লোদী এবং ইব্রাহিম লোদীর পিতৃব্য আলম খাঁ লোদী দিল্লীর সিংহাসন অধিকার করিবার উদ্দেশ্যে বাবরের সাহায্য প্রার্থনা করেন। সুযোগ আপনা হইতেই আসিয়াছে দেখিয়া বাবর তাঁহাদের আমন্ত্রণ সানন্দে গ্রহণ করিলেন। ১৫২৫ খ্রীষ্টাব্দে বাবর সসৈন্যে ভারতে প্রবেশ করিয়া লাহোর অধিকার করিলেন। দৌলত খাঁ ও আলম খাঁ মনে করিয়াছিলেন যে, বাবর তাঁহাদের সাহায্য করিয়াই সন্তুষ্ট থাকিবেন কিন্তু বাবর নিজ ইচ্ছামত দেশজয়ে প্রবৃত্ত হইয়াছেন দেখিয়া তাঁহাদের ভুল ভাঙ্গিল। তাঁহারা বাবরের বিরুদ্ধে অস্ত্রধারণ করিলেন। বাধ্য হইয়া বাবর সেইবার কাবুলে ফিরিয়া গেলেন। পর বৎসর (১৫২৬ খ্রীঃ) তিনি কামান, বন্দুক ও বার হাজার সৈন্য লইয়া দিল্লীর দিকে অগ্রসর হইলেন। ইব্রাহিম লোদী দেশরক্ষার জন্য পাণিপথের প্রান্তরে এক লক্ষ সৈন্য লইয়া বাবরকে বাধাদান করিলেন। দুই পক্ষে তুমুল যুদ্ধ হইল। বাবর তাঁহার কামান ও বন্দুকের সাহায্যে ইব্রাহিম লোদীর বিশাল বাহিনীকে সহজেই পরাজিত করিলেন। ইব্রাহিম লোদীর সৈন্যসংখ্যার সহিত বাবর আঁটিয়া উঠিতে পারিতেন কি না সন্দেহ। কিন্তু বাবরের কামান ও বন্দুকের আক্রমণ প্রতিহত করিবার মত কোনপ্রকার অস্ত্র ইব্রাহিম লোদীর ছিল না। পাণিপথের প্রান্তরে ইব্রাহিম লোদী যুদ্ধ করিয়া প্রাণ দিলেন। বাবর দিল্লী ও আগ্রা দখল করিয়া ভারতে মোগল রাজত্বের সূচনা করিলেন। এই যুদ্ধ পাণিপথের প্রথম যুদ্ধ নামে পরিচিত। এই যুদ্ধে পরাজয়ের সঙ্গে সঙ্গে দিল্লী সুলতানির অবসান ঘটিল (১৫২৬ খ্রীঃ)।

দৌলত খাঁ ও আলম খাঁ লোদীর আমন্ত্রণ

বাবরের ভারত আক্রমণ (১৫২৫ খ্রীঃ)

পাণিপথের প্রথম যুদ্ধ (১৫২৬ খ্রীঃ) : ইহার গুরুত্ব

বাবর যখন ভারতে মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন তখন ভারতে পাঁচটি মুসলমান ও দুইটি হিন্দু রাজ্য ছিল। মুসলমান রাজ্যগুলি হইল : বাংলা-বিহার অঞ্চলের আফগান রাজ্য, মালব, গুজরাট, বহ্মনী ও দিল্লীর সুলতানী রাজ্য। হিন্দু রাজ্য দুইটি হইল : মেবার ও বিজয়নগর। পাণিপথের প্রথম যুদ্ধে বাবর দিল্লী সুলতানির অবসান ঘটাইয়াছিলেন। কিন্তু মেবারের রাজপুত রাজ্য ও বাংলা-বিহারের আফগান রাজ্য সর্বাপেক্ষা প্রবল প্রতিদ্বন্দ্বী হিসাবে তখনও বাবরের ভীতির সৃষ্টি করিতেছিল। বাবর তাঁহার জ্যেষ্ঠ পুত্র

বাবরের প্রতিদ্বন্দ্বিগণ

হুমায়ুনকে আফগানদের বিরুদ্ধে প্রেরণ করিলেন। কয়েক মাসের মধ্যেই এটক হইতে বিহারের সীমা পর্যন্ত যাবতীয় অঞ্চলের আফগান নেতৃবৃন্দ বাবরের প্রভুত্ব স্বীকার করিয়া লইতে বাধ্য হইলেন। তারপর বাবর রাজপুত বীর মেবারের রাণা সংগ্রাম সিংহের (রাণা সঙ্গ) বিরুদ্ধে অগ্রসর হইলেন। দিল্লী স্থলতানির পতনের পর রাণা সংগ্রাম সিংহ ভারতে রাজপুত সাম্রাজ্য স্থাপনের সঙ্কল্প করিয়াছিলেন। রাণা সংগ্রাম সিংহ বহু যুদ্ধক্ষেত্রে ইতিপূর্বেই তাঁহার বীরত্বের পরিচয় দিয়াছিলেন। তিনি বাবরকে দিল্লী হইতে বিতাড়িত করিতে অগ্রসর হইলেন। উভয় পক্ষের মধ্যে খানুয়ার যুদ্ধক্ষেত্রে এক ভীষণ যুদ্ধ হইল (১৫২৭ খ্রীঃ)। এই যুদ্ধে রাজপুত বীর রাণা সংগ্রাম সিংহ বাবরের হস্তে পরাজিত হইলেন। এই পরাজয়ের কিছুকাল পরেই রাণা সংগ্রাম সিংহের মৃত্যু হইল। খানুয়ার যুদ্ধে জয়লাভ করিবার ফলে বাবর তদানীন্তন সর্বাধিক শক্তিশালী প্রতিদ্বন্দ্বিতা হইতে রক্ষা পাইলেন। তাঁহার নব-বিজিত দিল্লীর বাদশাহিও সুদৃঢ় হইল। ইহার পরই বাবর চন্দেরী দুর্গটি জয় করিয়া তাঁহার সাম্রাজ্যের সামরিক নিরাপত্তা বৃদ্ধি করিলেন।

রাণা সংগ্রাম সিংহ : খানুয়ার যুদ্ধ (১৫২৭ খ্রীঃ)

ইতিমধ্যে বাংলা ও বিহারের আফগান নেতৃবৃন্দ পুনরায় সঙ্ঘবদ্ধ হইয়া উঠিলে বাবর তাঁহাদের বিরুদ্ধে অস্ত্রধারণ করিতে বাধ্য হইলেন। গোগ্‌রার যুদ্ধে তিনি এই সঙ্ঘবদ্ধ আফগান শক্তিকে পরাজিত করিয়া বাংলাদেশের সীমা পর্যন্ত নিজ রাজ্য বিস্তার করিলেন। বাবর যুদ্ধ জয় করিয়া যে বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন উহাকে আভ্যন্তরীণ ক্ষেত্রে এবং শাসনব্যবস্থার দিক হইতে সুদৃঢ় করিয়া যাইবার অবকাশ তিনি পান নাই। গোগ্‌রার যুদ্ধের পরই, মাত্র চারি বৎসর রাজত্ব করিয়া, তিনি অপেক্ষাকৃত অল্প বয়সেই মৃত্যুমুখে পতিত হইলেন (২৬শে ডিসেম্বর, ১৫৩০ খ্রীঃ)। তাঁহার বয়স তখন মাত্র ৪৭ বৎসর।

গোগ্‌রার যুদ্ধ

বাবরের মৃত্যু (১৫৩০ খ্রীঃ)

বাবর কেবলমাত্র বীর যোদ্ধা হিসাবেই নিজের পরিচয় রাখিয়া যান নাই। অসামান্য কর্মশক্তি, অপরিসীম উদ্যম, ধৈর্য এবং অনন্যসাধারণ বুদ্ধিমত্তার পরিচয়ও তিনি দিয়াছিলেন। তাঁহার দৈহিক শক্তি ছিল অসাধারণ। অশ্বচালনা, মৃগয়া, সন্তরণ প্রভৃতি দৈহিক শ্রমের কাজে তিনি খুব আনন্দ পাইতেন। নিজের উপর তাঁহার খুবই বিশ্বাস ছিল। জীবনের সর্বাপেক্ষা সঙ্কটাপন্ন মুহূর্তেও তিনি আত্মপ্রত্যয় বা উচ্চাকাঙ্ক্ষা ত্যাগ করেন নাই। সামরিক সংগঠনকার্যে তিনি খুব পারদর্শী ছিলেন। সৈন্যবাহিনীর মধ্যে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা যাহাতে বজায় থাকে এবং তাহারা যাহাতে কোন বিজিত স্থানের লোকদের উপর কোনপ্রকার অন্যায় আচরণ করিতে না পারে সেদিকে বাবর তীক্ষ্ণ দৃষ্টি রাখিতেন। তুর্কী ও ফারসী ভাষায় বাবরের যথেষ্ট ব্যুৎপত্তি জন্মিয়াছিল। তিনি নিজে তাঁহার জীবনস্মৃতি রচনা করিয়াছিলেন। বাবর বীর যোদ্ধা হইলেও তাঁহার হৃদয়

তাঁহার চরিত্র

ছিল শিশুর ন্যায় কোমল। তাঁহার বন্ধুপ্রীতি ও সন্তানের প্রতি স্নেহ সম্পর্কে নানা প্রকার কাহিনী আছে। একবার তাঁহার এক বাল্যবন্ধুর মৃত্যু সংবাদ পাইয়া তিনি খুব কাঁদিয়াছিলেন। তাঁহার জ্যেষ্ঠ পুত্র হুমায়ুন একবার অসুস্থ হইলে হকিমগণ তাঁহার জীবনের কোন আশা নাই একথা বলেন। বাবর একজন পীরকে হুমায়ুনের জীবন কিভাবে বাঁচাইতে পারা যাইবে সেই কথা জিজ্ঞাসা করিলে পীর তাঁহাকে তাঁহার সর্বাধিক প্রিয় ও মূল্যবান জিনিসটি ঈশ্বরের নিকট নিবেদন করিতে উপদেশ দিয়াছিলেন। নিজের প্রাণই সর্বাধিক প্রিয় ও মূল্যবান বস্তু, সেইজন্য বাবর ঈশ্বরকে নিজের প্রাণের বিনিময়ে পুত্র হুমায়ুনকে বাঁচাইয়া দিবার জন্য প্রার্থনা করেন। ইহার পর হইতে হুমায়ুন সারিয়া উঠেন আর বাবর ক্রমে অসুস্থ হইয়া পড়েন। সেই অসুস্থতার ফলে শেষ পর্যন্ত তাঁহার মৃত্যু হয়। এই কাহিনীটির সত্যতা সম্পর্কে কোন ঐতিহাসিক প্রমাণ নাই বটে, কিন্তু বাবরের সন্তান-বাৎসল্যের ইহা একটি প্রমাণ বলিয়া গ্রহণ করা অন্যায় হইবে না।

বন্ধুপ্রীতি ও সন্তান-বাৎসল্য

বাবরের জীবনস্মৃতি হইতে তাঁহার আমলের একটি সুন্দর ও নির্ভরযোগ্য বিবরণ পাওয়া যায়। ইতিহাস-সাহিত্যে বাবরের জীবনস্মৃতি একটি অতি মূল্যবান গ্রন্থ। ইহা পৃথিবীর বহু ভাষায় অনূদিত হইয়াছে।

তাঁহার জীবনস্মৃতি

হুমায়ুন, ১৫৩০-৫৬ খ্রীঃ (Humayun) : বাবরের মৃত্যুর পর তাঁহার প্রথম পুত্র হুমায়ুন দিল্লীর বাদশাহ্ হইলেন। বাবর যে বিশাল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করিয়া গিয়াছিলেন উহার ভিত্তি দৃঢ় করিবার অবকাশ তিনি পান নাই ; সুতরাং সেই গুরু দায়িত্ব পড়িল তাঁহার পুত্র হুমায়ুনের উপর।



হুমায়ুন

হুমায়ুনের চরিত্রে পিতার কোন কোন গুণ বর্তাইয়াছিল বটে, কিন্তু বাবরের মত দূরদর্শিতা বা সামরিক প্রতিভা তাঁহার ছিল না। ভ্রাতাদের জন্য হুমায়ুনের উদারতা তাঁহার সাম্রাজ্যের ঐক্য বিনাশের জন্য দায়ী ছিল। মৃত্যুর পূর্বে বাবর হুমায়ুনকে বলিয়া গিয়াছিলেন যে, তিনি যেন নিজের ভাইদের প্রতি সদ্ব্যবহার করেন। হুমায়ুন সিংহাসনে বসিয়াই পিতার শেষ নির্দেশের প্রতি সম্মান প্রদর্শন করিতে গিয়া তাঁহার মধ্যম ভ্রাতা কামরাণকে কাবুল, কান্দাহার ; তৃতীয় ভ্রাতা হিন্দালকে মেওয়াট এবং কনিষ্ঠ ভ্রাতা আস্‌করীকে সম্বল নামক স্থানটি দিয়া দিলেন। কামরাণ কিন্তু ইহাতে সন্তুষ্ট হইলেন

তাঁহার উদারতা ও ভ্রাতৃপ্রীতি

না। তিনি দিল্লীর সিংহাসন অধিকার করিবার জন্য ব্যস্ত হইয়া উঠিলেন এবং পাঞ্জাব, হিসারফিরোজা প্রভৃতি অঞ্চল অধিকার করিয়া লইলেন। হুমায়ুন কামরাণকে সেইজন্য কোনপ্রকার শাস্তি না দিয়া পাঞ্জাব ও হিসারে তাঁহার অধিকার স্বীকার করিয়া লইলেন। এইভাবে মোগল সাম্রাজ্যের ঐক্য বিনাশপ্রাপ্ত হইল।

মোগল সাম্রাজ্যের সংহতিনাশ

বাবর আফগানদের সাময়িকভাবে পরাজিত করিয়াছিলেন বটে, কিন্তু তাহাদিগকে সম্পূর্ণভাবে তিনি দমন করিতে পারেন নাই। হুমায়ুন সিংহাসনে আরোহণ করিবার সঙ্গে সঙ্গে আফগান দলপতিগণ মোগল সাম্রাজ্যের বিরোধিতা শুরু করিলেন। গুজরাটের শাসনকর্তা বাহাদুর শাহ্ বিদ্রোহ ঘোষণা করিয়া রাজপুতদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইলেন। চিতোর তাঁহার হস্তগত হইল। ফলে তাঁহার ক্ষমতা ও প্রতিপত্তি বহুগুণে বাড়িয়া গেল। বাংলা ও বিহারের আফগান দলপতিগণও নিজ নিজ স্বার্থসিদ্ধিতে মনোযোগী হইয়া উঠিলেন। হুমায়ুন প্রথমদিকে আফগানদের বিরুদ্ধে কতক সাফল্যলাভ করিয়াছিলেন। দৌরাহের যুদ্ধে তিনি তাহাদিগকে পরাজিত করিয়াছিলেন। কিন্তু বিহারের আফগান বীর শের খাঁ তখন অত্যন্ত শক্তিশালী হইয়া উঠিয়াছিলেন।

আফগানদের সহিত সংঘর্ষ

মোগল সাম্রাজ্য প্রতিষ্ঠার অনুকূল ঘটনাসমূহ (Circumstances favouring the Foundation of the Mughal Empire): এক সাম্রাজ্যের পর অপর সাম্রাজ্য, এক রাজবংশের পর অপর রাজবংশের উত্থান ইতিহাসের ধারার এক চিরন্তন বৈশিষ্ট্য। দিল্লীর সুলতানী সাম্রাজ্যও এই অমোঘ ঐতিহাসিক তথা প্রাকৃতিক নিয়মেই ধ্বংসপ্রাপ্ত হইল, উহার স্থান পূরণ করিল মোগল সাম্রাজ্য।

ইতিহাসের ধারার চিরন্তন বৈশিষ্ট্য

সুলতানী শাসন যখন ক্রমশ দুর্বল হইয়া পড়িতেছিল সেই সময়ে তৈমুরের ভারত আক্রমণ দিল্লী সুলতানির উপর এক চরম আঘাত হানিল। মহম্মদ-বিন্-তুঘ্লকের আমল হইতে শাসনব্যবস্থায় যে শিথিলতা দেখা দিয়াছিল উহা ক্রমেই বৃদ্ধি পাইয়া এমন অবস্থা হইয়া উঠিয়াছিল যে, কোনপ্রকার সুনির্দিষ্ট ও বলিষ্ঠ শাসনধারা ভারতে বিদ্যমান ছিল না। এই দুর্বলতার সুযোগ লইয়া প্রাদেশিক শাসনকর্তাগণ স্ব স্ব প্রধান হইয়া উঠিলেন। নানা অঞ্চলে কেন্দ্রীয় শাসনের বিরুদ্ধে বিদ্রোহ দেখা দিল। দুর্বলতার এই বহিঃপ্রকাশের পশ্চাতে নানাবিধ কারণ সমগ্র সুলতানী শাসনকাল ধরিয়াই কার্যকরী ছিল।

সুলতানী শাসনের দুর্বলতা

মুসলমান বিজেতাগণের ধর্মান্ধতা অনেক ক্ষেত্রে ধর্মোন্মত্ততায় পরিণত হইয়াছিল। হিন্দুদের প্রতি বৈষম্যমূলক আচরণের ফলে সুলতানী আমলে হিন্দুগণ সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে ন্যায়বিচার পায় নাই। দেশের জনসাধারণের অখণ্ড আনুগত্যের উপর যে-কোন শাসনব্যবস্থার সাফল্য নির্ভরশীল, বলা বাহুল্য। কিন্তু হিন্দুদের প্রতি এমনকি

হিন্দুদের প্রতি বৈষম্য-মূলক নীতি

ইস্‌লামধর্মে ধর্মান্তরিত হিন্দুগণও বৈষম্যমূলক ব্যবহারের ফলে তাহাদের অধিকাংশের মনেই সুলতানী শাসনের প্রতি আনুগত্যের সৃষ্টি হইতে পারে নাই।

সুলতানদের বিলাসব্যসন

ভারতে যে-সকল মুসলমান বিজেতা প্রথম আসিয়াছিলেন তাঁহাদের মূল বাসস্থানের জলবায়ুর তুলনায় ভারতের জলবায়ু আরামপ্রদ এই কারণে তাঁহারা সহজ ও আয়াসহীন জীবনযাত্রায় এবং বিলাসব্যসনে নিমজ্জিত হইয়া পড়িয়াছিলেন। ফলে শাসনকার্যে শৈথিল্য দেখা দিয়াছিল।

সেনাবাহিনীর সামরিক কৌশলে পশ্চাৎপদতা

একবার ভারতে সাম্রাজ্য স্থাপনের পর সুলতানগণ নিজেদের সেনাবাহিনীকে আধুনিক পদ্ধতিতে সমরশিক্ষা দান বা কোন বহিরাগত সমর-কুশল মুসলমান গোষ্ঠী হইতে তাঁহাদের সৈন্যসংখ্যা বৃদ্ধি কোন দিকেই মনোযোগ দেন নাই। তদুপরি সুলতানের দরবারে যে ব্যভিচার, বিলাসব্যসন ক্রমেই ব্যাপক হইয়া উঠিয়াছিল উহা সেনাবাহিনীর লোকদের মধ্যেও বিস্তার-লাভ করিয়াছিল। ফলে সুলতানী শাসনের ভিত্তি ক্রমেই দুর্বল হইয়া পড়িতেছিল।

বাবরের সমর-কুশলতা

ভারতের হিন্দুদের ক্ষেত্রে যেমন সামরিক কৌশলের অপকর্ষতা মুসলমানদের হস্তে তাহাদের পরাজয়ের কারণ হইয়া দাঁড়াইয়াছিল তেমনি পাণিপথের প্রথম যুদ্ধে কামান এবং অশ্ববাহিনীর আকস্মিক আক্রমণ ইব্রাহিম লোদীর পরাজয়ের কারণ হইয়াছিল। এই সকল আক্রমণ-পদ্ধতি ইব্রাহিম লোদীর জানা ছিল না।

সুলতানী শাসনকালে আভ্যন্তরীণ বিবাদ-বিসংবাদ, আনুগত্য-হীনতা

সুলতানী শাসনে ব্যক্তিগত ক্ষমতার প্রাধান্য, সামন্তপ্রথার ত্রুটি, প্রাদেশিক শাসনকর্তাদের ও অভিজাতশ্রেণীর সরকারের প্রতি আনুগত্যহীনতা ও স্বার্থপরায়ণতা, ক্রীতদাস শ্রেণীর সংখ্যাধিক্য ও অকর্মণ্যতা, সুলতান-পরিবারে পরস্পর বিবাদ-বিসংবাদ প্রভৃতি সুলতানী শাসনের ভিত্তি যখন দুর্বল করিয়া দিয়াছিল সেই সময়ে প্রয়োজন ছিল একজন দূরদর্শী, শক্তিশালী, দৃঢ়চেতা সুলতানের নেতৃত্ব। কিন্তু সেইরূপ ক্ষমতাবান সুলতানের আবির্ভাব ঘটে নাই। পরন্তু সিকন্দর লোদী, ইব্রাহিম লোদী প্রভৃতি সুলতানের অকর্মণ্যতা ও অদূরদর্শিতা সুলতানী শাসনের অন্তঃসারশূন্যতার কারণ হইয়া দাঁড়াইয়াছিল। বাহিরের আঘাতে সেই কাঠামো তাসের ঘরের ন্যায় ভাঙ্গিয়া পড়িয়াছিল। সিকন্দর লোদীর হিন্দু-বিদ্বেষ, ইব্রাহিম লোদী কর্তৃক আমীর-ওমরাহ্‌গণের জায়গির বাজেয়াপ্তকরণ, তাঁহাদিগের অনেককে কারারুদ্ধকরণ প্রভৃতি সুলতানী শাসনের পতনের শেষ পর্যায় রচনা করিয়াছিল।

লোদীবংশের সুলতানদের অকর্মণ্যতা ও অদূরদর্শিতা

বাবরের ভারত আক্রমণ

অত্যাচারিত আমীর-ওমরাহ্‌গণের সুলতান-বিদ্বেষ শেষ পর্যন্ত পাঞ্জাবের শাসনকর্তা কর্তৃক বাবরকে ভারত আক্রমণের আমন্ত্রণে পর্যবসিত হয়। বাবর তাঁহার শ্রেষ্ঠতর সমর-কৌশলে সহজেই লোদীবংশের শেষ সুলতানকে পরাজিত করিয়া সুলতানী সাম্রাজ্যের অবসান ঘটান।

তখনও মেবারের রাণা সংগ্রাম সিংহ বাবরের নবলব্ধ সাম্রাজ্যের সম্মুখে এক দারুণ চ্যালেঞ্জস্বরূপ ছিলেন। কিন্তু তিনিও তাঁহার 'শতযুদ্ধের অভিজ্ঞতা' সত্ত্বেও বাবরের শ্রেষ্ঠতর রণ-কৌশলের কাছে খানুয়ার যুদ্ধে পরাজয় স্বীকার করিলেন।

মেবারের রাণা সংগ্রাম সিংহের পরাজয়

এইভাবে বাবর মোগল সাম্রাজ্যের ভিত্তি স্থাপনে নিজ সমর-কৌশলের সহিত তদানীন্তন রাজনৈতিক ও শাসনতান্ত্রিক পরিস্থিতির সুযোগও গ্রহণ করিতে সমর্থ হইয়াছিলেন। মোগল সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ় করিবার সুযোগ বাবর পান নাই। কিন্তু তাঁহার সেই অসমাপ্ত কার্য আকবর করিয়াছিলেন। শের শাহ্ সাময়িক কালের জন্য মোগল শাসনের অবসান ঘটাইলেও তাঁহার মৃত্যুর পর কোন ক্ষমতাশালী আফগান নেতা তাঁহার নববিজিত সাম্রাজ্য রক্ষা করিতে সমর্থ হন নাই। হুমায়ুন সেই সুযোগে দিল্লী পুনর্দখল করেন। কিন্তু মোগল সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠা করেন হুমায়ুনের পুত্র আকবর। তাঁহার অসাধারণ সমর-কুশলতা, তাঁহার উদারতা ও দূরদর্শিতা মোগল সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ় করিয়া তাঁহাকে ভারত-সম্রাটের মর্যাদায় স্থাপন করিয়াছিল।

মোগল সাম্রাজ্যের ভিত্তি স্থাপনের সুযোগ

স্বল্পস্থায়ী আফগান শাসন

আকবর প্রকৃত স্থাপয়িতা

শের শাহ্ (Sher Shah): শের শাহের আসল নাম ছিল ফরিদ খাঁ। তিনি ছিলেন সাসারামের জায়গিরদার হাসানের পুত্র। হাসান তথা ফরিদ খাঁ ছিলেন শূরবংশীয় আফগান। বিমাতার বিদ্বেষপূর্ণ ব্যবহারে ফরিদের বাল্যকাল সুখে কাটে নাই। শেষ পর্যন্ত তাঁহাকে বিমাতার নির্যাতন হইতে রক্ষা পাইবার জন্য নিজ গৃহ ত্যাগ করিতে হয়। ফরিদ সাসারাম ত্যাগ করিয়া জৌনপুরে চলিয়া যান। সেখানে তিনি লেখাপড়ায় মনোযোগ দেন। অতি অল্পকালের মধ্যেই তিনি আর্‌বী ও ফার্‌সী ভাষায় অসামান্য ব্যুৎপত্তি অর্জন করেন। 'সিকন্দরনামা', 'গুলিস্তা', 'বোস্তা' প্রভৃতি গ্রন্থ ফরিদ খাঁ কণ্ঠস্থ করিয়া তাঁহার অনন্য-সাধারণ স্মৃতিশক্তির পরিচয় দান করেন। ফরিদ খাঁর পৃষ্ঠপোষক জামাল খাঁ তাঁহার পাণ্ডিত্যের পরিচয় পাইয়া হাসানের নিকট ফরিদ সম্পর্কে সবকিছু জানাইলে হাসান খুবই খুশি হন। তিনি ফরিদকে ফিরাইয়া লইয়া যান। এইবার তিনি ফরিদের উপর সাসারামের শাসনভার



শের শাহ্

পিতৃগৃহ ত্যাগ

আর্‌বী ও ফার্‌সী ভাষায় ব্যুৎপত্তি

দান করেন। ফরিদ এই দায়িত্ব খুবই কৃতিত্বের সহিত পালন করিতে সমর্থ হন। কিন্তু ইহাতে পিতা হাসান সুখী হইলেও বিমাতার ঈর্ষা আরও বাড়িয়া যায়। বিমাতা ফরিদের বিরুদ্ধে চক্রান্ত শুরু করিলে পুনরায় ফরিদ গৃহত্যাগ করিয়া চলিয়া যান। এবার তিনি আগ্রায় আসিয়া উপস্থিত হন। তারপর তাঁহার পিতার মৃত্যু হইলে তিনি দিল্লীর বাদশাহের ফরমান—অর্থাৎ আদেশপত্রের জোরে সাসারামের জায়গিরদার নিযুক্ত হন। তারপর তিনি বিহারের শাসনকর্তা বহর খাঁ লোহানীর অধীনে চাকরি গ্রহণ করেন। বহর খাঁ ফরিদের কার্যদক্ষতা ও বিশ্বস্ততায় অত্যন্ত প্রীত হন এবং ক্রমেই ফরিদকে অধিক হইতে অধিকতর দায়িত্বপূর্ণ পদে নিযুক্ত করেন। বহর খাঁ লোহানীর অধীনে চাকরি করিবার কালে ফরিদ খাঁ একবার একাকী একটি বাঘের সহিত লড়াই করিয়া বাঘটিকে মারিয়াছিলেন। ইহাতে খুশি হইয়া বহর খাঁ ফরিদকে 'শের'—অর্থাৎ 'বাঘ' উপাধি দিয়াছিলেন। ঐ সময় হইতেই ফরিদ 'শের' খাঁ নামে পরিচিত হন। কিন্তু শের খাঁর ভাগ্যে শান্তি ছিল না। তাঁহার ক্রমোন্নতিতে ঈর্ষান্বিত হইয়া অভিজাতবর্গের কয়েকজন তাঁহার বিরুদ্ধে নানা প্রকার মিথ্যা অভিযোগ করিয়া বহর খাঁর মনে সন্দেহের সৃষ্টি করিলেন। ফলে শের খাঁকে বহর খাঁর চাকরি ত্যাগ করিতে হইল। সাসারামের জায়গিরটিও তিনি হারাইলেন। এই ঘটনার পর শের খাঁ বাবরের সেনাবাহিনীতে চাকরি গ্রহণ করিলেন। বাবর শের খাঁর কর্মদক্ষতায় সন্তুষ্ট হইয়া তাঁহাকে সাসারামের জায়গির ফিরাইয়া দিবার ব্যবস্থা করিলেন।

সাসারামের শাসনকর্তা হিসাবে কৃতিত্ব

বহর খাঁর অধীনে চাকরি

বাবরের সেনাবাহিনীতে যোগদান

এদিকে বহর খাঁ লোহানীর মৃত্যু ঘটিলে তাঁহার নাবালক পুত্র জালাল খাঁর অভিভাবক হিসাবে বিহারের শাসনকার্য পরিচালনা করিবার জন্য শের খাঁকে আহ্বান করা হইল। জালাল খাঁ ছিলেন শের খাঁর ছাত্র, কারণ শের খাঁ যখন পূর্বে বহর খাঁর অধীনে চাকরি করিতেন তখন বহর খাঁ লোহানী জালাল খাঁর শিক্ষার ভার তাঁহার উপর দিয়াছিলেন। বিহারের শাসনকার্য পরিচালনার ভার হস্তে পাইয়া শের খাঁ ক্রমেই সর্বেসর্বা হইয়া উঠিলেন। জালাল খাঁ কেবলমাত্র নামেই বিহারের শাসনকর্তা রহিলেন। শের খাঁর ব্যক্তিত্ব ও কর্মদক্ষতা ক্রমেই সেনাবাহিনীর উপর গভীর প্রভাব বিস্তার করিল। তাহারা শের খাঁর অনুগত হইয়া পড়িল। সেই সময়ে চুণার দুর্গের অধিপতি মারা গেলে তাঁহার বিধবা পত্নী মালিকাকে বিবাহ করিয়া শের খাঁ চুণার দুর্গটি নিজ অধিকারভুক্ত করেন। ক্রমেই শের খাঁর ক্ষমতা বৃদ্ধি পাইতেছে দেখিয়া হুমায়ুন তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন (১৫৩১ খ্রীঃ)। চুণার দুর্গটি তিনি অবরোধ করিলে শের খাঁ মৌখিকভাবে হুমায়ুনের বশ্যতা স্বীকার করিয়া লইলেন। কিন্তু এইভাবে সময় গ্রহণ করিয়া নিজ শক্তিবৃদ্ধি করাই ছিল তাঁহার মূল উদ্দেশ্য।

জালাল খাঁর অভিভাবকত্ব

চুণার দুর্গ লাভ

শের খাঁ ক্রমেই বিহারের সর্বময় কর্তা হইয়া উঠিতেছেন দেখিয়া অভিজাতবর্গের ভীষণ ঈর্ষার সৃষ্টি হইল। ইহা ভিন্ন, ইতিমধ্যে জালাল খাঁরও বয়স বাড়িয়াছে।

তিনিও শের খাঁকে ক্ষমতাচ্যুত করিবার জন্য ব্যস্ত হইয়া উঠিলেন। কিন্তু জালাল খাঁ ও অপরাপর আমীর-ওমরাহের যুগ্মশক্তিকে শের খাঁ সুরযগড়ের (বা সুরজগড়ের) যুদ্ধে পরাজিত করিয়া নামে এবং কার্যে বিহারের সর্বেসর্বা হইয়া উঠিলেন (১৫৩৪ খ্রীঃ)। ইহাতেই শের খাঁর উচ্চাকাঙ্ক্ষার পরিতৃপ্তি হইল না। তিনি দিল্লীর সিংহাসন দখল করিয়া ভারতে আফগান প্রভুত্ব স্থাপনের স্বপ্ন দেখিতে লাগিলেন।

সুরযগড়ের যুদ্ধ (১৫৩৪ খ্রীঃ)

হুমায়ুন ও শের শাহের দ্বন্দ্ব (Struggle between Humayun and Sher Shah): পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, শের খাঁর ক্ষমতা উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ার ফলে হুমায়ুনও শঙ্কিত হইয়া উঠিলেন। তিনি চুণার দুর্গটি অবরোধ করিয়া শের খাঁর মৌখিক আনুগত্য-লাভে সন্তুষ্ট হইয়া ফিরিয়া গেলেন। এই অদূরদর্শিতার ফলেই শের খাঁ নিজ ক্ষমতা বহুগুণে বাড়াইবার সুযোগ পাইলেন।

হুমায়ুনের অদূরদর্শিতা

এদিকে গুজরাটের বাহাদুর শাহ্ ক্রমেই অধিক হইতে অধিকতর শক্তিশালী হইয়া উঠিতেছিলেন। দাক্ষিণাত্যের সুলতানদের পরাজিত করিয়া তিনি যখন দুর্দমনীয় হইয়া উঠিলেন তখন তাঁহাকে দমন করা বিশেষভাবে প্রয়োজন হইয়া উঠিল। হুমায়ুনের শত্রু আফগান নেতাদিগকেও বাহাদুর শাহ্ আশ্রয়দানে দ্বিধাবোধ করেন নাই। হুমায়ুন বাহাদুর শাহ্‌কে দমন করিবার উদ্দেশ্যে অগ্রসর হইলেন। সেই সুযোগে শের খাঁ বাংলাদেশ আক্রমণ করিয়া কিউল হইতে সক্রিগলী পর্যন্ত সকল স্থান বাংলাদেশের সুলতান মামুদ শাহের নিকট হইতে অধিকার করিয়া লইলেন। ইহার পর তিনি আবার বাংলাদেশ আক্রমণ করিয়া বাংলাদেশের রাজধানী গৌড় অবরোধ করিলেন। হুমায়ুন শের খাঁকে দমন করিবার জন্য অগ্রসর হইলেন কিন্তু তিনি প্রথমেই একটি কূটনৈতিক ভুল করিয়া বসিলেন। বাংলার নবাবের সহিত সঙ্ঘবদ্ধভাবে শের খাঁকে দমন করিবার চেষ্টা না করিয়া তিনি প্রথমে চুণার দুর্গটি জয় করিতে চাহিলেন। দীর্ঘ ছয় মাস ধরিয়া তাঁহাকে এই দুর্গ জয়ের জন্য যুদ্ধ করিতে হইল। কিন্তু এই সময়ে শের খাঁর পক্ষে গৌড় অধিকার করিয়া লইবার কোন অসুবিধাই হইল না। তারপর হুমায়ুন যখন গৌড়ে উপস্থিত হইলেন তখন শের খাঁ তাঁহাকে কোন সম্মুখ যুদ্ধে বাধা না দিয়া গৌড় ত্যাগ করিয়া চলিয়া গেলেন। হুমায়ুন সহজেই গৌড় পুনরধিকার করিয়া আমোদ-প্রমোদে মত্ত রহিলেন। সেই সুযোগে শের খাঁ চুণার দুর্গ পুনরুদ্ধার করিলেন এবং জৌনপুর, বারাণসী প্রভৃতি জয় করিয়া কনৌজ পর্যন্ত অগ্রসর হইলেন। কনৌজ পর্যন্ত প্রায় সকল স্থান শের খাঁর অধিকারে চলিয়া যাওয়ায় হুমায়ুনের দিল্লী প্রত্যাবর্তনে বাধার সৃষ্টি হইল। হুমায়ুন আর কালবিলম্ব না করিয়া দ্রুত আগ্রার দিকে অগ্রসর হইলেন। পথিমধ্যে শের খাঁ তাঁহাকে অতর্কিতে আক্রমণ করিলে চৌসা নামক স্থানে দুই পক্ষে যে তুমুল যুদ্ধ হইল তাহাতে হুমায়ুন শোচনীয়ভাবে পরাজিত

বাহাদুর শাহ্ ও হুমায়ুন

শের খাঁ কর্তৃক বাংলাদেশ আক্রমণ

শের খাঁর চতুরতা

চৌসার যুদ্ধ (১৫৩৯ খ্রীঃ)

হইয়া কোনক্রমে প্রাণ বাঁচাইয়া আগ্রা ফিরিয়া গেলেন। এই যুদ্ধে জয়লাভ করিয়াই শের খাঁ 'শের শাহ্' উপাধি ধারণ করিলেন এবং নিজ নামাঙ্কিত মুদ্রার প্রচলন করিলেন। পর বৎসর হুমায়ুন চৌসার যুদ্ধে পরাজয়ের প্রতিশোধ গ্রহণের জন্য সসৈন্যে শের শাহের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। বিলগ্রাম নামক স্থানে শের শাহের সহিত তাঁহার তুমুল যুদ্ধ হইল। এই যুদ্ধেও হুমায়ুন শোচনীয়ভাবে


শের শাহের মুদ্রা

পরাজিত হইলে সমগ্র মোগল সাম্রাজ্য সাময়িকভাবে আফগান বীর শের শাহের হস্তে চলিয়া গেল। এই যুদ্ধ কনৌজের যুদ্ধ নামে সমধিক প্রসিদ্ধ। এই যুদ্ধ মোগল-আফগান দ্বন্দ্বের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ঘটনা।

কনৌজের যুদ্ধ
(১৫৪০ খ্রীঃ)

হুমায়ুন বিলগ্রাম বা কনৌজের যুদ্ধে পরাজিত হইয়া প্রথমে নিজ ভ্রাতাদের সাহায্যপ্রার্থী হইলেন, কিন্তু এই দুর্দিনেও তাঁহার ভ্রাতাগণ তাঁহাকে সাহায্য করা দূরের কথা, সামান্য আশ্রয়টুকু দিতেও স্বীকৃত হইলেন না। ফলে হুমায়ুনকে আশ্রয়ের সন্ধানে দিগ্বিদিক ঘুরিতে হইল। এইভাবে আশ্রয়ের সন্ধানে তিনি অমরকোটের রাজার রাজ্যে উপস্থিত হইলে সেখানে তিনি সাময়িকভাবে আশ্রয়লাভ করেন। আর সেখানে অবস্থানকালেই তাঁহার পুত্র আকবরের জন্ম হয়। আকবরের মাতার নাম ছিল হামিদাবানু। হুমায়ুন ও হামিদাবানুর জীবনের চরম দুর্দিনে আকবরের জন্ম হইয়াছিল (১৫৪২ খ্রীঃ)। তখন অতি সামান্যভাবে পুত্রের জন্মোৎসব করিবার মত সংস্থানও তাঁহার ছিল না। কিন্তু বিধাতা এই শিশুর জন্যই যে এক অতি গৌরবোজ্জ্বল ভবিষ্যৎ রচনা করিয়া রাখিয়াছিলেন তখন কে তাহা জানিত! কিছুকাল পরে অমরকোট হইতে হুমায়ুন প্রথমে কান্দাহার এবং তথা হইতে পারস্যে গমন করেন।

আকবরের জন্ম
(১৫৪২ খ্রীঃ)

এদিকে শের শাহ্ সিন্ধুদেশ নিজ সাম্রাজ্যভুক্ত করিয়া মুলতানের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। ক্রমে মুলতানও তাঁহার সাম্রাজ্যভুক্ত হইল। ঠিক সেই সময়ে বাংলাদেশের শাসনকর্তা বিদ্রোহ ঘোষণা করিলে উহা দমন করিবার উদ্দেশ্যে শের শাহ্ বাংলাদেশে উপস্থিত হইলেন। বাংলাদেশের বিদ্রোহী শাসনকর্তাকে পদচ্যুত করিয়া তিনি বাংলাদেশের সীমা নূতনভাবে নির্ধারিত করিলেন। বাংলাদেশের শাসনব্যবস্থারও তিনি পরিবর্তনসাধন করিয়া উহাকে পূর্বাপেক্ষা সুদক্ষ করিয়া তুলিলেন। এই সকল ব্যবস্থার মূল উদ্দেশ্য ছিল ভবিষ্যতে বাংলাদেশে যাহাতে কোনপ্রকার বিদ্রোহ দেখা দিতে না পারে। তিনি বাংলাদেশকে মোট ১৯টি সরকারে বিভক্ত করিয়াছিলেন। তারপর শের শাহ্ গোয়ালিওর, মালব ও রায়সিন দুর্গ জয় করিয়া মেবারের বিরুদ্ধে সসৈন্যে যাত্রা করিলেন। তথাকার রাণা মালদেবও তাঁহার নিকট পরাজয় স্বীকার করিতে বাধ্য


শের শাহের
রাজ্যবিস্তার

হইলেন। এইভাবে আজমীর হইতে আবু পর্যন্ত সমগ্র ভূভাগ শের শাহের সাম্রাজ্যভুক্ত হইল। কিন্তু এই বিশাল সাম্রাজ্যের সম্রাটপদে দীর্ঘকাল অধিষ্ঠিত থাকিবার সুযোগ তাঁহার ভাগ্যে মিলিল না। ১৫৪৫ খ্রীষ্টাব্দে কালিঞ্জর দুর্গটি দখল করিবার কালে এক বিস্ফোরণের ফলে শের শাহের মৃত্যু ঘটে। কালিঞ্জর দুর্গটি অবশ্য তাঁহার সৈন্যগণ জয় করিতে সমর্থ হয়।

তাঁহার মৃত্যু (১৫৪৫ খ্রীঃ)

***শের শাহের শাসনব্যবস্থা* (Sher Shah's Administration):** শের শাহ্ কেবল সাহসী বীর বা সমরবিজয়ী নেতা ছিলেন না। তিনি ছিলেন যেমন সুশাসক তেমনি ক্ষমতাশালী সংগঠক। তিনি মাত্র পাঁচ বৎসরকাল রাজত্ব করিবার সুযোগ লাভ করিয়াছিলেন। এই পাঁচ বৎসরের

সুশাসক ও সংগঠক




মধ্যেও অনেক সময়ই তাঁহাকে যুদ্ধ-বিগ্রহে লিপ্ত থাকিতে হইয়াছিল। তথাপি এই সামান্য কালের মধ্যেই তিনি নিজের অনন্যসাধারণ প্রতিভার পরিচয় দিয়া গিয়াছিলেন। যুদ্ধের দ্বারা তিনি যে বিশাল সাম্রাজ্য গঠন করিয়াছিলেন সুদক্ষ শাসনব্যবস্থার জন্য উহাকে তিনি ৪৭টি সরকারে এবং প্রত্যেকটি সরকারকে আবার কতকগুলি পরগণায় বিভক্ত করিয়াছিলেন। প্রত্যেক পরগণায় আমিন, শিকদার, কারকুন প্রভৃতি নানা পর্যায়ের রাজকর্মচারী নিযুক্ত ছিলেন। পরগণার শাসনব্যবস্থার তদারক করিবার জন্য একজন করিয়া 'শিকদার-ই-শিকদারান্' ও একজন 'মুন্সেফ-ই-মুন্সেফান্' ছিলেন। রাজকর্মচারিগণ দীর্ঘকাল একই স্থানে কাজ করিবার ফলে যাহাতে কোন-প্রকার ব্যক্তিগত প্রভাব বা শক্তি সঞ্চয় করিতে না পারেন এবং তাঁহাদের কার্যকলাপ যাহাতে পক্ষপাতশূন্য হইতে পারে সেই উদ্দেশ্যে তাঁহাদিগকে কোনও এক স্থানে দীর্ঘকাল কাজে নিযুক্ত রাখা হইত না; কিছুকাল পর পর তাঁহাদিগকে এক স্থান হইতে অন্য স্থানে বদলি করা হইত।

সরকার

পরগণা

রাজকর্মচারিগণের বদলির ব্যবস্থা



শের শাহের সমাধি (সাসারাম)

শের শাহের শাসন সংস্কারের সর্বপ্রধান উল্লেখযোগ্য বিষয় হইল তাঁহার রাজস্ব-ব্যবস্থা। তিনি প্রত্যেক প্রজার জমি জরিপ করাইয়া প্রজার জমির সীমা স্থির করিয়াছিলেন। তারপর প্রতিখণ্ড জমির উর্বরতা ও পরিমাণের অনুপাতে রাজস্ব নির্ধারণের ব্যবস্থা করিয়াছিলেন। জমির উৎপন্ন ফসলের এক-তৃতীয়াংশ অথবা সেই পরিমাণ ফসলের মূল্য রাজস্ব হিসাবে দিতে হইত। প্রজাবর্গ সরকারের নিকট হইতে তাহাদের জমির সীমা, জমির স্বত্ব প্রভৃতি

রাজস্বব্যবস্থা : 'পাট্টা' ও 'কবুলিয়ৎ'

সবকিছু উল্লিখিত একটি দলিল পাইত। ইহার নাম ছিল 'পাট্টা'। আর তাহারা নিজেদের স্বত্ব ও রাজস্ব আদায়ের শর্ত স্বীকার করিয়া সরকারকে একটি দলিল স্বাক্ষর করিয়া দিত। ইহার নাম ছিল 'কবুলিয়ৎ'।* শের শাহের এই সুন্দর ও সুষ্ঠ রাজস্বব্যবস্থার কতক কতক অনুকরণ আমরা মোগল সম্রাট আকবরের রাজস্বব্যবস্থায় দেখিতে পাই।

মোগল সম্রাট কর্তৃক শের শাহের রাজস্ব-ব্যবস্থার অনুকরণ

শের শাহ্ রাজকর্মচারিগণকে তাঁহাদের কাজের পারিশ্রমিক হিসাবে জমি ভোগ-দখল করিবার অধিকার—অর্থাৎ জায়গির দানের প্রথা উঠাইয়া দিয়াছিলেন। তাঁহার আমলে রাজকর্মচারিগণ নিয়মিত মাহিনা পাইতেন। শের শাহের বংশধরগণ অবশ্য এই ব্যবস্থার উৎকর্ষ উপলব্ধি করিতে না পারিয়া পুনরায় জায়গির-প্রথার প্রচলন করিয়াছিলেন।

জায়গির-প্রথার বিলোপ

শের শাহ্ বিচারব্যবস্থারও সংস্কারসাধন করেন। প্রত্যেক পরগণায় আমিন, কাজী ও মুন্সেফ্-ই-মুন্সেফান্ বিচারকার্যাদি পরিচালনা করিতেন। রাজধানীর বিচার-কার্যাদির ভার ছিল প্রধান কাজীর উপর। সাম্রাজ্যের সর্বোচ্চ বিচারক ছিলেন সম্রাট স্বয়ং। বিচার ব্যাপারে শের শাহ্ ছোট-বড়, আত্মীয়-অনাত্মীয় সকলকেই সমান চক্ষে দেখিতেন। প্রজায় প্রজায় তিনি কোন প্রভেদ করিতেন না।** সুষ্ঠ শাসনব্যবস্থা ও ন্যায্য বিচার প্রবর্তনের ফলে দেশে শান্তি-শৃঙ্খলা বিরাজ করিত। চুরি, ডাকাতি প্রভৃতি হ্রাস পাইয়া রাস্তাঘাট নিরাপদ হইয়াছিল।

বিচারব্যবস্থা

শের শাহ্ তাঁহার সাম্রাজ্যের বিভিন্ন অংশ সুন্দর সুন্দর রাস্তা দ্বারা সংযোজিত করিয়াছিলেন। এই সকল রাস্তার মধ্যে পূর্ববঙ্গের সোনারগাঁও হইতে পশ্চিমে সিন্ধু-উপত্যকা পর্যন্ত দেড় হাজার ক্রোশ দীর্ঘ রাস্তাটি বিশেষ উল্লেখযোগ্য। ইহা বর্তমানে 'গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড' নামে পরিচিত। ইহা ভিন্ন, আগ্রা হইতে যোধপুর, আগ্রা হইতে বুর্হান্পুর এবং লাহোর হইতে মুলতান পর্যন্ত আরও কয়েকটি রাস্তা তিনি নির্মাণ করাইয়াছিলেন। পথিক ও বণিকদের সুবিধার জন্য রাস্তার স্থানে স্থানে তিনি সরাইখানা নির্মাণ করাইয়া দিয়াছিলেন। সাম্রাজ্যের নানা স্থানে সংবাদ আদান-প্রদানের জন্য তিনি ঘোড়ার পিঠে করিয়া ডাক চলাচলের ব্যবস্থা করেন। ইহা ভিন্ন, কোথায় কি ঘটিতেছে তাহা জানিবার উদ্দেশ্যে তিনি বহু গোয়েন্দাও নিয়োগ করিয়াছিলেন। সৈন্যবাহিনীকে অধিকতর সুদক্ষ ও নিয়মানুবর্তী করিয়া তুলিবার জন্য শের শাহ্ সেনাবিভাগেরও কতক সংস্কারসাধন করিয়াছিলেন। এ-বিষয়ে তিনি আলাউদ্দিন খল্জীর সামরিক ব্যবস্থার কতক কতক অনুকরণ করিয়াছিলেন। শের শাহের অধীনে মোট

রাস্তাঘাট নির্মাণ

ডাক, সেনা ও গোয়েন্দা বিভাগের উন্নতি

* "The rights of the tenants were duly recognised and the liabilities of each were clearly defined in the *Kabuliyat* (deed of agreement) which the state took from him, and the *Patta* (title deed), which it gave him in return." *An Advanced History of India*, p. 440.

** Sher Shah had a strong sense of justice, and its Administration under him was even-handed, no distinction being made between the high and the low and not even the near relatives of the king being spared from its decrees." *Ibid.*, p. 441.

দেড় লক্ষ অশ্বারোহী সৈন্য, পঁচিশ হাজার পদাতিক এবং তিন শত যুদ্ধ হস্তী ছিল।* সাম্রাজ্যের বিভিন্ন স্থানে এক এক জন ফৌজদারের অধীনে একটি করিয়া 'ফৌজ'—অর্থাৎ সেনানিবাস (Garrison) থাকিত।

শের শাহ্ ছিলেন প্রকৃত শাসক। প্রজায় প্রজায় প্রভেদ না করা সুশাসক মাত্রেরই কর্তব্য। শের শাহ্ জাতিধর্মনির্বিশেষে সকল প্রজাকেই সমান চক্ষে দেখিতেন। যোগ্যতা ও কর্তব্য সম্পাদনের ক্ষমতা থাকিলে যে-কোন জাতি বা ধর্মের লোককে তিনি উচ্চপদে নিযুক্ত করিতেন। ভারতবর্ষে ভারতীয়দের সম্রাট হইতে হইলে হিন্দু ও মুসলমানদের মধ্যে কোনপ্রকার ভেদাভেদ করা চলিবে না এই কথা মুসলমান শাসকদের মধ্যে শের শাহ্-ই সর্বপ্রথম উপলব্ধি করিয়াছিলেন। ব্রহ্মজিৎ গৌড় নামে জনৈক বাঙালী হিন্দু তাঁহার অন্যতম সেনানায়ক ছিলেন। শের শাহ্ নিজ উদারতা ও দূরদর্শিতা দ্বারা নিজেকে ভারতীয়দের জাতীয় সম্রাটের মর্যাদায় স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন।

শের শাহের শাসনের প্রকৃতি

মধ্যযুগের ভারত-ইতিহাসে শের শাহ্ ছিলেন একজন অনন্যসাধারণ ব্যক্তিত্বসম্পন্ন শাসক। তিনি তাঁহার ব্যক্তিত্বের ও কর্মকুশলতার সাহায্যে সামান্য অবস্থা হইতে ভারতের অন্যতম শ্রেষ্ঠ শাসক এবং বিস্তীর্ণ সাম্রাজ্যের অধীশ্বর হইতে সমর্থ হইয়াছিলেন। সামরিক কৌশলের সহিত জ্ঞান-বুদ্ধি ও বিচার-বিবেচনার সংমিশ্রণ তাঁহার চরিত্রে ছিল বলিয়াই তিনি ইতিহাসে অমরত্ব লাভ করিতে পারিয়াছেন। রাষ্ট্রের ও প্রজাবর্গের উন্নতিসাধন ছিল তাঁহার শাসনকার্যের মূল উদ্দেশ্য। সম্রাট আকবরের পূর্বে তাঁহার ন্যায় পিতৃসুলভ শাসক এবং সংস্কারক মধ্যযুগে আর কেহ ছিলেন না।** ডক্টর স্মিথের মতে শের শাহ্ আরও কিছুকাল বাঁচিয়া থাকিলে মোগল সম্রাট আকবরের উত্থান হয়ত ঘটিত না।†

কৃতিত্ব

শের শাহের উত্তরাধিকারিগণ : মোগল রাজত্বের পুনঃস্থাপন (Successors of Sher Shah : Re-establishment of the Mughal Rule):

শের শাহের মৃত্যুর পর তাঁহার প্রতিষ্ঠিত আফগান শাসনকার্য দিন দিনই দুর্বল হইতে থাকে। তাঁহার পুত্র ইস্‌লাম শাহ্ ছিলেন যেমন দুর্বল তেমনি অনভিজ্ঞ। ফলে শূরবংশীয় অভিজাতশ্রেণী ও অপরাপর আফগান সেনানায়ক স্ব স্ব প্রধান হইয়া উঠিলেন। যাহা হউক, ইস্‌লাম শাহের রাজত্বকালে শূর সাম্রাজ্য কোনক্রমে টিকিয়া রহিল। কিন্তু তাঁহার

ইস্‌লাম শাহ্, (১৫৪৫-৫৪ খ্রীঃ)

* Vide *An Advanced History of India*, p. 442.

** "He had more of the spirit of a legislator and a guardian of his people than any prince before Akbar." Erskine. *Ibid.*, p. 442.


† "If Sher Shah had been spared, he would have established his dynasty and the great Mughuls would not have appeared on the stage of history." Smith : *Oxford History of India*, p. 329 ; also vide *An Advanced History of India*, p. 443.

শিশুপুত্র ফিরুজ শাহ্ সিংহাসনে বসিলে চরম অব্যবস্থা দেখা দিল। ফিরুজ শাহের মাতুল মহম্মদ আদিল শাহ্ তাঁহাকে হত্যা করাইয়া নিজেই সিংহাসন অধিকার করিয়া লইলেন। আদিল শাহ্ ছিলেন শের শাহের ভ্রাতুষ্পুত্র। আদিল শাহের রাজত্বকালে পাঞ্জাব, মালব, বাংলাদেশ প্রভৃতি অঞ্চল স্বাধীনতা ঘোষণা করিল। শূরবংশধরগণের দুর্বলতার সুযোগ লইয়া হুমায়ুন একদল সৈন্যসহ পাঞ্জাবে প্রবেশ করিলেন। এই সৈন্যদল তিনি পারস্য সম্রাটের নিকট হইতে পাইয়াছিলেন। এই সাহায্যের বিনিময়ে হুমায়ুন দিল্লীর সিংহাসন পুনরুদ্ধার করিবার পর কান্দাহার অঞ্চলটি পারস্য সম্রাটকে দিয়া দিয়াছিলেন।

ফিরুজ শাহ্, মহম্মদ আদিল শাহ্

হুমায়ুন প্রথমে পাঞ্জাব, পরে দিল্লী ও আগ্রা অধিকার করিয়া পুনরায় মোগল রাজত্বের প্রতিষ্ঠা করিলেন (১৫৫৫ খ্রীঃ)। কিন্তু তিনি তাঁহার এই পুনঃপ্রতিষ্ঠিত রাজত্ব বেশী দিন ভোগ করিতে পারিলেন না। মাত্র এক বৎসর পরে তিনি তাঁহার গ্রন্থাগারের সিঁড়ি হইতে পড়িয়া গিয়া আঘাতপ্রাপ্ত হন। এই আঘাতেই শেষ পর্যন্ত তাঁহার মৃত্যু ঘটে। ফলে এই পুনঃপ্রতিষ্ঠিত মোগল সাম্রাজ্যকে দৃঢ় করিয়া তুলিবার ভার স্বভাবতই তাঁহার পুত্র আকবরের উপর পড়িল।

হুমায়ুন কর্তৃক মোগল রাজত্বের পুনঃস্থাপন (১৫৫৫ খ্রীঃ)



হুমায়ুনের সমাধি

একবিংশ অধ্যায়

সম্রাট আকবর : মোগল সাম্রাজ্যের বিস্তৃতি

(Emperor Akbar : Expansion of the Mughal Empire)

আকবরের বাল্যজীবন ও সিংহাসনলাভ (Akbar's Early Life and his Accession) : হুমায়ুনের জীবনের এক অতি দুঃসময়ে আকবরের জন্ম হইয়াছিল (১৫৪২ খ্রীঃ), সেই কথা পূর্বেই আলোচনা করা হইয়াছে। কিন্তু এই শিশু-ই ভবিষ্যতে মহামতি সম্রাট আকবরে পরিণত হইয়াছিলেন। ইতিহাসের পৃষ্ঠায় আজিও তিনি অমর হইয়া আছেন।



মহামতি আকবর

বৈরাম খাঁর অভিভাবকত্বে আকবর

হুমায়ুন শের শাহের বংশধরগণকে পরাজিত করিয়া যখন পাঞ্জাব, দিল্লী, আগ্রা প্রভৃতি পুনরধিকার করেন তখন বালক আকবরকে তিনি পাঞ্জাবের শাসনকর্তা নিযুক্ত করেন। আকবর শাসনকর্তা ছিলেন বটে, কিন্তু শাসনকার্যের প্রকৃত দায়িত্ব ছিল বৈরাম খাঁ নামে হুমায়ুনের জনৈক বিশ্বস্ত বন্ধুর উপর। হুমায়ুনের আকস্মিক মৃত্যুর সংবাদ পাওয়া মাত্র সুচতুর বৈরাম খাঁ আকবরকে দিল্লীর বাদশাহ্ বলিয়া ঘোষণা করিলেন (১৫৫৬ খ্রীঃ)। আকবরের বয়স তখন মাত্র তের বৎসর কয়েক মাস।

হুমায়ুনের আকস্মিক মৃত্যু (১৫৫৬ খ্রীঃ) : আকবরের সিংহাসনলাভ

হুমায়ুন শের শাহের বংশধরগণের হাত হইতে মোগল সিংহাসন পুনরুদ্ধার করিয়াছিলেন সত্য, কিন্তু মোগল সাম্রাজ্য তখন দিল্লী, আগ্রা, পাঞ্জাব প্রভৃতি অঞ্চলে সীমাবদ্ধ ছিল। সিন্ধু, কাশ্মীর, মালব, উড়িষ্যা, গুজরাট এবং দক্ষিণ-ভারতে খান্দেশ, বেরার, আহ্‌মদনগর, গোলকুণ্ডা প্রভৃতি রাজ্য নিজ নিজ স্বাধীন সুলতানের অধীন ছিল। আফগান অভিজাতগণ ভারতের বিভিন্ন অংশে তখনও স্থানীয় প্রাধান্য-প্রতিপত্তি ভোগ করিতেছিলেন। বিদেশী পোর্তুগীজ বণিকগণ গোয়া, দিউ প্রভৃতি অঞ্চলে রাজনৈতিক শক্তি সঞ্চয় করিতেছিল। শূরবংশীয় আফগানদের মধ্যে মহম্মদ আদিল শাহ্ ছিলেন সর্বাপেক্ষা অধিক শক্তিশালী। হুমায়ুনের মৃত্যু সংবাদ পাইয়াই তিনি নিজ মন্ত্রী হিমুকে দিল্লী, আগ্রা প্রভৃতি জয় করিয়া পুনরায় ভারতে আফগান প্রাধান্য স্থাপনের জন্য সসৈন্যে প্রেরণ করিলেন। হিমু ছিলেন জনৈক হিন্দু বণিক। নিজ ক্ষমতাবলে তিনি ক্রমে আদিল শাহের প্রধান মন্ত্রী ও সেনাপতি-পদে উন্নীত

আকবরের সমস্যা

রাজপুতানার শ্রেষ্ঠ দুর্গ চিতোরের পতনে অপরাপর রাজপুত রাজ্যে এক দারুণ ভীতির সঞ্চার হইল। রণথম্ভোর, কালিঞ্জর, বিকানীর, জয়সলমীর প্রভৃতি রাজপুত রাজ্য একে একে আকবরের বশ্যতা স্বীকার করিয়া লইল। কিন্তু চিতোর ভিন্ন মেবারের যে অংশ তখনও স্বাধীন ছিল উদয় সিংহের পুত্র রাণা প্রতাপ সিংহ সেইখানেই স্বাধীনভাবে রাজত্ব করিতে লাগিলেন। আকবরের বশ্যতা তিনি কিছুতেই স্বীকার করিলেন না।

রণথম্ভোর, কালিঞ্জর, বিকানীর, জয়সলমীর প্রভৃতির বশ্যতা স্বীকার

মেবারের সিংহাসনে আরোহণ করিয়াই রাণা প্রতাপ চিতোর উদ্ধার করিতে দৃঢ়প্রতিজ্ঞ হইলেন। তিনি প্রবল প্রতাপশালী মোগল সম্রাট আকবরের প্রভুত্ব অস্বীকার করিয়া মেবারের স্বাধীনতা রক্ষার জন্য প্রাণপণ লড়িয়া চলিলেন। আকবর এই স্বাধীনচেতা দেশপ্রেমিক রাজপুত বীরকে হলদিঘাটের (গোগুণ্ডার) যুদ্ধে পরাজিত করিতে সমর্থ হইলেন (১৫৭৬ খ্রীঃ), কিন্তু রাণা প্রতাপের স্বাধীনতা-স্পৃহাকে জয় করিতে পারিলেন না। হলদিঘাটের যুদ্ধের পর মেবারের দুর্গগুলি একে একে আকবরের অধীন হইল। রাণা প্রতাপ পর্বতারণ্যে আত্মগোপন করিলেন। চরম দুঃখ-দুর্দশায়ও তিনি আকবরের বশ্যতা স্বীকার করিতে রাজী হইলেন না। আকবরের বশ্যতা স্বীকার করিলে তিনি নিজ রাজ্য ফিরিয়া পাইতেন, রাজসুখ ভোগ করিতে পারিতেন। কিন্তু পরের বশ্যতা স্বীকার করিয়া, নিজ মাতৃভূমির স্বাধীনতা বিসর্জন দিয়া তিনি রাজসুখ ভোগ করাও তুচ্ছ জ্ঞান করিলেন। অনিদ্রা, অনাহার, সর্বপ্রকার দুঃখকষ্ট বরণ করিয়াও তিনি কিভাবে মেবার উদ্ধার করিতে পারেন সেই কথাই ভাবিতে লাগিলেন। রাণা প্রতাপের দেশপ্রেম ও স্বাধীনতা-স্পৃহা তাঁহাকে ইতিহাসের পৃষ্ঠায় চির অমর করিয়া রাখিয়াছে। রাণা প্রতাপের জীবনের চরম দুর্দশার কালে তাঁহারই অনুগত বৃদ্ধ মন্ত্রী ভামসা নিজের সকল সঞ্চিত অর্থ প্রতাপের হস্তে দিয়া দেশরক্ষার জন্য পুনরায় চেষ্টা করিতে বলিলেন। নূতন উৎসাহ লইয়া রাণা প্রতাপ মোগল সৈন্যের সহিত যুঝিয়া মৃত্যুর পূর্বেই মেবারের বহু স্থান পুনরুদ্ধার করিতে সমর্থ হইয়াছিলেন। তাঁহার জীবনে অবশ্য মেবারের রাজধানী চিতোর উদ্ধার করা সম্ভব হয় নাই। ১৫৯৭ খ্রীষ্টাব্দে রাণা প্রতাপের মৃত্যু হইলে তাঁহার পুত্র অমর সিংহ মোগলদের সহিত যুদ্ধ চালাইয়া যান। ১৫৯৯ খ্রীষ্টাব্দে মানসিংহ মেবার আক্রমণ করিয়া ব্যর্থ হন। ইহার পর আকবরের রাজত্বকালে মেবার আক্রমণের আর কোন চেষ্টা করা হয় নাই।



রাণা প্রতাপ

হলদিঘাটের যুদ্ধ (১৫৭৬ খ্রীঃ)

রাণা প্রতাপের স্বাধীনতা-স্পৃহা ও দেশপ্রেম

রাণা প্রতাপ কর্তৃক মেবারের অধিকাংশ পুনরুদ্ধার

এদিকে কালিঞ্জর, রণথম্ভোর প্রভৃতি আকবরের বশ্যতা স্বীকার করিলে তিনি গুজরাটের বিরুদ্ধে অভিযান প্রেরণ করেন। গুজরাটের সুলতান তৃতীয় মুজফ্ফর শাহের শাসনকার্যে অকর্মণ্যতার সুযোগে আকবর সহজেই গুজরাট নিজ সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন (১৫৭২ খ্রীঃ)। পর বৎসর (১৫৭৩ খ্রীঃ) আকবর সুরাট অধিকার করেন। এই সময়ে পোর্তুগীজদের সহিত আকবরের মিত্রতা জন্মে। তাহারা ভারতের মুসলমান যাত্রীদের নৌপথে মক্কা যাওয়া-আসার নিরাপত্তার ভার গ্রহণ করে।

গুজরাট জয় (১৫৭২ খ্রীঃ)
সুরাট জয় (১৫৭৩ খ্রীঃ)

আকবর ও পোর্তুগীজগণ

তারপর আকবর বাংলাদেশ জয় করিতে অগ্রসর হইলেন। শূরবংশীয় আফগান শাসনের অবসান ঘটিলে বাংলাদেশ সুলেমান কর্‌রাণী নামে জনৈক আফগান অভিজাত ব্যক্তির অধীন হয়। সুলেমান কর্‌রাণী উড়িষ্যার হিন্দু রাজ্যটিও জয় করেন। তাঁহার পুত্র দায়ুদ খাঁ আকবরের গুজরাট অভিযানের ব্যস্ততার সুযোগ লইয়া মোগল সাম্রাজ্যের সীমান্তবর্তী কয়েকটি দুর্গও জয় করেন। এই সকল কারণে দায়ুদ খাঁকে দমন করা একান্ত প্রয়োজনীয় হইয়া পড়িয়াছিল। ১৫৭৪ খ্রীষ্টাব্দে আকবর দায়ুদ খাঁর বিরুদ্ধে সসৈন্যে অগ্রসর হইলেন। পাটনা ও হাজীপুর হইতে দায়ুদ খাঁকে বিতাড়িত করিয়া আকবর নিজ রাজধানীতে ফিরিয়া গেলেন। রাজা তোডরমল ও মনিম খাঁ একে একে মুঙ্গের, কোলগাঁ, ভাগলপুর, তেলিয়াগড় প্রভৃতি জয় করিলেন। ১৫৭৫ খ্রীষ্টাব্দে বালেশ্বরের নিকট দায়ুদ খাঁ মোগল সৈন্যের নিকট শোচনীয়ভাবে পরাজিত হইয়া আকবরের বশ্যতা স্বীকার করিতে বাধ্য হইলেন। কিন্তু অল্পকাল পর তিনি বিদ্রোহী হইয়া উঠিলে 'রাজমহল' নামক স্থানের যুদ্ধে তিনি মোগলসেনার হস্তে পরাজিত ও নিহত হইলেন (১৫৭৬ খ্রীঃ)। বাংলাদেশ এইভাবে মোগল সাম্রাজ্যভুক্ত হইল। ইহার আরও কয়েক বৎসর পর (১৫৯২ খ্রীঃ) উড়িষ্যা মোগল সাম্রাজ্যভুক্ত হইয়াছিল।

বাংলাদেশ জয়

উড়িষ্যা জয়
(১৫৯২ খ্রীঃ)


বাংলাদেশ মোগল সাম্রাজ্যভুক্ত হইলেও তদানীন্তন বাংলার কয়েকজন প্রতিপত্তিশালী ভুঁইয়া বা জমিদার বাংলাদেশের বিভিন্ন অংশে আকবরের প্রভুত্ব অস্বীকার করিয়া স্বাধীনভাবে রাজত্ব করিতে সমর্থ হইয়াছিলেন। এই সকল ভুঁইয়ার মধ্যে বারজন ছিলেন বিশেষ প্রসিদ্ধ। এই বারজনের মধ্যে চাঁদ রায়, কেদার রায়, ঈশা খাঁ, প্রতাপাদিত্য ছিলেন সর্বাধিক ক্ষমতাশালী। বাংলার বারভুঁইয়ার কাহিনী দেশাত্মবোধের দৃষ্টান্ত হিসাবে বাঙালী জাতি ও বাংলার ইতিহাসে স্বীকৃতি পাইয়াছে বটে কিন্তু স্যার্ যদুনাথের মতে ইহারা সকলেই ছিলেন ভুঁইফোড় স্থানীয় জমিদার। বাংলার কর্‌রাণী সুলতানদের শাসনের দুর্বলতার সুযোগ লইয়া এই সকল স্থানীয় জমিদার নিজ নিজ এলাকায় স্ব স্ব প্রধান হইয়া উঠিয়াছিলেন। ইহাদের কার্যকলাপ দেশাত্মবোধের নিদর্শন হিসাবে গ্রহণ করা ইতিহাস-সম্মত হইবে না।*

বাংলার বারভুঁইয়া

* "A false provincial patriotism has led modern Bengali writers to glorify the *Barabhuiyas* of Bengal as the champions of national independence against foreign invaders. They were nothing of the sort." *History of Bengal* (D. U.), Vol. II, p. 225.

বাংলাদেশ জয় করিবার কিছুকালের মধ্যেই (১৫৮১ খ্রীঃ) আকবরের বৈমাত্রেয় ভ্রাতা মির্জা মহম্মদ হাকিম কাবুলে বিদ্রোহ ঘোষণা করেন। আকবর তাঁহাকে পরাজিত করিয়া আনুগত্য স্বীকারে বাধ্য করেন। পাঁচ বৎসর পর (জুলাই, ১৫৮৫ খ্রীঃ) মির্জা মহম্মদ হাকিমের মৃত্যু হইলে কাবুল সম্পূর্ণভাবে মোগল সাম্রাজ্যভুক্ত হয়। ইহার কয়েক বৎসর পর কাশ্মীর, সিন্ধু, বেলুচিস্তান প্রভৃতি অঞ্চলও আকবরের সাম্রাজ্যভুক্ত হয়। এইভাবে আকবর হিন্দুকুশ হইতে নর্মদা নদী পর্যন্ত বিশাল ভূ-খণ্ডের সম্রাট হন।

কাবুল, কাশ্মীর, সিন্ধু, বেলুচিস্তানের মোগল সাম্রাজ্যভুক্তি



অতঃপর আকবর দক্ষিণ-ভারত জয়ে মনোনিবেশ করিলেন। উত্তর-ভারতে তাঁহার এই বিশাল সাম্রাজ্যের নিরাপত্তার দিক দিয়া বিবেচনা করিলে এবং সমগ্র ভারতের অধীশ্বর হইবার আকাঙ্ক্ষার কথা স্মরণ রাখিলে দক্ষিণ-ভারতের খান্দেশ, বিজাপুর, গোলকুণ্ডা, বিদর ও আহ্‌মদনগর জয় করা বিশেষ প্রয়োজনীয় ছিল একথা সহজেই বুঝা যায়। আকবর প্রথমে বিনা যুদ্ধে দক্ষিণ-ভারত নিজ সাম্রাজ্যভুক্ত করা যায় কি না সেই চেষ্টা করিলেন। তিনি দাক্ষিণাত্যের সুলতানী রাজ্যগুলিকে তাঁহার বশ্যতা স্বীকার করিয়া লইতে প্রস্তাব পাঠাইলেন। কিন্তু দক্ষিণ-ভারতের কোন রাজ্যই বিনা যুদ্ধে মোগল সম্রাটের বশ্যতা স্বীকার করিতে রাজী হইল না। ফলে যুদ্ধ অনিবার্য হইয়া উঠিল।

দাক্ষিণাত্য অভিযান

আহ্‌মদনগরের নাবালক সুলতান বাহাদুরের পক্ষে তাঁহার পিতা বুরহান-উল্‌-মুলকের ভগিনী চাঁদবিবি শাসনকার্য পরিচালনা করিতেছিলেন। চাঁদবিবি ছিলেন বিজাপুরের বিধবা রাণী এবং আহ্‌মদনগরের হুসেন নিজাম শাহের কন্যা। শাসনকার্য, কূটনীতি, সামরিক কৌশল, সবকিছুতেই চাঁদবিবি ছিলেন অসামান্য ক্ষমতার অধিকারিণী। ১৫৯৫ খ্রীষ্টাব্দে মোগল সৈন্য আহ্‌মদনগর অবরোধ করিলে শেষ পর্যন্ত চাঁদবিবি বেরার মোগল সম্রাটের নিকট ত্যাগ করিয়া মোগলদের সহিত সন্ধি স্থাপন করেন। আহ্‌মদনগর আকবরের বশ্যতা স্বীকার করিয়া লইল। কিন্তু কিছুকাল পরে চাঁদবিবির পরামর্শ অমান্য করিয়া আহ্‌মদনগর মোগল প্রভুত্ব অস্বীকার করিল। বিদ্রোহী নেতাগণ চাঁদবিবিকে হত্যা করিতেও দ্বিধাবোধ করিল না। কাহারও কাহারও মতে তাহারা চাঁদবিবিকে আত্মহত্যা করিতে বাধ্য করিয়াছিল। যাহা হউক, চাঁদবিবির মৃত্যুতে আহ্‌মদনগর আরও দুর্বল হইয়া পড়িল এবং ১৬০০ খ্রীষ্টাব্দে মোগল বাহিনী কর্তৃক অধিকৃত হইল। অবশ্য আহ্‌মদনগরের কতক অংশ আরও কিছুকাল স্বাধীনভাবেই টিকিয়া রহিল।

আহ্‌মদনগর—চাঁদবিবি

এদিকে খান্দেশও বিনা যুদ্ধে আকবরের বশ্যতা স্বীকার করিতে চাহিল না। ১৫৯৯ খ্রীষ্টাব্দে আকবর খান্দেশের রাজধানী বুর্‌হান্‌পুর অধিকার করিলেন। তারপর খান্দেশের সর্বাধিক শক্তিশালী ও সুরক্ষিত দুর্গ অসীরগড় অবরোধ করা হইল। এইরূপ সুরক্ষিত দুর্গ সেই সময়ে ভারতবর্ষে বেশী ছিল না। আকবর ঘুষ দিয়া সেই দুর্গের সেনানায়কদের বশ করিলেন। এইভাবে ১৬০১ খ্রীষ্টাব্দে অসীরগড় মোগল সাম্রাজ্যভুক্ত হইল। দাক্ষিণাত্যের বেরার, খান্দেশ, আহ্‌মদনগরের শাসনকার্য পরিচালনার ভার নিজ পুত্র দানিয়েলের হস্তে দিয়া আকবর দিল্লীতে ফিরিয়া আসিলেন, কারণ সেই সময়ে যুবরাজ সেলিম বিদ্রোহ ঘোষণা করিয়াছিলেন। অসীরগড় বিজয়ই আকবরের রাজ্যবিস্তারের সর্বশেষ পদক্ষেপ।

খান্দেশ—অসীরগড় (১৬০১ খ্রীঃ)

আকবরের ধর্মমত (Akbar's Religious Ideas) : আকবরের পূর্ববর্তী ভারতের সুলতান-বাদশাহ্‌গণ ধর্ম-বিষয়ে উদারতা প্রদর্শন করিবার প্রয়োজন

উপলব্ধি করেন নাই। একমাত্র শের শাহ্ ছিলেন এই নিয়মের ব্যতিক্রম। অপরাপর কোন সুলতান-বাদশাহ্ই রাজনীতি হইতে ধর্মকে পৃথক করিয়া দেখিবার মত মানসিক উৎকর্ষ প্রদর্শন করেন নাই। ফলে তাঁহাদের রাজনীতি ধর্মমতের দ্বারা প্রভাবিত হইত। ধর্মমতের ক্ষেত্রে তাঁহারা ছিলেন একদেশদর্শী, অন্ধ, সঙ্কীর্ণ নীতিতে বিশ্বাসী। কিন্তু এ-বিষয়ে আকবর ছিলেন সম্পূর্ণ ভিন্ন। তিনি বুঝিতে পারিয়াছিলেন যে, ভারত-সম্রাটের পক্ষে কেবল মুসলমান সম্প্রদায়ের নেতা সাজিলেই চলিবে না; জাতিধর্মনির্বিশেষে তাঁহাকে ভারতীয়দের সকলের সম্রাট হইতে হইবে। এই মূলনীতির সহিত সামঞ্জস্য রাখিয়া আকবরের ধর্মমত গড়িয়া উঠিয়াছিল।

আকবরের দূরদর্শিতা

মাতা হামিদাবানু, সুফীধর্ম ও শিক্ষক আব্দুল লতিফের প্রভাব

ইহা ভিন্ন, আকবরের ধর্মমতের উদারতা তাঁহার মাতামহ ও মাতার প্রভাবেও যথেষ্ট প্রভাবিত হইয়াছিল। আকবরের মাতামহ ছিলেন একজন বিখ্যাত পারসিক পণ্ডিত। তাঁহার প্রভাব আকবরের মাতা হামিদাবানুর উপর প্রতিফলিত হইয়াছিল। হামিদাবানুর নিকট ধর্ম সম্পর্কে শিশুকাল হইতে নানা উপদেশ শুনিয়া আকবর স্বভাবতই পরধর্মসহিষ্ণু ও উদার স্বভাবসম্পন্ন হইয়া উঠেন। কাবুলে অবস্থান-কালীন আকবর সুফীধর্মমতের সহিত পরিচিত হইয়া উঠেন। ইহা ভিন্ন, তাঁহার শিক্ষক আব্দুল লতিফের প্রভাবও তাঁহার ধর্মমতের উদারতার জন্য দায়ী ছিল। আকবরের রাজপুত রমণী বিবাহ ও রাজপুতদের সহিত ঘনিষ্ঠতাও এ-বিষয়ে উল্লেখযোগ্য।



আবুল ফজ্‌ল

১৫৭৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত আকবর সুন্নী-ধর্মমতই মানিয়া চলিতেন। কিন্তু শেখ মুবারক, ফৈজী, আবুল ফজ্‌ল প্রভৃতির সহিত ঘনিষ্ঠতার ফলে এবং তাঁহাদের ধর্মমতের সংস্পর্শে আসিয়া আকবরের ধর্ম সম্পর্কে অনুসন্ধিৎসা ক্রমেই বাড়িয়া চলে। বিভিন্ন ধর্মমতের সারমর্ম জানিবার জন্য আকবর ফতেপুর সিক্রিতে 'ইবাদৎখানা' নামে একটি ধর্মালোচনা গৃহ নির্মাণ করান। বিভিন্ন ধর্মমতের বিশিষ্ট ব্যক্তিবর্গকে আহ্বান করিয়া আকবর তাঁহাদের নিকট হইতে ধর্ম সম্পর্কে আলোচনা শুনিতেন। এইভাবে বিভিন্ন ধর্মের সারমর্ম জানিয়া আকবরের মনে সর্বধর্ম সমন্বয়ের এক তীব্র আকাঙ্ক্ষা জন্মে। শিয়া-সুন্নীদের বিরোধ, বিভিন্ন ধর্মের পৃষ্ঠপোষকদের মধ্যে পরস্পর-অসহিষ্ণুতা এবং উলেমাদের ধর্ম-বিষয়ে সঙ্কীর্ণতা প্রভৃতি আকবরের মনে খুব পীড়া দিত। তিনি ভারতীয়দিগকে এক উদার

সর্বধর্ম সমন্বয়ের চেষ্টা—'দিন্-ইলাহি'

ধর্মমতে গ্রথিত করিতে চাহিয়াছিলেন। এই উদ্দেশ্যে তিনি 'দিন্-ইলাহি' নামে এক নূতন ধর্মমতের প্রচার করেন। এই ধর্মমত প্রচারের জন্য আকবর কোনরূপ বলপ্রয়োগ করেন নাই। অবশ্য এই ধর্মমত বিভিন্ন ধর্মের সূক্ষ্ম নীতির উপর গড়িয়া উঠিয়াছিল বলিয়া সাধারণ লোকদের মধ্যে এই ধর্ম প্রসারলাভ করে নাই। তথাপি আকবরের এই মহান্ প্রচেষ্টা তাঁহার ধর্মমতের উদারতা ও পরধর্মসহিষ্ণুতার পরিচায়ক সে-বিষয়ে সন্দেহ নাই।

হিন্দুদের প্রতি আকবরের নীতি (Akbar's Policy towards the Hindus): আকবর কেবল সমরবিজয়ী নেতা ছিলেন না, তিনি ছিলেন দূরদর্শী শাসক ও উদারচেতা মহানুভব ব্যক্তি। তিনি বুঝিতে পারিয়াছিলেন যে, ভারতে কোন সাম্রাজ্য দৃঢ় ভিত্তিতে গড়িয়া তুলিতে হইলে ভারতের রাজপুত তথা হিন্দু জাতিকে উপেক্ষা করিলে চলিবে না। জাতিধর্মনির্বিশেষে সকলের প্রতি সমান ব্যবহার করা একান্ত প্রয়োজন। অপরাপর মুসলমান সুলতান-বাদশাহ্দের মধ্যে একমাত্র শের শাহ্ ভিন্ন আর কেহ এই কথা উপলব্ধি করেন নাই।

হিন্দুদের প্রতি উদারতার প্রয়োজন উপলব্ধি

আকবর রাজপুত জাতির বীরত্বের পরিচয় পাইয়া একথা বুঝিতে পারিয়াছিলেন যে, কেবল যুদ্ধ করিয়া রাজপুত জাতিকে পদানত করিয়া রাখা যাইবে না। তাই তিনি তাঁহাদের বিরুদ্ধে যুদ্ধ-নীতি অবলম্বন করিলেও উহার সঙ্গে সঙ্গে তাঁহাদের প্রতি পরম সৌহার্দ্যপূর্ণ ব্যবহার করিয়া তাঁহাদিগকে মোগল সাম্রাজ্যের শক্তিস্তম্ভে পরিণত করিয়াছিলেন। তাঁহাদের সহিত বৈবাহিক সম্পর্ক স্থাপন করিয়া, তাঁহাদিগকে শাসনকার্যের দায়িত্বপূর্ণ পদে নিযুক্ত করিয়া সমগ্র রাজপুত জাতিকে প্রীতির বন্ধনে আবদ্ধ করিয়াছিলেন। রাজপুত জাতির সামরিক প্রতিভা মোগল সাম্রাজ্য বিস্তারে এবং তাহাদের তথা হিন্দু জাতির শাসনকার্যে দক্ষতা মোগল শাসনব্যবস্থাকে গড়িয়া তুলিতে সাহায্য করিয়াছিল। আকবর ছিলেন মোগল শাসনব্যবস্থার মূলনীতির উদ্ভাবক আর হিন্দু তথা রাজপুত জাতি সেই নীতিকে কার্যকরী করিয়া তুলিয়াছিল। এইভাবে আকবর হিন্দু-পারসিক-আরবীয় শাসনব্যবস্থার এক অপূর্ব সংমিশ্রণ সাধন করিয়াছিলেন।

রাজপুতদের প্রতি তাঁহার উদারতা

আকবর পূর্ববর্তী সুলতান-বাদশাহ্গণ অনুসৃত হিন্দু-বিদ্বেষী নীতির অবসান ঘটান। তিনি হিন্দু তীর্থযাত্রীদের উপর হইতে তীর্থকর উঠাইয়া দেন। যুদ্ধে যে-সকল হিন্দু মোগলসেনার হস্তে বন্দী হইত তাহাদিগকে 'দাস' করিবার রীতি আকবর নিষিদ্ধ করিয়া দেন। অ-মুসলমানদের উপর হইতে তিনি জিজিয়া কর উঠাইয়া দিয়াছিলেন। এই সকল কর উঠাইয়া দিবার ফলে রাজকোষের যথেষ্ট ক্ষতি হইয়াছিল, কিন্তু সকল প্রজার প্রতি সম-ব্যবহারের নীতির নিকট এই ক্ষতি তিনি খুশি মনেই স্বীকার করিয়া লইয়াছিলেন। হিন্দু রমণী—অর্থাৎ রাজপুত রমণী বিবাহ করিয়া, রাজপুত রমণীর সহিত নিজ পুত্রের

হিন্দুদের উপর হইতে বিভিন্ন কর নিষিদ্ধকরণ


বিবাহ দিয়া ভগবান দাস, মানসিংহ প্রভৃতি অনন্যসাধারণ ব্যক্তির সাহায্য-সহায়তা ও সৌহার্দ্য তিনি লাভ করিয়াছিলেন।

হিন্দুদের প্রতি উদার ব্যবহার ভিন্ন, হিন্দু দর্শন, হিন্দুধর্ম প্রভৃতির প্রতি আকবরের প্রগাঢ় শ্রদ্ধা তাঁহাকে হিন্দু-মুসলমান তথা ভারতীয়দের জাতীয় সম্রাটে পরিণত করিয়াছিল। আকবর একথা উপলব্ধি করিয়াছিলেন যে, ভারতের জাতীয় সম্রাট হইতে হইলে তাঁহাকে কোন বিশেষ সম্প্রদায়ের নেতা সাজিলে চলিবে না। হিন্দু মুসলমান তথা সকল ধর্মসম্প্রদায়ের আস্থাভাজন এবং সকল প্রজার রক্ষক হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করিতে পারিলেই তাঁহার সাম্রাজ্য দৃঢ়ভিত্তিতে স্থাপিত হইবে। মুসলমান সুলতান-বাদশাহ্‌দের মধ্যে আকবরকেই প্রকৃত জাতীয় সম্রাট আখ্যা দেওয়া চলে।

জাতীয় সম্রাটে পরিণত

আকবরের চরিত্র (Character of Akbar) : পৃথিবীর সম্রাটগণের মধ্যে আকবর একটি বিশিষ্ট স্থান অধিকার করিয়া আছেন। ভারতীয় সম্রাটদের মধ্যে তাঁহাকে অন্যতম শ্রেষ্ঠ সম্রাট বলিয়া অবশ্যই বিবেচনা করিতে হইবে। আর ভারতের মুসলমান সুলতান-বাদশাহ্‌দের মধ্যে তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ। তাঁহার চরিত্রে বিভিন্ন গুণের এক অপূর্ব সমাবেশ দেখিতে পাওয়া যায়। তিনি একাধারে বীর যোদ্ধা, পরধর্মসহিষ্ণু, ন্যায়পরায়ণ, মহান্‌ ও সহৃদয় ব্যক্তি ছিলেন। বিজিত শত্রুর প্রতি উদারতা, আত্মীয়স্বজনের প্রতি স্নেহশীলতা, প্রজাবর্গের প্রতি সম-ব্যবহার সম্রাট আকবরকে ভারত-ইতিহাসে অমরত্ব দান করিয়াছে। আকবর লেখাপড়া জানিতেন না বলিয়াই অনেকে মনে করেন, কিন্তু তাঁহার অসাধারণ স্মরণশক্তি, সাহিত্য ও সংস্কৃতির প্রতি

অন্যতম শ্রেষ্ঠ সম্রাট



আকবরের সমাধি (সেকেন্দ্রা)

তাঁহার অনুরাগ, বিদ্বান্ মনীষীদের প্রতি তাঁহার অপরিসীম শ্রদ্ধা তাঁহার হৃদয়ের উদারতা ও মহত্ত্বের পরিচয় দান করিয়াছিল। জাতিধর্মনির্বিশেষে সকল প্রজার প্রতি সমান দৃষ্টি ও সমান ব্যবহার, বিজ্ঞান, দর্শন ও ধর্ম-নীতি সম্পর্কে অপরিসীম অনুসন্ধিৎসা তাঁহার চরিত্রের এক অতি সুন্দর অভিব্যক্তি, সন্দেহ নাই। আকবর স্বৈরাচারী শাসনে বিশ্বাসী ছিলেন কিন্তু তিনি স্বেচ্ছাচারী ছিলেন না। প্রজার মঙ্গলের মধ্যেই রাজার দক্ষতার পরিচয়—ইহাই ছিল তাঁহার বিশ্বাস। সুশৃঙ্খল শাসন, শান্তি ও সর্বাঙ্গীণ উন্নতির জন্য তিনি আজীবন চেষ্টা করিয়াছিলেন। আকবরের চরিত্রে রাজনৈতিক প্রতিভা, সামরিক কৌশল, শাসনদক্ষতা, শিক্ষা ও সাহিত্য অনুরাগের এক অপূর্ব মিশ্রণ দেখিতে পাওয়া যায়।

বহুমুখী প্রতিভার অপূর্ব সমন্বয়

আকবরের শেষ জীবন (Last days of Akbar): সম্রাট আকবরের শেষ জীবন তেমন সুখের ছিল না। যুবরাজ সেলিমের বিদ্রোহ, প্রিয় সুহৃদ আবুল ফজ্‌লের হত্যা, প্রিয় বন্ধু কবি ফৈজীর মৃত্যু এবং মুরাদ ও দানিয়েল—দুই পুত্রের অকাল মৃত্যু আকবরের হৃদয়কে শোকে-দুঃখে মুহ্যমান করিয়া তুলিয়াছিল। তিনি সেলিমের বিদ্রোহ দমন করিয়া তাঁহার অপরাধের ক্ষমা করিয়াছিলেন (১৬০৪ খ্রীঃ) কিন্তু পুত্রের বিদ্রোহ তাঁহার অন্তরে যে ব্যথা দিয়াছিল তাহা আর অপসারিত হইল না। পর বৎসর (১৬০৫ খ্রীঃ) সম্রাট আকবর প্রাণত্যাগ করিলেন।

মানসিক দুঃখকষ্ট ভোগ

মৃত্যু (১৬০৫ খ্রীঃ)

জাহাঙ্গীর, ১৬০৫-২৭ খ্রীঃ (Jahangir): আকবরের শেষ জীবনে সেলিমের বিদ্রোহের পর অনেকেই মনে করিয়াছিলেন যে আকবর হয়ত তাঁহার পৌত্র (সেলিমের জ্যেষ্ঠ পুত্র) খসরুকেই সিংহাসন দান করিয়া যাইবেন। কিন্তু আকবরের মৃত্যুর পর সেলিম 'নূর-উদ্দিন মহম্মদ জাহাঙ্গীর বাদশাহ্' উপাধি ধারণ করিয়া যখন সিংহাসনে আরোহণ করিলেন তখন একথা সুস্পষ্ট হইল যে, আকবর শেষে সেলিমকেই তাঁহার উত্তরাধিকারী মনোনীত করিয়া গিয়াছিলেন। কিন্তু খসরু ছিলেন খুবই জনপ্রিয়। তাঁহার সমর্থকেরও অভাব ছিল না। জাহাঙ্গীর সিংহাসনে আরোহণ করিলে তিনি পাঞ্জাবে চলিয়া গেলেন এবং সেখানে নিজ সমর্থকদের সাহায্যে বিদ্রোহ ঘোষণা করিলেন। কিন্তু তাঁহার এই বিদ্রোহ ফলবতী হইল না, জাহাঙ্গীর অনায়াসেই তাহা দমন করিলেন। খসরু পিতার হস্তে বন্দী হইলেন এবং দীর্ঘকাল কারারুদ্ধ থাকিবার পর নূরজাহানের আদেশে তাঁহাকে তাঁহার ব্যক্তিগত শত্রু আসফ্ খাঁর হস্তে সমর্পণ করা হইয়াছিল। আসফ্ খাঁ আবার তাঁহাকে শাহ্জাহানের হস্তে

সিংহাসনলাভ

খসরুর বিদ্রোহ



জাহাঙ্গীর

সমর্পণ করিলে শাহ্‌জাহান তাঁহাকে দাক্ষিণাত্যে লইয়া গিয়া বুরহানপুর নামক স্থানে হত্যা করান (১৬২২ খ্রীঃ)।*

খস্রুর বিদ্রোহের সূত্রে শিখদের সহিত জাহাঙ্গীরের বিরোধ উপস্থিত হয়। শিখদের পঞ্চম গুরু অর্জুন খস্রুকে সাহায্য করিয়াছিলেন। সেইজন্য জাহাঙ্গীর অর্জুনকে প্রাণদণ্ডে দণ্ডিত করেন। শিখগুরুর প্রতি তাঁহার এই আচরণ শিখদিগকে মোগল সাম্রাজ্যের শত্রুতে পরিণত করিয়াছিল। শিখগুরু অর্জুনকে হত্যা করাইয়া জাহাঙ্গীর অদূরদর্শিতার পরিচয় দিয়াছিলেন, সন্দেহ নাই।

শিখগুরু অর্জুনের প্রাণদণ্ড

সাম্রাজ্য বিস্তার (Expansion of Empire) : সম্রাট আকবরের ন্যায় জাহাঙ্গীরও সাম্রাজ্য বিস্তারে মনোযোগী হন। আকবর চিতোর জয় করিয়াছিলেন কিন্তু মেবারকে মোগল সাম্রাজ্যভুক্ত করিতে সমর্থ হন নাই। জাহাঙ্গীর সিংহাসনলাভ করিয়া তাঁহার দ্বিতীয় পুত্র পর্‌ভেজকে সসৈন্যে মেবারের বিরুদ্ধে প্রেরণ করিলেন (১৬০৬ খ্রীঃ)। পর্‌ভেজের অভিযান ব্যর্থ হইলে তিনি সেনাপতি মহাবৎ খাঁকে পুনরায় মেবারের বিরুদ্ধে প্রেরণ করিলেন (১৬০৮ খ্রীঃ)। এই অভিযানও ব্যর্থ হইলে ১৬১৩ খ্রীষ্টাব্দে তিনি যুবরাজ খুর্‌রমকে (পরবর্তীকালে শাহ্‌জাহান) মেবার আক্রমণের জন্য পাঠাইলেন। রাণা প্রতাপ সিংহের পুত্র অমর সিংহ পিতার ন্যায় বীর যোদ্ধা বা দৃঢ়চেতা দেশপ্রেমিক ছিলেন না। তিনি সহজেই সন্ধিস্থাপনে প্রস্তুত হইলেন। এই সন্ধির শর্ত অনুসারে অমর সিংহ মোগল সম্রাটের বশ্যতা স্বীকার করিলেন। ইহা ভিন্ন অপর কোন কঠিন শর্ত তাঁহার উপর আরোপ করা হইল না। ইহার পর হইতে শাহ্‌জাহানের রাজত্বকাল পর্যন্ত মেবারের সহিত মোগল সাম্রাজ্যের সৌহার্দ্য বজায় ছিল।

মেবারের বশ্যতা স্বীকার

আকবরের রাজত্বকালে বাংলাদেশ মোগল সাম্রাজ্যভুক্ত হইয়াছিল বটে, কিন্তু তথাপি বাংলাদেশের বিভিন্ন অংশের জমিদারগণ মোগল বশ্যতা অস্বীকার করিয়া চলিতেছিলেন। বাংলার বার ভুঁইয়ার কথা এ-বিষয়ে উল্লেখযোগ্য। কিন্তু জাহাঙ্গীরের আমলে বাংলাদেশের শাসনকর্তা ইস্‌লাম খাঁ বাংলাদেশের উপর মোগল প্রাধান্য সম্পূর্ণভাবে বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন।

বাংলাদেশে মোগল প্রাধান্য

ইরাবতী ও শতদ্রু নদীর মধ্যবর্তী স্থান তখনও মোগল সাম্রাজ্য হইতে স্বাধীন ছিল। এই অঞ্চলের কাংড়া বা নগরকোট দুর্গটি ছিল সুরক্ষিত ও দুর্ভেদ্য। জাহাঙ্গীরের রাজত্বকালে মোগলবাহিনী এই পার্বত্য দুর্গটি অবরোধ করে। দীর্ঘকাল অবরোধ ও যুদ্ধ-বিগ্রহের পর দুর্গটি মোগল সেনা

কাংড়া বিজয়

---

* Vide *Text-Book of Modern Indian History*, Sarker and Datta, p. 70.
খস্রুর মৃত্যু সম্পর্কে মতদ্বৈধ রহিয়াছে। কাহারও কাহারও মতে শাহ্‌জাহানের হস্তে বন্দী থাকাকালীন শূলবেদনায় তাঁহার মৃত্যু ঘটিয়াছিল।

কর্তৃক অধিকৃত হয় এবং ইরাবতী ও শতদ্রু নদীর মধ্যবর্তী অঞ্চল মোগল সাম্রাজ্যভুক্ত হয় (১৬২০ খ্রীঃ)।

অতঃপর জাহাঙ্গীর দাক্ষিণাত্য বিজয়ে মনোনিবেশ করিলেন। এ-বিষয়েও তিনি সম্রাট আকবর কর্তৃক অনুসৃত নীতিরই অনুসরণ করিতেছিলেন। দাক্ষিণাত্যের আহ্‌ম্মদনগরের একাংশ আকবর জয় করিয়াছিলেন বটে কিন্তু উহার অপরাংশ মালিক অম্বর নামে মন্ত্রীর পরিচালনায় নিজাম শাহী বংশের অধীনে তখন স্বাধীন রাজ্য হিসাবে টিকিয়া রহিয়াছিল। মালিক অম্বর ছিলেন জনৈক হাব্‌সী—অর্থাৎ আবিসিনিয়াবাসী। প্রথম জীবনে ইনি ক্রীতদাস হিসাবেই ভারতবর্ষে আসিয়াছিলেন। তিনি ছিলেন সুদক্ষ শাসক ও দূরদর্শী রাজনীতিক। তিনি মোগল আক্রমণ হইতে দাক্ষিণাত্যের স্বাধীনতা রক্ষা করিবার জন্য প্রাণপণ চেষ্টা করিয়াছিলেন। তিনি সেইজন্য দুর্ধর্ষ মারাঠা জাতিকে দাক্ষিণাত্যের সুলতানী সেনাবাহিনীতে নিয়োগ করিবার নীতি সর্বপ্রথম অবলম্বন করিয়াছিলেন। পরে অন্যান্য সুলতানী রাজ্যও এই নীতির অনুসরণ করিয়াছিল। রাজস্বব্যবস্থার সংস্কার করিয়া তিনি আহ্‌ম্মদনগরের যথেষ্ট উন্নতিসাধন করিয়াছিলেন। জাহাঙ্গীরের আমলে আহ্‌ম্মদনগরের অবশিষ্টাংশ জয়ের একাধিক চেষ্টা মালিক অম্বরের তৎপরতায় ব্যর্থ হইয়াছিল। মালিক অম্বর মোগল সৈন্য প্রতিহত করিবার উদ্দেশ্যে গোলকুণ্ডা ও বিজাপুর রাজ্যের সহিত সামরিক সন্ধি করিয়াছিলেন। শেষ পর্যন্ত যুবরাজ খুর্‌রম যখন সসৈন্যে অগ্রসর হইলেন তখন মালিক অম্বরকে পরাজয় স্বীকার করিতে হইল (১৬১৬ খ্রীঃ)। এই অভিযানে সাফল্যলাভ করিলে জাহাঙ্গীর খুর্‌রমকে 'শাহ্‌জাহান' বা 'জগতের সম্রাট' উপাধিতে ভূষিত করেন। মালিক অম্বর আহ্‌ম্মদনগরের যে-অংশ তখনও স্বাধীন ছিল উহার একাংশ ছাড়িয়া দিতে এবং বাৎসরিক ১২ লক্ষ টাকা কর দিতে বাধ্য হইলেন। এই সন্ধির শর্ত ভঙ্গ করিলে পুনরায় তিনি শাহ্‌জাহানের হস্তে পরাজিত হইয়াছিলেন (১৬২০ খ্রীঃ)। মালিক অম্বরের দৃঢ়প্রতিজ্ঞ বাধার বিরুদ্ধে মোগলবাহিনী দাক্ষিণাত্য সম্পূর্ণভাবে জয়লাভ করিতে সমর্থ হয় নাই। পর বৎসর (১৬২১ খ্রীঃ) মালিক অম্বরের মৃত্যু হইলে এই বাধা দূরীভূত হইয়াছিল।

আহ্‌ম্মদনগর

মালিক অম্বর

আহ্‌ম্মদনগর কর্তৃক মোগল সম্রাটের প্রভুত্ব স্বীকার

শের শাহ্ কর্তৃক পরাজিত হইয়া হুমায়ুন যখন আশ্রয়ের সন্ধানে ঘুরিতেছিলেন তখন পারস্য সম্রাট শাহ্ ইস্‌মাইল তাঁহাকে আশ্রয় এবং প্রয়োজনীয় সামরিক সাহায্য দান করিয়াছিলেন। এই সাহায্যের বিনিময়ে হুমায়ুন দিল্লীর সিংহাসন পুনরুদ্ধার করিবার পর কান্দাহার অঞ্চলটি পারস্য সম্রাটকে দিয়া দিয়াছিলেন। মোগল সাম্রাজ্যের নিরাপত্তার দিক দিয়া কান্দাহারের গুরুত্ব আকবর উপলব্ধি করিতে পারিয়া উহা জয় করিয়া লইয়াছিলেন। কিন্তু জাহাঙ্গীরের আমলে শাহ্ ইস্‌মাইলের বংশধর শাহ্ আব্বাস আকস্মিকভাবে কান্দাহার অধিকার করিয়া লইলেন। জাহাঙ্গীর শাহ্‌জাদা খুর্‌রম—অর্থাৎ শাহ্‌জাহানকে কান্দাহার

কান্দাহার সাম্রাজ্যচ্যুত

পুনরুদ্ধারের জন্য প্রেরণ করিতে চাহিলেন। কিন্তু সেই সময়ে জাহাঙ্গীরের মহিষী নূরজাহানের প্রভাব-প্রতিপত্তির ফলস্বরূপ সাম্রাজ্যের অভ্যন্তরে নানা প্রকার রাজনৈতিক জটিলতা দেখা দিয়াছিল। তদুপরি নূরজাহান শাহ্জাহানের প্রতি সন্তুষ্ট ছিলেন না। এই সকল কারণে শাহ্জাহান কান্দাহার অভিযানে অগ্রসর হইতে স্বীকৃত হইলেন না। কান্দাহারে অভিযান প্রেরণের পশ্চাতে তাঁহাকে সিংহাসন হইতে বঞ্চিত করিবার কোন দুরভিসন্ধি নূরজাহান করিতেছেন মনে করিয়া শাহ্জাহান বিদ্রোহী হইয়া উঠিলেন। সেনাপতি মহাবৎ খাঁ ও দ্বিতীয় পুত্র পর্ভেজকে শাহ্জাহানের বিরুদ্ধে প্রেরণ করা হইল। শাহ্জাহান পরাজিত হইয়া দাক্ষিণাত্যে পলাইয়া গেলেন এবং পিতার নিকট ক্ষমা প্রার্থনা করিয়া নিজ পুত্রদের মধ্যে দারা ও ঔরংজেবকে তাঁহার নিকট প্রেরণ করিলেন। জাহাঙ্গীর অনুতপ্ত পুত্রকে ক্ষমা করেন।

খুর্রম—অর্থাৎ শাহ্জাহানের বিদ্রোহ

জাহাঙ্গীর কর্তৃক বিদ্রোহী পুত্রের অপরাধের ক্ষমা

নূরজাহান (Nur Jahan): জাহাঙ্গীরের রাজত্বকালে তাঁহার প্রধানা মহিষী নূরজাহান শাসনব্যবস্থায় অপরিসীম ক্ষমতা বিস্তার করিয়াছিলেন। নূরজাহানের আদি নাম ছিল মেহেরুন্নিসা। তাঁহার পিতা মির্জা গিয়াস বেগ পারস্য হইতে আকবরের সভায় আসিয়া উপস্থিত হইয়াছিলেন। আকবর তাঁহাকে জায়গির দিয়াছিলেন এবং শাসনব্যবস্থায় এক উচ্চপদস্থ কর্মচারী হিসাবে নিযুক্ত করিয়াছিলেন। মেহেরুন্নিসা ছিলেন অসামান্যা রূপবতী ও বুদ্ধিমতী মহিলা। বিদ্যানুরাগ, কবিতা রচনা, সঙ্গীত ও চিত্রকলায় তাঁহার নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। শের আফ্গান নামে জনৈক ইরাণী মুসলমানের সহিত তাঁহার বিবাহ হইয়াছিল। শের আফ্গানের আসল নাম ছিল ইস্তাজ্‌ল কুলি। শের আফ্গান বাংলাদেশে বর্দ্ধমান জেলার জায়গিরদার ছিলেন। কিন্তু জাহাঙ্গীরের রাজত্বকালে শের আফ্গান স্বাধীনচেতা ও উদ্ধত হইয়া উঠেন। জাহাঙ্গীর শের আফ্গানের বিরুদ্ধে সৈন্য প্রেরণ করিলে সেই সেনাবাহিনীর হস্তে শের আফ্গান পরাজিত ও নিহত হন। মেহেরুন্নিসাকে বন্দিনী অবস্থায় দিল্লী লইয়া যাওয়া হয়। কিছুকাল পরে জাহাঙ্গীর

শের আফ্গানের সহিত জাহাঙ্গীরের দ্বন্দ্ব


নূরজাহান

মেহেরুন্নিসাকে বিবাহ করেন। তাঁহার নূতন নাম হয় 'নূরজাহান'—অর্থাৎ জগতের আলো। অনেকে মনে করেন যে, মেহেরুন্নিসার প্রতি জাহাঙ্গীর বহু পূর্ব হইতেই অনুরক্ত ছিলেন এবং সেই কারণেই তিনি শের আফ্‌গানের বিরুদ্ধে অভিযান প্রেরণ করিয়া মেহেরুন্নিসাকে বন্দিনী অবস্থায় দিল্লীতে আনাইয়াছিলেন।

নূরজাহানের প্রতি জাহাঙ্গীরের অনুরাগ

নূরজাহান জাহাঙ্গীরের শাসনব্যবস্থায় নিজ ক্ষমতা ও প্রতিপত্তি সহজেই বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন। তিনি ছিলেন যেমন বুদ্ধিমতী তেমনি রাজনৈতিক জ্ঞানসম্পন্না নারী। পুরুষোচিত উচ্চাকাঙ্ক্ষা, জটিল রাজনৈতিক ও প্রশাসনিক সমস্যা সমাধানে পারদর্শিতা তাঁহাকে জাহাঙ্গীরের শাসনব্যবস্থার উপর স্বভাবতই এক নিরঙ্কুশ প্রাধান্য দান করিয়াছিল। তাঁহার অসম সাহস, সঙ্কটের সম্মুখে তাঁহার ধৈর্য ও স্থির প্রতিজ্ঞা তাঁহাকে যে-কোন পরিস্থিতির সম্মুখীন হইতে সাহায্য করিয়াছিল। একদিকে নূরজাহানের স্বাভাবিক ক্ষমতাপ্রিয়তা এবং অপরদিকে জাহাঙ্গীরের ক্রমবর্ধমান অলসতা ও আরামপ্রিয়তা শাসনব্যবস্থার উপর নূরজাহানকে এক অপ্রতিহত অধিকার ও ক্ষমতা বিস্তারের সুযোগ দিয়াছিল। জাহাঙ্গীরের সহিত বিবাহের অল্পকালের মধ্যেই নূরজাহান নিজ আত্মীয়স্বজন ও বিশেষ বিশ্বাসভাজন ব্যক্তিদের লইয়া নিজস্ব একটি সমর্থক দল গড়িয়া তোলেন। নূরজাহানের পিতা মির্জা গিয়াস বেগ ইতিমাদ্-উদ্-দৌল্লা নাম ধারণ করিয়া জাহাঙ্গীরের প্রধান মন্ত্রিপদ গ্রহণ করেন। নূরজাহানের ভ্রাতা আসফ্ খাঁ জাহাঙ্গীরের দরবারে অন্যতম প্রধান ওমরাহের পদ লাভ করেন। নূরজাহানের প্রথম বিবাহের—অর্থাৎ শের আফ্‌গানের কন্যা লাদিলা বেগমের সহিত জাহাঙ্গীরের কনিষ্ঠ পুত্র শাহ্‌রিয়ারের বিবাহ হয়। আর নূরজাহানের ভ্রাতা আসফ্ খাঁর কন্যা মমতাজের সহিত জাহাঙ্গীরের তৃতীয় পুত্র খুর্‌রমের (শাহ্‌জাহান) বিবাহ হয়। এইভাবে নানা প্রকার প্রভাবের মাধ্যমে নূরজাহান সমগ্র শাসনব্যবস্থার উপর এই নিরঙ্কুশ আধিপত্য বিস্তার করিতে সমর্থ হন। কিছুকাল পরে নূরজাহান শাহ্‌জাহানের কৃতিত্বে ঈর্ষান্বিত হইয়া উঠেন এবং তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করেন। এইজন্যই শাহ্‌জাহান বিদ্রোহী হইয়া উঠেন এবং কান্দাহার পুনরুদ্ধারের জন্য অগ্রসর হন নাই।

শাসনব্যবস্থায় নূরজাহানের প্রভাব-প্রতিপত্তি

নূরজাহানের ব্যক্তিত্ব ও শাসনক্ষমতা তাঁহাকে একদিকে যেমন জাহাঙ্গীরের শাসন-ব্যবস্থার উপর এক শক্তিশালী প্রভাব বিস্তারে সাহায্য করিয়াছিল, অপরদিকে তেমনি জাহাঙ্গীরের শাসনসংক্রান্ত শ্রম ও চিন্তাভাবনা হইতে জাহাঙ্গীরকে বহুলাংশে মুক্ত করিয়াছিল। নূরজাহান মোগল দরবারের জাঁকজমক বৃদ্ধিতে এবং জাহাঙ্গীরের বিদ্যা ও শিল্পকলার পৃষ্ঠপোষকতায় যথেষ্ট সাহায্য ও উৎসাহ দান করিয়াছিলেন। তাঁহার প্রভাব দরিদ্রদের প্রতি প্রশাসন কর্তৃপক্ষের উদারতা এবং বিদ্বান ও শিল্পীদের পৃষ্ঠপোষকতায় পরিলক্ষিত হইয়াছিল। কিন্তু একথাও স্বীকার্য যে, অত্যধিক ক্ষমতাপ্রিয়তা ও নিজ সমর্থকদের প্রতি অত্যধিক উদারতা শাসনব্যবস্থার উপর ক্ষতিকারক প্রভাব বিস্তার করিয়াছিল। শাহ্‌জাহান ও মহাবৎ খাঁর বিদ্রোহ নূরজাহানের ব্যক্তিগত ক্ষমতালোভের ফলেই ঘটিয়াছিল।

তাঁহার প্রভাবের কুফল

জাহাঙ্গীরের শেষ জীবন (Last days of Jahangir): শাহ্‌জাহানের বিদ্রোহ দমনে সেনাপতি মহাবৎ খাঁ যে কৃতিত্বের পরিচয় দিয়াছিলেন তাহাতে স্বভাবতই জাহাঙ্গীরের দরবারে মহাবৎ খাঁর প্রভাব-প্রতিপত্তি বহুগুণে বৃদ্ধি পাইয়াছিল। নূরজাহান কিন্তু ইহাতে সন্তুষ্ট হইলেন না। তিনি কৌশলে মহাবৎ খাঁকে রাজধানী হইতে দূরবর্তী কোন স্থানে প্রেরণ করিতে চাহিলেন। মহাবৎ খাঁকে বাংলাদেশে প্রেরণ করা স্থির হইল। এই আদেশের বিরুদ্ধে মহাবৎ খাঁ বিদ্রোহ ঘোষণা করিলেন। সেই সময়ে জাহাঙ্গীর ও নূরজাহান কাবুল যাইতেছিলেন। পথিমধ্যে মহাবৎ খাঁ তাঁহাদিগকে বন্দী করিলেন। কিন্তু নূরজাহানের প্রত্যুৎপন্নমতিত্ব ও স্থির বুদ্ধিবলে জাহাঙ্গীর মুক্তিলাভ করিতে পারিলেন। তাঁহার মুক্তির সঙ্গে সঙ্গে মহাবৎ খাঁ ভীত হইয়া দাক্ষিণাত্যে পলাইয়া গিয়া বিদ্রোহী শাহ্‌জাদা শাহ্‌জাহানের সহিত যোগদান করিলেন। ইহার অল্পকালের মধ্যেই জাহাঙ্গীরের মৃত্যু ঘটিল (১৬২৭ খ্রীঃ)। তাঁহার মৃত্যুর পূর্বেই তাঁহার জ্যেষ্ঠ পুত্র খসরু ও দ্বিতীয় পুত্র পর্‌ভেজ মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন। ফলে তৃতীয় পুত্র শাহ্‌জাহানই সিংহাসনে আরোহণ করিলেন।

মহাবৎ খাঁর বিদ্রোহ

শাহ্‌জাহানের সহিত যোগদান

জাহাঙ্গীরের কৃতিত্ব বিচার (Estimate of Jahangir): আকবরের চরিত্রের কতক কতক গুণ জাহাঙ্গীরের চরিত্রে বর্তাইয়াছিল বটে, কিন্তু তাঁহার চরিত্রে আকবরের মহত্ত্বের কোন প্রকাশ দেখিতে পাওয়া যায় না। জাহাঙ্গীরের চরিত্রে কতকগুলি পরস্পর-বিরোধী দোষগুণের এক অতি অদ্ভুত সংমিশ্রণ দেখিতে পাওয়া যায়। তিনি একাধারে অমায়িক, স্নেহশীল, উদারচেতা এবং নৃশংস ও পরধর্ম অসহিষ্ণু ছিলেন। জ্যেষ্ঠ পুত্র খসরুর প্রতি তাঁহার কঠোর শাস্তি তাঁহার নৃশংসতার পরিচায়ক। তাঁহার চরিত্রের গুণাবলী তাঁহার মদ্যাসক্তি ও অহিফেন সেবনের কু-অভ্যাসের ফলে অনেক পরিমাণে বিনাশপ্রাপ্ত হইয়াছিল। তিনি নিজ পুত্র খসরুকে তাঁহার বিদ্রোহের শাস্তিস্বরূপ অন্ধ করিয়া* কারাগারে নিক্ষেপ করিয়াছিলেন। হিন্দুধর্ম এবং খ্রীষ্টধর্মের প্রতি তিনি শ্রদ্ধাবান ছিলেন বটে, কিন্তু শিখদের প্রতি তিনি রাজনৈতিক কারণবশত এই উদারতা প্রদর্শন করেন নাই। তিনি শিখজাতির পঞ্চম গুরু অর্জুনকে প্রাণদণ্ডে দণ্ডিত করিয়া তাঁহার রাজনৈতিক অদূরদর্শিতা ও সঙ্কীর্ণতার পরিচয় দিয়াছিলেন। জাহাঙ্গীর শিল্প, চিত্রকলা ও সাহিত্যের অনুরাগী ছিলেন। 'তুজুক-ই-জাহাঙ্গীরী' নামে তিনি তাঁহার আত্মজীবনী রচনা করিয়া গিয়াছেন। তাঁহার পৃষ্ঠপোষকতায় মোগল চিত্রশিল্প উন্নতির চরমে পৌঁছিয়াছিল। তিনি নিজেও চিত্রশিল্পে পারদর্শিতা অর্জন করিয়াছিলেন। বিচার বিষয়ে তিনি ন্যায় ও সততার পক্ষপাতী

পরস্পর-বিরোধী গুণের সংমিশ্রণ

সাহিত্য, শিল্প, চিত্রকলা প্রভৃতির প্রতি অনুরাগ —আত্মজীবনী: 'তুজুক-ই-জাহাঙ্গীরী'

* পরে অবশ্য তিনি একটি চক্ষুর দৃষ্টিশক্তি আংশিকভাবে ফিরিয়া পাইয়াছিলেন।

ছিলেন। রাজ্যের সর্বাধিক দরিদ্র প্রজাও সরাসরি তাঁহার নিকট বিচারপ্রার্থী হইতে পারিত। এইজন্য তিনি প্রাসাদ হইতে একটি শিকল প্রাসাদের বাহির পর্যন্ত টানাইয়া দিয়াছিলেন। এই শিকলে ৬০টি ঘণ্টা বাঁধা থাকিত। কোন ব্যক্তি বিচার প্রার্থনা করিলে এই শিকল টানিলেই চলিত। ঘণ্টা বাজিয়া উঠিলেই সরকারী কর্মচারী বিচারপ্রার্থীকে সম্রাটের সম্মুখে হাজির করিত।

ন্যায়বিচার

এইভাবে দোষে-গুণে জাহাঙ্গীরের চরিত্র গড়িয়া উঠিয়াছিল। মদ্যাসক্তি ও অহিফেন সেবনের ফলে শেষজীবনে তাঁহার বিবেক-বুদ্ধি ও কর্মদক্ষতা বহুল পরিমাণে হ্রাসপ্রাপ্ত হইয়া গিয়াছিল। সেই সুযোগে নূরজাহান শাসনব্যবস্থার উপর এক সর্বাত্মক প্রভাব বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন।

***ইংরেজ বণিকদের আগমন* (Advent of the English Merchants) :** ইওরোপীয় বণিক সম্প্রদায়গুলির মধ্যে পোর্তুগীজগণই সর্বপ্রথম ভারতে বাণিজ্য করিতে আসিয়াছিল। তাহাদের সাফল্যে অনুপ্রাণিত হইয়া অপরাপর দেশের বণিকগণও ভারতে বাণিজ্য করিবার জন্য আসিতে শুরু করে। ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি নামে একটি ইংরেজ বাণিজ্য-প্রতিষ্ঠান রাণী (প্রথম) এলিজাবেথের রাজত্বকালে (১৬০০ খ্রীঃ) গঠিত হইয়াছিল। ১৬০৮ খ্রীষ্টাব্দে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির পরিচালকগণ ক্যাপ্টেন হকিন্স্‌কে ব্রিটিশরাজ প্রথম জেমসের সুপারিশপত্রসহ ভারতে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির জন্য বাণিজ্যিক সুবিধা আদায়ের উদ্দেশ্যে জাহাঙ্গীরের দরবারে প্রেরণ করিয়াছিলেন। কিন্তু পোর্তুগীজদের বিরোধিতায় হকিন্স্ সুরাটে ইংরেজ বাণিজ্যকুঠি স্থাপনের অনুমতি

ক্যাপ্টেন হকিন্স্



মোগল দরবারে সার্ টমাস রো-র আগমন

আদায় করিতে পারিলেন না। ইহার অল্পকাল পরে এক ইংরেজ নৌ-বহর পোর্তুগীজ নৌ-বহরকে শোচনীয়ভাবে পরাজিত করিলে পোর্তুগীজগণ ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি কর্তৃক সুরাটে বাণিজ্যকুঠি স্থাপনের আর বিরোধিতা করিল না। জাহাঙ্গীর ১৬১৩ খ্রীষ্টাব্দে একটি ফরমান দ্বারা ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানিকে সুরাটে বাণিজ্যকুঠি স্থাপনের অধিকার দিলেন। জাহাঙ্গীরের রাজত্বকালেই ইংলণ্ডের রাজা প্রথম জেমস্ সার্ টমাস্ রো-কে দূত হিসাবে জাহাঙ্গীরের দরবারে প্রেরণ করিয়াছিলেন। সার্ টমাস্ রো ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির জন্য বাণিজ্যের সুযোগ-সুবিধা আদায় করিতে জাহাঙ্গীরের দরবারে আসিয়াছিলেন। সার্ টমাস্ রো ১৬১৫ খ্রীষ্টাব্দে মোগল দরবারে আসিয়া ১৬১৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত মোট চারি বৎসর ভারতে কাটাইয়া গিয়াছিলেন। তিনি তৎকালীন ভারত সম্পর্কে একটি বর্ণনা লিখিয়া গিয়াছিলেন। সেই বিবরণ হইতে জাহাঙ্গীরের দরবার, শাসনব্যবস্থা প্রভৃতি সম্পর্কে কিছু জানা গিয়াছে।

সার্ টমাস্ রো (Sir Thomas Roe)



সার্ টমাস্ রো

***শাহ্‌জাহান, ১৬২৮-৫৯ খ্রীঃ* (Shah Jahan):** জাহাঙ্গীর যখন মারা যান তখন তাঁহার তৃতীয় পুত্র শাহ্‌জাহান (খুর্‌রম) ছিলেন দাক্ষিণাত্যে। নূরজাহান শাহ্‌জাহানের প্রতি অত্যন্ত ঈর্ষাপরায়ণা ছিলেন। তিনি সুযোগ বুঝিয়া জাহাঙ্গীরের কনিষ্ঠ পুত্র শাহ্‌রিয়ারকে লাহোরে দিল্লীর সম্রাট বলিয়া ঘোষণা করিলেন। অপরদিকে আসফ্ খাঁ খস্‌রুর পুত্র দাওয়ার বক্সকে সাময়িকভাবে দিল্লীর সিংহাসনে বসাইয়া শাহ্‌জাহানকে দাক্ষিণাত্য হইতে অবিলম্বে দিল্লী চলিয়া আসিতে জানাইলেন। ইহা ভিন্ন তিনি লাহোরে শাহ্‌রিয়ারের বিরুদ্ধে সসৈন্যে অগ্রসর হইলেন। শাহ্‌রিয়ার পরাজিত ও বন্দী হইলে তাঁহার চক্ষু দুইটি উৎপাটন করিয়া তাঁহাকে কারাগারে নিক্ষেপ করা হইল। শাহ্‌জাহান ইতিমধ্যে দিল্লী উপস্থিত হইয়া দাওয়ার বক্সকে পরাজিত ও বন্দী করিয়া নিজে সিংহাসনে আরোহণ করিলেন। কিছুকাল পরে দাওয়ার বক্স্ মুক্তিলাভ করেন এবং ভারতবর্ষ ত্যাগ করিয়া পারস্যে চলিয়া যান। সিংহাসনে আরোহণ করিয়া শাহ্‌জাহান আসফ্ খাঁ এবং তাঁহার দুর্দিনের বন্ধু মহাবৎ খাঁকে উচ্চপদে

সিংহাসনলাভ (১৬২৮ খ্রীঃ)



শাহ্‌জাহান

নিযুক্ত করেন। তাঁহাদের সাহায্যে শাহ্‌জাহান তাঁহার প্রতিদ্বন্দ্বীদিগকে একে একে দমন করিয়া এক নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী হন। এদিকে নূরজাহানও তাঁহার সকল প্রভাব-প্রতিপত্তি হারাইয়া শাহ্‌জাহানের বৃত্তিভোগী হিসাবে আরও বহুদিন বাঁচিয়া থাকিয়া ১৬৪৭ খ্রীষ্টাব্দে মারা যান।

নূরজাহানের প্রতিপত্তিনাশ


মমতাজ

শাহ্‌জাহানের সিংহাসন আরোহণের প্রথম-দিকে তাঁহাকে বুন্দেলখণ্ডের রাজা জুঝর সিংহ ও দাক্ষিণাত্যের সুবাদার খানজাহান লোদীর বিদ্রোহ দমন করিতে হইয়াছিল। ইহা ভিন্ন পোর্তুগীজ-গণকে উপযুক্ত শিক্ষা দেওয়ার প্রয়োজন হইয়া উঠিয়াছিল। বাংলাদেশের হুগলীতে তাহারা দিল্লী সম্রাটের অনুমতিক্রমে বহুদিন পূর্ব হইতেই বাণিজ্যকুঠি স্থাপন করিয়া ব্যবসায়-বাণিজ্য চালাইতেছিল। কিন্তু ব্যবসায়-বাণিজ্য করিবার সঙ্গে সঙ্গে তাহারা দেশীয় প্রজাদিগকে জোর করিয়া খ্রীষ্টধর্মে ধর্মান্তরিত এবং অল্পবয়স্ক শিশুদের ধরিয়া লইয়া গিয়া ক্রীতদাস হিসাবে বিক্রয় করিতেছিল। দেশীয় প্রজাদের নিকট হইতে জোর করিয়া শুল্ক আদায় করা এবং অপরাপর অত্যাচারমূলক কার্য তাহারা অপ্রতিহতভাবে চালাইতেছিল। শাহ্‌জাহান যখন দাক্ষিণাত্যে তখন মমতাজের জন্য প্রেরিত দুইজন পরিচারিকাকে তাহারা ধরিয়া লইয়া গিয়াছিল। শাহ্‌জাহান সেই সময়ে কোনপ্রকার ক্ষমতার অধিকারী ছিলেন না এই কারণে পোর্তুগীজদিগকে শাস্তি দেওয়া সম্ভব হয় নাই। পোর্তুগীজদেরও স্পর্ধা দিন দিন বাড়িয়া চলিয়াছিল। সিংহাসনে আরোহণ করিয়াই শাহ্‌জাহান পোর্তুগীজদের ঔদ্ধত্য দমনে বদ্ধপরিকর হইলেন। বাংলার শাসনকর্তা কাসিম আলীকে তিনি পোর্তুগীজ দমনের ভার দিলেন। কাসিম আলী হুগলী আক্রমণ করিয়া পোর্তুগীজদিগকে সমুচিত শিক্ষা দিতে ত্রুটি করিলেন না। ইহার পর হইতে পোর্তুগীজগণ বাংলাদেশে আর ব্যবসায়-বাণিজ্য করিতে সমর্থ হয় নাই।

জুঝর সিংহ ও খানজাহানের বিদ্রোহ দমন

পোর্তুগীজ দমন

দাক্ষিণাত্য বিজয় (Conquest of the Deccan): দাক্ষিণাত্যে সাম্রাজ্য বিস্তার করিবার নীতি মোগল সম্রাটগণ প্রথম হইতেই অনুসরণ করিতেছিলেন। শাহ্‌জাহানও পিতা-পিতামহের অনুসৃত নীতি গ্রহণ করিলেন। আহ্‌ম্মদনগরের সুলতান নিজাম-উল্‌-মুলকের সহিত তাঁহারই মন্ত্রী মালিক অম্বরের পুত্র ফতে খাঁর বিরোধ চলিতেছিল। সেই সুযোগে শাহ্‌জাহান আহ্‌ম্মদনগর জয় করিতে চাহিলেন। ফতে খাঁ মোগলদের সহিত গোপনে বন্ধুত্ব স্থাপন করিয়া তাহাদের সাহায্য লইয়া নিজাম-উল্‌-মুলককে হত্যা

আহ্‌ম্মদনগর জয়

করিলেন এবং তাঁহার অল্পবয়স্ক পুত্রকে সিংহাসনে স্থাপন করিয়া নিজেই সর্বেসর্বা হইয়া উঠিলেন। কিন্তু অল্পকালের মধ্যেই মোগলদের সহিত তাঁহার বিবাদ শুরু হইল। ফলে মোগল সৈন্য সরাসরি আহ্‌ম্মদনগরের শ্রেষ্ঠ দুর্গ দৌলতাবাদ আক্রমণ করিয়া আহ্‌ম্মদনগর মোগল সাম্রাজ্যভুক্ত করিল (১৬৩৩ খ্রীঃ)।

আহ্‌ম্মদনগরের পরাজয় গোলকুণ্ডার সুলতানের মনে ভীতির সঞ্চার করিল। এদিকে শাহ্‌জাহান বিজাপুর ও গোলকুণ্ডা আক্রমণের জন্য প্রস্তুত হইতেছিলেন। গোলকুণ্ডার সুলতান কালক্ষেপ না করিয়া শাহ্‌জাহানের বশ্যতা স্বীকার করিয়া লইলেন।

গোলকুণ্ডার বশ্যতা স্বীকার

বিজাপুর সুলতান অবশ্য বিনা যুদ্ধে মোগল বশ্যতা স্বীকার করিতে চাহিলেন না। ফলে মোগল সৈন্য বিজাপুর আক্রমণ করিল। বিজাপুর সুলতান আদিল শাহ্ নিজ রাজ্য রক্ষার জন্য প্রাণপণ যুঝিয়া শেষ পর্যন্ত শাহ্‌জাহানের প্রভুত্ব স্বীকার করিয়া সন্ধিপত্র স্বাক্ষর করিলেন। এই সন্ধিপত্র অনুসারে আহ্‌ম্মদনগরের একাংশ অবশ্য বিজাপুর সুলতানকে দেওয়া হইল। এইভাবে দাক্ষিণাত্যের এক বিরাট অংশ মোগল সাম্রাজ্যভুক্ত হইল। এই নব-বিজিত রাজ্যাংশের শাসনভার দেওয়া হইল শাহ্‌জাহানের তৃতীয় পুত্র ঔরংজেবের উপর।

বিজাপুর সুলতান কর্তৃক মোগল বশ্যতা স্বীকার

দাক্ষিণাত্যের মোগল সাম্রাজ্যাংশের শাসনকর্তা হিসাবে ঔরংজেব নানা প্রকার শাসনসংক্রান্ত সংস্কারসাধন করিয়া তথাকার শাসনব্যবস্থাকে সুষ্ঠু ও সুশৃঙ্খল করিয়া তুলিয়াছিলেন। সেই সময়ে গোলকুণ্ডা রাজ্যের দেয় বাৎসরিক কর অনাদায়ীকৃত থাকায় এবং সেই রাজ্যের প্রধান মন্ত্রী নিজ সুলতানের সহিত মনোমালিন্য হেতু ঔরংজেবের অধীনে চাকরি গ্রহণ করায় ঔরংজেব গোলকুণ্ডা সুলতানির অস্তিত্ব বিলোপ করিয়া উহা মোগল সাম্রাজ্যের সরাসরি অধীনে আনিতে চাহিলেন। কিন্তু শাহ্‌জাহান ও তাঁহার জ্যেষ্ঠ পুত্র দারাশিকোর হস্তক্ষেপের ফলে গোলকুণ্ডার সুলতান রক্ষা পাইলেন। কিন্তু ঔরংজেবের সেনাবাহিনীর ব্যয় বাবদ তাঁহাকে দশ লক্ষ মুদ্রা দিতে হইল এবং বণগির নামক স্থানটি ত্যাগ করিতে হইল।

ঔরংজেব কর্তৃক গোলকুণ্ডা আক্রমণ

অল্পকালের মধ্যেই বিজাপুর সুলতানির উত্তরাধিকার লইয়া অন্তর্দ্বন্দ্ব দেখা দিলে ঔরংজেব তাঁহার মন্ত্রী মীরজুমলার সহায়তায় বিজাপুর আক্রমণ করিলেন। বিজাপুর সুলতান কল্যাণী, বিদর ও পরিন্দা নামক স্থানগুলি এবং প্রচুর পরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে দিয়া ঔরংজেবের সহিত সন্ধি স্থাপন করেন।

বিজাপুর আক্রমণ

শাহ্‌জাহান মধ্য-এশিয়াস্থ কান্দাহার অধিকার করিতে বদ্ধপরিকর হন। পারস্য রাজ্যের প্রতিনিধিকে প্রচুর উৎকোচ দ্বারা বশীভূত করিয়া তিনি সাময়িকভাবে কান্দাহার অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন বটে, কিন্তু অল্পকালের মধ্যেই পারস্যরাজ উহা পুনরধিকার করিয়া লইয়াছিলেন। কিন্তু শাহ্‌জাহান কর্তৃক কান্দাহার পুনরুদ্ধারের যাবতীয় চেষ্টা বিফলতায় পর্যবসিত হয়। তিনি অবশ্য বথ্‌ ও বাদাক্‌শান নামক দুইটি

শাহ্‌জাহানের মধ্য-এশিয়া বিজয়ের ব্যর্থ চেষ্টা

স্থান অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন। কিন্তু অল্পকালের মধ্যেই ঐ দুইটি স্থানও তাঁহার হস্তচ্যুত হইয়া গিয়াছিল। এইভাবে তাঁহার কান্দাহার জয় ও মধ্য-এশিয়ায় সাম্রাজ্য বিস্তারের চেষ্টা ব্যর্থ হয়।

দুর্ভিক্ষ

শাহ্জাহানের রাজত্বের প্রথমদিকে দাক্ষিণাত্য ও গুজরাটে ভীষণ দুর্ভিক্ষ দেখা দিয়াছিল। দুর্ভিক্ষের প্রকোপ এত বৃদ্ধি পাইয়াছিল যে, খাদ্যের অভাবে মানুষ শবদেহ হইতে মাংস ভক্ষণ করিয়া প্রাণে বাঁচিবার চেষ্টা করিয়াছিল। মানুষ তখন পশুর স্তরে নামিয়া গিয়াছিল। খাদ্যের জন্য সম্পত্তি কেন, নিজের পুত্রকন্যাকে বিক্রয় করিতেও তাহারা দ্বিধাবোধ করে নাই। কিন্তু তাহাও কিনিবার ক্ষমতা কাহারও ছিল না।

শাহ্জাহানের চারি পুত্র : দারাশিকো, সুজা, ঔরংজেব ও মুরাদ

শাহ্জাহানের শেষ জীবন মোটেই সুখের ছিল না। তাঁহার চারি পুত্র দারাশিকো, সুজা, ঔরংজেব ও মুরাদ মোগল সাম্রাজ্যের বিভিন্ন প্রদেশের শাসক হিসাবে নিযুক্ত হইয়াছিলেন। জ্যেষ্ঠ পুত্র দারাশিকো ছিলেন শাহ্জাহানের সর্বাধিক প্রিয় পুত্র। তিনি পাঞ্জাব, এলাহাবাদ ও মুলতানের শাসনকর্তা নিযুক্ত ছিলেন। কিন্তু তিনি অধিকাংশ সময়ই পিতার নিকট দিল্লীতেই থাকিতেন। শাহ্জাহানেরও ইচ্ছা ছিল যে, তাঁহার পর দারাশিকো-ই সিংহাসনলাভ করেন। আর বুদ্ধিমত্তা, উদারতা, শিক্ষা-দীক্ষা সব দিক দিয়া দারাশিকো-ই ছিলেন সর্বাপেক্ষা উপযুক্ত। ধর্মান্ধতা বা পরধর্মের প্রতি অশ্রদ্ধা কোনদিনই তাঁহার অন্তরে স্থান পায় নাই। বেদ-উপনিষদ্ হইতে আরম্ভ করিয়া বাইবেল ও সুফী ধর্মবিষয়ক গ্রন্থাদি পাঠ করিয়া তিনি নিজ অন্তরের উৎকর্ষ বৃদ্ধি করিয়াছিলেন।

দারাশিকোর মানসিক উৎকর্ষ

আরামপ্রিয় ও অলস সুজা

দ্বিতীয় পুত্র সুজা ছিলেন বাংলাদেশের শাসনকর্তা। বিলাস-ব্যসন, আরামপ্রিয়তা ও আলস্য দোষে তাঁহার সাহসিকতা, বীরত্ব প্রভৃতি গুণাবলী ক্রমে বিনাশপ্রাপ্ত হইয়াছিল।

কূটকৌশলী ঔরংজেব

তৃতীয় পুত্র ঔরংজেব ছিলেন যেমন বীর তেমনি কূটকৌশলী, বিচক্ষণ ও বুদ্ধিমান্। তাঁহার কর্মদক্ষতা ও কূটচালের সহিত অপরাপর কোন ভ্রাতাই পারিয়া উঠিতেন না। ধর্ম-বিষয়ে ঔরংজেব ছিলেন গোঁড়া ও একদেশদর্শী।

মদ্যাসক্ত মুরাদ

কনিষ্ঠ পুত্র মুরাদ ছিলেন গুজরাটের শাসনকর্তা। বীরত্বে বা উদারতায় তিনি কম ছিলেন না বটে, কিন্তু অত্যধিক মদ্যপানের ফলে তাঁহার বুদ্ধি-বিবেচনা বা কর্মক্ষমতার কোন প্রকাশ ঘটিতে পারে নাই।

দুই কন্যা : জাহানারা ও রোশেনারা

জাহানারা ও রোশেনারা নামে শাহ্জাহানের দুই কন্যা ছিলেন। জাহানারা ছিলেন পিতা শাহ্জাহান ও জ্যেষ্ঠ ভ্রাতা দারার পক্ষে, আর রোশেনারা ছিলেন তৃতীয় ভ্রাতা ঔরংজেবের পক্ষে।

১৬৫৭ খ্রীষ্টাব্দে সম্রাট শাহ্জাহানের আকস্মিক অসুস্থতার সংবাদ পাইয়া ঔরংজেব, সুজা ও মুরাদ মনে মনে ভাবিলেন যে হয়ত শাহ্জাহানের মৃত্যু ঘটিয়াছে, আর দারা নিজে নির্বিঘ্নে সিংহাসন আরোহণের জন্য সেই সংবাদ গোপন করিয়া রাখিয়াছেন।

কারণ, একমাত্র দারা-ই সেই সময়ে দিল্লীতে উপস্থিত ছিলেন। তাঁহারা সকলেই সিংহাসন অধিকার করিবার জন্য সসৈন্যে দিল্লীর দিকে অগ্রসর হইলেন। সুজা ও মুরাদ নিজেদের দিল্লীর সম্রাট বলিয়া ঘোষণা করিলেন। কিন্তু সুচতুর ঔরংজেব সেরূপ না করিয়া মুরাদকে কৌশলে নিজ পক্ষে টানিলেন। উভয়ের চুক্তি হইল যে, মুরাদ ঔরংজেবকে দারা ও সুজার বিরুদ্ধে সাহায্য করিবেন এবং যুদ্ধে জয়ী হইলে মোগল সাম্রাজ্য উভয়ের মধ্যে ভাগ করিয়া লওয়া হইবে। এদিকে সুজা দিল্লী অভিমুখে সসৈন্যে অগ্রসর হইতেছিলেন। বারাণসীর নিকটে সম্রাটের সেনাবাহিনীর হস্তে পরাজিত হইয়া তিনি বাংলাদেশে পলাইয়া যান। ঔরংজেব ও মুরাদের যুগ্মবাহিনী উজ্জয়িনীর নিকটে ধর্মাট নামক স্থানে মোগল সেনাপতি কাশিম খাঁ ও যশোবন্ত সিংহের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইল। কাশিম খাঁর বিশ্বাসঘাতকতায় ঔরংজেব ও মুরাদ জয়ী হইলেন। পরবর্তী যুদ্ধ হইল সামুগড় নামক স্থানে। দারা এক বিশাল সৈন্যদলসহ ঔরংজেব ও মুরাদকে বাধা দিতে অগ্রসর হইলে সামুগড়ের যুদ্ধ বাধিল। যুদ্ধে যখন দারার জয়লাভ প্রায় অবশ্যম্ভাবী সেই সময়ে দারার হস্তী তীরবিদ্ধ হওয়ায় তিনি ঘোড়ায় চড়িয়া যুদ্ধ করিতে লাগিলেন। মোগল সেনাবাহিনী দারার হস্তীর উপর শূন্য হাওদা দেখিয়া মনে ভাবিল যে দারা নিশ্চয়ই যুদ্ধে নিহত হইয়াছেন। ফলে তাহারা ছত্রভঙ্গ হইয়া পড়িলে ঔরংজেব সহজেই যুদ্ধে জয়লাভ করিলেন। পরাজিত দারা পাঞ্জাবে (লাহোরে) আশ্রয় লইলেন। ঔরংজেব আগ্রা দুর্গ অধিকার করিয়া পিতা শাহ্জাহানকে বন্দী করিলেন। এইভাবে নিজ স্বার্থ যখন সম্পূর্ণভাবে সিদ্ধ হইল তখন তিনি মুরাদকেও বন্দী করিতে দ্বিধাবোধ করিলেন না। তিন বৎসর বন্দী অবস্থায় থাকিবার পর এক মিথ্যা অজুহাতে ঔরংজেব মুরাদকে হত্যা করাইয়া পথের কন্টক দূর করিলেন। এদিকে দারা ঔরংজেবের সৈন্য কর্তৃক পশ্চাদ্ধাবিত হইয়া স্থান হইতে স্থানান্তরে যাইতে লাগিলেন। সুজা ঔরংজেবের বিরুদ্ধে অগ্রসর হইয়া খাজোয়ার যুদ্ধে পরাজিত হইলেন এবং আরাকান অঞ্চলে আশ্রয় গ্রহণ করিলেন। সেইখানেই তাঁহার মৃত্যু ঘটে। দারাশিকো ঔরংজেবের বিরুদ্ধে সর্বশেষ চেষ্টা হিসাবে কতিপয় সৈন্যসামন্ত সংগ্রহ করিয়া গুজরাট হইতে দিল্লী অভিমুখে অগ্রসর হইলেন। তিনি দাক্ষিণাত্যের বিজাপুর ও গোলকুণ্ডার শিয়া সুলতানদের সাহায্যলাভের উদ্দেশ্যে অগ্রসর হইবেন স্থির করিলেন। কিন্তু ইতিমধ্যে ঔরংজেব দারাশিকোর বিরুদ্ধে সসৈন্যে আজমীরে আসিয়া উপস্থিত হইলে দারা দেওরাই গিরিপথে আশ্রয় লইলেন। সেখানে দুই পক্ষে যুদ্ধ হইল। কিন্তু এই যুদ্ধেও পরাজিত হইয়া কান্দাহারের পথে পলায়ন করিতে গিয়া দারা ধরা পড়িলেন। ঔরংজেবের আদেশে অশেষ নির্যাতনের পর তাঁহাকে হত্যা করা হইল। এইভাবে দারা, সুজা ও মুরাদের মৃত্যু

শাহ্জাহানের অসুস্থতা—পুত্রদের মধ্যে অন্তর্দ্বন্দ্ব

ধর্মাটের যুদ্ধ

সামুগড়ের যুদ্ধ

ঔরংজেবের হস্তে শাহ্জাহান বন্দী

খাজোয়ার যুদ্ধ

দেওরাই-এর যুদ্ধ

দারা, সুজা ও মুরাদের মৃত্যু

ঘটিলে ঔরংজেবের সিংহাসন নির্বিঘ্ন হইল। বৃদ্ধ পিতাকে বন্দী অবস্থায় নানা প্রকার নির্যাতন ভোগ করিতে হইল। শেষে দীর্ঘ আট বৎসর লাঞ্ছনা ভোগ করিয়া ৭৪ বৎসর বয়সে শাহ্‌জাহান মরিয়া বাঁচিলেন (১৬৬৬ খ্রীঃ)।

শাহ্‌জাহানের মৃত্যু (১৬৬৬ খ্রীঃ)

শাহ্‌জাহানের চরিত্র ও জাঁকজমকপ্রিয়তা (Character and Magnificence of Shah Jahan): শাহ্‌জাহানের রাজত্বকাল জাঁকজমকের জন্যই সমধিক প্রসিদ্ধি অর্জন করিয়াছে। কিন্তু সামান্য অনুধাবন করিলে জাঁকজমক ও আড়ম্বরপ্রিয়তা ভিন্ন অপরাপর সম্রাটসুলভ গুণও যে তাঁহার ছিল সেকথা বুঝিতে পারা যাইবে। তিনি একজন সমরকুশলী বীরযোদ্ধা ছিলেন। তাঁহার বীরত্বের স্বীকৃতি স্বরূপই জাহাঙ্গীর তাঁহাকে 'শাহ্‌জাহান' উপাধিতে ভূষিত করিয়াছিলেন। তাঁহার আসল নাম ছিল খুর্‌রম। শাহ্‌জাহানের চরিত্রে কতকগুলি পরস্পর-বিরোধী গুণের সমাবেশ দেখিতে পাওয়া যায়। তিনি কৌশলে নূরজাহানের চক্রান্ত ব্যর্থ করিয়া সিংহাসন অধিকার করিয়াছিলেন, ইহা তাঁহার চতুরতার পরিচায়ক সন্দেহ নাই। কিন্তু এই চতুরতার প্রশংসা যেমন তাঁহার প্রাপ্য সেরূপ অনেককে, এমনকি নিজ ভ্রাতা খসরুকেও হত্যা করাইয়া, খসরুর পুত্র দাওয়ার বক্সকে দেশ হইতে বহিষ্কার করিয়া এবং সিংহাসন দাবি করিতে পারে এরূপ সকল আত্মীয়স্বজনকে হত্যা করাইয়া তিনি নিজ সিংহাসন নিষ্কণ্টক করিতে দ্বিধাবোধ করেন নাই বলিয়া নৃশংসতাদোষে তাঁহার চরিত্র যে দুষ্ট ছিল একথাও অনস্বীকার্য। এই সকল নৃশংস কার্যকলাপ তাঁহার চরিত্রকে কতকটা ম্লান করিয়াছে সন্দেহ নাই। কিন্তু সন্তানের প্রতি স্নেহ, পত্নীর প্রতি গভীর অনুরাগ শাহ্‌জাহানের চরিত্রের বহু দোষত্রুটিকে স্খালন করিয়াছে। তাঁহার পত্নীপ্রেমের নিদর্শনস্বরূপ 'তাজমহল' সমাধি-সৌধটি আজও পৃথিবীর সপ্ত-আশ্চর্যের অন্যতম হিসাবে টিকিয়া আছে। ধর্ম-বিষয়ে শাহ্‌জাহান সম্রাট আকবর বা জাহাঙ্গীরের ন্যায় উদার ছিলেন না। তাঁহার আমল হইতেই ইস্‌লাম ধর্ম ভিন্ন অপরাপর সকল ধর্মের প্রতিই অসহিষ্ণু নীতি অনুসৃত হইতেছিল। ঔরংজেবের আমলে উহা চরমে পৌঁছিয়াছিল। শাহ্‌জাহানের আদেশে বহু নব-নির্মিত হিন্দু দেবদেবীর মন্দির ধ্বংস করা হইয়াছিল এবং তীর্থকর পুনঃসংস্থাপিত হইয়াছিল। খ্রীষ্টানগণও তাঁহার হস্তে নিস্তার পান নাই। অবশ্য খ্রীষ্টানদের বিরুদ্ধে তাঁহার কঠোরতা ধর্ম-বিষয়ে গোঁড়ামি অপেক্ষা রাজনৈতিক স্বার্থপ্রণোদিত বলিয়াই অনেকে মনে করেন।


চরিত্র

ধর্ম-বিষয়ে গোঁড়ামি

শাহ্‌জাহান মোগল বাদশাহ্‌দের মধ্যে সর্বাপেক্ষা আড়ম্বরপ্রিয় ছিলেন। সে-যুগে যে-সকল ইওরোপীয় পর্যটক ভারতে আসিয়াছিলেন—যথা, বার্ণিয়ে, তেভার্নিয়ে প্রভৃতি—তাঁহারা শাহ্‌জাহানের আড়ম্বরপ্রিয়তা ও শিল্প অনুরাগের ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন। শাহ্‌জাহানের রাজত্বকাল স্থাপত্য শিল্পের উন্নতির জন্য প্রসিদ্ধি অর্জন করিয়াছে। ভারতীয় ও ইরাণীয় স্থাপত্য রীতির সংমিশ্রণে যে এক সুন্দর স্থাপত্য পদ্ধতির সৃষ্টি হইয়াছিল উহা শাহ্‌জাহানের আমলে নির্মিত সমাধি-সৌধগুলিতে ফুটিয়া উঠিয়াছিল। তাঁহার আমলের সৌধ মাত্রেই মর্মর প্রস্তরে নির্মাণ করা হইয়াছিল।

তাঁহার পৃষ্ঠপোষকতায় নির্মিত 'মোতিমহল', 'খাসমহল', 'শিশমহল' প্রভৃতি সৌধ আজিও দর্শকমাত্রেরই বিস্ময় উৎপাদন করে। এগুলি তিনি আগ্রা দুর্গের অভ্যন্তরে নির্মাণ করাইয়াছিলেন। 'দেওয়ান-ই-আম্' ও 'দেওয়ান-ই-খাস্' নামে দুইটি অপূর্ব সৌধও শাহ্‌জাহানের আদেশে নির্মিত হইয়াছিল। কিন্তু শাহ্‌জাহানের স্থাপত্য শিল্প অনুরাগের শ্রেষ্ঠ নিদর্শন হইল আগ্রার 'তাজমহল'। তাঁহার প্রিয়তমা পত্নী মমতাজের দেহাবশেষের উপর তিনি এই শ্বেত মর্মরের সমাধি-সৌধটি নির্মাণ করাইয়া এই অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছেন।

স্থাপত্য শিল্পের উন্নতি



তাজমহল

শাহ্‌জাহানের আদেশে নির্মিত ময়ূর সিংহাসনটিও ইতিহাসে প্রসিদ্ধি অর্জন করিয়াছে। আট কোটি টাকা ব্যয় করিয়া স্বর্ণ ও মণিমুক্তা খচিত এই সিংহাসনটি প্রস্তুত করা হইয়াছিল। পারস্য সম্রাট নাদির শাহ্ ১৭৩৯ খ্রীষ্টাব্দে ভারত আক্রমণ করিয়া দিল্লী লুণ্ঠনকালে এই বহুমূল্য অপূর্ব শিল্পকীর্তিটি নিজ দেশে লইয়া গিয়াছেন।

ময়ূর সিংহাসন

শাহ্‌জাহানের চিত্রশিল্প ও ইতিহাস রচনার প্রতি অনুরাগ নেহাত কম ছিল না। তাঁহার পৃষ্ঠপোষকতায় চিত্রশিল্পের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। আব্দুল হামিদ নামক ঐতিহাসিক তাঁহার আমলেই 'বাদশাহ্-নামা' গ্রন্থখানি রচনা করিয়া খ্যাতি অর্জন করেন।

চিত্রশিল্প ও ইতিহাসে অনুরাগ

শাহ্‌জাহানের রাজত্বকালের ঐশ্বর্য ও জাঁকজমকের কথা আলোচনা প্রসঙ্গে সেই যুগের জনসাধারণের অবস্থার কথাও উল্লেখ করা উচিত। প্রজাবর্গের শ্রমে দেশে যে ঐশ্বর্য উপজাত হইয়াছিল তাহা-ই শাহ্‌জাহানের রাজত্বের ঐশ্বর্য ও জাঁকজমকে পরিস্ফুট হইয়া উঠিয়াছিল। কিন্তু জনসাধারণ—কৃষক, শ্রমিক, ক্ষুদ্র ব্যবসায়ী কাহারও অবস্থা ভাল ছিল না। প্রাদেশিক শাসনকর্তাগণ, রাজকর্মচারিগণ, কেহ-ই সাধারণ লোককে চাপ দিয়া যথাসম্ভব অর্থ আদায় করিয়া

জনসাধারণের অবস্থা

লইতে দ্বিধাবোধ করিতেন না। জনসাধারণকে তাহাদের উৎপাদিত সম্পদভোগ হইতে বঞ্চিত করিয়া সেই যুগের বাদশাহ্‌গণ ও রাজকর্মচারীবর্গ নিজেদের ঐশ্বর্য ও আড়ম্বর প্রদর্শন করিতেন। সুতরাং জনসাধারণের দারিদ্র্যের পাশাপাশি বাদশাহ্‌ ও আমীর-ওমরাহ্‌গণের ঐশ্বর্যভোগ ভাগ্যের নিষ্ঠুর পরিহাসের ন্যায়ই মনে হইত।

তথাপি সাম্রাজ্যের বিস্তৃতি, শিল্পকলা প্রভৃতির উন্নতি, শাসনকার্যের দক্ষতা, সবকিছু বিচার করিয়া দেখিলে শাহ্‌জাহানের রাজত্বকালকে মোগল সাম্রাজ্যের চরম অভিব্যক্তির যুগ বলিয়া বিবেচনা করা অনুচিত হইবে না। ইহার পর হইতেই মোগল সাম্রাজ্যের পতন শুরু হইয়াছিল, বলা যাইতে পারে।

দ্বাবিংশ অধ্যায়

ঔরংজেব : মারাঠাশক্তির অভ্যুত্থান : বিজাপুর : গোলকুণ্ডা

(Aurangzeb : Rise of the Maratha Power : Bijapur : Golconda)

ঔরংজেব, ১৬৫৮–১৭০৭ খ্রীঃ (Aurangzeb) : শাহ্‌জাহানের অসুস্থতার সংবাদ পাওয়া মাত্র কিভাবে ঔরংজেব ও তাঁহার অপরাপর ভাইদের মধ্যে অন্তর্বিরোধের সৃষ্টি হইয়াছিল তাহা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। ধর্মাট, সামুগড়, খাজোয়া ও দেওরাই-এর যুদ্ধে জয়লাভ করিয়া এবং একে একে অপরাপর ভ্রাতাকে হত্যা করাইয়া এবং বৃদ্ধ পিতা শাহ্‌জাহানকে বন্দী করিয়া ঔরংজেব ১৬৫৮ খ্রীষ্টাব্দে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। সুজা অবশ্য খাজোয়ার যুদ্ধে পরাজয়ের পর আরাকান অঞ্চলে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। সেখানেই তাঁহার মৃত্যু ঘটিয়াছিল। ঔরংজেবের আনুষ্ঠানিক রাজ্যাভিষেক অবশ্য এক বৎসর পরে—অর্থাৎ ১৬৫৯ খ্রীষ্টাব্দে সম্পন্ন হইয়াছিল। তিনি 'আলমগীর'—অর্থাৎ 'পৃথিবীবিজয়ী' উপাধি গ্রহণ করিয়া নিজ প্রতিপত্তি ও উচ্চাকাঙ্ক্ষার পরিচয় দিয়াছিলেন।

সিংহাসন অধিকার

আলমগীর উপাধি ধারণ



ঔরংজেব

ঔরংজেবের চরিত্রে নানাবিধ গুণের সহিত নানা প্রকার দোষের এক অদ্ভুত সংমিশ্রণ পরিলক্ষিত হয়। শাহ্‌জাহানের পুত্রদের মধ্যে তিনিই ছিলেন সর্বাধিক সাহসী, বুদ্ধিমান্ ও পরিশ্রমী। তিনি ছিলেন সমরকুশল সেনাপতি ও তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন কূটকৌশলী। শাহ্‌জাহানের পুত্রদের মধ্যে তিনি যে যোগ্যতম ছিলেন সে-বিষয়ে সন্দেহ নাই। বিপদে ধৈর্যহীন না হওয়া, অপরিসীম অধ্যবসায় সহকারে নিজ অভীষ্ট সিদ্ধির চেষ্টা, প্রত্যুৎপন্নমতিত্ব প্রভৃতি গুণও তাঁহার

চরিত্রের দোষগুণ

চরিত্রে পরিলক্ষিত হয়। ধর্ম-বিষয়ে তিনি ছিলেন অত্যন্ত গোঁড়া। ব্যক্তিগতভাবে তিনি সংযমী ও ধর্মভীরু প্রকৃত মুসলমান ছিলেন। কিন্তু যে উদারতা ভারতীয় জনগণের জাতীয় সম্রাট হইবার যোগ্যতা সৃষ্টি করিতে পারিত তাহা ঔরংজেবের চরিত্রে ছিল না। তিনি নিজে ছিলেন সুন্নী সম্প্রদায়ের মুসলমান। শিয়া সম্প্রদায়ের মুসলমানগণও তাঁহার নিকট উচিত ব্যবহার পান নাই। দরবারে সঙ্গীত, নৃত্য, চিত্রকলা প্রভৃতি সাংস্কৃতিক নিদর্শন কিছুই তিনি রাখিতে দেন নাই। পূর্ববর্তী মোগল সম্রাটগণ কর্তৃক অনুসৃত শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষকতা ঔরংজেব কর্তৃক সম্পূর্ণরূপে পরিত্যক্ত হইয়াছিল। বিলাসব্যসন, মদ্যপান, উৎসব-আনন্দ তিনি নিষিদ্ধ করিয়া দিয়া তাঁহার গোঁড়ামির পরিচয় দিয়াছিলেন। ফলে সুন্নী সম্প্রদায়ের মুসলমানদের শ্রদ্ধা তিনি অর্জন করিয়াছিলেন বটে কিন্তু অপরাপর ধর্মাবলম্বীর নিকট তিনি পরধর্ম অসহিষ্ণু, সঙ্কীর্ণমনা সম্রাট হিসাবে পরিগণিত হইয়াছিলেন। সুন্নী সম্প্রদায়ের মুসলমানগণ তাঁহাকে 'জিন্দাপীর'—অর্থাৎ 'জীবন্ত পীর' বলিয়া অভিহিত করিতেন। ঔরংজেব অবসর সময়ে কোরান নকল করিতেন এবং টুপি সেলাই করিতেন। এগুলি বিক্রয় করিয়া যে অর্থ সঞ্চিত হইয়াছিল তাহা হইতে গরীব মুসলমানদের কতক দান করিয়াছিলেন, অবশিষ্টাংশ দ্বারা মৃত্যুর পর তাঁহার কবর দেওয়ার ব্যয়-সঙ্কুলানের নির্দেশ দিয়া গিয়াছিলেন। ঔরংজেব উচ্চপদস্থ কর্মচারী, এমনকি নিজ পুত্র বা পৌত্রদের বিশ্বাস করিতেন না। সকলের প্রতি সন্দেহ পোষণ করিতেন বলিয়া তিনি নিজেই শাসনকার্যের সর্বদিক দেখিতেন। বিশাল সাম্রাজ্য শাসনের পক্ষে ইহা মোটেই যুক্তিযুক্ত ছিল না। নিজ হস্তে সকল ক্ষমতা কেন্দ্রীভূত রাখিবার ফলে নিজ বংশধর বা রাজকর্মচারীদের মধ্যে দায়িত্বশীলতা জন্মাইতে পারে নাই।

ধর্ম-বিষয়ে সঙ্কীর্ণতা

ঔরংজেব সিংহাসনে আরোহণ করিবার প্রায় সঙ্গে সঙ্গেই সাম্রাজ্যের উত্তর-পূর্ব ও উত্তর-পশ্চিম অংশগুলিতে নানা প্রকার গোলযোগ শুরু হয়। সাম্রাজ্যের উত্তর-পূর্ব সীমান্তে অহোম জাতি অত্যন্ত শক্তিশালী হইয়া উঠে এবং মোগল সাম্রাজ্যের সীমার মধ্যে আসিয়া হানা দিতে শুরু করে। আরাকান অঞ্চলের মগ জাতিও অনুরূপ অত্যাচার শুরু করে। উত্তর-বঙ্গে কোচ জাতির লোকেরাও উপদ্রব শুরু করে। ঔরংজেব মীরজুমলাকে এই উপদ্রবকারীদের দমন করিবার জন্য প্রেরণ করেন। মীরজুমলা সাময়িকভাবে সফলকাম হইলেও তাহাদিগকে দমন করা সম্ভব হয় নাই। কারণ, অহোমদের সহিত দীর্ঘকাল যুঝিয়া মীরজুমলা ভগ্ন-স্বাস্থ্য হেতু মৃত্যুমুখে পতিত হইলে অহোমগণ তাহাদের হৃতরাজ্য উদ্ধার করিয়া লইয়াছিল। ইহার পর ঔরংজেবের মাতুল শায়েস্তা খাঁ যখন বাংলার সুবাদার হইয়া আসেন তখন সাম্রাজ্যের উত্তর-পূর্ব সীমান্ত উপদ্রবহীন হয়। তিনি মগদিগকে পরাজিত করিয়া চট্টগ্রাম অধিকার করিয়াছিলেন এবং পোর্তুগীজ জলদস্যুদের পরাজিত করিয়া সন্দ্বীপ নামক দ্বীপটিও অধিকার করিয়া লইয়াছিলেন।

উত্তর-পূর্ব সীমান্তে রাজ্যবিস্তার

উত্তর-পশ্চিম সীমান্তে ইউসুফজাই, আফ্রিদি, খাট্টক প্রভৃতি আফগান উপজাতি নানা প্রকার উপদ্রব শুরু করিলে ঔরংজেব স্বয়ং তাহাদিগকে দমন করিবার জন্য

অগ্রসর হন। তিনি ছিলেন কূটকৌশলী। আফগান উপজাতিগুলির মধ্যে পরস্পর কলহ বাধাইয়া দিয়া তিনি তাহাদিগকে দুর্বল করিতে এবং সেই সুযোগে দমন করিতে চাহিয়াছিলেন। বহু চেষ্টায় তাঁহার কূটচাল সফল হইল, ফলে সাম্রাজ্যের উত্তর-পশ্চিম সীমান্ত সুরক্ষিত হইল। কিন্তু উত্তর-পশ্চিম সীমান্তে গোলযোগ দমন করিবার জন্য যে কালক্ষেপ হইল সেই সুযোগে রাজপুত ও মারাঠাগণ শক্তিসঞ্চয় করিয়া মোগল সাম্রাজ্যের বিরুদ্ধে দাঁড়াইবার জন্য প্রস্তুত হইল।

উত্তর-পশ্চিম সীমান্তে রাজ্যবিস্তার

ঔরংজেবের ধর্মনীতি ও উহার ফলাফল (Effects of Aurangzeb's Religious Policy): সম্রাট আকবর অনুসৃত উদার ও সর্বধর্মসহিষ্ণু শাসননীতি তাঁহার পরবর্তীকালে—শাহ্‌জাহানের রাজত্বকাল পর্যন্ত অন্তত আংশিকভাবেও চালু ছিল। কিন্তু ঔরংজেবের রাজত্বকালে সেই নীতি সম্পূর্ণভাবে পরিত্যক্ত হইয়া এক সঙ্কীর্ণ, পরধর্ম-অসহিষ্ণু নীতির প্রচলন পরিলক্ষিত হয়। ঔরংজেব তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন সম্রাট ছিলেন সন্দেহ নাই, কিন্তু তিনি একথা উপলব্ধি করিতে পারেন নাই যে, হিন্দুপ্রধান ভারতবর্ষে কেবলমাত্র মুসলমানদের নেতা সাজিলেই ভারত-সম্রাটের চলিবে না। তিনি অ-মুসলমানদের দেশকে ('দার-উল্-হার্‌ব') ইস্‌লামের দেশ—অর্থাৎ 'দার-উল্-ইস্‌লামে' পরিণত করিতে বদ্ধপরিকর ছিলেন। এইজন্য তিনি অ-মুসলমানদের উপর জিজিয়া কর স্থাপন করেন। অ-মুসলমানগণ 'জিম্মি' নামে অভিহিত হইত। দার-উল্-ইস্‌লামে তাহাদের বসবাসের কোন অধিকার নাই, সেই কারণে জিজিয়া কর দিয়া তাহারা সেই অধিকার ক্রয় করিতে বাধ্য ছিল। এইরূপ উগ্র ধর্মান্ধনীতির বশবর্তী হইয়া ঔরংজেব শুধু জিজিয়া কর পুনঃস্থাপনই নহে, হিন্দু ব্যবসায়ীদের উপর দ্বিগুণ শুল্ক ধার্য, হিন্দু দেবদেবীর মন্দির ধ্বংসকরণ প্রভৃতি অসহিষ্ণু নীতি অনুসরণ করিতে লাগিলেন। হিন্দুদের সরকারী পদে নিয়োগ বন্ধ করা হইল। তাহাদের সামাজিক মর্যাদাও নানাভাবে হ্রাস করা হইল। এই অদূরদর্শী ধর্মান্ধনীতির ফলে মোগল সাম্রাজ্যের সর্বত্র বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিল। জাঠ, বুন্দেলা, সৎনামী সম্প্রদায়, শিখ, মারাঠা, রাজপুত জাতি—সকলেই বিদ্রোহী হইয়া উঠিল।

সঙ্কীর্ণ, পরধর্ম-অসহিষ্ণু নীতি

জিজিয়া কর

অ-মুসলমানদের নির্যাতন—রাজনৈতিক অদূরদর্শিতা

জাঠ, বুন্দেলা ও সৎনামী বিদ্রোহ (Jat, Bundella and Satnami Rebellions): ১৬৬৯ খ্রীষ্টাব্দে মথুরা অঞ্চলে জাঠগণ ঔরংজেবের অত্যাচারী নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। গোক্‌লা নামক জনৈক নেতার অধীনে তাহারা বিদ্রোহী হইয়া উঠিলে ঔরংজেব গোক্‌লাকে বন্দী করিলেন। গোক্‌লাকে সপরিবারে বলপূর্বক ইস্‌লাম ধর্মে ধর্মান্তরিত করা হইল, আর অপরাপর বিদ্রোহীকে বলপূর্বক দমন করা হইল। কিন্তু ইহাতে জাঠগণকে দমন করা সম্ভব হইল না। তাহারা রাজারাম নামে অপর এক নেতার অধীনে ১৬৮৫ খ্রীষ্টাব্দে পুনরায় বিদ্রোহ

ঘোষণা করে। রাজারাম মোগলবাহিনীর হস্তে পরাজিত হইলে পর চূড়ামন নামে অপর এক নেতার অধীনে জাঠগণ তৃতীয়বার বিদ্রোহী হইয়া উঠে। এইভাবে জাঠদের বিদ্রোহ ঔরংজেবের পক্ষে সম্পূর্ণভাবে দমন করা সম্ভব হইল না।

জাঠ বিদ্রোহ

মালব ও বুন্দেলখণ্ডে বুন্দেলগণ ঔরংজেবের হিন্দু দেবদেবীর মন্দির ধ্বংসনীতির প্রতিবাদে ছত্রশালের নেতৃত্বে বিদ্রোহ ঘোষণা করিল। এই বিদ্রোহের পূর্বেও একবার ছত্রশালের পিতা চম্পৎ রায় ঔরংজেবের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিয়াছিলেন। কিন্তু শেষ পর্যন্ত ঔরংজেবের হস্তে শাস্তি এড়াইবার উদ্দেশ্যে তিনি আত্মহত্যা করিয়াছিলেন। যাহা হউক, ছত্রশালকে দমন করিতে মোগলবাহিনী অগ্রসর হইয়া পরাজিত হইলে ছত্রশাল পূর্ব-মালবে স্বাধীন রাজ্য স্থাপন করিতে সমর্থ হইলেন (১৬৭১ খ্রীঃ)।

বুন্দেলা বিদ্রোহ

পর বৎসর (১৬৭২ খ্রীঃ) পাতিয়ালা ও আলোয়ার অঞ্চলে সৎনামী নামে এক ধর্মসম্প্রদায় বিদ্রোহ ঘোষণা করে। সৎনামিগণ সাময়িকভাবে নারনোল নামক স্থান অধিকার করিতে সমর্থ হইয়াছিল। কিন্তু শেষ পর্যন্ত মোগলবাহিনী সৎনামিগণকে দমন করে।

সৎনামী বিদ্রোহ

***শিখ বিদ্রোহ* (Sikh Rebellion) :** ঔরংজেবের অদূরদর্শী ধর্মান্ধতা পাঞ্জাবের শিখ জাতিকেও বিদ্রোহী করিয়া তুলিয়াছিল। জাহাঙ্গীরের আমল হইতেই শিখ-মোগল সংঘর্ষের সূত্রপাত হইয়াছিল। তিনি শিখগুরু অর্জুনকে প্রাণদণ্ডে দণ্ডিত করিয়া যে ভুল করিয়াছিলেন সেকথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। অর্জুনের প্রতি এই নির্মম ব্যবহার শিখ জাতি ভুলে নাই। শিখগুরু অর্জুনের পুত্র হরগোবিন্দ শিখ জাতিকে সঙ্ঘবদ্ধ করিয়া তোলেন। পরবর্তী শিখগুরু (নবম গুরু) তেগ্‌বাহাদুর ঔরংজেবের সঙ্কীর্ণ ধর্মনীতির বিরোধিতা করিলে ঔরংজেবের আদেশে তাঁহাকে বন্দী করিয়া মোগল দরবারে উপস্থিত করা হইল। ঔরংজেব শিখগুরু তেগ্‌বাহাদুরকে ইস্‌লাম ধর্ম গ্রহণ করিতে নতুবা মৃত্যুর জন্য প্রস্তুত হইতে বলিলেন। তেগ্‌বাহাদুর মস্তক দিলেন, কিন্তু ধর্মত্যাগ করিলেন না। পরবর্তী শিখগুরু গোবিন্দ সিংহ পিতার এই আত্মত্যাগের কথা স্মরণ করিয়া শিখদিগকে 'খাল্‌সা' নামে এক সামরিক বাহিনী হিসাবে গড়িয়া তুলিলেন। খাল্‌সা কথাটির অর্থ হইল 'পবিত্র'। গুরু গোবিন্দ সিংহ পঞ্চ

তেগ্‌বাহাদুর

গুরু গোবিন্দ সিংহ



গুরু গোবিন্দ সিংহ

'ক'-এর—অর্থাৎ কেশ, কংগা (চিরুণী), কচ্ছ (পরিধানের পোশাক), কড়া (লোহার চুড়ি) ও কৃপাণ—এই পাঁচটি জিনিস শিখ মাত্রকেই ধারণ করিবার নীতি প্রবর্তন করেন। গুরু গোবিন্দ সিংহের নেতৃত্বে শিখ জাতি ঔরংজেবের এক অতিশয় শক্তিশালী শত্রুরূপে দণ্ডায়মান হয়। ঔরংজেব এই দৃঢ়প্রতিজ্ঞ ও দুর্ধর্ষ শিখ জাতিকে দমন করিতে সমর্থ হন নাই।

রাজপুত জাতির বিরোধিতা (Rajput Opposition): ঔরংজেবের প্রবলতম শত্রু ছিল রাজপুত ও মারাঠাগণ। আকবরের উদার ও বন্ধুত্বপূর্ণ নীতিতে রাজপুতগণ মোগল সাম্রাজ্যের স্তম্ভরূপে পরিণত হইয়াছিল। জাহাঙ্গীরও রাজপুত জাতির প্রতি পিতৃ-অনুসৃত নীতির ব্যতিক্রম করেন নাই। কিন্তু ঔরংজেব নিজ রাজনৈতিক অদূরদর্শিতা ও ধর্ম-বিষয়ে অসহিষ্ণুতা হেতু এই রাজপুত জাতিকে মোগল সাম্রাজ্যের প্রবল শত্রুতে পরিণত করিয়াছিলেন। মাড়বারের

যশোবন্ত সিংহ

(যোধপুর) রাণা যশোবন্ত সিংহ ঔরংজেবের আমলে উত্তর-পশ্চিম সীমান্ত রক্ষার দায়িত্বপ্রাপ্ত ছিলেন। ১৬৭৮ খ্রীষ্টাব্দে অকস্মাৎ তাঁহার মৃত্যু ঘটিলে ঔরংজেব তাঁহার রাজ্য অধিকার করিয়া লন। তিনি যশোবন্ত সিংহেরই এক আত্মীয়কে মাড়বারের সিংহাসনে নিজ তাঁবেদার হিসাবে স্থাপন করেন। কিন্তু যশোবন্ত সিংহের মৃত্যুকালে তাঁহার উভয় স্ত্রী-ই সন্তানসম্ভবা ছিলেন। অল্পকালের মধ্যেই উভয়ের পুত্রসন্তান জন্মিল। একটি শিশু অবশ্য বাঁচিল না। অপরটি অজিত সিংহের পক্ষে রাজপুতানার বীর রাজপুতগণ ঔরংজেবকে অনুরোধ জানাইল যে, অজিত সিংহকেই মাড়বারের সিংহাসনে স্থাপন করা হউক। ঔরংজেব অজিত সিংহকে মুসলমান ধর্ম গ্রহণ করিয়া মোগল হারেমের তত্ত্বাবধানে থাকিতে হইবে এই শর্তে ভবিষ্যতে মাড়বারের সিংহাসন তাঁহাকে দিতে রাজী হইলেন।

দুর্গাদাস

যশোবন্ত সিংহের বিশ্বস্ত মন্ত্রীর পুত্র দুর্গাদাস প্রথম হইতেই অজিত সিংহের পক্ষে ঔরংজেবের সহিত বোঝাপড়া করিতেছিলেন। তিনি ঔরংজেবের হীন প্রস্তাব অগ্রাহ্য করিয়া রাজপুত জাতির বীরদের সহানুভূতি-সাহায্য লইয়া ঔরংজেবের সহিত যুদ্ধে অবতীর্ণ হন। মেবারের রাণা রাজসিংহও ঔরংজেবের উপর সন্তুষ্ট ছিলেন না, তদুপরি তিনি দেখিলেন যে মাড়বার যদি ঔরংজেবের পদানত হয় তাহা হইলে মেবারও আর টিকিবে না। সুতরাং তিনিও দুর্গাদাসের সাহায্যে দাঁড়াইলেন।



দুর্গাদাস

ঔরংজেব নিজপুত্র আকবরকে রাজপুতদের দমনের ভার দিলেন। কিন্তু আকবর কৃতকার্য হইতে না পারায় তিনি আকবরকে সেই দায়িত্ব হইতে অপসারিত করেন। ইহাতে আকবর অপমানিত বোধ করিলে সেই সুযোগে রাজপুতগণ তাঁহাকে নিজপক্ষে টানিল। তিনি ঔরংজেবের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিলেন। কিন্তু সুচতুর ঔরংজেব কৌশলে রাজপুতদের মনে এই ধারণার সৃষ্টি করিলেন যে, আকবর পিতার নির্দেশ অনুযায়ী রাজপুতগণকে নিজপক্ষে টানিয়া তাহাদের পরাজয়ের চেষ্টা করিতেছেন। রাজপুতগণের মনে এই মিথ্যা ধারণার সৃষ্টি হওয়াতে তাহারা আকবরের পক্ষ ত্যাগ করিল। পরে অবশ্য তাহারা তাহাদের ভুল বুঝিতে পারিয়াছিল। আকবর ঔরংজেবের ক্রোধানল হইতে আত্মরক্ষার জন্য দুর্গাদাসের শরণাপন্ন হইলে দুর্গাদাস তাঁহাকে আশ্রয় দিয়াছিলেন এবং শিবাজীর পুত্র শম্ভুজীর নিকট তাঁহাকে গোপনে প্রেরণ করিয়াছিলেন। শেষ পর্যন্ত সেখান হইতে আকবর ভারতবর্ষ ত্যাগ করিয়া পারস্যে চলিয়া গিয়াছিলেন। এদিকে রাজপুতদের সহিত দীর্ঘকাল সংগ্রামের পর মেবারের রাণা রাজসিংহের পুত্র জয়সিংহের নিকট হইতে তিনটি পরগণা গ্রহণ করিয়া ঔরংজেব মেবারের উপর হইতে জিজিয়া কর উঠাইয়া লইলেন। দুর্গাদাস কিন্তু ঔরংজেবের সহিত সন্ধি করিতে স্বীকৃত হইলেন না। তিনি মোগল সাম্রাজ্যের অভ্যন্তর হইতে চৌথ আদায় করিয়া নিজ প্রতিপত্তি ও ক্ষমতার পরিচয় দিতে ত্রুটি করিলেন না। শেষ পর্যন্ত ঔরংজেবের মৃত্যুর পর তাঁহার পুত্র প্রথম বাহাদুর শাহ্ যশোবন্ত সিংহের পুত্র অজিত সিংহকে মাড়বার—অর্থাৎ যোধপুরের রাণা বলিয়া স্বীকার করিয়া লইলেন। এইভাবে রাজপুতদের সহিত ঔরংজেবের যুদ্ধ-নীতি বিফলতায় পরিণত হইল।

রাজপুত ও ঔরংজেবের সংঘর্ষ

জয়সিংহের সহিত ঔরংজেবের সন্ধি স্থাপন

অজিত সিংহকে মাড়বারের রাণা বলিয়া স্বীকৃতি

ঔরংজেব ও দাক্ষিণাত্য : মারাঠা জাতির বিরোধিতা (Aurangzeb and Deccan : Maratha Opposition) : কিন্তু রাজপুতগণ অপেক্ষাও মারাঠাগণ ঔরংজেবের অধিকতর ভীতির কারণ হইয়া দাঁড়াইয়াছিল। শিবাজীর নেতৃত্বে দক্ষিণ-ভারতে হিন্দুশক্তির যে পুনরুজ্জীবনের সৃষ্টি হয় ঔরংজেবকে সেই নব-জাগরিত অদম্য শক্তির সহিত যুঝিতে হইয়াছিল। এই মারাঠা জাতি তাহাদের নেতা ছত্রপতি শিবাজীর অধীনে সঙ্ঘবদ্ধভাবে মোগল সাম্রাজ্যের উপর যে আঘাত হানিয়াছিল উহা মোগল সাম্রাজ্যের পতনের অন্যতম প্রধান কারণ হইয়া দাঁড়াইয়াছিল, সে-বিষয়ে সন্দেহ নাই।

মারাঠা-মোগল সংঘর্ষ

ঔরংজেব দাক্ষিণাত্যের শাসনকর্তা হিসাবেই শিবাজীকে দমন করিবার চেষ্টা করিয়াছিলেন এবং তাহাতে সাময়িকভাবে কতকটা সাফল্যলাভও করিয়াছিলেন। কিন্তু পিতার অসুস্থতার সংবাদ পাইয়া তিনি দিল্লী চলিয়া আসিলে শিবাজী বিজাপুর সুলতানির বিরুদ্ধে আক্রমণ-নীতি চালাইয়া নিজ ক্ষমতা ও রাজ্যসীমা বর্ধিত করেন। বিজাপুর সুলতান শিবাজীর বিরুদ্ধে তাঁহার সেনাপতি আফজল খাঁকে প্রেরণ করেন। আফজল খাঁ

শিবাজীর বিরুদ্ধে শায়েস্তা খাঁকে প্রেরণ

শিবাজীর হস্তে নিহত হইলে ঔরংজেব নিজ মাতুল শায়েস্তা খাঁকে দাক্ষিণাত্যে শিবাজীকে দমন করিবার জন্য প্রেরণ করেন। শায়েস্তা খাঁ প্রথমে সাফল্যলাভ করিলেও এক রাত্রে শিবাজী কর্তৃক অতর্কিতে আক্রান্ত হইয়া পলাইয়া আসেন। পলাইবার কালে শিবাজীর তরবারির আঘাতে তাঁহার হাতের একটি আঙুল ছিন্ন হইয়া গিয়াছিল। ইহার পর ঔরংজেব সেনাপতি দিলীর খাঁ ও অম্বররাজ জয়সিংহকে শিবাজীর বিরুদ্ধে প্রেরণ করেন। জয়সিংহ সাময়িকভাবে সাফল্যলাভ করিলেও তাঁহার পক্ষে শিবাজীকে দমন করা সম্ভব হয় নাই। পুরন্দরের সন্ধির দ্বারা শিবাজীর ২৩টি দুর্গ তিনি অধিকার করিয়াছিলেন সত্য, কিন্তু শিবাজী পরে প্রায় সব কয়টি দুর্গই পুনরুদ্ধার করিয়া এবং আরও বহু স্থান জয় করিয়া এক বিশাল মারাঠা রাজ্য গড়িয়া গিয়াছিলেন। ঔরংজেবও শিবাজীকে 'রাজা' উপাধি দান করিয়া সম্মান প্রদর্শন করিতে বাধ্য হইয়াছিলেন। শিবাজীর পর তাঁহার পুত্র শম্ভুজীর সহিতও ঔরংজেবের সংঘর্ষ উপস্থিত হয়, কিন্তু তাঁহার বিরুদ্ধেও তিনি সম্পূর্ণভাবে সফলতা অর্জন করিতে পারেন নাই।

জয়সিংহ ও দিলীর খাঁ—পুরন্দরের সন্ধি (১৬৬৫ খ্রীঃ)

ঔরংজেব ও প্রথম শম্ভুজী

ঔরংজেব এবং বিজাপুর, গোলকুণ্ডা (Aurangzeb and Bijapur, Golconda): দাক্ষিণাত্যের সুলতানী রাজ্যগুলিকে সম্পূর্ণভাবে মোগল সাম্রাজ্যভুক্ত করিবার জন্য ঔরংজেবের বহুদিনের ইচ্ছা ছিল। দাক্ষিণাত্যের শাসনকর্তা হিসাবে তাঁহার সেই চেষ্টা ফলবতী হয় নাই, কারণ দারাশিকো ও জাহানারা এই নীতির বিরোধিতা করিয়াছিলেন। বাদশাহ্ হইয়া ঔরংজেব দাক্ষিণাত্যের সুলতানী রাজ্যগুলি জয় করিবার জন্য মনোনিবেশ করিলেন। প্রথমে তিনি বিজাপুর আক্রমণ করিয়া উহা অধিকার করিলেন। অতঃপর গোলকুণ্ডার জনৈক রাজকর্মচারীর বিশ্বাসঘাতকতায় তিনি গোলকুণ্ডার সুলতানী রাজ্যটিও অধিকার করেন। ইহা ভিন্ন, তাঞ্জোর ও ত্রিচিনপলীর হিন্দুরাজ্য দুইটিও তিনি অধিকার করেন। এইভাবে ঔরংজেব মোগল সাম্রাজ্যের সীমা দাক্ষিণাত্যের বহুদূর পর্যন্ত বিস্তার করিতে সমর্থ হইয়াছিলেন।


ঔরংজেব কর্তৃক দাক্ষিণাত্যের সুলতানী রাজ্যগুলি জয়

ঔরংজেব তাঁহার অসাধারণ চতুরতা ও সামরিক কৌশলের দ্বারা এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন, কিন্তু সেই সাম্রাজ্য তাঁহার অন্তরে শান্তি আনয়নে সমর্থ হয় নাই। জীবনের শেষদিকে তিনি তাঁহার নিজ ব্যর্থতা উপলব্ধি করিয়াছিলেন। তিনি একথা স্পষ্টভাবেই বুঝিতে পারিয়াছিলেন যে, তাঁহার পরবর্তীকালে মোগল সাম্রাজ্য আর টিকিয়া থাকিবে না। তাঁহার এই মনোভাব পুত্র আজ্‌মের নিকট লিখিত এক পত্রে প্রকাশ পাইয়াছিল। এইভাবে নিজ ত্রুটির জন্য অনুশোচনা ও ভবিষ্যৎ সম্পর্কে হতাশাজনিত মানসিক যাতনার মধ্যে ঔরংজেব আলমগীর ১৭০৭ খ্রীষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হইয়াছিলেন। দৌলতাবাদে তাঁহার দেহাবশেষ সমাহিত করা হইয়াছিল।

ঔরংজেবের হতাশা : মৃত্যু (১৭০৭ খ্রীঃ)

ঔরংজেবের কৃতিত্ব বিচার : মোগল সাম্রাজ্যের পতনের জন্য তাঁহার দায়িত্ব **(Estimate of Aurangzeb : His responsibility for the downfall of the Mughal Empire) :** ঔরংজেবের কৃতিত্ব বিচার করিতে গিয়া বহুক্ষেত্রেই তাঁহার নৃশংসতা, ভ্রাতৃহত্যা ও পিতার প্রতি দুর্ব্যবহারের উপর জোর দেওয়া হইয়াছে। কিন্তু একথা স্মরণ রাখা প্রয়োজন যে, ঔরংজেব যে-যুগের সম্রাট ছিলেন সে-যুগে মুসলমান শাসনের অন্যতম বৈশিষ্ট্যই ছিল এইরূপ। জাহাঙ্গীর সম্রাট আকবরের মত উদার ও স্নেহশীল পিতার বিরুদ্ধে বিদ্রোহ করিতে দ্বিধাবোধ

নিরপেক্ষ বিচারের প্রয়োজনীয়তা



করেন নাই। শাহজাহানও জাহাঙ্গীরের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিয়াছিলেন। সুতরাং ঔরংজেব কর্তৃক ভ্রাতৃহত্যা বা বৃদ্ধ পিতাকে বন্দী করিয়া রাখা মানবতা ও ন্যায়ের দিক দিয়া গর্হিত হইলেও সে-যুগে তেমন কিছু অস্বাভাবিক ছিল না।

ধর্ম সম্পর্কে ঔরংজেব ছিলেন অত্যন্ত গোঁড়া। তিনি ব্যক্তিগত জীবনে ইস্‌লাম-ধর্মের নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করিয়া চলিতেন। জীবনে কখনও তিনি নিয়মিত-ভাবে নমাজ পড়িতে ভুলেন নাই। তাঁহার দৈনন্দিন জীবন ছিল অনাড়ম্বর। মদ্যপান বা অপর কোন ইস্‌লাম-বিরোধী খাদ্য বা পানীয়, পোশাক-পরিচ্ছদ তিনি ব্যবহার করিতেন না। তাঁহার চরিত্রের এই ধর্ম-নিষ্ঠা সত্যই প্রশংসনীয়। কিন্তু তাঁহার প্রধান ত্রুটি ছিল এই যে, তিনি তাঁহার ধর্মমতকে তাঁহার রাজনৈতিক বিচারবুদ্ধির উপর প্রভাববিস্তার করিতে দিয়াছিলেন। ধর্মের প্রতি তাঁহার অনুরাগ ধর্মান্ধতায় পর্যবসিত হইয়াছিল। ইহার ফলে তাঁহার রাজনৈতিক বিচারবুদ্ধি অসহিষ্ণুতা ও সঙ্কীর্ণতা দোষে দুষ্ট হইয়া উঠিয়াছিল। ভারতের সম্রাটের পক্ষে যে উদারতা প্রদর্শনের প্রয়োজন, তাহা তিনি উপলব্ধি করিতে পারেন নাই। এই কারণে তাঁহার সাম্রাজ্যের অ-মুসলমান সম্প্রদায়মাত্রেই বিদ্রোহী হইয়া উঠিয়াছিল। তাঁহার একদেশদর্শী সঙ্কীর্ণ ধর্মনীতি মোগল সাম্রাজ্যের ভিত্তি শিথিল করিয়া দিয়াছিল। সম্রাট আকবরের উদারতা ও পরধর্ম সহিষ্ণুতায় যে বিশাল মোগল সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল ঔরংজেবের সঙ্কীর্ণ ধর্মান্ধ-নীতিতে উহার ভিত্তি ভাঙ্গিয়া পড়িয়াছিল। ইহা ঔরংজেবের রাজনৈতিক অদুরদর্শিতার পরিচায়ক সন্দেহ নাই।

ধর্মপরায়ণতা ধর্মান্ধতায় পরিণত

রাজনৈতিক অদুরদর্শিতা

মোগল সাম্রাজ্যের ভিত্তিকে দুর্বলকরণ

দাক্ষিণাত্য জয়ের নীতি অনুসরণ করিয়া মোগল সাম্রাজ্যের সীমা বৃদ্ধি করা সম্ভব হইয়াছিল বটে, কিন্তু সেইজন্য দীর্ঘকাল রাজধানী হইতে অনুপস্থিত থাকিবার ফলে কেন্দ্রীয় শাসনও দুর্বল হইয়া পড়িয়াছিল।

দাক্ষিণাত্য-নীতির ত্রুটি

ঔরংজেব ছিলেন অপরের গুণাবলী সম্পর্কে অত্যন্ত সন্দিগ্ধ। নিজের ছল, চাতুরী ও কূটকৌশলের সাহায্যে কার্য সম্পাদন করিতেন বলিয়াই তিনি অপরের সততায় বা অপরের আন্তরিকতা বা গুণাবলীতে আস্থা স্থাপন করিতে পারিতেন না। ফলে সাম্রাজ্যের শাসন বা সামরিক কার্যকলাপ সবকিছুর উপরই তাঁহাকে দৃষ্টি রাখিতে হইত। অনন্যসাধারণ কর্মশক্তি ও অধ্যবসায় থাকা সত্ত্বেও এইরূপ বিশাল সাম্রাজ্যের শাসন ও সামরিক কার্যাদি সংক্রান্ত সবকিছু পরিদর্শন করা তাঁহার কেন, কোন ব্যক্তির পক্ষেই এককভাবে সম্ভব ছিল না। ইহাও তাঁহার শাসনকার্যের ত্রুটি হিসাবে উল্লেখযোগ্য। এই কারণে সার্ যদুনাথ সরকার ঔরংজেব রাজনীতিক আখ্যা লাভের অযোগ্য ছিলেন, এরূপ মন্তব্য করিয়াছেন।

অনুদার সন্দিগ্ধ মন

ঔরংজেবের অনুদার, সঙ্কীর্ণ ধর্মান্ধনীতি, তাঁহার রাজনৈতিক অদূরদর্শিতা এবং সন্দিগ্ধ মনোভাব মোগল সাম্রাজ্যের ভিত্তি দুর্বল করিয়া দিয়াছিল। মোগল সাম্রাজ্যের পতনের পশ্চাতে আরও নানাবিধ কারণ ছিল, সন্দেহ নাই। কিন্তু সম্রাট আকবরের

আসলে শাসন-নীতির উদারতা ভারতের হিন্দু-মুসলমান জাতিধর্মনির্বিশেষে আকবরকে জাতীয় সম্রাটের যে মর্যাদার আসনে স্থাপন করিয়াছিল, সেই আসন হইতে মোগল সম্রাটকে সাম্প্রদায়িক সম্রাটের আসনে নামাইয়া আনিয়া ঔরংজেব মোগল সাম্রাজ্যের সমাধি রচনা করিয়া গিয়াছিলেন। তাঁহার রাজনৈতিক দূরদর্শিতার অভাব এইজন্য দায়ী ছিল, বলা বাহুল্য।

ঔরংজেবের দায়িত্ব

মারাঠা অভ্যুত্থান (Rise of the Marathas) : পশ্চিমে আরব সাগর হইতে পূর্বে হায়দরাবাদ পর্যন্ত দাক্ষিণাত্য উপকূল ধরিয়া মহারাষ্ট্র দেশ বিস্তৃত। সহায়দ্রি, বিন্ধ্য ও সাতপুরা পর্বত মহারাষ্ট্র দেশকে পর্বতসঙ্কুল ও দুর্গম করিয়া তুলিয়াছে। প্রকৃতির কৃপণতা হেতু এই অঞ্চলের জনসাধারণকে জীবনধারণের জন্য অসাধারণ শ্রম করিতে হয়। প্রকৃতির কঠোরতার ফলে তাহারা স্বভাবতই কষ্টসহিষ্ণু ও দুর্ধর্ষ। এইরূপ শক্তিশালী জনসমাজ ঐক্যবদ্ধ হইলে এক দুর্জয় শক্তিতে পরিণত হইবে, ইহাতে আশ্চর্য হইবার কিছু নাই।

পর্বতসঙ্কুল মহারাষ্ট্র দেশ

সপ্তদশ শতাব্দীর শেষার্ধে মারাঠা জাতি ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত ছিল। কিন্তু যোদ্ধা হিসাবে তাহারা যে অতিশয় দুর্ধর্ষ ছিল সে-পরিচয় দাক্ষিণাত্যের সুলতানী রাজ্যগুলি জানিত। এইজন্য সেই সকল সুলতানী রাজ্যে মারাঠাগণ সামরিক পদে নিযুক্ত হইত। মারাঠা জাতির সমরকুশলতা ভিন্ন ধর্মপ্রবণতাও উল্লেখযোগ্য। একনাথ, তুকারাম, রামদাস প্রভৃতি ধর্মপ্রচারক মারাঠা জাতি হইতে উদ্ভূত হইয়াছিলেন। তাঁহাদের প্রচারের ফলে মারাঠা জাতি এক গভীর জাতীয়তাবোধে অনুপ্রাণিত হইয়া উঠিয়াছিল। কিন্তু সেই ঐক্যবোধকে কার্যকরী করিয়া তুলিবার জন্য প্রয়োজন ছিল একজন ক্ষমতাবান নেতার। শিবাজী সেই নেতার পদ গ্রহণ করিয়া মারাঠা জাতিকে ঐক্যবদ্ধ এক দুর্ধর্ষ সামরিক ও ধর্মপ্রাণ জাতিতে গড়িয়া তুলিয়াছিলেন।

মারাঠা জাতির অনৈক্য

একনাথ, তুকারাম, রামদাস প্রভৃতির দান

শিবাজী (Shivaji) : শিবাজীর পিতা শাহজী ভোঁসলে প্রথম জীবনে আহ্‌মদনগরের সুলতানের অধীনে কাজ করিতেন। সেই সূত্রে তিনি ক্রমে সম্মান, প্রতিপত্তি এবং প্রচুর সম্পত্তি লাভ করেন। পুণা অঞ্চলে তাঁহাকে জায়গির দেওয়া হয়। পুণায় অবস্থানকালে শিবনের গিরিদুর্গে তাঁহার পুত্র শিবাজীর জন্ম হয় (১৬২৭ খ্রীঃ বা ১৬৩০ খ্রীঃ)। ইহার অল্পকালের মধ্যেই শাহজী বিজাপুর সুলতানের অধীনে চাকরি গ্রহণ করিয়া তাঁহার দ্বিতীয়া পত্নী তুকাবাঈ-সহ সেখানে চলিয়া যান। শিশুপুত্র শিবাজী এবং তাঁহার মাতা জীজাবাঈ দাদাজী কোণ্ডদেব নামক জনৈক ধর্মভাবাপন্ন অথচ যুদ্ধবিদ্যায় পারদর্শী ব্রাহ্মণের অভিভাবকত্বাধীনে পুণায় বাস করিতে থাকেন। শিবাজী বাল্যকাল হইতেই মাতা জীজাবাঈ-এর মুখে তাঁহার পূর্বপুরুষদের বীরত্বের কাহিনী ও দাদাজী কোণ্ডদেবের নিকট রামায়ণ-মহাভারতের কাহিনী শুনিয়া এক মহান্ আদর্শে অনুপ্রাণিত হইয়া উঠেন। ধর্মের ভিত্তিতে এবং বীরত্বের দ্বারা এক

জন্ম

বাল্যকাল

বিশাল হিন্দু রাজ্য স্থাপনের আদর্শ তাঁহার অন্তরে গড়িয়া উঠে। তিনি ছেলেবেলায় বিদ্যাশিক্ষার সুযোগ গ্রহণ করিতে পারিয়াছিলেন কি না সে-বিষয়ে নিশ্চিত কিছু বলা যায় না, তবে দাদাজীর নিকট যুদ্ধকৌশল শিক্ষা এবং তাঁহার ও মাতা জীজাবাঈ-এর মুখে হিন্দু বীরদের কাহিনী শ্রবণের ফলে অন্তরের বলিষ্ঠতা, আদর্শের প্রতি একনিষ্ঠতা, সমরকুশলতা, আত্মমর্যাদা প্রভৃতি গুণ শিবাজীর চরিত্রে ফুটিয়া উঠিয়াছিল। নিজ আদর্শসিদ্ধির উদ্দেশ্যে বাল্যবয়স হইতেই তিনি মাওলী জাতির সহিত ঘনিষ্ঠতা স্থাপন করেন। পরে তাহাদিগকে লইয়া তিনি একটি সেনাবাহিনী গড়িয়া তোলেন।


শিবাজী

এদিকে সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে দাক্ষিণাত্যের স্বাধীন সুলতানী রাজ্যগুলি ক্রমেই দুর্বল হইয়া পড়িতেছিল। সেই সুযোগ গ্রহণে শিবাজী ত্রুটি করিলেন না। তিনি তাঁহার মাওলী সেনাবাহিনীর সাহায্যে বিজাপুর রাজ্যের তোরণা দুর্গটি অধিকার করিয়া লইলেন। ইহা ভিন্ন, তোরণার অনতিদূরে তিনি রায়গড় নামক অপর একটি দুর্গও আক্রমণ করিলেন। দাদাজী কোণ্ডদেব শিবাজীর এই যুদ্ধ-নীতির পক্ষপাতী ছিলেন না। সুতরাং তাঁহার জীবদ্দশায় শিবাজী বেশীদূর অগ্রসর হইতে পারিলেন না। কিন্তু দাদাজী কোণ্ডদেবের মৃত্যু হইলে (১৬৪৭ খ্রীঃ) শিবাজীকে বাধা দেওয়ার কেহ রহিল না। শিবাজী চকণ দুর্গ এবং আরও কয়েকটি সামরিক ঘাঁটি দখল করিয়া পুণার সামরিক নিরাপত্তার ব্যবস্থা করিলেন। বিজাপুর সুলতান শিবাজীর এই সকল কার্যকলাপে প্রথমদিকে ততটা বিচলিত হন নাই। কিন্তু ক্রমেই যখন শিবাজী নিজ ক্ষমতা বৃদ্ধি করিয়া এবং এক একটি করিয়া বিজাপুর রাজ্যের দুর্গ দখল করিতে লাগিলেন, তখন শিবাজীর কার্যকলাপ বন্ধ করিবার সহজ উপায়স্বরূপ বিজাপুর সুলতান তাঁহার পিতা শাহজীকে বন্দী করিলেন। ফলে শিবাজী কিছুকাল বিজাপুর রাজ্যের বিরুদ্ধে আক্রমণ-নীতি ত্যাগ করিলেন। কয়েক বৎসর পরে পিতার মুক্তির সঙ্গে সঙ্গে শিবাজী পুনরায় নিজরূপ ধারণ করিলেন। তিনি জাওলীর মারাঠা রাজাকে হত্যা করাইয়া সেই রাজ্যটি অধিকার করিয়া লইলেন। পর বৎসর শিবাজী মোগল বাহিনীর সহিত দ্বন্দ্বে প্রবৃত্ত হইলেন। ঔরংজেব সেই সময়ে ছিলেন দাক্ষিণাত্যের শাসনকর্তা। তিনি বিজাপর রাজ্যের সহিত যখন যুদ্ধে ব্যস্ত ছিলেন সেই সুযোগে শিবাজী মোগল

বিজাপুরের বিরুদ্ধে যুদ্ধ

একে একে বহু দুর্গ জয়

সাম্রাজ্যভুক্ত জুনার ও আহ্‌ম্মদনগর লুণ্ঠন করিলে ঔরংজেবের সহিত তাঁহার যুদ্ধ বাধিল। এই যুদ্ধে ঔরংজেবের হস্তে শিবাজীর পরাজয় ঘটিলে শিবাজী মোগল সম্রাটের বশ্যতা স্বীকার করিতে বাধ্য হইলেন। কিন্তু সম্রাট শাহ্‌জাহানের অসুস্থতার সংবাদ পাইয়া ঔরংজেব দাক্ষিণাত্য ত্যাগ করিয়া দিল্লী অভিমুখে রওনা হইবার প্রায় সঙ্গে সঙ্গেই শিবাজী পুনরায় তাঁহার যুদ্ধ-নীতি অনুসরণ করিয়া চলিতে লাগিলেন। তিনি ক্রমে বহু স্থান অধিকার করিয়া ১৬৫৯ খ্রীষ্টাব্দের মধ্যে কোঙ্কণের উত্তরাংশ নিজ রাজ্যভুক্ত করিলেন।

মারাঠা-মোগল সংঘর্ষ

শিবাজীর ক্ষমতা বৃদ্ধি বিজাপুর সুলতানের নিরাপত্তার দিক দিয়াও কাম্য ছিল না। তিনি শিবাজীকে ধরিয়া আনিবার জন্য তাঁহার সেনাপতি আফজল খাঁকে প্রেরণ করিলেন (১৬৫৯ খ্রীঃ)। আফজল খাঁ সসৈন্যে অগ্রসর হইলে শিবাজী তাঁহার প্রতাপগড় দুর্গে আশ্রয় লইলেন। তিনি আফজল খাঁর সহিত সম্মুখ যুদ্ধে অগ্রসর হইলেন না। প্রতাপগড় দুর্গ জয় করা সহজ হইবে না দেখিয়া আফজল খাঁ কৌশলে শিবাজীকে নিজ শিবিরে আনিয়া তাঁহাকে হত্যা করিবার চেষ্টা শুরু করিলেন। তিনি শিবাজীর নিকট সন্ধির প্রস্তাব করিয়া দূত পাঠাইলেন এবং সেই উদ্দেশ্যে নিজ শিবিরে শিবাজীকে আমন্ত্রণ করিলেন। আফজল খাঁর দুরভিসন্ধির সংবাদ পাইতে শিবাজীর বিলম্ব হইল না। তিনি আফজল খাঁর শিবিরে প্রস্তুত হইয়াই আসিলেন। শিবাজী প্রবেশ করিলে আফজল খাঁ তাঁহাকে আলিঙ্গন করিবার ভান করিয়া তাঁহার গলা টিপিয়া ধরিলেন এবং বক্ষে ছুরিকাঘাত করিতে উদ্যত হইলেন। শিবাজী 'বাঘনখ' নামক ধারাল অস্ত্রের সাহায্যে আফজল খাঁর বক্ষ চিরিয়া তাঁহাকে হত্যা করিলেন। আফজল খাঁর মৃত্যু সংবাদ পাইয়া তাঁহার সেনাবাহিনী বিচ্ছিন্ন হইয়া পড়িলে শিবাজীর অনুচরগণ তাহাদিগকে সহজেই পরাজিত করিতে সমর্থ হইল। শিবাজী দক্ষিণ-কোঙ্কণ ও কোলহাপুর অধিকার করিয়া নিজ রাজ্য আরও বিস্তার করিলেন। অবশ্য পর বৎসর (১৬৬০ খ্রীঃ) বিজাপুর বাহিনী পান্‌হালা দুর্গটি তাঁহার নিকট হইতে জয় করিয়া লইল।

আফজল খাঁ ও শিবাজী

এদিকে ঔরংজেব পিতা সম্রাট শাহ্‌জাহানকে বন্দী ও কারারুদ্ধ করিয়া দিল্লীর সম্রাট হইয়াছিলেন। শিবাজীকে দমন করিবার প্রয়োজনীয়তা তাঁহার অবিদিত ছিল না। তিনি নিজ মাতুল শায়েস্তা খাঁকে দাক্ষিণাত্যের শাসনকর্তা-পদে নিযুক্ত করিয়া পাঠাইলেন। তাঁহার উপর শিবাজীকে দমন করিবার দায়িত্ব দেওয়া হইল। শায়েস্তা খাঁ প্রথমে শিবাজীকে পরাজিত করিয়া চকণ ও পুণা অধিকার করিয়া লইলেন। ইহা ভিন্ন, কল্যাণ জেলা হইতে মারাঠা প্রভুত্বের অবসান ঘটাইয়া শিবাজীকে সাময়িকভাবে ব্যতিব্যস্ত করিয়া তুলিলেন। এমতাবস্থায় বাধ্য হইয়া শিবাজী বিজাপুর সুলতানের সহিত বিবাদ মিটাইয়া ফেলিয়া মোগলদের বিরুদ্ধে সর্বশক্তি নিয়োজিত করিলেন। দুই বৎসর ধরিয়া তিনি শায়েস্তা খাঁর সহিত যুঝিয়া চলিলেন। তারপর এক রাত্রিতে শায়েস্তা খাঁ যখন নিজের শিবিরে অবস্থান করিতেছিলেন তখন শিবাজী অতর্কিতে তাঁহাকে আক্রমণ করিলেন।

শায়েস্তা খাঁ ও শিবাজী

শায়েস্তা খাঁর পুত্র আবুল ফতাকে হত্যা করিয়া শিবাজী শায়েস্তা খাঁর উপর ঝাঁপাইয়া পড়িলেন। শায়েস্তা খাঁ প্রাণ লইয়া পলাইয়া গেলেন কিন্তু শিবাজীর তরবারির আঘাতে তিনি হাতের একটি আঙ্গুল হারাইলেন। ইহার পর (১৬৬৪ খ্রীঃ) শিবাজী সুরাট বন্দর লুণ্ঠন করিলেন। মাতুল শায়েস্তা খাঁর অকৃতকার্যতায় ঔরংজেব অত্যন্ত মনঃক্ষুণ্ণ হইয়া এবার অম্বররাজ জয়সিংহ ও সেনাপতি দিলীর খাঁকে শিবাজীর বিরুদ্ধে প্রেরণ করিলেন। জয়সিংহের কূটকৌশল ও মোগল বাহিনীর সামরিক শক্তির বিরুদ্ধে শিবাজী পরাজয় স্বীকার করিয়া পুরন্দরের সন্ধি স্থাপনে বাধ্য হইলেন (১৬৬৫ খ্রীঃ)। এই সন্ধির শর্ত অনুসারে শিবাজী মোগলদিগকে কয়েকটি জেলা ও মোট ২৩টি দুর্গ ছাড়িয়া দিতে এবং প্রয়োজনবোধে মোগল বাহিনীকে সাহায্য করিতে স্বীকৃত হইলেন। বিজাপুর রাজ্য আক্রমণ করিবার কালে পুরন্দরের সন্ধির শর্ত অনুসারে তিনি মোগল সৈন্যকে সামরিক সাহায্য করিলেন। ইহাতে ঔরংজেব অত্যন্ত প্রীত হইয়া শিবাজীকে মোগল দরবারে আমন্ত্রণ করিয়া পাঠাইলেন। প্রথমে স্বীকৃত না হইলেও শেষ পর্যন্ত জয়সিংহের বিশেষ অনুরোধে শিবাজী ঔরংজেবের দরবারে উপস্থিত হইতে রাজী হইলেন এবং মাতা জীজাবাঈ-এর হস্তে শাসনকার্য পরিচালনার ভার সাময়িকভাবে অর্পণ করিয়া শিশুপুত্র শম্ভুজী-সহ আগ্রায় ঔরংজেবের দরবারে উপস্থিত হইলেন। কিন্তু ঔরংজেব শিবাজীকে উপযুক্ত সম্মান প্রদর্শন করিলেন না। ইহাতে শিবাজীর আত্মমর্যাদায় আঘাত লাগিল। তিনি অত্যন্ত বিচলিত হইলেন এবং ক্রোধবশত ইহার প্রতিবাদ করিতে গিয়া সংজ্ঞাহীন হইয়া পড়িলেন। সেই সুযোগে ঔরংজেবের আদেশে তাঁহাকে ও তাঁহার পুত্র শম্ভুজীকে নজরবন্দী করিয়া রাখা হইল। সুচতুর শিবাজী অসুস্থতার ভান করিয়া দেবমন্দিরে পূজার জন্য ঝুড়ি ঝুড়ি ফল, মিষ্টি প্রভৃতি প্রেরণ করিতে লাগিলেন। প্রথম কয়েকদিন দ্বাররক্ষিগণ পরীক্ষা করিয়া যখন ঝুড়িতে সন্দেহজনক কিছুই দেখিতে পাইল না তখন তাহারা ঝুড়ি পরীক্ষা করিয়া দেখা ছাড়িয়া দিল। সেই সুযোগে একদিন শিবাজী ও তাঁহার পুত্র ঝুড়িতে করিয়া কারাগার হইতে পলাইয়া গেলেন। তারপর নানা স্থান ভ্রমণ করিয়া স্বদেশে ফিরিলেন।

শায়েস্তা খাঁর পলায়ন

জয়সিংহ ও দিলীর খাঁর সহিত শিবাজীর যুদ্ধ—পুরন্দরের সন্ধি (১৬৬৫ খ্রীঃ)

মোগল দরবারে শিবাজীর উপস্থিতি


শিবাজীর পলায়ন

মোগলদের সকল কৌশল ব্যর্থ করিয়া এবং মোগল রক্ষীদের চক্ষে ধূলি দিয়া শিবাজী স্বদেশে ফিরিয়া আসিয়া নিজ রাজ্যের আভ্যন্তরীণ শাসনব্যবস্থার উন্নয়নের দিকে মনোযোগ দিলেন। ঔরংজেব শিবাজীকে পরাভূত করা অসম্ভব দেখিয়া তাঁহাকে 'রাজা' বলিয়া স্বীকার করিয়া লইলেন। ইহা ভিন্ন, বেরার প্রদেশের কতক স্থান তাঁহাকে জায়গির হিসাবেও দান করিলেন। কিন্তু তিন বৎসরের মধ্যেই শিবাজী পুনরায় মোগলদের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেন এবং একে একে তাঁহার হৃতরাজ্যের প্রায় সকল স্থান ও দুর্গ পুনরধিকার করিতে সমর্থ হইলেন। ইহার পর ১৬৭০ খ্রীষ্টাব্দে তিনি পুনরায় সুরাট বন্দর লুণ্ঠন করিয়া প্রভূত পরিমাণ অর্থলাভ করিলেন।

স্বদেশে প্রত্যাবর্তন : ঔরংজেব কর্তৃক 'রাজা' উপাধি দান

ইহার চারি বৎসর পর ১৬৭৪ খ্রীষ্টাব্দে শিবাজী রায়গড়ে মহাসমারোহে নিজ অভিষেকক্রিয়া সম্পন্ন করেন। তিনি 'ছত্রপতি', 'গো-ব্রাহ্মণ-প্রজাপালক' প্রভৃতি উপাধি গ্রহণ করেন। পরবর্তী ছয় বৎসরের মধ্যে তিনি জিঞ্জি, ভেলোর এবং উহার নিকটবর্তী বিস্তীর্ণ অঞ্চল অধিকার করিয়া এক বিরাট মারাঠা রাজ্য গড়িয়া তোলেন। কয়েক বৎসর পরে ১৬৮০ খ্রীষ্টাব্দে অকস্মাৎ তিনি মৃত্যুমুখে পতিত হন।

রাজ্যাভিষেক : 'ছত্রপতি', 'গো-ব্রাহ্মণ-প্রজাপালক' উপাধি গ্রহণ



শিবাজী কেবল সমরকুশল সেনাপতি, দুর্ধর্ষ বীর ও অনন্যসাধারণ সংগঠকই ছিলেন না, তাঁহার চরিত্রবল, মহান্ আদর্শ, পরধর্মসহিষ্ণুতা এবং সর্বোপরি তাঁহার সুদক্ষ শাসনব্যবস্থা তাঁহাকে ইতিহাসের পৃষ্ঠায় অমরত্ব দান করিয়াছে। হিন্দু জাতি ও হিন্দুধর্মের পুনরুজ্জীবন এবং হিন্দু সাম্রাজ্য গঠনই ছিল তাঁহার জীবনের আদর্শ। একনিষ্ঠ দেশপ্রেম, আদর্শের প্রতি অকাতর অধ্যবসায় প্রভৃতি গুণ তাঁহার চরিত্রকে মহিমমণ্ডিত করিয়াছে। শিবাজী হিন্দুধর্মের পৃষ্ঠপোষক ছিলেন সত্য, কিন্তু মুসলমান বা খ্রীষ্টধর্মাবলম্বীদের প্রতি তিনি কোনদিন কোনপ্রকার অসহিষ্ণুতা প্রদর্শন করেন নাই। হিন্দুধর্মের প্রকৃত উদার আদর্শ তিনি অনুসরণ করিয়া চলিতেন। কোন স্থান অধিকার বা লুণ্ঠন করিবার কালে মুসলমানদের পবিত্র গ্রন্থ কোরান তাঁহার হস্তে আসিলে তাহা তিনি কোন মুসলমানকে ডাকিয়া দিয়া দিতেন। অপরাপর ধর্মাবলম্বীর ধর্মস্থান তাঁহার সেনাবাহিনী যাহাতে কলুষিত না করে সেদিকে তিনি বিশেষ দৃষ্টি রাখিতেন। শিবাজী নারীজাতির প্রতি অত্যধিক শ্রদ্ধাবান ছিলেন। বৃদ্ধ, শিশু, নারী কেহই যাহাতে তাঁহার সেনাবাহিনীর আক্রমণকালে কোনভাবে অত্যাচারিত না হয় সেই বিষয়ে তাঁহার কঠোর নির্দেশ ছিল।

শিবাজীর চরিত্র

***শিবাজীর শাসনব্যবস্থা* (Shivaji's Administrative System):** শিবাজীর কর্মজীবনের প্রায় সকল সময়ই যুদ্ধ-বিগ্রহে অতিবাহিত হইয়াছিল। কিন্তু তাহার মধ্যেও তিনি নিজ রাজ্যের সুষ্ঠু শাসনব্যবস্থা গড়িয়া তুলিতে সমর্থ হইয়াছিলেন। শাসনব্যবস্থার সর্বোচ্চে ছিলেন তিনি স্বয়ং। কিন্তু তিনি যথেচ্ছভাবে শাসনকার্য চালাইতেন না। তাঁহাকে সাহায্য করিবার ও পরামর্শদানের জন্য আট জন মন্ত্রী ছিলেন। ইহারা 'অষ্টপ্রধান' নামে অভিহিত হইতেন। এই আট জনের মধ্যে প্রধান মন্ত্রীকে বলা হইত 'পেশওয়া'। রাজস্বসচিবকে বলা হইত 'অমাত্য' বা 'মজুমদার'। প্রধান বিচারপতির নাম ছিল 'ন্যায়াধীশ'। 'পণ্ডিত রাও' ছিল রাজপুরোহিতের উপাধি। পররাষ্ট্র মন্ত্রীকে বলা হইত 'দবীর'। রাজকার্যের বিবরণ যিনি লিখিয়া রাখিতেন তাঁহাকে বলা হইত 'ওয়াকিনবীশ', আর সেনাবাহিনীর প্রধানকে বলা হইত 'সেনাপতি'। রাজার সম্পাদক বা পার্শ্বানুচরকে বলা হইত 'সুর্নিস'। এই আট জন মন্ত্রী আটটি ভিন্ন ভিন্ন বিষয়ের ভারপ্রাপ্ত ছিলেন।

সুদক্ষ শাসনব্যবস্থা

অষ্টপ্রধান

শাসনকার্যের সুবিধার জন্য সমগ্র রাজ্যকে তিনটি প্রান্ত বা প্রদেশে ভাগ করা হইয়াছিল। প্রত্যেকটি প্রান্ত আবার 'তরফ' বা 'পরগণা'য় বিভক্ত ছিল। পরগণাগুলি ছিল আবার গ্রামে বিভক্ত। প্রত্যেক প্রান্তের শাসনভার এক একজন রাজপ্রতিনিধির উপর ন্যস্ত ছিল। গ্রামের শাসনভার গ্রাম-পঞ্চায়েতের উপর ন্যস্ত ছিল। কয়েকটি গ্রামের শাসনকার্য পরিদর্শনের ভার থাকিত 'দেশমুখ্য' বা 'দেশপাণ্ডে' নামে একশ্রেণীর কর্মচারীর উপর। এই ব্যবস্থা অবশ্য শিবাজীর আমলের পূর্ব হইতেই প্রচলিত ছিল। শিবাজী এই শ্রেণীর কর্মচারীদের পূর্বেকার স্বাধীনতা কতক পরিমাণে হ্রাস করিয়া তাহাদিগকে কেন্দ্রীয় সরকারের সম্পূর্ণ ক্ষমতাধীন করিয়াছিলেন।

প্রদেশ, পরগণা, গ্রাম প্রভৃতির শাসনব্যবস্থা

শিবাজী প্রজাবর্গের জমি জরিপ করাইয়া তাহাদের নিকট হইতে উৎপন্ন ফসলের দশভাগের চারিভাগ রাজস্ব হিসাবে গ্রহণ করিতেন। পার্শ্ববর্তী রাজ্যগুলির প্রজাদের উপর মারাঠা সৈন্য আক্রমণ চালাইবে না, এই শর্তে শিবাজী তাহাদের নিকট হইতে 'চৌথ'—অর্থাৎ উৎপন্নের এক-চতুর্থাংশ এবং কোন কোন ক্ষেত্রে 'সর্‌দেশমুখী—অর্থাৎ উৎপন্নের এক-দশমাংশ কর হিসাবে গ্রহণ করিতেন।

রাজস্ব : চৌথ ও সর্‌দেশমুখী

শিবাজী বাল্যকালেই তাঁহার অনন্যসাধারণ সামরিক সংগঠন ক্ষমতার পরিচয় দান করিয়াছিলেন, তাহা তাঁহার মাওলী সেনাবাহিনীর সংগঠন হইতেই আমরা জানিয়াছি। রাজ্য গঠনের পর তিনি তাঁহার সেনাবাহিনীকে পুনর্গঠন করেন। তাঁহার সেনাবাহিনী ছিল অশ্বারোহী ও পদাতিক এই দুই ভাগে বিভক্ত। অশ্বারোহী সৈন্যগণ আবার 'বর্গির' ও 'শিলাদার' এই দুই শ্রেণীতে বিভক্ত ছিল। 'বর্গির' নামক অশ্বারোহী সৈন্যগণ সরকার হইতে যাবতীয় খরচ পাইত। শিলাদারগণকে নিজেদের অশ্ব, অস্ত্রশস্ত্র মজুত রাখিতে হইত। এইজন্য তাহারা উপযুক্ত পরিমাণ জমি পাইত। শিবাজীর সেনাবাহিনী পর্বতসঙ্কুল দেশে অতিশয় দক্ষতার সহিত যুদ্ধ করিতে সমর্থ ছিল। অতর্কিতে আক্রমণ করিয়া শত্রুপক্ষকে ব্যতিব্যস্ত করিয়া তুলিতে মারাঠা বাহিনীর ন্যায় অপর কোন সেনাবাহিনী ততটা দক্ষতা প্রদর্শন করিতে পারে নাই। এ-বিষয়ে শিবাজীর সেনাবাহিনী গ্রীসের স্পার্টা রাষ্ট্রের সৈন্যদের সহিত তুলনীয়।

সেনাবাহিনী : অশ্বারোহী—বর্গির ও শিলাদার এবং পদাতিক

দক্ষতা

শিবাজীর সেনাবাহিনীর শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা ছিল অসাধারণ। কোন স্ত্রীলোক তাঁহার সৈন্য-শিবিরে প্রবেশ করিতে পারিত না। কোন স্থান আক্রমণ বা লুণ্ঠনের সময় কোন স্ত্রীলোক, বৃদ্ধ বা শিশুর উপর অথবা কোন ধর্মস্থানের উপর কোনরূপ অত্যাচার বা আক্রমণ করা নিষিদ্ধ ছিল। সেনাবাহিনী কর্তৃক লুণ্ঠিত দ্রব্য সরকারের নিকট জমা দিতে হইত। এই সকল নিয়মের ব্যতিক্রম মৃত্যুদণ্ডে দণ্ডনীয় ছিল।

শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা

শিবাজীর কতকগুলি সুরক্ষিত দুর্গও ছিল। এই সকল পার্বত্য দুর্গ শত্রুর পক্ষে দুর্ভেদ্য ছিল। প্রত্যেক দুর্গে একাধিক—সাধারণত তিন জন করিয়া দুর্গরক্ষক থাকিতেন। তাঁহাদের অধীনে সৈন্যসামন্ত থাকিত। দুর্গরক্ষকগণ সকলেই সমান ক্ষমতার অধিকারী ছিলেন সেইজন্য একজন অপরের উপর নজর রাখিতে পারিতেন। শিবাজীর মৃত্যুকালে তাঁহার রাজ্যের দুর্গসংখ্যা ছিল মোট ২৪০টি।

দুর্গ

শিবাজী ছিলেন দূরদৃষ্টিসম্পন্ন সামরিক সংগঠক। তিনি নৌবাহিনীর প্রয়োজন উপলব্ধি করিতে পারিয়াছিলেন। সেইজন্য তিনি মোট ২০০টি বিভিন্ন আকারের রণতরীর এক বিরাট নৌ-বহর গড়িয়া তুলিয়াছিলেন।

নৌ-বহর

সমসাময়িক ঐতিহাসিক বিবরণে শিবাজীর হস্তীবাহিনী, উষ্ট্রবাহিনী, কামান, গাদাবন্দুক প্রভৃতিও ছিল বলিয়া জানা যায়।

অন্যান্য বাহিনী ও অস্ত্রশস্ত্র

শিবাজীর শাসনব্যবস্থা সমসাময়িক ঐতিহাসিক মাত্রেরই প্রশংসা অর্জন করিয়াছে। সমসাময়িক ঐতিহাসিক কাঁফি খাঁ শিবাজীর প্রতি বিদ্বেষভাবাপন্ন ছিলেন। তিনি শিবাজীকে নানাভাবে হেয় প্রতিপন্ন করিতে চেষ্টার ত্রুটি করেন নাই। শিবাজীকে তিনি 'নরকের কুকুর' বলিয়া অভিহিত করিয়াছিলেন। কিন্তু তিনিও তাঁহার শাসনব্যবস্থার ভূয়সী প্রশংসা করিতে বাধ্য হইয়াছিলেন।

কাফি খাঁর মন্তব্য

শিবাজীর অক্লান্ত কর্মপ্রচেষ্টার ফলে মারাঠাগণ এক সঙ্ঘবদ্ধ জাতীয়তাবোধে উদ্বুদ্ধ দুর্ধর্ষ জাতি হিসাবে গড়িয়া উঠিয়াছিল। পরস্পর বিচ্ছিন্ন মারাঠা জাতিকে এইভাবে গভীর জাতীয়তা ও দেশাত্মবোধে উদ্বুদ্ধ করিয়া শিবাজী ভারত-ইতিহাসে এক স্মরণীয় অধ্যায় রচনা করিয়া গিয়াছেন।

জাতীয়তাবোধে উদ্বুদ্ধ মারাঠাগণ

ত্রয়োবিংশ অধ্যায়

শিবাজীর উত্তরাধিকারিগণ : পাণিপথ ও মারাঠা পরাজয় : মোগল সাম্রাজ্যের দুর্বলতা ও পতন

(Marathas after Shivaji : Panipath and Maratha Setback : Decay and Fall of the Mughal Empire)


***শিবাজীর পরবর্তীকালে মারাঠা রাজ্য* (Maratha Kingdom after Shivaji) :** শিবাজীর মৃত্যুর পর তাঁহার পুত্র (প্রথম) শম্ভুজী সিংহাসনে আরোহণ করেন (১৬৮০ খ্রীঃ)। তিনি পিতার ন্যায় প্রতিভাবান ছিলেন না, কিন্তু মোগলদের সহিত যুঝিবার মত তাঁহার সাহসের অভাব ছিল না। ঔরংজেবের বিদ্রোহী পুত্র আকবরকে দুর্গাদাস শম্ভুজীর নিকট আশ্রয়ের জন্য প্রেরণ করিলে তিনি তাঁহাকে আশ্রয় দিতে দ্বিধাবোধ করেন নাই। তাঁহার সহায়তায়ই আকবর ভারতবর্ষ ত্যাগ করিয়া পারস্যে আশ্রয় লইতে সমর্থ হইয়াছিলেন। প্রথম শম্ভুজী মোগলদের সহিত যুঝিবার কালে ১৬৮৯ খ্রীষ্টাব্দে ঔরংজেবের হস্তে বন্দী হন এবং বহু লাঞ্ছনা ভোগ করিবার পর তাঁহাকে হত্যা করা হয়। প্রথম শম্ভুজীর পরাজয় ও হত্যার পর মোগল বাহিনী একে একে বহু মারাঠা দুর্গ, এমনকি মারাঠা রাজ্যের রাজধানী রায়গড়ও দখল করিয়া লয়। রায়গড় দখল করিবার কালে প্রথম শম্ভুজীর শিশুপুত্র শাহু (দ্বিতীয় শিবাজী) ও পরিবার-পরিজন মোগলদের হস্তে বন্দী হইয়াছিলেন। কিন্তু প্রথম শম্ভুজীর বৈমাত্রেয় ভ্রাতা রাজারাম রায়গড় হইতে পলাইয়া গিয়া কর্ণাটে আশ্রয় গ্রহণ করেন। সেখান হইতে তিনি মোগলদের বিরুদ্ধে যুদ্ধ করিয়া চলিলেন। ইতস্তত বিক্ষিপ্তভাবে মারাঠাগণ মোগল বাহিনীকে অতর্কিতে আক্রমণ করিতে লাগিল। শান্তাজী ঘোড়পাড়ে, ধনাজী যাদব প্রভৃতি মারাঠা সেনাপতির আক্রমণে মোগল বাহিনী ভীত-সন্ত্রস্ত হইয়া উঠিল। মারাঠাগণ কোন কোন

(প্রথম) শম্ভুজী (১৬৮০-৮৯ খ্রীঃ)

মোগল হস্তে প্রথম শম্ভুজীর পরিবার-পরিজন ও শিশুপুত্র শাহু বন্দী

রাজারাম (১৬৯০-১৭০০ খ্রীঃ)

স্থানে মোগলদের নিকট হইতেও 'চৌথ' আদায় করিতে ছাড়িল না। এইভাবে কিছুকাল কাটিল, তারপর মোগল সেনা রাজারামের কর্মকেন্দ্র জিঞ্জি অবরোধ করিলে মারাঠাগণ দীর্ঘ আট মাস সেই অবরোধ প্রতিহত করিয়া টিকিয়া রহিল। অবশেষে জিঞ্জি মোগল সেনার হস্তগত হইলে (১৬৯৮ খ্রীঃ) রাজারাম সাতারাতে আশ্রয় লইলেন। কিন্তু শেষ পর্যন্ত সাতারা-ও মোগল সৈন্য কর্তৃক অধিকৃত হইল (১৭০০ খ্রীঃ)। এইভাবে ঔরংজেব মারাঠা প্রতিরোধ কতক পরিমাণে শিথিল করিয়া তাহাদের দুর্গগুলি অধিকার করিতে লাগিলেন। কিন্তু অধিকৃত দুর্গগুলি পুনরায় মারাঠাগণ জয় করিয়া লইতে লাগিল। ঔরংজেব কোনরূপেই মারাঠাদিগকে দমন করিতে সমর্থ হইলেন না।



রাজারাম দীর্ঘকাল মোগলদের সহিত সংগ্রাম করিয়া মৃত্যুমুখে পতিত হইলে তাঁহার দুই বিধবা পত্নী তারাবাঈ ও রাজসবাঈ নিজ নিজ পুত্রকে সিংহাসনে প্রতিষ্ঠিত করিতে ব্যস্ত হইলেন। প্রথমা পত্নী তারাবাঈ মারাঠা সৈন্যের পোষকতায় তাঁহার শিশুপুত্র তৃতীয় শিবাজীকে সিংহাসনে স্থাপন (১৭০০ খ্রীঃ) করিয়া মোগলদের সহিত চিরাচরিত যুদ্ধ-নীতি অনুসরণ করিয়া চলিলেন। মারাঠাগণ মালব, গুজরাট, বরোদা এমনকি আহ্‌মদনগরে ঔরংজেবের যুদ্ধশিবিরও আক্রমণ করিল। এইভাবে মারাঠাগণ অর্থ ও শক্তি দুই-ই সঞ্চয় করিয়া মোগলদের সহিত অধিকতর দৃঢ়প্রতিজ্ঞভাবে যুঝিয়া চলিল। ঔরংজেব জীবনের দীর্ঘকাল দাক্ষিণাত্য দমনে কাটাইয়া শেষ পর্যন্ত মারাঠাগণ কর্তৃক প্রতিহত হইলেন। ১৭০৭ খ্রীষ্টাব্দে ঔরংজেবের মৃত্যুকালে মারাঠাদিগকে দমন করা দূরের কথা তাহাদিগকে তিনি যথেষ্ট শক্তিশালীই রাখিয়া গেলেন।

তারাবাঈ—
তৃতীয় শিবাজী
(১৭০০-১২ খ্রীঃ)

ঔরংজেবের মৃত্যুর পর তাঁহার পুত্র মোয়াজ্জেম জুলফিকার খাঁর কুটিল পরামর্শে* মারাঠাদিগের মধ্যে আত্মকলহ সৃষ্টি করিবার উদ্দেশ্যে ঔরংজেব কর্তৃক বন্দীকৃত শাহুকে মুক্তিদান করেন। তারাবাঈ নিজপুত্র তৃতীয় শিবাজীর পক্ষে মারাঠা রাজ্যের শাসনকার্য পরিচালনা করিতেছিলেন। শাহু মুক্তিলাভ করিয়া মারাঠা সিংহাসন দাবি করিলেন। আইনত তাঁহার দাবিই অধিকতর বলবৎ ছিল। তারাবাঈ শাহুর দাবি অস্বীকার করিলে মারাঠাদের মধ্যে অন্তর্যুদ্ধ শুরু হইল। ১৭০৮ খ্রীষ্টাব্দে শাহু (দ্বিতীয় শিবাজী) মারাঠাদের রাজা বলিয়া স্বীকৃত হইলে সাতারা দুর্গে তাঁহার অভিষেক ক্রিয়া সম্পন্ন হইল এবং তারাবাঈ পান্‌হালা দুর্গে তাঁহার রাজধানী অপসারিত করিলেন। চারি বৎসর ধরিয়া মারাঠা রাজ্য শাহু ও তারাবাঈ-এর মধ্যে বিভক্তভাবেই শাসিত হইল। ১৭১২ খ্রীষ্টাব্দে তারাবাঈ-এর মৃত্যু ঘটিলে রাজারামের অন্যতমা পত্নী রাজসবাঈ নিজপুত্র দ্বিতীয় শম্ভুজীর নামে কোলহাপুরে রাজত্ব করিতে লাগিলেন। এইভাবে মারাঠাদের গৃহযুদ্ধ তখনও লাগিয়া রহিল। কিন্তু শাহু বালাজী বিশ্বনাথ নামে কোঙ্কণের জনৈক চিৎপাবন ব্রাহ্মণের সাহায্যে এই গৃহযুদ্ধে শেষ পর্যন্ত সম্পূর্ণ জয়লাভ করিলেন। ১৭১৩ খ্রীষ্টাব্দে বালাজী বিশ্বনাথ হইলেন শাহুর 'পেশওয়া' বা প্রধান মন্ত্রী। পরে ১৭৩১ খ্রীষ্টাব্দে বার্ণার সন্ধি (Treaty of Warna) দ্বারা দ্বিতীয় শম্ভুজী ও শাহুর রাজ্যের সীমানা নির্দিষ্ট হইল। কোলহাপুরের মারাঠা শাসনকর্তা শম্ভুজী শাহুর সহিত অধীনতামূলক মিত্রতা স্থাপন করিলেন। মহারাষ্ট্রেও শাহুর অধিনায়কত্ব স্বীকৃত হইল এবং রাজবংশের মধ্যে গৃহবিবাদের সমাপ্তি ঘটিল।

শাহুর মুক্তিলাভ
(১৭০৭ খ্রীঃ)

শাহু (১৭০৮-৪৯ খ্রীঃ)

রাজসবাঈ—
দ্বিতীয় শম্ভুজী
(১৭১২-৬০ খ্রীঃ)

বার্ণার সন্ধি
(১৭৩১ খ্রীঃ)

পেশওয়াতন্ত্রের উৎপত্তি : ছত্রপতি শিবাজী যে শক্তিশালী মারাঠা সাম্রাজ্য গঠন করিয়াছিলেন তাঁহার অকর্মণ্য উত্তরাধিকারিগণের আমলে সেই সাম্রাজ্য ক্রমশ দুর্বল হইয়া পড়িতে থাকে। প্রথম শম্ভুজীর রাজত্বকালে রাজ্যের আভ্যন্তরীণ শাসনকার্যে

* V. A. Smith : *Oxford History of India* (3rd Edn.), p. 438.

বিশৃঙ্খলা দেখা দেয়। শিবাজীর আমলে জায়গির-প্রথা উঠাইয়া দেওয়া হইয়াছিল, কিন্তু রাজারামের রাজত্বকালে তাহা পুনঃপ্রবর্তিত হইয়াছিল। ফলে মারাঠা রাজ্য কয়েকটি সামন্ত রাজ্যে বিভক্ত হইয়া পড়িয়াছিল। ঔরংজেবের মৃত্যুর পর শাহুকে (দ্বিতীয় শিবাজী) মুক্তি দেওয়া হইল। শাহু স্বদেশে প্রত্যাবর্তন করিয়া সিংহাসন দাবি করিলে মারাঠাদের মধ্যে গৃহবিবাদের সূত্রপাত হয়। শেষ পর্যন্ত বালাজী বিশ্বনাথের সাহায্যে শাহু জয়লাভ করিলেন। শাহু রাজ্যশাসনের ক্ষমতাসমূহ বালাজী বিশ্বনাথকে প্রদান করিয়া তাঁহাকে প্রধান মন্ত্রী বা 'পেশওয়া' নিযুক্ত করিলেন (১৭১৩ খ্রীঃ)। বালাজী বিশ্বনাথ ছিলেন অসাধারণ প্রতিভাবান ব্যক্তি। তাঁহার কর্মকুশলতা, দূরদর্শিতা ও সংগঠনী শক্তি মারাঠা রাজ্যে এক নব-জীবনের সূচনা করিল। তিনি ক্রমেই রাজ্যের প্রকৃত শাসক হইয়া দাঁড়াইলেন। বালাজী বিশ্বনাথ শাহুর জীবদ্দশায় পেশওয়া-পদকে বংশানুক্রমিক করিয়া মারাঠা সাম্রাজ্যের সর্বময় শাসন-কর্তৃত্ব কায়েম করিয়া লইলেন।

পেশওয়া বালাজী বিশ্বনাথ (১৭১৩-২০ খ্রীঃ)

বালাজী বিশ্বনাথ মারাঠা রাজ্যকে এমনভাবে পুনর্গঠন করিলেন যে মারাঠা সর্দারগণ স্ব স্ব প্রধান হওয়া দূরের কথা, রাজ্যের শাসনব্যবস্থায় সহযোগিতাদানে বাধ্য হইলেন। এই রাষ্ট্রব্যবস্থা অর্থনৈতিক ভিত্তির উপর রচিত হইয়াছিল। সেই সময়ে মারাঠাগণ মোগল বাদশাহের নিকট হইতে দাক্ষিণাত্যের ছয়টি সুবার উপর চৌথ ও সরদেশমুখী আদায়ের অধিকারও লাভ করিয়াছিল। সরদেশমুখী হইতে প্রাপ্ত সকল অর্থ ই ছিল রাজার প্রাপ্য। চৌথের এক-চতুর্থাংশ পাইতেন রাজা স্বয়ং। অবশিষ্ট অর্থ মারাঠা দলপতিগণ পাইতেন। ইহা ব্যতীত, মারাঠা দলপতিগণ 'ঘাস-দানা' (*ghas-dana*—fodder money)* নামে অপর একটি করও আদায় করিতেন। বালাজী বিশ্বনাথ রাজ্যকে সুসংগঠিত করিয়া এবং মারাঠা শক্তিকে পুনরুজ্জীবিত করিয়া ১৭২০ খ্রীষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হইলেন।

প্রথম বাজী রাও (১৭২০-৪০ খ্রীঃ)

বালাজী বিশ্বনাথের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র প্রথম বাজী রাও পেশওয়া-পদ গ্রহণ করেন। প্রথম বাজী রাও ছিলেন যেমন সাহসী ও কর্মকুশল তেমনি বুদ্ধিমান্ ও দূরদর্শী। তিনি পতনোন্মুখ মোগল সাম্রাজ্যের স্থলে একটি বিশাল হিন্দু সাম্রাজ্য গঠন করিবার স্বপ্ন দেখিতেন। প্রথম বাজী রাও ইহার নাম দিয়াছিলেন 'হিন্দু-পাদ্ পাদ্শাহী'। এইজন্য তিনি মারাঠা ভিন্ন অপরাপর হিন্দু দলপতি, অভিজাতবর্গ ও রাজগণকে সঙ্ঘবদ্ধ করিতে বদ্ধপরিকর হইলেন। যেখানেই হিন্দু রাজা বা জমিদারকে সামরিক সাহায্যদানের প্রয়োজন হইত সেখানেই প্রথম বাজী রাও প্রয়োজনীয় সাহায্য প্রেরণ করিতেন। উত্তর-ভারতেও মারাঠা রাজ্য বিস্তারের উদ্দেশ্যে প্রথম বাজী রাও জয়পুরের রাজা দ্বিতীয় জয়সিংহ এবং বুন্দেলরাজ ছত্রশালের সহিত মিত্রতা স্থাপন করেন।

প্রথম বাজী রাও-এর বিজয়লাভ

প্রথম বাজী রাও গঙ্গা ও যমুনার মধ্যবর্তী দোয়াব অঞ্চল আক্রমণ করিয়া ১৭৩৭ খ্রীষ্টাব্দে দিল্লীর উপকণ্ঠে উপস্থিত হইলে নিজাম-উল্-মুল্ক বাদশাহ্ মহম্মদ শাহের সৈন্যসহ তাঁহাকে বাধা দিতে অগ্রসর হন। প্রথম বাজী রাও ভূপালের অনতিদূরে

---

* Vide: ***The New Cambridge Modern History***, Vol. VII, p. 546.

নিজাম-উল্-মুল্‌ককে পরাজিত করিয়া (১৭৩৮ খ্রীঃ) সমগ্র মালব এবং নর্মদা ও চম্বল নদীর মধ্যবর্তী অঞ্চল তাঁহাকে ছাড়িয়া দিতে বাধ্য করেন। অপরদিকে প্রথম বাজী রাও-এর ভ্রাতা চিমন্‌জী পোর্তুগীজদিগকে পরাজিত করিয়া সলসেট্ ও ব্যাসিন দখল করেন। প্রথম বাজী রাও-এর আমলে রাজধানী রায়গড় হইতে পুণায় স্থানান্তরিত হইয়াছিল।

প্রথম বাজী রাও কেবল মারাঠা সাম্রাজ্য গঠনের জন্যই খ্যাতি অর্জন করেন নাই। তিনি একজন দেশপ্রেমিকও ছিলেন। শাহু ও পেশওয়া চৌথ আদায়ের নিশ্চয়তা ও সাম্রাজ্যের ক্রমবিস্তৃতির মাধ্যমে ক্ষমতা সুদৃঢ় রাখিবার জন্য মারাঠা গেরিলা সামন্তদিগের মধ্যে 'সারণজমি' (*Saranjami*) প্রথা* চালু করিয়াছিলেন। নাদির শাহের সহিত আহম্মদ শাহ্ আব্‌দালী বা দুর্‌রানী ভারত আক্রমণ করিলে তিনি মুসলমান রাজ্যগুলির সহিত মিলিত হইয়া বহিরাগত আক্রমণ প্রতিরোধ করিতে সচেষ্ট হইয়াছিলেন। কিন্তু এই প্রস্তুতি সম্পূর্ণ হইবার পূর্বেই প্রথম বাজী রাও-এর মৃত্যু হয় (১৭৪০ খ্রীঃ)।

বহিরাগত আক্রমণ প্রতিরোধের চেষ্টা

প্রথম বাজী রাও মারাঠাদিগকে সঙ্ঘবদ্ধ করিয়া মারাঠা যুক্তরাষ্ট্র গঠন করিয়াছিলেন। রাজারাম যখন মারাঠা সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন তখন জায়গির-প্রথা পুনঃপ্রবর্তিত হইয়াছিল। ফলে গোয়ালিওরের সিন্ধিয়া, ইন্দোরের হোলকার, বরোদার গাইকোয়াড়, নাগপুরের ভোঁসলে এবং ধারের পোবার—এই কয়েকটি সামন্ত রাজ্যে মারাঠা রাজ্য বিভক্ত হইয়া পড়িয়াছিল। ইহারা সকলেই অবশ্য পুণার পেশওয়ার আদেশাধীন ছিল। পেশওয়া এই বিচ্ছিন্ন ও স্বাধীন সামন্ত রাজ্যগুলিকে সঙ্ঘবদ্ধ করিয়া এক 'মারাঠা যুক্তরাষ্ট্র' গঠন করিলেন। এইভাবে এক বিশাল সাম্রাজ্যের পত্তন হইল। মারাঠাগণ এইভাবে যখন পেশওয়ার নেতৃত্বে মধ্য-ভারতে ও দক্ষিণ-ভারতে একটি শক্তিশালী সাম্রাজ্য গঠন করিয়াছিল, তখন উত্তর-পশ্চিম সীমান্ত বিদেশী আক্রমণকারী কর্তৃক আক্রান্ত হয়। এই আক্রমণকারী ছিলেন নাদির শাহ্।

প্রথম বাজী রাও-এর কৃতিত্ব

মারাঠা যুক্তরাষ্ট্র

নাদির শাহের আক্রমণ (Nadir Shah's Invasion) : প্রথম জীবনে নাদির কুলি খাঁ পারস্যের বাদশাহ্ হুসেন শাহ্‌কে আফগানদের সহিত যুদ্ধে সাধ্যাতীত সাহায্য করিবার পুরস্কারস্বরূপ বাদশাহের উচ্চপদস্থ রাজকর্মচারী হইয়াছিলেন। ১৭৩৬ খ্রীষ্টাব্দে নাদির কুলি খাঁ প্রভুকে সিংহাসনচ্যুত করিয়া পারস্যের সিংহাসনে আরোহণ করেন। ইতিহাসে তিনি নাদির শাহ্ নামেই সমধিক পরিচিত। ইহার অল্পকালের মধ্যেই তিনি ভারত অভিযান শুরু করেন। মোগল সম্রাট মহম্মদ শাহ্ নাদির শাহের দূতকে বন্দী করিয়া রাখিয়াছিলেন এই অজুহাতে তিনি ভারত আক্রমণ করেন। ঔরংজেবের পরবর্তী বাদশাহ্‌দের অবহেলায় উত্তর-পশ্চিম সীমান্ত একপ্রকার অরক্ষিত অবস্থায় ছিল। ফলে নাদির শাহের পক্ষে কাবুল, লাহোর প্রভৃতি স্থান জয় করা সহজ হইয়াছিল। ১৭৩৯ খ্রীষ্টাব্দে এই সকল স্থান অধিকার করিয়া এবং পাঞ্জাব

* Vide : *The New Cambridge Modern History*, Vol. VII, p. 549.

লুণ্ঠন করিয়া নাদির শাহ্ দিল্লীর উপকণ্ঠে উপস্থিত হইলেন। মহম্মদ শাহ্ সেই সময়ে বিলাসব্যসনে মত্ত ছিলেন। নাদির শাহ্ দিল্লীর উপকণ্ঠে উপস্থিত হইলে তাঁহার টনক নড়িল। পাণিপথের অনতিদূরে কার্ণাল নামক স্থানে তিনি নাদির শাহ্‌কে বাধা দিতে গিয়া সম্পূর্ণভাবে পরাজিত হইলেন। তিনি মোট পঞ্চাশ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিবার শর্তে নাদির শাহের সহিত সন্ধি করিলেন। প্রতিশ্রুত অর্থ আদায় করিবার জন্য নাদির শাহ্ তাঁহার সহিত দিল্লী আসিয়া উপস্থিত হইলেন। নাদির শাহ্ যখন দিল্লীতে অবস্থান করিতেছিলেন সেই সময়ে হঠাৎ গুজব রটিয়া গেল যে, নাদির শাহের মৃত্যু ঘটিয়াছে। এই গুজবে বিশ্বাস করিয়া দিল্লীবাসিগণ নাদির শাহের অনুচরবর্গকে হত্যা করিতে শুরু করিল। নাদির শাহের মোট নয় শত সৈন্য এই হাঙ্গামায় প্রাণ হারাইয়াছিল। নাদির শাহ্ ইহাতে ক্ষিপ্ত হইয়া দিল্লীবাসিগণকে নির্বিচারে হত্যা করিবার আদেশ দিলেন। তাঁহার সেনাবাহিনী স্ত্রী-পুরুষ, শিশু-বৃদ্ধ নির্বিশেষে সকলকে হত্যা করিল। বহু স্ত্রীলোককে দাসত্বে পরিণত করা হইল। অগ্নিসংযোগ, হত্যা, লুণ্ঠন প্রভৃতি নারকীয় কাণ্ড দীর্ঘকাল ধরিয়া চলিতে লাগিল। সম্রাট মহম্মদ শাহ্ বহু মিনতি করিয়া নাদির শাহের এই তাণ্ডবলীলা বন্ধ করাইলেন। লুণ্ঠিত ধনদৌলত লইয়া নাদির শাহ্ স্বদেশে ফিরিয়া গেলেন। তিনি মোট পনর কোটি টাকা, অসংখ্য মণিমাণিক্য, মোগল সম্রাটদের মূল্যবান আসবাব-পত্র ও পোশাক-পরিচ্ছদ, শাহ্‌জাহানের ময়ূর সিংহাসন এবং কোহিনুর মণি সেই সঙ্গে লইয়া গিয়াছিলেন। হাতী, ঘোড়া, উট প্রভৃতিও হাজারে হাজারে তিনি লইয়া গেলেন। তদুপরি সিন্ধু নদের পশ্চিম অঞ্চলটি তাঁহাকে ছাড়িয়া দিতে হইয়াছিল।

নাদির শাহের হস্তে মহম্মদ শাহের শোচনীয় পরাজয়



নাদির শাহ্

লুণ্ঠন ও হত্যাকাণ্ড

নাদির শাহের লুণ্ঠন মোগল সাম্রাজ্যকে চরম আঘাত হানিয়াছিল। মোগল সাম্রাজ্য ইতিপূর্বেই দুর্বল হইয়া পড়িয়াছিল, নাদির শাহ্ অভাবনীয় পরিমাণ ধনরত্ন লুণ্ঠন করিয়া লইয়া গেলে উহার অর্থনৈতিক ভিত্তি একেবারে ধ্বসিয়া পড়িল। শুধু তাহাই নহে, বিদেশী আক্রমণকারী সসৈন্যে প্রবেশ করিয়া যে হত্যাকাণ্ড অনুষ্ঠিত করিয়াছিল তাহাতে মোগল সাম্রাজ্যের মর্যাদা বিনাশপ্রাপ্ত হইয়াছিল।

ফলাফল

মারাঠা শক্তির পতনোন্মুখতা : পাণিপথের তৃতীয় যুদ্ধ (Fall of the Maratha Power : Third Battle of Panipath) : প্রথম বাজী রাও-এর মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র (দ্বিতীয়) বালাজী বাজী রাও পেশওয়া-পদ

লাভ করিলেন। তিনি নানাসাহেব নামেও পরিচিত ছিলেন। নানাসাহেব তাঁহার পিতার 'হিন্দু-পাদ্ পাদ্শাহী'র আদর্শ ত্যাগ করিয়া হিন্দু, মুসলমান সকলের উপরই উৎপীড়ন চালাইতে লাগিলে হিন্দুরাজগণও তাঁহার বিরোধিতা শুরু করিলেন। ইহা ভিন্ন, তিনি মারাঠা বাহিনীতে মুসলমান সৈন্য এবং ইব্রাহিম খাঁ নামক ব্যক্তিকে অন্যতম সেনাপতি-পদে নিয়োগ করিয়া মারাঠা বাহিনীর পূর্বেকার ঐক্য ও আদর্শ নাশ করিয়াছিলেন। ১৭৪৯ খ্রীষ্টাব্দে শাহুর মৃত্যু হইলে বালাজী বাজী রাও সাম্রাজ্যের সর্বময় কর্তা হইয়া বসিলেন। তাঁহার আমলেই কিন্তু মারাঠা সাম্রাজ্য সর্বাধিক বিস্তারলাভ করিয়াছিল ইহা অনস্বীকার্য। এই সময়ে মারাঠা সাম্রাজ্য হিমালয় হইতে সিন্ধু নদ এবং দাক্ষিণাত্যের দক্ষিণ সীমান্ত পর্যন্ত বিস্তৃত হইয়াছিল। বালাজী বাজী রাও-এর আমলে নাগপুরের ভোঁসলে বাংলার নবাব আলিবর্দী খাঁর নিকট হইতে চৌথ আদায় করিয়া উড়িষ্যায় প্রাধান্য বিস্তার করেন। বালাজী বাজী রাও-এর ভ্রাতা রঘুনাথ রাও আহম্মদ শাহ্ আব্দালীর পুত্র তৈমুরকে বিতাড়িত করিয়া পাঞ্জাব অধিকার করিয়া লইয়াছিলেন (১৭৫৮ খ্রীঃ)। হায়দরাবাদের নিজাম উদ্গীরের যুদ্ধে পরাজিত হইয়া (১৭৬০ খ্রীঃ) মারাঠাগণকে প্রচুর ধনদৌলত, দৌলতাবাদের দুর্গ, ঔরঙ্গাবাদ, বিজাপুর ও বিদরের কিয়দংশ ছাড়িয়া দিতে বাধ্য হইয়াছিলেন। ইহা ভিন্ন, গঙ্গা ও যমুনার মধ্যবর্তী দোয়াব অঞ্চলেও মারাঠাদের প্রভুত্ব স্থাপিত হইয়াছিল। এমনকি, দিল্লীর রাজনীতি-ক্ষেত্রেও তাহারা যথেষ্ট প্রভাব-প্রতিপত্তি বিস্তার করিতে সমর্থ হইয়াছিল।

(দ্বিতীয়) বালাজী বাজী রাও (১৭৪০-৬০ খ্রীঃ)

বালাজী বাজী রাও কর্তৃক হিন্দু-পাদ্ পাদ্শাহী'র আদর্শ পরিত্যক্ত

পাঞ্জাব হইতে তৈমুরকে বিতাড়িত করিবার ফলে আহম্মদ শাহ্ আব্দালী ভারত আক্রমণ করিয়া (১৭৬১ খ্রীঃ) পাণিপথের তৃতীয় যুদ্ধে মারাঠা শক্তিকে চরম আঘাত হানিয়াছিলেন। এই যুদ্ধে পরাজয়ের ফলে মারাঠা শক্তি দুর্বল হইয়া পড়িলে ভারতে মারাঠা সাম্রাজ্য গঠনের স্বপ্ন চিরতরে বিলীন হইয়া গেল। তাহাদের দুর্বলতার সুযোগে ইংরাজগণ মোগলদের হাত হইতে ভারতের রাজনৈতিক ক্ষমতা কাড়িয়া লইতে সমর্থ হইয়াছিল। এইভাবে মারাঠা শক্তি সঙ্ঘকে দুর্বল রাখিয়া ১৭৬১ খ্রীষ্টাব্দে বালাজী বাজী রাও মৃত্যুমুখে পতিত হন।

পাণিপথের তৃতীয় যুদ্ধ

দ্বিতীয় বালাজী বাজী রাও-এর পর তাঁহার পুত্র প্রথম মাধব রাও পেশওয়া হন (১৭৬১ খ্রীঃ)। তাঁহার সুদক্ষ শাসনে ও সামরিক দক্ষতায় মারাঠা শক্তির পুনরুজ্জীবন শুরু হয়। মাধব রাও-এর সহায়তায় মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলম দিল্লী পুনরুদ্ধার করিতে পারিয়াছিলেন। তিনি হায়দর আলিকে পরাভূত করিয়া মহীশূরের কিয়দংশ অধিকার করিয়া লইয়াছিলেন। ১৭৭২ খ্রীষ্টাব্দে প্রথম মাধব রাও হঠাৎ মৃত্যুমুখে পতিত হইলে মারাঠা শক্তির বিপুল ক্ষতিসাধন হইয়াছিল।

প্রথম মাধব রাও (১৭৬১-৭২ খ্রীঃ)

প্রথম মাধব রাও-এর মৃত্যুর পর তাঁহার ভ্রাতা নারায়ণ রাও পেশওয়া হইলেন (১৭৭২-৭৩ খ্রীঃ)। নারায়ণ রাও পেশওয়া-পদ লাভ করার এক বৎসরের মধ্যে পিতৃব্য রঘুনাথ রাও বা রাঘোবা কর্তৃক নিহত হইলেন। কিন্তু গৃহবিবাদের ফলে এক বৎসরের মধ্যে রাঘোবা পেশওয়া-পদ হারাইয়া ইংরাজের নিকট সাহায্যপ্রার্থী হইলেন। নারায়ণ

রাও-এর পুত্র (দ্বিতীয়) মাধব রাও নারায়ণ পেশওয়া হইলেন। কিন্তু দ্বিতীয় মাধব রাও নাবালক ছিলেন বলিয়া নানা ফড়নবীশ নামে জনৈক বিচক্ষণ রাজনীতিক ব্রাহ্মণকে রাজ্যের যাবতীয় শাসনকার্যের ভার প্রদান করা হয়। দ্বিতীয় মাধব রাও-এর শাসনকালে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসানে রাঘোবাকে ভাতা দানের ব্যবস্থা করা হয় এবং ইঙ্গ-মারাঠাদের মধ্যে সল্‌বই-এর সন্ধি স্বাক্ষরিত হয়। [বিশদ আলোচনার জন্য ৩১৩-১৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।] অপরদিকে হায়দর আলির পুত্র টিপু সুলতানের সহিত মারাঠাদের যুদ্ধ চলিতে থাকে। তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে মারাঠাগণ মহীশূর রাজ্যের কিয়দংশ লাভ করে এবং নিজাম-উল্‌-মুল্‌ককে খর্‌দার যুদ্ধে (১৭৯৫ খ্রীঃ) পরাজিত করিয়া হায়দরাবাদের কিছু অংশ দখল করে।

(দ্বিতীয়) মাধব রাও নারায়ণ (১৭৭৪-৯৬ খ্রীঃ)

১৭৯৬ খ্রীষ্টাব্দে দ্বিতীয় মাধব রাও-এর মৃত্যু হইলে রঘুনাথ রাও-এর পুত্র দ্বিতীয় বাজী রাও পেশওয়া-পদে অধিষ্ঠিত হইলেন। সেই সময়ে মারাঠাদের মধ্যে নানা প্রকার গোলযোগ শুরু হয়। ১৮০০ খ্রীষ্টাব্দে নানা ফড়নবীশের ন্যায় সুদক্ষ শাসকের মৃত্যু হইলে মারাঠা ঐক্য বিনাশপ্রাপ্ত হয়। নিজাম সুযোগ বুঝিয়া তাঁহার হৃত রাজ্যের কিয়দংশ মারাঠাদের দখল হইতে পুনরুদ্ধার করিয়া লইলেন। নিজেদের মধ্যে গৃহবিবাদ ও ইংরাজদের সহিত যুদ্ধে মারাঠাগণ ক্রমশ দুর্বল হইয়া পড়িতেছিল। দ্বিতীয় ও তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে মারাঠাগণ পরাজিত হইলে পেশওয়াতন্ত্রের মর্যাদা ধূলায় লুণ্ঠিত হইল। ইহার পর হইতে পেশওয়া প্রকৃতপক্ষে ইংরাজদের বৃত্তিভোগী হইয়া পড়েন। ১৮১৮ খ্রীষ্টাব্দে দ্বিতীয় বাজী রাও-এর মৃত্যু ঘটিলে পেশওয়াতন্ত্রের পতন ঘটিল। [বিশদ আলোচনার জন্য ৩২২-২৩, ৩২৭-৩০, এবং ৩৩৩-৩৪ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

দ্বিতীয় বাজী রাও (১৭৯৬-১৮১৮ খ্রীঃ)

আহম্মদ শাহ্‌ আব্‌দালী বা দুর্‌রানী (Ahmmad Shah Abdali or Durrani) : আহম্মদ শাহ্‌ আব্‌দালী বা দুর্‌রানী নাদির শাহের এক বিশ্বস্ত অনুচর ছিলেন। তিনি নাদির শাহের সঙ্গে যখন ভারতবর্ষে আসিয়াছিলেন সেই সময়ে ভারতের বিপুল ঐশ্বর্যের ও সামরিক দুর্বলতার পরিচয় লাভ করেন। ১৭৪৭ খ্রীষ্টাব্দে নাদির শাহের মৃত্যুর পর তাঁহার রাজ্যের পূর্বাংশ দখল করিয়া আহম্মদ শাহ্‌ আব্‌দালী আফগানিস্তানে একটি স্বাধীন রাজ্য স্থাপন করেন। তিনি দুর্‌রানী (দুর্‌র-ই-দুর্‌রান্‌ বা যুগরত্ন) উপাধি ধারণ করিয়াছিলেন। তারপর তিনি ভারতে আফগান প্রাধান্য স্থাপনের উদ্দেশ্যে ভারত অভিযানে প্রবৃত্ত হন। ১৭৪৮ খ্রীষ্টাব্দ হইতে ১৭৬৭ খ্রীষ্টাব্দের মধ্যে তিনি পর পর কয়েকবার ভারতবর্ষ আক্রমণ করেন। এইভাবে তিনি কাবুল, কান্দাহার ও পেশোয়ার অধিকার করিয়া লন। ক্রমে পাঞ্জাব ও কাশ্মীর তাঁহার অধিকারভুক্ত হইল এবং মোগল সম্রাট আহম্মদ শাহ্‌ তাঁহাকে শরহিন্দ্‌ নামক স্থান পর্যন্ত সমগ্র ভূভাগ ছাড়িয়া দিতে বাধ্য হইলেন। আহম্মদ শাহ্‌ আব্‌দালী মীর মন্নুকে পাঞ্জাবের শাসনকর্তা নিযুক্ত করিয়া স্বদেশে প্রত্যাবর্তন করিলেন। অল্পকালের মধ্যে মীর মন্নুর মৃত্যু ঘটিলে সেই সুযোগে মোগল সম্রাট পাঞ্জাব অঞ্চল পুনরধিকার করিলেন। ফলে আহম্মদ শাহ্‌

আহম্মদ শাহ্‌ আব্‌দালীর ভারত আক্রমণ

আব্দালী বা হুর্‌রানী ভারত আক্রমণ করিয়া দিল্লীতে আসিয়া উপস্থিত হইলেন। দিল্লী অবাধে লুণ্ঠন করিয়া এবং মোগল বাদশাহ্ দ্বিতীয় আলমগীরকে কাশ্মীর, সিন্ধু, পাঞ্জাব, শরহিন্দ্ প্রভৃতি স্থান ছাড়িয়া দিতে বাধ্য করিয়া স্বদেশে ফিরিয়া গেলেন। তিনি নিজপুত্র তৈমুরকে পাঞ্জাবের শাসনকর্তা নিযুক্ত করিয়া গিয়াছিলেন। পেশওয়া প্রথম বালাজী বাজী রাও-এর ভ্রাতা রঘুনাথ রাও তৈমুরকে বিতাড়িত করিয়া পাঞ্জাব অধিকার করিয়া লইলেন। ফলে আহম্মদ শাহ্ আব্দালী ক্রুদ্ধ হইয়া ভারত অভিযানে রওনা হইলেন (১৭৫৯ খ্রীঃ) এবং পাঞ্জাব পুনরধিকার করিয়া লইলেন। উত্তর-ভারতের মুসলমানগণ মারাঠা শক্তি বৃদ্ধিতে অত্যন্ত ভীত হইয়াছিলেন। তাঁহারা আহম্মদ শাহ্ আব্দালীর আক্রমণ প্রতিহত করিবার কোন চেষ্টা করিলেন না। রঘুজী ভোঁসলেও এই সময় কোনপ্রকার সাহায্যদানে অগ্রসর হইলেন না। ইহা ভিন্ন, মারাঠাদের ব্যাপক অত্যাচারে অতিষ্ঠ হইয়া জাঠ, রাজপুত প্রভৃতি হিন্দুও আহম্মদ শাহ্ আব্দালীর আক্রমণ প্রতিহত করিতে অগ্রসর হইলেন না। তদুপরি আহম্মদ শাহ্ আব্দালী অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলা ও রুহেলা বা রোহিলা সর্দার নজীর খাঁর সাহায্যলাভে সমর্থ হইলেন। এই অনৈক্যের ফলে এবং মারাঠাগণ চিরাচরিত যুদ্ধকৌশল 'গেরিলা যুদ্ধ' পদ্ধতি পরিত্যাগ করায় স্বভাবতই আহম্মদ শাহ্ আব্দালীর পক্ষে মারাঠাগণকে পরাজিত করা সহজতর হইল। ১৭৬১ খ্রীষ্টাব্দের ১৪ই জানুয়ারী আহম্মদ শাহ্ আব্দালীর বিরুদ্ধে বিশ্বাস রাও ও সদাশিব ভাও-এর নেতৃত্বে মারাঠা বাহিনী পাণিপথের প্রান্তরে যুদ্ধে অবতীর্ণ হইল। ইহাই পাণিপথের তৃতীয় যুদ্ধ। পাণিপথের তৃতীয় যুদ্ধ ভারত-ইতিহাসের অন্যতম যুগান্তকারী ঘটনা বলা যাইতে পারে। এই যুদ্ধের ফলাফল যেমন ছিল সুদূরপ্রসারী তেমনি গুরুত্বপূর্ণ।

আহম্মদ শাহ্ আব্দালীর দিল্লী লুণ্ঠন

পাণিপথের তৃতীয় যুদ্ধ (১৭৬১ খ্রীঃ)

মারাঠাদের পরাজয়

ফলাফল : প্রথমত, এই যুদ্ধে মারাঠা শক্তির পরাজয়ের ফলে মারাঠাদের শক্তি ও সামর্থ্য সম্পর্কে সাধারণ্যে যে উচ্চ ধারণা ছিল তাহা বিনাশপ্রাপ্ত হইল। মোগল সাম্রাজ্যের পতনের পর মারাঠাগণই ভারতে সাম্রাজ্য গঠন করিবার শক্তি বা সামর্থ্য রাখিত। কিন্তু পাণিপথের তৃতীয় যুদ্ধে তাহাদের পরাজয়ের ফলে ভারতে নূতন সাম্রাজ্য গড়িয়া তুলিবার সুযোগ ইংরাজ বণিকগণ লাভ করিল।

ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপনের পথ প্রস্তুত

দ্বিতীয়ত, এই যুদ্ধে পরাজয়ের ফলে উত্তর-ভারতে মারাঠা শক্তি ও প্রতিপত্তি হ্রাসপ্রাপ্ত হইয়াছিল। তদানীন্তন মারাঠা নেতৃবর্গের প্রায় সকলেই এই যুদ্ধে প্রাণ হারাইয়াছিলেন।* দাক্ষিণাত্যে উদ্‌গীরের যুদ্ধে জয়লাভের ফলে মারাঠাগণ যে প্রাধান্য অর্জন করিয়াছিল তাহা পাণিপথের তৃতীয় যুদ্ধের আঘাতে দুর্বলীকৃত মারাঠাগণ প্রায় সম্পূর্ণভাবেই হারাইয়াছিল এবং সেই সুযোগে মহীশূর রাজ্যে হায়দর আলির অভ্যুত্থান সহজতর হইয়াছিল।

মারাঠা শক্তির বিপুল ক্ষতি

তৃতীয়ত, মারাঠা সাম্রাজ্যবাদ এই যুদ্ধে পরাজয়ের ফলে চরম আঘাতপ্রাপ্ত হইয়াছিল। লোকবল ও অর্থবল নাশ অপেক্ষাও মানসিক দিক দিয়া এই যুদ্ধের ফল ছিল

* Vide: *An Advanced History of India*, p. 552.

অধিকতর গুরুত্বপূর্ণ। মারাঠা সঙ্ঘ (Maratha Confederacy) এই যুদ্ধের ফলে বিচ্ছিন্ন হইয়া পড়িল, পেশওয়ার বা পেশবার মর্যাদাও এই যুদ্ধে অভাবনীয়ভাবে আঘাতপ্রাপ্ত হইল। মারাঠাগণ যদিও অল্পকালের মধ্যেই পুনরায় কতক পরিমাণে শক্তি সঞ্চয় করিয়াছিল তথাপি পাণিপথের তৃতীয় যুদ্ধের পূর্বে তাহারা যে শক্তি ও মর্যাদা সঞ্চয় করিয়াছিল সেইরূপ শক্তি ও মর্যাদা আর পুনরুদ্ধার করিতে সমর্থ হয় নাই।

মারাঠা সঙ্ঘের অসংহতি— পেশওয়ার বা পেশবার মর্যাদা হ্রাসপ্রাপ্ত

সর্বশেষে উল্লেখ করা প্রয়োজন যে, এই যুদ্ধে মারাঠা ও মুসলমানগণ নিজেদের দুর্বল করিয়া ব্রিটিশ সাম্রাজ্যবাদের ভিত্তি দৃঢ়তর হইবার সময় ও সুযোগ দান করিয়াছিল। পলাশীর যুদ্ধে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবাদের যে বীজ অঙ্কুরিত হইয়াছিল পাণিপথের তৃতীয় যুদ্ধে মারাঠাদের পরাজয়ে তাহার মূল দৃঢ় হইয়াছিল। ইহা ছিল পলাশীর যুদ্ধের পরিপূরকস্বরূপ।*

পলাশীর যুদ্ধের পরিপূরক

ঔরংজেবের উত্তরাধিকারিগণ (Successors of Aurangzeb): ঔরংজেবের মৃত্যুকালে তাঁহার জীবিত পুত্রদের মধ্যে মোয়াজ্জেম, আজ্‌ম ও কামবক্স যথাক্রমে কাবুল, গুজরাট ও দাক্ষিণাত্যের শাসনকর্তা ছিলেন। মৃত্যুর পূর্বেই ঔরংজেব বুঝিতে পারিয়াছিলেন যে, উত্তরাধিকার লইয়া তাঁহার পুত্রদের মধ্যে গৃহবিবাদ শুরু হইবে। সেইজন্য তিনি মৃত্যুর পূর্বেই দানপত্র বা উইল করিয়া তিন পুত্রের মধ্যে সাম্রাজ্য ভাগ করিয়া দিয়া গিয়াছিলেন। কিন্তু তাঁহার মৃত্যুর পর পুত্রগণ সেই উইলের নির্দেশ অমান্য করিয়া নিজেদের মধ্যে এক আত্মঘাতী গৃহযুদ্ধে প্রবৃত্ত হইলেন। এই গৃহযুদ্ধে প্রথমে আজ্‌ম (১৭০৭ খ্রীঃ) এবং পরে কামবক্স নিহত হইলেন (১৭০৯ খ্রীঃ)। মুনিম খাঁর সাহায্যে মোয়াজ্জেম অন্তর্যুদ্ধে জয়লাভ করেন এবং 'প্রথম বাহাদুর শাহ্' (প্রথম শাহ্ আলম) নামে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন (১৭০৭ খ্রীঃ) পরে তিনি জুল্‌ফিকার খাঁর পরামর্শে শাহুকে মুক্তি দান করিলেন। তারপর রাজপুত রাজগণের সহিত মিত্রতা স্থাপনপূর্বক তাঁহাদিগকে স্ব স্ব পদে প্রতিষ্ঠিত করিলেন। তাঁহার রাজত্বকালে বান্দা নামে জনৈক শিখনায়ক গুরু গোবিন্দ সিংহের শিশুপুত্র-হত্যাকারী পাঞ্জাবের অন্তর্গত শরহিন্দের ফৌজদার ওয়াজির আলি খাঁকে হত্যা করেন। প্রথম বাহাদুর শাহ্ স্বয়ং যুদ্ধযাত্রা করিয়া শিখদিগের দুর্গ লৌহগড় অধিকার করিলেন সত্য, কিন্তু ইতিপূর্বেই বান্দা পলাইয়া গিয়া প্রাণরক্ষা করিয়াছিলেন।

গৃহযুদ্ধ

মোয়াজ্জেম— প্রথম বাহাদুর শাহ্

এই সময়ে মোগল দরবারে প্রভাব-প্রতিপত্তি ও প্রতিষ্ঠা অর্জনে বিদেশী অভিজাতগণ (সুন্নীধর্মাবলম্বী) 'তুরাণী' এবং (সিয়াধর্মাবলম্বী) 'ইরাণী' দলে বিভক্ত ছিলেন। তুরাণী দলের নেতা ছিলেন নিজাম-উল্-মুল্‌ক আর ইরাণী দলের প্রধান ছিলেন জুল্‌ফিকার খাঁ। অপরদিকে 'হিন্দুস্থানী' দল ছিল তুরাণী ও ইরাণী দলের বিরোধী। হিন্দুস্থানী দলে ভারতীয় অভিজাত মুসলমানগণ ছাড়াও রাজপুত, জাঠ ও অধস্তন হিন্দু রাজকর্মচারিগণ ছিলেন। এই হিন্দুস্থানী

অভিজাতসম্প্রদায়

* *Ibid.*, p. 553.

দলের নেতা ছিলেন বিহারের সুবাদার সৈয়দ হুসেন আলি এবং এলাহাবাদের সুবাদার সৈয়দ আব্‌দুল্লা। তাঁহারা 'সৈয়দ ভ্রাতৃদ্বয়' নামেই খ্যাত ছিলেন।

অল্পকাল পরেই প্রথম বাহাদুর শাহের মৃত্যু (১৭১২ খ্রীঃ) হইলে তাঁহার চারি পুত্র জাহান্দার শাহ্‌, আজিম্‌-উস্‌-শান, রফি-উস্‌-শান ও জাহান শাহের মধ্যে অন্তর্যুদ্ধ শুরু হইল। এই ভ্রাতৃ-যুদ্ধে জাহান্দার শাহ্‌ জয়ী হইলেন। জুল্‌ফিকার খাঁ জাহান্দার শাহ্‌কে সিংহাসনলাভে সাহায্য করিয়াছিলেন এবং পরে তাঁহার প্রধান মন্ত্রী হইয়াছিলেন। কিন্তু সিংহাসনে আরোহণের অল্পকালের মধ্যেই আজিম্‌-উস্‌-শানের পুত্র ফারুকশিয়ার জাহান্দার শাহ্‌কে হত্যা করাইয়া সিংহাসন দখল করিলেন (১৭১৩ খ্রীঃ)। তাঁহাকে হত্যা করিবার কালে ফারুকশিয়ার জুল্‌ফিকার খাঁকেও হত্যা করাইয়াছিলেন। ফারুকশিয়ারের সিংহাসন লাভের পশ্চাতে হিন্দুস্থানী অভিজাত দলের সহায়তা ছিল। সেইজন্য হুসেন আলি বাদশাহের প্রধান সেনাপতি এবং আব্‌দুল্লা বাদশাহের প্রধান মন্ত্রী হইয়াছিলেন। এই সময়ে সাম্রাজ্যের বিশৃঙ্খলার সুযোগে মাড়বারের রাজা অজিত সিংহ আজমীর দখল করিয়া লন এবং যোধপুর হইতে মোগল রাজকর্মচারীকে বিতাড়িত করেন। শিখনেতা বান্দাও পাঞ্জাবের পূর্বাংশে লুণ্ঠনকার্য চালান। কিন্তু সৈয়দ ভ্রাতৃদ্বয়ের সহায়তায় ফারুকশিয়ার অজিত সিংহকে বশ্যতা স্বীকারে বাধ্য করেন আর বান্দা ধৃত হইয়া প্রাণ হারান। ক্রমে বাদশাহ্‌ সৈয়দ ভ্রাতৃদ্বয়ের হাতের পুতুলে পরিণত হইয়া পড়িতেছিলেন। সৈয়দ ভ্রাতৃদ্বয়ের এই প্রভুত্ব অসহনীয় হইয়া উঠিলে ফারুকশিয়ার নিজেকে স্বাধীন করিবার জন্য সচেষ্ট হইলেন। সৈয়দ ভ্রাতৃদ্বয় তাহা জানিতে পারিয়া ফারুকশিয়ারকে সিংহাসন হইতে বিতাড়িত করিলেন (১৭১৯ খ্রীঃ) এবং পরে তাঁহার চক্ষু দুইটি উৎপাটন করিয়া তাঁহাকে হত্যা করাইলেন। তাঁহারা রফি-উস্‌-শানের দুই পুত্র রফি-উদ্‌-দরাজাত ও রফি-উদ্‌-দৌলাকে পর পর সিংহাসনে স্থাপন করিলেন; কিন্তু কয়েক মাসের মধ্যে তাঁহাদের দুই জনের মৃত্যু হয়। এই সময়ে আকবরের (ঔরংজেবের পুত্র) পুত্র নেকুশিয়ার বাদশাহ্‌ হইতে সচেষ্ট হইলে (১৭১৯ খ্রীঃ) সৈয়দ ভ্রাতৃদ্বয় তাঁহাকে দমন করেন। ইহার পর সৈয়দ ভ্রাতৃদ্বয় জাহান শাহের পুত্র রোশন আখ্‌তারকে দিল্লীর সিংহাসনে স্থাপন করিলেন। তাঁহার নূতন নাম হইল মহম্মদ শাহ্‌। মহম্মদ শাহ্‌ ১৭১৯ খ্রীষ্টাব্দ হইতে ১৭৪৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন।

জাহান্দার শাহ্‌

ফারুকশিয়ার

রফি-উদ্‌-দরাজাত ও রফি-উদ্‌-দৌলা

রোশন আখ্‌তার—মহম্মদ শাহ

অল্পকালের মধ্যেই মহম্মদ শাহ্‌ সৈয়দ ভ্রাতৃদ্বয়ের ঔদ্ধত্যে অতিষ্ঠ হইয়া উঠিলেন। তিনি দাক্ষিণাত্যের ছয়টি সুবার শাসনকর্তা বা ভাইস্‌রয় নিজাম-উল্‌-মুল্‌ক উপাধিধারী 'আসফ্‌ জা'র (চিনকিলিজ খাঁর) সাহায্য গ্রহণ করিলেন। ফলে যে গোলযোগের সৃষ্টি হইল তাহাতে সৈয়দ ভ্রাতৃদ্বয় নিহত হইলেন এবং আসফ্‌ জা হইলেন মহম্মদ শাহের প্রধান মন্ত্রী। এই আসফ্‌ জা ঔরংজেবের মৃত্যুর সময় বিজাপুরের সুবাদার ছিলেন। প্রথম বাহাদুর শাহ্‌

নিজাম-উল্‌-মুল্‌ক আসফ্‌ জা

আসফ্ জাকে অযোধ্যার স্থবাদার পদে নিয়োগ করেন। পরে ফারুকশিয়ারের সিংহাসন আরোহণের সময় আসফ্ জা মোগল সাম্রাজ্যভুক্ত দাক্ষিণাত্যের স্থবাদার হইয়া 'নিজাম-উল্-মুল্‌ক' উপাধি ধারণ করেন। আসফ্ জা ছিলেন অত্যন্ত ক্ষমতাবান শাসক। কিন্তু নিজাম-উল্-মুল্‌কের শাসনকার্যে মহম্মদ শাহ্ হস্তক্ষেপ করিতে থাকিলে আসফ্ জা প্রধান মন্ত্রীর পদ ত্যাগ করিয়া পুনরায় দাক্ষিণাত্যে চলিয়া যান এবং নামেমাত্র মোগল সম্রাটের আনুগত্য স্বীকার করিয়া ১৭২৪ খ্রীষ্টাব্দে হায়দরাবাদে (গোলকুণ্ডা) একটি স্বাধীন রাজ্য স্থাপন করিলেন। ১৭৪৮ খ্রীষ্টাব্দের শেষদিকে আসফ্ জা'র মৃত্যু ঘটে।

সাম্রাজ্যে বিশৃঙ্খলা—নাদির শাহ্ ও আহম্মদ শাহ্ দুর্‌রানীর ভারত আক্রমণ

মহম্মদ শাহের দুর্বলতার স্থযোগে বাংলাদেশের স্থবাদার আলিবর্দী খাঁ (১৭৪০-৫৬ খ্রীঃ), অযোধ্যার শাসনকর্তা সফ্দর জঙ্গ (১৭৩৯-৫৪ খ্রীঃ), আগ্রার নিকটবর্তী ভরতপুরের জাঠগণ এবং রোহিলখণ্ডের রুহেলা আফগানগণ স্বাধীন হইয়া উঠিলেন। অপরদিকে পেশওয়া প্রথম বাজী রাও-এর নেতৃত্বে মারাঠাগণ গুজরাট ও মালবে প্রাধান্য বিস্তার করিয়া দিল্লী অভিমুখে অগ্রসর হইল (১৭৩৭ খ্রীঃ)। মহম্মদ শাহেরই রাজত্বকালে সাম্রাজ্যের এই বিশৃঙ্খলার ও অব্যবস্থার স্থযোগে পারস্য সম্রাট নাদির শাহ্ (১৭৩৯ খ্রীঃ) এবং আহম্মদ শাহ্ আব্‌দালী বা দুর্‌রানী (১৭৪৮ খ্রীঃ) ভারত আক্রমণ করিয়াছিলেন।

আজিজউদ্দিন—'দ্বিতীয় আলমগীর' (১৭৫৪-৫৯ খ্রীঃ)

মহম্মদ শাহের পরবর্তী বাদশাহ্ ছিলেন তাঁহারই পুত্র আহম্মদ শাহ্ (১৭৪৮-৫৪ খ্রীঃ)। কিন্তু নিজামের পৌত্র ওয়াজির গাজি-উদ্-দিন (ইমাদ-উল্-মুল্‌ক) ১৭৫৪ খ্রীষ্টাব্দে আহম্মদ শাহ্‌কে পদচ্যুত করিয়া জাহান্দার শাহের পুত্র আজিজউদ্দিনকে সিংহাসনে স্থাপন করেন। আজিজউদ্দিন 'দ্বিতীয় আলমগীর' উপাধি ধারণ করিয়া সিংহাসনে আরোহণ করেন। দ্বিতীয় আলমগীরের রাজত্বকালে আহম্মদ শাহ্ আব্‌দালী কর্তৃক চতুর্থবার ভারতবর্ষ আক্রান্ত হইয়াছিল (১৭৫৭ খ্রীঃ) এবং পলাশীর যুদ্ধের পর বাংলাকে কেন্দ্র করিয়া ভারতে ইংরাজ শক্তির প্রতিষ্ঠা হয়। দ্বিতীয় আলমগীর নিজ উজীরের হস্তে প্রাণ হারাইলে তাঁহার পুত্র দ্বিতীয় শাহ্ আলম দিল্লীর বাদশাহ্ হইলেন সত্য, কিন্তু তিনি প্রাণভয়ে ১৭৭২ খ্রীষ্টাব্দ পর্যন্ত অযোধ্যার নবাব স্থজা-উদ্-দৌলা এবং ইংরাজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির আশ্রয়ে এলাহাবাদে অবস্থান করিতেন। তাঁহারই আমলে রায়দুর্লভের চেষ্টায় ইংরাজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি বাংলা-বিহার-উড়িষ্যার দেওয়ানী লাভ করিয়াছিল (১৭৬৫ খ্রীঃ)। তারপর দ্বিতীয় শাহ্ আলম মারাঠাদের সহায়তায় ১৭৭২ খ্রীষ্টাব্দ হইতে দিল্লীর বাদশাহ্ পদে অধিষ্ঠিত হন। ১৮০৩ খ্রীষ্টাব্দে লর্ড ওয়েলেস্‌লী দিল্লী ও আগ্রা দখল করিলে দ্বিতীয় শাহ্ আলম ইংরাজদের অধীনতামূলক মিত্রতা স্বীকার করিয়া লইলেন। দ্বিতীয় শাহ্ আলমের মৃত্যুর পর তাঁহার পুত্র দ্বিতীয় আকবর শাহ্ (১৮০৬-৩৭ খ্রীঃ) এবং দ্বিতীয় আকবর শাহের পর তাঁহার পুত্র

দ্বিতীয় শাহ্ আলম (১৭৫৯-১৮০৬ খ্রীঃ)

দ্বিতীয় বাহাদুর শাহ্ (১৮৩৭-৫৭ খ্রীঃ) প্রকৃতপক্ষে ইংরাজদের বৃত্তিভোগী বাদশাহ্ ছিলেন। সিপাহী বিদ্রোহের কালে (১৮৫৭ খ্রীঃ) দ্বিতীয় বাহাদুর শাহ্‌কে বিদ্রোহী সিপাহিগণ ভারতের সম্রাট বলিয়া ঘোষণা করিয়াছিল। এইজন্য সিপাহী বিদ্রোহ দমনের পর তাঁহাকে ইংরাজগণ রেঙ্গুনে নির্বাসিত করে। সেখানে ১৮৬২ খ্রীষ্টাব্দে তাঁহার মৃত্যু হয়। ইনিই ছিলেন সর্বশেষ মোগল বাদশাহ্।

দ্বিতীয় আকবর শাহ্ ও দ্বিতীয় বাহাদুর শাহ্



দ্বিতীয় বাহাদুর শাহ্

মোগল সাম্রাজ্যের পতনের কারণ **(Causes of the Downfall of the Mughal Empire) :** উত্থান ও পতন হইল প্রকৃতির নিয়ম। সাম্রাজ্যের যেমন উত্থান ঘটে, উহার পতনও তেমনি অবশ্যম্ভাবী। কোন সাম্রাজ্য স্বল্পকাল স্থায়ী হয়, কোনটি বা দীর্ঘকাল স্থায়ী হইয়া থাকে, কিন্তু পতনই হইল উহার চরম পরিণতি। এই প্রাকৃতিক নিয়মেই মোগল সাম্রাজ্যেরও পতন ঘটিল। এই পতনের পশ্চাতে নানাবিধ কারণ ছিল।

মোগল সাম্রাজ্যের বিশালতা

প্রথমত, মোগল সাম্রাজ্যের বিশালতাই ইহার শাসনদক্ষতা ও কেন্দ্রীয় সরকারের দৃঢ়তার পরিপন্থী হইয়া উঠিয়াছিল। উত্তরে কাশ্মীর হইতে দক্ষিণে মহীশূর এবং পূর্বে আসাম হইতে পশ্চিমে আফগানিস্তান পর্যন্ত বিস্তৃত বিশাল সাম্রাজ্যের শাসনকার্য পরিচালনা সে-যুগে সহজ ছিল না। সাম্রাজ্যের বিভিন্ন অংশের সহিত যোগাযোগ রক্ষা করিয়া চলাও কঠিন ছিল। এই সকল কারণে সাম্রাজ্যের বিশালতাই উহার পতনের অন্যতম কারণ হইয়া দাঁড়াইয়াছিল।

আমীর-ওমরাহ্‌দের আত্মকলহ ও মন্ত্রিগণের স্বার্থপরতা

দ্বিতীয়ত, স্বার্থান্বেষী আমীর-ওমরাহ্‌দের বিবাদ-বিসংবাদ, তাঁহাদের বিলাসপ্রিয়তা শাসনব্যবস্থাকে বহুলাংশে পঙ্গু করিয়া দিয়াছিল। নিজাম-উল্-মূল্‌ক, সৈয়দ ভ্রাতৃদ্বয়, জুল্‌ফিকার খাঁ, গাজি-উদ্-দিন প্রভৃতি মন্ত্রীর স্বার্থপরতা ও ক্ষমতালিপ্সা মোগল সাম্রাজ্যের শাসনব্যবস্থাকে দুর্বল করিয়া দিয়া উহার পতনের পথ প্রস্তুত করিয়াছিল।

বাদশাহ্, আমীর-ওমরাহ্ ও সেনাবাহিনীর আলস্য ও আরামপ্রিয়তা

তৃতীয়ত, বিশাল সাম্রাজ্যের পর্যাপ্ত ধনরত্ন দিল্লীর বাদশাহ্, আমীর-ওমরাহ্‌দের মধ্যে যে মদ্যাশক্তি, ব্যভিচার প্রভৃতি দুর্বলতার সৃষ্টি করিয়াছিল তাহা ক্রমে সেনাবাহিনীর মধ্যেও বিস্তারলাভ করিলে মোগল সাম্রাজ্য রক্ষা করিবার প্রয়োজনীয় সামরিক শক্তিও আর রহিল না। আভ্যন্তরীণ ও বৈদেশিক আক্রমণ প্রতিহত করিবার ক্ষমতা মোগল সেনাবাহিনীর লোপ পাইল।

চতুর্থত, ঔরংজেবের ধর্মান্ধ সঙ্কীর্ণ নীতি মোগল সাম্রাজ্যের ভিত্তি শিথিল করিয়া দিয়াছিল। যে রাজপুত জাতির সাহস ও শৌর্য এবং যে বিশাল হিন্দু জাতির অখণ্ড আনুগত্যে মোগল সাম্রাজ্য সম্রাট আকবরের আমলে উন্নতির চরমে পৌঁছিয়াছিল সেই রাজপুত জাতি তথা হিন্দু জাতিকে ধর্ম-বিষয়ে নানাভাবে উৎপীড়িত করিয়া ঔরংজেব মোগল সাম্রাজ্যের সর্বনাশ ডাকিয়া আনিয়াছিলেন। তাঁহার হিন্দু-বিদ্বেষী নীতির ফলে দেশের সর্বত্র বিদ্রোহের আগুন জ্বলিয়া উঠিয়াছিল। জাঠ, বুন্দেলা, সৎনামী, রাজপুত ও শিখদের বিদ্রোহ, মারাঠা জাতির বিরোধিতা ঔরংজেবের পক্ষেও সম্পূর্ণভাবে প্রতিহত করা সম্ভব হয় নাই। ঔরংজেব মোগল সাম্রাজ্যের ভিত্তি-স্তম্ভস্বরূপ রাজপুত জাতিকে শত্রুতে পরিণত করিয়া অদূরদর্শিতার পরিচয় দিয়াছিলেন।

ঔরংজেবের ধর্মান্ধ সঙ্কীর্ণ নীতি

হিন্দু-বিদ্বেষী নীতির বিরুদ্ধে প্রতিক্রিয়া

পঞ্চমত, সম্রাট আকবর ভিন্ন অপর কোন মোগল সম্রাট হিন্দু-মুসলমান নির্বিশেষে ভারতীয়দের জাতীয় সম্রাটের মর্যাদায় নিজেদের প্রতিষ্ঠিত করিতে চান নাই। তাঁহাদের এবং তাঁহাদের অনুচরবর্গের অনেকের এই জাতীয়তাবোধের অভাব মোগল শাসন ও সাম্রাজ্যের ভিত্তি দুর্বল করিয়া দিয়াছিল।

মোগল সম্রাটদের জাতীয়তাবোধের অভাব

ষষ্ঠত, ঔরংজেবের দাক্ষিণাত্য-নীতিও মোগল সাম্রাজ্যের পতনের পথ প্রস্তুত করিয়া দিয়াছিল। দাক্ষিণাত্যে দীর্ঘকাল যুদ্ধে ব্যস্ত থাকিবার ফলে কেন্দ্রীয় শাসনকার্য পরিচালনায় বিশৃঙ্খলা ও দুর্বলতা দেখা দিয়াছিল। ছাব্বিশ বৎসর ধরিয়া দাক্ষিণাত্য-যুদ্ধে যে অর্থ ও লোকবল বিনাশপ্রাপ্ত হইয়াছিল, তাহা স্বভাবতই মোগল সাম্রাজ্যের সামরিক ও অর্থনৈতিক ভিত্তি দুর্বল করিয়া দিয়াছিল। তদুপরি উত্তর-পশ্চিম সীমান্ত রক্ষার কার্যাদি অবহেলিত হইয়াছিল। এই সকল কারণে ঔরংজেবের মৃত্যুর পরেই মোগল সাম্রাজ্য স্বভাবতই ধ্বংসের পথে দ্রুত অগ্রসর হইয়াছিল। দাক্ষিণাত্য সম্পূর্ণভাবে জয় করা, মারাঠা শক্তিকে পদানত করা ঔরংজেবের পক্ষে সম্ভব হয় নাই। এই 'দাক্ষিণাত্যের ক্ষত'ই ঔরংজেবের ব্যর্থতার এবং মোগল সাম্রাজ্যের পতনের জন্য বহুল পরিমাণে দায়ী ছিল। [২৪৯ পৃষ্ঠা দ্রষ্টব্য।]

দাক্ষিণাত্য-নীতির ফলাফল

'দাক্ষিণাত্যের ক্ষত'

সপ্তমত, ঔরংজেবের পরবর্তী মোগল বাদশাহ্‌গণ ছিলেন অকর্মণ্য ও বিলাসপ্রিয়। মোগল সাম্রাজ্যকে পুনরুজ্জীবিত করিতে বা বৈদেশিক আক্রমণ হইতে উহাকে রক্ষা করিতে তাঁহারা সমর্থ হন নাই।

দুর্বল বংশধরগণ

অষ্টমত, ঔরংজেবের রাজত্বকালে অভিজাতসম্প্রদায় নিরস্ত ছিলেন। কিন্তু তাঁহার মৃত্যুর পর অভিজাতসম্প্রদায়—তুরাণী, ইরাণী ও হিন্দুস্থানী দলগুলি—রাজদরবারে ক্ষমতা ও প্রভাব-প্রতিপত্তিলাভে সচেষ্ট হইয়া পড়িলেন। বাদশাহ্‌ নির্বাচনে তাঁহাদের পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতা মোগল শাসনব্যবস্থাকে দুর্বল করিয়া তুলিয়াছিল।

অভিজাতসম্প্রদায়ের মধ্যে দলাদলি

নবমত, মোগল সাম্রাজ্যের ভিত্তি যখন দুর্বল হইয়া পড়িয়াছে তখন নাদির শাহের ভারত আক্রমণ ও দিল্লী লুণ্ঠন এবং পরে আহম্মদ শাহ্ আব্‌দালীর পুনঃ পুনঃ ভারত অভিযান মোগল সাম্রাজ্যকে চরম আঘাত হানিয়াছিল। এই আঘাত হইতে মোগল সাম্রাজ্যকে পুনঃ-সঞ্জীবিত করিবার শক্তি কাহারও ছিল না।

নাদির শাহ্ ও আহম্মদ শাহ্ আব্‌দালীর ভারত আক্রমণ

নৌবাহিনী অবহেলিত

দশমত, মোগল সম্রাটগণ নৌবাহিনী গঠনের অবহেলা করিয়াছিলেন। ইহাও সাম্রাজ্য পতনের অন্যতম কারণ হিসাবে গণ্য করা যাইতে পারে।

সর্বশেষে ইহাও উল্লেখ করা প্রয়োজন যে, মোগল সাম্রাজ্যের সংগঠন ছিল সামন্ততান্ত্রিক। সামন্ততান্ত্রিক রাষ্ট্রমাত্রেরই ত্রুটি ছিল এই যে, কেন্দ্রীয় সরকারের দুর্বলতা দেখা দিলে প্রদেশগুলি স্বাধীন হইয়া উঠিত। মোগল সাম্রাজ্যের ক্ষেত্রে অনুরূপ ঘটিয়াছিল। এইভাবে আভ্যন্তরীণ ও বহিরাগত উভয় প্রকার কারণে মোগল সাম্রাজ্যের পতন ঘটিয়াছিল।

সামন্ততান্ত্রিক সংগঠনের ত্রুটি

চতুর্বিংশ অধ্যায়

মোগল শাসনব্যবস্থা : সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন

(The Mughal Administration : Social, Economic and Cultural life)

মোগল শাসনব্যবস্থা (Mughal Administration): মোগল শাসনব্যবস্থা বলিতে যাহা বুঝায় তাহা সম্রাট আকবর কর্তৃক স্থাপিত হইয়াছিল। বাবর ও হুমায়ুন মোগল শাসনব্যবস্থা গড়িয়া তুলিবার অবকাশ পান নাই। সার্ যদুনাথের মতে আকবর কর্তৃক প্রতিষ্ঠিত মোগল শাসনব্যবস্থায় ভারতীয় শাসনব্যবস্থার সহিত আরবীয় ও পার্‌সিক শাসনব্যবস্থার সংমিশ্রণ পরিলক্ষিত হয়। আকবরের শাসনব্যবস্থায় শের শাহের শাসন-পদ্ধতির কতক অনুকরণ রহিয়াছে।

আকবর কর্তৃক স্থাপিত শাসনব্যবস্থা

মোগল শাসনব্যবস্থার সর্বোচ্চে ছিলেন বাদশাহ্ স্বয়ং; তাঁহার ক্ষমতা ছিল সীমাহীন। বিচার, শাসনকার্য, সামরিক পরিচালনা সবকিছুই ছিল বাদশাহের দায়িত্ব এবং কর্তব্যকার্য। একই হস্তে এইরূপ নানাবিধ দায়িত্ব ন্যস্ত করিবার ফলে সম্রাটের ব্যক্তিত্ব ও বিচক্ষণতা, কর্মকুশলতা ও দূরদর্শিতার উপর শাসনের সাফল্য সম্পূর্ণভাবে নির্ভরশীল থাকিত। বাদশাহ্ সুযোগ্য ব্যক্তি হইলে শাসনকার্য সুষ্ঠুভাবে পরিচালিত হইত, কিন্তু বাদশাহ্ দুর্বলচেতা হইলে শাসনকার্যাদিতে শৈথিল্য দেখা দিত।

বাদশাহ্ বা সম্রাটের ক্ষমতা সীমাহীন

সম্রাট বা বাদশাহ্ একা শাসনকার্য পরিচালনা করিতে পারিতেন না। তাঁহাকে সাহায্য করিবার জন্য বা প্রয়োজনবোধে পরামর্শদানের জন্য মন্ত্রিগণ থাকিতেন। ইঁহাদের মধ্যে কেহ কেহ বাদশাহের সর্বাধিক বিশ্বাসভাজন থাকিতেন। কিন্তু তাই বলিয়া প্রধান মন্ত্রী বলিতে যাহা বুঝায় সেইরূপ কোন মন্ত্রী নিয়োগের নীতি মোগল যুগে প্রচলিত ছিল না। মন্ত্রিগণ শাসনকার্যে সহায়তা ভিন্ন মন্ত্রণা দ্বারাও বাদশাহ্‌কে সাহায্য করিতেন, কিন্তু তাঁহাদের মতামত গ্রহণ করা না-করা বা গ্রহণ না করিলেও তাঁহাদের মত অনুযায়ী কার্য করা না-করা বাদশাহের সম্পূর্ণ ইচ্ছাধীন ছিল। এই সকল পদস্থ কর্মচারীর মধ্যে 'সদর-ই-সুদুর', 'খান-ই-সামান', 'কাজী-উল্-কাজাত', 'মীর-বক্‌শী', 'মুহত্‌সিব', 'দেওয়ান' প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য।

মন্ত্রিগণ

'সদর-ই-সুদুর' ছিলেন সরকারী দাতব্য বিভাগের ভারপ্রাপ্ত। ইনি ধর্ম-বিষয়েও তত্ত্বাবধান করিতেন। 'খান-ই-সামান' ছিলেন বাদশাহের পারিবারিক যাবতীয় বিষয়ের ভারপ্রাপ্ত। খাদ্য, পোশাক-পরিচ্ছদ, বাদশাহ্ রাজধানীর বাহিরে কোথাও গেলে তাঁহার শিবির ও শিবিরে প্রয়োজন হইতে পারে এইরূপ সবকিছুরই ভার থাকিত 'খান-ই-সামানে'র উপর। 'কাজী-উল্-কাজাত' ছিলেন সর্বোচ্চ বিচারপতি। অবশ্য এ-বিষয়ে তিনি বাদশাহের অধীন ছিলেন। 'মীর-বক্‌শী' ছিলেন রাজকর্মচারীদের বেতন দিবার এবং মনসবদারী প্রথার তত্ত্বাবধায়ক। বাদশাহের দেহরক্ষী বাহিনীর তিনিই ছিলেন প্রধান। 'মুহত্‌সিব' ছিলেন সকল প্রকার অবৈধ কার্যাদি ও দুর্নীতি রোধ করিবার দায়িত্বপ্রাপ্ত। 'দেওয়ান' ছিলেন বাদশাহের সর্বাধিক ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী। তাঁহার দায়িত্বও ছিল সর্বাধিক। রাজস্ব আদায়, রাজস্ব ব্যয়, রাজস্বের হিসাবপত্র রাখা, সবকিছুই ছিল তাঁহার দায়িত্ব।

'সদর-ই-সুদুর'
'খান-ই-সামান'
'কাজী-উল্-কাজাত'
'মীর-বক্‌শী'
'মুহত্‌সিব' 'দেওয়ান'

উপরি-উক্ত কর্মচারী ভিন্ন বাদশাহের বহু সংখ্যক সচিব ও উচ্চপদস্থ কর্মচারী থাকিতেন। তোপখানার ভারপ্রাপ্ত কর্মচারী ছিলেন 'দারোগা-ই-তোপখানা', শহর এলাকার শান্তিরক্ষার ভারপ্রাপ্ত কর্মচারী ছিলেন 'কোতোয়াল'। গ্রামাঞ্চলের শান্তিরক্ষার ভার ছিল 'ফৌজদারে'র উপর।

অপরাপর পদস্থ রাজকর্মচারী

মোগল শাসনব্যবস্থার মূল ভিত্তি ছিল সামরিক শক্তি। আকবরের ন্যায় উদার-চেতা সম্রাট অবশ্য জনসাধারণের অখণ্ড আনুগত্যলাভে সমর্থ হইয়াছিলেন, কিন্তু শাসন-নীতির দিক হইতে বিচার করিলে মোগল শাসনব্যবস্থা যে সামরিক শক্তির উপর প্রতিষ্ঠিত ছিল একথা অনস্বীকার্য। এইজন্য সামরিক সংগঠন বাদশাহের অত্যধিক মনোযোগ আকর্ষণ করিত। সম্রাট আকবর 'মনসবদারী' প্রথা নামে এক নূতন সামরিক প্রথার প্রচলন করিয়াছিলেন। রাজকর্মচারিগণের সকলেই এক এক জন 'মনসবদার' ছিলেন। মনসবদারগণের উপর সামরিক প্রয়োজনের কালে সৈন্য সরবরাহ করিবার দায়িত্ব ন্যস্ত ছিল। এই সকল সৈন্যের ভরণপোষণ ও পোশাক-পরিচ্ছদের জন্য মনসবদারগণ উপযুক্ত পরিমাণ অর্থ পাইতেন। দশজন সৈন্য

'মনসবদারী' প্রথা

সরবরাহের ভারপ্রাপ্ত মন্‌সবদার হইতে আরম্ভ করিয়া দশ হাজার সৈন্য সরবরাহের মন্‌সবদার পর্যন্ত মোট তেত্রিশ পর্যায়ের মন্‌সবদার ছিল। মোগল সেনাবাহিনীতে অশ্বারোহী, পদাতিক, গোলন্দাজ ও নৌবাহিনী ছিল। নৌবাহিনী কেবল নামেমাত্রই ছিল বলিলে চলে। নৌবাহিনীর দুর্বলতাই ছিল মোগল সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ।

সামরিক ব্যবস্থা

আকবরের আমলে রাজস্বসংক্রান্ত সংস্কারও সাধিত হইয়াছিল। এ-বিষয়ে তিনি শের শাহ্ কর্তৃক প্রদর্শিত পথের অনুসরণ করিয়াছিলেন। রাজা তোডরমল ছিলেন সম্রাট আকবরের রাজস্বসচিব। তিনি প্রজার জমি জরিপ করাইয়া জমির উর্বরতা অনুসারে সেগুলিকে বিভিন্ন পর্যায়ে বিভক্ত করিয়াছিলেন। উৎপন্ন ফসলের এক-তৃতীয়াংশ রাজস্ব নির্ধারিত হইয়াছিল। উৎপন্নের পরিমাণের হ্রাসবৃদ্ধির উপর রাজস্বের পরিমাণের হ্রাসবৃদ্ধি ঘটিত। রাজস্ব উৎপন্ন ফসল বা নগদ টাকা দ্বারা আদায় করা চলিত। প্রত্যেক সুবায় রাজস্ব আদায়ের ভারপ্রাপ্ত একজন করিয়া দেওয়ান থাকিতেন।

তোডরমলের রাজস্বব্যবস্থা



আকবরের সভা

পরবর্তীকালে ঔরংজেব দাক্ষিণাত্যের রাজস্ব বিষয়ে নানা প্রকার সংস্কারসাধন করিয়াছিলেন। এ-বিষয়ে মুর্শিদকুলি খাঁ ছিলেন তাঁহার সহায়ক। মুর্শিদকুলি খাঁ তোডরমলের রাজস্ব-নীতির অনুকরণ করিয়াছিলেন বটে, কিন্তু তিনি উহার কতক পরিবর্তনসাধন করিয়া দাক্ষিণাত্যে কার্যকরী করিয়াছিলেন। তাঁহার রাজস্ব-নীতি জলসেচের সুবিধা, জমির উর্বরতা, কৃষিকার্যের সুবিধা প্রভৃতির ভিত্তিতে স্থাপিত হইয়াছিল। বিভিন্ন পর্যায়ের জমির জন্য বিভিন্ন নীতিতে রাজস্ব নির্ধারিত হইত। মুর্শিদকুলি খাঁ পরে বাংলাদেশের শাসনকর্তা হইয়া আসেন। তিনি বাংলাদেশের রাজস্ব-নীতিরও সংস্কারসাধন করিয়া সরকারের আয় বহুগুণে বাড়াইয়াছিলেন।

মুর্শিদকুলি খাঁর রাজস্ব-নীতি

বাংলাদেশে মুর্শিদকুলি খাঁ কর্তৃক প্রবর্তিত রাজস্ব-পদ্ধতি

আকবরের আমলে বিচার-পদ্ধতিরও যথেষ্ট সংস্কার সাধিত হইয়াছিল। বিচার বিভাগের সর্বোচ্চে ছিলেন বাদশাহ্ স্বয়ং। আকবর নিজেও প্রজাদের কোন কোন অভিযোগ শুনিতেন। জাহাঙ্গীর প্রজাদের অভিযোগ সরাসরিভাবে শুনিবার জন্য রাজপ্রাসাদ হইতে একটি শিকল প্রাসাদের বাহির পর্যন্ত টানাইয়া দিয়াছিলেন। ইহাতে ঘণ্টা বাঁধা থাকিত। বিচারপ্রার্থী সেই শিকল ধরিয়া টানিলেই তাহাকে বাদশাহের সম্মুখে উপস্থিত করিবার ব্যবস্থা ছিল। কাজী-উল্-কাজাত ছিলেন বাদশাহের পরেই বিচারকার্যের সর্বোচ্চ ভারপ্রাপ্ত কর্মচারী। প্রদেশের বিচারকার্য পরিচালনা করিতেন কাজী ও মীর আদল। জরিমানা, অঙ্গচ্ছেদ, প্রাণদণ্ড প্রভৃতি শাস্তি অপরাধিগণকে দেওয়া হইত। প্রাণদণ্ডাদেশ সম্রাট কর্তৃক অনুমোদিত হওয়ার প্রয়োজন ছিল।

বিচারব্যবস্থা

মোগল সাম্রাজ্য আকবরের আমলে মোট ১৫টি সুবায় বিভক্ত ছিল এবং ঔরংজেবের আমলে সাম্রাজ্যের পরিধি বৃদ্ধি পাইলে উহার সংখ্যা হইয়াছিল মোট ২১টি।* সুবাগুলি সরকারে, সরকার পরগণায় এবং পরগণা গ্রামে বিভক্ত ছিল। সুবার শাসনভার ছিল 'সাহেবসুবা' বা 'শিপাহ্শলারে'র উপর। 'নাজিম' বা 'সুবাদার' নামেও তিনি অভিহিত হইতেন। সুবাদার ভিন্ন প্রত্যেক সুবার রাজস্ব আদায় ও হিসাবপত্রের দায়িত্ব ছিল দেওয়ানের উপর। সুবাদার ও দেওয়ান উভয়ই বাদশাহ্ কর্তৃক নিযুক্ত হইতেন এবং উভয়েরই পদমর্যাদা ছিল সমান। ফলে একে অপরের উপর নজর রাখিতে পারিতেন। দেওয়ান প্রাদেশিক সরকারের ব্যয়-সঙ্কুলানের পর উদ্বৃত্ত অর্থ কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরণ করিতেন। প্রাদেশিক সরকারের অধীনেও বক্শী, কোতোয়াল, কাজী, ফৌজদার প্রভৃতি বিভিন্ন পর্যায়ের কর্মচারী থাকিতেন।

প্রাদেশিক সরকার

প্রাদেশিক কর্মচারিগণ

মোগল শাসনব্যবস্থা ছিল মূলত সামন্ততান্ত্রিক। ফলে কেন্দ্রীয় সরকারে যখনই দুর্বলতা দেখা দিত তখনই প্রাদেশিক শাসনকর্তাগণ স্বাধীন হইয়া উঠিতেন। ইহা ভিন্ন, সম্রাট—অর্থাৎ বাদশাহের ব্যক্তিত্বের উপর শাসনকার্যের দক্ষতা নির্ভরশীল ছিল বলিয়া দুর্বল বাদশাহের অধীনে দেশে বিদ্রোহ দেখা দিত। এই সকল কারণে আকবরের ন্যায় ক্ষমতাবান সম্রাটের যখন অভাব ঘটিল তখনই মোগল সাম্রাজ্যের পতন শুরু হইয়াছিল।

মোগল শাসনব্যবস্থার সহজাত ত্রুটি

---

* সম্রাট আকবরের আমলে পনরটি সুবা :

(১) কাবুল, (২) লাহোর, (৩) মুলতান, (৪) আগ্রা, (৫) দিল্লী, (৬) আজমীর, (৭) অযোধ্যা, (৮) এলাহাবাদ, (৯) মালব, (১০) আহ্মদাবাদ (গুজরাট), (১১) খান্দেশ, (১২) বেরার, (১৩) আহ্মদনগর, (১৪) বিহার ও (১৫) বাংলা। (*cf. Advanced History of India*, p. 263 fn.)

সম্রাট ঔরংজেবের আমলে একুশটি সুবা :

(১) কাবুল, (২) কাশ্মীর, (৩) সিন্ধু, (৪) মুলতান, (৫) দিল্লী, (৬) লাহোর, (৭) আগ্রা, (৮) অযোধ্যা, (৯) এলাহাবাদ, (১০) আজমীর, (১১) মালব, (১২) আহ্মদাবাদ, (১৩) খান্দেশ, (১৪) বেরার, (১৫) হায়দরাবাদ, (১৬) বিদর, (১৭) বিজাপুর, (১৮) ঔরঙ্গাবাদ, (১৯) বাংলা, (২০) বিহার ও (২১) উড়িষ্যা।

***সামাজিক জীবন* (Social Life) :** মোগল যুগের সামাজিক ও অর্থনৈতিক জীবন সম্পর্কে তথ্যাদি সেই যুগের ইতিহাস-গ্রন্থাদি ও বিদেশী পর্যটকদের বিবরণ হইতে জানিতে পারা যায়। মোগল যুগে ইওরোপীয় পর্যটকদের মধ্যে র‍্যাল্‌ফ ফিচ্, হকিন্স্, টমাস্ রো, টেরি, পেলসার্ট, তেভার্নিয়ে, বার্ণিয়ে, মানুচি প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য। র‍্যাল্‌ফ ফিচ্ সম্রাট আকবরের রাজসভায় আসিয়াছিলেন। ক্যাপ্টেন উইলিয়াম হকিন্স্ সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন। তাঁহার রচিত বিবরণ হইতে সে-যুগের অর্থনৈতিক অবস্থা, সামরিক প্রথা ও শাসনব্যবস্থা সম্পর্কে মূল্যবান তথ্য পাওয়া যায়। টমাস্ রো ইংলণ্ডের রাজা প্রথম জেমসের নিকট হইতে ইংরেজ বণিকদের জন্য বাণিজ্য-সুযোগ চাহিয়া এক আবেদনপত্রসহ জাহাঙ্গীরের দরবারে আসিয়াছিলেন। এডোয়ার্ড টেরি ছিলেন টমাস্ রো-র ধর্মযাজক। টেরির বিবরণ হইতে তৎকালীন ইতিহাসের নানা তথ্য পাওয়া গিয়াছে। ফ্রান্সেস্কো পেলসার্ট ছিলেন একজন ওলন্দাজ বণিক। তিনি আগ্রার ওলন্দাজ বাণিজ্যকুঠির ভারপ্রাপ্ত কর্মচারী ছিলেন। বার্ণিয়ে ও তেভার্নিয়ে নামে দুইজন ফরাসী পর্যটক শাহ্‌জাহান ও ঔরংজেবের শাসনকালে ভারতে আসিয়াছিলেন। এই সকল বিদেশী পর্যটকের বিবরণ হইতে মোগল যুগের সমাজ, অর্থনীতি, শাসনব্যবস্থা প্রভৃতি নানা বিষয়ের তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হইয়াছে। বার্ণিয়ের বর্ণনায় বাংলাদেশের ঐশ্বর্য ও প্রাচুর্যের কথা পাওয়া যায়। তেভার্নিয়ের বর্ণনা হইতে মোগল যুগের অর্থনৈতিক অবস্থা—ব্যবসায়-বাণিজ্য প্রভৃতি সম্পর্কে অনেক তথ্য জানিতে পারা যায়।

ইওরোপীয় পর্যটকগণ

মোগল যুগের সমাজ প্রধানত তিন শ্রেণীতে বিভক্ত ছিল। বাদশাহ্ ও অভিজাত-সম্প্রদায় ছিলেন প্রথম শ্রেণীভুক্ত। বাদশাহ্ ও অভিজাতসম্প্রদায়ের বিলাস-ব্যসন, ব্যভিচার, মদ্যপান প্রভৃতিই ছিল প্রধান বৈশিষ্ট্য। কোন কোন বাদশাহ্ অবশ্য এইসব উচ্ছৃঙ্খলতার ঊর্ধ্বে ছিলেন। বাদশাহ্ ও অভিজাতশ্রেণীর পোশাক-পরিচ্ছদ ছিল নানা ধরনের এবং বহু সংখ্যক। সম্রাট আকবরের জন্য বৎসরে এক হাজার পোশাক প্রস্তুত করা হইত। বণিকসম্প্রদায়ের মধ্যে কোন কোন অত্যধিক অর্থশালী ব্যক্তির জীবনে অভিজাতশ্রেণী-সুলভ বিলাস-ব্যসন, ব্যভিচার প্রভৃতি পরিলক্ষিত হইত। মধ্যবিত্ত সম্প্রদায় ছিল দ্বিতীয় শ্রেণীভুক্ত। ব্যবসায়-বাণিজ্য প্রভৃতি ছিল তাহাদের উপজীবিকা। তাহাদের জীবন ছিল অনাড়ম্বর ও নিষ্কলুষ। তাহাদের উপর সরকার হইতে অত্যধিক করভার চাপানো হইত। এইজন্য তাহাদের মধ্যে অনেকেই অতি সাদাসিধা ধরনের জীবন যাপন করিয়া দারিদ্র্যের ভান করিত। সমাজের অধস্তন শ্রেণী ছিল কৃষক, শ্রমিক এবং মুদি প্রভৃতি সাধারণ দোকানদার সম্প্রদায় লইয়া গঠিত। ইহাদের খাওয়াপরার কোন অভাব না থাকিলেও অর্থনৈতিক অবস্থা মোটেই ভাল ছিল না। দুর্ভিক্ষ, মহামারী প্রভৃতির কবলে এই তৃতীয় শ্রেণীর লোকরাই সর্বাধিক দুর্দশা ভোগ করিত। শ্রমিক, ভৃত্য, দোকানদার প্রভৃতির জীবন ক্রীতদাস অপেক্ষা কোন অংশে উন্নতর ছিল না। দেশে ভিখারীর সংখ্যাও ছিল অত্যধিক।

বাদশাহ্ ও অভিজাতসম্প্রদায়

মধ্যবিত্তশ্রেণী

সাধারণশ্রেণী

সম্রাট আকবরের পরধর্মসহিষ্ণুতার নীতির ফলে হিন্দু-মুসলমান সম্প্রদায়ের মধ্যে এক গভীর প্রীতি ও শ্রদ্ধার সৃষ্টি হইয়াছিল। এই প্রীতির নিদর্শন তৎকালীন সাহিত্যে প্রকাশলাভ করিয়াছিল। হিন্দুদের মধ্যে আর্‌বী ও ফার্‌সী ভাষা শিক্ষার রীতি সুলতানী আমল হইতেই প্রচলিত হইয়াছিল। উহা মোগল যুগেও অপরিবর্তিত ছিল। মুসলমান কবি আলাওল 'পদ্মাবতে'র বাংলা অনুবাদ করিয়াছিলেন। ধর্মানুষ্ঠানেও পরস্পর সৌহার্দ্য ও মিলনের পরিচয় পাওয়া যায়। মোগল সম্রাট আকবর তাঁহার হিন্দুপত্নীদিগকে হিন্দু দেবদেবীর অর্চনা করিতে দিতেন। হিন্দুগণ মুসলমানদের মহরম ও অপরাপর অনুষ্ঠানে যোগদান করিতেন। অনুরূপ, মুসলমানগণও হিন্দুদের অনুষ্ঠানাদিতে যোগদান করিতেন। হিন্দু দেবদেবীর প্রতিও কোন কোন মুসলমানধর্মাবলম্বী শ্রদ্ধা প্রদর্শন করিতেন। সেইরূপ হিন্দুগণও মুসলমান পীর-পয়গম্বরদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করিতেন।

পরধর্মসহিষ্ণুতা

হিন্দু-মুসলমান সম্প্রীতি

মোগল যুগে হিন্দু সমাজে বাল্যবিবাহ, কৌলিন্য ও সতীদাহ প্রথা প্রচলিত ছিল। সম্রাট আকবর বাল্যবিবাহ ও সতীদাহ-প্রথা উঠাইয়া দিবার চেষ্টা করিয়াছিলেন। হিন্দু ও মুসলমান উভয় সমাজেই নানা প্রকার কুসংস্কার বিদ্যমান ছিল। নানা প্রকার মন্ত্রতন্ত্র এবং রহস্যজনক ক্রিয়াকলাপে উভয় সম্প্রদায়ের লোকেই বিশ্বাস করিত।

কুসংস্কার

অর্থনৈতিক অবস্থা (Economic Condition): ভারতবর্ষ চিরকালই কৃষিপ্রধান দেশ। মোগল যুগে কৃষিই ছিল প্রধান উপজীবিকা। খাদ্যশস্য ভিন্ন কার্পাস, নীল, আখ, তুঁতে, তামাক প্রভৃতির চাষ হইত। বারিপাতের উপর অত্যধিক নির্ভরশীলতা হেতু অনাবৃষ্টি বা অতিবৃষ্টির ফলে সময় সময় দুর্ভিক্ষ দেখা দিত।

কৃষি

কৃষি ভিন্ন নানা প্রকার শিল্প হইতেও এক বিরাট সংখ্যক লোকের জীবিকা অর্জিত হইত। শিল্পজাত দ্রব্যাদির মধ্যে সূতী বস্ত্র, রেশমী বস্ত্র, মসলিন, শাল, গালিচা প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য। পোশাকী কাপড়, রঙিন কাপড় প্রভৃতিও প্রস্তুত হইত। এই সকল সামগ্রী কেবল ভারতের এক স্থান হইতে অপর স্থানে নহে পৃথিবীর বিভিন্ন অংশে প্রেরিত হইত। বিদেশী পর্যটকদের বর্ণনায় বাংলাদেশের সূতী বস্ত্র, ঢাকার মসলিন প্রভৃতির উচ্ছ্বসিত প্রশংসা রহিয়াছে। সরকার হইতে কতকগুলি কারখানা পরিচালনা করা হইত। এই সকল কারখানায় প্রধানত সম্রাট ও অভিজাতশ্রেণীর প্রয়োজনীয় সামগ্রী প্রস্তুত হইত। শ্রমশিল্পিগণ তাহাদের কার্যে খুবই নিপুণ ছিল। শিল্পনৈপুণ্য দেখাইবার জন্য তাহাদের মধ্যে রীতিমত প্রতিযোগিতা চলিত।

শিল্প

কৃষিজাত দ্রব্যাদি ও শিল্পজাত সামগ্রীর বিক্রয়মূল্য ছিল খুবই অল্প। আবুল ফজ্‌লের বর্ণনা হইতে জিনিসপত্র কিরূপ সস্তা ছিল সেই ধারণা পাওয়া যায়। একটি গরুর দাম তখন ছিল মাত্র দশ টাকা। চারিটি ছাগল তখন এক টাকায় পাওয়া যাইত। জিনিসপত্রের দাম এরূপ সস্তা ছিল

বাণিজ্য

বলিয়া বিদেশে ভারতীয় জিনিসপত্রের খুবই চাহিদা ছিল। ইংরেজ, ফরাসী, পোর্তুগীজ, দিনেমার প্রভৃতি বিভিন্ন ইওরোপীয় বণিকসম্প্রদায় ভারতীয় সামগ্রী নিজ নিজ দেশে চালান দিয়া প্রচুর মুনাফা পাইত। প্রধানত সূতী বস্ত্র, মসলিন, সোরা, নীল প্রভৃতিই তাহারা চালান দিত। সোনার মুদ্রা বা মোহর, রূপার টাকা, জিতল, জালালী প্রভৃতি বিভিন্ন পর্যায়ের ও বিভিন্ন মূল্যের মুদ্রা তখন চালু ছিল।

মুদ্রা



ঔরংজেবের মুদ্রা


মোগল যুগে একাধিকবার দুর্ভিক্ষ দেখা দিয়াছিল। আকবরের সিংহাসন আরোহণের কালে এবং শাহ্‌জাহানের রাজত্বকালের প্রথমভাগে দুর্ভিক্ষ দেখা দিয়াছিল। সরকার দুর্ভিক্ষের সময় খাজনা মাপ করিয়া দিতেন। কিন্তু তখনকার সরকারের দুর্ভিক্ষ প্রতিরোধের কোন নির্দিষ্ট নীতি ছিল না; সেইজন্য এবং যানবাহনের অভাব হেতু খাদ্যশস্য এক স্থান হইতে অন্যত্র চালান দিবার অসুবিধা হইত বলিয়া দুর্ভিক্ষের প্রকোপে বহু লোকের মৃত্যু ঘটিত।

দুর্ভিক্ষের প্রকোপ

মোগল যুগে জনসাধারণের সাধারণভাবে খাওয়াপরার অভাব ছিল না বটে, কিন্তু তাহাদের অবস্থা খুবই খারাপ ছিল। কিন্তু অপরদিকে বাদশাহ্‌, আমীর-ওমরাহ্‌দের ধনদৌলতের অভাব ছিল না। দেশের বিভিন্ন অংশে বহু শহর গড়িয়া উঠিয়াছিল। আগ্রা ও ফতেপুর শহর দুইটির সমৃদ্ধি ও জনবহুলতার কথা র‍্যাল্‌ফ ফিচের বিবরণে পাওয়া যায়। বুর্‌হান্‌পুর, বারাণসী, আহ্‌মদাবাদ, রাজমহল, বর্দ্ধমান, ঢাকা, হুগলী, পাটনা প্রভৃতি শহর সমৃদ্ধ ও জনবহুল ছিল বলিয়া মন্‌সেরেট নামে জনৈক ইওরোপীয় পর্যটক বর্ণনা করিয়াছেন।

অর্থ ও ধনদৌলতের বৈষম্য

স্থাপত্য ও শিল্পকলা (Architecture and Art): দিল্লীর সুলতানী আমলের শিল্পরীতিতে ভারতীয় ও ইস্‌লামীয় শিল্পের সমন্বয় ও সংমিশ্রণ শুরু




আগ্রার দুর্গ

হইয়াছিল। উহাই মোগল যুগের শিল্প ও স্থাপত্যে চরম অভিব্যক্তি লাভ করিয়াছিল। বাবর হইতে আরম্ভ করিয়া মোগল বাদশাহ্দের সকলেই শিল্পকলার পৃষ্ঠপোষকতা করিয়াছিলেন; একমাত্র ঔরংজেবই ছিলেন এ-বিষয়ের ব্যতিক্রম।

স্থাপত্য শিল্প

বাবর তাঁহার স্বল্পকাল রাজত্বের কর্মব্যস্ততার মধ্যেও বহু সৌধ ও মসজিদ নির্মাণ করাইয়াছিলেন। সেগুলির মধ্যে মাত্র কয়েকটি ভিন্ন সবই




বুলন্দ্ দরওয়াজা




ইতিমাদ্-উদ্-দৌলার সমাধি-সৌধ

বিনাশপ্রাপ্ত হইয়া গিয়াছে। হুমায়ুনের আমলেও কয়েকটি মসজিদ, সৌধ প্রভৃতি নির্মিত হইয়াছিল। আগ্রা ও হিসারের সৌধগুলির মধ্যে দুইটি এখনও টিকিয়া আছে। স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষকতার ইতিহাসে মোগল যুগের অন্তর্বর্তী শের শাহের রাজত্বকালও উল্লেখযোগ্য। সাসারামে তাঁহার নিজের সমাধি-সৌধটির পরিকল্পনা শের শাহ্ তাঁহার জীবদ্দশাতেই করিয়া গিয়াছিলেন। দিল্লীর পুরাতন কেল্লাও তাঁহারই



দেওয়ান-ই-খাস্




জুম্মা মসজিদ

স্থাপত্য অনুরাগের নিদর্শন। শের শাহের স্থাপত্য শিল্প-নিদর্শনগুলির মধ্যে হিন্দু-মুসলিম স্থাপত্য রীতির সংমিশ্রণ বিশেষভাবে লক্ষণীয়।

মোগল বাদশাহ্‌দের শিল্পানুরাগ

মোগল বাদশাহ্‌ আকবরের রাজত্বকালে ভারতের জাতীয় জীবনের প্রতি ক্ষেত্রে এক অভূতপূর্ব উন্নতি সাধিত হইয়াছিল। তাঁহার পৃষ্ঠপোষকতায় প্রাসাদ, সমাধি-সৌধ ও স্মৃতি-সৌধ এবং বহু সংখ্যক দুর্গ নির্মিত হইয়াছিল। ইহা ভিন্ন মিনার, প্রমোদোদ্যান প্রভৃতিও তাঁহার পৃষ্ঠপোষকতায় নির্মিত হইয়াছিল। স্থাপত্য শিল্প সম্পর্কে আকবরের গভীর জ্ঞান ছিল।



লালকেল্লা

আকবর

জাহাঙ্গীর

তাঁহার আমলে নির্মিত বহু স্থাপত্য নিদর্শনের প্রায় সব কয়টিরই পরিকল্পনা আকবর স্বয়ং প্রস্তুত করিয়াছিলেন। তাঁহার গভীর শিল্পানুরাগ ও শিল্পজ্ঞান ফতেপুর সিক্রির নির্মাণকৌশল ও সৌন্দর্যে পরিস্ফুট হইয়া উঠিয়াছিল। ফতেপুর সিক্রির 'বুলন্দ দরওয়াজা', সলিম চিস্‌তির 'সমাধি-সৌধ', 'পাঁচ মহল' প্রভৃতি স্থাপত্য শিল্পের উৎকর্ষের পরিচায়ক। আকবরের পুত্র সম্রাট জাহাঙ্গীরেরও শিল্পানুরাগ নেহাত কম ছিল না। সেকেন্দ্রায় আকবরের সমাধি-সৌধ, আগ্রার ইতিমাদ্‌-উদ্‌-দৌলার সমাধি-সৌধ জাহাঙ্গীরের আমলে স্থাপত্য শিল্পের উৎকর্ষের পরিচয় বহন করিতেছে। মোগল বাদশাহ্‌দের মধ্যে শাহ্‌জাহানের শিল্পানুরাগ ছিল সর্বাধিক গভীর। তাঁহার আমলের শিল্প-নিদর্শনগুলির মধ্যে 'দেওয়ান-ই-আম্‌', 'দেওয়ান-ই-খাস্‌', 'মোতি মসজিদ', 'জুম্মা মসজিদ' উল্লেখযোগ্য। কিন্তু তাঁহার পত্নীপ্রেমের সাক্ষ্যস্বরূপ মমতাজের দেহাবশেষের উপর নির্মিত 'তাজমহল' পৃথিবীর শ্রেষ্ঠ শিল্পকীর্তির অন্যতম হিসাবে আজিও টিকিয়া আছে। পৃথিবীর সপ্তমাশ্চর্যের মধ্যে তাজমহল অন্যতম। বহু দেশী ও বিদেশী স্থপতি তাজমহলের পরিকল্পনা প্রস্তুত ও পরিকল্পনা অনুযায়ী উহার

শাহ্‌জাহান


নির্মাণকার্য সম্পন্ন করিয়াছিলেন। পারস্যের সিরাজ নামক শহরের শ্রেষ্ঠ স্থপতি মির্জা ঈশা, বাঙালী শিল্পী বলদেব দাস উহার নির্মাণকার্যে অংশগ্রহণ করিয়াছিলেন। শাহ্‌জাহানের আদেশে নির্মিত ময়ূর সিংহাসনটিও ছিল একটি অপূর্ব শিল্পকীর্তি। নাদির শাহ্ যখন দিল্লী লুণ্ঠন করেন, তখন তিনি এই বহুমূল্য শিল্পকীর্তিটি লইয়া গিয়াছিলেন। শাহ্‌জাহানের পরবর্তীকালে ঔরংজেবের উৎকট ধর্মান্ধতার ফলে শিল্পানুশীলন একেবারে নিষিদ্ধ হইয়া গিয়াছিল। ইহার অবশ্যম্ভাবী ফল হিসাবে মোগল স্থাপত্য তথা শিল্পকলার অবনতি দেখা দিয়াছিল।

ঔরংজেব

মোগল যুগে চিত্রশিল্পেরও যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। গ্রীক, ইরাণী ও চীনদেশীয় চিত্র-শিল্পরীতির সংমিশ্রণে মোগল যুগে এক অভূতপূর্ব চিত্র-শিল্পরীতি গড়িয়া উঠিয়াছিল। আকবরের দরবারে বহু চিত্রশিল্পী ছিলেন। ইহাদের অধিকাংশই ছিলেন হিন্দু। আকবরের রাজত্বকালে চিত্রশিল্পের যে উৎকর্ষের সূত্রপাত হইয়াছিল, জাহাঙ্গীরের আমলে উহার চরম অভিব্যক্তি ঘটিয়াছিল। কিন্তু শাহ্‌জাহানের আমল হইতেই চিত্রশিল্পের প্রতি আর সেরূপ অনুরাগ ছিল না বলা যাইতে পারে এবং ঔরংজেবের আমলে উহা সম্পূর্ণভাবে নিষিদ্ধ হইয়া পড়ে। এমনকি সেকেন্দ্রায় আকবরের সমাধি-সৌধের দেওয়াল-গাত্রে যে-সকল চিত্র অঙ্কিত ছিল সেগুলিও ঔরংজেবের আদেশে চুনকাম করিয়া ঢাকিয়া দেওয়া হইয়াছিল বলিয়া মানুচির বিবরণে পাওয়া যায়।

চিত্রশিল্প

মোগল আমলে রাজপুতদের মধ্যে সম্পূর্ণ আলাদা ধরনের এক চিত্রশিল্প গড়িয়া উঠে। এগুলি 'রাজপুত চিত্র' হিসাবে পরিচিত। উচ্চাঙ্গ সঙ্গীতের বিভিন্ন সুর ও সামাজিক জীবনের নানা বিষয়ের উপর নানা প্রকার রাজপুত চিত্র অঙ্কিত হইয়াছিল। রাজপুতানা,



পাহাড়ী চিত্র (কাংড়া)

পাঞ্জাব ও উহার পার্শ্ববর্তী অঞ্চলে রাজপুত চিত্রাঙ্কনরীতি ছড়াইয়া পড়িয়াছিল। সে-যুগে পাঞ্জাবের পার্শ্ববর্তী পাহাড়ী অঞ্চল এবং হিমালয়ের পার্বত্য অঞ্চলে বিশেষভাবে কাংড়ায় পাহাড়ী চিত্রকলার উৎকর্ষ পরিলক্ষিত হয়। এই অঞ্চলের চিত্রকলার বিষয়বস্তু রাধাকৃষ্ণের জীবন, রামায়ণের কাহিনী, পুরাণের কাহিনী, সমাজ-জীবন প্রভৃতি হইতে গ্রহণ করা হইয়াছিল।

পাহাড়ী শিল্পরীতি : কাংড়ার শিল্পোৎকর্ষ

সঙ্গীতশিল্পেও মোগল যুগে যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। তানসেন ছিলেন আকবরের অন্যতম সভাসদ্। তাঁহার দরবারে দেশী ও বিদেশী বহু সঙ্গীতজ্ঞ উপস্থিত থাকিতেন। আকবরের পিতা হুমায়ুনের সঙ্গীতানুরাগ ছিল খুবই গভীর। কিন্তু আকবরের মধ্যে উহা অধিকতর প্রকাশ পাইয়াছিল। বাদ্যযন্ত্রাদির মধ্যে শিঙ্গা, বাঁশী, ঢাক প্রভৃতি সে-যুগে ব্যবহৃত হইত। জাহাঙ্গীর ও

সঙ্গীতশিল্প



মোগল চিত্র

শাহ্জাহান সঙ্গীতের পৃষ্ঠপোষক ছিলেন। মোগল যুগে উচ্চাঙ্গ সঙ্গীতের যথেষ্ট উন্নতি ঘটিয়াছিল। ঔরংজেব অবশ্য তাঁহার ধর্মান্ধতাবশত রাজসভা হইতে সঙ্গীতজ্ঞ, কবি প্রভৃতি সকলকেই বিতাড়িত করিয়াছিলেন। কিন্তু মোগল যুগের সঙ্গীতশিল্প জনসাধারণের মধ্যেও ছড়াইয়া পড়িয়াছিল বলিয়া সেগুলি এযাবৎ আংশিকভাবে টিকিয়া আছে।

সাহিত্যের ক্ষেত্রেও মোগল যুগের উৎকর্ষ নেহাত কম ছিল না। ইতিহাস-সাহিত্য, অনুবাদ-সাহিত্য, কাব্য—এই তিন প্রকার সাহিত্য সৃষ্টিই মোগল যুগে



পাহাড়ী চিত্র (রাজপুত)

সার্থক হইয়া উঠিয়াছিল। বাবরের জীবনস্মৃতি হইতে আরম্ভ করিয়া আবুল ফজ্‌ল, ফৈজী, বদাউনী, আব্দুল হামিদ লাহোরী, কাঁফি খাঁ প্রভৃতি সকলে সে-যুগের সাহিত্য-ভাণ্ডারকে সমৃদ্ধ করিয়া তুলিয়াছিলেন। আবুল ফজ্‌লের 'আকবরনামা' ও 'আইন-ই-আকবরী', বদাউনীর 'মন্তাখাব-উল্-তোয়ারিখ', ফৈজীর 'লীলাবতী' প্রভৃতি আকবরের আমলের অপূর্ব সাহিত্য-সৃষ্টি। ঘিজ্‌লী ছিলেন আকবরের সভার শ্রেষ্ঠ কবি। জাহাঙ্গীরের আত্মকাহিনী, তাঁহার আমলে আব্দুল হামিদ লাহোরীর 'পাদ্‌শাহ্‌নামা', শাহ্‌জাহানের পুত্র দারাশিকো কর্তৃক উপনিষদ্ ও অথর্ব বেদের পারসিক অনুবাদ মোগল যুগের সাহিত্য-ভাণ্ডারকে সমৃদ্ধ করিয়াছিল। পারসিক ভাষা ভিন্ন সংস্কৃত ভাষায় বহু গ্রন্থ রচিত ও অনূদিত হইয়াছিল। হিন্দী সাহিত্যের ক্ষেত্রেও অনুরূপ উৎকর্ষের পরিচয় পাওয়া যায়। বীরবল (মহেশ দাস), ভগবান দাস, মানসিংহ, তোডরমল প্রভৃতি হিন্দী কবিতা রচনা করিয়া হিন্দী ভাষা ও সাহিত্যের উন্নতিসাধন করিয়াছিলেন। রাজা বীরবল হাস্যরসাত্মক কবিতা রচনা করিয়া আকবরের নিকট হইতে 'কবি রায়' উপাধি লাভ করিয়াছিলেন। আব্দুল রহিম খাঁন হিন্দী ভাষায় বহু দোঁহা রচনা করিয়াছিলেন। সুরদাস, তুলসীদাস প্রভৃতি কবিও সে-যুগেই আবির্ভূত হইয়াছিলেন। চৈতন্যচরিতামৃত, মঙ্গলকাব্যগ্রন্থ, কাশীদাসের মহাভারত, মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডীকাব্য সে-যুগের বাংলা ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করিয়াছিল। ইহা ভিন্ন, মারাঠী সাহিত্যেরও যথেষ্ট উন্নতি সে-যুগে ঘটিয়াছিল।

সাহিত্য

বাংলা সাহিত্য

মোগল যুগে বর্তমান কালের ন্যায় কোন অধ্যয়ন-অধ্যাপনার ব্যবস্থা ছিল না বটে, কিন্তু সে-যুগের তুলনায় শিক্ষার ব্যবস্থা খুব খারাপ ছিল বলা যায় না। মুসলমানদের বিদ্যাশিক্ষার জন্য মক্তব ও মাদ্রাসা ছিল। হিন্দু ছাত্রগণ টোলে বিদ্যার্জন করিত। মোগল যুগে হিন্দুগণও ফার্সী ভাষা শিক্ষা করিয়া সরকারী চাকরি গ্রহণ করিতেন। অনুরূপ, মুসলমানগণও সংস্কৃত ভাষা শিক্ষা করিতেন। জাহাঙ্গীরের আমলে হিন্দুগণও মাদ্রাসায় শিক্ষা গ্রহণ করিতে পারিতেন।

শিক্ষাব্যবস্থা

এইভাবে স্থাপত্য, চিত্রশিল্প, শিক্ষা, সাহিত্য সকল দিক দিয়া মোগল যুগে এক অভূতপূর্ব সাংস্কৃতিক উৎকর্ষ সাধিত হইয়াছিল।

পঞ্চবিংশ অধ্যায়

ইওরোপীয় বণিকদের আগমন : ঔরংজেবের পরবর্তী-কালে বাংলাদেশ : বাংলাদেশে ব্রিটিশ প্রাধান্য : ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব

(Advent of the European Traders : Bengal after Aurangzeb : British Supremacy in Bengal : Anglo-French Rivalry)

***সমুদ্রপথ আবিষ্কার : পোর্তুগীজগণ* (Discovery of Sea Routes : the Portuguese) :** অতি প্রাচীনকাল হইতেই পাশ্চাত্য

দেশের সহিত ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ বিদ্যমান ছিল। গ্রীস, রোম প্রভৃতি পাশ্চাত্ত্য দেশের সহিত ভারতের দূত বিনিময়ও ঘটিয়াছিল। সেই সময়ে পাশ্চাত্ত্য দেশের বণিক ও পর্যটকগণ আরব দেশের মধ্য দিয়া এবং লোহিত সাগর ও আরব সাগর হইয়া এদেশে আসিত। মধ্যযুগে আরবগণ অত্যধিক শক্তিশালী হইয়া উঠিলে পাশ্চাত্ত্যের বণিকগণ এই পথে আর আসিতে পারিত না। লোহিত সাগর ও আরব সাগর সম্পূর্ণভাবে তখন আরবদের প্রাধান্যাধীন হইয়া পড়িয়াছে। স্বভাবতই আরব বণিকগণ ভারত—বিশেষত দক্ষিণ-ভারত ও পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জ—অর্থাৎ দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চল হইতে বাণিজ্যসম্ভার লইয়া গিয়া ইওরোপীয় বণিকদের নিকট বিক্রয় করিত। ইতালীয়—বিশেষভাবে ভেনিস, ফ্লোরেন্স, মিলান, ন্যাপ্‌ল্‌স প্রভৃতি স্থানের বণিকগণ আরবদের নিকট হইতে মসলা ও অন্যান্য প্রাচ্য দেশীয় বাণিজ্যসম্ভার ক্রয় করিয়া ইওরোপের বিভিন্ন দেশে খুব বেশী দামে বিক্রয় করিত। আরবদের হাতে প্রাচ্য দেশের বাণিজ্য চলিয়া যাইবার পূর্বে ইওরোপীয় বণিকগণ জলপথ ও স্থলপথ উভয় প্রকার পথ অতিক্রম করিয়া ভারতে আসিত। তখন হইতেই সরাসরিভাবে জলপথে ভারতে পৌঁছিবার এক তীব্র আকাঙ্ক্ষা ইওরোপীয় দেশগুলির মধ্যে পরিলক্ষিত হয়। ১৪৮৭ খ্রীষ্টাব্দে আফ্রিকার দক্ষিণ উপকূল প্রদক্ষিণ করিয়া বার্থলোম্যু দিয়াজ নামে জনৈক পোর্তুগীজ বণিক স্বদেশে ফিরিয়া গেলেন। তারপর ১৪৯৮ খ্রীষ্টাব্দের মে মাসের ১৪ তারিখে ঐ পথ ধরিয়া ভাস্কো-ডা-গামা নামে অপর একজন পোর্তুগীজ বণিক দক্ষিণ-ভারতের কালিকট বন্দরে পৌঁছিলেন। ইহার পর পোর্তুগীজ বণিকগণ ভারতে বাণিজ্য করিবার উদ্দেশ্যে কালিকটে আসিয়া উপস্থিত হইল। কালিকট অঞ্চলের রাজাকে জামোরিণ বলা হইত। পোর্তুগীজ বণিকগণ অল্পকালের মধ্যেই জামোরিণ এবং কোচিনের রাজার পারস্পরিক দ্বন্দ্বে কোচিনরাজের পক্ষ অবলম্বন করিল। ইহা ভিন্ন, পণ্যবাহী জাহাজ লুণ্ঠন প্রভৃতিতেও তাহারা পশ্চাৎপদ রহিল না। ১৫০২ খ্রীষ্টাব্দে ভাস্কো-ডা-গামা দ্বিতীয়বার দক্ষিণ-ভারতে আসিয়া কোচিন ও ক্যানানোর—এই দুই স্থানে বাণিজ্যকুঠি স্থাপন করেন। ইহার পর আল্‌-ফোন্‌সো আল্‌বুকার্ক পোর্তুগীজ বাণিজ্যকুঠিগুলির গবর্নর হইয়া আসিলে পোর্তুগীজগণ ভারতে অধিকার



ভাস্কো-ডা-গামা

প্রাচীনকালে ভারতের সহিত পাশ্চাত্ত্য দেশের বাণিজ্য-সম্বন্ধ

ইওরোপীয়দের মধ্যে জলপথে ভারতে পৌঁছিবার আকাঙ্ক্ষা

জলপথ আবিষ্কার: বার্থলোম্যু দিয়াজ ভাস্কো-ডা-গামা

দক্ষিণ-ভারতে বাণিজ্যকুঠি স্থাপন



জলপথে বিভিন্ন দেশ আবিষ্কার

বিস্তারে মনোনিবেশ করিল। ক্রমে তাহারা গোয়া, দমন, দিউ, সল্‌সেট্, ব্যাসিন, বোম্বাই, চৌহ্‌ল, সান্ টোম্ ও বাংলাদেশের হুগলীতে বাণিজ্যকুঠি স্থাপন করিতে সমর্থ হইল। পরবর্তীকালে তাহাদের ঔদ্ধত্য ও অত্যাচারের উপযুক্ত শাস্তি হিসাবে হুগলী হইতে তাহাদিগকে সম্রাট শাহ্‌জাহানের আদেশে বিতাড়িত করা হইয়াছিল। পরে সেখানে ফিরিয়া আসিবার অনুমতি তাহারা পাইয়াছিল বটে, কিন্তু তখন হুগলীতে পোর্তুগীজদের বাণিজ্যের সুযোগ লোপ পাইয়াছিল। পোর্তুগীজ শাসকমণ্ডলীর অদূরদর্শিতা ও বলপূর্বক খ্রীষ্টধর্মে ধর্মান্তরিত করিবার চেষ্টা এবং বাণিজ্যের নামে ক্রীতদাস বিক্রয় প্রভৃতি নানা প্রকার দুর্নীতিমূলক কার্যের ফলে ভারতে পোর্তুগীজ প্রাধান্য বিস্তারের কোন সুযোগ ঘটে নাই। তাহারা সামান্য কয়েকটি স্থানে বাণিজ্য চালাইতে থাকে। সুখের বিষয় জাতীয় সরকার গোয়া, দমন, দিউ প্রভৃতি কয়েকটি পোর্তুগীজ-অধিকৃত অঞ্চলকে পরাধীনতার শৃঙ্খল মুক্ত করিয়া স্বাধীন ভারতের সহিত সংযুক্ত করিয়াছেন।

পোর্তুগীজদের অদূরদর্শিতা

ওলন্দাজগণ (The Dutch) : পোর্তুগীজদের দৃষ্টান্ত অনুসরণ করিয়া হল্যাণ্ডের—অর্থাৎ ওলন্দাজ বণিকগণ ভারতে আসিয়া উপস্থিত হইল। তাহারা প্রথমেই পোর্তুগীজদের সহিত বাণিজ্যিক প্রতিযোগিতা এবং শেষ পর্যন্ত যুদ্ধ শুরু করিল। গুজরাট, করমণ্ডল উপকূল, বাংলা, বিহার ও উড়িষ্যা অঞ্চলে বাণিজ্যকুঠি তাহারা স্থাপন করিতে সমর্থ হইলেও শেষ পর্যন্ত যবদ্বীপ, সুমাত্রা প্রভৃতি অঞ্চলেই নিজেদের বাণিজ্যিক ও ঔপনিবেশিক কেন্দ্র গড়িয়া তোলে। ভারতবর্ষে অন্যান্য ইওরোপীয় বণিকসম্প্রদায়ের সহিত প্রতিযোগিতায় তাহারা টিকিতে পারে নাই।

অসাফল্য

ফরাসী বণিকগণ (The French Traders) : ষোড়শ শতাব্দীর দ্বিতীয় দশকে ফরাসী বণিকগণ ভারতে আসিয়া উপস্থিত হইয়াছিল। কিন্তু তাহাদের প্রাথমিক চেষ্টা কিছুকাল পরেই স্থগিত থাকে। তারপর ষোড়শ শতাব্দীর মধ্যভাগে ফরাসীরাজ চতুর্দশ লুই-এর অর্থ মন্ত্রী কল্‌বেয়ার (Colbert) ফরাসী ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানি নামে একটি বাণিজ্য-প্রতিষ্ঠান গঠন করিয়া ভারতের সহিত বাণিজ্য শুরু করিবার ব্যবস্থা করেন। সুরাটে সর্বপ্রথম ফরাসী বাণিজ্যকুঠি স্থাপিত হয়। ক্রমে মসুলিপত্তম্, পণ্ডিচেরী, চন্দননগর, কারিকল, মাহে প্রভৃতি অঞ্চলে ফরাসী বাণিজ্যকুঠি গড়িয়া উঠে। অষ্টাদশ শতাব্দীর প্রায় মধ্যভাগে ভারতে ইংরেজ ও ফরাসী বণিকদের মধ্যে এক তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক যুদ্ধের সৃষ্টি হয়।

ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব

ইংরেজ বণিকগণ (The English Traders) : ইংরেজ বণিক-সম্প্রদায়ও ভারতে কুঠি স্থাপনে পশ্চাৎপদ ছিল না। পোর্তুগীজ বণিকদের সাফল্যে অনুপ্রাণিত হইয়া ১৬০০ খ্রীষ্টাব্দে মহারাণী (প্রথম) এলিজাবেথের সনন্দ লাভ করিয়া ইংরেজ ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানি নামে একটি বাণিজ্য-প্রতিষ্ঠান স্থাপিত হয়। ১৬০৮ খ্রীষ্টাব্দে ক্যাপ্টেন হকিন্স্‌ ইংলণ্ডের রাজা প্রথম জেমসের সুপারিশপত্র লইয়া মোগল সম্রাট জাহাঙ্গীরের দরবারে

ইংরেজ ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানি

ইংরেজদের স্বার্থে বাণিজ্য-সুযোগ প্রার্থনা করিবার জন্য উপস্থিত হইলেন। কিন্তু সেই দৌত্য সাফল্যলাভ করিল না। ১৬১৫ খ্রীষ্টাব্দে সার্ টমাস্ রো প্রথম জেমসের সুপারিশপত্রসহ আসিলে পর ইংরেজ বণিকসম্প্রদায় কতক কতক বাণিজ্য-সুযোগ লাভে সমর্থ হইল। সুরাট, আগ্রা, ফোর্ট সেন্ট্ জর্জ্ (মাদ্রাজ), হরিহরপুর, হুগলী, পাটনা, কাশিমবাজার প্রভৃতি স্থানে একে একে বহু বাণিজ্যকুঠি স্থাপিত হইল। ইংলণ্ডের রাজা দ্বিতীয় চার্লস্ বিবাহসূত্রে পোর্তুগাল হইতে বোম্বাই শহরটি লাভ করিয়াছিলেন। পরে তিনি ইহা ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির নিকট বিক্রয় করিয়া দেন। ফলে বোম্বাই শহরেও ইংরেজ বণিকদের কার্যকলাপ প্রসারিত হয়। এইভাবে ভারতের বিভিন্ন অংশে অনেক ইংরেজ বাণিজ্যকুঠি স্থাপিত হয়। প্রথমে ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির বলপ্রয়োগ দ্বারা ভারতে সাম্রাজ্য গঠনের চেষ্টা ব্যর্থ হয়। সেই চেষ্টা সম্রাট ঔরংজেবের রাজত্বকালে করা হইয়াছিল। এই সূত্রে ঔরংজেবের সহিত ইংরেজ বণিকদের সংঘর্ষ উপস্থিত হয়। পরে ইংরেজগণ ঔরংজেবের নিকট ক্ষমা প্রার্থনা করিলে তাহারা পুনরায় বাণিজ্য করিবার সুযোগ লাভ করে। বাংলাদেশের ইংরেজ বণিকগণের সহিতও মোগলদের সংঘর্ষ উপস্থিত হইয়াছিল। বাংলাদেশে ইংরেজ বণিকগণ বাণিজ্য-শুল্ক ও জিজিয়া কর দিয়া বাণিজ্য করিবার অধিকার পাইয়াছিল। কিন্তু স্থানীয় মোগল কর্মচারিগণ বণিকদের নিকট হইতে আরও নানা প্রকার কর ও শুল্ক আদায় করিত। ইংরেজগণ বলপূর্বক এই সকল অবৈধ কর আদায় রোধ করিতে শুরু করিলে বাংলাদেশেও ইংরেজ বণিকগণ ও মোগলদের মধ্যে সংঘর্ষ উপস্থিত হইল। ফলে ১৬৮৬ খ্রীষ্টাব্দে বাংলাদেশ হইতে ইংরেজগণ চলিয়া যাইতে বাধ্য হইল। কিন্তু জব্ চার্ণক নামে জনৈক ইংরেজ বণিক মোগল সম্রাটের বিশেষ অনুমতি লইয়া বাংলাদেশে ফিরিয়া আসিলেন। তিনি সুতানুটি গ্রামে (বর্তমান শোভাবাজার এলাকায়) আসিয়া তাঁহার জাহাজ ভিড়াইলেন। কিন্তু ইহার অল্পকালের মধ্যেই চট্টগ্রাম ইংরেজগণ কর্তৃক আক্রান্ত হইলে ঔরংজেবের সহিত তাহাদের যুদ্ধের সৃষ্টি হয়। সেই সময়ে জব্ চার্ণক বাধ্য হইয়া বাংলাদেশ ত্যাগ করিয়া গেলেন। কিন্তু ১৬৯০ খ্রীষ্টাব্দে ইংরেজদের সহিত ঔরংজেবের বিবাদ মিটিয়া গেলে তিনি পুনরায় বাংলাদেশে ফিরিয়া আসিলেন। ঐ বৎসরই তিনি কলিকাতা মহানগরীর পত্তন করেন (১৬৯০ খ্রীঃ)। পরে ইংরেজগণ সুতানুটি, গোবিন্দপুর ও কালীঘাট এই তিনটি গ্রামের জমিদারি গ্রহণ করিল। ক্রমে তাহারা এই স্থানে ফোর্ট উইলিয়াম নামক দুর্গটি স্থাপন করে এবং ব্যবসায়-বাণিজ্য চালাইতে থাকে।

ইংরেজগণ কর্তৃক বাণিজ্য-সুযোগ লাভ ও কুঠি স্থাপন

ইঙ্গ-মোগল সংঘর্ষ

জব্ চার্ণক

কলিকাতা মহানগরীর পত্তন (১৬৯০ খ্রীঃ)

পোর্তুগীজ, ওলন্দাজ, ফরাসী, ইংরেজ প্রভৃতি বণিক ভিন্ন দিনেমার, অষ্ট্রিয়ান (অষ্ট্রিয়ার), সুইডিস্ (অর্থাৎ সুইডেন দেশের) বণিকগণও এদেশে বাণিজ্য করিতে আসিয়াছিল। কিন্তু তাহারা এদেশে বাণিজ্যে সাফল্যলাভ করিতে না পারিয়া শেষ পর্যন্ত এদেশ ত্যাগ করিয়া গেল।

অপরাপর ইওরোপীয় বণিকসম্প্রদায়

ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব (Anglo-French Rivalry) : অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে দক্ষিণ-ভারতে ইংরেজ ও ফরাসী বণিকদের মধ্যে প্রকাশ্য যুদ্ধ শুরু হয়। এই যুদ্ধ কর্ণাটের প্রথম যুদ্ধ নামে পরিচিত। ইওরোপীয়গণ করমণ্ডল উপকূলের নামকরণ করিয়াছিল কর্ণাট। ১৭৪০ খ্রীষ্টাব্দে অষ্ট্রিয়ার সিংহাসনের উত্তরাধিকারসংক্রান্ত যুদ্ধের সূত্রে ইংলণ্ড ও ফ্রান্স পরস্পর-বিরোধী হিসাবে এই যুদ্ধে যোগদান করে। ইওরোপের এই যুদ্ধের জের টানিয়া ভারতেও ইংরেজ ও ফরাসী বণিকদের মধ্যে যুদ্ধের সৃষ্টি হয়। দাক্ষিণাত্যে সেই সময়ে ফোর্ট সেন্ট্ জর্জ (বর্তমান মাদ্রাজ) ছিল ইংরেজ বণিকদের প্রধান এবং সামরিকভাবে সুরক্ষিত বাণিজ্য-কেন্দ্র। আর ফরাসীদের ছিল পণ্ডিচেরী।

দক্ষিণ-ভারতীয় রাজনীতিতে ইংরেজ ও ফরাসী বণিকদের অংশগ্রহণ

ইওরোপে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের প্রশ্ন ছাড়া সেই সময়কার দাক্ষিণাত্যের স্থানীয় রাজগণের দুর্বলতাও ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের কারণ হইয়া দাঁড়াইয়াছিল। দাক্ষিণাত্যের স্থানীয় রাজগণের পারস্পরিক বিবাদে স্বভাবতই তাঁহারা ইংরেজ ও ফরাসীদের সামরিক সাহায্য গ্রহণে উদ্গ্রীব ছিলেন। সেই সুযোগ গ্রহণ করিয়া ইংরেজ ও ফরাসী বণিকগণ বিবদমান দক্ষিণ-ভারতীয় রাজগণকে সাহায্য-সহায়তা দান করিতে লাগিল। এইভাবে ক্রমে তথাকার রাজনীতি সম্পূর্ণভাবে ইঙ্গ-ফরাসী বণিকদের প্রভাবাধীন হইয়া পড়িল।


কর্ণাটের প্রথম যুদ্ধ, ১৭৪৬-৪৮ খ্রীঃ (First Carnatic War) : ১৭৪৩ খ্রীষ্টাব্দে কর্ণাটের নবাব দোস্ত আলি মারাঠাদের হস্তে নিহত হন। তিনি ছিলেন হায়দরাবাদের নিজামের অধীন। কিন্তু কার্যত তিনি স্বাধীনভাবেই রাজত্ব করিতেন। যাহা হউক, দোস্ত আলির মৃত্যুর পর হায়দরাবাদের নিজাম আনোয়ার-উদ্দিনকে কর্ণাটের নবাব-পদে নিযুক্ত করিলেন। ইহাতে দোস্ত আলির অনুগত সকলেই অসন্তুষ্ট হইল। দোস্ত আলির জামাতা চাঁদা সাহেব কর্ণাটের নবাব-পদ পাইবার জন্য উৎসুক ছিলেন। কর্ণাটের উত্তরাধিকার লইয়া যখন জটিলতার সৃষ্টি হইয়াছে সেই সময়ে ইওরোপে অষ্ট্রিয়া নামক দেশের সিংহাসনের উত্তরাধিকার লইয়া এক ইওরোপীয় যুদ্ধের সূত্রপাত হয়। এই যুদ্ধের সূত্রে দাক্ষিণাত্যে ইংরেজ ও ফরাসীদের মধ্যে সংঘর্ষ উপস্থিত হইল। কমোডোর বার্ণেটের অধীনে একটি ব্রিটিশ নৌ-বহর দাক্ষিণাত্যে উপস্থিত হইয়া কয়েকখানি ফরাসী জাহাজ আটক করিয়া লইলে ফরাসী গবর্নর ডুপ্লে মরিশাসের গবর্নর লা বুর্দনের সাহায্য প্রার্থনা করিলেন। লা বুর্দনে এক নৌ-বহর লইয়া আসিয়া অনায়াসেই মাদ্রাজ অধিকার করিলেন। ইংরেজগণ লা বুর্দনেকে নিরস্ত করিবার উদ্দেশ্যে কর্ণাটের নবাব আনোয়ার-উদ্দিনের নিকট আবেদন জানাইলে তিনি ফরাসী গবর্নর ডুপ্লেকে মাদ্রাজ হইতে সৈন্য অপসারণের আদেশ দিলেন। ডুপ্লে ছিলেন কূটকৌশলী। তিনি আনোয়ার-উদ্দিনকে এই বলিয়া আশ্বাস দিলেন যে, তাঁহাকে দান করিবার উদ্দেশ্যেই ফরাসীগণ মাদ্রাজ জয় করিতে অগ্রসর হইয়াছে। কিন্তু শেষ পর্যন্ত যখন ডুপ্লে তাঁহার প্রতিশ্রুতি রক্ষা করিলেন না, তখন আনোয়ার-উদ্দিন স্বয়ং মাদ্রাজ দখল করিবার উদ্দেশ্যে সসৈন্যে অগ্রসর হইলেন। কিন্তু মাইলাপুর বা সেন্ট্ টোমের (St. Thome) যুদ্ধে (১৭৪৬ খ্রীঃ) অতি সামান্য

অষ্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধ—কর্ণাটের প্রথম যুদ্ধের সূচনা

সংখ্যক ফরাসী সৈন্য আনোয়ার-উদ্দিনের বিশাল সেনাবাহিনীকে সহজেই সম্পূর্ণভাবে পরাজিত করিলে ভারতীয় রাজগণের দুর্বলতা তথা ভারতীয় সৈনিকদের অকর্মণ্যতার কথা ইওরোপীয়দের নিকট সুস্পষ্ট হইয়া উঠিল। ইওরোপীয়দের পক্ষে ভারতে সাম্রাজ্য বিস্তার করা যে সহজসাধ্য হইবে সে-বিষয়ে ডুপ্লের মনে কোন সন্দেহ রহিল না। যাহা হউক, ১৭৪৮ খ্রীষ্টাব্দে ইওরোপে এই-লা-স্যাপ্‌লের সন্ধি দ্বারা ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের অবসান ঘটিলে ভারতেও ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের অবসান হইল। এইভাবে কর্ণাটের প্রথম যুদ্ধের পরিসমাপ্তি ঘটিল।

কর্ণাটের প্রথম যুদ্ধের অবসান

কর্ণাটের প্রথম যুদ্ধের ফলে একথাই প্রমাণিত হইল যে (১) দাক্ষিণাত্যে তথা ভারতে সাম্রাজ্য বিস্তারের অন্যতম প্রধান শর্তই হইল শক্তিশালী নৌ-বহর। (২) ইহা ভিন্ন, মাইলাপুরের যুদ্ধে মাত্র পাঁচ শত ফরাসী সৈন্যের হস্তে আনোয়ার-উদ্দিনের দশ



কর্ণাটের যুদ্ধ
(১৭৪৬-৬৩ খ্রীঃ)

হাজার সৈন্যের শোচনীয় পরাজয় ইওরোপীয়দের নিকট ভারতীয় সৈনিকদের অপকর্ষতা সুস্পষ্ট করিয়া তুলিল। ইহাতে ইওরোপীয়দের ভারতে সাম্রাজ্য বিস্তারের আশা ও উদ্দীপনা বৃদ্ধি পাইয়াছিল। (৩) এই যুদ্ধের সময় হইতেই ইওরোপীয়গণ ভারতের আভ্যন্তরীণ রাজনৈতিক দ্বন্দ্বে প্রকাশ্যভাবে অংশগ্রহণে অগ্রসর হয়। (৪) কর্ণাটের প্রথম যুদ্ধে ভারতীয় রাষ্ট্রব্যবস্থার পতনোন্মুখতা ইওরোপীয়দের নিকট প্রমাণিত হইয়াছিল।

ফলাফল

কর্ণাটের দ্বিতীয় যুদ্ধ, ১৭৫১-৫৪ খ্রীঃ (Second Carnatic War): এই-লা-স্যাপ্‌লের সন্ধির (১৭৪৮ খ্রীঃ) শর্ত অনুসারে ভারতে ফরাসী পক্ষ ইংরেজদের নিকট মাদ্রাজ প্রত্যর্পণ করিতে বাধ্য হইয়াছিল। কিন্তু এই শান্তি বেশীদিন স্থায়ী হইল না। পণ্ডিচেরীর ফরাসী গবর্নর ডুপ্লের অনিচ্ছা সত্ত্বেও তাঁহাকে মাদ্রাজ ফিরাইয়া দিতে হইয়াছিল, তিনি সেইজন্য পুনরায় ইংরেজ কোম্পানির সহিত যুদ্ধের সুযোগ খুঁজিতে লাগিলেন। ১৭৪৮ খ্রীষ্টাব্দের শেষদিকে হায়দরাবাদের নিজাম নিজাম-উল্‌-মুল্‌কের (আসফ্‌ জা) মৃত্যু ঘটিলে তাঁহার দ্বিতীয় পুত্র নাসির জঙ্গ ও দৌহিত্র মুজফ্‌ফর জঙ্গ নিজাম-পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা শুরু করিলেন। সেই সঙ্গে দোস্ত আলির জামাতা চাঁদা সাহেব আনোয়ার-উদ্দিনকে বিতাড়িত করিয়া কর্ণাটের নবাব-পদ লাভের চেষ্টা শুরু করিলেন। নাসির জঙ্গ ও আনোয়ার-উদ্দিন রহিলেন একপক্ষে, অপরপক্ষে রহিলেন চাঁদা সাহেব ও মুজফ্‌ফর জঙ্গ। ডুপ্লে এই অন্তর্দ্বন্দ্বের সুযোগে ফরাসী শক্তি ও সাম্রাজ্য-সীমা বাড়াইতে সচেষ্ট হইলেন। তিনি চাঁদা সাহেব ও মুজফ্‌ফর জঙ্গের পক্ষে যোগদান করিলেন। আর ইংরেজগণ যোগ দিল আনোয়ার-উদ্দিন ও নাসির জঙ্গের পক্ষে। ফরাসী সহায়তার ফলে আনোয়ার-উদ্দিন অম্বুরের যুদ্ধে পরাজিত ও নিহত হইলে তাঁহার পুত্র মহম্মদ আলি ত্রিচিনপলিতে আশ্রয় গ্রহণ করিলেন। এইভাবে কর্ণাট চাঁদা সাহেবের হস্তগত হইল। চাঁদা সাহেব ও মুজফ্‌ফর জঙ্গের মিত্র হিসাবে কর্ণাটে ফরাসী শক্তিও অত্যধিক বৃদ্ধি পাইল। ইংরেজগণ ইহাতে ভীত ও ঈর্ষান্বিত হইল এবং আলস্য ত্যাগ করিয়া নাসির জঙ্গ ও মহম্মদ আলির সাহায্যার্থে পূর্ণোদ্যমে যুদ্ধে অবতীর্ণ হইল। সঙ্গে সঙ্গে কর্ণাটের এই দ্বিতীয় যুদ্ধে ইংরেজ ও ফরাসীগণ সম্মুখ সমরে প্রবৃত্ত হইল। কিন্তু অল্পকালের মধ্যেই ইংরেজ

হায়দরাবাদ ও কর্ণাটের উত্তরাধিকার-সংক্রান্ত দ্বন্দ্ব

কর্ণাটের দ্বিতীয় যুদ্ধ



নবাব মহম্মদ আলি

সেনাপতি মেজর ল্যারেন্সের তৎপরতায় মুজফ্ফর জঙ্গ নাসির জঙ্গের নিকট আত্মসমর্পণ করিলেন, আর চাঁদা সাহেব পরাজিত হইয়া ফরাসী বাণিজ্য-কেন্দ্র পণ্ডিচেরীতে আশ্রয় গ্রহণ করিলেন। কিন্তু ডুপ্লের সাহস, সমরকুশলতা ও প্রত্যুৎপন্নমতিত্বের ফলে পুনরায় মুজফ্ফর জঙ্গ ও চাঁদা সাহেবের পক্ষ জয়যুক্ত হইল। চাঁদা সাহেব কর্ণাটের রাজধানী আর্কটে নবাব-পদে স্থাপিত হইলেন। স্বভাবতই এই অঞ্চলে ফরাসী প্রভাব-প্রতিপত্তি অপ্রতিহত হইয়া উঠিল। ইতিমধ্যে ডুপ্লের ইঙ্গিতে নাসির জঙ্গ জনৈক আততায়ী কর্তৃক নিহত হইয়াছিলেন। ফলে মুজফ্ফর জঙ্গ বন্দিদশা হইতে মুক্তিলাভ করিয়া হায়দরাবাদের সিংহাসনে অধিষ্ঠিত হইলেন।

ফরাসী প্রাধান্য

আনোয়ার-উদ্দিনের পুত্র মহম্মদ আলি তখনও ত্রিচিনপলিতে রহিয়াছেন। তিনি চাঁদা সাহেবের নিকট প্রস্তাব প্রেরণ করিলেন যে, তাঁহার পিতা আনোয়ার-উদ্দিনের ব্যক্তিগত সম্পত্তি এবং দাক্ষিণাত্যের এক ক্ষুদ্র অংশ তাঁহাকে দেওয়া হইলে তিনি চাঁদা সাহেবকে কর্ণাটের নবাব বলিয়া মানিয়া লইবেন। কিন্তু ফরাসী সাহায্য-পুষ্ট চাঁদা সাহেব তখন এই শর্তে সন্ধি করিতে রাজী হইলেন না। ফলে যুদ্ধের পরিসমাপ্তি ঘটিল না।


মহম্মদ আলি কর্তৃক সন্ধির প্রস্তাব

ত্রিচিনপলি ছিল সামরিক ও বাণিজ্যিক দিক হইতে অতি গুরুত্বপূর্ণ স্থান। ফরাসী সৈন্য এই স্থানটি অধিকার করিতে অগ্রসর হইল, কিন্তু ইংরেজ গবর্নর সণ্ডার্স মহম্মদ আলিকে সামরিক সাহায্যদানে ত্রুটি করিলেন না। সণ্ডার্স মারাঠাগণকে এবং তাঞ্জোর ও মহীশূরের রাজাকে নিজ পক্ষে টানিলেন। সেই সময়ে রবার্ট ক্লাইভ নামে জনৈক ইংরেজ সৈনিকের সমরকৌশল অনুসরণ করিয়া ইংরেজ পক্ষ আর্কট জয় করিতে সমর্থ হইল।

রবার্ট ক্লাইভ—ইংরেজ পক্ষের জয়লাভ

রবার্ট ক্লাইভ (Robert Clive): রবার্ট ক্লাইভ ১৭২৫ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের শ্রপ্‌শায়ার নামক অঞ্চলের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল হইতেই দুঃসাহসিকতা, প্রত্যুৎপন্নমতিত্ব প্রভৃতি তাঁহার চরিত্রে পরিলক্ষিত হয়। কিন্তু লেখাপড়ার ব্যাপারে তিনি ছিলেন সম্পূর্ণ উদাসীন। পিতা তাঁহাকে বিভিন্ন স্কুলে ভর্তি করিয়াও যখন আশানুরূপ ফল দেখিতে পাইলেন না, তখন ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির কেরানী হিসাবে এক চাকরি যোগাড় করিয়া তাঁহাকে মাদ্রাজে প্রেরণ করিলেন। ক্লাইভ প্রথম জীবনে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির একজন সাধারণ কেরানী ছিলেন। পরে তিনি মসি ত্যাগ করিয়া অসি ধারণ করেন। যাহা হউক, ক্লাইভের তৎপরতায় কর্ণাটের দ্বিতীয় যুদ্ধ ইংরেজদের অনুকূলে

বাল্যজীবন


রবার্ট ক্লাইভ

চলিতে লাগিল। অরণি ও কাবেরীপাক নামক অপর দুই যুদ্ধে ক্লাইভ জয়লাভ করিলে দাক্ষিণাত্যে ইংরেজ প্রাধান্য স্থাপিত হইল। ক্লাইভের সমরকুশলতা এবং মারাঠা, মহীশূর ও তাঞ্জোরের সাহায্যে বলীয়ান ইংরেজ বাহিনীকে ডুপ্লে কোনভাবেই পরাভূত করিতে সমর্থ হইলেন না। রবার্ট ক্লাইভ ডুপ্লে ও চাঁদা সাহেবের যুগ্মবাহিনীকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া ত্রিচিনপলি অধিকার করিলেন এবং মহম্মদ আলিকে আর্কটের সিংহাসনে স্থাপন করিলেন। এইভাবে দাক্ষিণাত্যে ফরাসী প্রভাব ও প্রতিপত্তির স্থলে ইংরেজ প্রভাব-প্রতিপত্তি স্থাপিত হইল। বলা বাহুল্য, পরাজিত চাঁদা সাহেবকে হত্যা করা হইল। আরও কিছুকাল অর্থাভাব সত্ত্বেও ডুপ্লে নিজের অর্থ ব্যয় করিয়া ইংরেজদের সহিত যুঝিয়া চলিলেন। অবশেষে ফরাসী কর্তৃপক্ষের নির্দেশে ১৭৫৪ খ্রীষ্টাব্দে স্বদেশে ফিরিয়া যাইতে বাধ্য হন। পর বৎসর (১৭৫৫ খ্রীঃ) ইংরেজ ও ফরাসীদের মধ্যে শান্তি স্থাপিত হয়।

দাক্ষিণাত্যে ফরাসী প্রাধান্য-প্রতিপত্তির অবসান

***ডুপ্লে* (Dupleix):** যোসেফ্ ডুপ্লে প্রথমে চন্দননগরের গবর্নর হিসাবে ভারতবর্ষে আসেন (১৭৩১ খ্রীঃ)। পরে (১৭৪২ খ্রীঃ) তিনি পণ্ডিচেরীর গবর্নর নিযুক্ত হন। তিনি ছিলেন অসীম সাহসী যোদ্ধা, সমরকুশল সেনাপতি ও দূরদর্শী রাজনীতিজ্ঞ। তাঁহার চরিত্রে এই সকল গুণের সঙ্গে সঙ্গে আত্মম্ভরিতা, ঔদ্ধত্য প্রভৃতি অপগুণের সংমিশ্রণও পরিলক্ষিত হয়। তবে ইহা অনস্বীকার্য যে, তাঁহার দেশপ্রীতি ছিল অসাধারণ। নিজ দেশের প্রাধান্য বিস্তারের জন্য তাঁহার চেষ্টার অন্ত ছিল না। নিজের অর্থ ব্যয় করিয়াও তিনি ইংরেজদের সহিত যুদ্ধ চালাইতে কুণ্ঠিত হন নাই।

চরিত্র



যোসেফ্ ডুপ্লে

ইওরোপীয় গবর্নরদের মধ্যে ডুপ্লেই সর্বপ্রথম ভারতের রাজা ও নবাবদের রাজনৈতিক ও সামরিক দুর্বলতার সুযোগে ভারতে সাম্রাজ্য বিস্তারের সুযোগ গ্রহণের কথা ভাবিয়াছিলেন। দেশীয় সৈনিকদিগকে ইওরোপীয় সামরিক পদ্ধতিতে শিক্ষাদান করিয়া এবং দেশীয় রাজগণের পারস্পরিক দ্বন্দ্বে অংশগ্রহণ করিয়া তিনি ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপনের চেষ্টা শুরু করিয়াছিলেন। তিনি তাঁহার নীতিকে শেষ পর্যন্ত সাফল্যমণ্ডিত করিয়া তুলিতে পারেন নাই বটে, কিন্তু তাঁহার প্রবর্তিত নীতি অনুসরণ করিয়াই ইংরেজগণ ভারতে এক বিশাল সাম্রাজ্য গড়িয়া তুলিতে সমর্থ হইয়াছিল। ইহা হইতেই ডুপ্লের নীতির যৌক্তিকতা উপলব্ধি করিতে পারা যায়।

নীতি

দক্ষিণ-ভারতে ফরাসীদের অসাফল্যের পশ্চাতে ডুপ্লের সামরিক ভুল ও ব্যক্তিগত ঔদ্ধত্য যে কতক পরিমাণে দায়ী ছিল সে-বিষয়ে সন্দেহ নাই। তথাপি তাঁহার পরিকল্পনা দুঃসাহসিকতা, মনের বলিষ্ঠতা ও দূরদর্শিতার পরিচায়ক নিঃসন্দেহে বলা যাইতে পারে। ১৭৫১ খ্রীষ্টাব্দ পর্যন্ত কর্ণাট অঞ্চলে ডুপ্লে ফরাসী শক্তিকে অপ্রতিহত করিয়া রাখিয়াছিলেন, কিন্তু কর্ণাটের দ্বিতীয় যুদ্ধে তাঁহার অসাফল্য পূর্ববর্তী সাফল্যকে ম্লান করিয়াছে। যাহা হউক, তাঁহার নিঃস্বার্থ স্বদেশপ্রীতি, দূরদর্শিতা, সমরকুশলতা প্রভৃতি আধুনিক যুগের ভারত-ইতিহাসের পৃষ্ঠায় তাঁহাকে স্থান দিয়াছে।

কৃতিত্ব

বিফলতা

বাংলাদেশে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব : ব্রিটিশ প্রাধান্য (Anglo-French Conflict in Bengal: British Ascendancy): মোগল সম্রাট ঔরংজেব মুর্শিদকুলি খাঁকে বাংলাদেশের শাসনকর্তা নিযুক্ত করিয়া পাঠাইলে (১৭০৫ খ্রীঃ) বাংলাদেশের নবাবি একপ্রকার স্বাধীন হইয়া উঠে। সম্রাট আকবরের আমল হইতে আরম্ভ করিয়া ঔরংজেবের মৃত্যু পর্যন্ত (১৭০৭ খ্রীঃ) বাংলাদেশ মোগল প্রাধান্য ও আনুগত্য স্বীকার করিয়াই চলিত। কিন্তু ঔরংজেবের মৃত্যুর পর বাংলাদেশ কেবল নামেমাত্রই মোগল সম্রাটের অধীন ছিল। কার্যত উহা স্বাধীনই ছিল। এমনকি, ১৭১৭ খ্রীষ্টাব্দে মোগল সম্রাট ফারুক্‌শিয়ার ইংরেজগণকে বিনা শুল্কে বাংলাদেশে বাণিজ্য করিবার 'ফরমান' দান করিলে মুর্শিদকুলি খাঁ উহা অগ্রাহ্য করিতেও দ্বিধাবোধ করেন নাই। পরবর্তী নবাবগণ—সুজাউদ্দিন খাঁ (১৭২৭-৩৯ খ্রীঃ), সর্‌ফরজ খাঁ (১৭৩৯-৪০ খ্রীঃ) প্রভৃতির আমলেও এই স্বাধীনতা অটুট ছিল। মুর্শিদকুলির দৌহিত্র সুজাউদ্দিন খাঁর আমলে বিহার বাংলাদেশের অধিকারে আসে। তথাকার শাসনকর্তা ছিলেন আলিবর্দী খাঁ। সুজাউদ্দিনের পুত্র সর্‌ফরজ খাঁ যখন বাংলার মস্‌নদে অধিষ্ঠিত হইলেন তখন আলিবর্দী খাঁ ঘেরিয়ার যুদ্ধে (১৭৪০ খ্রীঃ) তাঁহাকে পরাজিত করিয়া বাংলার মস্‌নদ দখল করেন। সুচতুর আলিবর্দী তাঁহার এই অবৈধ অধিকারকে আইনসম্মত করিয়া লইবার উদ্দেশ্যে মোগল সম্রাট মহম্মদ শাহের নিকট প্রচুর পরিমাণ অর্থ উপঢৌকন প্রেরণ করেন এবং সম্রাট তাঁহাকে বাংলার নবাব বলিয়া স্বীকার করিয়া লন।

মুর্শিদকুলি খাঁ

সুজাউদ্দিন, সর্‌ফরজ খাঁ

আলিবর্দী খাঁ কর্তৃক বাংলার মস্‌নদ অধিকার

আলিবর্দী খাঁ (১৭৪০-৫৬ খ্রীঃ) ছিলেন সুদক্ষ শাসক। তাঁহার আমলে বাংলাদেশ মারাঠা বর্গিদের আক্রমণে ব্যতিব্যস্ত হইয়া উঠিয়াছিল। আলিবর্দী বাংলাদেশের নিরাপত্তার জন্য মারাঠাদের সহিত প্রাণপণ যুঝিতে ত্রুটি করেন নাই। তথাপি দুর্ধর্ষ মারাঠাগণকে প্রতিহত করা তাঁহার পক্ষে সম্ভব হয় নাই। শেষ পর্যন্ত তিনি মারাঠাদিগকে বাৎসরিক বার লক্ষ টাকা চৌথ দেওয়ার অঙ্গীকারে এবং উড়িষ্যার একাংশ হইতে রাজস্ব আদায় করিবার অধিকার মারাঠাদিগের হস্তে ছাড়িয়া দিয়া বাংলাদেশের নিরাপত্তা বিধান

বাংলাদেশে বর্গিদের আক্রমণ

করিতে বাধ্য হইয়াছিলেন। শাসক হিসাবেও আলিবর্দী খাঁ যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়াছিলেন। আলিবর্দী খাঁর দূরদর্শিতাও নেহাত কম ছিল না। তিনি একথা স্পষ্টই বুঝিতে পারিয়াছিলেন যে, ইংরেজ বণিকগণকে নিছক বণিক হিসাবে বাংলাদেশে বাণিজ্য করিবার অধিকার ভিন্ন অপর কোনপ্রকার সুযোগসুবিধা দান করা নিরাপদ নহে। কারণ, ইংরেজ বণিকদের অভিসন্ধি সম্পর্কে তিনি সম্পূর্ণ নিঃসন্দেহ ছিলেন না। ইংরেজ বণিকদের নৌ-বলের কথা তাঁহার অবিদিত ছিল না। সুতরাং তাহাদিগকে দেশ হইতে বিতাড়িত করিবার ইচ্ছা তাঁহার থাকিলেও সেই ইচ্ছা কার্যকরী করা সম্ভব হইবে না, একথা উপলব্ধি করিয়া তিনি ইংরেজদের প্রতি মিত্রতা রক্ষা করিয়া চলিবার পক্ষপাতী ছিলেন। কিন্তু তাহাদিগকে রাজনৈতিক কোনপ্রকার শক্তি সঞ্চয়ের সুযোগদানে তিনি মোটেই রাজী ছিলেন না।

আলিবর্দী খাঁর শাসনদক্ষতা

তাঁহার দূরদর্শিতা

সিরাজ-উদ্-দৌলা, ১৭৫৬-৫৭ খ্রীঃ (Siraj-ud-dowla): আলিবর্দী খাঁ ছিলেন অপুত্রক। মৃত্যুকালে তিনি তাঁহার তিন কন্যার মধ্যে সর্বকনিষ্ঠার পুত্র সিরাজ-উদ্-দৌলাকে বাংলার নবাব-পদ দান করিয়া যান। তাঁহার অপর দুই কন্যার মধ্যে একজন ছিলেন ঘসেটি বেগম। ইনি ছিলেন ঢাকার ভূতপূর্ব শাসনকর্তার বিধবা পত্নী। অপর কন্যা ছিলেন পূর্ণিয়ার শাসনকর্তার স্ত্রী। এই সকল নিকট-আত্মীয়দের পরিবারস্থ সকলেই বাংলার মস্নদ লাভের আশা পোষণ করিতেন। এমতাবস্থায় মৃত্যুকালে আলিবর্দী খাঁ সিরাজ-উদ্-দৌলাকে বাংলার নবাব মনোনীত করিয়া গেলে তাঁহাদের আশা ভঙ্গ হইল। পূর্ণিয়ার শাসনকর্তার পুত্র সৌকৎ জঙ্গ ও ঢাকার শাসনকর্তার বিধবা পত্নী ঘসেটি বেগম সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইলেন। ঘসেটি বেগমের দেওয়ান রাজবল্লভও এই ষড়যন্ত্রে যোগদান করিলেন। সেই সময়ে বাংলার ইংরেজ বণিকদের সহিত সিরাজ-উদ্-দৌলার বিবাদ বাধিলে পরিস্থিতি অধিকতর জটিল হইয়া উঠিল।

সিরাজের মস্নদ লাভ

তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র



সিরাজ-উদ্-দৌলা

সিরাজ-উদ্-দৌলা বাংলার মস্নদে আরোহণ করিবার সময় হইতেই ইংরেজগণ তাঁহার বিরুদ্ধাচরণ করিতে শুরু করে। তাহারা চিরাচরিত প্রথা অমান্য করিয়া সিরাজ-উদ্-দৌলার মস্নদ লাভের কালে কোনপ্রকার উপঢৌকন প্রেরণ করে নাই। তদুপরি নবাবের শত্রু রাজবল্লভের পুত্র কৃষ্ণদাস প্রভৃত ধনরত্ন লইয়া ঢাকা হইতে পলাইয়া আসিলে ইংরেজগণ তাহাকে

সিরাজ-উদ্-দৌলার প্রতি ইংরেজদের বিদ্বেষভাব

আশ্রয় দান করে। নবাবের অনুরোধ সত্ত্বেও তাহারা কৃষ্ণদাসকে সমর্পণ করিতে অস্বীকৃত হয়। এমন সময় ইওরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধ শুরু হইলে সেই সুযোগে বাংলাদেশের ইংরেজ ও ফরাসী বণিকগণ যুদ্ধের জন্য প্রস্তুত হইতে থাকে। তাহারা নিজ নিজ বাণিজ্যকুঠির নিরাপত্তার জন্য পরিখা খনন, দুর্গ নির্মাণ ও অস্ত্রশস্ত্র সংগ্রহ করিতে আরম্ভ করে। সিরাজ তাহাদিগকে নিরস্ত হইতে আদেশ করিলে ফরাসী বণিকগণ সেই আদেশ মানিল বটে, কিন্তু ইংরেজ বণিকগণ তাহা অমান্য করিয়া নবাবের দূতকে অপমান করিয়া ফিরাইয়া দিল।

ইংরেজ বণিকদের ঔদ্ধত্য

ঘসেটি বেগম, রাজবল্লভ ও ইংরেজগণ যে যুগ্মভাবে এক হীন ষড়যন্ত্রে লিপ্ত আছে একথা সিরাজের বুঝিতে বিলম্ব হইল না। তিনি ষড়যন্ত্রের প্রধান উদ্যোক্তা ঘসেটি বেগমকে নিজ তত্ত্বাবধানে লইয়া আসিলেন। ইহাতে ইংরেজ বণিকদের টনক নড়িল। তাহারা সিরাজ-উদ্-দৌলার নিকট কৃতকর্মের জন্য অনুতাপ প্রকাশ করিল। কিন্তু তাহারা দুর্গ নির্মাণ বন্ধ করিল না। বাধ্য হইয়া সিরাজ তাহাদের কলিকাতাস্থ দুর্গ ফোর্ট উইলিয়াম আক্রমণ করিলেন। ইংরেজগণ প্রাণভয়ে ফল্‌তা নামক স্থানে আশ্রয় গ্রহণ করিল। সিরাজ কর্তৃক ফোর্ট উইলিয়াম দখল করিবার কালে যে কয়েকজন ইংরেজ সৈন্য আহত হইয়াছিল তাহাদের যথাযথ ব্যবস্থার ভার অধস্তন পর্যায়ের কর্মচারীদের উপর দেওয়া হইয়াছিল। ইংরেজগণ তাহাদের দণ্ডপ্রাপ্ত কর্মচারীদিগকে যে কক্ষে রাখিত সেই কক্ষেই রাত্রিতে সেই সকল লোককে রাখা হইল। রাত্রিতে এই সকল আহত ব্যক্তির কয়েকজন মারা গেলে সেই ঘটনাকে কেন্দ্র করিয়া হল্‌ওয়েল নামক জনৈক ইংরেজ কর্মচারী 'অন্ধকূপ হত্যা'র অলীক কাহিনী রচনা করেন। হল্‌ওয়েলের মতে মোট ১৪৬ জন ইংরেজকে ১৮ ফুট×১৪ ফুট ১০ ইঞ্চি একটি স্বল্পপরিসর কক্ষে রাত্রিতে রাখিবার ফলে তাহাদের মধ্যে মোট ১২৩ জন শ্বাসরুদ্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হইয়াছিল। বর্তমানে ঐতিহাসিক গবেষণার ফলে একথাই প্রমাণিত হইয়াছে যে, অন্ধকূপ হত্যায় সিরাজ-উদ্-দৌলার কোন দায়িত্ব ছিল না এবং ইহাতে যাহারা মারা গিয়াছিল তাহাদের সংখ্যা হল্‌ওয়েল-প্রদত্ত সংখ্যা হইতে বহু কম ছিল। আহত সৈনিকদের কয়েকজন ঐ কক্ষে মারা গিয়াছিল একথা সত্য বলিয়া ধরা যাইতে পারে, কিন্তু ১৪৬ জন ইংরেজ যুদ্ধ-বন্দীর মধ্যে ১২৩ জন মারা গিয়াছিল তাহা সম্পূর্ণ মিথ্যা। কারণ, ঐ ক্ষুদ্র কক্ষে ১৪৬ জন লোককে কোনভাবেই রাখা সম্ভব হইতে পারে না। এইজন্য এ্যানি ব্যাসান্ত বলিয়াছেন "Geometry disproving arithmetic gave lie to the story."

ঘসেটি বেগমকে নিজ তত্ত্বাবধানে আনয়ন—ইংরেজদের অনুশোচনা

সিরাজ কর্তৃক কলিকাতা অধিকার (১৭৫৬ খ্রী:)

অন্ধকূপ হত্যার অলীক কাহিনী

সিরাজ কর্তৃক ফোর্ট উইলিয়াম—অর্থাৎ কলিকাতা অধিকৃত হইয়াছে এই সংবাদ মাদ্রাজে পৌঁছিলে সেখান হইতে রবার্ট ক্লাইভ ও ওয়াট্‌সনের অধিনায়কত্বে একদল সৈন্য ও একটি নৌ-বহর কলিকাতা পুনরুদ্ধারের জন্য প্রেরিত হইল। ক্লাইভ ও ওয়াট্‌সন সহজেই কলিকাতা পুনর্দখল করিলেন। সিরাজ পুনরায় কলিকাতার ইংরেজদের বিরুদ্ধে সসৈন্যে অগ্রসর

ক্লাইভ ও ওয়াট্‌সন কর্তৃক কলিকাতা পুনর্দখল

হইয়া আসিয়া কলিকাতার নিকটে কাশীপুর নামক স্থানে উপস্থিত হইলেন। রবার্ট ক্লাইভ তাঁহাকে বাধাদানে অগ্রসর হইলে উভয়পক্ষে আলিনগরের সন্ধি স্বাক্ষরিত হইল। সিরাজ ইংরেজ কোম্পানিকে বিনা শুল্কে আমদানী-রপ্তানী বাণিজ্য করিবার অনুমতি দান করিলেন।

আলিনগরের সন্ধি

আলিনগরের সন্ধি দ্বারা সিরাজ ও ইংরেজদের মধ্যে যুদ্ধের অবসান ঘটিল বটে কিন্তু মিত্রতা স্থাপিত হইল না। ক্লাইভ সেই সময় হইতেই সিরাজের বিরুদ্ধে গোপন ষড়যন্ত্রে লিপ্ত হইলেন। মুর্শিদাবাদে নবাবের উচ্চপদস্থ কর্মচারীদের মধ্যে গোপন ষড়যন্ত্র চলিতেছিল। আলিবর্দী খাঁর ভগিনীপতি মিরজাফর সিরাজ-উদ্-দৌলাকে সিংহাসনচ্যুত করিয়া স্বয়ং বাংলার নবাব হইবার চেষ্টা করিতেছিলেন। মিরজাফর ছিলেন সিরাজ-উদ্-দৌলার প্রধান সেনাপতি। তিনি মুর্শিদাবাদের অর্থলোভী শেঠ সম্প্রদায়, জগৎশেঠ, ইয়ার লতিফ খাঁ, রায়দুর্লভ প্রভৃতিকে নিজ দলে টানিয়া সিরাজ-উদ্-দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্র করিতে লাগিলেন। রবার্ট ক্লাইভও এই ষড়যন্ত্রে যোগদান করিলেন। ক্লাইভ, উমিচাঁদ ও মিরজাফরের মধ্যে এ-বিষয়ে গোপনে একটি চুক্তিপত্রও স্বাক্ষরিত হইল। উমিচাঁদ পাইবেন প্রভূত পরিমাণ অর্থ, ষড়যন্ত্রে ইংরেজদের সাহায্যের বিনিময়ে ক্লাইভ নিজে ও ইংরেজ কোম্পানি প্রচুর পারিতোষিক পাইবেন এবং মিরজাফর হইবেন বাংলার নবাব। ইতিমধ্যে রবার্ট ক্লাইভ সিরাজ-উদ্-দৌলার বাধাদান সত্ত্বেও ইওরোপের সপ্তবর্ষব্যাপী যুদ্ধের সূত্র ধরিয়া বাংলাদেশে ফরাসী বাণিজ্য-কেন্দ্র চন্দননগর অধিকার করিয়া লইলেন। ফরাসীদের সাহায্য লইয়া ইংরেজদের সহিত সিরাজ-উদ্-দৌলার যুঝিবার সুযোগ ইহাতে বিনাশপ্রাপ্ত হইল।

সিরাজের বিরুদ্ধে ষড়যন্ত্র

ক্লাইভ কর্তৃক চন্দননগর অধিকার

তারপর সামান্য অজুহাতে রবার্ট ক্লাইভ সিরাজের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। ১৭৫৭ খ্রীষ্টাব্দের ২৩শে জুন ভাগীরথী নদীর তীরে পলাশীর প্রান্তরে সিরাজ ও রবার্ট ক্লাইভের মধ্যে যুদ্ধ শুরু হইল। মিরজাফর ও রায়দুর্লভ ষড়যন্ত্রের শর্ত অনুসারে নবাবের এক বিরাট সংখ্যক সৈন্যকে যুদ্ধ হইতে নিবৃত্ত রাখিয়া নিজ দেশ ও নবাবের প্রতি বিশ্বাসঘাতকতা করিলেন। মিরমদন ও মোহনলাল অপেক্ষাকৃত অল্প সংখ্যক সৈন্যসহ রবার্ট ক্লাইভের সেনাবাহিনীর সহিত যুঝিতে লাগিলেন। তাঁহাদের সমরকুশলতায় ক্লাইভ যুদ্ধে জয়লাভ সম্পর্কে সন্দিহান হইয়া উঠিলেন। তিনি নিকটবর্তী আম্রকাননে নিজ সৈন্যদলকে অপসারিত করিলেন। সেই সময়ে মিরমদনের আকস্মিক মৃত্যু ঘটিলে নবাবপক্ষের যাবতীয় দায়িত্ব পড়িল মোহনলালের উপর। মোহনলাল বীরদর্পে যুদ্ধ করিয়া চলিলেন। মিরমদনের মৃত্যুতে সিরাজ-উদ্-দৌলা বিচলিত হইয়া পড়িলেন। তিনি মিরজাফরকে দেশরক্ষার জন্য সাহায্য করিতে অনুরোধ করিলেন। কিন্তু মিরজাফর মুখে নবাবের প্রতি আনুগত্যের ভান করিয়া তাঁহাকে যুদ্ধ ত্যাগ করিতে পরামর্শ দিলেন। সিরাজ তখন মানসিক স্থৈর্য হারাইয়া ফেলিয়াছেন। তিনি মিরজাফরের পরামর্শক্রমে মোহনলালকে

পলাশীর যুদ্ধ (২৩শে জুন, ১৭৫৭ খ্রীঃ)

মিরমদন ও মোহনলালের বীরত্ব

মিরজাফরের বিশ্বাসঘাতকতা

যুদ্ধত্যাগের আদেশ দিলেন। মোহনলাল প্রথমে সেই আদেশ পালনে রাজী হইলেন না, কারণ যুদ্ধ তখন নবাবী সৈন্যদের অনুকূলেই চলিতেছিল। কিন্তু শেষ পর্যন্ত নবাবের আদেশ তাঁহাকে মানিতেই হইল। এইভাবে যুদ্ধে যখন পরাজয় নিশ্চিত তখন মিরজাফরের বিশ্বাসঘাতকতায় ক্লাইভ জয়লাভ করিলেন। সিরাজ-উদ্-দৌলা পুনরায় সৈন্য সংগ্রহের চেষ্টা করিয়া যখন তাহা অসম্ভব বুঝিলেন তখন ভাগলপুরে ফরাসী কুঠির অধ্যক্ষ মসিয়ে ল'-এর সাহায্য লইয়া ইংরেজদের বিরুদ্ধে পুনরায় যুদ্ধে অবতীর্ণ হইবার উদ্দেশ্যে বিহারের দিকে গোপনে পলায়ন করিলেন। পথে তিনি ধৃত হইলেন। মুর্শিদাবাদে তাঁহাকে বন্দী অবস্থায় লইয়া আসা হইল। তাঁহাকে বাঁচিতে দিলে মুর্শিদাবাদে গোলযোগের সৃষ্টি হইতে পারে ভাবিয়া মিরজাফরের আদেশে তাঁহার পুত্র মিরণ সিরাজকে হত্যা করাইলেন।

সিরাজের পলায়ন

পলাশীর যুদ্ধের ফলাফল (Effects of the Battle of Plassey): পলাশীর যুদ্ধের ফলে মিরজাফর বাংলার মস্‌নদে অধিষ্ঠিত হইলেন। রবার্ট ক্লাইভের সহায়তার বিনিময়ে তিনি এত বেশী পরিমাণে অর্থ পুরস্কারস্বরূপ দিতে স্বীকার করিয়াছিলেন যে, সেই পরিমাণ অর্থ তখন নবাবী খাজাঞ্চী খানায় ছিল না। তদুপরি ঢাকা ও পূর্ণিয়ায় বিদ্রোহ দেখা দিলে মিরজাফর ইংরেজদের নিকট হইতে সৈন্য সাহায্য লইয়াছিলেন। এই সকল কারণে ইংরেজদের নিকট তাঁহার দেনা অত্যন্ত বৃদ্ধি পাইয়াছিল। মিরজাফর এই সকল দেনা ও ইংরেজদের সাহায্যের পুরস্কার মিটাইবার জন্য ইংরেজ কোম্পানিকে প্রচুর অর্থ ও চব্বিশ পরগণার জমিদারি দিলেন। কিন্তু তাহাতেও তাঁহার ঋণ শোধ হইল না। এমনকি, নবাবী আসবাবপত্র বিক্রয় করিয়াও মিরজাফর ইংরেজদের ঋণ সম্পূর্ণভাবে মিটাইতে পারিলেন না। যাহা হউক, রবার্ট ক্লাইভ ও তাঁহার কর্মসচিবগণ প্রচুর পুরস্কার পাইলেন। এইভাবে প্রথম হইতে মিরজাফরের শাসনকে আর্থিক ক্ষেত্রে দুর্বল এবং সামরিক ক্ষেত্রে ইংরেজদের সাহায্যের উপর নির্ভরশীল করিয়া ইস্ট ইণ্ডিয়া কোম্পানি বাংলার রাজনীতিতে এক শক্তিশালী প্রভাব বিস্তার করিতে সমর্থ হইল। বাংলার নবাবের শক্তি ও প্রভুত্ব সেই সময় হইতে ইংরেজগণ কর্তৃক নিয়ন্ত্রিত হইতে লাগিল।

মিরজাফরের মস্‌নদ লাভ

বাংলায় ইংরেজদের রাজনৈতিক প্রভাব

পলাশীর যুদ্ধের ফলে বাংলা তথা ভারতের স্বাধীনতা সূর্য অস্তমিত হইয়াছিল। সাধারণ্যে এই কথাই প্রচলিত। কিন্তু পলাশীর যুদ্ধে সিরাজ-উদ্-দৌলার পরাজয়ের সঙ্গে সঙ্গে বাংলাদেশের স্বাধীনতা বিনাশপ্রাপ্ত হইয়া ব্রিটিশ প্রভুত্ব স্থাপিত হইয়াছিল, একথা বলা ভুল হইবে। কারণ, পরবর্তীকালে মিরকাশিম নিজ ইচ্ছামত মুর্শিদাবাদ হইতে মুঙ্গেরে নিজ রাজধানী স্থানান্তরিত করিয়াছিলেন এবং গুর্গিন্ খাঁ, মার্কার ও সাম্রুর অধীনে ইওরোপীয় সামরিক পদ্ধতিতে নিজ সৈন্যবাহিনীকে শিখাইয়া তুলিয়াছিলেন। এই সকল কাজ মিরকাশিমের স্বাধীনতার পরিচায়ক। সুতরাং পলাশীর যুদ্ধের পরও বাংলাদেশের

পলাশীর যুদ্ধের ফলাফল সম্পর্কে আধুনিক মতবাদ

নবাবের যথেষ্ট স্বাধীনতা ছিল একথা স্বীকার করিতে হইবে। মিরজাফরের ন্যায় হীনচেতা লোকের পক্ষে অবশ্য সেই স্বাধীনতা ভোগ করা সম্ভব ছিল না। তিনি ছিলেন ইংরেজদের তাঁবেদার কিন্তু মিরকাশিম বক্সারের যুদ্ধে (১৭৬৪ খ্রীঃ) পরাজিত হইলে এবং ১৭৬৫ খ্রীষ্টাব্দে লর্ড ক্লাইভ কর্তৃক বাংলা-বিহার-উড়িষ্যার দেওয়ানী লাভের পর ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি বাংলা-বিহার-উড়িষ্যার প্রকৃত প্রভুত্বে প্রতিষ্ঠিত হইয়াছিল। অবশ্য পলাশীর যুদ্ধের ফলে ইংরেজগণ বাংলার রাজনীতি-ক্ষেত্রে পরোক্ষ নিয়ন্তাস্বরূপ হইয়াছিল, একথা স্বীকার করিতে হইবে।

সিরাজের চরিত্র ও কৃতিত্ব **(Character and Estimate of Siraj) :** সিরাজ-উদ্-দৌলার চরিত্রের গুণাগুণ সম্পর্কে নানা প্রকার পরস্পর-বিরোধী মন্তব্য করা হইয়াছে। কেহ কেহ তাঁহাকে উচ্ছৃঙ্খল, দায়িত্বজ্ঞানহীন উদ্ধত শাসক হিসাবে বর্ণনা করিয়াছেন। পক্ষান্তরে, অনেকে তাঁহার চরিত্রে দেশাত্মবোধ ও স্বাধীনতা-স্পৃহার নিঃস্বার্থ প্রকাশ দেখিতে পাইয়াছেন। নিরপেক্ষ বিচারে সিরাজের চরিত্র অষ্টাদশ শতাব্দীর অভিজাতসম্প্রদায়-সুলভ দোষে দুষ্ট ছিল একথা অনস্বীকার্য। কিন্তু সেই যুগের কথা স্মরণ করিলে ইহা তেমনি কিছু অস্বাভাবিক ছিল বলিয়া মনে করা উচিত হইবে না। ইহা ভিন্ন, সিরাজ অতি অল্প বয়সে বাংলার মসনদে বসিয়াছিলেন। ফলে তাঁহার চরিত্রে ঔদ্ধত্য ও উচ্ছৃঙ্খলতা কতকটা দেখা দিতে পারে তাহাও অস্বাভাবিক নহে। সিরাজের চরিত্রের দুর্বলতা কতক পরিমাণে তাঁহার মাতামহ আলিবর্দী খাঁর স্নেহান্ধতার ফলেই জন্মিয়াছিল একথাও অস্বীকার করা যায় না। শাসনকার্যে অনভিজ্ঞতার জন্য সিরাজ কতকগুলি ভুলভ্রান্তি করিয়াছিলেন সত্য, কিন্তু মিরজাফরের ষড়যন্ত্রের কথা জানিতে পারিয়াও তাঁহাকে সেনাপতি-পদে বহাল রাখিয়া তিনি ভুল করিয়াছিলেন। অনুরূপ মিরজাফরের কু-পরামর্শে মোহনলালকে যুদ্ধ-বিরতির আদেশ দিয়া তিনি নিজের পরাজয় ডাকিয়া আনিয়াছিলেন। তথাপি রাজত্বের প্রথমদিকে তিনি কলিকাতা অধিকার করিয়া এবং ঘসেটি বেগমকে নিজ তত্ত্বাবধানে আনিয়া সামরিক কৃতিত্ব ও রাজনৈতিক বুদ্ধির পরিচয় দান করিয়াছিলেন একথাও উল্লেখ করা প্রয়োজন। তারপর দেশরক্ষার জন্য তিনি যে চেষ্টা করিয়াছিলেন তাহাও প্রশংসার যোগ্য। চতুর্দিকে বিশ্বাসঘাতকদের দ্বারা পরিবেষ্টিত হইয়া পড়িবার ফলে তাঁহার রাজনৈতিক বিচক্ষণতা ও বুদ্ধি বিভ্রান্ত হইয়া পড়িয়াছিল এবং তাহাতেই তাঁহার পতন ঘটিয়াছিল।

দোষত্রুটি

অনভিজ্ঞতা হেতু ভুলভ্রান্তি

তাঁহার দূরদর্শিতা

কর্ণাটের তৃতীয় যুদ্ধ **(Third Carnatic War) :** ইওরোপের সপ্তবর্ষব্যাপী যুদ্ধের (১৭৫৬-৬৩ খ্রীঃ) সূত্র ধরিয়া বাংলাদেশে যখন ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব চলিতেছিল তখন কর্ণাট অঞ্চলেও এই দুই পক্ষের মধ্যে পুনরায় যুদ্ধ বাধে। ফরাসী সেনাপতি বুসি উত্তর-সরকারে ফরাসী প্রাধান্য স্থাপনে তখন ব্যস্ত। এদিকে লালি পণ্ডিচেরীর গবর্নর নিযুক্ত হইয়া আসিলেন (১৭৫৮ খ্রীঃ)। তাঁহাকে সামরিক ও

বেসামরিক বিষয়ে চূড়ান্ত ক্ষমতা দেওয়া হইয়াছিল। লালির কার্যভার গ্রহণের সঙ্গে সঙ্গে ইংরেজদের অধিকার হইতে সেন্ট্ ডেভিড্ দুর্গ দখল করিয়া ফরাসী সৈন্য মাদ্রাজ আক্রমণ করে। মাদ্রাজের ইংরেজ গবর্নর পিগট এবং সেনাপতি ল্যারেন্স ফরাসী আক্রমণ প্রতিহত করিয়া চলিলেন। সেই সময় একটি ব্রিটিশ নৌ-বহর মাদ্রাজে ইংরেজদের সাহায্যে আসিয়া উপস্থিত হইলে যুদ্ধের গতি পরিবর্তিত হয়। ক্লাইভ ইতিমধ্যে বাংলাদেশ হইতে একদল সৈন্য দাক্ষিণাত্যে প্রেরণ করিয়াছিলেন। তাহারা বুসিকে পরাজিত করিতে সমর্থ হয়। পর পর কয়েকটি যুদ্ধে পরাজয়ের পর ব্রিটিশ সেনাপতি সার্ আয়ার কূট লালিকে বন্দিবাসের যুদ্ধে পরাজিত করেন (১৭৬০ খ্রীঃ) এবং ইংরেজ আক্রমণের বিরুদ্ধে পণ্ডিচেরী রক্ষা করা অসম্ভব দেখিয়া তথাকার ফরাসীগণ আত্ম-সমর্পণ করে (১৭৬১ খ্রীঃ)। মাহে, জিঞ্জি প্রভৃতি ফরাসী-অধিকৃত স্থানের পতন ঘটে। ১৭৬৩ খ্রীষ্টাব্দে প্যারিসের সন্ধি দ্বারা ইওরোপে ইংরেজ ও ফরাসীদের মধ্যে শান্তি স্থাপিত হইলে ভারতে ফরাসীগণ তাহাদের সকল স্থানই ফিরিয়া পায়। কিন্তু ভবিষ্যতে এই সকল স্থান কেবলমাত্র বাণিজ্য-কেন্দ্র হিসাবেই ব্যবহৃত হইবে এই প্রতিশ্রুতিও তাহাদিগকে দিতে হয়। এইভাবে ভারতে ফরাসী প্রাধান্য স্থাপনের আশা চিরতরে বিলুপ্ত হয়।

ফরাসীদের পরাজয় —বন্দিবাসের যুদ্ধ (১৭৬০ খ্রীঃ)

প্যারিসের সন্ধি (১৭৬৩ খ্রীঃ)

ভারতে ফরাসী সাম্রাজ্য গঠনের আশা নির্বাপিত

***মিরজাফর, ১৭৫৭-৬০ খ্রীঃ* (Mir Jafar)**: দেশদ্রোহিতা ও বিশ্বাসঘাতকতার দ্বারা মিরজাফর বাংলার মস্নদ লাভ করিলেন বটে, কিন্তু তাঁহার ভাগ্যে সুখ ছিল না। মস্নদের লোভে ইংরেজ সাহায্য গ্রহণের জন্য তিনি যে পরিমাণ পুরস্কার ইংরেজ কোম্পানি ও কর্মচারিগণকে দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন তাহা রক্ষা করিবার অক্ষমতার ফলে স্বভাবতই তিনি নিজের আর্থিক, সামরিক তথা রাজনৈতিক—সর্বপ্রকার দুর্বলতা ডাকিয়া আনিয়াছিলেন। তিনি ইংরেজদের সাহায্যে মস্নদ লাভ করিয়াছিলেন বটে, কিন্তু প্রকৃত নবাবের ক্ষমতায় আসীন হইতে পারেন নাই। তিনি ইংরেজদের তাঁবেদারে পরিণত হইয়াছিলেন।

মিরজাফরের দুর্বলতা



মিরজাফর

ইংরেজগণ তাঁহার শাসনব্যবস্থায় যে প্রভাব বিস্তার করিয়াছিল তাহা মিরজাফরের ন্যায় হীনচেতা নবাবের পক্ষেও বেশীদিন সহ্য করা সম্ভব হইল না।

তাঁহার শাসনব্যবস্থার উপর ইংরেজদের প্রভুত্বব্যঞ্জক প্রভাব, নানা অজুহাতে তাঁহার নিকট ইংরেজগণ কর্তৃক অর্থ দাবি প্রভৃতি অচিরেই মিরজাফরকে অতিষ্ঠ করিয়া তুলিল। তিনি গোপনে ইংরেজগণকে বাংলাদেশ হইতে বিতাড়িত করিবার জন্য চেষ্টা করিতে লাগিলেন। তিনি চুঁচুড়ায় ওলন্দাজ বণিকদের সহিত ইংরেজ বিতাড়নের জন্য ষড়যন্ত্র শুরু করিলেন। রবার্ট ক্লাইভ এই ষড়যন্ত্রের সংবাদ পাইয়া বিদারার যুদ্ধে ওলন্দাজগণকে পরাজিত করিলেন (১৭৫৯ খ্রীঃ)। এই যুদ্ধে পরাজয়ের পর বাংলাদেশে ওলন্দাজদের বাণিজ্য-প্রতিষ্ঠান উঠিয়া গেল। ইংরেজগণ বাংলাদেশে নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী হইল।

ওলন্দাজগণের সহিত মিরজাফরের ইংরেজ-বিরোধী চক্রান্ত

বিদারার যুদ্ধ (১৭৫৯ খ্রীঃ) ওলন্দাজগণের পরাজয়

১৭৬০ খ্রীষ্টাব্দে রবার্ট ক্লাইভ ইংলণ্ডে চলিয়া গেলেন। ভ্যান্সিটার্ট বাংলার গবর্নর নিযুক্ত হইলেন। ওলন্দাজদের সহিত চক্রান্ত ও ইংরেজদের প্রাপ্য মিটাইয়া দিবার অক্ষমতার অজুহাতে ভ্যান্সিটার্ট মিরজাফরকে মস্‌নদচ্যুত করিতে সচেষ্ট হইলেন। তাঁহারা উপযুক্ত পরিমাণ পারিতোষিকের বিনিময়ে মিরজাফরের জামাতা মিরকাশিমকে বাংলার মস্‌নদে স্থাপন করিতে চুক্তিবদ্ধ হইলেন। বাংলার মস্‌নদে নূতন নূতন নবাব স্থাপন করা তখন ইংরেজদের একটি অতিশয় লাভজনক ব্যবসায় হইয়া দাঁড়াইয়াছিল। ১৭৬০ খ্রীষ্টাব্দে মিরজাফর মস্‌নদচ্যুত হইলেন, সেই স্থলে তাঁহার জামাতা মিরকাশিম নবাব-পদে অধিষ্ঠিত হইলেন (১৭৬০ খ্রীঃ)। এইভাবে বাংলাদেশের দ্বিতীয় রাজনৈতিক বিপ্লব বিনা যুদ্ধেই সংঘটিত হইল।

মিরজাফরকে মস্‌নদ-চ্যুত করিবার চেষ্টা

মিরজাফরের মস্‌নদ-চ্যুতি—মিরকাশিম নবাব-পদে অধিষ্ঠিত

মিরকাশিম, ১৭৬০-৬৪ খ্রীঃ (Mir Qasim): মিরকাশিম ইংরেজদের সহিত ষড়যন্ত্র করিয়া বাংলার মস্‌নদ লাভ করিয়াছিলেন সত্য, কিন্তু তিনি বাংলাদেশের স্বাধীনতা রক্ষা এবং ইংরেজদের অবৈধ ক্ষমতা ও প্রতিপত্তি নাশের জন্য যে চেষ্টা করিয়াছিলেন তাহা তাঁহার এই ত্রুটি স্খালন করিয়াছে, সে-বিষয়ে সন্দেহ নাই। মিরকাশিম ছিলেন দূরদর্শী রাজনীতিক। তিনি প্রথমেই বর্দ্ধমান, মেদিনীপুর ও চট্টগ্রাম—এই তিনটি জেলা ইংরেজদের পারিতোষিক হিসাবে যাবতীয় প্রাপ্যের বিনিময়ে তাহাদিগকে ছাড়িয়া দিলেন। তারপর ইংরেজদের প্রভাব হইতে নিজেকে মুক্ত করিবার উদ্দেশ্যে মুর্শিদাবাদ হইতে তাঁহার রাজধানী মুঙ্গেরে স্থানান্তরিত করিলেন। তিনি একথাও বুঝিয়াছিলেন যে, ইংরেজদের সহিত দীর্ঘকাল মিত্রতা বজায় রাখা তাঁহার পক্ষে সম্ভব হইবে না। এইজন্য তিনি সাম্রু ও মার্কার নামে দুইজন ইওরোপীয় সৈনিকের সাহায্যে নিজ সেনাবাহিনীকে ইওরোপীয় সামরিক পদ্ধতিতে শিখাইয়া তুলিবার চেষ্টা করিতে লাগিলেন। ইহা ভিন্ন, গুর্গিন্ খাঁ নামে জনৈক আর্মেনিয়াবাসী সেনাপতিকেও তিনি তাঁহার গোলন্দাজ বাহিনীর তত্ত্বাবধানের কাজে নিযুক্ত করিলেন। ১৭৬৩ খ্রীষ্টাব্দে গুর্খা রাজা পৃথিবীনারায়ণ মকানপুর রাজ্যটি

মিরকাশিমের দূরদর্শিতা

রাজধানী মুঙ্গেরে স্থানান্তরিত

ইওরোপীয় সামরিক পদ্ধতিতে নিজ সেনা-বাহিনীকে শিক্ষাদান

জয় করিলে এবং তথাকার রাজা বিক্রমসেনকে বন্দী করিয়া লইয়া গেলে বিক্রমসেনের মিত্র জনৈক সামন্তরাজ এ-বিষয়ে মিরকাশিমের সাহায্য প্রার্থনা করিলেন। মিরকাশিম ও গুর্গিন খাঁ পৃথিবীনারায়ণের বিরুদ্ধে সামরিক অভিযানে অগ্রসর হইয়া শোচনীয়ভাবে পরাজিত হইলেন।* ইহার অল্পকালের মধ্যেই বাণিজ্য-শুল্ক লইয়া ইংরেজদের সহিত তাঁহার বিবাদ উপস্থিত হইল। ইংরেজ বণিকগণ শুল্ক ফাঁকি দিয়া বাংলাদেশে বাণিজ্য করিতে আরম্ভ করিলে দেশীয় বণিকগণের অত্যন্ত দুর্দশার সৃষ্টি হইতে লাগিল। কারণ, তাহারা নিয়মিত শুল্ক দিয়া ইংরেজ বণিকদের সহিত মূল্যের প্রতিযোগিতায় স্বভাবতই টিকিয়া থাকিতে পারিল না। শুল্ক ফাঁকি দিয়া ইংরেজ বণিকগণ দেশীয় বণিকগণ অপেক্ষা স্বল্প দামে মাল বিক্রয় করিতে লাগিল। মিরকাশিম এ-বিষয়ে ইংরেজ গবর্নরের দৃষ্টি আকর্ষণ করিয়াও যখন কোনকিছু করিতে পারিলেন না তখন নিজের ক্ষতি স্বীকার করিয়া তিনি দেশীয় প্রজার উপর হইতেও শুল্ক উঠাইয়া দিলেন। এইভাবে তিনি দেশীয় বণিকদের রক্ষা করিতে চাহিলেন। কিন্তু ইংরেজ বণিকগণ ইহাতে অত্যন্ত বিরক্ত হইল। পাটনার ইংরেজ কুঠির অধ্যক্ষ এলিস সাহেব এইজন্য পাটনা শহর আক্রমণ করিয়া দখল করিয়া বসিলেন। মিরকাশিম পাটনা পুনর্দখল করিয়া তথাকার ইংরেজ কুঠি ভাঙ্গিয়া দিলেন। এই সূত্রে ইংরেজদের সহিত তাঁহার যুদ্ধ বাধিল। কিন্তু কাটোয়া, ঘেরিয়া, উদয়নালা—এই তিনটি যুদ্ধে পর পর ইংরেজদের নিকট পরাজিত হইয়া মিরকাশিম অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলার সহিত ইংরেজদের বিতাড়নের জন্য সঙ্ঘবদ্ধ হইলেন। মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমও এই সঙ্ঘে যোগদান করিলেন। বক্সারের যুদ্ধে (১৭৬৪ খ্রীঃ) এই সম্মিলিত শক্তি ইংরেজদের সহিত যুদ্ধে অবতীর্ণ হইল। কিন্তু এই যুদ্ধেও ভাগ্যদেবী ইংরেজদেরই পক্ষে রহিলেন। মিরকাশিম যুদ্ধে পরাজয়ের পর পলায়ন করিলেন। অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলা ও মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলম ইংরেজদের উপর সম্পূর্ণ নির্ভরশীল হইয়া পড়িলেন। এই যুদ্ধে পরাজয়ের ফলে বাংলাদেশে ইংরেজদের রাজনৈতিক ক্ষমতা বহুগুণে বৃদ্ধি পাইল।

শুল্ক লইয়া ইংরেজদের সহিত বিবাদ

মিরকাশিমের প্রজাবাৎসল্য

ইংরেজদের সহিত সংঘর্ষ

কাটোয়া, ঘেরিয়া ও উদয়নালার যুদ্ধ

বক্সারের যুদ্ধ (১৭৬৪ খ্রীঃ) মিরকাশিমের পরাজয়: ফলাফল

দেশাত্মবোধ, স্বাধীনচিত্ততা ও প্রজাবাৎসল্যের জন্য ভারত-ইতিহাসে যে-সকল রাজা, সুলতান-বাদশাহ্ বা নবাব অমরত্ব অর্জন করিয়াছেন তাঁহাদের মধ্যে মিরকাশিম অন্যতম। মিরজাফরকে মসনদ হইতে অপসারণ করিয়া ইংরেজদের সাহায্যে তিনি নবাবী পদ লাভ করিয়াছিলেন সত্য, কিন্তু দেশকে ইংরেজদের কবল হইতে রক্ষা করাই ছিল তাঁহার মসনদ-আরোহণের অন্যতম উদ্দেশ্য। ইংরেজ প্রভাব হইতে মুক্ত থাকিবার উদ্দেশ্যে তিনি প্রথমেই তাঁহার রাজধানী মুর্শিদাবাদ হইতে মুঙ্গেরে লইয়া গিয়াছিলেন। দূরদর্শিতা, নির্ভীকতা ও

মিরকাশিমের চরিত্র

* K. C. Chaudhuri: *Anglo-Nepalese Relations*, p. 10.

আত্মমর্যাদায় মিরকাশিম ছিলেন অনন্যসাধারণ। এই সকল দিক দিয়া বিচার করিলে মিরকাশিমই ছিলেন বাংলাদেশের সর্বশেষ প্রকৃত স্বাধীন নবাব।

পরবর্তী নবাবগণ (The later Nawabs): মিরকাশিমের ন্যায় দৃঢ়চেতা ব্যক্তির মস্‌নদে স্থাপনের ফলে ইংরেজদের যে শিক্ষা হইয়াছিল তাহাতে ভবিষ্যতে তাহারা আর সেই ভুল করিল না। তাহারা পুনরায় মিরজাফরকে মস্‌নদে স্থাপন করিল (১৭৬৪-৬৫ খ্রীঃ)। বলা বাহুল্য, মিরজাফর ইংরেজদের সম্পূর্ণ তাঁবেদার হিসাবে কিছুকাল নবাবি করিলেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র নজম্-উদ্-দৌলা (১৭৬৫-৬৬ খ্রীঃ) বাংলার নবাব হইলেন। ইংরেজগণ তাঁহার নিকট হইতেও প্রচুর অর্থ পুরস্কারস্বরূপ আদায় করিতে ছাড়িল না। সেই সময় হইতে বাংলার নবাবি কেবল নামেমাত্রই টিকিয়া রহিল।

মিরজাফর—নজম্-উদ্-দৌলা

ক্লাইভ দ্বিতীয়বার গবর্নর নিযুক্ত : দেওয়ানী লাভ (The Second Governorship of Clive : Grant of Diwani): ১৭৬০ খ্রীষ্টাব্দে রবার্ট ক্লাইভ স্বদেশে প্রত্যাবর্তন করিলে বাংলাদেশে কোম্পানির কর্মচারিগণ নিজ নিজ স্বার্থসিদ্ধিতে ব্যস্ত হইয়া পড়িল। ফলে কোম্পানির শাসনকার্যে অব্যবস্থা দেখা দিল। ইংলণ্ডে কোম্পানির কর্তৃপক্ষ পুনরায় ক্লাইভকে বাংলার গবর্নর নিযুক্ত করিয়া পাঠাইলেন। ইতিমধ্যে তাঁহাকে লর্ড উপাধিতে ভূষিত করা হইয়াছিল।

আভ্যন্তরীণ সংস্কার

লর্ড ক্লাইভ বাংলাদেশে পৌঁছিয়াই কোম্পানির আভ্যন্তরীণ শাসনকার্যে নানা প্রকার সংস্কার প্রবর্তন করিলেন। 'সিলেক্ট কমিটি' নামে একটি সমিতি গঠন করিয়া শাসনসংক্রান্ত যাবতীয় ক্ষমতা নিজ হস্তে গ্রহণ করিলেন। তারপর কোম্পানির কর্মচারীদের মধ্য হইতে দুর্নীতি দূর করিবার উদ্দেশ্যে কর্মচারীদের পারিতোষিক গ্রহণ করা, দেশীয় বাণিজ্যে অংশগ্রহণ করা প্রভৃতি নিষিদ্ধ করিলেন। তিনি কোম্পানির সিভিল সার্ভিসের প্রবর্তন করেন। যুদ্ধের সময় সৈনিকগণ দ্বিগুণ ভাতা পাইত. কিন্তু পলাশীর যুদ্ধের পর হইতে মিরজাফর তাহাদের ভাতা শান্তির কালেও দ্বিগুণ করিয়া দিয়াছিলেন এবং সেই ব্যয় তিনিই বহন করিতেন। ক্লাইভ শান্তিকালীন ভাতা বন্ধ করিয়া দিয়া কেবল যুদ্ধের কালে ভাতা দেওয়ার ব্যবস্থা করিলেন। যাহারা এই প্রথার বিরোধিতা করিল তাহাদিগকে তিনি উপযুক্ত শাস্তি দিতে দ্বিধাবোধ করিলেন না। কোম্পানির কর্মচারীদের বেতন অতি সামান্য ছিল। তিনি তাহাদের বেতন বৃদ্ধি করিয়া তাহাদিগকে দুর্নীতির পথ হইতে দূরে রাখিবার চেষ্টা করিলেন। ইহা ভিন্ন, তিনি কোম্পানির সেনাবাহিনীরও পুনর্গঠন করিলেন। পররাষ্ট্র-ক্ষেত্রে তিনি মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলম ও অযোধ্যার নবাবকে ইংরেজ কোম্পানির উপর নির্ভরশীল করিয়া তুলিতে চাহিয়াছিলেন। অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলার নিকট হইতে তিনি কারা ও এলাহাবাদ এবং প্রভূত পরিমাণ অর্থ গ্রহণ করিলেন। মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলম

কোম্পানির কর্মচারীদের দুর্নীতিরোধের চেষ্টা

সেনাবাহিনীর পুনর্গঠন

অযোধ্যার নবাব ও মোগল সম্রাটের সহিত সম্পর্ক

তখন রাজ্যছাড়া হইয়া পড়িয়াছিলেন। কারণ, দিল্লীতে তাঁহার পিতা নিজ উজীরের হস্তে প্রাণ হারাইলে তিনি দিল্লীতে প্রবেশ করিবার সাহস পাইতেছিলেন না। এইজন্য ক্লাইভ তাঁহাকে কারা ও এলাহাবাদ—এই দুইটি স্থান দিলেন এবং বাৎসরিক ২৬ লক্ষ টাকা করদানের প্রতিশ্রুতিতে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী—অর্থাৎ রাজস্ব আদায়ের যাবতীয় ক্ষমতা লাভ করিলেন। তারপর তিনি বাংলার নবাব নজম্-উদ্-দৌলাকে তাঁহার ব্যক্তিগত ও শাসনকার্যসংক্রান্ত ব্যয়ের জন্য বৎসরে ৫৩ লক্ষ টাকা ভাতা দিতে স্বীকৃত হইলেন। নবাব বাংলা, বিহার ও উড়িষ্যার রাজস্বের উপর আর কোনপ্রকার দাবি করিবেন না বলিয়া স্বীকার করিলেন। এইভাবে ক্লাইভ বাংলাদেশে ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির রাজনৈতিক অধিকার, এককথায় ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি দৃঢ়ভাবে স্থাপন করিলেন।

দেওয়ানী লাভ
(১৭৬৫ খ্রীঃ)



কোম্পানির দেওয়ানী সনন্দ লাভ

দেওয়ানী লাভের পর লর্ড ক্লাইভ 'দ্বৈত শাসন' নামে এক অদ্ভুত শাসনব্যবস্থার প্রচলন করিলেন। ঠিক সেই সময়ে সরাসরিভাবে রাজস্ব আদায়ের ভার ইংরেজ কোম্পানির উপর ন্যস্ত করিবার কতকগুলি অসুবিধা ছিল। এইরূপ করিলে ফরাসী ও অপরাপর ইওরোপীয় বণিকদের মনে ঈর্ষার উদ্রেক হইত। ইহা ভিন্ন, বাংলার রাজস্ব সম্পর্কে তখনও ইংরেজ কর্মচারীদের কোন ধারণা ছিল না। এইজন্য ক্লাইভ রাজস্ব আদায় এবং রাজস্ব-সংক্রান্ত যাবতীয় বিচারের দায়িত্ব নবাব ও তাঁহার কর্মচারীদের উপর রাখিলেন, আর রাজস্ব ব্যয় করিবার ক্ষমতা রাখিলেন নিজ হস্তে। ফলে ক্ষমতাহীন দায়িত্ব পাইলেন নবাব, আর দায়িত্বহীন ক্ষমতা রহিল ইংরেজদের হস্তে। এই ব্যবস্থাই ইতিহাসে 'দ্বৈত শাসন' নামে পরিচিত।

'দ্বৈত শাসন'
(Dual Govt.)

জনসাধারণের সুখ-দুঃখের প্রতি শাসনব্যবস্থার যেটুকু দায়িত্ববোধ থাকা প্রয়োজন ক্লাইভ-প্রবর্তিত দ্বৈত শাসনব্যবস্থায় এরূপ দায়িত্ববোধ ছিল না। ফলে জনসাধারণের উপর রাজস্ব আদায়ের নামে শোষণ চলিল। তদানীন্তন বাংলার জনসাধারণের দুর্দশার অন্ত রহিল না। ১৭৭০ খ্রীষ্টাব্দের (১১৭৬ বঙ্গাব্দ) মন্বন্তর ক্লাইভ-প্রবর্তিত দ্বৈত শাসনেরই পরোক্ষ ফল বলিয়া বিবেচিত হইয়া থাকে।

দ্বৈত শাসনের কুফল

লর্ড ক্লাইভের চরিত্র ও কৃতিত্ব (Character and Estimate of Clive): লর্ড ক্লাইভ উৎসাহী, উচ্চাকাঙ্ক্ষী ও উদ্ভাবনী শক্তিসম্পন্ন ব্যক্তি ছিলেন। নিজ স্বার্থসিদ্ধির জন্য যে-কোন নীচতা, শঠতা ও জালিয়াতির আশ্রয় গ্রহণে তিনি দ্বিধাবোধ করিতেন না। কিন্তু নিজের ক্ষমতা ও একাগ্রতা বলে তিনি অতি সামান্য কেরানীর পদ হইতে ক্রমে বাংলাদেশের গবর্নর-পদ এবং লর্ড উপাধি লাভে সমর্থ হইয়াছিলেন। ব্রিটিশ স্বার্থের দিক দিয়া দেখিতে গেলে লর্ড ক্লাইভ প্রশংসনীয় কাজই করিয়া গিয়াছিলেন।

চরিত্র

দক্ষিণ-ভারতে কর্ণাটের দ্বিতীয় যুদ্ধে যখন ব্রিটিশ পক্ষ এক সঙ্কটাপন্ন অবস্থায় পতিত হইয়াছিল তখন তাঁহার উদ্ভাবিত পন্থা ও নীতি অনুসরণ করিয়া তিনি ব্রিটিশ শক্তিকে ফরাসীদের বিরুদ্ধে জয়যুক্ত করিতে সমর্থ হইয়াছিলেন। আর্কট, অরণি ও কাবেরীপাকের যুদ্ধে জয়লাভ দৃষ্টান্ত হিসাবে উল্লেখ করা যাইতে পারে। ১৭৫৬ খ্রীষ্টাব্দে সিরাজ-উদ্-দৌলা কলিকাতা দখল করিলে ক্লাইভ ওয়াট্‌সনের সহায়তায় কলিকাতা পুনরুদ্ধার করিয়াছিলেন। তিনি ইহার পর বাংলাদেশের রাজনৈতিক অনৈক্যের সুযোগ লইয়া, ফরাসী-অধিকৃত চন্দননগর অধিকার করিয়া, পলাশীর যুদ্ধে সিরাজকে এবং বিদারার যুদ্ধে ওলন্দাজদের পরাজিত করিয়া বাংলাদেশে ইংরাজদের এক নিরঙ্কুশ শক্তি হিসাবে গড়িয়া তুলিয়াছিলেন। তাঁহার কর্মকুশলতার পরিচয় পাইয়া কোম্পানির কর্তৃপক্ষ তাঁহাকে দ্বিতীয়বার গবর্নর নিযুক্ত করিয়া পাঠাইয়াছিলেন।

কার্যকলাপ

লর্ড ক্লাইভ আভ্যন্তরীণ সংস্কারসাধন করিয়া কোম্পানির শাসনকার্যে শৃঙ্খলা আনয়ন করিয়াছিলেন। মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমের নিকট হইতে দেওয়ানী লাভ করিয়া তিনি বাংলাদেশে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের এক অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করিয়াছিলেন। তাঁহার ধারণা ছিল যে, বাংলা-বিহার-উড়িষ্যার বাহিরে ইংরেজ অধিকার বিস্তৃত করা যুক্তিযুক্ত হইবে না। এইজন্য তিনি অযোধ্যাকে কোম্পানির রাজ্যের সীমান্তবর্তী দেশ বলিয়া বিবেচনা করিয়াছিলেন এবং অযোধ্যার নবাবকে কোম্পানির সাহায্যের উপর নির্ভরশীল করিয়া তুলিয়া সীমান্ত দৃঢ় করিবার চেষ্টা করিয়াছিলেন। কোম্পানির জীবনের সঙ্কটকালে একাধিকবার কোম্পানির নিরাপত্তা রক্ষা করিয়া তিনি ব্রিটিশ সাম্রাজ্যবাদকে বাঁচাইয়া তুলিয়াছিলেন। তাঁহার কর্মকুশলতা, অধ্যবসায় ও দূরদর্শিতা ছিল অপরিসীম। ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি লর্ড ক্লাইভই স্থাপন করিয়াছিলেন বলা ভুল হইবে না।

ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপনে তাঁহার দান

১৭৬৭ খ্রীষ্টাব্দে ইংলণ্ডে ফিরিয়া গেলে তাঁহার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনা হয়। পার্লামেন্ট তাঁহাকে ইম্পীচ (impeach)—অর্থাৎ অভিযুক্ত করে। শেষ পর্যন্ত তিনি অবশ্য নির্দোষ বলিয়া প্রমাণিত হন। কিন্তু সাধারণ্যে, ভারতে তাঁহার কার্যকলাপের তীব্র সমালোচনা চলিতে থাকিলে ১৭৭৫ খ্রীষ্টাব্দে তিনি আত্মহত্যা করেন।

ছিয়াত্তরের মন্বন্তর, ১৭৭০ খ্রীঃ, ১১৭৬ বঙ্গাব্দ **(The Famine of 1770, 1176 B.S.) :** ১৭৬৭ খ্রীষ্টাব্দে লর্ড ক্লাইভ ভারতবর্ষে তাঁহার কর্মজীবন সমাপ্ত করিয়া ইংলণ্ডে ফিরিয়া গেলে ভেরেল্স্ট্ বাংলার গবর্নর হইলেন (১৭৬৭-৬৯ খ্রীঃ)। তাঁহার পরবর্তী গবর্নর ছিলেন কার্টিয়ার (১৭৬৯-৭২ খ্রীঃ)। লর্ড ক্লাইভ-প্রবর্তিত দ্বৈত শাসনের কুফল ভেরেল্স্ট্ ও কার্টিয়ারের শাসনকালে প্রকট হইয়া উঠে। কোম্পানির কর্মচারীদের যথেচ্ছ অত্যাচার ও লুণ্ঠনের ফলে প্রজাবর্গের আর্থিক অবস্থা ক্রমে দুর্দশার শেষ সীমায় আসিয়া পৌঁছায়। ফলে কৃষিকার্যের ব্যাঘাত ঘটিতে থাকে। এমতাবস্থায় পরিমিত বৃষ্টির অভাবে ১৭৭০ খ্রীষ্টাব্দে (১১৭৬ বঙ্গাব্দ) এক দারুণ দুর্ভিক্ষ দেখা দেয়। খাদ্যাভাবে লোকে অখাদ্য-কুখাদ্য খাইতে লাগিলে মহামারীও শুরু হইল। দুর্ভিক্ষ ও মহামারীতে পথে-ঘাটে অসংখ্য নরনারীর মৃতদেহ স্তূপীকৃত হইয়া উঠিল। লোকে নিজের বলিতে যাহা কিছু ছিল সব বিক্রয় করিয়া দিয়াও প্রাণ বাঁচাইতে চাহিল। কিন্তু তখন ক্রেতা আসিবে কোথা হইতে? খাদ্যাভাবে মানুষ ঘাস-পাতা খাইল, পরে যখন ঘাস-পাতাও আর মিলিল না তখন মানুষ শবদেহ হইতে মাংস কাটিয়া খাইতে আরম্ভ করিল।* কিন্তু তবুও তাহারা বাঁচিল কোথায়! বাংলাদেশের মোট লোকসংখ্যার এক-তৃতীয়াংশ মৃত্যুমুখে পতিত হইল। বাংলার গ্রামগুলি শ্মশানে পরিণত হইল। কিন্তু পর বৎসরও কোম্পানি উহার রাজস্ব পূর্ণমাত্রায় কেন অন্যান্য বৎসর অপেক্ষা অধিক পরিমাণে আদায় করিয়া লইতে দ্বিধাবোধ করিল না। একদিন যেখানে সমৃদ্ধ গ্রাম গ্রামবাসীদের দৈনন্দিন জীবনের কোলাহলে মুখরিত হইত সেখানে ঘন জঙ্গল গজাইয়া উঠিল। সমগ্র বাংলাদেশের মোট এক-তৃতীয়াংশেরও অধিক স্থান জঙ্গলাকীর্ণ হইয়া পড়িল।

দ্বৈত শাসনের কুফল

অনাবৃষ্টি—দুর্ভিক্ষ ও মহামারী

জনসাধারণের দুর্দশা

ষড়বিংশ অধ্যায়

ওয়ারেন হেস্টিংস : ভারতে ব্রিটিশ শক্তির প্রসার

(Warren Hastings : Expansion of British Power in India)

ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবাদের প্রসারের কারণ **(The Causes behind Expansion of British Empire in India) :** লর্ড ক্লাইভ ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করিয়া গিয়াছিলেন। সেই সময়ে ইংলণ্ডস্থ ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির ডাইরেক্টরগণ ভারতে সাম্রাজ্যবৃদ্ধির

* বঙ্কিমচন্দ্রের আনন্দমঠ : প্রথম খণ্ড, প্রথম পরিচ্ছেদে ছিয়াত্তরের মন্বন্তরের একটি সুন্দর বর্ণনা আছে।

তেমন পক্ষপাতী ছিলেন না, রাজ্যসীমা বৃদ্ধি অপেক্ষা বাণিজ্যের প্রসারই ছিল তাঁহাদের প্রধান উদ্দেশ্য। কিন্তু অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয় ভাগে ইংলণ্ডে শিল্প-বিপ্লব সংঘটিত হইলে তৈয়ারি সামগ্রীর উৎপাদন বহুগুণে বৃদ্ধি পাইল। ফলে নূতন নূতন বাজারে সেই সকল সামগ্রী বিক্রয় করিবার এবং সস্তায় কাঁচামাল সংগ্রহের প্রয়োজনও বৃদ্ধি পাইল। সেই সময়কার ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির চিঠিপত্রাদি আলোচনা করিলে ইহা স্পষ্টভাবে বুঝিতে পারা যায় যে, কেন কোম্পানির কর্তৃপক্ষ ভারতের সর্বত্র এমনকি নেপাল, তিব্বত প্রভৃতি দেশের সহিত বাণিজ্য-সম্পর্ক স্থাপনের চেষ্টার জন্য কলিকাতাস্থ ফোর্ট উইলিয়ামের ইংরেজ কর্তৃপক্ষকে লিখিতেন। শিল্প-বিপ্লবের সঙ্গে সঙ্গে যখন অধিকতর বাণিজ্য-কেন্দ্রের প্রয়োজন উপস্থিত হইল, ঠিক সেই সময়ে আমেরিকা স্বাধীনতা ঘোষণা করিলে ইংলণ্ডের এক বিশাল বাণিজ্য-কেন্দ্র হস্তচ্যুত হইয়া গেল। স্বভাবতই প্রাচ্য অঞ্চলে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের প্রয়োজন উপলব্ধি করা হইল। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে সামরিক শক্তিতে পশ্চাৎপদ ভারতীয় নৃপতিগণকে ক্ষমতাচ্যুত করিয়া ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের কার্য শুরু হইল।

ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের প্রয়োজনীয়তা

শিল্প-বিপ্লব, আমেরিকার স্বাধীনতা

ওয়ারেন হেস্টিংস্, ১৭৭২-৮৫ খ্রীঃ (Warren Hastings) :

এদিকে লর্ড ক্লাইভ-প্রবর্তিত দ্বৈত শাসনের কুফল বাংলাদেশের জনসাধারণেরই সর্বনাশ সাধন করিয়াছিল এমন নহে, ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির শাসনেও বিশৃঙ্খলা ও দুর্বলতা আসিয়াছিল। তদুপরি ছিয়াত্তরের মন্বন্তর বাংলাদেশে ইংরেজ শাসনের অকর্মণ্যতা পূর্ণমাত্রায় প্রমাণ করিয়াছিল। এরূপ পরিস্থিতির মধ্যে ওয়ারেন হেস্টিংস্ বাংলার গবর্নর হইয়া আসিলেন। বাংলাদেশে তথা ব্রিটিশ শাসনের তখন এক সঙ্কটকাল। মারাঠা শক্তি, মহীশূর রাজ্য প্রভৃতির সহিত সেই সময়ে কোম্পানির সংঘর্ষ উপস্থিত হইয়াছে।

হেস্টিংসের সমস্যা



ওয়ারেন হেস্টিংস্

ওয়ারেন হেস্টিংস গবর্নর হইয়া আসিবার পূর্বেও বাংলাদেশে কিছুকাল কাটাইয়া গিয়াছিলেন। বাংলাদেশ সম্পর্কে তাঁহার কতকটা সুস্পষ্ট ধারণা ছিল। তিনি দেখিলেন রাজকোষ একেবারে শূন্য। সুতরাং অর্থাভাবেই ব্রিটিশ শাসন অচল হইয়া পড়িবে। তদুপরি মাদ্রাজ ও বোম্বাই-এর কাউন্সিল বাংলাদেশের উপর অর্থের জন্য নির্ভরশীল ছিল। এমতাবস্থায় প্রয়োজন ছিল দৃঢ়প্রতিজ্ঞ এবং সুনির্দিষ্ট নীতির অনুসরণ।

আর্থিক সমস্যা

রাজস্ব সংস্কার (Revenue Reforms) : ওয়ারেন হেস্টিংস্ কোম্পানির পরিস্থিতি সম্পূর্ণরূপে উপলব্ধি করিয়া শাসন সংস্কারে মনোযোগ দিলেন। প্রথমেই

তিনি দ্বৈত শাসন বাতিল করিয়া দিয়া রাজস্ব আদায়ের ভার কোম্পানির উপর ন্যস্ত করিলেন। রাজস্ব আদায়ের ভার তিনি 'কালেক্টর' (Collector) নামধারী একশ্রেণীর কর্মচারীর উপর ন্যস্ত করিলেন। পূর্বে এই শ্রেণীর কর্মচারীর নাম ছিল 'সুপারভাইজার' (Supervisor)। তিনি ভ্রাম্যমাণ কমিটি (Committee of Circuit) নামে একটি সমিতি গঠন করিয়া উহার উপর জমিদারগণের নিকট জমি বন্দোবস্ত দেওয়ার যাবতীয় কাজের ভার দিলেন। প্রথমে একসঙ্গে মোট পাঁচ বৎসরের জন্য জমি বন্দোবস্ত দেওয়া হইল। রাজস্ব সংক্রান্ত যাবতীয় বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ ও নীতি নির্ধারণের জন্য তিনি 'রেভিনিউ বোর্ড' (Board of Revenue) নামে একটি সংস্থা স্থাপন করিলেন।

রাজস্ব-নীতির সংস্কার

পাঁচসালা-বন্দোবস্ত : রেভিনিউ বোর্ড

ওয়ারেন হেস্টিংসের রাজস্ব সংস্কার ব্যবস্থা তাঁহার নিজের এবং ইংরেজ কর্মচারিগণের রাজস্ব সংক্রান্ত অভিজ্ঞতার অভাব হেতু তেমন কার্যকরী হয় নাই। যে-সকল ব্যক্তি সর্বোচ্চ পরিমাণ রাজস্ব দিতে স্বীকৃত ছিলেন তাঁহাদিগকেই ভ্রাম্যমাণ কমিটি জমিদারি বন্দোবস্ত দিয়াছিলেন। ফলে অভিজ্ঞতাসম্পন্ন জমিদার পরিবার জমিদারিচ্যুত হইয়াছিল। যাহারা কোনদিন জমিদারি পরিচালনা করে নাই তাহারা জমিদারির দায়িত্ব লইয়া নিজ স্বার্থসিদ্ধিতে ব্যস্ত থাকিবার ফলে প্রজাদের দুর্দশার সীমা রহিল না। অল্পকালের মধ্যে হেস্টিংস্ রাজস্ব-নীতির পরিবর্তন সম্পর্কে পুনর্বিবেচনা করিতে বাধ্য হইয়াছিলেন। কারণ, সর্বোচ্চ রাজস্ব দিতে যাহারা রাজী ছিল তাহাদিগকে জমি বন্দোবস্ত দিবার ত্রুটি ইতিমধ্যেই প্রকটিত হইয়া উঠিয়াছিল। এইজন্য বাংলা, বিহার ও উড়িষ্যাকে মোট ছয়টি অংশে বিভক্ত করিয়া প্রত্যেক অংশে একটি করিয়া 'প্রাদেশিক কাউন্সিল' (Provincial Council) স্থাপন করা হইল। এই সকল কাউন্সিলকে রাজস্ব সংক্রান্ত বিষয়ে সাহায্য করিবার জন্য প্রত্যেক কাউন্সিলের অধীনে একজন করিয়া দেশীয় দেওয়ান নিযুক্ত করা হইল। কালেক্টর-পদের আর প্রয়োজন ছিল না বলিয়াই সেই পদগুলি উঠাইয়া দেওয়া হইল। কয়েক বৎসরের মধ্যেই (১৭৭৬ খ্রীঃ) 'আমিনী কমিশন' নামে এক তদন্ত কমিশন নিযুক্ত করিয়া উহার সুপারিশক্রমে পুনরায় রাজস্ব বিষয়ে কতক পরিবর্তনসাধন করা হইল। প্রাদেশিক কাউন্সিল উঠাইয়া দিয়া পুনরায় কালেক্টর নিয়োগ করা হইল। হেস্টিংস্ মুর্শিদাবাদ হইতে রাজকোষ কলিকাতায় স্থানান্তরিত করিলেন। এইভাবে ওয়ারেন হেস্টিংসের শাসনকালে প্রধানত নানা প্রকার রাজস্ব সংক্রান্ত পরীক্ষা চলিতে লাগিল।

রাজস্ব সংক্রান্ত বিভিন্ন পরীক্ষামূলক ব্যবস্থা

প্রাদেশিক কাউন্সিল —কালেক্টর-পদের অবসান

কালেক্টরগণের পুনর্নিয়োগ— প্রাদেশিক কাউন্সিল প্রথা বাতিল

বিচার সংক্রান্ত সংস্কার (Judicial Reforms) : ১৭৬৫ খ্রীষ্টাব্দে ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি দেওয়ানী লাভ করিলে, দেওয়ানী সংক্রান্ত বিচারের ভারও কোম্পানির উপর ন্যস্ত হইল। কারণ, মোগল রাজস্বব্যবস্থায় দেওয়ান রাজস্ব আদায় ও

রাজস্ব সংক্রান্ত বিচারের ভারপ্রাপ্ত ছিলেন। ফৌজদারী বিচারের ভার নবাবের উপরই ছিল। কিন্তু বাংলাদেশে ইংরেজ প্রাধান্য স্থাপিত হওয়ার সঙ্গে সঙ্গে তাহারা ফৌজদারী বিচারেও হস্তক্ষেপ করিতে লাগিল। ইহা ভিন্ন, ওয়ারেন হেষ্টিংস্ দেওয়ানীর ভার—অর্থাৎ রাজস্ব আদায়ের দায়িত্ব কোম্পানির উপর সরাসরিভাবে ন্যস্ত করিলে স্বভাবতই রাজস্ব সংক্রান্ত বিচারের ভার কোম্পানিকে লইতে হইল। প্রত্যেক জেলায় তিনি একটি করিয়া দেওয়ানী আদালত ও ফৌজদারী আদালত স্থাপন করিলেন। দেওয়ানী আদালতের নাম দেওয়া হইল 'মফস্বল দেওয়ানী আদালত' এবং ফৌজদারী আদালতের নাম দেওয়া হইল 'মফস্বল ফৌজদারী আদালত'।

বিচার সংক্রান্ত সংস্কার

জমি সংক্রান্ত যাবতীয় মামলার বিচারের দায়িত্ব ছিল মফস্বল দেওয়ানী আদালতের উপর। কালেক্টর ছিলেন এই বিচারালয়ের বিচারপতি। জমিদারি ও তালুকদারির উত্তরাধিকার সংক্রান্ত যাবতীয় মামলায় বিচারকার্যের ভার ছিল 'সদর দেওয়ানী আদালত' নামে এক উচ্চতর পর্যায়ের বিচারালয়ের উপর। গবর্নর ও তাঁহার কাউন্সিলের সদস্যগণ লইয়া এই আদালত গঠিত ছিল। মফস্বল ফৌজদারী আদালতের বিচারকার্যের ভার ছিল কাজী ও মুফতির উপর। কালেক্টর মফস্বল দেওয়ানী আদালতের উপর পরিদর্শনের অধিকারপ্রাপ্ত ছিলেন। নবাব কর্তৃক অনুমোদিত না হইলে এই বিচারালয়ের প্রাণদণ্ডাদেশ কার্যকরী হইত না। নবাব ছিলেন ফৌজদারী বিচারের সর্বোচ্চ ক্ষমতাপ্রাপ্ত। ফৌজদারী বিচারের সর্বোচ্চ বিচারালয় ছিল 'সদর নিজামত আদালত'। নবাব ছিলেন এই বিচারালয়ের ভারপ্রাপ্ত। অবশ্য বাংলাদেশে ইংরেজদের প্রাধান্য স্থাপনের সঙ্গে সঙ্গে তাহারা সদর নিজামত আদালতের উপর পরিদর্শনক্ষমতা প্রয়োগ করিতে শুরু করিয়াছিল।

মফস্বল দেওয়ানী ও মফস্বল ফৌজদারী আদালত

সদর দেওয়ানী ও সদর নিজামত আদালত

ওয়ারেন হেষ্টিংস্ বিচারব্যবস্থা ও রাজস্ব সংক্রান্ত বিষয়াদির সংস্কারসাধন ভিন্ন আইন সংক্রান্ত কতকগুলি প্রশংসনীয় সংস্কার প্রবর্তন করিয়াছিলেন। অত্যধিক পরিমাণ জরিমানা করা, মামলা-মকদ্দমার কাগজপত্র সংরক্ষণ, সুদের হার হ্রাস করা, ১২ বৎসরের পর মকদ্দমা করিবার অধিকার তামাদি হইয়া যাইবার নীতি প্রবর্তন, হিন্দুদের ক্ষেত্রে হিন্দুশাস্ত্র এবং মুসলমানদের ক্ষেত্রে কোরান ও হদিসের বিধি প্রয়োগ করা প্রভৃতি নূতন নূতন ব্যবস্থার তিনি প্রচলন করেন। কাজী, মুফতি প্রভৃতি বিচারককে মাসিক বেতন দিবার ব্যবস্থাও তিনি প্রবর্তন করেন।

আইন সংক্রান্ত ও অন্যান্য সংস্কার

১৭৭৩ খ্রীষ্টাব্দে ব্রিটিশ পার্লামেণ্ট ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের শাসনব্যবস্থাকে উন্নত করিবার উদ্দেশ্যে রেগুলেটিং এ্যাক্ট্ নামে একটি আইন পাস করিয়া বাংলার গবর্নর-পদকে গবর্নর-জেনারেল পদে উন্নীত করেন। এই আইন অনুসারে গবর্নর-জেনারেলকে বোম্বাই ও মাদ্রাজের সরকারের উপর পরিদর্শনক্ষমতা দেওয়া হয়। ইহা ভিন্ন,

গবর্নর-জেনারেলকে শাসনকার্যে সাহায্য করিবার উদ্দেশ্যে চারিজন সদস্যযুক্ত একটি কাউন্সিলও গঠন করা হয়। প্রথম চারিজন সদস্য ছিলেন ক্ল্যাভারিং, মনসন্, ফ্রান্সিস্ ও বার্ওয়েল। ১৭৭৪ খ্রীষ্টাব্দে এই কাউন্সিল বাংলাদেশে কার্য শুরু করেন।

রেগুলেটিং এ্যাক্ট্

রেগুলেটিং এ্যাক্ট্ অনুসারে কলিকাতাস্থ ফোর্ট উইলিয়ামে 'সুপ্রীম কোর্ট' নামে একটি বিচারালয় স্থাপিত হয়। ইহাতে একজন প্রধান বিচারপতি এবং অপর তিনজন সাধারণ বিচারপতি নিযুক্ত হন।

কাউন্সিলের সহিত হেষ্টিংসের বিরোধ

রেগুলেটিং এ্যাক্ট্ অনুযায়ী গঠিত কাউন্সিলের সহিত ওয়ারেন হেষ্টিংসের বনিবনা হইল না। কাউন্সিলের সদস্যদের মধ্যে একমাত্র বার্ওয়েল ভিন্ন অপর তিনজনই তাঁহার স্বৈরাচারী কার্যকলাপের বিরোধিতা করিতে লাগিলেন। এই সংবাদ সাধারণ্যে রটিয়া গেলে হেষ্টিংসের বিরুদ্ধে নানা প্রকার অভিযোগ কাউন্সিলের নিকট পেশ করিতে লাগিল। এতকাল হেষ্টিংসের বিরুদ্ধে কোনপ্রকার অভিযোগ করিবার সাহস বা সুযোগ ছিল না, কারণ অভিযোগের বিচারক ও অভিযুক্ত ব্যক্তি দুই-ই ছিলেন ওয়ারেন হেষ্টিংস্ স্বয়ং।

হেষ্টিংসের বিরুদ্ধে অভিযোগ : বর্দ্ধমানের রাণী ও রাজসাহীর রাণী ভবানীর অভিযোগ

বর্দ্ধমানের রাজা তিলক চাঁদের বিধবা রাণী ওয়ারেন হেষ্টিংস্ ও বর্দ্ধমানে নিযুক্ত ব্রিটিশ রেসিডেন্টের বিরুদ্ধে ঘুষ লওয়ার অভিযোগ করিলে, ওয়ারেন হেষ্টিংস্ সেই অভিযোগের তদন্তে বাধাদান করেন। এদিকে রাজসাহীর রাণী ভবানী দুর্ভিক্ষের কারণে রাজস্ব আদায়ে বিলম্ব করিলে তাঁহাকে জমিদারিচ্যুত করিয়া দুলাল রায় নামক জনৈক ব্যক্তিকে সেখানকার জমিদার নিযুক্ত করা হইয়াছিল। শুধু তাহাই নহে, রাণীর প্রাসাদ অবরোধ করিয়া বহু পরিমাণ অর্থ ও স্বর্ণরৌপ্য লইয়া যাওয়া হইয়াছিল। কাউন্সিল রাণী ভবানীর অভিযোগের সত্যতা উপলব্ধি করিয়া তাঁহাকে জমিদারি ফিরাইয়া দিয়াছিলেন। কিন্তু হেষ্টিংসের বিরুদ্ধে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ

মহারাজ নন্দকুমারের অভিযোগ

অভিযোগ করিয়াছিলেন মহারাজ নন্দকুমার। মিরজাফরের বিধবা পত্নী মনি বেগমের নিকট হইতে ঘুষ লইবার অভিযোগে হেষ্টিংস্‌কে তিনি অভিযুক্ত করেন। ইহাতে ওয়ারেন হেষ্টিংস্‌কে খুবই মুস্কিলে পড়িতে হয়। হেষ্টিংসের বিরুদ্ধে নন্দকুমারের অভিযোগের অব্যবহিত পরেই কামালউদ্দিন নামে এক ব্যক্তি নন্দকুমার, ফ্রান্সিস্ ফৌক ও যোসেফ্ ফৌক—এই তিনজনের বিরুদ্ধে হেষ্টিংসের নিকট এক অভিযোগ করে। এই অভিযোগে বলা হইয়াছিল যে নন্দকুমার, ফ্রান্সিস্ ফৌক ও যোসেফ্ ফৌক কামালউদ্দিনকে বলপূর্বক হেষ্টিংসের বিরুদ্ধে উৎকোচ গ্রহণের এক অভিযোগপত্র স্বাক্ষর করাইয়া লইয়াছেন। এই অভিযোগের ভিত্তিতে নন্দকুমার, ফ্রান্সিস্ ফৌক ও যোসেফ্ ফৌক তিনজনকেই গ্রেপ্তার করিয়া জামিনে মুক্তি দেওয়া হইল। কিন্তু এই অভিযোগের বিচার হইবার পূর্বেই মোহনপ্রসাদ নামে জনৈক ব্যক্তি নন্দকুমারকে জালিয়াতির অভিযোগে অভিযুক্ত করিল। হেষ্টিংসের ঘুষ লওয়ার অভিযোগের তদন্তের কোন কিছু হইবার পূর্বে সুপ্রীম কোর্টের জজ সার্ এলিজা ইম্পে মহারাজ নন্দকুমারকে ফাঁসির হুকুম দেন।

সার্ এলিজা ইম্পে ছিলেন ওয়ারেন হেষ্টিংসের বাল্যবন্ধু। নন্দকুমারের প্রতি ওয়ারেন হেষ্টিংস্ ও সার্ এলিজা ইম্পের আচরণের নানা প্রকার বিরুদ্ধ সমালোচনা করা হইয়াছে। সার্ জেমস্ ষ্টিফেন্, ফরেস্ট্, ট্রটার প্রভৃতি ঐতিহাসিক হেষ্টিংসের আচরণে কোনপ্রকার ত্রুটি দেখিতে না পাইলেও বার্ক, ইলিয়ট, বেভারিজ এবং বহু সমসাময়িক লেখকের মতে নন্দকুমারের অভিযোগ মূলত সত্য ছিল এবং এই অভিযোগের ফল এড়াইয়া যাইবার উদ্দেশ্যেই হেষ্টিংস্ সার্ এলিজা ইম্পের সহায়তায় মহারাজ নন্দকুমারকে প্রাণদণ্ডে দণ্ডিত করিয়াছিলেন। হেষ্টিংসের বিরুদ্ধে সেই সময়ে যে-সকল অভিযোগ কাউন্সিলের নিকট আসিতেছিল, তাহা একেবারে বন্ধ করিবার জন্য এইরূপ দণ্ডদান করিয়া অভিযোগকারীদিগকে নিরস্ত করা হেষ্টিংসের পক্ষে প্রয়োজন ছিল। এই সকল কারণে মহারাজ নন্দকুমারের ফাঁসি একটি 'judicial murder' বলিয়া বিবেচনা করা হইয়া থাকে।

নন্দকুমারের ফাঁসি

ওয়ারেন হেষ্টিংসের অত্যাচারী আচরণের দৃষ্টান্ত কেবলমাত্র নন্দকুমারের অন্যায় প্রাণদণ্ডেই সীমাবদ্ধ ছিল না। বারাণসীর রাজা চৈৎ সিংহ ও অযোধ্যার বেগমদের উপর অবিচার ও অত্যাচার তাঁহার চরিত্রকে মসিলিপ্ত করিয়াছিল। অযোধ্যার নবাবের সহিত চুক্তি অনুসারে বারাণসীর রাজা চৈৎ সিংহকে বাৎসরিক কর দিতে হইত। ১৭৭৫ খ্রীষ্টাব্দে অযোধ্যার নবাবের সহিত কোম্পানির যে চুক্তি সম্পাদিত হয় উহার শর্ত অনুসারে বারাণসী কোম্পানির অধীনে আসে। কোম্পানির সহিত রাজা চৈৎ সিংহের কেবলমাত্র বাৎসরিক করদানের সম্পর্ক ভিন্ন আর কোন সম্পর্কের কথা সেই চুক্তিতে ছিল না। কিন্তু ফরাসী ও মারাঠা শক্তির সহিত যুঝিতে গিয়া কোম্পানির অর্থের প্রয়োজন হইলে হেষ্টিংস্ চৈৎ সিংহের নিকট হইতে পাঁচ লক্ষ টাকা আদায় করেন (১৭৭৮ খ্রীঃ)। এইভাবে আরও অর্থ দাবি করিলে চৈৎ সিংহ তাহা দিতে অক্ষমতা জানান। হেষ্টিংস্ সৈন্য প্রেরণ করিয়া চৈৎ সিংহের নিকট হইতে মূল দাবির উপর আরও দুই শত পাউণ্ড জরিমানা আদায় করিলেন (১৭৭৯ খ্রীঃ)। পর বৎসর পুনরায় হেষ্টিংস্ চৈৎ সিংহের নিকট অর্থ চাহিলেন। বাৎসরিক কর ভিন্ন পাঁচ লক্ষ টাকা ও দুই হাজার অশ্বারোহী সৈন্য তাঁহার নিকট চাওয়া হইল। পরে অবশ্য দুই হাজার অশ্বারোহীর স্থলে এক হাজার দিতে বলা হইল। কিন্তু অর্থ ও সৈন্য যোগাড় করিতে চৈৎ সিংহের বিলম্ব ঘটিলে হেষ্টিংস্ চৈৎ সিংহের উপর পঞ্চাশ লক্ষ টাকা জরিমানা ধার্য করিয়া সেই অর্থ আদায় করিবার জন্য স্বয়ং সসৈন্যে বারাণসী উপস্থিত হইলেন। এই সূত্রে রাজা চৈৎ সিংহ বিদ্রোহ ঘোষণা করিলেন। কিন্তু শেষ পর্যন্ত পরাজিত হইয়া রাজ্যচ্যুত হইলেন। তাঁহার সিংহাসন মহীপনারায়ণ নামে তাঁহার এক আত্মীয়কে দেওয়া হইল।

রাজা চৈৎ সিংহ ও ওয়ারেন হেষ্টিংস্

চৈৎ সিংহের বিদ্রোহ ও সিংহাসনচ্যুতি

অযোধ্যার নবাব কোম্পানির নিকট হইতে সামরিক সাহায্য গ্রহণের জন্য বাৎসরিক যে অর্থ দিতে স্বীকৃত হইয়াছিলেন তাহা অনাদায়িকৃত থাকিলে নবাব

আসফ্-উদ্-দৌলাকে সেই অর্থ দিতে চাপ দেওয়া হইল। সুজা-উদ্-দৌলার পুত্র আসফ্-উদ্-দৌলা নিজ মাতা ও পিতামহীর সঞ্চিত অর্থ হইতে ত্রিশ লক্ষ টাকা আদায় করিয়া কোম্পানিকে দিলেন। কিন্তু কথা ছিল বেগমদ্বয়ের নিকট আসফ্-উদ্-দৌলা বা কোম্পানি আর কখনও কোন অর্থসাহায্য চাহিবে না। কিন্তু ইহার

অযোধ্যার বেগমদ্বয়ের প্রতি হেস্টিংসের অন্যায় আচরণ

অল্পকাল পরে অযোধ্যার বেগমদ্বয় চৈৎ সিংহের বিদ্রোহে সংশ্লিষ্ট ছিলেন এই অজুহাতে হেস্টিংস্ বেগমদ্বয়ের দেওয়ান ও দেহরক্ষী খোজাদের বন্দী করিলেন। হেস্টিংস্ একদল সৈন্য প্রেরণ করিয়া বেগমদ্বয়কে ভয় দেখাইয়া এবং তাঁহাদের খোজাদের উপর অত্যাচার করিয়া বেগমদ্বয়কে তাঁহাদের সঞ্চিত অর্থ কোম্পানিকে দিতে বাধ্য করিলেন।

হেস্টিংসের পররাষ্ট্র-নীতি (Hastings' Foreign Policy) :

ক্লাইভ কোম্পানির সাম্রাজ্য বাংলা-বিহার-উড়িষ্যার সীমার বাহিরে বিস্তার করিবার

হেস্টিংসের সীমান্ত-নীতি

পক্ষপাতী ছিলেন না। কিন্তু হেস্টিংস্ বাংলার গবর্নর হইয়া আসিয়াই একথা উপলব্ধি করিলেন যে, ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি বাণিজ্য-প্রতিষ্ঠান হইতে একটি রাজনৈতিক শক্তিতে পরিণত হইয়াছে। কোম্পানির প্রকৃতির এই পরিবর্তনের ফলেই কোম্পানির পক্ষে ভারতীয় শক্তিগুলির সহিত রাজনৈতিক সম্পর্ক স্থাপন করা একান্ত প্রয়োজন। ইহা ভিন্ন, তখন একমাত্র মারাঠা শক্তি ব্যতীত অপর কোন দেশীয় শক্তিই ব্রিটিশের সমকক্ষ ছিল না, ইহাও তাঁহার সীমান্ত-নীতিকে প্রভাবিত করিয়াছিল। তিনি

সম্রাট দ্বিতীয় শাহ্ আলম ও অযোধ্যার নবাবের সহিত সম্পর্ক

দেখিলেন যে, মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলম মারাঠাদের হাতের পুতুলে পরিণত হইয়াছেন। ক্লাইভ তাঁহাকে বাৎসরিক ২৬ লক্ষ টাকা করদানের প্রতিশ্রুতিতে বাংলা-বিহার-উড়িষ্যার দেওয়ানী লাভ করিয়াছিলেন। কিন্তু সেই সময়ে বাৎসরিক ২৬ লক্ষ টাকা সম্রাটকে দেওয়ার অর্থ ছিল মারাঠাদের আর্থিক শক্তি বৃদ্ধি করা। হেস্টিংস্ সেইজন্য তাঁহাকে বাৎসরিক ২৬ লক্ষ টাকা কর দেওয়া বন্ধ করিলেন। ইহা ভিন্ন, কারা ও এলাহাবাদ তাঁহার নিকট হইতে কাড়িয়া লইয়া অযোধ্যার নবাবের নিকট ৫০ লক্ষ টাকায় বিক্রয় করিলেন। তিনি অযোধ্যার শক্তি ও রাজ্যসীমা বৃদ্ধি করিয়া কোম্পানির সীমান্ত দৃঢ় করিতে চাহিয়াছিলেন।

মারাঠাগণ দ্বারা আক্রান্ত হইয়া রোহিলখণ্ডের সর্দার জবিতা খাঁ অযোধ্যায় আশ্রয় গ্রহণ করেন। অযোধ্যার নবাব নিজ রাজ্যের নিরাপত্তার জন্য সীমান্তে সৈন্য

রোহিলা যুদ্ধ

মোতায়েন করিলেন। সেই সময়ে জবিতা খাঁর পুত্র রোহিলা সর্দার হাফেজ রহমৎ খাঁ এবং অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলার মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি অনুসারে সুজা-উদ্-দৌলা রোহিলখণ্ড হইতে মারাঠাদিগকে বিতাড়িত করিতে পারিলে হাফেজ রহমৎ খাঁ তাঁহাকে ৪০ লক্ষ টাকা পুরস্কার হিসাবে দান করিতে প্রতিশ্রুত হইলেন। ইহার কিছুকাল পরে মারাঠাগণ রোহিলখণ্ড আক্রমণ করিলে হাফেজ রহমৎ খাঁ ৫ লক্ষ টাকা দিয়া

তাহাদিগকে নিরস্ত করিলেন। হাফেজ রহমৎ খাঁর এই আচরণ সুজা-উদ্-দৌলা বিশ্বাসঘাতকতা বলিয়া ধরিয়া লইলেন। অবশেষে অযোধ্যা ও রোহিলখণ্ডের যুগ্মবাহিনী মারাঠাদিগকে বিতাড়িত করিল। ইহার পর মারাঠাগণ নিজেদের মধ্যে অন্তর্বিরোধ হেতু আর রোহিলখণ্ড আক্রমণ করিতে আসিল না। সেই সুযোগে সুজা-উদ্-দৌলা রোহিলখণ্ড আক্রমণ করিতে চাহিলেন। রোহিলখণ্ড জয় করা অযোধ্যার নবাবের দীর্ঘকালের ইচ্ছা ছিল। সুজা-উদ্-দৌলা ৪০ লক্ষ টাকা পারিতোষিক দানের শর্তে হেষ্টিংসের সামরিক সাহায্য লাভ করিয়া রোহিলখণ্ড জয় করিলেন। দীর্ঘকাল পরে অবশ্য অযোধ্যার নবাব কতকগুলি শর্তাধীনে পরবর্তী রোহিলা সর্দার ফৈজউল্লা খাঁকে তাঁহার পিতার ব্যক্তিগত সম্পত্তির উত্তরাধিকারী বলিয়া মানিয়া লইলেন।

ওয়ারেন হেষ্টিংস্ কর্তৃক সুজা-উদ্-দৌলাকে সাহায্য দান

রোহিলা যুদ্ধে ওয়ারেন হেষ্টিংস্ ব্রিটিশ সৈন্যকে ভাড়াটিয়া হিসাবে নবাবের সাহায্যার্থে প্রেরণ করিয়াছিলেন। ইহা সমসাময়িক ও পরবর্তী কালের ঐতিহাসিকগণ কর্তৃক নানাভাবে সমালোচিত হইয়াছে। ওয়ারেন হেষ্টিংসের ইম্পীচমেন্টেরও ইহা একটি অন্যতম অভিযোগ হিসাবে উল্লেখ করা হইয়াছিল।

রোহিলা যুদ্ধে হেষ্টিংসের অংশগ্রহণ সম্পর্কে অভিযোগ

প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ (First Anglo-Maratha War): নারায়ণ রাও পেশওয়া-পদে অধিষ্ঠিত হইলে তাঁহার পিতৃব্য রঘুনাথ রাও বা রাঘোবা তাঁহার বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করিলেন এবং নারায়ণ রাওকে হত্যা করাইয়া (১৭৭৩ খ্রীঃ) সাময়িক কালের জন্য রাঘোবা (রঘুনাথ রাও) পেশওয়া-পদ লাভ করিলেন। কিন্তু নারায়ণ রাও-এর মৃত্যুকালে তাঁহার স্ত্রী সন্তানসম্ভবা ছিলেন। তাঁহার এক পুত্রসন্তান জাত হইলে, নানা ফড়নবীশ ও অপরাপর মারাঠা নেতা নারায়ণ রাও-এর নবজাত শিশুর পক্ষ অবলম্বন করিলেন। রঘুনাথ রাও এমতাবস্থায় ইংরেজদের সাহায্যপ্রার্থী হইলেন। সুরাটের সন্ধি দ্বারা রঘুনাথ রাও ইংরেজদের সাহায্যের বিনিময়ে সল্‌সেট ও ব্যাসিন নামক দুইটি স্থান তাহাদিগকে দিতে স্বীকৃত হইলেন এবং তদুপরি ভারুচ্ বা ভৃগুকচ্ছ ও সুরাটের রাজস্বের একাংশও ইংরেজগণকে আদায় করিবার অধিকার দান করিলেন। সঙ্গে সঙ্গে ইংরেজগণ সল্‌সেট দখল করিয়া লইল। ফলে বোম্বাই-এর ইংরেজ কর্তৃপক্ষের সহিত মারাঠাদের যুদ্ধ শুরু হইল। কিন্তু কলিকাতাস্থ কাউন্সিল বোম্বাই সরকারের রাঘোবাকে সাহায্যদানের প্রতিশ্রুতি সম্বলিত চুক্তি (সুরাটের চুক্তি) সমর্থন করিলেন না। তাঁহারা কর্নেল আপ্‌টনকে মারাঠাদের সহিত সন্ধি স্থাপনের উদ্দেশ্যে প্রেরণ করিলেন। পুরন্দরের সন্ধি দ্বারা মারাঠাদের সহিত ইংরেজদের শান্তি স্থাপিত হইল। বোম্বাই-এর ইংরেজ কর্তৃপক্ষ রঘুনাথ রাও-এর পক্ষ ত্যাগ করিতে বাধ্য হইলেন। ইতিমধ্যে ইংলণ্ডের ডাইরেক্টর সভা সুরাটের সন্ধি সমর্থন করিয়া পাঠাইলে বোম্বাই-এর কর্তৃপক্ষ অবিলম্বে রঘুনাথ রাও-এর পক্ষ অবলম্বন করিয়া

রাঘোবা—সুরাটের সন্ধি (১৭৭৫ খ্রীঃ)

পুরন্দরের সন্ধি (১৭৭৬ খ্রীঃ)

ওয়াড়গাঁও-এর সন্ধি (১৭৭৯ খ্রীঃ)

মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। তেলেগাঁও-এর যুদ্ধে পরাজিত হইয়া ইংরেজগণ ওয়াড়গাঁও-এর সন্ধি স্বাক্ষর করিতে বাধ্য হইল। তাহারা রঘুনাথ রাও-এর পক্ষ ত্যাগ করিল। এই সন্ধি ইংরেজদের মর্যাদায় চরম আঘাত হানিল। কিন্তু ওয়ারেন হেষ্টিংস্ এই চুক্তি অস্বীকার করিয়া যুদ্ধ চালাইয়া যাইতে লাগিলেন। শেষ পর্যন্ত মাহাদ্জী সিন্ধিয়ার মধ্যস্থতায় উভয় পক্ষের মধ্যে সল্‌বই-এর সন্ধি স্বাক্ষরিত হইল। নারায়ণ রাও-এর পুত্র (দ্বিতীয়) মাধব রাও নারায়ণকে ইংরেজগণ পেশওয়া বলিয়া স্বীকার করিয়া লইল। রাঘোবাকে বাৎসরিক ভাতা দানের ব্যবস্থা করা হইল। সল্‌সেট ইংরেজদের অধিকারেই রহিয়া গেল।

সল্‌বই-এর সন্ধি (১৭৮২ খ্রীঃ)

ইংরেজগণ হায়দর আলির সহিত পরস্পর সামরিক সাহায্যের চুক্তি স্বাক্ষর করিয়াছিল। তাহা সত্ত্বেও তাহারা হায়দর আলিকে মারাঠাদের বিরুদ্ধে কোনপ্রকার সাহায্য দান করে নাই। আমেরিকার স্বাধীনতা যুদ্ধে ফরাসিগণ ঔপনিবেশিকদের পক্ষ অবলম্বন করিয়া ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে। সেই সূত্রে ভারতেও ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব শুরু হয়। ইংরেজগণ ফরাসীদের ভারতীয় উপনিবেশগুলি অধিকার করে। মহীশূর রাজ্যের অধীন মাহে বন্দরটি ইংরেজ সেনাপতি আয়ার কূট দখল করিলে হায়দর আলি স্বভাবতই ইংরেজদের উপর আরও চটিয়া গেলেন। এদিকে ইংরেজগণ গুন্টুর জেলা অধিকার করিলে হায়দরাবাদের নিজামও ইংরেজদের উপর বিরক্ত হইলেন। হায়দর আলি ইংরেজদের বিশ্বাসঘাতকতা এবং মাহে দখলের উপযুক্ত শাস্তি দিবার জন্য মারাঠাদের সহিত যুগ্মভাবে ইংরেজদের আক্রমণ করিলেন। এই যুদ্ধ দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ নামে পরিচিত। ইংরেজগণ গুন্টুর জেলা নিজামকে ফিরাইয়া দিয়া তাঁহাকে দলে টানিল এবং মারাঠাগণকেও হায়দরের পক্ষ ত্যাগ করিতে প্ররোচিত করিল। কিন্তু হায়দর আলি নির্ভীকভাবে ইংরেজদের সহিত যুঝিয়া চলিলেন। কর্ণেল বেইলীর অধীন এক বিশাল ইংরেজ সেনাবাহিনীকে তিনি পরাজিত করিলেন। কিন্তু আয়ার কূটের হস্তে তাঁহার পরাজয় ঘটিল। এদিকে তাঞ্জোরের নিকট এক যুদ্ধে ইংরেজ সেনাপতি ব্রেইথ্‌ওয়েইটকে হায়দর আলির পুত্র টিপু সুলতান পরাজিত করিলে কোন পক্ষেরই চূড়ান্ত জয় বা পরাজয় নির্ণীত হইল না। এমন সময় ইংরেজ-বিদ্বেষী ফরাসী সরকার ইংরেজদের বিরুদ্ধে এক নৌ-বহর ভারত মহাসাগরের দিকে প্রেরণ করিলে হায়দরের ইংরেজ বিতাড়নের আকাঙ্ক্ষা জয়যুক্ত হইতে চলিল। কিন্তু ইংরেজদের সহিত কোনপ্রকার চূড়ান্ত নিষ্পত্তি হইবার পূর্বেই ১৭৮২ খ্রীষ্টাব্দে হায়দর আলির মৃত্যু ঘটিল। তাঁহার মৃত্যুর পরও তাঁহার সুযোগ্য পুত্র টিপু সুলতান যুদ্ধ চালাইয়া যাইতে লাগিলেন। ১৭৮৩ খ্রীষ্টাব্দে ভার্সাই-এর সন্ধি দ্বারা ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের অবসান ঘটিলে ভারতে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের সমাপ্তি ঘটিল। ১৭৮৪ খ্রীষ্টাব্দে ম্যাঙ্গালোরের সন্ধি দ্বারা ভারতে পরস্পর পরস্পরের অধিকৃত রাজ্য ফিরাইয়া দিলে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের শেষ পর্যায়ের পরিসমাপ্তি ঘটিল। আমেরিকার ঔপনিবেশিকদেরও স্বাধীনতা ইংরেজগণ স্বীকার করিয়া লইল।

দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের কারণ

ইংরেজদের সহিত হায়দর আলির যুদ্ধ

ভার্সাই-এর সন্ধি (১৭৮৩ খ্রীঃ)

ম্যাঙ্গালোরের সন্ধি (১৭৮৪ খ্রীঃ)

দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের প্রয়োজনীয় অর্থ ওয়ারেন হেস্টিংস্‌কে যোগাড় করিতে হইয়াছিল। নানা প্রকার বৈধ ও অবৈধ উপায়ে তিনি কোম্পানির এই অর্থসঙ্কট দূর করিতে সমর্থ হইয়াছিলেন।

ওয়ারেন হেস্টিংস্ কর্তৃক অর্থসংস্থান

হেস্টিংসের অত্যাচারী শাসনের খবরাদি ইংলণ্ডে পৌঁছিতে লাগিলে সেখানে তাঁহার বিরুদ্ধে এক জনমতের সৃষ্টি হইল। ফলে ওয়ারেন হেস্টিংস্ আর গবর্নর-জেনারেল পদে বহাল থাকা নিরাপদ মনে না করিয়া পদত্যাগপূর্বক স্বদেশে চলিয়া গেলেন (১৭৮৫ খ্রীঃ)। কিন্তু সে-যুগের ইংরেজ রাজনীতিকগণ—বার্ক, ফক্স্, শেরিড্যান প্রভৃতি ওয়ারেন হেস্টিংসের অত্যাচার ও অবৈধ আচরণের বিচার চাহিলে কমন্স সভা কর্তৃক লর্ড সভার নিকট তাঁহাকে রোহিলা যুদ্ধ, চৈৎ সিংহ ও অযোধ্যার বেগমদের উপর অত্যাচার-অবিচারের অভিযোগে অভিযুক্ত করা হইল। প্রথমে তাঁহার বিরুদ্ধে অন্যান্য আরও অভিযোগ করা হইয়াছিল। অবশেষে চৈৎ সিংহ ও অযোধ্যার বেগমদের প্রতি অন্যায় আচরণের অভিযোগই রাখা হইয়াছিল। দীর্ঘ সাত বৎসর ধরিয়া (১৭৮৮-৯৫ খ্রীঃ) তাঁহার বিচার চলিল। শেষ পর্যন্ত তিনি নির্দোষ প্রমাণিত হইলেন। কিন্তু এই দীর্ঘকাল ধরিয়া বিচার চলিবার ফলে তাঁহার আর্থিক অবস্থা শোচনীয় হইয়া পড়িয়াছিল। কিন্তু এই বিচারের ফলে ভারতীয় শাসনব্যবস্থা কতকটা উদার হইয়া উঠে।

ওয়ারেন হেস্টিংসের পদত্যাগ ও ইম্পীচমেন্ট

ওয়ারেন হেস্টিংসের চরিত্র ও কৃতিত্ব বিচার **(Character and Estimate of Warren Hastings):** ভারতে ইংরেজ প্রভুত্বের ইতিহাসের এক অতিশয় সঙ্কট মুহূর্তে ওয়ারেন হেস্টিংস্ বাংলার গবর্নর-পদে নিযুক্ত হইয়া আসিয়াছিলেন। ১৭৭২ খ্রীষ্টাব্দ হইতে ১৭৮৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত বাংলা তথা ভারতে ইংরেজ শাসনের যাবতীয় দায়িত্ব ও পরিদর্শন ভার ছিল তাঁহার উপর। এই গুরু দায়িত্ব গ্রহণ করা দুর্বলচেতা ব্যক্তির পক্ষে সম্ভব হইত না। হেস্টিংসের কার্যকলাপের পরিপ্রেক্ষিতে ঐতিহাসিকগণ তাঁহার চরিত্রের পরস্পর-বিরোধী বিশ্লেষণ করিয়াছেন। কোম্পানির স্বার্থরক্ষার জন্য চৈৎ সিংহের উপর অত্যাচার, অযোধ্যার বেগমদের প্রতি বর্বরোচিত আচরণ, মহারাজ নন্দকুমারের প্রতি অমানুষিকতা, রোহিলা যুদ্ধে লোভ, স্বার্থপরতা প্রভৃতি তাঁহার প্রতি সকল নিরপেক্ষ বিচারকেরই মনে ঘৃণার উদ্রেক করিয়াছে। তিনি মিথ্যাচারী, হৃদয়হীন, স্বার্থপর ও অর্থলোভী ছিলেন সেকথা অনস্বীকার্য। কিন্তু কোম্পানি ও ব্রিটিশ স্বার্থের দিক হইতে বিচার করিলে ওয়ারেন হেস্টিংস্‌কে প্রশংসা করিতে হয়। কোম্পানির বাণিজ্যের প্রসারের জন্য তিনি তিব্বতে জর্জ বোগ্‌ল (George Bogle) নামে জনৈক ইংরেজ কর্মচারীর নেতৃত্বে একটি বাণিজ্য-মিশন প্রেরণ করিয়াছিলেন। ইহা ভিন্ন, তিনি নেপালের সহিতও বাণিজ্য-সম্পর্ক স্থাপনের চেষ্টা করিয়াছিলেন। তিনি বাংলাদেশে তথা ভারতে ব্রিটিশ প্রাধান্য স্থায়ী ভিত্তিতে গঠন করিয়া গিয়াছিলেন। তাঁহার প্রবর্তিত বিচারব্যবস্থার সংস্কার, আইনের সংস্কার, তাঁহার বিদ্যোৎসাহিতা, রয়েল এশিয়াটিক সোসাইটি, কলিকাতা মাদ্রাসা, কলেজ

চরিত্র

কৃতিত্ব

প্রভৃতি স্থাপনকার্যে তাঁহার পৃষ্ঠপোষকতা তাঁহাকে বাংলাদেশ তথা ভারত-ইতিহাসে এক মর্যাদাপূর্ণ আসন দান করিয়াছে। হলহেড্ সাহেব কর্তৃক বাংলা ব্যাকরণ রচনা, উইলকিন্সন্ সাহেব কর্তৃক গীতার ইংরেজী অনুবাদ, পুস্তক মুদ্রণ প্রভৃতি তাঁহার পৃষ্ঠপোষকতায়ই সম্ভব হইয়াছিল।

মহীশূর রাজ্য : হায়দর আলি (Mysore : Hyder Ali) : অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ভারতে যখন ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি সুদৃঢ়ভাবে স্থাপিত হইতেছিল তখন মহীশূর রাজ্যে হায়দর আলি নামে এক পরাক্রান্ত শাসকের উত্থান ঘটে। প্রথম জীবনে হায়দর আলি ছিলেন একজন সাধারণ সৈনিক। তিনি মহীশূরের হিন্দু রাজার প্রধান মন্ত্রী নঞ্জরাজের সুনজরে পড়েন। মহীশূর রাজ্যের সেনাবাহিনীতে তাঁহাকে চাকরি দেওয়া হয় (১৭৪৯ খ্রীঃ)। হায়দর আলির বয়স তখন ২৭ বৎসর। ক্রমে তাঁহার কর্মদক্ষতায় খুশি হইয়া নঞ্জরাজ তাঁহাকে দিন্দিগুল নামক প্রদেশের শাসনকর্তা-পদে নিযুক্ত করেন। কিন্তু শেষ পর্যন্ত হায়দর আলি নিজেই মহীশূর রাজ্যের সিংহাসন দখল করিয়া লইলেন। দক্ষিণ-ভারতে সেই সময়ে যে রাজনৈতিক গোলযোগের সৃষ্টি হইয়াছিল উহার সুযোগ লইয়া হায়দর আলি বেদনুর, সুন্দা, সেরা, গুটি প্রভৃতি স্থান অধিকার করিয়া মহীশূর রাজ্যের সীমা বিস্তার করেন।

হায়দর আলির প্রথম জীবন



হায়দর আলি

মহীশূরের সিংহাসন দখল

প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ (First Anglo-Mysore War) : হায়দর আলির ক্ষমতা, রাজ্য ও প্রতিপত্তি বৃদ্ধি হায়দরাবাদের নিজাম, মারাঠা ও ইংরেজ—কাহারও‌ই নিরাপত্তার দিক দিয়া কাম্য ছিল না। মারাঠাগণই প্রথমে হায়দর আলির বিরুদ্ধে অস্ত্রধারণ করিল। ১৭৬৫ খ্রীষ্টাব্দে তাহারা মহীশূর আক্রমণ করিয়া হায়দর আলিকে পরাজিত করে এবং গুটি ও সাবনুর নামক স্থান দুইটি মারাঠাদিগের নিকট ছাড়িয়া দিতে বাধ্য করে। পর বৎসর ইংরেজ, মারাঠাগণ ও নিজামের মধ্যে হায়দরের বিরুদ্ধে এক চুক্তি স্বাক্ষরিত হয়। সুচতুর হায়দর আলি মারাঠাদিগকে প্রচুর অর্থ দান করিয়া নিজ পক্ষে টানিয়া লন। ইহার পর ইংরেজগণ ও নিজাম হায়দরের রাজ্য আক্রমণ করিলে ইংরেজ-আশ্রিত কর্ণাটের নবাব মহম্মদ আলির প্রতি শত্রুভাবাপন্ন ভ্রাতা মাহ্ফুজ খাঁ নিজামকে হায়দরের বিরুদ্ধে অস্ত্র ত্যাগ করিতে রাজী করাইলেন। নিজাম ইংরেজ পক্ষ ত্যাগ করিয়া হায়দর আলির পক্ষে যোগদান করিলেন। কিন্তু

মারাঠা, নিজাম ও ইংরেজদের সহিত হায়দরের সংঘর্ষ

নিজাম নির্ভরযোগ্য মিত্র ছিলেন না। অল্পকালের মধ্যেই তিনি হায়দরের পক্ষ ত্যাগ করিলেন। এমনকি ইংরেজ ও কর্ণাটের নবাবের সহিত সঙ্ঘবদ্ধ হইয়া হায়দর আলির বিরুদ্ধে অস্ত্রধারণ করিলেন। কিন্তু হায়দর আলি ইহাতেও দমিবার পাত্র ছিলেন না। তিনি বোম্বাই সরকারের সেনাবাহিনীকে পরাজিত করিয়া ম্যাঙ্গালোর পুনরুদ্ধার করিলেন এবং সসৈন্যে মাদ্রাজের অনতিদূরে আসিয়া উপস্থিত হইলেন। ইংরেজগণ হায়দর আলির রাজ্য হইতে পূর্বে যে-সকল স্থান অধিকার করিয়া লইয়াছিল তাহা ফিরাইয়া দিয়া সন্ধি স্থাপন করিল (১৭৬৯ খ্রীঃ)। ভবিষ্যতে ইংরেজগণ বা হায়দর আলি কোন তৃতীয় পক্ষ কর্তৃক আক্রান্ত হইলে পরস্পর পরস্পরকে সাহায্য করিবে এই শর্তও স্বীকৃত হইল। উভয় পক্ষে বন্দী বিনিময় হইল। এইভাবে প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান ঘটিল।

প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ

হায়দরের জয়লাভ

দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (Second Anglo-Mysore War): ১৭৭১ খ্রীষ্টাব্দে মারাঠাগণ হায়দর আলির রাজ্য আক্রমণ করিলে তিনি ১৭৬৯ খ্রীষ্টাব্দের সন্ধির শর্ত অনুসারে ইংরেজদের নিকটসাহায্য চাহিয়া নিরাশ হইলেন। ইহাতে তিনি স্বভাবতই ক্ষুব্ধ হইলেন এবং বিশ্বাসঘাতকতার জন্য ইংরেজদের যথাযোগ্য শাস্তি দিতে বদ্ধপরিকর হইলেন। ১৭৭৯ খ্রীষ্টাব্দে নিজাম ও মারাঠাদের মধ্যে এক ইংরেজ-বিরোধী মৈত্রী স্থাপিত হইলে হায়দর আলি উহাতে যোগদান করিলেন। এদিকে মহীশূর রাজ্যের অন্তর্গত ফরাসী বাণিজ্য-কেন্দ্র ও বন্দর মাহে ইংরেজগণ দখল করিলে হায়দর আলি ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। হায়দর আলি আশী হাজার সৈন্য ও এক শত বন্দুক লইয়া কর্ণাট আক্রমণ করিলেন (১৭৮০ খ্রীঃ)। কর্ণাট তাঁহার পদানত হইল। ইংরেজদের অবস্থা তখন সঙ্কটাপন্ন হইয়া পড়িয়াছে। ওয়ারেন হেষ্টিংস্ সার্ আয়ার কূটকে ইংরেজদের স্বার্থরক্ষা করিবার উদ্দেশ্যে প্রেরণ করিলেন। ইহা ভিন্ন কূটকৌশলে তিনি নিজাম ও মাহাদ্‌জী সিন্ধিয়াকে হায়দর আলির পক্ষ ত্যাগ করিতে রাজী করাইলেন। হায়দর আলি এই পরিস্থিতিতেও একাকী যুঝিয়া চলিলেন। কিন্তু পোর্টোনোভোর যুদ্ধে ইংরেজ সেনাপতি সার্ আয়ার কূটের হস্তে তাঁহার পরাজয় ঘটিল (১৭৮১ খ্রীঃ)। নেগাপট্টম, ত্রিন্‌কোমালি প্রভৃতি স্থানও ইংরেজগণ কর্তৃক অধিকৃত হইল। কিন্তু টিপু সুলতানের হস্তে ইংরেজ কর্ণেল ব্রেইথ্‌ওয়েইট তাঞ্জোরের নিকট পরাজিত হইলেন। সেই সময়ে এক ফরাসী নৌ-বহর ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করিবার উদ্দেশ্যে দক্ষিণ-ভারতের দিকে উপস্থিত হইলে হায়দর আলির আশা ও উৎসাহ বৃদ্ধি পাইল। কিন্তু ফরাসী সাহায্যলাভের পূর্বেই তিনি মৃত্যুমুখে পতিত হইলেন (১৭৮২ খ্রীঃ)।

ইংরেজদের বিশ্বাসঘাতকতা

দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের গতি

হায়দরের মৃত্যু (১৭৮২ খ্রীঃ)

হায়দর আলির চরিত্র ও কৃতিত্ব (Character and Estimate of Hyder Ali): হায়দর আলি অতি সাধারণ সৈনিক হিসাবে তাঁহার কর্মজীবন শুরু করিয়া নিজ কর্মকুশলতার ফলে ক্রমে মহীশূর রাজ্যের সিংহাসন অধিকার করিয়াছিলেন। নৈতিকতার দিক হইতে বিচার করিলে তাঁহার এই বলপূর্বক সিংহাসন

অধিকার বিশেষত নিজ পৃষ্ঠপোষক নঞ্জরাজের প্রতি বিশ্বাসঘাতকতা তাঁহার চরিত্রকে ম্লান করিয়াছে একথা বলিতে হইবে। তথাপি অধ্যবসায়, স্বাধীনতা-স্পৃহা, দেশরক্ষার জন্য তাঁহার অক্লান্ত শ্রম প্রভৃতি তাঁহাকে সম্মানের এক অত্যুচ্চ আসনে স্থাপন করিয়াছে। হায়দর আলি লেখাপড়া জানিতেন না বটে, কিন্তু তাঁহার তীক্ষ্ণবুদ্ধি ও অনন্যসাধারণ স্মৃতিশক্তি তাঁহার শিক্ষার অভাব হেতু যে-সকল ত্রুটি ঘটিতে পারে তাহা দূর করিতে সাহায্য করিয়াছিল। তিনি ছিলেন নির্ভীক, দূরদর্শী ও কঠোর পরিশ্রমী। শাসনকার্যে তিনি দক্ষতার পরিচয় দান করিয়াছিলেন। স্মিথ প্রমুখ ঐতিহাসিক হায়দর আলিকে কঠোর, অত্যাচারী, নীতিজ্ঞানহীন শাসক হিসাবে বর্ণনা করিয়াছেন। কিন্তু উইল্‌কস প্রমুখ অপরাপর বহু ঐতিহাসিক প্রকৃত ঐতিহাসিক তথ্যাদির উপর নির্ভর করিয়া তাঁহাকে ধর্মভীরু, পরধর্মসহিষ্ণু, নির্ভীক ও অকপট শাসক বলিয়া বিবৃত করিয়াছেন। হায়দর আলির চরিত্রে দোষ অপেক্ষা গুণের প্রাধান্য ছিল ইহা অনস্বীকার্য।

তাঁহার চরিত্র

হায়দরের চরিত্র সম্পর্কে পরস্পর-বিরোধী মতামত

***টিপু সুলতান* (Tipu):** হায়দর আলির মৃত্যুর পর তাঁহার সুযোগ্য পুত্র টিপু সুলতান ইংরেজদের সহিত বীর-বিক্রমে যুঝিয়া চলিলেন। ১৭৮৩ খ্রীষ্টাব্দে তিনি ইংরেজ সেনাপতি ম্যাথুস্‌কে তাঁহার সেনাবাহিনীসহ বন্দী করেন। এইভাবে যখন ইংরেজ ও টিপুর মধ্যে যুদ্ধ চলিতেছে তখন ইংরেজ ও ফরাসী যুদ্ধের অবসান ঘটে। সেই যুদ্ধাবসানের ফলে ভারতবর্ষেও ইঙ্গ-ফরাসী যুদ্ধের অবসান হইল। মাদ্রাজের ইংরেজ গবর্নর লর্ড ম্যাকার্টনি টিপুর সহিত যুদ্ধ মিটাইয়া লইবার উদ্দেশ্যে সন্ধির প্রস্তাব করিলেন। ১৭৮৪ খ্রীষ্টাব্দে ম্যাঙ্গালোরের সন্ধি দ্বারা টিপুর সহিত ইংরেজদের যুদ্ধের অবসান ঘটিল। উভয় পক্ষ পরস্পর পরস্পরকে বিজিত স্থান ফিরাইয়া দিল।

ম্যাঙ্গালোরের সন্ধি (১৭৮৪ খ্রীঃ)



টিপু সুলতান

***ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক কোম্পানির কার্য-নিয়ন্ত্রণ* (British Parliamentary Interference in Company's Affairs):** (১) **লর্ড নর্থের রেগুলেটিং এ্যাক্ট, ১৭৭৩ খ্রীঃ (Lord North's Regulating Act):** অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে ভারতে ইংরেজ প্রাধান্য বিস্তারলাভ করিলে এবং সেই সূত্রে ইংরেজ ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানি বাণিজ্য-প্রতিষ্ঠান হইতে রাজনৈতিক প্রতিষ্ঠানে পরিণত হইলে নানা প্রকার বিশৃঙ্খলা ও অব্যবস্থা দেখা দিল। একটি বাণিজ্য-প্রতিষ্ঠানের উপর

এই আইনের প্রয়োজনীয়তা

সাম্রাজ্য শাসনের ভার এবং নিরঙ্কুশ ক্ষমতা ন্যস্ত রাখিবার অযৌক্তিকতা উপলব্ধি করিয়া ব্রিটিশ পার্লামেণ্ট কোম্পানির ভারত-শাসন ব্যাপারে হস্তক্ষেপ করা উচিত মনে করে। ইংলণ্ডের প্রধান মন্ত্রী লর্ড নর্থ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির ভারত-শাসনের কার্যকলাপ নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে 'রেগুলেটিং এ্যাক্ট্' নামে একটি আইন পাস করেন। এই আইন অনুসারে বাংলার গবর্নরকে ভারতে ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির অধিকৃত স্থানসমূহের গবর্নর-জেনারেল পদে উন্নীত করা হয়। তাঁহাকে বোম্বাই ও মাদ্রাজ সরকারের উপর পরিদর্শনক্ষমতা দেওয়া হয়।

গবর্নর-জেনারেল

গবর্নর-জেনারেল ও অপর চারিজন সদস্য লইয়া একটি কাউন্সিল নিযুক্ত করা হইল। এই কাউন্সিলের প্রথম চারিজন সদস্যের নাম রেগুলেটিং এ্যাক্টে উল্লেখ করিয়া দেওয়া হয়—জেনারেল ক্ল্যাভারিং, কর্ণেল মন্‌সন্, ফিলিপ ফ্রান্সিস্ ও রিচার্ড বার্‌ওয়েল। গবর্নর-জেনারেল শাসন সংক্রান্ত বিষয়ে এই কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠের মত অনুযায়ী চলিবেন।

গবর্নর-জেনারেলের কাউন্সিল

কলিকাতা ফোর্ট উইলিয়ামে সুপ্রীম কোর্ট নামে একটি আদালত স্থাপন করা হয়। অপরাপর সকল বিচারালয় হইতে আপীলের বিচারের ভার সুপ্রীম কোর্টের উপর ন্যস্ত করা হয়। একজন প্রধান বিচারপতি ও তিনজন সাধারণ বিচারপতি লইয়া এই বিচারালয় গঠিত ছিল। সার্ এলিজা ইম্পে এই বিচারালয়ের সর্বপ্রথম প্রধান বিচারপতি নিযুক্ত হন।

সুপ্রীম কোর্ট

রেগুলেটিং এ্যাক্ট্ পাস করিবার পশ্চাতে যে উদ্দেশ্য ছিল তাহা সমর্থনযোগ্য, বলা বাহুল্য। কিন্তু এই আইনের কতকগুলি মারাত্মক ত্রুটি থাকায় ইহা তেমন সহায়ক হইতে পারে নাই।

রেগুলেটিং এ্যাক্টের দোষত্রুটি

প্রথমত, কলিকাতা কাউন্সিল এবং মাদ্রাজ ও বোম্বাই সরকারের মধ্যে পরস্পর সম্পর্ক এই আইনে সুস্পষ্টভাবে বলিয়া দেওয়া হয় নাই।

দ্বিতীয়ত, গবর্নর-জেনারেলের কাউন্সিল ও সুপ্রীম কোর্টের মধ্যে ক্ষমতা বণ্টন ও সম্পর্ক বিষয়ে কোন কিছু উল্লেখ না থাকায় এই দুই-এর মধ্যে অল্পদিনের ভিতরেই নানা প্রকার গোলযোগের সৃষ্টি হয়।

তৃতীয়ত, গবর্নর-জেনারেলের কাউন্সিলের সদস্যগণের অধিকাংশেরই ভারত-শাসন সম্পর্কে কোন অভিজ্ঞতা ছিল না। অথচ তাঁহাদের অধিকাংশের মতামত অনুসারে গবর্নর-জেনারেলকে চলিতে হইবে এই শর্ত দ্বারা গবর্নর-জেনারেলের কার্যদক্ষতা বহুল পরিমাণে হ্রাস করা হইয়াছিল। হেষ্টিংস্ ও কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ দলের মধ্যে শীঘ্রই বিরোধের সৃষ্টি হইয়াছিল।

(২) পিটের ভারত-আইন, ১৭৮৪ খ্রীঃ (Pitt's India Act): ১৭৮৪ খ্রীষ্টাব্দে পিটের ভারত-আইন ব্রিটিশ সরকার কর্তৃক ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির কার্য-কলাপে হস্তক্ষেপের দ্বিতীয় পদক্ষেপ। ওয়ারেন হেষ্টিংসের ঔদ্ধত্য ও অত্যাচারের কথা ইংলণ্ডেও প্রচারলাভ করিলে সেখানে তাঁহার বিরুদ্ধে এক আন্দোলনের সৃষ্টি হয়। ইহা ভিন্ন, লর্ড নর্থ কর্তৃক প্রবর্তিত রেগুলেটিং

প্রয়োজনীয়তা

এ্যাক্টের কতকগুলি আইনগত ত্রুটির ফলে সুপ্রীম কোর্ট ও গবর্নর-জেনারেলের কাউন্সিল, গবর্নর-জেনারেল স্বয়ং ও তাঁহার নিজ কাউন্সিলের মধ্যে পরস্পর এক তীব্র বিরোধিতার সৃষ্টি হইয়াছিল। এই সকল ত্রুটি দূরীকরণের উদ্দেশ্যে এবং কোম্পানি কর্তৃক ভারত-শাসনে শৃঙ্খলা ও দায়িত্বশীলতা বৃদ্ধি করিবার জন্য প্রধান মন্ত্রী উইলিয়াম পিট্ ১৭৮৪ খ্রীষ্টাব্দে ভারত-আইন পাস করেন। এই আইন অনুসারে গবর্নর-জেনারেলের কাউন্সিল তিনজন সদস্য লইয়া গঠিত হয়। এই তিনজনের একজন হইবেন কোম্পানির সেনাধ্যক্ষ। গবর্নর-জেনারেল ও তাঁহার কাউন্সিলের মধ্যে কোনপ্রকার মতভেদ হইলে গবর্নর-জেনারেল অতিরিক্ত ভোট দ্বারা নিজ মতের প্রাধান্য দান করিতে পারিবেন একথা স্থির হয়। কোম্পানির ডাইরেক্টর সভার অনুমতি ভিন্ন গবর্নর-জেনারেল বা তাঁহার কাউন্সিল কোন দেশীয় রাজ্যের সহিত যুদ্ধে লিপ্ত হইতে পারিবেন না ইহাও স্থির হয়। গবর্নর-জেনারেল ও তাঁহার কাউন্সিলের হস্তে বোম্বাই ও মাদ্রাজ সরকারের উপর নিয়ন্ত্রণক্ষমতা পূর্বাপেক্ষা অধিক পরিমাণে ন্যস্ত করা হয়। ইংলণ্ডস্থ কোম্পানির কর্তৃপক্ষের ক্ষমতা কতক পরিমাণে হ্রাস করিয়া ছয়জন সদস্য লইয়া একটি 'কণ্ট্রোল বোর্ড' (Board of Control) গঠিত হয়। এই সভার সভাপতি হন ব্রিটিশ মন্ত্রিসভার একজন সদস্য। কোম্পানির ডাইরেক্টরগণ এই সভার নিকট তাঁহাদের যাবতীয় কাগজপত্রাদি পেশ করিতে বাধ্য থাকিবেন এবং কোম্পানির শাসনকার্যাদি কণ্টোল বোর্ডের নির্দেশমত চলিবে। এইভাবে ব্রিটিশ সরকার ভারত-শাসন ব্যাপারে পূর্বাপেক্ষা অধিক পরিমাণে ও সরাসরিভাবে দায়িত্ব গ্রহণ করিতে অগ্রসর হন।

গবর্নর-জেনারেল ও তাঁহার কাউন্সিল

গবর্নর-জেনারেলের ক্ষমতাবৃদ্ধি

'কণ্ট্রোল বোর্ড' (Board of Control)

উপরি-উক্ত শর্তাদি ভিন্ন কণ্ট্রোল বোর্ডের নির্দেশমত কার্য চালাইলে কোম্পানির অংশীদারগণের সেই সকল কার্য সম্পর্কে কোন কিছু করিবার ক্ষমতা বা অধিকার আর রহিল না। ইহা ভিন্ন, কোম্পানির শাসন সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে আলোচনা ও নীতি-নির্ধারণের জন্য 'গোপন সমিতি' (Secret Commitree) নামে একটি সমিতি গঠিত হয়। এইভাবে অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ব্রিটিশ সরকার ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির ভারত-শাসন ব্যাপারে হস্তক্ষেপ করেন।

'গোপন সমিতি' (Secret Committee)

পিট্-প্রবর্তিত ভারত-আইন (Pitt's India Act) ব্রিটিশ সরকার কর্তৃক ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির শাসন সংক্রান্ত এবং ভারতীয় নৃপতিদের সহিত সম্পর্কের ব্যাপারে হস্তক্ষেপের দ্বিতীয় পদক্ষেপ। সর্বপ্রথম পদক্ষেপ ছিল লর্ড নর্থের 'রেগুলেটিং এ্যাক্ট্'। পরবর্তী গবর্নর-জেনারেল লর্ড কর্নওয়ালিসকে পিটের ভারত-আইনের শর্ত অনুযায়ী ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির শাসনকার্য পরিচালনার—অর্থাৎ পিটের ভারত-আইন কার্যকরী করিবার উদ্দেশ্যেই প্রেরণ করা হইয়াছিল।


সপ্তবিংশ অধ্যায়

ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের প্রসার : কর্নওয়ালিস ও ওয়েলেস্‌লী

(Expansion of British Empire in India : Cornwallis and Wellesley)

লর্ড কর্নওয়ালিস, ১৭৮৬-৯৩ খ্রীঃ (Lord Cornwallis) : ১৭৮৫ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেষ্টিংস্ গবর্নর-জেনারেলের পদ ত্যাগ করিলে সার্ জন্ ম্যাক্‌ফারসন্ (১৭৮৫-৮৬ খ্রীঃ) অস্থায়ী গবর্নর-জেনারেলের কাজ করিতে লাগিলেন। তারপর লর্ড কর্নওয়ালিস স্থায়ী গবর্নর-জেনারেল নিযুক্ত হইয়া আসিলেন। কোম্পানির আভ্যন্তরীণ দুর্নীতি দূর করিয়া কোম্পানির শাসনব্যবস্থাকে সুষ্ঠু ও সুবিন্যস্ত করিবার বিশেষ দায়িত্ব দিয়া লর্ড কর্নওয়ালিসকে ভারতবর্ষে পাঠানো হইয়াছিল। এইজন্য তাঁহাকে কতকগুলি বিশেষ ক্ষমতা দেওয়া হইয়াছিল। কর্নওয়ালিস ছিলেন ইংলণ্ডের এক অতি সম্রান্ত পরিবারের সন্তান। আমেরিকার স্বাধীনতা যুদ্ধে তিনি ইংরেজ সৈন্যাধ্যক্ষ হিসাবে কাজ করিয়াছিলেন। এই সকল কারণে তাঁহাকে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের গবর্নর-জেনারেল ভিন্ন ইংরেজ সেনাবাহিনীর সেনাপতির পদও দেওয়া হইয়াছিল। ইহা ভিন্ন, তাঁহাকে কাউন্সিলের অধিকাংশ সদস্যের মতামত উপেক্ষা করিয়া নিজের বিবেচনা অনুযায়ী শাসনকার্য পরিচালনা করিবার ক্ষমতাও দেওয়া হইয়াছিল।

লর্ড কর্নওয়ালিসের গবর্নর-জেনারেল পদে নিয়োগ—বিশেষ ক্ষমতা



লর্ড কর্নওয়ালিস

তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (Third Anglo-Mysore War) : পিট্ কর্তৃক প্রবর্তিত ভারত-আইন অনুসারে ভারতীয় নৃপতিদের সহিত কোনপ্রকার যুদ্ধ-বিগ্রহে অবতীর্ণ হওয়া নিষিদ্ধ ছিল। একমাত্র আত্মরক্ষার জন্য তাহা করা চলিবে এইরূপ নির্দেশ এই আইনে ছিল। কিন্তু প্রথম কয়েক বৎসর লর্ড কর্নওয়ালিস পিটের ভারত-আইন অনুসারে যুদ্ধ-বিগ্রহাদি হইতে নির্লিপ্ত থাকিলেও শেষ পর্যন্ত তাঁহাকে যুদ্ধ-নীতি অবলম্বন করিতে হইয়াছিল। লর্ড কর্নওয়ালিস হায়দরাবাদের নিজামের সহিত কোম্পানির মিত্রতা সম্পর্কে আলোচনাকালে টিপু সুলতানের কোন উল্লেখ

করেন নাই। টিপু সুলতান এই সংবাদ পাইলে স্বভাবতই ইংরেজদের মতলব সম্পর্কে সন্দিহান হইয়া উঠেন। তদুপরি তদানীন্তন ভারতে ইংরেজ-বিরোধী শক্তিগুলির মধ্যে মহীশূর রাজ্য ছিল অন্যতম প্রধান। এই কারণেও ইংরেজ ও টিপুর মধ্যে তেমন সদ্ভাব থাকিবার কথা নহে। যাহা হউক, ১৭৮৯ খ্রীষ্টাব্দে টিপু সুলতান ইংরেজদের আশ্রিত রাজ্য ত্রিবাঙ্কুর আক্রমণ করিলে তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ শুরু হয়। ইংরেজগণ ভিন্ন মারাঠাগণ ও নিজাম টিপু সুলতানের শক্তিতে ভীত ছিলেন। সুতরাং মারাঠা-নিজাম-ইংরেজ—এই তিন পক্ষের সম্মিলিত বাহিনী টিপুর সহিত যুদ্ধে অবতীর্ণ হইল। টিপু সুলতান দীর্ঘ দুই বৎসর ধরিয়া এই সম্মিলিত বাহিনীর আক্রমণ প্রতিহত করিয়া চলিলেন। অবশেষে, শত্রুপক্ষ টিপু সুলতানের রাজধানী শ্রীরঙ্গপত্তম্ অবরোধ করিলে টিপু বাধ্য হইয়া শ্রীরঙ্গপত্তমের সন্ধি

কারণ



ইংরেজদের হস্তে টিপুর সন্তানদ্বয়কে প্রদান

স্বাক্ষর করিলেন (১৭৯২ খ্রীঃ)। এই সন্ধির শর্ত অনুসারে টিপুকে তাঁহার অর্ধেক রাজ্য ছাড়িয়া দিতে হইল। ইহা ভিন্ন, এক বিশাল পরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে তাঁহাকে দিতে হইল। তদুপরি টিপুর দুই পুত্রকে ইংরেজগণের নিকট প্রতিভূস্বরূপ প্রেরণ করিতে হইল। টিপু সুলতানের রাজ্যাংশ ইংরেজ, নিজাম ও মারাঠাগণ নিজেদের মধ্যে বণ্টন করিয়া লইল। মাদুরা, সালেম জেলার কিয়দংশ, কুর্গ, মালাবার প্রভৃতি ইংরেজ কোম্পানির অধিকারে আসিল।

শ্রীরঙ্গপত্তমের সন্ধি (১৭৯২ খ্রীঃ)

লর্ড কর্ণওয়ালিস ও মারাঠা শক্তি (Lord Cornwallis and the Marathas): পিটের ভারত-আইনের শর্ত অনুযায়ী ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি ভারতীয় নৃপতিদের যুদ্ধ-বিগ্রহে অংশগ্রহণ করিবে না এই স্থির হইয়াছিল। এইজন্য

লর্ড কর্নওয়ালিস মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমকে দিল্লীর সিংহাসন দখল করিবার ব্যাপারে কোনপ্রকার সাহায্যদান করেন নাই। মারাঠাদের সহিত লর্ড কর্নওয়ালিস মিত্রতা রক্ষা করিয়াই চলিয়াছিলেন। কিন্তু মাহাদ্জী সিন্ধিয়া অযোধ্যা রাজ্যের নিরাপত্তা যাহাতে ক্ষুণ্ণ না করিতে পারেন সেইজন্য কর্নওয়ালিস তাঁহাকে সতর্ক করিয়া দিতে ত্রুটি করেন নাই। যাহা হউক, টিপু সুলতানের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেও লর্ড কর্নওয়ালিসের শাসনকালে মোটামুটিভাবে শান্তি বজায় ছিল বলিলে ভুল হইবে না।

লর্ড কর্নওয়ালিসের শান্তি-নীতি

১৭৯৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্ (Charter Act of 1793) : ১৭৯৩ খ্রীষ্টাব্দে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির ভারতে বাণিজ্য করিবার একচেটিয়া অধিকার শেষ হইলে পুনরায় কোম্পানি যাহাতে একচেটিয়া অধিকার না পায় সেইজন্য ইংলণ্ডের বণিক সম্প্রদায়ের মধ্যে এক তীব্র আন্দোলনের সৃষ্টি হয়। কিন্তু লর্ড কর্নওয়ালিসের চেষ্টায় ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি আরও কুড়ি বৎসরের জন্য ভারতবর্ষে বাণিজ্য করিবার একচেটিয়া অধিকার লাভ করে। তবে প্রতি বৎসর মোট তিন হাজার টন পরিমাণ সামগ্রী অপরাপর বণিকও ভারতবর্ষ হইতে ক্রয় করিতে পারিবে—এই অতি সামান্য অধিকার অন্যান্য বণিক লাভ করিয়াছিল।

কুড়ি বৎসরের জন্য একচেটিয়া বাণিজ্যাধিকার লাভ

সার্ জন্ শোর, ১৭৯৩-৯৮ খ্রীঃ (Sir John Shore) : লর্ড কর্নওয়ালিসের পর ভারতের গবর্নর-জেনারেল হইলেন সার্ জন্ শোর। তিনি ছিলেন ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির একজন অভিজ্ঞ এবং বিচক্ষণ কর্মচারী। বাংলার রাজস্বব্যবস্থা সম্পর্কে তাঁহার যথেষ্ট অভিজ্ঞতা জন্মিয়াছিল। সার্ জন্ শোর দেশীয় নৃপতিদের ব্যাপারে নিরপেক্ষতার নীতি অবলম্বন করিয়া চলিয়াছিলেন। কিন্তু সর্বক্ষেত্রে তিনি এই নিরপেক্ষতার নীতি মানিয়া চলিয়াছিলেন এমন নহে। অযোধ্যার নবাব আসফ্-উদ্-দৌলার মৃত্যুর পর তাঁহার পুত্র ওয়াজির আলিকে অযোধ্যার নবাব বলিয়া স্বীকার না করিয়া সার্ জন্ শোর আসফ্-উদ্-দৌলার ভ্রাতা সাদাত আলিকে নবাব বলিয়া স্বীকার করেন। সাদাত আলি এইজন্য এলাহাবাদ কোম্পানিকে পুরস্কারস্বরূপ দিয়া দেন।

নিরপেক্ষতার নীতি

১৭৯৫ খ্রীষ্টাব্দে মারাঠাগণ হায়দরাবাদের নিজামের রাজ্য আক্রমণ করে। নিজাম ইংরেজদের সহিত স্বাক্ষরিত চুক্তির শর্ত অনুযায়ী ইংরেজদের নিকট সাহায্য চাহিলে সার্ জন্ শোর তাঁহার নিরপেক্ষতার নীতি অনুসরণ করিতে গিয়া ইংরেজদের পূর্ব-প্রতিশ্রুতি উপেক্ষা করিলেন। তিনি কোনপ্রকার সাহায্য প্রেরণ করিলেন না। ফলে খর্দার যুদ্ধে মারাঠাদের হস্তে নিজাম্ শোচনীয়ভাবে পরাজিত হইলেন।

খর্দার যুদ্ধ (১৭৯৫ খ্রীঃ)

সার্ জন্ শোরের শাসনকালের শেষভাগে ইংরেজ কর্মচারীদের মধ্যে অনেকেই এক প্রকাশ্য বিদ্রোহ ঘোষণা করিল। কর্নওয়ালিস-প্রবর্তিত নিয়মানুবর্তিতার বিরুদ্ধে প্রতিক্রিয়া হিসাবেই এই বিদ্রোহ দেখা দিয়াছিল। সার্ জন্ শোর কর্মচারীদের

দাবির অনেক কিছুই মানিয়া লইয়া বিদ্রোহের অবসান ঘটাইলেন। ইহার অল্পকালের


ইংরেজ কর্মচারীদের বিদ্রোহ

মধ্যেই সার্ জন্ শোরকে ইংলণ্ডে প্রত্যাবর্তনের আদেশ দেওয়া হইলে তিনি পদত্যাগ করিয়া স্বদেশে ফিরিয়া যান।

লর্ড ওয়েলেস্লী, ১৭৯৮-১৮০৫ খ্রীঃ (Lord Wellesley) : সার্ জন্ শোরের পর লর্ড ওয়েলেস্লী আর্ল-অব-মর্ণিংটন ভারতের গবর্নর-জেনারেল হইয়া আসিলেন। তিনি ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির বোর্ড-অব-কন্ট্রোলের সদস্য হিসাবে কোম্পানির ভারতীয় সাম্রাজ্য সম্পর্কে কতকটা অভিজ্ঞতা অর্জন করিয়াছিলেন। তিনি ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। ভারতের গবর্নর-জেনারেল পদে নিযুক্ত হইয়া আসিয়াই তিনি তাঁহার সাম্রাজ্যবাদী নীতি কার্যকরী করিতে মনোনিবেশ করিলেন। সার্ জন্ শোরের নিরপেক্ষতার নীতির সুযোগ লইয়া টিপু সুলতান শ্রীরঙ্গপত্তমের সন্ধির শর্তাদি উপেক্ষা করিয়া

ওয়েলেস্লীর নিয়োগ—পূর্ব-অভিজ্ঞতা

টিপু সুলতানের শক্তিবৃদ্ধি



লর্ড ওয়েলেস্লী

চলিতেছিলেন। ইহা ভিন্ন, তিনি বৈদেশিক সাহায্যে ইংরেজদিগকে বিতাড়িত করিবার জন্য তুরস্ক, ফ্রান্স প্রভৃতি দেশের সাহায্যলাভে সচেষ্ট ছিলেন। এদিকে কাবুলের অধিপতি জামান শাহ্ ভারত আক্রমণের জন্য প্রস্তুত হইতেছিলেন। ইহা ভিন্ন, নেপোলিয়ন বোনাপার্টি মিশর দেশের মধ্য দিয়া ভারতবর্ষে পৌঁছিবার চেষ্টা করিতেছিলেন। এইরূপ সমস্যাসঙ্কুল অবস্থায় লর্ড ওয়েলেস্লী ইংরেজ কোম্পানির শাসনকার্য পরিচালনার ভার গ্রহণ করিয়াছিলেন।

ভারতে পৌঁছিয়াই ওয়েলেস্লী তাঁহার সাম্রাজ্যবাদী নীতি কার্যকরী করিয়া তুলিতে মনোযোগী হইলেন। ভারতীয় নৃপতিগণ সেই সময়ে পরস্পর বিবাদ-বিসংবাদে লিপ্ত ছিলেন। প্রত্যেকেই ইংরেজদের সাহায্য গ্রহণের জন্য অত্যন্ত উৎসুক ছিলেন। ওয়েলেস্লী এই সুযোগ হারাইতে চাহিলেন না। তিনি 'অধীনতামূলক মিত্রতা' (Subsidiary Alliance) নামে এক নীতির প্রচলন করিলেন। যে-সকল দেশীয় নৃপতি 'অধীনতামূলক মিত্রতা'র চুক্তি ইংরেজ কোম্পানির সহিত স্বাক্ষর করিতেন তাঁহাদিগকে বহিরাক্রমণ হইতে রক্ষার ভার কোম্পানি গ্রহণ করিত। সেইজন্য কোম্পানিকে তাঁহাদের রাজ্যের কতকাংশ ছাড়িয়া দিতে হইত। কিন্তু তাঁহারা

সাম্রাজ্যবাদী নীতি

'অধীনতামূলক মিত্রতা'

ইংরেজদের অনুমতি ভিন্ন অপর কোন শক্তির সহিত যুদ্ধ-বিগ্রহ বা কোন আলাপ-আলোচনায় প্রবৃত্ত হইতে পারিবেন না। দেশীয় নৃপতিগণ নিজেদের সেনাবাহিনী রাখিতে পারিবেন বটে, কিন্তু উহা পরিচালনার ভার থাকিবে একজন ইংরেজ সেনাপতির উপর। এই মিত্রতা-চুক্তি স্বাক্ষর করিলে দেশীয় নৃপতিগণকে সম্পূর্ণভাবে ইংরেজদের উপর নির্ভরশীল হইয়া পড়িতে হইবে, সে-বিষয়ে সন্দেহের কোন অবকাশ ছিল না।

হায়দরাবাদ

হায়দরাবাদের নিজাম সর্বপ্রথম ইংরেজদের সহিত 'অধীনতামূলক মিত্রতা' চুক্তিতে স্বাক্ষর করিলেন (১৮০০ খ্রীঃ)। কোম্পানি কর্তৃক তাঁহার রাজ্যের নিরাপত্তার ভার গ্রহণের বিনিময়ে কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর দক্ষিণ দিকের যাবতীয় স্থান নিজাম কোম্পানিকে ছাড়িয়া দিলেন।

অযোধ্যা

মারাঠা রাষ্ট্রসঙ্ঘের পেশওয়া, ভোঁসলে ও সিন্ধিয়া

তারপর অযোধ্যার নবাব কোম্পানির সহিত চুক্তিবদ্ধ হইলেন এবং গোরক্ষপুর, রোহিলখণ্ড ও দোয়াবের একাংশ কোম্পানিকে ছাড়িয়া ছিলেন। মারাঠা নেতাগণ ইংরেজদের সহিত 'অধীনতামূলক মিত্রতা' চুক্তি স্বাক্ষর করিবেন একথা কল্পনায়ও আনা যাইত না। যতদিন পর্যন্ত নানা ফড়নবীশ নেতা ছিলেন ততদিন পর্যন্ত ইংরেজদের সহিত এই চুক্তি স্বাক্ষরের কোন প্রশ্নই ছিল না। কিন্তু নানা ফড়নবীশের মৃত্যুর পর মারাঠা নেতৃবর্গের মধ্যে আত্মকলহ শুরু হইলে একে একে পেশওয়া, ভোঁসলে ও সিন্ধিয়া ইংরেজদের অধীনতামূলক মিত্রতা গ্রহণ করিলেন। ১৭৯৯ খ্রীষ্টাব্দে তাঞ্জোর রাজ্যে এক উত্তরাধিকারসংক্রান্ত বিবাদ শুরু হইলে তাঞ্জোরের রাজা 'অধীনতামূলক মিত্রতা' চুক্তি স্বাক্ষর করিলেন। সুরাটের নবাব সন্তানহীন অবস্থায় মারা গেলে ওয়েলেস্‌লী সুরাট রাজ্যটি অধিকার করিয়া লইলেন। কর্ণাটের নবাব মহম্মদ আলি ছিলেন ইংরেজদের আশ্রিত রাজা। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্র উমদাত-উল্-উম্‌রা কর্ণাটের নবাব হইলেন। কিন্তু মহম্মদ আলি ও তাঁহার পুত্র ইংরেজদের বিরুদ্ধে মহীশূরের টিপু সুলতানের সহিত গোপনে পত্রালাপ করিতেছিলেন ওয়েলেস্‌লী সেই সংবাদ পাইলে উমদাতের মৃত্যুর পর তাঁহার পুত্রকে কর্ণাটের নবাব-পদ না দিয়া কর্ণাটকে ব্রিটিশের অধীনে লইয়া আসিলেন এবং ব্রিটিশ-মনোনীত একজন প্রার্থীকে কর্ণাটের নবাব-পদে স্থাপন করিলেন।

তাঞ্জোর, সুরাট

কর্ণাট

চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ (Fourth Anglo-Mysore War): এদিকে টিপু সুলতান ফ্রান্স, মরিশাস, আরব, তুরস্ক, কাবুল প্রভৃতি দেশের সহিত ব্রিটিশ শক্তির বিরুদ্ধে সাহায্যলাভের চেষ্টায় যোগাযোগ স্থাপন করিয়াছিলেন। ফরাসী বিপ্লবী দল জেকোবিন ক্লাবের কয়েকজন সদস্য ইংরেজদের বিরুদ্ধে টিপুকে সাহায্যদান করিবার উদ্দেশ্যে ম্যাঙ্গালোরে আসিয়া উপস্থিত হইলেন। ওয়েলেস্‌লী মারাঠা ও নিজামের সহিত মিত্রতা স্থাপন করিয়া টিপুর সহিত যুদ্ধে অবতীর্ণ হইবার জন্য প্রস্তুত হইলেন। তারপর টিপু ফরাসীদের সহিত যোগাযোগ স্থাপন করিয়াছেন সেই অভিযোগ করিয়া টিপুর

ইঙ্গ-মহীশূর সংঘর্ষ : চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ

কৈফিয়ত চাহিলেন। টিপুর জবাব তাঁহার মনঃপূত হইল না। ফলে চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ শুরু হইল। সদাশির, মল্‌ভেলী ও শ্রীরঙ্গপত্তমের যুদ্ধে পর পর টিপু পরাজিত হইলেন। শ্রীরঙ্গপত্তমের যুদ্ধে নিজ রাজধানী রক্ষা করিতে গিয়া তিনি প্রাণ হারাইলেন। এই যুদ্ধে টিপু মারা গেলে ইংরেজগণ মহীশূর রাজ্যের অধিকাংশ অধিকার করিল। নিজামও এক ক্ষুদ্র অংশ পুরস্কারস্বরূপ পাইলেন। মারাঠাগণ মহীশূর রাজ্যের কোন অংশগ্রহণে স্বীকৃত হইল না। অবশিষ্টাংশ হায়দর আলির উত্থানের পূর্বে যে হিন্দু রাজবংশ মহীশূরে রাজত্ব করিত সেই বংশের জনৈক বংশধরকে দেওয়া হইল। এইভাবে ইংরেজদের সর্বাপেক্ষা শক্তিশালী শত্রু মহীশূর রাজ্যের পতন ঘটিল।

টিপুর পরাজয় ও মৃত্যু

মহীশূর রাজ্যের ব্যবচ্ছেদ

টিপু সুলতানের চরিত্র ও কৃতিত্ব বিচার (Character and Estimate of Tipu): টিপু সুলতান সুযোগ্য পিতার সুযোগ্য পুত্র ছিলেন। টিপুর চরিত্রের বর্ণনায় ইংরেজ ঐতিহাসিকগণ পক্ষপাতিত্ব করিয়াছেন। অশিক্ষিত, দুর্ধর্ষ, নিষ্ঠুর, বর্বর প্রভৃতি অপবাদ তাঁহারা টিপুর উপর আরোপ করিতে দ্বিধাবোধ করেন নাই। কিন্তু টিপু ছিলেন দেশপ্রেমিক ও ধর্মভীরু সুলতান। তাঁহার শিক্ষাও নেহাত কম ছিল না। উর্দু, ফারসী, কানাড়ী প্রভৃতি ভাষায় তাঁহার যথেষ্ট দখল ছিল। কূটকৌশলেও তিনি যথেষ্ট বিচক্ষণতার পরিচয় দান করিয়াছিলেন। ফ্রান্স, কাবুল, আরব, তুরস্ক, মরিশাস প্রভৃতি দেশে তিনি দূত প্রেরণ করিয়া ইংরেজদের বিরুদ্ধে শক্তি সঞ্চয় করিতে চেষ্টা করিয়াছিলেন। ইংরেজ ঐতিহাসিকদের অনেকেই টিপুর চরিত্র বর্ণনায় তাঁহার প্রতি অবিচার করিয়াছিলেন। আধুনিক গবেষণায় তাঁহাদের মন্তব্য ভ্রান্ত বলিয়া প্রমাণিত হইয়াছে।

চরিত্র

সিংহাসন লাভের পূর্ব হইতেই টিপু তাঁহার পিতার সহায়করূপে ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করিয়া চলিয়াছিলেন। সেই সময়ে ইংরেজ সেনাপতি ব্রেইথ্‌ওয়েইট তাঁহার হস্তে সম্পূর্ণভাবে পরাজিত হইয়াছিলেন। ম্যাঙ্গালোরের সন্ধি টিপুর সামরিক কৌশলেরই পরিচায়ক। ইংরেজগণ তাঁহার হস্তে পরাজিত হইয়া এই সন্ধি স্বাক্ষর করিতে বাধ্য হইয়াছিল। লর্ড কর্নওয়ালিস ম্যাঙ্গালোরের সন্ধির শর্ত উপেক্ষা করিয়া টিপুকে বাদ দিয়া নিজাম ও মারাঠাদের লইয়া গোপনে মিত্রতা-চুক্তি সম্পাদনের চেষ্টা করিলে টিপু তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে প্রবৃত্ত হন। কিন্তু পরাজিত হইয়া তিনি শ্রীরঙ্গপত্তমের সন্ধি দ্বারা রাজ্যের অর্ধাংশ ছাড়িয়া দিতে এবং বিশাল পরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে দিতে বাধ্য হন। কিন্তু টিপু সুলতান দমিবার পাত্র ছিলেন না। তিনি ফ্রান্স, কাবুল, মরিশাস, তুরস্ক প্রভৃতি দেশের সাহায্য লইয়া ইংরেজদের বিতাড়িত করিতে চাহিয়াছিলেন। অবশ্য শেষ পর্যন্ত তিনি কোন প্রকৃত সাহায্য পান নাই। মারাঠা, নিজাম প্রভৃতি তাঁহার এই স্বাদেশিকতার মর্ম উপলব্ধি না করিয়া ইংরেজদের পক্ষ অবলম্বন করিয়া টিপু সুলতানের পরাজয় সহজ করিয়া দিয়াছিলেন। টিপু ছিলেন প্রকৃত

কৃতিত্ব

দেশপ্রেম ও স্বাধীনতা-স্পৃহা

বীর। তিনি শেষ পর্যন্ত দেশরক্ষার জন্য যুদ্ধ করিয়া যুদ্ধেই প্রাণ দিয়াছিলেন। টিপুর পরাজয় ও পতন ঘটিয়াছিল সন্দেহ নাই, তথাপি এই পতনও তাঁহাকে এক মর্যাদার আসনে স্থাপন করিয়াছে। বৈদেশিক আক্রমণ হইতে দেশরক্ষার জন্য তিনি যে চেষ্টা করিয়াছিলেন তাহা টিপুর স্বদেশপ্রীতি ও স্বাধীনচিত্ততার পরিচায়ক, সন্দেহ নাই।

মারাঠা শক্তি : ওয়েলেস্লী ও মারাঠাগণ **(The Maratha Power : Wellesley and the Marathas) :** ওয়েলেস্লী যখন ভারতবর্ষে আসেন তখন মারাঠা শক্তি অতিশয় দুর্বল হইয়া পড়িয়াছে। ১৭৮২ খ্রীষ্টাব্দে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান ঘটিলে মারাঠাগণ নিজ শক্তি বৃদ্ধিতে মনোযোগী হয়। পেশওয়া (দ্বিতীয়) মাধব রাও নারায়ণের আমলে নানা ফড়নবীশই ছিলেন মারাঠা সাম্রাজ্যের প্রকৃত শাসক। তিনি তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে ইংরেজ পক্ষে যোগদান করিয়া মহীশূর রাজ্যের একাংশ অধিকার করিতে সমর্থ হইয়াছিলেন। এইভাবে পুনরায় তিনি মারাঠা সাম্রাজ্য বিস্তার করিতে সচেষ্ট হইয়াছিলেন। কিন্তু সেই সময়ে মারাঠা সাম্রাজ্যের সামন্তগণ ক্রমেই স্বাধীন হইয়া উঠিতেছিলেন। বরোদার গাইকোয়াড়, বেরারের ভোঁসলে নিজ নিজ এলাকায় স্ব স্ব প্রধান হইয়া উঠিয়াছিলেন। ইন্দোরের হোলকার মলহর রাও-এর পুত্রবধূ অহল্যাবাঈ ইন্দোরে স্বাধীনভাবেই রাজত্ব করিতেছিলেন। শাসনকার্যে দক্ষতা, প্রজার মঙ্গলসাধন প্রভৃতির জন্য অহল্যাবাঈ-এর শাসনকাল ভারত-ইতিহাসে গৌরবময় স্থান অধিকার করিয়া আছে। কিন্তু

পেশওয়া (দ্বিতীয়) মাধব রাও নারায়ণ— নানা ফড়নবীশ


নানা ফড়নবীশ

গাইকোয়াড়, ভোঁসলে, হোলকার ও সিন্ধিয়া —স্ব স্ব প্রধান

অহল্যাবাঈ (১৭৬৭-৯৫ খ্রীঃ)

মারাঠা সামন্তগণের মধ্যে মাহাদ্‌জী সিন্ধিয়া ছিলেন সর্বাপেক্ষা শক্তিশালী। পেশওয়া (দ্বিতীয়) মাধব রাও নারায়ণের অধীনে উত্তর-ভারতের মারাঠা বাহিনীর সেনাধ্যক্ষ ছিলেন মাহাদ্‌জী সিন্ধিয়া। প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধে তিনি ইংরেজদের বিরুদ্ধে অবতীর্ণ হন। কিন্তু অবশেষে তাঁহারই মধ্যস্থতায় সল্‌বই-এর সন্ধি দ্বারা প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান ঘটিয়াছিল। ইহার পর তিনি উত্তর-ভারতে এক শক্তিশালী প্রভাব বিস্তার করিতে সমর্থ হন। তিনি মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমকে নিজ পক্ষে রাখিয়া স্বীয় প্রভাব-প্রতিপত্তি বাড়াইয়া চলিলেন। ইহা ভিন্ন, তিনি ইওরোপীয় সামরিক পদ্ধতিতে নিজ সেনাবাহিনীকে শিখাইয়া তোলেন।

মাহাদ্‌জী সিন্ধিয়া

রাজপুত ও জাঠগণের উপরও তিনি নিজ প্রাধান্য স্থাপনে সমর্থ হন। হোলকারের সহিত মাহাদ্‌জী সিন্ধিয়ার শত্রুতা ছিল; সেই সূত্রে এই দুই সামন্ত রাজ্যের মধ্যে যুদ্ধ বাধিলে ১৭৯৩ খ্রীষ্টাব্দে মাহাদ্‌জী হোলকারকে পরাজিত করেন। তারপর মারাঠা সাম্রাজ্যের উপর পেশওয়া (দ্বিতীয়) মাধব রাও নারায়ণের দক্ষিণ হস্তস্বরূপ নানা ফড়নবীশের প্রাধান্য হ্রাস করিবার উদ্দেশ্যে মাহাদ্‌জী পুণার দিকে সসৈন্যে অগ্রসর হইলেন। তাঁহার উদ্দেশ্য ছিল পুণা দখল করা কিন্তু নিজ উদ্দেশ্য সফল করিবার তিনি আর সুযোগ পাইলেন না। ১৭৯৪ খ্রীষ্টাব্দে মাহাদ্‌জীর মৃত্যু ঘটিল।

সিন্ধিয়া-হোলকার দ্বন্দ্ব

মাহাদ্‌জী সিন্ধিয়ার মৃত্যুর পর নানা ফড়নবীশ মারাঠা সাম্রাজ্যের সর্বাপেক্ষা শক্তিশালী শাসকে পরিণত হইলেন। তিনি হায়দরাবাদের নিজামের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেন। নিজাম এই বিপদে ইংরেজদের নিকট সাহায্য প্রার্থনা করিয়াও কোন সাহায্য পাইলেন না। ফলে খরদার যুদ্ধে নিজাম মারাঠা সৈন্যের হস্তে শোচনীয়ভাবে পরাজিত হইলেন (মার্চ, ১৭৯৫ খ্রীঃ)। হায়দরাবাদ রাজ্যের বহু স্থান মারাঠাদিগের নিকট ছাড়িয়া দিয়া নিজাম সন্ধিবদ্ধ হইলেন। ইহার অল্পদিনের মধ্যেই পেশওয়া (দ্বিতীয়) মাধব রাও নারায়ণের আকস্মিক মৃত্যু (১৭৯৬ খ্রীঃ) ঘটিলে দ্বিতীয় বাজী রাও পেশওয়া হইলেন। সেই সময়ে পুণায় মারাঠাদের মধ্যে নানা প্রকার গোলযোগ শুরু হইল। নানা ফড়নবীশকে কারারুদ্ধ করা হইল। নিজাম সুযোগ বুঝিয়া তাঁহার হৃত রাজ্যের কিয়দংশ মারাঠাদের দখল হইতে পুনরুদ্ধার করিলেন। মারাঠা সাম্রাজ্যের আভ্যন্তরীণ গোলযোগ ও দলাদলি দমন করিবার ক্ষমতা পেশওয়া দ্বিতীয় বাজী রাও-এর ছিল না। ফলে মারাঠা শক্তি ক্রমেই পতনোন্মুখ হইয়া উঠিল।

খরদার যুদ্ধ (মার্চ, ১৭৯৫ খ্রীঃ)

নানা ফড়নবীশ ক্ষমতাচ্যুত

মারাঠা শক্তির পতনোন্মুখতা

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ (Second Anglo-Maratha War): লর্ড ওয়েলেস্‌লীর শাসনকালে মারাঠা শক্তি অতিশয় দুর্বল হইয়া পড়িয়াছিল। মাহাদ্‌জী সিন্ধিয়া, অহল্যাবাঈ, নানা ফড়নবীশ প্রভৃতির মৃত্যু হইলে মারাঠা জাতির মধ্যে এক আত্মঘাতী অন্তর্দ্বন্দ্বের সূত্রপাত হয়। পেশওয়া দ্বিতীয় বাজী রাও, যশোবন্ত রাও হোলকার, দৌলত রাও সিন্ধিয়া সকলেই মারাঠা সাম্রাজ্যের সর্বেসর্বা হইবার জন্য ব্যস্ত হইয়া উঠিলেন। যশোবন্ত রাও হোলকার ও দৌলত রাও সিন্ধিয়া যুগ্মভাবে পুণা আক্রমণ করিলে দ্বিতীয় বাজী রাও পরাজিত হইলেন। তিনি পলাইয়া গিয়া ইংরেজদের সহিত অধীনতামূলক মিত্রতাবদ্ধ হইলেন। এই মিত্রতা-চুক্তি 'ব্যাসিনের চুক্তি' নামে পরিচিত। এদিকে যশোবন্ত রাও দ্বিতীয় বাজী রাও-এর ভ্রাতা অমৃত রাওকে পেশওয়া-পদে স্থাপন করিয়া নিজেই মারাঠা সাম্রাজ্যের প্রকৃত কর্তা হইয়া বসিলেন। কিন্তু অল্পকালের মধ্যেই ইংরেজগণ দ্বিতীয় বাজী রাওকে পুনরায় পেশওয়া-পদে স্থাপন করিল। ইহার অবশ্যম্ভাবী ফল হিসাবে পেশওয়া ইংরেজদের আশ্রিত হইয়া পড়িলেন।

মারাঠাদের অন্তর্দ্বন্দ্ব

'ব্যাসিনের চুক্তি'

দ্বিতীয় বাজী রাও ব্যাসিনের চুক্তি দ্বারা পেশওয়াতন্ত্রের মর্যাদা ধুলায় লুণ্ঠিত করিয়া মারাঠা জাতির মস্তক হেঁট করাইয়াছিলেন। ইহা সিন্ধিয়া ও ভোঁসলের সহ্য হইল না। তাঁহারা ব্যাসিনের চুক্তি ভঙ্গ করিয়া পেশওয়াতন্ত্রকে পুনরায় স্বমর্যাদায় স্থাপন করিবার জন্য যুদ্ধসাজ শুরু করিলেন। পেশওয়া দ্বিতীয় বাজী রাও ছিলেন আত্ম-মর্যাদাহীন অস্থিরচিত্ত ব্যক্তি। তিনি গোপনে মারাঠা নেতাদের সমর্থন করিতে ত্রুটি করিলেন না। বরোদার গাইকোয়াড় অবশ্য ইংরেজদের বিরুদ্ধে ভোঁসলে ও সিন্ধিয়ার যুদ্ধ-প্রস্তুতিতে অংশগ্রহণ করিলেন না। ১৮০৩ খ্রীষ্টাব্দে সিন্ধিয়া ও ভোঁসলের সম্মিলিত বাহিনী নিজামের রাজ্যসীমায় উপস্থিত হইলে ইংরেজদের সহিত তাঁহাদের যুদ্ধ শুরু হইল। ইহা দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ নামে পরিচিত। লর্ড ওয়েলেস্‌লীর ভ্রাতা সেনাপতি আর্থার ওয়েলেস্‌লী ও সেনাপতি লেকের নেতৃত্বে 'অসই'-এর যুদ্ধে সিন্ধিয়া ও ভোঁসলের যুগ্মবাহিনী শোচনীয়ভাবে পরাজিত হইল। এই যুদ্ধে পরাজয়ের পরই সিন্ধিয়া ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ত্যাগ করিলেন। ভোঁসলে তখনও যুদ্ধ চালাইয়া যাইতে লাগিলেন। অবশেষে ওয়াড়গাঁও-এর যুদ্ধে তিনি আবার ইংরেজদের হস্তে পরাজিত হইয়া দেবগাঁও-এর সন্ধি দ্বারা তাহাদের সহিত অধীনতামূলক মিত্রতাবদ্ধ হইলেন এবং নিজ রাজ্যের কতকাংশ ইংরেজদের নিকট ছাড়িয়া দিলেন। ইহার পর সেনাপতি লেক্ মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমকে ইংরেজদের রক্ষণাধীনে আনিলেন। সিন্ধিয়া তখনও ব্রিটিশদের অধীনতামূলক মিত্রতা গ্রহণ করেন নাই। এইজন্য সেনাপতি লেক্ তাঁহাকে পুনরায় লাসওয়ারা নামক স্থানে পরাজিত করিয়া তাঁহাকে সুরয-অর্জুনগাঁও-এর সন্ধি স্বাক্ষর করিতে বাধ্য করিলেন। সিন্ধিয়া তাঁহার রাজ্যের এক বিরাট অংশ ও কতিপয় দুর্গ ইংরেজদের ছাড়িয়া দিতে বাধ্য হইলেন। ইহার অল্পকাল পরেই সিন্ধিয়া এক পৃথক চুক্তি দ্বারা ইংরেজদের অধীনতামূলক মিত্রতা গ্রহণ করিলেন।

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের ঘটনা

ওয়াড়গাঁও-এর যুদ্ধ—দেবগাঁও-এর সন্ধি

সুরয-অর্জুনগাঁও-এর সন্ধি (১৮০৩ খ্রীঃ)

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের ফলে ভারতে ব্রিটিশ শক্তি ও সাম্রাজ্য উভয়ই বৃদ্ধি পাইল। এই যুদ্ধে পরাজয়ের ফলে মারাঠা শক্তি চিরতরে শক্তিহীন হইয়া পড়িল। সিন্ধিয়ার নিকট হইতে জয়পুর, যোধপুর প্রভৃতি স্থান ইংরেজগণ অধিকার করিলে ভরতপুর, বুন্দী প্রভৃতি রাজ্যও ব্রিটিশের সহিত অধীনতামূলক মিত্রতাবদ্ধ হইতে বাধ্য হইল।

যুদ্ধের ফলাফল

সিন্ধিয়া ও ভোঁসলের সহিত যুগ্মভাবে হোলকার ইংরেজদের বিরুদ্ধে অস্ত্রধারণ করেন নাই। কিন্তু পরে তিনি (হোলকার) নিজের ভুল বুঝিতে পারিয়া ইংরেজদের সহিত দ্বন্দ্বে প্রবৃত্ত হইলেন। ব্রিটিশের সহিত মিত্রতা-চুক্তিবদ্ধ রাজপুত রাজ্যগুলি তিনি আক্রমণ করিলেন। ওয়েলেস্‌লী সঙ্গে সঙ্গে হোলকারের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিতে ত্রুটি করিলেন না। যুদ্ধের প্রথমদিকে হোলকার সাফল্যলাভ করিলে ভরতপুরের রাজা ইংরেজদের সহিত মৈত্রী ত্যাগ করিয়া

হোলকার ও ওয়েলেস্‌লী

হোলকারের পক্ষ গ্রহণ করিলেন। সেনাপতি লেক্ পরপর চারিবার ভরতপুর আক্রমণ করিয়া ব্যর্থকাম হইলেন। হোলকার ও ভরতপুরের যুগ্মবাহিনী দিল্লী দখল করিবার জন্য অগ্রসর হইয়া 'দিগ্' নামক স্থানে ইংরেজ বাহিনীর সহিত তুমুল যুদ্ধে প্রবৃত্ত হইল। এই যুদ্ধে হোলকারের যুগ্মবাহিনী ব্রিটিশদের হস্তে পরাজিত হইল (১৩ই নভেম্বর, ১৮০৪ খ্রীঃ)। কয়েক দিন পর (১৭ই নভেম্বর) হোলকারের নিজ অধিনায়কত্বে পুনরায় তাঁহার অপর এক সেনাদল ইংরেজ জেনারেল লেকের হস্তে পরাজিত হইল। ইহার অল্পকাল পরেই (১০ই এপ্রিল, ১৮০৫ খ্রীঃ) ভরতপুরের রাজা ব্রিটিশের সহিত যুদ্ধ মিটাইয়া লইলেন। ক্ষতিপূরণ হিসাবে তাঁহাকে ২০ লক্ষ টাকা দিতে হইল। তারপর মিত্রহীন হোলকারকে আক্রমণ করিবার জন্য যখন ওয়েলেস্লী প্রস্তুত হইতেছিলেন সেই সময় তাঁহাকে স্বদেশে ফিরিয়া যাইবার আদেশ দেওয়া হইলে হোলকার রক্ষা পাইলেন।

ভরতপুর আক্রমণ

ওয়েলেস্লীর স্বদেশে প্রত্যাবর্তন

ওয়েলেস্লীর কৃতিত্ব বিচার (Estimate of Wellesley): ভারতে কোম্পানির শাসনের এক সঙ্কটপূর্ণ কালে ওয়েলেস্লী ভারতের গবর্নর-জেনারেল হইয়া আসিয়াছিলেন। তাহার অক্লান্ত চেষ্টায় সেই সঙ্কট হইতে কোম্পানি রক্ষা পাইয়াছিল। শুধু তাঁহাই নহে, তিনি ইংরেজদের সর্বাধিক দৃঢ়প্রতিজ্ঞ ও দুর্ধর্ষ বিরোধী শক্তি মহীশূর রাজ্যের সুলতান টিপুকে চূড়ান্তভাবে পরাজিত করিয়া ব্রিটিশ শক্তিকে সুদৃঢ় করিয়াছিলেন। মারাঠা শক্তিকে তিনি চূড়ান্ত আঘাত হানিয়া সিন্ধিয়া, ভোঁসলে, পেশওয়া প্রভৃতিকে ব্রিটিশ শক্তির উপর নির্ভরশীল করিয়া তুলিয়াছিলেন। ওয়েলেস্লী তাঁহার 'অধীনতামূলক মিত্রতা' নীতি প্রয়োগ করিয়া দক্ষিণ-ভারত হইতে ফরাসী প্রভাব দূর করিয়াছিলেন এবং দেশীয় রাজ্যগুলির মধ্যে অধিকাংশকে ব্রিটিশ শক্তির উপর নির্ভরশীল করিয়া তুলিয়াছিলেন। এই সকল নির্ভরশীল রাজ্যে স্বভাবতই ফরাসী প্রভাব বিস্তৃত হইবার আর কোন সুযোগ ছিল না। নেপোলিয়ন বোনাপার্টি মিশরের মধ্য দিয়া ভারতে পৌঁছিবার যে পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন তাহা প্রতিহত করিবার জন্য ওয়েলেস্লী ভারতবর্ষ হইতে একদল সৈন্য মিশরে পাঠাইয়াছিলেন। অবশ্য এই সৈন্যদল মিশরে পৌঁছিবার পূর্বেই নেপোলিয়ন মিশর ত্যাগ করিয়া ফ্রান্সে ফিরিয়া গিয়াছিলেন। পারস্য দেশে ফরাসী প্রভাব নাশ এবং রুশ অগ্রগতি প্রতিরোধ করিবার উদ্দেশ্যে ওয়েলেস্লী জন্ ম্যালকম্ নামে জনৈক ব্রিটিশ কর্মচারীকে সেই দেশে পাঠাইয়াছিলেন। এই দৌত্য সাফল্যলাভ করিয়াছিল। ওয়েলেস্লী স্বার্থপর ও সঙ্কীর্ণ নীতি প্রয়োগ করিয়া অযোধ্যা, কর্ণাট, সুরাট প্রভৃতি রাজ্য ব্রিটিশ অধিকারে আনিয়াছিলেন। ভারতীয়দের দিক হইতে বিচার করিলে তাঁহার কার্যকলাপের বহু কিছুই সমর্থনযোগ্য নহে। কিন্তু ব্রিটিশ স্বার্থ ও সাম্রাজ্যবাদের দিক হইতে বিচার করিলে তিনি যে

টিপুর পরাজয়

'অধীনতামূলক মিত্রতা' নীতির প্রয়োগ

ভারতে ফরাসী প্রভাব নাশ

মিশরে অভিযান প্রেরণ

পারস্যে ম্যালকম্ দৌত্য

অসাধারণ কৃতিত্ব প্রদর্শন করিয়াছিলেন তাহা স্বীকার করিতে হইবে। তিনি ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তারসাধন করিয়া এবং দেশীয় রাজ্যগুলিকে ব্রিটিশ সাহায্য-সহায়তার উপর নির্ভরশীল করিয়া ভবিষ্যতে ভারতে ব্রিটিশ সাম্রাজ্য আরও বিস্তারলাভের পথ সহজ করিয়া দিয়াছিলেন। ইহা ভিন্ন, মোগল সম্রাট দ্বিতীয় শাহ্ আলমকে ব্রিটিশ রক্ষণাধীনে আনিয়া তিনি দিল্লীতে ব্রিটিশ প্রভাব বিস্তার করিয়াছিলেন। কোম্পানির শাসনের এক সঙ্কটপূর্ণ কালে গবর্নর-জেনারেল পদে নিযুক্ত হইয়া আসিয়া ওয়েলেস্লী অসাধ্যসাধন করিয়া গিয়াছিলেন বলিলেও অত্যুক্তি হয় না। ব্রিটিশ শাসনকে স্থায়ী ও সুদক্ষ করিয়া তুলিবার উদ্দেশ্যে ব্রিটিশ কর্মচারীদের প্রয়োজনীয় শিক্ষাদানের জন্য তিনি কলিকাতাস্থ ফোর্ট উইলিয়ামে একটি কলেজ প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইহা অত্যন্ত প্রশংসনীয় সন্দেহ নাই। তাঁহার রাজ্যবিস্তার ও যুদ্ধ-নীতির ফলে কোম্পানির ঋণ বৃদ্ধি পাইয়াছিল। ইহাতে ভীত হইয়া কোম্পানির ইংলণ্ডস্থ কর্তৃপক্ষ তাঁহাকে স্বদেশে ফিরিয়া যাইবার আদেশ দিয়াছিলেন।

সাম্রাজ্য বিস্তার

দিল্লীতে ব্রিটিশ প্রভাব

কোম্পানির শাসনে স্থায়িত্বদান

লর্ড কর্নওয়ালিস (দ্বিতীয়বার), ১৮০৫ খ্রীঃ (Lord Cornwallis): লর্ড ওয়েলেস্লীর পর কোম্পানির ইংলণ্ডস্থ কর্তৃপক্ষ লর্ড কর্নওয়ালিসকে পুনরায় গবর্নর-জেনারেল পদে নিযুক্ত করিয়া পাঠাইলেন। লর্ড কর্নওয়ালিস ছিলেন শান্তির পক্ষপাতী। তিনি ভারতে আসিয়াই হোলকার ও সিন্ধিয়ার সহিত মিত্রতা স্থাপন করিলেন এবং সিন্ধিয়াকে তাঁহার রাজ্যের অধিকাংশ স্থানই ফিরাইয়া দিলেন। তিনি সিন্ধিয়াকে দিল্লীও ফিরাইয়া দিতে প্রস্তুত হইলে সেনাপতি লেকের সহিত তাঁহার মতানৈক্য ঘটে। কিন্তু এ-বিষয়ে কোন সিদ্ধান্তে পৌঁছিবার পূর্বেই লর্ড কর্নওয়ালিসের মৃত্যু হয়।

শান্তি-নীতির অনুসরণ

মৃত্যু

সার্ জর্জ বার্লো, ১৮০৫-০৭ খ্রীঃ (Sir George Burlow): ভারতে দ্বিতীয়বার গবর্নর-জেনারেল নিযুক্ত হইয়া আসিবার মাত্র তিন মাসের মধ্যেই লর্ড কর্নওয়ালিসের মৃত্যু ঘটিলে কলিকাতাস্থ কাউন্সিলের অন্যতম সদস্য সার্ জর্জ বার্লোকে অস্থায়ী গবর্নর-জেনারেল নিযুক্ত করা হইল। তাঁহার শাসনদক্ষতার ফলে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির ঘাটতি উদ্বৃত্তে পরিণত হইয়াছিল। তাঁহার শাসনকালে ভেলোর নামক স্থানে এক সিপাহী বিদ্রোহ দেখা দেয়। এই বিদ্রোহ কঠোর হস্তে দমন করা হইয়াছিল। পররাষ্ট্র-ক্ষেত্রে সার্ জর্জ বার্লো নিরপেক্ষতার নীতি অনুসরণের পক্ষপাতি ছিলেন। ১৮০৫ খ্রীষ্টাব্দে তিনি সিন্ধিয়ার সহিত স্বাক্ষরিত সুরয-অর্জুনগাঁও-এর সন্ধির কতক রদবদল করিলেন। চম্বল নদী সিন্ধিয়ার রাজ্য ও ব্রিটিশ সাম্রাজ্যের মধ্যবর্তী সীমারেখা বলিয়া স্বীকৃত হইল। সিন্ধিয়ার রাজ্যের আভ্যন্তরীণ ক্ষেত্রে ব্রিটিশ কর্তৃপক্ষ হস্তক্ষেপ করিবেন না—এই নীতিও স্বীকৃত হইল। এদিকে সেনাপতি

আভ্যন্তরীণ উন্নতি

নিরপেক্ষতার নীতি

লেকের হস্তে হোলকার পরাজিত হইয়াছিলেন। সার্ জর্জ বার্লো হোলকারকে তাঁহার রাজ্য ফিরাইয়া দিয়া এক চুক্তি স্বাক্ষর করিলেন (১৮০৬ খ্রীঃ)। নিরপেক্ষতার নীতি অনুসরণ করিলেও কিন্তু হায়দরাবাদের নিজাম অধীনতামূলক মিত্রতার চুক্তির শর্তাদি ভঙ্গ করিতে চাহিলে সার্ জর্জ বার্লো নিজামকে বাধাদানে ত্রুটি করেন নাই।

প্রয়োজনবোধে দৃঢ়তা

লর্ড মিণ্টো (প্রথম), ১৮০৭-১৩ খ্রীঃ (Lord Minto):

১৮০৭ খ্রীষ্টাব্দে লর্ড মিণ্টো ভারতের গবর্নর-জেনারেল নিযুক্ত হইয়া আসিলেন। তিনিও নিরপেক্ষতার নীতি অনুসরণ করিয়া চলিলেন, কিন্তু প্রয়োজনবোধে এই নীতি ত্যাগ করিতেও তিনি দ্বিধাবোধ করেন নাই। লর্ড মিণ্টো যখন ভারতের গবর্নর-জেনারেল হইয়া আসিলেন তখন নেপোলিয়ন বোনাপার্টি পারস্যে ব্রিটিশ প্রভাবনাশের চেষ্টা শুরু করিলেন। লর্ড মিণ্টো ম্যালকম্‌কে পারস্যে প্রেরণ করিয়া (১৮০৯ খ্রীঃ) তাহা প্রতিরোধ করিতে চাহিয়াছিলেন। কাবুলের আমীরের সভায় তিনি এল্‌ফিন্‌স্টোনকে দূত হিসাবে পাঠাইয়াছিলেন। অবশ্য এল্‌ফিন্‌স্টোন কাবুলের রাজনৈতিক পরিস্থিতির আকস্মিক পরিবর্তন হেতু কাবুল পর্যন্ত পৌঁছান নাই। ১৮০৯ খ্রীষ্টাব্দে পাঞ্জাবকেশরী রঞ্জিৎ সিংহের রাজসভায় তিনি চার্লস্ মেট্‌কাফ্‌কে দূত হিসাবে প্রেরণ করিয়া তাঁহার সহিত ব্রিটিশদের এক চুক্তি সম্পাদন করাইয়াছিলেন। এই চুক্তির শর্ত অনুসারে শতদ্রু নদী ব্রিটিশ সাম্রাজ্য ও শিখ রাজ্যের মধ্যবর্তী সীমারেখা বলিয়া নির্ধারিত হইল। এদিকে নেপোলিয়ন বোনাপার্টির সহিত ইংরেজদের যুদ্ধ চলিতেছিল। লর্ড মিণ্টো ভারত মহাসাগরে ফরাসী-অধিকৃত মরিশাস, বুর্‌বোঁ প্রভৃতি স্থান দখল করিয়া লইলেন। ইহা ভিন্ন, নেপোলিয়ন যেহেতু হল্যাণ্ড অধিকার করিয়াছিলেন সেই হেতু হল্যাণ্ডের উপনিবেশ যবদ্বীপও লর্ড মিণ্টো দখল করিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ায় ফরাসী প্রাধান্য নাশ করিতে চাহিলেন। লর্ড মিণ্টোর শাসনকালে ত্রিবাঙ্কুর রাজ্যে এক বিদ্রোহ দেখা দিলে ব্রিটিশ সৈন্যগণ যথেচ্ছ অত্যাচার করিয়া এই বিদ্রোহ দমন করিল। মাদ্রাজের সৈন্যগণেরও সুযোগসুবিধা কতক পরিমাণে হ্রাস করা হইলে তাহারা বিদ্রোহী হইয়া উঠে। এই বিদ্রোহ বিশেষ বিস্তারলাভ করিবার পূর্বেই দমন করা হয়।

পারস্য ও কাবুলে দূত প্রেরণ

দক্ষিণ-পূর্ব এশিয়ায় ফরাসী প্রাধান্য নাশ

ত্রিবাঙ্কুর-বিদ্রোহ

মাদ্রাজে সৈনিক বিদ্রোহ

লর্ড ময়রা (হেস্টিংস্), ১৮১৩-২৩ খ্রীঃ (Lord Moira):

১৮১৩ খ্রীষ্টাব্দে লর্ড ময়রা ভারতের গবর্নর-জেনারেল হইয়া আসিলেন। তিনি লর্ড হেষ্টিংস্ নামেও পরিচিত। অযোধ্যার নবাবের নিকট হইতে কোম্পানি ১৮০১ খ্রীষ্টাব্দে গোরক্ষপুর জেলাটি পাইলে কোম্পানির রাজ্যের উত্তর-সীমা নেপালের দক্ষিণ-সীমার সংলগ্ন হইয়া যায়। সেই সময়ে নেপালের গুর্খাবংশের রাজগণ দক্ষিণ দিকে রাজ্যসীমা বিস্তারে মনোনিবেশ করিয়াছিলেন। ফলে গুর্খা ও ইংরেজদের মধ্যে সংঘর্ষ উপস্থিত হয় এবং এই সূত্রে

ইঙ্গ-নেপাল যুদ্ধ বা গুর্খা যুদ্ধ (১৮১৪-১৬ খ্রীঃ)

১৮১৪ খ্রীষ্টাব্দে ইংরেজ কোম্পানি ও নেপালের মধ্যে এক যুদ্ধ শুরু হয়। ইহা গুর্খা যুদ্ধ নামে পরিচিত। এই যুদ্ধে শেষ পর্যন্ত গুর্খাগণ পরাজিত হইলে সগৌলির সন্ধি দ্বারা উভয় পক্ষের মধ্যে শান্তি স্থাপিত হইল। এই সন্ধির ফলে আলমোড়া, নৈনিতাল, সিমলা, মুসৌরী প্রভৃতি স্থান ইংরেজগণ পাইল। নেপালের রাজধানী কাঠমণ্ডুতে একজন ইংরেজ প্রতিনিধি স্থাপন করিবার শর্তও স্বীকৃত হইল। লর্ড ময়রা সিকিম রাজ্যের সহিতও একটি মিত্রতা-চুক্তি স্বাক্ষর করেন। সেই চুক্তি অনুসারে নেপাল হইতে প্রাপ্ত রাজ্যাংশের এক ক্ষুদ্র অংশ সিকিম রাজ্যের সহিত সংযুক্ত করা হয়।

সগৌলির সন্ধি (১৮১৬ খ্রী:)

লর্ড ময়রা কোম্পানির শাসনের নিরাপত্তার জন্য পিণ্ডারি নামে এক দুর্ধর্ষ দস্যু-দলকে দমন করেন। মালব, মেবার, মাড়বার এমনকি নিজাম ও পেশওয়ার রাজ্যেও পিণ্ডারিগণ হানা দিয়া নানা প্রকার লুঠতরাজ করিত। জাতিধর্মনির্বিশেষে বেকার, সামাজিক বন্ধনহীন ব্যক্তিগণ এই দস্যুদলে যোগদান করিত। কোম্পানির রাজ্যের অভ্যন্তর পর্যন্ত প্রবেশ করিয়া লুঠতরাজ শুরু করিবার পূর্ব পর্যন্ত ইংরেজগণ তাহাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করে নাই। কিন্তু ১৮১২ ও ১৮১৩ খ্রীষ্টাব্দে তাহারা কোম্পানির রাজ্যে হানা দিতে আরম্ভ করিলে লর্ড ময়রা তাহাদের দমন করিবার ব্যবস্থা করিলেন।

পিণ্ডারি দমন

তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ (Third Anglo-Maratha War) :

ব্যাসিনের সন্ধির ফলে পেশওয়া দ্বিতীয় বাজী রাও ইংরেজদের একপ্রকার অধীন হইয়া পড়িয়াছিলেন। কিন্তু তাঁহার এই পরাধীনতা শেষ পর্যন্ত আর রহিল না। তিনি ইংরেজ প্রভাব ও প্রাধান্যাধীনতা হইতে নিজেকে মুক্ত করিতে চাহিলেন। তাঁহার মন্ত্রী ত্রিম্বকজী ছিলেন একজন দেশাত্ম-বোধসম্পন্ন ব্যক্তি। ষড়যন্ত্র ও কূটকৌশলেও তিনি পারদর্শী ছিলেন। ত্রিম্বকজী ব্রিটিশদের বিরুদ্ধে হোলকার-সিন্ধিয়া-ভোঁসলে-পেশওয়া মৈত্রী স্থাপনের উদ্দেশ্যে গোপনে আলাপ-আলোচনা চালাইতে লাগিলেন। এদিকে বরোদার গাইকোয়াড়ের সহিত পেশওয়ার প্রাপ্য অর্থসংক্রান্ত আলাপ-আলোচনার জন্য গাইকোয়াড়ের দেওয়ান পুণা আসিয়াছিলেন। ত্রিম্বকজী তাঁহাকে গোপনে হত্যা করাইলে পুনরায় ব্রিটিশ রেসিডেন্ট বা প্রতিনিধি এল্‌ফিন্‌স্টোন ত্রিম্বকজীকে বন্দী করেন। ত্রিম্বকজী বন্দিদশা হইতে পলাইয়া গিয়া ইংরেজদের বিরুদ্ধে গোপন ষড়যন্ত্র শুরু করিলেন। এল্‌ফিন্‌স্টোন এই সকল খবর পাইয়া পেশওয়া দ্বিতীয় বাজী রাওকে মারাঠা রাষ্ট্রসঙ্ঘের নেতার পদ ত্যাগ করিতে, মালব, বুন্দেলখণ্ড প্রভৃতি স্থান ছাড়িয়া দিতে এবং ইংরেজদের বিনা অনুমতিতে কোন বহিঃশক্তির সহিত যোগাযোগ স্থাপন না করিতে বাধ্য করিয়া এক চুক্তি স্বাক্ষর করাইলেন (১৮১৭ খ্রীঃ) ত্রিম্বকজীর পর পেশওয়ার মন্ত্রী হইয়াছিলেন গোক্‌লা। পিণ্ডারি দমনে যখন লর্ড ময়রা ব্যস্ত ছিলেন তখন সুযোগ বুঝিয়া পুণা হইতে ব্রিটিশ সৈন্য অপসারণের জন্য তিনি কোম্পানিকে জানাইলেন। এদিকে গোক্‌লার চেষ্টায় হোলকার, সিন্ধিয়া, ভোঁসলে

পেশওয়া দ্বিতীয় বাজী রাও-এর ইংরেজ বিদ্বেষ

ত্রিম্বকজী

পেশওয়াকে অপমান-জনক শর্তে চুক্তিবদ্ধ হইতে বাধ্যকরণ (১৮১৭ খ্রীঃ)

গোক্‌লা

প্রভৃতি মারাঠা নেতা মারাঠা জাতির লুপ্ত গৌরব ফিরাইয়া আনিবার জন্য সঙ্ঘবদ্ধ হইলেন। তারপর পেশওয়া দ্বিতীয় বাজী রাও-এর নির্দেশ অনুযায়ী পুণায় ব্রিটিশ রেসিডেন্ট এল্‌ফিন্‌স্টোনের আবাসগৃহে আগুন লাগাইয়া দেওয়া হইল। এল্‌ফিন্‌স্টোন কোনক্রমে প্রাণ বাঁচাইয়া পুণা হইতে পলাইয়া গেলেন। তারপর ব্রিটিশদের সহিত মারাঠাদের যুদ্ধ শুরু হইল। ব্রিটিশ সৈন্য পুণা আক্রমণ করিলে পেশওয়া দ্বিতীয় বাজী রাও পুণা ত্যাগ করিয়া পলায়ন করিলেন। পুণা ব্রিটিশ সৈন্যগণ অধিকার করিয়া লইল। ইন্দোরের হোলকার ও নাগপুরের আপ্পাসাহেব (ভোঁসলে) ব্রিটিশ হস্তে পরাজিত হইলেন। তারপর কোরিগাঁও এবং অশ্‌তির যুদ্ধে দ্বিতীয় বাজী রাও পর পর পরাজিত হইয়া ব্রিটিশের নিকট আত্মসমর্পণ করিলেন। গোক্‌লা বীরের ন্যায় যুদ্ধ করিয়া যুদ্ধক্ষেত্রেই প্রাণ দিলেন। লর্ড ময়রা দ্বিতীয় বাজী রাওকে বাৎসরিক ভাতা দিবার ব্যবস্থা করিলেন এবং বিঠুর নামক স্থানে তাঁহাকে ব্রিটিশ সামরিক পাহারাধীনে রাখিলেন। তারপর শিবাজীর জনৈক বংশধরকে তিনি পেশওয়ার রাজ্যের একাংশ দিয়া মারাঠা জাতিকে সন্তুষ্ট করিলেন। অবশিষ্টাংশ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হইল। ভোঁসলের রাজ্যেরও একাংশ ব্রিটিশ সরকারের অধিকারে চলিয়া গেল। হোলকার নিজ রাজ্যের এক বিশাল অংশ ইংরেজদের ছাড়িয়া দিলেন এবং ব্রিটিশ রেসিডেন্টকে না জানাইয়া কোন বহিঃশক্তির সহিত সংযোগ স্থাপন করিবেন না বলিয়া স্বীকার করিলেন। এইভাবে মারাঠা শক্তিকে বিধ্বস্ত ও ব্রিটিশ প্রাধান্যাধীনে আনিয়া লর্ড ময়রা ভারতে ব্রিটিশ শক্তিকে অপ্রতিহত করিয়া তুলিলেন।

দ্বিতীয় বাজী রাও-এর পরাজয়

মারাঠা শক্তির পতন

***লর্ড ময়রা (হেস্টিংস্) ও রাজপুতগণ* (Lord Moira and the Rajputs) :** মারাঠাদের আক্রমণের ফলে রাজপুত রাজ্যগুলি বিধ্বস্ত ও দুর্দশাগ্রস্ত হইয়া পড়িয়াছিল। পিণ্ডারি আক্রমণে রাজপুত রাজ্যগুলির দুর্দশা আরও বৃদ্ধি পাইয়াছিল। লর্ড ময়রা ১৮১৭ খ্রীষ্টাব্দে রাজপুত রাজ্যগুলির উপর সিন্ধিয়ার প্রাধান্য খর্ব করিয়া একে একে সব কয়টি রাজপুত রাজ্যকে ব্রিটিশের অধীন মিত্ররাজ্যে পরিণত করিলেন। রাজপুত রাজ্যগুলি ব্রিটিশ নিরাপত্তাধীনে আসিল। এইজন্য সেগুলিকে বাৎসরিক কর দিতে হইত। ইহা ভিন্ন, কোন বহিঃশক্তির সহিত সরাসরি যোগাযোগ স্থাপন করাও রাজপুত রাজ্যগুলির পক্ষে নিষিদ্ধ হইল। এইভাবে লর্ড ময়রার শাসনকালে ভারতে ব্রিটিশ শক্তি নিরঙ্কুশ প্রাধান্য ও প্রতিপত্তিলাভ করিতে সমর্থ হইল। ব্রিটিশ শক্তি ভারতে সার্বভৌম শক্তিতে পরিণত হইল।

রাজপুত রাজ্যগুলির উপর ব্রিটিশ প্রাধান্য

ব্রিটিশ শক্তি ভারতে সার্বভৌম শক্তিতে পরিণত

***মারাঠাদের পতনের কারণ* (The Causes of the Maratha Downfall) :** পাণিপথের তৃতীয় যুদ্ধের পূর্বাবধি মারাঠাগণ ক্রমেই অধিক হইতে অধিকতর শক্তি সঞ্চয় করিয়া মোগল সাম্রাজ্যের পতনের সঙ্গে সঙ্গে ভারতের শ্রেষ্ঠ শক্তি হিসাবে আত্মপ্রতিষ্ঠা করিতে চলিয়াছিল। কিন্তু ১৭৬১ খ্রীষ্টাব্দে পাণিপথের তৃতীয় যুদ্ধে

পাণিপথের তৃতীয় যুদ্ধ—মারাঠা শক্তি: পতনের সূচনা

পরাজিত হইবার পর হইতে মারাঠা শক্তি পতনোন্মুখ হইয়া পড়ে। সাময়িক কালের জন্য মারাঠাগণ পুনরায় শক্তি সঞ্চয় করিতে সমর্থ হইলেও উহা আর স্থায়িত্বলাভ করিল না। মারাঠা শক্তির উত্থান ছিল মারাঠা নেতৃবর্গের ব্যক্তিগত প্রতিভার উপর নির্ভরশীল। শিবাজীর ন্যায় শক্তিশালী, দূরদর্শী, সাংগঠনিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তির প্রতিভাকে আশ্রয় করিয়া মারাঠা শক্তি ও সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল। অনুরূপে, পাণিপথের তৃতীয় যুদ্ধের পর প্রথম মাধব রাও-এর ব্যক্তিত্বকে আশ্রয় করিয়া মারাঠা শক্তি পুনরুজ্জীবিত হইয়াছিল। কিন্তু এইরূপ শক্তিশালী ব্যক্তি যখন আর মারাঠা জাতির মধ্য হইতে উত্থিত হইল না তখনই মারাঠা শক্তির পতন অনিবার্য হইয়া উঠিল।

মারাঠা শক্তি ব্যক্তিগত প্রতিভাশ্রয়ী

শক্তিশালী নেতার অভাব

ইহা ভিন্ন, মারাঠা শক্তি কোনপ্রকার জনকল্যাণকামী রাষ্ট্র বা সমাজ সংগঠনের আদর্শে উদ্বুদ্ধ ছিল না। নিছক সামরিক শক্তি-ভিত্তিক রাষ্ট্র হিসাবে জন্মলাভ করিবার পর উহাকে বে-সামরিক সাংগঠনিক কার্যকলাপের মাধ্যমে স্থায়িত্বদানের প্রয়োজনীয়তা শিবাজীর পরবর্তীকালে কেহ তেমন উপলব্ধি করেন নাই। মারাঠাদের অভ্যুত্থান ছিল যেমন কৃত্রিম তেমনি আকস্মিক। এইজন্যই ইহা স্থায়িত্বলাভ করিতে সমর্থ হয় নাই।

জনকল্যাণকর আদর্শের অভাব—মারাঠা শক্তি কৃত্রিম ও আকস্মিক

অর্থনৈতিক দিক দিয়াও মারাঠা শক্তির পতনের যথেষ্ট কারণ ছিল। পর্বতসঙ্কুল মারাঠা দেশে কৃষি, শিল্প, বাণিজ্য প্রভৃতির উপর অর্থনৈতিক কাঠামো রচনা সহজ ছিল না। আর সেদিকে তেমন ঐকান্তিক কোন চেষ্টারও প্রমাণ পাওয়া যায় না। চৌথ ও সরদেশমুখীর ন্যায় বলপূর্বক আদায়িকৃত রাজস্বের উপর শাসনব্যবস্থা নির্ভরশীল ছিল। এই ধরনের শাসনব্যবস্থা স্বভাবতই ছিল দুর্বল এবং আর্থিক সঙ্গতিহীন।

অর্থনৈতিক দুরবস্থা

ইহা ভিন্ন, জায়গির-প্রথার পুনঃপ্রবর্তন ও মারাঠা নেতৃবর্গের স্বার্থপ্রণোদিত আত্মকলহ মারাঠা শক্তির পতনের পথ পরিষ্কার করিয়া দিয়াছিল।

জায়গির-প্রথার পুনঃপ্রবর্তন

মারাঠাগণ 'হিন্দু-পাদ্ পাদ্শাহী'র আদর্শ ত্যাগ করিয়া এবং মুসলমানদিগকে সেনা-বাহিনীতে গ্রহণ করিয়া মারাঠা জাতীয়তাবোধ বিনষ্ট করিয়াছিল। এই আদর্শগত ঐক্য ও জাতীয়তাবোধ হ্রাসপ্রাপ্ত হইলে স্বভাবতই মারাঠাদের সংহতি বিনাশপ্রাপ্ত হইয়াছিল।

'হিন্দু-পাদ্ পাদ্শাহী' আদর্শ ত্যাগ

মারাঠাগণ পার্বত্য অঞ্চলে আকস্মিক আক্রমণ-কৌশল—অর্থাৎ 'গেরিলা যুদ্ধ'-পদ্ধতি অনুসরণ করিয়া সহজেই জয়লাভ করিত। এই যুদ্ধকৌশল ত্যাগ করিয়া তাহারা ভুল করিয়াছিল। কিন্তু 'গেরিলা যুদ্ধ'-পদ্ধতি ত্যাগের সঙ্গে সঙ্গে পাশ্চাত্য দেশের সামরিক পদ্ধতি মারাঠা নেতৃবর্গ সম্পূর্ণভাবে গ্রহণ না করিয়া ভুল করিয়াছিলেন।

'গেরিলা যুদ্ধ'-পদ্ধতি ত্যাগ

মারাঠা শাসন-নীতি অত্যাচারমূলকভাবে এবং বলপূর্বক পরের সম্পত্তি হরণে পর্যবসিত হইলে মারাঠা দেশ শাসন করিবার নৈতিক দাবিও তাহাদের লোপ পাইয়াছিল। মারাঠাগণ কর্তৃক অধিকৃত স্থানসমূহ এবং সেগুলির নিকটবর্তী অঞ্চলে তাহাদের প্রতি এক দারুণ ভীতি ও ঘৃণার উদ্রেক হইয়াছিল। স্বভাবতই মারাঠা শাসনের উপর কাহারও কোন স্বাভাবিক আনুগত্য বা শ্রদ্ধা জন্মিতে পারে নাই।

অত্যাচারমূলক শাসন-নীতি

সর্বোপরি পাশ্চাত্ত্য সামরিক কৌশলে শিক্ষিত ইংরেজ সেনাবাহিনীর সহিত দীর্ঘকাল বুঝিয়া আত্মরক্ষা করা মারাঠা কেন ভারতের কোন শক্তির পক্ষেই সম্ভব ছিল না। ইহা ভিন্ন, পাণিপথের তৃতীয় যুদ্ধে মারাঠাদের পরাজয় তাহাদের শক্তি হ্রাস করিয়া ভারতে ব্রিটিশ প্রাধান্য স্থাপনের পথ প্রশস্ত করিয়া দিয়াছিল। উপরি-উক্ত বিভিন্ন কারণের সমষ্টিগত ফল হিসাবেই ভারতে মারাঠা শক্তির পতন ঘটিয়াছিল।

ব্রিটিশ শক্তির প্রাধান্য

অষ্টাবিংশ অধ্যায়

লর্ড কর্নওয়ালিস ও চিরস্থায়ী বন্দোবস্ত : ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট

(Lord Cornwallis and Permanent Settlement : Charter Act of 1813)

লর্ড কর্নওয়ালিসের সংস্কার (Reforms of Lord Cornwallis) : লর্ড কর্নওয়ালিস কোম্পানির আভ্যন্তরীণ দুর্নীতি দূর করিয়া কোম্পানির শাসনব্যবস্থাকে সুষ্ঠু ও সুবিন্যস্ত করিবার বিশেষ দায়িত্ব লইয়াই এদেশে আসিয়াছিলেন, একথার উল্লেখ করা হইয়াছে। কোম্পানির কর্মচারীদের মধ্যে তখন অত্যধিক দুর্নীতি দেখা দিয়াছিল। লর্ড কর্নওয়ালিস তাহাদের বেতন বৃদ্ধি করিয়া দিয়া তাহাদের অবৈধ অর্থ উপার্জনের পথ বন্ধ করিয়া দেন। লর্ড কর্নওয়ালিস তাঁহার শাসন সংস্কারের মূল নীতি করিয়াছিলেন ভারতীয়দের উপর শাসনসংক্রান্ত দায়িত্ব না দেওয়া। কিন্তু ভারতীয়দের প্রতি এই অবিশ্বাস তাঁহার অদূরদর্শিতার পরিচায়ক। কারণ, একদিকে যেমন তিনি ভারতীয়দের প্রতি অন্যায় করিয়াছিলেন, অপরদিকে আবার তেমনি সেই সময়ে সুদক্ষ ইংরেজ কর্মচারীর সংখ্যা যে খুব বেশী ছিল না তাহা তিনি ভাবিয়া দেখেন নাই। সুতরাং তাঁহার এই শাসনতান্ত্রিক সংস্কার তেমন ফলপ্রসূ হয় নাই। তথাপি ইহা অনস্বীকার্য যে, তিনি কোম্পানির কর্মচারীবর্গের সততা ও আনুগত্যের উপর বিশেষ জোর দিয়া কোম্পানির শাসনব্যবস্থাকে অনেকটা সুদক্ষ করিয়া তুলিয়াছিলেন। তিনিই ভারতীয় সিভিল সার্ভিসের গোড়াপত্তন করিয়া গিয়াছিলেন।

শাসনসংক্রান্ত সংস্কার

দেশে শান্তি ও শৃঙ্খলা যাহাতে বজায় থাকে সেইজন্য তিনি পুলিশী ব্যবস্থারও সংস্কারসাধন করিয়াছিলেন। পূর্বে দেশে শান্তিরক্ষার ভার ছিল জমিদারগণের উপর। কর্নওয়ালিস জমিদারগণের সেই ক্ষমতার বিলোপসাধন করিয়া গ্রামাঞ্চলে প্রত্যেক ক্ষুদ্র ক্ষুদ্র এলাকায় একজন করিয়া দারোগা নিযুক্ত করেন। কলিকাতায় তিনি একজন পুলিশ সুপার নিযুক্ত করিয়াছিলেন।

পুলিশী ব্যবস্থার সংস্কার

কর্নওয়ালিস কোম্পানির বাণিজ্য ব্যাপারেও সংস্কারসাধন করিলেন। পূর্বে কোম্পানির কর্মচারীবর্গ দেশীয় দালালদের নিকট হইতে পণ্যদ্রব্যাদি ক্রয় করিয়া কোম্পানির নিকট বিক্রয় করিত। ইহাতে কর্মচারীদের যথেষ্ট লাভ থাকিত। কিন্তু কর্নওয়ালিস সরাসরিভাবে দেশীয় দালালদের নিকট হইতে পণ্যদ্রব্যাদি ক্রয় করিবার ব্যবস্থা করিয়া কোম্পানির লাভের পরিমাণ বৃদ্ধি করিলেন।

বাণিজ্য সংক্রান্ত সংস্কার

বিচারব্যবস্থার সংস্কারসাধন করিয়া কর্নওয়ালিস ওয়ারেন হেস্টিংস্-প্রবর্তিত বিচারব্যবস্থাকে আরও উন্নত করেন। তিনি সদর নিজামত আদালত মুর্শিদাবাদ হইতে কলিকাতায় স্থানান্তরিত করেন। পূর্বে নবাব ছিলেন এই বিচারালয়ের ভারপ্রাপ্ত। কর্নওয়ালিস এই বিচারালয়ের ভার দিলেন গবর্নর-জেনারেল ও তাঁহার কাউন্সিলের উপর। সদর নিজামত আদালতের অধীনে কর্নওয়ালিস চারিটি ভ্রাম্যমাণ বিচারালয় স্থাপন করিলেন। এই সকল বিচারালয়ের বিচারকগণ বিভিন্ন স্থানে যাইয়া বিচারকার্যাদি সম্পন্ন করিতেন। পূর্বেকার দণ্ডবিধির কঠোরতা তিনি অনেক হ্রাস করিলেন। ইহা ভিন্ন, মুসলমান আমলে বিচারালয়ের সাক্ষী গ্রহণের রীতির পরিবর্তন করিয়া তিনি আইনের চক্ষে প্রজাবর্গকে সমান অধিকার দান করিলেন। লর্ড কর্নওয়ালিস দেওয়ানী বিচারব্যবস্থাকে রাজস্ব-বিভাগ হইতে পৃথক করিয়া দেওয়ানী আদালতের অধীনে পর্যায়ক্রমে প্রাদেশিক বিচারালয়, জেলা বিচারালয় এবং সদর আমিন ও মুনসেফী বিচারালয় স্থাপন করেন। প্রাদেশিক বিচারালয়ের মোট সংখ্যা ছিল চারিটি। কর্নওয়ালিস জেলা ম্যাজিস্ট্রেটদের বিচারক্ষমতা বাতিল করিয়া দিয়া তাঁহাদের উপর কেবলমাত্র শাসনক্ষমতা ন্যস্ত করিয়াছিলেন।

মুর্শিদাবাদ হইতে সদর নিজামত আদালত স্থানান্তরিত

দণ্ডবিধির পরিবর্তন

চিরস্থায়ী বন্দোবস্ত, ১৭৯৩ খ্রীঃ (Permanent Settlement):

লর্ড কর্নওয়ালিসের সর্বাধিক উল্লেখযোগ্য সংস্কার হইল তাঁহার প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্ত। পূর্বে কোম্পানি পাঁচ বৎসরের জন্য এবং পরে এক বৎসরের জন্য জমি বন্দোবস্ত দেওয়ার রীতি অনুসরণ করিত। লর্ড কর্নওয়ালিস দেখিলেন যে, নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ রাজস্ব আদায়িকৃত না হইলে কোম্পানির শাসনকার্য পরিচালনায় অসুবিধার সৃষ্টি হয়। বাৎসরিক বাজেট প্রস্তুত করিবার জন্যও বাৎসরিক আয় মোটামুটিভাবে নির্দিষ্ট থাকা প্রয়োজন। এইজন্য তিনি রাজস্ব চিরকালের জন্য নির্দিষ্ট করিয়া দেওয়া স্থির করিলেন।

সপক্ষে যুক্তি

ইহা ভিন্ন, তিনি নিজে ছিলেন ইংলণ্ডের একজন জমিদার। তিনি ব্রিটিশ পদ্ধতি এদেশেও চালু করিতে চাহিলেন। এ-বিষয় লইয়া সার্ জন্ শোরের সহিত তাঁহার সুদীর্ঘ বিতর্ক হইয়াছিল, কিন্তু লর্ড কর্নওয়ালিস জমিদারগণকে জমির মালিক হিসাবে ধরিয়া লওয়াই স্থির করিলেন। ১৭৮৯-৯০ খ্রীষ্টাব্দে লর্ড কর্নওয়ালিস জমিদারগণকে দশ বৎসরের জন্য জমি বন্দোবস্ত দিলেন। সঙ্গে সঙ্গে তিনি এই প্রতিশ্রুতিও দিলেন যে, কোম্পানির ইংলণ্ডস্থ কর্তৃপক্ষ অনুমোদন করিলে এই দশসালা বন্দোবস্তই চিরস্থায়ী বন্দোবস্তে পরিণত করা হইবে। ইংলণ্ড হইতে লর্ড কর্নওয়ালিসের প্রস্তাব অনুমোদিত হইলে ১৭৯৩ খ্রীষ্টাব্দে বাংলা-বিহার-উড়িষ্যার জমিদারগণ নিজ নিজ জমিদারি চিরস্থায়ীভাবে পাইলেন।

দশসালা বন্দোবস্ত

চিরস্থায়ী বন্দোবস্ত (১৭৯৩ খ্রীঃ)

চিরস্থায়ী বন্দোবস্তের দোষগুণ সম্পর্কে আলোচনা করিলে প্রথমে ইহার গুণ হিসাবে বলা যাইতে পারে যে, কোম্পানি প্রতি বৎসর একটি নির্দিষ্ট পরিমাণ রাজস্বলাভের নিশ্চয়তার উপর ভিত্তি করিয়া বাজেট প্রস্তুত করিতে সমর্থ হইল। ইহাই ছিল চিরস্থায়ী বন্দোবস্তের প্রধান গুণ। লর্ড কর্নওয়ালিস একথাও আশা করিয়াছিলেন যে, জমিদারগণকে জমির মালিক বলিয়া স্বীকার করিলে জমির উন্নয়ন ঘটিবে। কারণ, জমিদার তখন জমির উপর তাঁহার অধিকার সম্পর্কে নিশ্চিন্ত হইতে পারিবেন। গ্রামাঞ্চলে বহু জমিদার প্রজাবর্গের ও জমির উন্নতি বিধানের চেষ্টা যে না করিয়াছিলেন এমন নহে। বন্যা, দুর্ভিক্ষ প্রভৃতিতে জমিদারগণ অনেক ক্ষেত্রেই প্রজাবর্গকে সাহায্যদান করিতে ত্রুটি করেন নাই। চিরস্থায়ী বন্দোবস্তের ফলে যে জমিদারশ্রেণীর উদ্ভব ঘটিয়াছিল উহা স্বভাবতই ইংরেজ কোম্পানির নির্ভরযোগ্য সমর্থক হইয়া দাঁড়াইয়াছিল।

গুণ

কিন্তু চিরস্থায়ী বন্দোবস্তের অপগুণ ছিল অত্যধিক। প্রথমত, এই বন্দোবস্ত এত উঁচু হারে স্থিরীকৃত হইয়াছিল যে, বহু জমিদারি অতি অল্প সময়ের মধ্যেই হস্তান্তরিত হইয়াছিল। নির্দিষ্ট দিনে সূর্যাস্তের পূর্বে রাজস্ব আদায় না করিলে জমিদারি নিলাম করিবার নিয়মের ফলে বহু বড় বড় জমিদারি বিক্রীত হইয়া গিয়াছিল। দ্বিতীয়ত, জমিদারি বন্দোবস্ত দেওয়ার কালে জমিদারির সীমা সুনির্দিষ্ট করিয়া না দেওয়ার ফলে নানা প্রকার মামলা-মকদ্দমার সৃষ্টি হইয়াছিল। তৃতীয়ত, জমিদারগণ রায়তদের উপর নানা প্রকার জুলুম-জবরদস্তি করিতে দ্বিধাবোধ করিতেন না। সামান্য কারণে ও অকারণেও জমিদার রায়তদিগকে উচ্ছেদ করিতে পারিতেন। ফলে রায়তদের দুর্দশার সীমা ছিল না। জমিদারদের এইরূপ অত্যাচার হইতে রায়তদের রক্ষা করিবার জন্য সরকারকে প্রজাস্বত্ব আইন পাস করিতে হইয়াছিল। চতুর্থত, জমির বন্দোবস্ত যখন দেওয়া হইয়াছিল তখন সেগুলির দাম যাহা ছিল তাহা হইতে পরবর্তীকালে জমির দাম বৃদ্ধি পাওয়ার ফলে জমিদারগণ লাভবান হইয়াছিলেন বটে, কিন্তু ইহাতে সরকারের রাজস্ব-আয় বৃদ্ধি পায় নাই। পঞ্চমত, জমিদারগণ শহর এলাকায় বসবাস করিয়া গ্রামের লোকের নিকট

চিরস্থায়ী বন্দোবস্তের অপগুণ

হইতে আদায়িকৃত খাজনা শহর এলাকাতেই ব্যয় করিতেন। ইহাতে গ্রামবাসী সেই অর্থের কোন অংশ আর পাইত না। জমির উন্নয়ন কার্যেও জমিদারগণ মনোযোগী ছিলেন না, কারণ তাঁহারা রায়তদের উপর জমির উন্নয়নের ভার দিয়াই নিশ্চিন্ত হইতেন। আর রায়তরা মনে করিত যে, জমি যখন তাহাদের নহে তবে উহার উন্নতি করিয়া লাভ কি? সর্বশেষে ইহাও উল্লেখ করিতে হয় যে, জমিদারি-প্রথায় নায়েব-গোমস্তাগণও রায়তদের উপর নানাভাবে অত্যাচার করিতে ছাড়িত না। এই সকল ত্রুটি ক্রমেই জমিদারি-প্রথা উচ্ছেদের পক্ষে জনমতকে জাগ্রত করিয়া তুলিলে, স্বাধীন ভারত-সরকার জমিদারি-প্রথার উচ্ছেদ সাধন করিয়াছেন।

জমিদারি-প্রথার উচ্ছেদ

কর্নওয়ালিস পদ্ধতি (Cornwallis System): (১) লর্ড কর্নওয়ালিস-প্রবর্তিত ভূমি-বণ্টন ব্যবস্থার গুরুত্ব (Importance of Cornwallis' Land System): লর্ড কর্নওয়ালিস-প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্ত ভারতের অর্থনৈতিক ইতিহাসে এক সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করিয়াছিল। তিনি জমিদারি বন্দোবস্ত চিরস্থায়ী করিয়া দিয়া কৃষির তথা জমির গুরুত্ব বহুগুণে বাড়াইয়া দিয়াছিলেন। যতদিন জমির অস্থায়ী ও স্বল্পমেয়াদী বন্দোবস্ত দেওয়া হইতেছিল ততদিন জমির দিকে ভারতবাসী, বিশেষত বাংলা, বিহার ও উড়িষ্যার লোকদের ততটা ঝোঁক ছিল না। ফলে কুটির শিল্পও দেশে গড়িয়া উঠিয়াছিল। কিন্তু জমি চিরস্থায়ীভাবে অধিকার করিবার সুযোগলাভের সঙ্গে সঙ্গে সকলেই জমি ক্রয় করিয়া স্থায়ী ও স্থাবর সম্পত্তি সঞ্চয়ের দিকে মনোযোগী হইল। নিজের ঘরবাড়ী ভিন্ন একখণ্ড কৃষিজমি সকলেই ক্রয় করিবার জন্য ব্যস্ত হইয়া পড়িল। ইহার অবশ্যম্ভাবী ফল হিসাবে কুটির শিল্পাদি ক্রমেই অবহেলিত হইতে লাগিল। ইহা ভিন্ন, যাহাদের সঞ্চয়-শক্তি অধিক ছিল বা যথেষ্ট সঞ্চিত অর্থ ছিল তাহারাও জমিদারি ক্রয় করিয়া বংশপরম্পরায় জমির উপস্বত্ব ভোগ করিতে চাহিল। ফলে মূলধন শিল্প-গঠনে ব্যয়িত না হইয়া জমিতেই খাটানো হইতে লাগিল। এইভাবে ক্রমেই জমির উপর চাপ বৃদ্ধি পাইতে লাগিল। এদিকে অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে ইংলণ্ডে শিল্প-বিপ্লব ঘটিলে এবং নূতন নূতন শক্তি-চালিত যন্ত্রপাতির সাহায্যে তৈয়ারি নূতন নূতন জিনিসপত্র এদেশে আসিতে লাগিলে সেগুলির সহিত মানুষের শ্রম-শক্তি দ্বারা চালিত ক্ষুদ্র শিল্পজাত দেশীয় সামগ্রী প্রতিযোগিতায় স্বভাবতই টিকিতে পারিল না। ইহার ফলেও কৃষিজমির উপর চাপ আরও বৃদ্ধি পাইয়া চলিল। একদিকে যেমন কর্নওয়ালিসের ভূমি-বণ্টন সংক্রান্ত আইন দেশবাসীকে কৃষি-আশ্রয়ী করিয়া তুলিতে লাগিল অন্যদিকে আবার তেমনি রাজস্ব আদায়ের প্রশ্নও ক্রমেই জটিল হইয়া উঠিতে লাগিল। রাজস্ব সম্পর্কে নিশ্চিত হইবার যে আশা লইয়া কর্নওয়ালিস চিরস্থায়ী বন্দোবস্ত চালু করিয়াছিলেন সেই আশা ফলবতী হইল না। রাজস্ব অনাদায়ে জমিদারি

ভূমি-আশ্রয়ী-জনসমাজ : কুটির শিল্পের পতনোন্মুখতা

জমিতে মূলধন নিয়োগের আগ্রহ

বিলাতী সামগ্রীর প্রতিযোগিতায় কুটির শিল্পের ক্ষতি—জমির উপর চাপবৃদ্ধি

হস্তান্তরিত হইতে লাগিল। চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে ব্রিটিশ সরকারের প্রতি আনুগত্যপূর্ণ জমিদারশ্রেণী গঠনের যে আশা পোষণ করা হইয়াছিল তাহাও তেমন সফল হইল না। প্রজাবর্গ জমিদারদের নিকট হইতে সদ্ব্যবহার পাইল না। প্রজা উচ্ছেদ যথেচ্ছভাবে চলিতে লাগিল। ফলে দেশে কৃষিজমি-আশ্রয়ী লোকদের মধ্যে জমিদার, জমিহীন ও জমিভোগকারী কৃষক—এই তিন শ্রেণীর সৃষ্টি হইল।

(২) শাসনব্যবস্থায় ইওরোপীয় কর্মচারিগণের সর্বাত্মক প্রাধান্য (Over-all Authority of the Europeans in Indian Administration): লর্ড কর্নওয়ালিসের পূর্বাবধি শাসনব্যবস্থায় ভারতীয়দেরও দায়িত্বশীল পদে নিযুক্ত করা হইত। দেশের গ্রামাঞ্চলে শান্তিরক্ষার যাবতীয় দায়িত্ব তখন ছিল জমিদারদের উপর। তখন ফৌজদারী বিচারের সর্বোচ্চ ক্ষমতা ছিল নবাবের উপর। কিন্তু লর্ড কর্নওয়ালিস তাঁহার শাসন সংস্কারের দ্বারা জমিদারদের হাত হইতে পুলিশী ব্যবস্থা কোম্পানির হস্তে ন্যস্ত করেন। দারোগা হইতে আরম্ভ করিয়া উর্ধ্বতন পুলিশ কর্মচারী-পদ মাত্রেই ইওরোপীয়দের নিয়োগ করিবার প্রথা তিনি চালু করেন। দেওয়ানী বিচারের ভারও তিনি ইংরেজ কর্মচারীদের হস্তে ন্যস্ত করেন। এমনকি, সদর ফৌজদারী আদালত মুর্শিদাবাদ হইতে কলিকাতাস্থ ফোর্ট উইলিয়ামে স্থানান্তরিত করিয়া তিনি গবর্নর-জেনারেল ও কাউন্সিলের উপর উহার সর্বোচ্চ দায়িত্ব অর্পণ করেন। লর্ড কর্নওয়ালিসের বিচারালয় ও পুলিশী ব্যবস্থা সংক্রান্ত সংস্কারাদির নিরপেক্ষ আলোচনা হইতে একথাই স্পষ্ট হইয়া উঠে যে, ভারতীয় কর্মচারীদের উপর তাঁহার কোন আস্থা ছিল না। ফলে শাসক ও শাসিতের মধ্যে যে প্রীতি ও শুভেচ্ছা থাকার প্রয়োজন তাহা ক্রমেই লোপ পাইয়াছিল। অত্যধিক ক্ষমতাপ্রাপ্ত ইওরোপীয় কর্মচারীদের ঔদ্ধত্য এবং অত্যধিক দায়িত্ব বহনের অক্ষমতা হেতু শাসনকার্যে তাহাদের অকর্মণ্যতা শীঘ্রই প্রকট হইয়া উঠিয়াছিল। ভারতীয় বিচারপতিগণের পক্ষে উচ্চস্তরে উন্নীত হইবার পথ রুদ্ধ করিয়া দিয়া লর্ড কর্নওয়ালিস ভারতীয়দের মধ্যে ভবিষ্যৎ অসন্তোষের বীজ বপন করিয়া গিয়াছিলেন।

শান্তিরক্ষায় জমিদার-গণের দায়িত্ব বিলোপ

ইংরেজ কর্মচারীদের উপর পুলিশী ও বিচার ব্যবস্থার দায়িত্ব স্থাপন

ভারতীয়দের প্রতি অবিশ্বাস ও বৈষম্য-মূলক নীতি ভবিষ্যৎ অসন্তুষ্টির কারণ

১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্ **(Charter Act of 1813)**:

১৭৯৩ খ্রীষ্টাব্দে লর্ড কর্নওয়ালিসের সুপারিশক্রমে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি ভারতে বাণিজ্য করিবার একচেটিয়া অধিকার আরও কুড়ি বৎসরের জন্য পাইয়াছিল। বৎসরে নির্দিষ্ট পরিমাণ সামগ্রী ক্রয়ের অতি নগণ্য অধিকার অবশ্য অপরাপর ইংরেজ বাণিজ্য-প্রতিষ্ঠানকে সেই সময়ে দেওয়া হইয়াছিল। কিন্তু ১৮১৩ খ্রীষ্টাব্দে সেই আইনের মেয়াদ যখন শেষ হইল, তখন কোম্পানিকে একচেটিয়া বাণিজ্য অধিকার আর দেওয়া হইবে কি না সেই প্রশ্ন উঠিল। সেই সময়ে ফরাসী সম্রাট নেপোলিয়ন ইংরেজ জাতির বাণিজ্য নাশ করিবার উদ্দেশ্যে ইওরোপের কোন বন্দরে ব্রিটিশ সামগ্রী আমদানি

নিষিদ্ধ করিয়া দিয়াছিলেন। এই অর্থনৈতিক অবরোধ 'কন্টিন্যাণ্টাল সিস্টেম্‌' (Continental System) নামে পরিচিত ছিল। ইওরোপের দেশগুলিতে বাণিজ্য-সামগ্রী রপ্তানির অসুবিধার সৃষ্টি হইলে ইংলণ্ডের বণিক সম্প্রদায়ের মধ্যে ভারতবর্ষ তথা প্রাচ্য অঞ্চলের দেশগুলির সহিত বাণিজ্য করিবার আগ্রহ ও প্রয়োজন বৃদ্ধি পাইয়াছিল। ফলে ব্রিটিশ পার্লামেন্টে এবং পার্লামেন্টের বাহিরে ইংরেজ ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানির ভারতে একচেটিয়া বাণিজ্যাধিকার নাকচ করিবার জন্য এক তীব্র আন্দোলন শুরু হয়। এই সকল কারণে ইংরেজ ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানির ভারতে একচেটিয়া বাণিজ্যাধিকার নাকচ করা হইয়াছিল। কেবলমাত্র চীনদেশে বাণিজ্য করিবার একচেটিয়া অধিকার আরও কুড়ি বৎসরের জন্য কোম্পানিকে দেওয়া হইয়াছিল।

ভারতে ইংলণ্ডের বণিক সম্প্রদায়ের অবাধ-বাণিজ্যাধিকার দাবি

ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানির ভারতে একচেটিয়া বাণিজ্যাধিকার বিলুপ্তি

১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্‌ অন্য এক বিষয়েও খুবই উল্লেখযোগ্য ছিল। ব্রিটিশ পার্লামেন্ট এই আইনে ভারতবাসীদের মধ্যে বিজ্ঞান-বিষয়ক শিক্ষার ব্যবস্থার জন্য বাৎসরিক মোট এক লক্ষ টাকা ব্যয়বরাদ্দ করিল। ইহা ভিন্ন, কোম্পানির সামরিক ও বে-সামরিক কর্মচারীদের শিক্ষার ব্যবস্থাও এই আইনের দ্বারা করা হইল। কলিকাতায় খ্রীষ্টধর্মের সর্বোচ্চ যাজক হিসাবে একজন বিশপ ও তিনজন অধস্তন পর্যায়ের যাজক নিযুক্ত করিবার ব্যবস্থা করা হইল।

শিক্ষা ও ধর্ম সংক্রান্ত শর্তাদি

ইংরেজ বণিকদের ভারতে অবাধ-বাণিজ্যাধিকার লাভের ফলাফল (Results of the English Merchants' Right to Freedom of Trade in India): ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্‌ অনুসারে ইংরেজ ইস্ট্‌ ইণ্ডিয়া কোম্পানির ভারতে একচেটিয়া বাণিজ্য অধিকার নাকচ হইয়া যায়। ফলে ইংলণ্ডের বাণিজ্য-প্রতিষ্ঠানমাত্রেই ভারতের সহিত অবাধ-বাণিজ্য চালাইবার অধিকার প্রাপ্ত হয়। অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে ইংলণ্ডে শিল্প-বিপ্লব সংঘটিত হইলে উৎপাদন প্রণালীর যে আমূল পরিবর্তন সাধিত হইয়াছিল তাহাতে পূর্বাপেক্ষা কম খরচে অধিক পরিমাণ সামগ্রী উৎপাদন করা সহজ হইয়া পড়িয়াছিল। কিন্তু এই সকল উৎপন্ন সামগ্রী বিক্রয়ের জন্য বাজারেরও প্রয়োজন ছিল। ১৮১৩ খ্রীষ্টাব্দে অবাধ-বাণিজ্যাধিকার পাইবার ফলে ইংলণ্ডের বিভিন্ন বাণিজ্য ও শিল্প প্রতিষ্ঠান ভারতের বন্দর ও বাজার তাহাদের উৎপন্ন সামগ্রীতে ছাইয়া ফেলিল। লর্ড কর্নওয়ালিসের চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে বাংলাদেশের জনসমাজ কৃষি-আশ্রয়ী হইয়া উঠিতেছিল। ফলে কুটির শিল্প ক্রমেই উহার গুরুত্ব হারাইয়া এবং বিদেশী বণিক সম্প্রদায় কর্তৃক আমদানি করা বিলাতী সামগ্রীর সহিত প্রতিযোগিতায় পরাজিত হইয়া অপমৃত্যুর দিকে ধাবিত হইতেছিল। ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্টের ফলে ইংরেজ বণিকগণ অবাধভাবে ভারতের বন্দর ও বাজার বিলাতী সামগ্রীতে ছাইয়া ফেলিলে স্বভাবতই বাংলাদেশের

বিলাতী সামগ্রীর প্রতিযোগিতায় ভারতীয় কুটির শিল্পের অপমৃত্যু

তথা ভারতীয় শিল্পগুলি ধ্বংসপ্রাপ্ত হইল। বাংলাদেশ, লক্ষ্ণৌ, বারাণসী, নাগপুর, আহ্মদাবাদ, মাদুরা, পাঞ্জাব, কাশ্মীর প্রভৃতি অঞ্চল সুতীবস্ত্র, রেশম ও পশমের বস্ত্রের জন্য প্রসিদ্ধ ছিল। ধাতু-শিল্প ও মূল্যবান প্রস্তর-শিল্পে বারাণসী, তাঞ্জোর, পুণা, নাসিক প্রভৃতি স্থান প্রসিদ্ধ ছিল। কিন্তু বিলাতী যন্ত্রচালিত বয়নশিল্পের উৎপন্ন সামগ্রীর সহিত প্রতিযোগিতায় ভারতীয় শিল্প টিকিতে পারিল না। ভারতীয়গণ জমির উপর নির্ভরশীল হইয়া পড়িতে লাগিল, আর ভারতীয় বাণিজ্য ও শিল্প বিদেশী বণিক এবং শিল্পপতিদের হস্তে চলিয়া যাইতে লাগিল। পূর্বে ভারতের সম্পদের এক বিশাল অংশ বিদেশে রপ্তানি সামগ্রীর মূল্য হিসাবে প্রাপ্ত সোনারূপায় গড়িয়া উঠিয়াছিল। এই সকল রপ্তানি সামগ্রীর মধ্যে মসলা জাতীয় কৃষি-উৎপন্ন দ্রব্যাদিও ছিল বটে, কিন্তু শিল্পজাত সামগ্রীই তখনকার ভারতের সমৃদ্ধি ও সম্পদের উৎস ছিল। কিন্তু ইংরেজ বণিকদের প্রতিযোগিতায় ক্রমেই এই সকল শিল্প বিনাশপ্রাপ্ত হইল। ইংরেজ বণিকগণ ভারতের ব্যবসায়-বাণিজ্য হস্তগত করিয়া লইল। ইংরেজ শিল্পপতিদের উৎপন্ন সামগ্রীর মূল্য হিসাবে বিশাল পরিমাণ সোনা ও রূপা এদেশ হইতে ইংলণ্ডে চলিয়া যাইবার ফলে সোনারূপার পরিমাণ ক্রমেই হ্রাস পাইতে লাগিল। দেশের লোকের সমৃদ্ধির যুগের অবসান ঘটিয়া দারিদ্র্য ও পরাধীনতাজনিত চরম দুর্দশার যুগের সূচনা হইল। ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়ী ব্যবসায় ত্যাগ করিয়া কৃষির উপর নির্ভরশীল হইয়া পড়িল। ইওরোপীয় বণিকগণ সস্তায় এদেশ হইতে কাঁচামাল নিজ নিজ দেশে চালান দিয়া এবং সেই কাঁচামাল দ্বারা প্রস্তুত সামগ্রী এদেশে পুনরায় বিক্রয় করিয়া লাভবান হইতে লাগিল। ব্যাঙ্ক, শিল্প, বাণিজ্য সবকিছুই ক্রমে ক্রমে ভারতীয়দের হাত হইতে ইওরোপীয় তথা ইংরেজ বণিকদের হাতে চলিয়া যাইতে লাগিল।

ভারতীয় বিভিন্ন শিল্প ও শিল্পাঞ্চল

ইওরোপীয় তথা ইংরেজ বণিকদের হস্তে ভারতীয় শিল্প ও বাণিজ্য হস্তান্তরিত

শিল্প, ব্যবসায়-বাণিজ্য ভারতীয়দের হাত হইতে বিদেশীদের হাতে চলিয়া যাইবার ফলে ভূম্যধিকারীশ্রেণীর সামাজিক ও অর্থনৈতিক গুরুত্ব বহুগুণে বৃদ্ধি পাইল। কৃষির উপর নির্ভরশীল জনসমাজ ভূম্যধিকারীদের অধীন হইয়া পড়িল। ইহা ভিন্ন, ইওরোপীয়দের বাণিজ্য-প্রতিষ্ঠান এবং কোম্পানির শাসনব্যবস্থায় চাকরি গ্রহণ করিয়া এক নূতন চাকরিজীবী সম্প্রদায়ের সৃষ্টি হইল। ভূম্যধিকারী ও চাকরিজীবী সম্প্রদায় লইয়া গঠিত হইল বাংলাদেশের তথা ভারতের মধ্যবিত্ত সমাজ। এইভাবে উনবিংশ শতাব্দীর গোড়ার দিকে ভারতীয় অর্থনৈতিক ও সামাজিক জীবনে এক দারুণ পরিবর্তন দেখা দিল।

ভূম্যধিকারী ও চাকরিজীবী মধ্যবিত্ত সমাজের উৎপত্তি

পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতির প্রভাব : ভারতীয় নবজাগরণের সূচনা

(Impact of the Western Education and Culture : Beginning of the Indian Renaissance)

নবজাগরণের সূচনা (The Beginning of the Renaissance): মোগল যুগের শেষদিকে কেন্দ্রীয় শাসনব্যবস্থা যখন দুর্বল হইয়া পড়িল তখন ভারতের সর্বত্র দেখা দিল এক ব্যাপক অরাজকতা। ঐক্যবদ্ধ মোগল সাম্রাজ্য ক্ষুদ্র ক্ষুদ্র স্থানীয় রাষ্ট্রে বিভক্ত হইয়া পড়িল। এই বিচ্ছিন্নতা ধর্ম, অর্থনীতি, সংস্কৃতি সর্বত্র ছড়াইয়া পড়িল। ভারতীয় সংস্কৃতি তখন স্বভাবতই অগ্রগতি হারাইয়া ফেলিল। নূতন ধারার সহিত পুরাতন ধারার সংঘাতের মধ্য দিয়াই সংস্কৃতি অগ্রসর হইয়া থাকে। রুদ্ধ, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক বা নৈতিক জীবনে সাংস্কৃতিক অগ্রগতির কোন সুযোগ থাকে না। মোগল যুগের শেষদিকে ভারতীয় জীবন যখন রুদ্ধ, অগ্রগতিহীন হইয়া পড়িয়াছিল তখন এদেশে, বিশেষভাবে বাংলাদেশে, ব্রিটিশ প্রাধান্য স্থাপিত হওয়ার ফলে ক্রমে পাশ্চাত্ত্য সংস্কৃতির প্রভাব বিস্তারলাভ করিতে লাগিল। পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতির প্রভাব বাংলাদেশেই সর্বপ্রথম বিস্তারলাভ করিয়াছিল। সেইজন্য এই নূতন প্রভাবের ফলে যে এক নবজাগরণ ও নবচেতনার সৃষ্টি হইয়াছিল তাহার কেন্দ্রস্থল ছিল বাংলাদেশ আর তাহার ধারক ও বাহক হইয়াছিল বাঙালী জাতি। প্রাচ্য ও পাশ্চাত্ত্য শিক্ষা ও ভাবধারার সংমিশ্রণে যে নূতন সজীব ভাবধারার সৃষ্টি হইয়াছিল উহার প্রতীক ছিলেন বাঙালী মনীষী রাজা রামমোহন রায়।

মোগল যুগের শেষদিকে ভারতীয় সংস্কৃতির গতিহীনতা

পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতির প্রভাবে নবজাগরণের সৃষ্টি

ইংরেজী শিক্ষা ও সংস্কৃতির ক্রমবিস্তারের ফলে বাংলা তথা ভারতীয় শিক্ষা ও সংস্কৃতির ইতিহাসের এক যুগসন্ধিক্ষণ আসিল। হিন্দু, ইস্‌লামীয় ও পাশ্চাত্ত্য সভ্যতা ও সংস্কৃতির মিলনক্ষেত্র হইয়া উঠিল আমাদের এই দেশ। একই দেশে একই স্থানে যখন এই তিনটি সংস্কৃতি নিজ নিজ স্থান করিয়া লইতে চাহিল তখনই প্রয়োজন হইল সমন্বয়সাধনের। ইস্‌লামীয় সংস্কৃতি ভারতের মূল হিন্দু সংস্কৃতির সহিত সম্পূর্ণভাবে মিশিবার সুযোগ পায় নাই, ইহার কারণ ছিল সুলতান-বাদশাহ্‌দের সঙ্কীর্ণ ধর্মান্ধ নীতি। তথাপি শের শাহ্, আকবর প্রভৃতি উদারচেতা সুলতান-বাদশাহ্‌দের আমলের সুফল একেবারে বিনাশপ্রাপ্ত হয় নাই। হিন্দু ও ইস্‌লামীয় সংস্কৃতির আংশিক সংমিশ্রণ স্বভাবতই ঘটিয়াছিল। যাহা হউক, সম্পূর্ণ সংমিশ্রণ ঘটিতে পারে নাই বলিয়াই পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতি যখন এদেশে বিস্তারলাভ করিল তখন হিন্দু, ইস্‌লামীয় ও পাশ্চাত্ত্য—এই তিনটি সংস্কৃতির সমন্বয়সাধনের এক ঐতিহাসিক প্রয়োজন

বাংলাদেশের সাংস্কৃতিক জীবনের যুগসন্ধিক্ষণ

হিন্দু, ইস্‌লামীয় ও পাশ্চাত্ত্য সংস্কৃতির সমন্বয়ের প্রয়োজনীয়তা—রাজা রামমোহন রায়

দেখা দিল। রাজা রামমোহন রায় এই তিনের সমন্বয়সাধন করিয়া এক নবযুগের সূচনা করিয়া গিয়াছিলেন।

রাজা রামমোহন রায় গ্রীক, হিব্রু, ইংরেজী, সীরীয় প্রভৃতি কোন ভাষার বা হিন্দু, মুসলমান ও পাশ্চাত্ত্য সংস্কৃতির সারমর্ম উপলব্ধি করিতে ত্রুটি করেন নাই। এই সকল জাতির সাহিত্য, ধর্ম ও সংস্কৃতির আলোচনার ফলে তাঁহার মনে এই সত্যটিই প্রকট হইয়া উঠিল যে সকল ধর্ম মূলত একই ভগবানে বিশ্বাস করিয়া থাকে। অর্থহীন আচার-আচরণ, সামাজিক বা ধর্মীয় বাধানিষেধ কোন কিছুরই প্রকৃত মূল্য নাই। তাই তিনি হিন্দুধর্মকে সংস্কারমুক্ত করিতে চাহিলেন। তাঁহার এই আগ্রহের ফলেই ব্রাহ্ম সমাজের গোড়াপত্তন হইল। শুধু ধর্মের ক্ষেত্রেই নহে—শিক্ষা, রাজনীতি, সমাজ সর্বত্র তিনি চাহিলেন এক নবযুগের, এক নূতন জীবনাদর্শের প্রবর্তন করিতে। বাংলাদেশে তথা ভারতবর্ষে ইংরেজী শিক্ষা প্রবর্তন ব্যাপারে রাজা রামমোহন রায়ের নাম সর্বাগ্রে স্মরণীয়।

রাজা রামমোহন রায়ের অবদান



রাজা রামমোহন রায়

পাশ্চাত্ত্য শিক্ষার প্রতি তাঁহার শ্রদ্ধা

রসায়নশাস্ত্র, শারীরবিদ্যা, চিকিৎসাশাস্ত্র প্রভৃতি পাশ্চাত্ত্য দেশের অনুকরণে ভারতেও যাহাতে অধ্যয়ন-অধ্যাপনার ব্যবস্থা করা যাইতে পারে সেইজন্য তিনি তদানীন্তন গবর্নর-জেনারেল লর্ড আমহার্স্টকে অনুরোধ করিয়াছিলেন এবং সংস্কৃত, আর্বী ও ফার্সী শিক্ষার উপর গুরুত্ব আরোপের বিরুদ্ধে প্রতিবাদ জানাইয়াছিলেন। কিন্তু রাজা রামমোহন রায়ের অনুরোধ ও প্রতিবাদ সত্ত্বেও ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্টে বাৎসরিক এক লক্ষ টাকা শিক্ষার জন্য ব্যয় করিবার যে ব্যবস্থা করা হইয়াছিল তাহা সংস্কৃত, আর্বী ও ফার্সী শিক্ষার জন্য সরকার ব্যয় করিতে লাগিল। কিন্তু রাজা রামমোহন রায় তদানীন্তন বাঙালী সমাজের মধ্যে যে পাশ্চাত্ত্য শিক্ষাগ্রহণের আগ্রহ দেখা দিয়াছিল তাহারই দাবি সরকারের নিকট উপস্থাপিত করিয়াছিলেন।

লর্ড আমহার্স্টের নিকট রাজা রামমোহন রায়ের আবেদন ও প্রতিবাদ

ডেভিড্ হেয়ার: হিন্দু কলেজের প্রতিষ্ঠা

কিন্তু সরকার তাহা অগ্রাহ্য করিলে ডেভিড্ হেয়ার ও রাজা রামমোহন রায়ের চেষ্টায় ১৮১৭ খ্রীষ্টাব্দে হিন্দু কলেজ স্থাপিত হয়। পরে ইহাই প্রেসিডেন্সী কলেজ নাম ধারণ করিয়াছে। ডেভিড্ হেয়ার বাংলাদেশে তথা ভারতে ইংরেজী শিক্ষা প্রবর্তনের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অংশগ্রহণ

করিয়াছিলেন। 'স্কুল বুক সোসাইটি' নামে একটি প্রতিষ্ঠান তিনি স্থাপিত করিয়া ইংরেজী ভাষায় পুস্তক রচনা ও প্রকাশনের ব্যবস্থা করিলেন। স্কটিশ ধর্মযাজক আলেকজাণ্ডার ডাফ্ ও রাজা রামমোহন রায়ের চেষ্টায় কলিকাতায় পাশ্চাত্য শিক্ষাবিস্তারের জন্য 'জেনারেল এ্যাসেম্ব্লীজ্ ইন্‌স্টিটিউশান' নামে একটি বিদ্যালয় স্থাপিত হয়। কলিকাতা স্কটিশ চার্চ কলেজই হইল আলেকজাণ্ডার ডাফ্-প্রতিষ্ঠিত বিদ্যালয়ের বর্তমান রূপ।

আলেকজাণ্ডার ডাফ্

রাজা রামমোহন রায় কেবল পাশ্চাত্য শিক্ষার প্রসারের ব্যবস্থা করিয়াই ক্ষান্ত ছিলেন না; বাংলা গদ্য-সাহিত্যের উন্নয়ন, জাতিভেদ প্রথার দূরীকরণ, নারীজাতির সামাজিক মর্যাদা বৃদ্ধির চেষ্টা প্রভৃতি দ্বারা তিনি বাঙালীর শিক্ষা, সমাজ ও সংস্কৃতির ক্ষেত্রে এক নবযুগের সূচনা করিয়াছিলেন। হিন্দু বিধবাদের পুনঃ-বিবাহদান, তাঁহাদিগকে সম্পত্তির অংশদান প্রভৃতি সংস্কারমূলক কার্যাদির জন্য চেষ্টা করিয়া রাজা রামমোহন রায় তাঁহার উন্নত মনের পরিচয় দান করিয়া গিয়াছিলেন। সংবাদপত্রের স্বাধীনতা, কৃষকদের অবস্থার উন্নয়ন এবং ভারতীয়দের মধ্যে দেশাত্মবোধ ও জাতীয়তাবোধ জাগাইয়া তুলিবার জন্য রাজা রামমোহন রায় যে চেষ্টা করিয়া গিয়াছিলেন সেই পথ অনুসরণ করিয়াই পরবর্তীকালে ভারতের জাতীয় আন্দোলন ও সমাজ উন্নয়নের চেষ্টা চলিয়াছিল। রাজা রামমোহন রায়ের ভাবধারায় উদ্বুদ্ধ 'ইয়ং বেঙ্গল' (Young Bengal) ও 'ইয়ং বোম্বে' (Young Bombay) ভারতীয় সমাজ-জীবনের পুরাতন সবকিছুরই পরিবর্তনসাধন করিয়া, সবকিছু ভাঙ্গিয়া-চুরিয়া এক নূতন রূপদানে সচেষ্ট হইয়াছিল। প্রাচীনকে ভাঙ্গিবার চেষ্টায় বিশেষভাবে 'ইয়ং বেঙ্গল' তদানীন্তন হিন্দু সমাজকে কোন কোন ক্ষেত্রে প্রয়োজনের অধিক আঘাত হানিয়াছিল, তথাপি একথা স্বীকার করিতেই হইবে যে তাহাদের কার্যকলাপের মাধ্যমে বাঙালী জাতির জড়তা দূরীভূত হইয়া নব-জাগরণের বিস্তৃতির পথ প্রস্তুত হইয়াছিল। ডেভিড্ হেয়ার, বেথুন, ডি'রোজিও প্রভৃতির অবদানও এক্ষেত্রে উল্লেখযোগ্য। এই সকল দিক দিয়া বিচার করিলে রামমোহনকে বাংলা তথা ভারতের রেনেসাঁস বা নবজাগরণের প্রবর্তক বলিয়া আখ্যা দেওয়া যুক্তিযুক্তই হইবে।

রাজা রামমোহন রায়ের বহুমুখী মনীষা

বাংলা তথা ভারতের নবজাগরণের অগ্রদূত

'ইয়ং বেঙ্গল' ও 'ইয়ং বোম্বে'

ডেভিড্, হেয়ার, বেথুন, ডি'রোজিও



ডি'রোজিও

বাংলাদেশের নবজাগরণের মূলে যে-সকল মহানুভব ব্যক্তির উল্লেখ করিতে হয় তাঁহাদের মধ্যে লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক ও লর্ড ম্যাকলে ছিলেন অন্যতম। লর্ড

বেন্টিঙ্কের সমাজ সংস্কার ভারত-ইতিহাসে স্মরণীয় হইয়া আছে। তিনি ১৮২৯ খ্রীষ্টাব্দে সতীদাহ প্রথার উচ্ছেদসাধন করেন। ইহা ভিন্ন, পাশ্চাত্ত্য শিক্ষার প্রসারের জন্য তিনি কলিকাতা মেডিক্যাল কলেজ, বোম্বাই-এর এল্‌ফিন্‌স্টোন ইন্‌স্টিটিউশান স্থাপন করেন। সেই সময়ে ইংরেজী ভাষায় শিক্ষাদানের প্রশ্ন লইয়া তদানীন্তন সরকারের সেক্রেটারি প্রিন্সেপ্ সাহেব ও গবর্নর-জেনারেল কাউন্সিলের অন্যতম সদস্য লর্ড ম্যাকলের মধ্যে এক তুমুল বিতর্কের সৃষ্টি হয়। প্রিন্সেপ্ সাহেব ছিলেন প্রাচ্য ভাষা—অর্থাৎ সংস্কৃত, আর্‌বী, ফার্‌সী প্রভৃতির মাধ্যমে শিক্ষাদানের পক্ষপাতী, কিন্তু লর্ড ম্যাকলে ছিলেন ইংরেজী ভাষায় শিক্ষাদানের পক্ষপাতী। রাজা রামমোহন রায় পূর্ব হইতেই ইংরেজী ভাষার মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষা এদেশে প্রবর্তনের জন্য লর্ড আমহার্স্টকে জানাইয়াছিলেন। তখনকার বাঙালীগণ ইংরেজী ভাষায় পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতির অধ্যয়ন-অধ্যাপনারই পক্ষপাতী ছিলেন। এই সকল দিক বিবেচনা করিয়া লর্ড বেন্টিঙ্ক ম্যাকলের মতই গ্রহণ করিলেন। ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্ অনুযায়ী শিক্ষা-খাতে বরাদ্দ বাৎসরিক এক লক্ষ টাকা ইংরেজী ভাষার মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষার জন্য ব্যয়িত হইবে একথা স্থির হইল।


লর্ড বেন্টিঙ্কের অবদান

লর্ড ম্যাকলের ইংরেজী ভাষায় অধ্যয়ন-অধ্যাপনা দাবি

ইংরেজী ভাষা শিক্ষার মাধ্যম হিসাবে গৃহীত

রাজা রামমোহন রায়, ডেভিড্ হেয়ার, আলেকজাণ্ডার ডাফ্, লর্ড বেন্টিঙ্ক, লর্ড ম্যাকলে প্রভৃতি বাংলাদেশে যে রেনেসাঁস বা নবজাগরণের সূত্রপাত করিয়া গিয়াছিলেন উহার আবর্ত ক্রমেই বৃদ্ধি পাইয়া সমগ্র ভারতে ছড়াইয়া পড়িয়াছিল। ফলে উনবিংশ শতাব্দীর মধ্যভাগে বিশেষভাবে বাংলাদেশে এক সচেতন সুগঠিত জাগ্রত বাঙালী সমাজের উত্থান পরিলক্ষিত হয়। বাংলাদেশে প্রিন্স দ্বারকানাথ ঠাকুর, প্রসন্নকুমার ঠাকুর, তারাচাঁদ চক্রবর্তী, জর্জ টম্‌সন্, বোম্বাই-এ ভাওদাজী, নরোজী ফর্‌দুন্‌জী, দাদাভাই নৌরোজী এবং মাদ্রাজে লক্ষ্মীনারাস্থ চেট্টি, জর্জ ও জন্ নর্টন ভারতীয়দের এই নবজাগরণের পরিপ্রেক্ষিতে সর্বক্ষেত্রে ভারতবাসীর অধিকার স্থাপনে প্রয়াসী হইয়াছিলেন। এই রেনেসাঁস হইতেই ভারতীয় জাতীয়তাবোধের সৃষ্টি হইয়াছিল।

নবজাগরণের মাধ্যমে ভারতীয় জাতীয়তা-বোধের সৃষ্টি



ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

পাশ্চাত্ত্য শিক্ষার মাধ্যমে পাশ্চাত্ত্য চিন্তাধারা ও সংস্কৃতির শ্রেষ্ঠ বৈশিষ্ট্যগুলি বাঙালী জাতিকে এবং ক্রমে ভারতবাসীকে এক নূতন পথে চালিত করিয়াছিল। রাজনৈতিক, সামাজিক, ধর্মনৈতিক ও সাংস্কৃতিক জীবনে এক নবচেতনার সৃষ্টি হইয়াছিল।

বাংলায় নবজাগরণের পূর্ণ বিকাশ দেখিতে পাওয়া গেল ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মনীষায়। প্রাচ্য ও পাশ্চাত্ত্যের সমন্বয় ও সংমিশ্রণের মূর্ত প্রতীক ছিলেন ঈশ্বরচন্দ্র। সমাজ-সংস্কার, বিধবা-বিবাহ, সমাজের অধস্তন লাঞ্ছিত ও অবহেলিত সম্প্রদায়ের উন্নতিসাধন, স্ত্রী-শিক্ষা, বাংলা ভাষা, সংস্কৃত সাহিত্য প্রভৃতির উন্নয়ন, এই সকল বহুমুখী কার্যকলাপের মধ্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মানবতার প্রকাশ দেখিতে পাওয়া গেল।

ঈশ্বরচন্দ্র

লর্ড আমহার্স্ট, ১৮২৩-২৮ খ্রীঃ (Lord Amherst) : লর্ড ময়রার (হেস্টিংসের) আমলে ভারতের অধিকাংশ স্থান জুড়িয়া ব্রিটিশ সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল বটে, কিন্তু তখনও উত্তর-পশ্চিম সীমান্ত ও পূর্ব-সীমান্ত সম্পূর্ণরূপে নিরাপদ হয় নাই। উত্তর-পশ্চিম সীমান্তের দিকে সিন্ধী, শিখ, বালুচ, আফগান প্রভৃতি জাতি ভারতের সীমায় আসিয়া হানা দিতেছিল। পূর্ব-সীমান্তে আসাম ও ব্রহ্মদেশ তখনও ব্রিটিশ সীমা লঙ্ঘন করিবার মত শক্তিশালী ছিল। এমতাবস্থায় লর্ড হেস্টিংসের পর লর্ড আমহার্স্ট গবর্নর-জেনারেল নিযুক্ত হইয়া আসিলেন। ভারত-শাসনের দায়িত্ব গ্রহণ করিয়াই তাঁহাকে ব্রহ্মদেশের সহিত যুদ্ধে অবতীর্ণ হইতে হইল।

উত্তর-পশ্চিম ও পূর্ব-সীমান্তের নিরাপত্তার প্রশ্ন

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (First Anglo-Burmese War) : ব্রহ্মদেশের সহিত কোম্পানি বিনা বাধায় বাণিজ্য করিতেছিল। কিন্তু উনবিংশ শতাব্দীর প্রথমদিকে ব্রহ্মদেশের রাজা বোদোপায়া ও তাঁহার পুত্র পগিদোয়ার রাজত্বকালে ব্রহ্মদেশের সীমা ব্রিটিশ সাম্রাজ্যের পূর্বদিকের সীমার সংলগ্ন হইয়া পড়িলে ক্রমে এই দুই শক্তির মধ্যে রাজ্যসীমা লইয়া গোলযোগ উপস্থিত হইল। বোদোপায়া আরাকান অঞ্চল ও মণিপুর অধিকার করিয়া ব্রহ্মদেশের সীমা প্রসারিত করিয়াছিলেন। ব্রিটিশ সরকার ব্রহ্মদেশের সহিত কোনপ্রকার সংঘর্ষ যাহাতে উপস্থিত না হয় সেইজন্য এই সমস্যা মীমাংসার উদ্দেশ্যে পরপর ছয়বার ব্রহ্মদেশে দূত প্রেরণ করিয়াছিলেন। কিন্তু ইহাতে তেমন কোন কাজ হয় নাই। মধ্যযুগে আরাকানের রাজা চট্টগ্রাম, ঢাকা, কাশিমবাজার প্রভৃতি অঞ্চল হইতে রাজস্ব আদায় করিতেন। আরাকান দখল করিয়া বোদোপায়া মধ্যযুগের রীতি অনুযায়ী ঢাকা, চট্টগ্রাম প্রভৃতি স্থানের উপর আইনত অধিকার তাঁহারই, এই দাবি জানাইলেন। ইংরেজগণ এই দাবি অস্বীকার করিল। ইতিমধ্যে বোদোপায়ার মৃত্যুর পর পগিদোয়া রাজা হইয়া আসাম অধিকার করিতে সমর্থ হইয়াছেন। ইংরেজগণ চট্টগ্রাম, ঢাকা, কাশিমবাজার প্রভৃতি স্থানের উপর ব্রহ্মরাজের অধিকার অস্বীকার করিলে তিনি সৈন্য প্রেরণ করিয়া চট্টগ্রামের সন্নিকটে শাহ্‌পুরী দ্বীপটি দখল করিলেন। ইহা ভিন্ন,

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (১৮২৪-২৬ খ্রীঃ)

যুদ্ধের কারণ

বাংলাদেশ আক্রমণের জন্যও তিনি তোড়জোড় করিতে লাগিলেন। এদিকে লর্ড আমহার্স্ট গবর্নর-জেনারেল হইয়া আসিয়াছেন। লর্ড আমহার্স্ট প্রথমে আলাপ-আলোচনার মাধ্যমেই পগিদোয়ার সহিত মিটমাটের চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু ব্রহ্মদেশের রাজকর্মচারিগণ দুইজন ইংরেজ কর্মচারীকে বলপূর্বক ধরিয়া লইয়া গেলে লর্ড আমহার্স্ট ব্রহ্মদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিতে বাধ্য হইলেন। এই যুদ্ধ আসাম, আরাকান ও ব্রহ্মদেশ—এই তিন দেশেই ছড়াইয়া পড়িল। ব্রহ্মদেশের সেনাপতি বান্দুলা চট্টগ্রামের নিকট ব্রিটিশ সেনাবাহিনীকে শোচনীয়ভাবে পরাজিত করিলেন। অপরদিকে সার্ ক্যাম্প্‌বেল রেঙ্গুনের দিকে এক নৌবাহিনী লইয়া অগ্রসর হইলেন এবং রেঙ্গুন দখল করিতে সমর্থ হইলেন। এমতাবস্থায় বান্দুলাকে স্বদেশ রক্ষার্থে রেঙ্গুনের দিকে অগ্রসর হইতে হইল। কিন্তু রেঙ্গুনের সন্নিকটে তিনি পরাজিত হইয়া ডোনাবিউ নামক স্থানে ব্রিটিশ বাহিনীর সহিত আবার যুদ্ধে অবতীর্ণ হইলেন। এই যুদ্ধে আকস্মিকভাবে তাঁহার মৃত্যু ঘটিলে এবং ইতিমধ্যে সার্ ক্যাম্প্‌বেল প্রোম নামক স্থানটি দখল করিতে সমর্থ হইলে ব্রহ্মরাজ ব্রিটিশের সহিত 'যান্দাবু'র (Yandaboo) সন্ধি স্বাক্ষর করিলেন (১৮২৬ খ্রীঃ)। ইহার শর্ত অনুসারে ব্রহ্মরাজকে টেনাসেরিম ও আরাকান অঞ্চল ছাড়িয়া দিতে এবং ক্ষতিপূরণ হিসাবে এক বিরাট পরিমাণ অর্থ ব্রিটিশদের দিতে হইল। ইহা ভিন্ন, মণিপুর রাজ্য ত্যাগ করিতে এবং ভবিষ্যতে আসাম, কাছাড় প্রভৃতি অঞ্চলে আর হানা না দিবার শর্ত মানিয়া লইতে ব্রহ্মরাজ বাধ্য হইলেন। এই সন্ধির ফলে মণিপুর রাজ্য, আসাম ও সুরমা উপত্যকা অঞ্চলে ব্রিটিশ প্রভুত্ব বিস্তৃত না হইলেও প্রভাব বিস্তৃত হইয়াছিল, সে-বিষয়ে সন্দেহ নাই।

যুদ্ধের ঘটনা

ফলাফল

এদিকে ভরতপুর রাজ্যের নাবালক রাজাকে সিংহাসনচ্যুত করিয়া দুর্জন্‌শাল নামে তাঁহারই জনৈক নিকট-আত্মীয় সিংহাসন অধিকার করিয়া লইয়াছিলেন। ব্রিটিশ সরকার প্রথমে এই ব্যাপারে হস্তক্ষেপ নীতির পক্ষপাতী না থাকিলেও শেষ পর্যন্ত নাবালক রাজার পক্ষ গ্রহণ করিয়া দুর্জন্‌শালকে পরাজিত করিলেন এবং নাবালক রাজাকে সিংহাসনে পুনঃস্থাপন করিলেন। ফলে ভরতপুর রাজ্যটি ব্রিটিশ প্রাধান্যাধীন হইয়া পড়িল।

ভরতপুর রাজ্য—ব্রিটিশ প্রাধান্য বিস্তার

লর্ড আমহার্স্টের শাসনকালে বাংলাদেশের বারাকপুরের সামরিক ছাউনিতে এক বিদ্রোহ দেখা দেয় (১৮২৪ খ্রীঃ)। সৈনিকদের বেতনের স্বল্পতা ও ব্রহ্মদেশে যুদ্ধ করিবার জন্য তাহাদিগকে প্রেরণের আদেশের প্রতিবাদেই তাহারা বিদ্রোহী হইয়া উঠিয়াছিল। বর্বরোচিত শাস্তিদান করিয়া ব্রিটিশ সৈন্য বিদ্রোহী সিপাহীদের দমন করিতে সমর্থ হইয়াছিল। যাহা হউক, সেই সময়ে লর্ড আমহার্স্টের শাসননীতি কোম্পানির ঊর্ধ্বতন কর্মচারীদের অনুমোদন লাভ না করিলে তিনি পদত্যাগ করেন।

বারাকপুরে সিপাহী বিদ্রোহ (১৮২৪ খ্রীঃ)

লর্ড আমহার্স্টের পদত্যাগ

লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক, ১৮২৮-৩৫ খ্রীঃ (Lord William Bentinck) : লর্ড আমহার্স্টের পর লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক বাংলার গবর্নর-জেনারেল নিযুক্ত হইয়া আসিলেন। পূর্বে তিনি মাদ্রাজের গবর্নর হিসাবে কিছুকাল কাজ করিয়াছিলেন। লর্ড বেন্টিঙ্কের শাসনকাল ভারত-ইতিহাসের একটি স্মরণীয় অধ্যায়। সংস্কারকার্যাদির জন্যই তিনি ভারত-ইতিহাসে প্রসিদ্ধি অর্জন করিয়াছেন।

লর্ড বেন্টিঙ্ক গবর্নর-জেনারেল পদে নিযুক্ত



লর্ড বেন্টিঙ্ক

লর্ড আমহার্স্টের আমলে ব্রহ্মযুদ্ধের ফলে কোম্পানির আর্থিক সঙ্কট দেখা দিয়াছিল। লর্ড বেন্টিঙ্কের প্রধান দায়িত্ব ছিল কোম্পানির আর্থিক অবস্থার উন্নতিসাধন করা। সামরিক ও বে-সামরিক ব্যয়-সঙ্কোচন দ্বারা তিনি কোম্পানির আর্থিক অবস্থার উন্নতি সাধন করিলেন। সামরিক কর্মচারীদের বেতনের উপর যে অর্ধেক ভাতা শান্তির সময়েও দেওয়া হইত বেন্টিঙ্ক তাহা তুলিয়া দিলেন। ইহা ভিন্ন, বে-সামরিক উচ্চপদস্থ কর্মচারীদেরও বেতন তিনি হ্রাস করিলেন। তিনি সরকারী কর্মচারীদের কর্মদক্ষতার উপর গোপন-রিপোর্ট দেওয়ার ব্যবস্থার প্রবর্তন করেন। উইলিয়াম বেন্টিঙ্ক কোম্পানির রাজস্ব-আয় বৃদ্ধির জন্য আগ্রা অঞ্চলের জমি-বণ্টন ব্যবস্থারও কতক রদবদল করিলেন। নিষ্কর জমির উপরও কোন কোন ক্ষেত্রে তিনি রাজস্ব ধার্য করিতে ত্রুটি করিলেন না। আফিং ব্যবসায়ের উন্নতিসাধন করিয়াও তিনি কোম্পানির আয় বৃদ্ধি করিলেন। এইভাবে অতি অল্পকালের মধ্যেই তাঁহার চেষ্টায় কোম্পানির অর্থাভাব দূরীভূত হইয়া বাৎসরিক আয়ে পনর লক্ষ টাকা উদ্বৃত্ত হইল।

অর্থনৈতিক সংস্কার

কোম্পানির রাজস্ব-আয় বৃদ্ধি

লর্ড উইলিয়াম বেন্টিঙ্কের বিচারব্যবস্থা সংক্রান্ত সংস্কারও উল্লেখযোগ্য। তিনি ভ্রাম্যমাণ বিচারালয় ও আপীল আদালতগুলি তুলিয়া দিয়া অপরাপর বিচারালয়ের মাধ্যমেই বিচারকার্য সম্পন্ন করিবার ব্যবস্থা করিলেন। ইহাতে বিচারকার্যাদি অল্প সময়ের মধ্যেই সম্পন্ন হইবার সুবিধা হইল। এলাহাবাদে তিনি একটি রেভিনিউ বোর্ড স্থাপন করিলেন। জেলা-ম্যাজিস্ট্রেট ও কালেক্টরের কাজ তিনি একই শ্রেণীর কর্মচারীর উপর ন্যস্ত করিলেন এবং তাঁহাদের

বিচারব্যবস্থার সংস্কার

কার্যাদি পরিদর্শনের ভার দিলেন কমিশনার নামে এক শ্রেণীর কর্মচারীর উপর। বেন্টিঙ্ক কর্নওয়ালিস-প্রবর্তিত বিচারব্যবস্থায় ভারতীয়দের উচ্চপদে নিযুক্ত না করিবার নীতির পরিবর্তন করিলেন এবং ভারতীয় বিচারপতিদের বিচারক্ষমতা বাড়াইয়া দিলেন। তিনি তাঁহাদের বেতনও পদমর্যাদা অনুসারে বাড়াইয়া দিলেন। বিচারালয়ে স্থানীয় ভাষা ব্যবহারের রীতিও তিনিই প্রচলন করিয়াছিলেন।

সমাজ সংস্কারের জন্যই বেন্টিঙ্ক ভারত-ইতিহাসে স্মরণীয় হইয়া আছেন। ১৮২৯ খ্রীষ্টাব্দে তিনি সতীদাহ-প্রথা নিষিদ্ধ করেন। এ-বিষয়ে তিনি রাজা রামমোহন রায় প্রমুখ নেতার সহায়তালাভ করিয়াছিলেন। 'ঠগী' নামক এক শ্রেণীর দস্যু তখন দেশের একস্থান হইতে অন্যস্থানে যাতায়াত বিপজ্জনক করিয়া তুলিয়াছিল। পথিকদিগকে আকস্মিকভাবে আক্রমণ করিয়া তাহারা পথিকদের সকল জিনিসপত্র কাড়িয়া লইত। এমনকি প্রাণেও হত্যা করিত। লর্ড বেন্টিঙ্ক কর্ণেল শ্লীম্যানের উপর ঠগী দমনের ভার অর্পণ করেন। শ্লীম্যান কঠোর হস্তে ঠগীদের দমন করিয়া এবং তাহাদের গোপন ঘাঁটিগুলি বিধ্বস্ত করিয়া পথচলা নিরাপদ করিয়াছিলেন।

সতীদাহ-প্রথা নিবারণ

ঠগী দমন—কর্ণেল শ্লীম্যান

শিক্ষার ক্ষেত্রেও লর্ড বেন্টিঙ্কের সংস্কার স্মরণীয় হইয়া আছে। ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্ অনুসারে কোম্পানিকে প্রতি বৎসর এক লক্ষ টাকা শিক্ষা-খাতে ব্যয় করিবার নির্দেশ দেওয়া হইয়াছিল। এই অর্থ কেবলমাত্র প্রাচ্য ভাষা ও সাহিত্য শিক্ষার জন্যই ব্যয়িত হইত। রাজা রামমোহন রায় এই অর্থ ইংরেজী ভাষার মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষাদানে ব্যয় করিবার জন্য সরকারের নিকট আবেদন করিয়াছিলেন, কিন্তু তাহাতে কোন ফল হয় নাই। রাজা রামমোহন রায় শিক্ষিত বাঙালী সমাজের ইচ্ছাই যে প্রকাশ করিয়াছিলেন তাহা ক্রমে ইংরেজদের নিকট পরিস্ফুট হইয়া উঠিয়াছিল। ফলে ১৮৩৫ খ্রীষ্টাব্দে লর্ড বেন্টিঙ্ক ইংরেজী ভাষার মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষা প্রবর্তনের ব্যবস্থা করেন। এ-বিষয়ে সরকারের সেক্রেটারি প্রিন্সেপ্ সাহেব ও গবর্নর-জেনারেলের কাউন্সিলের আইন-সদস্য (Law Member) লর্ড ম্যাকলের মধ্যে যে মতানৈক্য উপস্থিত হইয়াছিল তাহার উল্লেখ করা প্রয়োজন। সেক্রেটারি প্রিন্সেপ্ ছিলেন প্রাচ্য ভাষা ও সাহিত্য অধ্যাপনার পক্ষপাতী। কিন্তু ম্যাকলে ছিলেন ইংরেজী ভাষার মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষার প্রবর্তনের পক্ষপাতী। বেন্টিঙ্ক ম্যাকলের মতই গ্রহণ করিয়া ইংরেজীর মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষাবিস্তারের জন্য সরকারী অর্থ ব্যয়িত হইবে বলিয়া ঘোষণা করেন। লর্ড বেন্টিঙ্ক কলিকাতা মেডিক্যাল কলেজ এবং বোম্বাই-এর এল্‌ফিন্‌স্টোন ইন্‌স্টিটিউশান স্থাপন করিয়াছিলেন। এইভাবে নানা প্রকারে শিক্ষার উন্নতির ব্যবস্থা করিয়া তিনি ভারতীয়দের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

শিক্ষাবিষয়ক সংস্কার

প্রিন্সেপ্ ও ম্যাকলের মতানৈক্য : ইংরেজী শিক্ষার প্রবর্তন

মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা

লর্ড বেন্টিঙ্ক ছিলেন শান্তিবাদী নিরপেক্ষ নীতির পক্ষপাতী। জয়পুর, গোয়ালিওর, ভূপাল প্রভৃতি রাজ্যের আভ্যন্তরীণ গোলযোগের সুযোগ তিনি গ্রহণ করেন নাই। কিন্তু কুর্গের রাজার অত্যাচারী শাসনে প্রজাগণ অধৈর্য হইয়া উঠিলে বেন্টিঙ্ক কুর্গ রাজ্যটি কোম্পানির দখলে আনেন। উত্তরাধিকারীর অভাব হেতু কাছাড় রাজ্যটিও তিনি কোম্পানির অধিকারে আনিয়াছিলেন। আসামের জন্তিয়া পরগণার অধিবাসীরা নরবলি দিবার জন্য কয়েকজন ইংরেজকে ধরিয়া লইয়া গেলে সেই সূত্রে জন্তিয়া পরগণা শেষ পর্যন্ত কোম্পানির সেনাবাহিনী অধিকার করিতে বাধ্য হইয়াছিল। মহীশূর রাজ্যের পুনঃপ্রতিষ্ঠিত হিন্দুরাজবংশের অধীনে অব্যবস্থা দেখা দিলে বেন্টিঙ্ক মহীশূর রাজ্যের শাসনভার কোম্পানির হাত হইতে নিজে গ্রহণ করিয়াছিলেন।

বেন্টিঙ্কের নিরপেক্ষ নীতি

বেন্টিঙ্কের শাসনকালে রাশিয়ার অগ্রগতিতে ভারতে ব্রিটিশ সরকার ভীত-সন্ত্রস্ত হইয়া উঠিলেন। পাছে রাশিয়া ভারত আক্রমণ করে সেইজন্য বেন্টিঙ্ক পাঞ্জাবের শিখ রাজা রঞ্জিৎ সিংহের সহিত স্বয়ং সাক্ষাৎ করেন এবং 'চিরস্থায়ী মিত্রতা' স্থাপন করেন। রঞ্জিৎ সিংহকে সপক্ষে টানিয়া বেন্টিঙ্ক উত্তর-পশ্চিম সীমান্ত পথে ব্রিটিশ সাম্রাজ্য আক্রমণের বিরুদ্ধে শক্তি সঞ্চয় করিয়াছিলেন। ঐ একই কারণে সিন্ধুদেশের আমীরদের সহিতও তিনি মিত্রতামূলক নীতির অনুসরণ করিয়াছিলেন।

উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যা—রঞ্জিৎ সিংহের সহিত চিরস্থায়ী মিত্রতা স্থাপন

১৮৩৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট (Charter Act of 1833): ১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্টের মেয়াদ শেষ হইলে ১৮৩৩ খ্রীষ্টাব্দে নূতন চার্টার এ্যাক্ট পাস করা হইল। ইহা দ্বারা চীনদেশের সহিত কোম্পানির একচেটিয়া বাণিজ্য অধিকার বিলুপ্ত হইল। ব্রিটিশ পার্লামেন্টের বিরোধী দল ইংরেজ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির হাত হইতে ভারতের শাসনভার ব্রিটিশ সরকারের হস্তে গ্রহণ করিবার জন্য দাবি উত্থাপন করিল। তাহাদের এই দাবি ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক গৃহীত না হইলেও কোম্পানিকে ইংলণ্ডের রাজার পক্ষে ভারতের শাসনকার্য পরিচালনার অধিকার দেওয়া হইল। ইহা ভিন্ন, কলিকাতাস্থ কাউন্সিলকে আইন পাস করিবার ক্ষমতা দেওয়া হইল। ইওরোপীয় বণিকদিগকে ভারতে জমি ক্রয় করিবার অধিকার এই চার্টারে দেওয়া হইলে নীলকর সাহেবগণ এদেশে নীল চাষ শুরু করিলেন। সেই সূত্রে নীল চাষীদের উপর বর্বরোচিত অত্যাচারের ইতিহাসও শুরু হইল। এই চার্টার এ্যাক্টের শর্ত অনুসারে গবর্নর-জেনারেলের কাউন্সিলের সদস্যসংখ্যা বাড়াইয়া পাঁচ করা হইল। জন্ম ও জাতিধর্মনির্বিশেষে যে-কোন ভারতীয়কে বা ব্রিটিশ নাগরিককে কোম্পানির চাকরি দিবার নীতিও এই চার্টারে স্বীকৃত হয়।

শর্তাদি

ত্রিংশ অধ্যায়

রঞ্জিৎ সিংহ : ইঙ্গ-শিখ ও ইঙ্গ-আফগান সম্পর্ক
(Ranjit Singh : Anglo-Sikh and Anglo-Afghan Relations)

রঞ্জিৎ সিংহ, ১৭৮০-১৮৩৯ খ্রীঃ (Ranjit Singh) : রঞ্জিৎ সিংহ ১৭৮০ খ্রীষ্টাব্দে পাঞ্জাবের স্থকারচুকিয়া নামক মিস্‌ল—অর্থাৎ একটি ক্ষুদ্র সামন্ত রাজ্যে জন্মগ্রহণ করেন। বার বৎসর বয়সে পিতার মৃত্যু ঘটিলে তিনি স্থকারচুকিয়া মিস্‌লের নেতা হন।

প্রথম জীবন

কাবুলের অধিপতি জামান শাহ্ যখন ভারতবর্ষ আক্রমণ করেন সেই সময়ে রঞ্জিৎ সিংহ তাঁহার সেনাবাহিনীকে বার বার আক্রমণ করিয়া এমন ব্যতিব্যস্ত করিয়া তোলেন যে জামান শাহ্ রঞ্জিৎ সিংহকে রাজা বলিয়া স্বীকার করিয়া লইয়া তাঁহার সহিত এক মিত্রতার চুক্তি স্বাক্ষর করেন। তারপর জামান শাহ্ ভারত ত্যাগ করিবার সঙ্গে সঙ্গে রঞ্জিৎ সিংহ লাহোর দখল করিলেন। ইহার পর মীরওয়াল ও নারওয়াল নামক স্থান দুইটি অধিকার করিয়া তিনি জম্মুর দিকে সসৈন্যে অগ্রসর হইলেন। জম্মুর রাজা রঞ্জিৎ সিংহের বশ্যতা স্বীকার করিয়া লইলেন এবং প্রচুর পরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসাবে দান করিলেন। ইহার পর ১৮০৫ খ্রীষ্টাব্দে অমৃতসর দখল করিয়া রঞ্জিৎ সিংহ নিজ ক্ষমতা ও প্রতিপত্তি বহুগুণে বৃদ্ধি করিলেন।



রঞ্জিৎ সিংহ

রঞ্জিৎ সিংহ সমগ্র শিখ জাতিকে ঐক্যবদ্ধ করিবার আশা পোষণ করিতেন। সেই উদ্দেশ্যে শতদ্রু নদীর পশ্চিম-তীরের যাবতীয় শিখ মিস্‌ল দখল করিয়া উহার পূর্ব-তীরস্থ মিস্‌ল দখল করিবার জন্য তিনি অগ্রসর হইলে সেই অঞ্চলের কয়েকটি মিস্‌লের নেতা ইংরেজদের সাহায্য প্রার্থনা করিলেন।

অমৃতসর দখল

কিন্তু উত্তর-পশ্চিম সীমান্ত রক্ষার ব্যাপারে রঞ্জিৎ সিংহের সাহায্য প্রয়োজন হইবে, একথা বিবেচনা করিয়া ইংরেজগণ তাঁহার সহিত মিত্রতা বজায় রাখিবার নীতিই অনুসরণ করিয়া চলিল। লর্ড মিণ্টো চার্লস্ মেট্‌কাফ্‌কে রঞ্জিৎ সিংহের সহিত আপোষ-মীমাংসার জন্য প্রেরণ করিলেন। ফলে ১৮০৯ খ্রীষ্টাব্দে অমৃতসরের সন্ধি দ্বারা রঞ্জিৎ সিংহ শতদ্রু নদীর পূর্ব-তীরস্থ শিখ মিস্‌লগুলি আক্রমণ করিবেন না বলিয়া স্বীকৃত হইলেন।

অমৃতসরের সন্ধি

অতঃপর কাশ্মীর, মুলতান, কোহাট, বান্নু, দেরা ইস্‌মাইল খাঁ, পেশোয়ার প্রভৃতি স্থান জয় করিয়া খাইবার গিরিপথ ও সিন্ধুদেশ পর্যন্ত রঞ্জিৎ সিংহ তাঁহার রাজ্যের সীমা বিস্তার করিলেন।

রাজ্যবিস্তার

রঞ্জিৎ সিংহ কেবলমাত্র রণনিপুণ সেনাপতিই ছিলেন না, শাসনকার্যে তিনি অত্যধিক পারদর্শিতা প্রদর্শন করিয়াছিলেন। তাঁহার সংগঠনী শক্তিও ছিল অপরিসীম। তিনি আধুনিক যুদ্ধপদ্ধতিতে নিজ সেনাবাহিনীকে শিক্ষিত করিয়া তুলিয়াছিলেন। নিজ বাহিনীর সামরিক শিক্ষার সুবিধার জন্য নেপোলিয়নের সেনাবাহিনীতে কাজ করিয়াছিলেন এইরূপ দুইজন অভিজ্ঞ সামরিক কর্মচারীকে তিনি নিযুক্ত করিয়াছিলেন। রঞ্জিৎ সিংহ স্বৈরাচারী শাসনপদ্ধতিতে বিশ্বাসী ছিলেন বটে, কিন্তু তিনি স্বেচ্ছাচারী ছিলেন না। প্রচলিত রীতিনীতি অক্ষুণ্ণ রাখিয়া তিনি শাসনকার্য পরিচালনা করিতেন।

সংগঠনমূলক কার্যাদি

ইংরেজদের সহিত রঞ্জিৎ সিংহ সৌহার্দ্য বজায় রাখিয়া চলিয়াছিলেন। শতদ্রু নদীর পূর্ব-তীরে এবং সিন্ধুদেশে রাজ্যবিস্তার করিতে গেলে ইংরেজগণ তাঁহাকে নিরস্ত করিয়াছিল বটে, কিন্তু তাঁহার প্রতি মিত্রতা তাহারা সর্বদাই রক্ষা করিয়া চলিয়াছিল। দোস্ত মহম্মদের সহিত মিত্রতা স্থাপনের বিনিময়েও ইংরেজগণ রঞ্জিৎ সিংহকে কোনভাবে বিরক্ত করিতে চাহে নাই।

ইংরেজদের সহিত মিত্রতা

রঞ্জিৎ সিংহ বীর যোদ্ধা, দূরদর্শী রাজনীতিক এবং গভীর দেশপ্রেমিক ছিলেন। শিখ জাতিকে জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করিয়া এক বৃহৎ শক্তিশালী জাতি হিসাবে গঠন করিয়া তোলাই ছিল তাঁহার উদ্দেশ্য। শতদ্রু নদীর পূর্ব-তীরের শিখগণকে তিনি ঐক্যবদ্ধ করিতে না পারিলেও পশ্চিম-তীরস্থ যাবতীয় শিখ মিস্‌লকে এক ঐক্যবদ্ধ শক্তি হিসাবে গড়িয়া তুলিয়াছিলেন। অতি অল্পবয়সে সুকারচুকিয়া মিস্‌লের শাসনভার গ্রহণ করিয়া একমাত্র নিজ প্রতিভাবলে এবং সামরিক কৌশল ও জাতীয়তাবোধ দ্বারা তিনি নিজেকে এক বিশাল ও শক্তিশালী রাজ্যের নেতৃত্বে স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন। শাসক হিসাবেও তিনি কৃতিত্ব প্রদর্শন করিয়াছিলেন। চার্লস্ মেট্‌কাফ্ প্রমুখ ইংরেজ এবং বহু বিদেশী পর্যটক রঞ্জিৎ সিংহের শাসনব্যবস্থার ভূয়সী প্রশংসা করিয়া গিয়াছেন। ফরাসী পর্যটক জ্যাকেমোঁ তাঁহাকে 'ভারতের নেপোলিয়ন' আখ্যা দিয়াছিলেন। রঞ্জিৎ সিংহ লেখাপড়া জানিতেন না বটে কিন্তু তাঁহার স্মৃতিশক্তি ছিল অসাধারণ। শাসনকার্যে দয়া, ন্যায় ও সততার নীতি অনুসরণ করিয়া এবং ধর্মবিষয়ে সকলের প্রতি সমান ব্যবহার করিয়া তিনি তাঁহার মানসিক উৎকর্ষের পরিচয় দান করিয়াছিলেন।

রঞ্জিৎ সিংহের কৃতিত্ব

রঞ্জিৎ সিংহের মৃত্যুর পর তাঁহার পুত্র খড়ক সিংহ সিংহাসনে আরোহণ করিলেন। তিনি পিতার ন্যায় ক্ষমতাবান ব্যক্তি ছিলেন না। যাহা হউক, সিংহাসনলাভের এক বৎসর পরেই তাঁহার মৃত্যু ঘটিলে শিখরাজ্যে নানা বিশৃঙ্খলা দেখা দিল। এদিকে তাঁহার মৃত্যুর পরদিনই তাঁহার পুত্র নৌনিহাল সিংহ এক দুর্ঘটনায় মৃত্যুমুখে পতিত হইলে খড়ক সিংহের অপর পুত্র শের সিংহ

খড়ক সিংহ

সিংহাসনে আরোহণ করেন। কিন্তু কয়েক বৎসরের মধ্যে তিনিও আততায়ীর আক্রমণে প্রাণ হারাইলে (১৮৪৩ খ্রীঃ) শিখরাজ্যের আভ্যন্তরীণ অবস্থা ক্রমেই দুর্বল হইতে দুর্বলতর হইয়া পড়িল। এমতাবস্থায় শিখ সেনাবাহিনী 'খাল্‌সা' শাসনক্ষমতা হস্তগত করিল। রঞ্জিৎ সিংহের নাবালক পুত্র দলীপ সিংহকে সিংহাসনে স্থাপন করিয়া এবং রাণীমাতা ঝিন্দনকে নামেমাত্র অভিভাবিকা নিযুক্ত করিয়া লালসিংহ ও তেজসিংহ নামক দুইজন সামরিক নেতা দেশের শাসনকার্য চালাইতে লাগিলেন।

পরবর্তী রাজগণ

খাল্‌সার প্রাধান্য—দলীপ সিংহ

শিখশক্তির পতনের কারণ (Causes of the Collapse of the Sikh Power) : রঞ্জিৎ সিংহের মৃত্যুকালে শিখশক্তি উন্নতির চরমে পৌঁছিয়াছিল, কিন্তু তাঁহার মৃত্যুর পরবর্তীকালে শিখশক্তির পতন যেমন ছিল আকস্মিক তেমনি ছিল দ্রুত। জেনারেল গর্ডনের ভাষায়—রঞ্জিৎ সিংহের মৃত্যুর পর শিখশক্তি যেন এক বিস্ফোরণের পর যেরূপ অগ্নিশিখা লেলিহান রূপ ধারণ করে এবং অল্পকালের মধ্যে স্তিমিত হইয়া পড়ে সেইরূপ স্তিমিত এবং শেষ পর্যন্ত নির্বাপিত হইয়া গিয়াছিল।

রঞ্জিৎ সিংহের মৃত্যু—শিখশক্তির দ্রুত পতন

রঞ্জিৎ সিংহের মৃত্যু শিখরাজ্যে বিভেদ ও বিভ্রান্তির সূচনা করিয়াছিল। দীর্ঘকাল এইরূপ পরিস্থিতি চালু থাকিবার ফলে স্বভাবতই শিখশক্তির চরম দুর্বলতা দেখা দিল এবং অবশেষে ইংরেজদের অধীনতাপাশে শিখ জাতিকে আবদ্ধ হইতে হইল।

শিখরাজ্যে বিভেদ ও বিভ্রান্তি

রঞ্জিৎ সিংহের মৃত্যুর পর একের পর এক করিয়া বহু উত্তরাধিকারী সাময়িকভাবে সিংহাসনে আরোহণ করিলেন এবং পদচ্যুত হইলেন। অবশেষে, ১৮৪৩ খ্রীষ্টাব্দে রঞ্জিৎ সিংহের নাবালক পুত্র দলীপ সিংহকে সিংহাসনে স্থাপন করিয়া রাণীমাতা ঝিন্দনকে অভিভাবিকা নিযুক্ত করা হইল। কিন্তু প্রকৃত শাসনক্ষমতা রহিল তেজসিংহ ও লালসিংহ নামক দুইজন সামরিক নেতার উপর।

নাবালক দলীপ সিংহের সিংহাসন লাভ—রাণীমাতা ঝিন্দনের অভিভাবকত্ব

আভ্যন্তরীণ শাসনের দুর্বলতার সুযোগ লইয়াই 'খাল্‌সা'—অর্থাৎ শিখ সেনাবাহিনী ক্ষমতা হস্তগত করিয়া লইয়াছিল। রাণীমাতা ঝিন্দনের পক্ষে সেনাশক্তিকে স্ববশে রাখা সম্ভব হয় নাই। ফলে সামরিক বাহিনীর অধিকর্তাগণই দেশের শাসনব্যবস্থায় এক স্বৈরশক্তি স্থাপন করিতে সমর্থ হইলেন।

খাল্‌সার শাসনক্ষমতা অধিকার

রাণীমাতা ঝিন্দন সামরিক বাহিনীর ক্রমবর্ধমান শক্তিকে পরোক্ষভাবে দমন করিতে সচেষ্ট হইলেন। তিনি তাহাদিগকে ব্রিটিশদের সহিত যুদ্ধে প্রবৃত্ত করিয়া ব্রিটিশ শক্তির হস্তে পরাজিত হইলে বা অন্তত ব্রিটিশ শক্তির সহিত যুঝিবার ফলে দুর্বল হইলে তাহাদের উপর নিজ ক্ষমতা প্রয়োগের কথা ভাবিলেন। এইভাবে সুদক্ষ শিখ সৈনিকগণ কোন নির্দিষ্ট বা উচ্চ আশা দ্বারা উদ্বুদ্ধ না হইয়া কেবলমাত্র রাণীমাতা ঝিন্দনের কূটচালের ফলে ব্রিটিশ বাহিনীর সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল। ব্রিটিশ শক্তির প্রসার-নীতিও

রাণী ঝিন্দনের কূটচাল

ব্রিটিশ আগ্রাসী নীতি

শিখদের যুদ্ধে প্রবৃত্ত হইবার কারণ হইয়া দাঁড়াইয়াছিল, যদিও রাণীমাতা ঝিন্দনের গোপন উদ্দেশ্য ছিল শিখ সামরিক শক্তিকে দুর্বল করা। মুদ্‌কী, ফিরোজশাহ্‌, আলীওয়াল্‌ এবং সর্বশেষে সেব্রাঁও-এর যুদ্ধে পরাজিত হইয়া ব্রিটিশ ও শিখ শক্তির দ্বন্দ্বে শিখশক্তির পরাজয় ঘটিল। ব্রিটিশ শক্তির সর্বাপেক্ষা বিরোধী শক্তির পতনে ভারতে ব্রিটিশ অধিকার নিরঙ্কুশ হইয়া উঠিল।

ইঙ্গ-শিখ যুদ্ধ

শিখশক্তির পরাজয়

ব্রিটিশরা দলীপ সিংহকে পাঞ্জাবের মহারাজা এবং রাণীমাতা ঝিন্দনকে তাঁহার অভিভাবিকা হিসাবে স্বীকার করিয়া লইল এবং লাহোরে ব্রিটিশ সৈন্য মোতায়েন ও একজন ব্রিটিশ রেসিডেন্ট নিয়োগ করিল। লাহোরকে ক্ষুদ্রায়তন করিবার উদ্দেশ্যে কাশ্মীর রাজ্যটি গোলাব সিংহের নিকট বিক্রয় করিয়া দেওয়া হইল। গোলাব সিংহ ছিলেন লাহোর দরবারের অধীন জনৈক সর্দার।

পাঞ্জাবে ব্রিটিশ প্রাধান্য

শিখদের অন্তরে স্বাধীনতা-স্পৃহা তখনও নির্বাপিত হয় নাই। ব্রিটিশদের সহিত যুদ্ধে তাহাদের পরাজয় প্রধানত সেনাবাহিনীর নেতৃবর্গের জন্যই ঘটিয়াছিল, একথা তাহাদের অন্তরে পীড়ার কারণ হইয়া দাঁড়াইল। সেই সময়ে রাণীমাতা ঝিন্দনকে ব্রিটিশ রেসিডেন্টের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগে লাহোর হইতে অপসারণে বাধ্য করায় শিখদের মধ্যে ব্রিটিশ বিদ্বেষ আরও বৃদ্ধি পাইল। পাঞ্জাবে এক শিখ বিদ্রোহ প্রায় ঘটিতে চলিল। ঠিক সেই সময়ে মুলতানের গবর্নর দেওয়ান মূলরাজকে রাজস্ব আদায়ের হিসাব দিতে বলা হইলে তিনি ইহা অপমানজনক বিবেচনা করিয়া পদত্যাগ করিলেন। তাঁহার স্থলে সর্দার খাঁ সিংহকে স্থাপন করিবার উদ্দেশ্যে দুইজন ব্রিটিশ কর্মচারী তাঁহাকে সঙ্গে লইয়া মুলতানে উপস্থিত হইলে উভয় ব্রিটিশ কর্মচারীকেই হত্যা করা হইল। মূলরাজকে এজন্য দায়ী করা হইলে মুলতানে এক ব্যাপক বিদ্রোহ দেখা দিল। ক্রমে এই বিদ্রোহ এক জাতীয়তাবাদী আন্দোলনে রূপান্তরিত হইলে ব্রিটিশ সরকার শিখদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইলেন। চিলিয়ানওয়ালার যুদ্ধে বহু সংখ্যক ব্রিটিশ সৈন্যের বিনিময়েও জয়-পরাজয়ের চূড়ান্ত মীমাংসা হইল না। ১৮৪৯ খ্রীষ্টাব্দে মুলতানের যুদ্ধে অবশ্য ব্রিটিশ পক্ষ জয়ী হইল। অনুরূপ গুজরাটের যুদ্ধে পুনরায় ব্রিটিশ সৈন্য জয়লাভ করিল। চরম বীরত্ব সহকারে যুদ্ধ করিয়াও শিখগণ ব্রিটিশ শক্তির সহিত যুঝিতে সমর্থ হইল না। ১৮৪৯ খ্রীষ্টাব্দের ৩০শে মার্চ লর্ড ডালহৌসী এক ঘোষণা দ্বারা পাঞ্জাব ব্রিটিশ অধিকারভুক্ত করিলেন। এইভাবে স্বাধীন শিখশক্তির পরাজয় ও পতন ঘটিল।

শিখদের স্বাধীনতা-স্পৃহা

মূলরাজের সহিত বিরোধ

মুলতানের বিদ্রোহ—জাতীয় আন্দোলনে রূপান্তরিত

চিলিয়ানওয়ালা, মুলতান ও গুজরাটের যুদ্ধ

পাঞ্জাব ব্রিটিশ অধিকারভুক্ত

সার্‌ চার্লস্‌ মেট্‌কাফ্‌, ১৮৩৫-৩৬ খ্রীঃ (Sir Charles Metcalfe): লর্ড বেন্টিঙ্কের পর গবর্নর-জেনারেল হইলেন সার্‌ চার্লস্‌ মেট্‌কাফ্‌। তাঁহার আমলের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা হইল সংবাদপত্রের স্বাধীনতা দান। সংবাদপত্রের স্বাধীনতা দানে ডাইরেক্টর সভা তাঁহার কার্যের তীব্র নিন্দা করিলে তিনি পদত্যাগ করেন।

সংবাদপত্রের স্বাধীনতা

লর্ড অক্‌ল্যাণ্ড, ১৮৩৬-৪২ খ্রীঃ (Lord Auckland): লর্ড অক্‌ল্যাণ্ড শিক্ষাবিষয়ে যথেষ্ট উন্নতিসাধন করিলেন। সংস্কৃত, আর্‌বী ও ফার্‌সী ভাষার পৃষ্ঠপোষকতা করিতে তিনি ত্রুটি করিলেন না। এই সকল দেশীয় ভাষা শিক্ষার্থীদেরও সরকারী বৃত্তিদানের ব্যবস্থা তিনি করিয়াছিলেন। তিনি তীর্থ-কর উঠাইয়া দিয়া, ধর্মাধিষ্ঠানের সম্পত্তির উপর সরকারী নিয়ন্ত্রণের রীতি বাতিল করিয়া এবং সেচ পরিকল্পনা গ্রহণ করিয়া কোম্পানির শাসনব্যবস্থাকে জনকল্যাণকর করিয়া তুলিয়াছিলেন।

শিক্ষার প্রসার



লর্ড অক্‌ল্যাণ্ড

১৮২৭ খ্রীষ্টাব্দে নাসিরউদ্দিন হায়দর অযোধ্যার নবাব হইলেন। তাঁহার রাজত্বকালে অযোধ্যার বিধবা বেগম বিদ্রোহ ঘোষণা করেন। ব্রিটিশ সৈন্যের সাহায্যে এই বিদ্রোহ সহজেই দমন করা হইল বটে, কিন্তু সেই সুযোগে লর্ড অক্‌ল্যাণ্ড নাসিরউদ্দিনের নিকট হইতে কোম্পানির বাৎসরিক প্রাপ্য অর্থের পরিমাণ বাড়াইতে চাহিলেন (১৮৩৭ খ্রীঃ)। অবশ্য কোম্পানির ডাইরেক্টরগণ এই দাবি সমর্থন না করিলে উহা কার্যকরী করা হয় নাই। দাক্ষিণাত্যের সাতারা রাজ্যের রাজা পোর্তুগীজদের সহিত ষড়যন্ত্র শুরু করিলে ব্রিটিশ সরকার তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া তাঁহার ভ্রাতাকে সিংহাসনে স্থাপন করেন। কার্নুলের নবাব ব্রিটিশের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করিলে উহা ব্রিটিশ সরকার অধিকার করিয়া লইলেন। হোলকার ব্রিটিশের বিরোধিতা শুরু করিলে তাঁহাকে সেই পন্থা ত্যাগ করিতে বলা হয়।

অযোধ্যার সহিত সম্পর্ক

সাতারা ও কার্নুল রাজ্যে হস্তক্ষেপ

লর্ড অক্‌ল্যাণ্ডের আফগান-নীতি (Afghan Policy of Lord Auckland): কিন্তু লর্ড অক্‌ল্যাণ্ডের আমলের সর্বাধিক গুরুত্বপূর্ণ সমস্যা ছিল উত্তর-পশ্চিম সীমান্তের নিরাপত্তা বিধান করা। তদানীন্তন ব্রিটিশ সরকারের অহেতুক রুশ-ভীতির ফলে ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যা অধিকতর জটিল হইয়া উঠিল। পূর্বদিকে রাশিয়ার অগ্রগতিতে এবং রাশিয়ার সাহায্য লইয়া পারস্য আফগানিস্তানের হিরাট অঞ্চল অধিকার করিলে ব্রিটিশ মন্ত্রী পামারস্টোন অত্যন্ত ভীত হইয়া পড়িলেন। অক্‌ল্যাণ্ড ছিলেন পামারস্টোনের দলের লোক। তিনিও স্বভাবতই পামারস্টোনের ন্যায়ই ভীত-সন্ত্রস্ত হইয়া উঠিলেন। আলেকজাণ্ডার বার্নেস্ নামে জনৈক সামরিক কর্মচারীকে তিনি আফগানিস্তানের বাণিজ্যদূত হিসাবে প্রেরণ করিলেন। বস্তুত, ইহা ছিল একটি রাজনৈতিক দৌত্য। আফগানিস্তানের আমীর দোস্ত মহম্মদও সেই সময়ে ব্রিটিশের সহিত মিত্রতা স্থাপনের

রুশ-ভীতি

জন্য উৎসুক ছিলেন। কিন্তু তিনি ইংরেজদের সহিত মিত্রতার বিনিময়ে পাঞ্জাবের রঞ্জিৎ সিংহ কর্তৃক অধিকৃত পেশোয়ার ফেরত চাহিলেন। ব্রিটিশ সরকার তাঁহাদের মিত্র রঞ্জিৎ সিংহের উপর পেশোয়ার ফেরত দিবার জন্য কোন চাপ দিতে চাহিলেন না। ফলে আফগান আমীর দোস্ত মহম্মদের সহিত ব্রিটিশ মৈত্রীর চেষ্টা বিফল হইল। লর্ড অক্ল্যাণ্ড এইজন্য দোস্ত মহম্মদকে আফগানিস্তানের আমীর-পদ হইতে অপসারিত করিবার জন্য উঠিয়া-পড়িয়া লাগিলেন। দোস্ত মহম্মদের স্থলে আহম্মদ শাহ্ দুর্‌রাণীর জনৈক বংশধর শাহ্‌সুজাকে তিনি আফগানিস্তানের সিংহাসনে স্থাপন করিতে চাহিলেন। শাহ্‌সুজা কিছুকাল পূর্বে আফগানিস্তানের সিংহাসনচ্যুত হইয়া ভারতে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। সুতরাং শাহ্‌সুজাকে সিংহাসনে স্থাপন করিতে পারিলে আফগানিস্তানে স্বভাবতই ইংরেজ প্রাধান্য স্থাপনের কোন অসুবিধার কারণ ছিল না। শাহ্‌সুজা, রঞ্জিৎ সিংহ ও ইংরেজদের মধ্যে এই বিষয়ে একটি মিত্রতা-চুক্তি স্বাক্ষরিত হইল। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, দোস্ত মহম্মদ ইংরেজদের সহিত মিত্রতাবদ্ধ হইতে রাজী না হওয়ায় তাঁহার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার কোন যুক্তি হইতে পারে না। কিন্তু লর্ড অক্ল্যাণ্ড এই অজুহাতেই আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিতে মনস্থ করিলেন।

দোস্ত মহম্মদের সহিত সম্পর্ক

আফগানদের সহিত যুদ্ধ-নীতির সম্পর্ক



দোস্ত মহম্মদ

প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধ

ইতিমধ্যে আফগানিস্তানে অন্তর্বিরোধ দেখা দিলে সুযোগ বুঝিয়া লর্ড অক্ল্যাণ্ড আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। যুদ্ধে দোস্ত মহম্মদের পরাজয় ঘটিল। তিনি ব্রিটিশ হস্তে বন্দী হইলেন। তাঁহাকে কলিকাতায় আনা হইল এবং তাঁহার পরিবর্তে শাহ্‌সুজাকে আফগানিস্তানের সিংহাসনে স্থাপন করা হইল। কিন্তু আফগান জাতি শাহ্‌সুজার ইংরেজ তাঁবেদারি পছন্দ করিল না। ইহা ভিন্ন, ব্রিটিশ কর্মচারী ক্যাপ্টেন বার্নেসের ব্যভিচার আফগান জাতিকে বিদ্রোহী করিয়া তুলিল। তাহারা বার্নেসকে ধরিয়া লইয়া গিয়া হত্যা করিলে আফগানিস্তানের ব্রিটিশ রেসিডেন্ট মেক্‌নাটেন সাহেব দোস্ত মহম্মদকে মুক্তি দিবার এবং আফগানিস্তান হইতে ব্রিটিশ সৈন্য অপসারণের শর্তে আফগানদের সহিত চুক্তিবদ্ধ হইলেন। কিন্তু মেক্‌নাটেন সাহেব কার্যত এই সকল শর্ত পালনের জন্য প্রস্তুত নহে দেখিয়া আফগানরা তাঁহাকেও হত্যা করিল। ব্রিটিশ সৈন্য তাহাদের যাবতীয় বন্দুক, গোলাবারুদ আফগানদের নিকট সমর্পণ করিয়া আফগানিস্তান হইতে পলাইয়া আসিতে বাধ্য হইল। এইভাবে আফগানিস্তানের সহিত যুঝিতে গিয়া লর্ড অক্ল্যাণ্ড ব্রিটিশ মর্যাদা বিনষ্ট করিয়া স্বদেশে ফিরিয়া গেলেন।

ইংরেজদের অপসরণ

অক্‌ল্যাণ্ডের পর লর্ড এলেনবরা গবর্নর-জেনারেল নিযুক্ত হইলেন। তিনি সেনাপতি পোলক্‌কে আফগানিস্তানের বিরুদ্ধে প্রেরণ করিলেন। সেই সময়ে জালালাবাদ নামক স্থানে একদল ব্রিটিশ সৈন্য অবরুদ্ধ অবস্থায় ছিল। সেনাপতি পোলক্ ও নট্ সেই অবরুদ্ধ ব্রিটিশ বাহিনীকে মুক্ত করিয়া সসৈন্যে কাবুলে প্রবেশ করিলেন। এই সেনাবাহিনী কাবুলে নারকীয় হত্যা ও ধ্বংসলীলার অনুষ্ঠান করিয়া সেই স্থান পরিত্যাগ করিলে আফগানগণ শাহ্‌সুজাকে হত্যা করিয়া দোস্ত মহম্মদকে সিংহাসনে স্থাপন করিল। এইভাবে ব্রিটিশ মর্যাদা ধূলায় লুণ্ঠিত হইলে পর প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধের অবসান ঘটিল।

লর্ড এলেনবরা কর্তৃক ইঙ্গ-আফগান যুদ্ধের পরিসমাপ্তি

লর্ড এলেনবরা, ১৮৪২-৪৪ খ্রীঃ (Lord Ellenborough):

লর্ড এলেনবরা ভারতে পৌছিয়াই প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধে লিপ্ত হইয়াছিলেন। কিন্তু এই যুদ্ধে তিনিও অকৃতকার্য হইয়াছিলেন। এ-বিষয়ে পূর্বেই আলোচনা করা হইয়াছে। লর্ড এলেনবরার শাসনকালের অপর উল্লেখযোগ্য ঘটনা হইল সিন্ধু-বিজয়।

সিন্ধু-বিজয় (Annexation of Sind): সিন্ধুদেশের আমীরগণ আফগানিস্তানের আনুগত্যাধীন ছিলেন। অবশ্য এই আনুগত্য মৌখিক আনুগত্য অপেক্ষা অধিক কিছু ছিল না। সিন্ধুদেশে ফরাসী প্রভাব বিনাশ করিবার উদ্দেশ্যে লর্ড মিণ্টো সিন্ধুর আমীরগণের সহিত মিত্রতাবদ্ধ হইয়াছিলেন। লর্ড বেণ্টিঙ্কও আমীরদের সহিত মিত্রতার চুক্তি সম্পাদন করিয়া সিন্ধুদেশে বাণিজ্য-সম্পর্ক স্থাপন করিয়াছিলেন। কিন্তু বাণিজ্যের সুযোগ পাইলেও স্থলপথে বা জলপথে সিন্ধুদেশের মধ্যে কোনপ্রকার ব্রিটিশ সামরিক বাহিনীর প্রবেশ নিষিদ্ধ ছিল। কিন্তু প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধে ইংরেজগণ এই শর্ত ভঙ্গ করিয়া ১৮৩২ খ্রীষ্টাব্দে সিন্ধুদেশের মধ্য দিয়া সৈন্য প্রেরণ করিয়াছিল। সিন্ধুদেশের আমীরগণ এই বিষয় লইয়া ইংরেজদের সহিত কোন প্রকাশ্য যুদ্ধে প্রবৃত্ত হন নাই। কিন্তু লর্ড এলেনবরা সিন্ধুদেশ অধিকার করিবার জন্য বদ্ধপরিকর হইয়া চার্লস্ নেপিয়ার নামক জনৈক ইংরেজ কর্মচারীকে সিন্ধুদেশের অভ্যন্তরে গোলযোগ সৃষ্টি করিবার উদ্দেশ্যে প্রেরণ করিলেন। চার্লস্ নেপিয়ার খইরাপুরের উত্তরাধিকার দ্বন্দ্বে অংশগ্রহণ করিলেন এবং শেষ পর্যন্ত সিন্ধুর আমীরদের সহিত এক নূতন চুক্তি স্বাক্ষর করিয়া তাঁহাদের রাজ্যের বহু স্থান দখল করিয়া লইলেন। ইংরেজদের ঔদ্ধত্যে শেষ পর্যন্ত অতিষ্ঠ হইয়া বালুচগণ ব্রিটিশদের আক্রমণ করিলে ইংরেজদের সহিত তাহাদের যুদ্ধ বাধিল। এই যুদ্ধে পরাজিত হইবার ফলে আমীরগণ নিজ নিজ দেশ হইতে নির্বাসিত হইলেন। এইভাবে সিন্ধুদেশ ব্রিটিশ অধিকারভুক্ত হইল। ব্রিটিশ সরকারের সিন্ধুদেশ জয় নীচ স্বার্থপরতা দোষে দুষ্ট ছিল, বলা বাহুল্য।

সিন্ধুর আমীরদের সহিত ব্রিটিশ সম্পর্ক

চার্লস্ নেপিয়ারের দৌত্য

সিন্ধু-বিজয়

১৮৪৩ খ্রীষ্টাব্দে জান্‌কী সিন্ধিয়ার মৃত্যুর পর হইতে গোয়ালিওর রাজ্যে এক দারুণ অব্যবস্থা দেখা দেয়। এদিকে শিখ জাতিও ইংরেজদের সহিত যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছিল। এইরূপ পরিস্থিতিতে শিখশক্তি ও গোয়ালিওরের মধ্যে যোগাযোগ যাহাতে স্থাপিত না হইতে পারে সেইজন্য লর্ড এলেনবরা এক সেনাবাহিনী প্রেরণ করিলে গোয়ালিওর রাজ্যের সেনাবাহিনী তাহাদের বাধাদান করে। এইভাবে এক প্রকাশ্য যুদ্ধের সূচনা হয়। মহারাজপুর ও পানিয়ারের যুদ্ধে পরাজয়ের পর গোয়ালিওর রাজ্য ব্রিটিশ আশ্রিত রাজ্যে পরিণত হয়।

গোয়ালিওর ইংরেজদের আশ্রিত রাজ্যে পরিণত

লর্ড এলেনবরার শাসনকাল কতকগুলি সংস্কারমূলক কার্যের জন্যও উল্লেখযোগ্য। দাসত্বপ্রথার উচ্ছেদ, লটারি দ্বারা অর্থ সঞ্চয় করিয়া তাহা দ্বারা কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজের স্থানীয় উন্নতির রীতি পরিত্যাগ, ডেপুটি ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যবস্থা, পুলিশী ব্যবস্থার উন্নতিসাধন প্রভৃতি তাঁহার সংস্কারের মধ্যে উল্লেখযোগ্য।

লর্ড এলেনবরার সংস্কার কার্য

লর্ড হার্ডিঞ্জ, ১৮৪৪-৪৮ খ্রীঃ (Lord Hardinge) : এদিকে এলেনবরার পর লর্ড হার্ডিঞ্জ গবর্নর-জেনারেল হইয়া আসিয়াছেন। ভারতের শাসনভার গ্রহণ করিবার অল্পকালের মধ্যেই তাঁহাকে শিখদের সহিত যুদ্ধে অবতীর্ণ হইতে হইল।

প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ (First Anglo-Sikh War) : শিখরাজ দলীপ সিংহের অভিভাবিকা ও মাতা ঝিন্দন খাল্‌সাদের ঔদ্ধত্যে অতিষ্ঠ হইয়া তাহাদিগকে ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইতে প্ররোচিত করিলেন। ইংরেজদের সহিত যুদ্ধে পরাজিত হইলে খাল্‌সার শক্তি হ্রাস পাইবে, আর যদি খাল্‌সা সৈন্য ইংরেজদের সহিত যুদ্ধে জয়লাভ করে তাহা হইলে তাহাদিগকে ব্রিটিশ শক্তির বিরুদ্ধে যুদ্ধে আরও অগ্রসর হইতে বলা চলিবে। এইরূপ মতলব আঁটিয়া ঝিন্দন শিখ সেনাবাহিনীকে শতদ্রু নদীর পূর্ব-তীরে রাজ্য অধিকার করিতে প্রেরণ করিলেন। ইহাতে অমৃতসরের সন্ধি ভঙ্গ করা হইলে লর্ড হার্ডিঞ্জ শিখদের সহিত যুদ্ধে অবতীর্ণ হইতে বাধ্য হইলেন। ইহা প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ নামে পরিচিত।

প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ

মুদ্‌কী, ফিরোজশাহ্‌, আলীওয়াল্‌, সেব্রাঁও নামক চারিটি স্থানে ইংরেজ সৈন্যদের হস্তে পরাজিত হইয়া শিখগণ শতদ্রু নদীর পূর্ব-তীর পরিত্যাগ করিল। ইহা ভিন্ন, প্রচুর ক্ষতিপূরণ দিতে এবং কাশ্মীর রাজ্যটি ইংরেজদের নিকট ছাড়িয়া দিতে বাধ্য হইল। তদুপরি লাহোরে একজন ব্রিটিশ রেসিডেন্টকে নিযুক্ত করা হইল। তাঁহার নির্দেশক্রমেই পাঞ্জাবের শাসনকার্য পরিচালিত হইতে লাগিল।

ফলাফল

প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ ভিন্ন আভ্যন্তরীণ সংস্কারের জন্য লর্ড হার্ডিঞ্জের শাসনকাল উল্লেখযোগ্য। তিনি ভারতের সর্বত্র সতীদাহ প্রথা নিবারণ করিলেন। শিশুহত্যা, নরবলি প্রভৃতি কুপ্রথারও তিনি উচ্ছেদসাধন করিলেন। তাঁহার আমলেই ভারতে রেলপথ নির্মাণ শুরু হয়। সেচব্যবস্থার জন্য গঙ্গার খাল খনন, শিক্ষার পৃষ্ঠপোষকতা প্রভৃতিও তাঁহার জনকল্যাণকর কার্যাদির মধ্যে উল্লেখযোগ্য।

লর্ড হার্ডিঞ্জের সংস্কার কার্যাদি

একত্রিংশ অধ্যায়

লর্ড ডালহৌসী : স্বত্ববিলোপ-নীতি
(Lord Dalhousie : Doctrine of Lapse)

লর্ড ডালহৌসী, ১৮৪৮-৫৬ খ্রীঃ (Lord Dalhousie) : ১৮৪৮ খ্রীষ্টাব্দে লর্ড ডালহৌসী ভারতের গবর্নর-জেনারেল নিযুক্ত হইলেন। তিনি তাঁহার সাম্রাজ্যবাদী নীতির জন্যই ভারত-ইতিহাসে প্রসিদ্ধি অর্জন করিয়াছেন। তাঁহার উদ্ভাবনী শক্তি ও সংগঠনের ক্ষমতা অপরাপর গবর্নর-জেনারেল অপেক্ষা তাঁহাকে বহু ঊর্ধ্বে আসন দান করিয়াছিল। তাঁহার কর্তব্যপরায়ণতা ও অক্লান্ত কর্মদক্ষতা প্রশংসনীয়।

তাঁহার সাম্রাজ্যবাদী নীতি

দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ (Second Anglo-Sikh War) : লর্ড ডালহৌসী যুদ্ধ-নীতির অনুসরণ করিয়া প্রথমেই পাঞ্জাব দখল করিলেন। প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের পর দলীপ সিংহ ব্রিটিশ রেসিডেন্টের প্রভাবাধীন হইয়াছিলেন সেই কথার উল্লেখ পূর্বেই করা হইয়াছে। কিন্তু ব্রিটিশ প্রাধান্যাধীন থাকা শিখদের বেশীদিন সহ্য হইল না। মুলতানের শাসনকর্তা মূলরাজ পাঞ্জাবের রাজার অধীন হইলেও স্বাধীনভাবেই শাসনকার্য পরিচালনা করিতেছিলেন। লাহোরের ব্রিটিশ রেসিডেন্ট সার্ হেন্‌রী ল্যারেন্স্ তাঁহার নিকট হইতে আয়-ব্যয়ের হিসাব চাহিবার ব্যবস্থা করিলেন। সেই সময়ে লাহোরের ব্রিটিশ রেসিডেন্টের নির্দেশ মতই পাঞ্জাবের শাসনকার্য পরিচালিত হইতেছিল। মূলরাজ ব্রিটিশ প্রভুত্বে রাজী ছিলেন না। তিনি পদত্যাগ করিতে প্রস্তুত হইলেন। সঙ্গে সঙ্গে তাঁহার স্থলে অপর একজন শাসনকর্তা নিযুক্ত করিয়া সেই নূতন শাসনকর্তাকে স্বপদে বহাল করিবার উদ্দেশ্যে দুইজন ইংরেজ কর্মচারীকে প্রেরণ করা হইল। ইহা মূলরাজের সহ্য হইল না। তিনি এই কর্মচারী দুইজনকে হত্যা করাইয়া মুলতানের শাসনভার নিজ হস্তেই রাখিলেন। এদিকে ব্রিটিশ রেসিডেন্টের ঔদ্ধত্যে অতিষ্ঠ হইয়া শিখবাহিনীও বিদ্রোহ ঘোষণা করিল। লর্ড ডালহৌসী সঙ্গে সঙ্গে শিখদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। চিলিয়ানওয়ালার



লর্ড ডালহৌসী

কারণ

চিলিয়ানওয়ালা ও গুজরাটের যুদ্ধ

যুদ্ধে সেনাপতি গাফের অধীনে বহু ব্রিটিশ সৈন্যের বিনিময়েও জয়-পরাজয়ের চূড়ান্ত মীমাংসা না হইলে সেনাপতি গাফ্ পুনরায় শিখদের বিরুদ্ধে মুলতান ও গুজরাট নামক স্থানে যুদ্ধে অবতীর্ণ হইলেন। যুদ্ধে শিখগণ সম্পূর্ণভাবে পরাজিত হইলে লর্ড ডালহৌসী পাঞ্জাবের নাবালক রাজা দলীপ সিংহকে সিংহাসনচ্যুত করিয়া পাঞ্জাব অধিকার করিলেন। দলীপ সিংহকে সামান্য ভাতা দিবার বন্দোবস্ত অবশ্য তিনি করিয়াছিলেন। পাঞ্জাব অধিকারের ফলে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের সীমা আফগানিস্তানের সীমান্ত পর্যন্ত বিস্তৃত হইল।

পাঞ্জাব অধিকার

নববিজিত পাঞ্জাবের নিরাপত্তার জন্য লর্ড ডালহৌসী আফগানিস্তানের আমীর দোস্ত মহম্মদের সহিত মিত্রতা স্থাপনে আগ্রহী ছিলেন। দুর্ধর্ষ পাঠান উপজাতির আক্রমণ হইতে ব্রিটিশ সাম্রাজ্যের সীমা রক্ষা করার জন্যও আফগানিস্তানের সহিত মিত্রতার প্রয়োজন ছিল। এই উদ্দেশ্যে ১৮৫৫ খ্রীষ্টাব্দে লর্ড ডালহৌসী দোস্ত মহম্মদের সহিত এক মিত্রতা-চুক্তিতে আবদ্ধ হন। ১৮৫৬ খ্রীষ্টাব্দে রাশিয়া আফগানিস্তানের হিরাট প্রদেশ আক্রমণ করিলে ব্রিটিশ সাহায্যে সেই আক্রমণ প্রতিহত করা হইয়াছিল। পর বৎসর (১৮৫৭ খ্রীঃ) উভয় দেশের মধ্যে এক মিত্রতা-চুক্তি পুনরায় স্বাক্ষরিত হয়। এই মিত্রতার ফলে একদিকে যেমন আফগানিস্তান পারস্যের সম্প্রসারণ-নীতি হইতে মুক্ত থাকিতে সমর্থ হইয়াছিল, অপরদিকে সিপাহী বিদ্রোহের কালে বিদ্রোহীরা আফগানিস্তানের সাহায্য না পাওয়ায় ব্রিটিশদের উহা দমন করা সহজতর হইয়াছিল। সুতরাং ইঙ্গ-আফগান মৈত্রীই ছিল লর্ড ডালহৌসীর আফগান-নীতির মূলকথা।

আফগান-নীতি

দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (Second Anglo-Burmese War): প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের পর ব্রহ্মদেশে একজন ব্রিটিশ রেসিডেন্ট নিযুক্ত করা হইয়াছিল। সেখানেও কিছুকালের মধ্যেই ব্রিটিশের বিরুদ্ধে এক তীব্র বিদ্বেষভাব জাগিয়া উঠে। ফলে ব্রিটিশ রেসিডেন্টকে ব্রহ্মদেশ ত্যাগ করিতে হয়। ইহার পর কয়েকজন ব্রিটিশ বণিক বর্মীদের হস্তে লাঞ্ছিত হয় (১৮৫১ খ্রীঃ)। লর্ড ডালহৌসী এইজন্য ব্রহ্ম সরকারের নিকট ক্ষতিপূরণ দাবি করেন। এই ক্ষতিপূরণ দাবি করিবার জন্য কমোডোর ল্যাম্বার্ট নামে জনৈক ইংরেজ কর্মচারীকে ব্রহ্মদেশে প্রেরণ করা হইয়াছিল। আগ্রহাতিশয্যে তিনি ব্রহ্ম সরকারের একটি জাহাজ দখল করিয়া লইলে ব্রহ্মদেশের সৈন্য তাঁহাকে আক্রমণ করে। সঙ্গে সঙ্গে দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ শুরু হয়। অল্পকালের মধ্যেই ব্রিটিশ সৈন্য রেঙ্গুন ও প্রোম দখল করিল। ব্রহ্মরাজ ইংরেজদের সহিত সন্ধিস্থাপনে বাধ্য হইলেন। তাঁহাকে পেগু ছাড়িয়া দিতে হইল। পেগু অঞ্চল ব্রিটিশ অধিকারভুক্ত হওয়ায় ব্রহ্মদেশের সামুদ্রিক যোগাযোগ সম্পূর্ণভাবে ছিন্ন হইয়া গেল। অপরদিকে চট্টগ্রাম হইতে সিঙ্গাপুর পর্যন্ত সমুদ্রোপকূল ব্রিটিশ অধিকারে চলিয়া গেল।

কারণ

পেগু দখল : চট্টগ্রাম হইতে সিঙ্গাপুর পর্যন্ত সমুদ্রোপকূলের উপর ব্রিটিশ প্রাধান্য

পাঞ্জাব ও পেগু ভিন্ন সিকিম রাজ্যের একাংশ লর্ড ডালহৌসীর আমলে ব্রিটিশ অধিকারভুক্ত হইয়াছিল। সিকিম রাজ্যে দুইজন ইংরেজ কর্মচারীকে বন্দী করিয়া রাখিবার শাস্তিস্বরূপ সিকিমরাজ নিজ রাজ্যের একাংশ ব্রিটিশ সরকারের নিকট ছাড়িয়া দিতে বাধ্য হইয়াছিলেন।

সিকিমের একাংশ দখল

স্বত্ববিলোপ-নীতি (Doctrine of Lapse): লর্ড ডালহৌসী তাঁহার 'স্বত্ববিলোপ-নীতি'র (Doctrine of Lapse) প্রয়োগ দ্বারা ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তারসাধন করিয়াছিলেন। তিনি এই নীতির প্রয়োগ দ্বারা সর্বাধিক পরিমাণ রাজ্য অধিকার করেন। ব্রিটিশের অধীন বা ব্রিটিশ শক্তির সাহায্যে গঠিত কোন রাজ্যের রাজার কোন উত্তরাধিকারী না থাকিলে সেই রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হইয়া পড়িবে, কোন দত্তক পুত্র গ্রহণ করিয়া তাঁহাকে এই রাজ্যের সিংহাসন দেওয়া চলিবে না। ইহাই হইল 'স্বত্ববিলোপ-নীতি'। লর্ড ডালহৌসীর শাসনকালে ভারতের দেশীয় রাজ্যগুলির কয়টিরই রাজা অপুত্রক অবস্থায় মারা গেলেন। ইহাতে লর্ড ডালহৌসীর সাম্রাজ্য বিস্তার-নীতিরও যথেষ্ট সুযোগ উপস্থিত হইল। 'স্বত্ববিলোপ-নীতি' লর্ড ডালহৌসীর সহিত জড়িত থাকিলেও ইহা বহুকাল পূর্ব হইতেই চালু হইয়াছিল। ১৮৩৪ খ্রীষ্টাব্দেই ডাইরেক্টর সভা দেশীয় আশ্রিত রাজ্যগুলির রাজবংশ নির্মূল হইয়া গেলে সহজে দত্তক পুত্র গ্রহণের অনুমতি না দিবার নীতি প্রবর্তন করিয়াছিল।

'স্বত্ববিলোপ-নীতি'



নানাসাহেব

যাহা হউক, লর্ড ডালহৌসীই এই নীতির ব্যাপক প্রয়োগ শুরু করেন। কোম্পানি কর্তৃক গঠিত সাতারা রাজ্যের রাজা নিঃসন্তান অবস্থায় মারা গেলে তাঁহার দত্তক পুত্রের দাবি অস্বীকার করিয়া লর্ড ডালহৌসী সর্বপ্রথম সাতারা অধিকার করিয়া লইলেন। এইভাবে স্বত্ববিলোপ-নীতির প্রয়োগ দ্বারা সম্বলপুর, নাগপুর, ঝাঁসি প্রভৃতি রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হইল। ভগৎ, কারাউলি ও উদয়পুর প্রথমে অধিকার করিয়াও পরে অবৈধতার কারণ হেতু সেগুলি ফিরাইয়া দেওয়া হইয়াছিল। পেশওয়া দ্বিতীয় বাজী রাও-এর দত্তক পুত্র নানাসাহেবের ভাতা তিনি বন্ধ করিয়া দিয়াছিলেন। ইহা ভিন্ন, তাঞ্জোর ও কর্ণাটের রাজগণকে বাৎসরিক ভাতা দানের ব্যবস্থা করিয়া এই দুইটি রাজ্যও লর্ড ডালহৌসী অধিকার করিয়া লইয়াছিলেন।

সাতারা, ঝাঁসি সম্বলপুর, নাগপুর প্রভৃতি অধিকার

নানাসাহেবের ভাতা বন্ধ

তাঞ্জোর ও কর্ণাট দখল

স্বত্ববিলোপ-নীতি ভিন্ন অরাজকতার অজুহাতে লর্ড ডালহৌসী ১৮৫৬ খ্রীষ্টাব্দে অযোধ্যা ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করিয়া লইয়াছিলেন। হায়দরাবাদের নিজাম ব্রিটিশ সৈন্যের খরচ বাবদ দেয় অর্থ দিতে না পারিলে বেরার প্রদেশটি তাঁহাকে ইংরেজদের নিকট ছাড়িয়া দিতে হইয়াছিল।

অরাজকতার অজুহাতে অযোধ্যা দখল

বেরার দখল

লর্ড ডালহৌসী তাঁহার সাম্রাজ্যবাদী নীতি অনুসরণ করিয়া ভারতীয় নৃপতিদের মধ্যে এক দারুণ ভীতির সৃষ্টি করিয়াছিলেন। তিনি মনে করিতেন যে, দেশীয় রাজ্যগুলিকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করিলে প্রজাবর্গের সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধি পাইবে, অপরদিকে ব্রিটিশ সাম্রাজ্যও বিস্তারলাভ করিবে। তাঁহার স্বত্ববিলোপ-নীতি অনৈতিকতা দোষে দুষ্ট ছিল। নাগপুর ও অযোধ্যা অধিকার করিবার কালে যে স্বার্থপর ও বর্বরোচিত ব্যবহার করা হইয়াছিল তাহাতে ব্রিটিশ সরকারের প্রতি ভারতবাসী ও ভারতীয় নৃপতিদের ঘৃণা ও বিদ্বেষ উপজাত হইয়াছিল। ব্রিটিশ-আশ্রিত রাজ্যের প্রতি এইরূপ নীচ ও স্বার্থপর নীতি অনুসরণের ফলে সর্বত্র এই আশঙ্কাই জাগিয়াছিল যে স্বার্থসিদ্ধির জন্য ব্রিটিশ সরকার অপর যে-কোন দেশীয় রাজ্য গ্রাস করিতে দ্বিধাবোধ করিবেন না। নানাসাহেবের ভাতা বন্ধ করিয়া এবং ঝাঁসি রাজ্য দখল করিয়া লর্ড ডালহৌসী ভবিষ্যৎ বিদ্রোহের পথ প্রস্তুত করিয়াছিলেন। ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের জন্য লর্ড ডালহৌসীর দায়িত্ব নেহাত কম ছিল না। কারণ, অধিকার হইতে বঞ্চিত রাজ্যগুলির উত্তরাধিকারিগণের মধ্য হইতেই ব্রিটিশ শক্তির বিরুদ্ধে সর্বাধিক দৃঢ়প্রতিজ্ঞ বিদ্রোহীদের উদ্ভব ঘটিয়াছিল। অযোধ্যা, ঝাঁসি প্রভৃতি রাজ্য এবং নানাসাহেব এ-বিষয়ে উল্লেখযোগ্য। দিল্লীর বাদশাহের পদ বিলুপ্ত করিবার অভিপ্রায়, দেশীয় রাজগণের স্বার্থ ও মর্যাদা উপেক্ষা করিয়া চলা, প্রভৃতি ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের ইন্ধন যোগাইয়াছিল।

দেশীয় নৃপতিগণের ঘৃণা ও বিদ্বেষের সৃষ্টি

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের জন্য লর্ড ডালহৌসীর দায়িত্ব

লর্ড ডালহৌসী ভারত-ইতিহাসে সাম্রাজ্যবাদী নীতির প্রযোক্তা হিসাবেই সমধিক কুখ্যাত। কিন্তু জনস্বার্থে অবদানও তাঁহার কম ছিল না। তিনি আভ্যন্তরীণ পরিবহণব্যবস্থা, শিক্ষা ও সংস্কৃতির উন্নতিসাধনে যথেষ্ট মনোযোগী ছিলেন। রুরকির ইঞ্জিনীয়ারিং কলেজ স্থাপন, কলিকাতা বেথুন কলেজের ব্যয়ভার বহন, গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোডের আধুনিকীকরণ, গঙ্গার খাল খনন, 'মেরিয়া' নামক সমাজ-বিরোধীদের দমন, ভারতের রেলপথ নির্মাণ প্রভৃতি জনহিতকর কার্য তিনি সম্পন্ন করেন। ইহা ভিন্ন, টেলিগ্রাফ ব্যবস্থা, ডাক চলাচল ও বিলির সুষ্ঠু ব্যবস্থা, পাঞ্জাবে সামরিক চলাচলের প্রয়োজনীয় রাস্তাঘাট নির্মাণ, বনসংরক্ষণ ও চা বাগানের উন্নয়ন প্রভৃতির জন্যও তাঁহার কার্যকাল স্মরণীয়। শিক্ষাব্যবস্থার উন্নয়ন, কলেজের অনুপাতে প্রাথমিক স্কুলের সংখ্যার অপ্রতুলতা প্রভৃতির অব্যবস্থা দূরীকরণের প্রয়াস, শিক্ষা পরিদর্শন সংক্রান্ত সরকারী বিভাগের স্থাপন প্রভৃতি দ্বারা ভারতের শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রেও তাঁহার অবদান কৃতজ্ঞতার সহিত স্মরণ করিবার যোগ্য।

আভ্যন্তরীণ কার্যকলাপ

এই সূত্রে সার্ চার্লস্ উডের প্রতিবেদন (Wood's Dispatch) বিশেষভাবে উল্লেখযোগ্য। সেই যুগে বাংলাদেশে উচ্চ শিক্ষার উপর অধিক গুরুত্ব দেওয়া হইত, অথচ প্রাথমিক শিক্ষা সম্পূর্ণ অবহেলিত হইত। পক্ষান্তরে, বোম্বাই প্রদেশে কেবলমাত্র প্রাথমিক শিক্ষার উপরই জোর দেওয়া হইত। চার্লস্ উডের প্রতিবেদনে প্রাথমিক শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপের নির্দেশ ছিল। শিক্ষার ভিত্তি রচনায় ইহার অত্যন্ত প্রয়োজন ছিল, বলা বাহুল্য। লর্ড ডালহৌসীও উডের এই নির্দেশ পূর্ণমাত্রায় সমর্থন করিয়াছিলেন। ইহা ভিন্ন, সরকারী সাহায্যের দ্বারা হাই স্কুল ও কলেজীয় শিক্ষার উন্নয়নের প্রয়োজনীয়তাও উডের প্রতিবেদনে উল্লিখিত ছিল। শিক্ষাব্যবস্থার সর্বোপরি বিশ্ববিদ্যালয় স্থাপন করিয়া শিক্ষার কাঠামোকে একটি পূর্ণাঙ্গ রূপ দিবার প্রয়োজনীয়তাও এই প্রতিবেদনে স্বীকৃত হইয়াছিল। ইহার ফল স্বরূপ কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজ বিশ্ববিদ্যালয় স্থাপিত হইয়াছিল।

উডের প্রতিবেদন (Wood's Dispatch)

দ্বাত্রিংশ অধ্যায়

ভারতীয় বিদ্রোহ
(The Indian Revolt)


***লর্ড ক্যানিং, ১৮৫৬-৬২ খ্রীঃ* (Lord Canning) :** লর্ড ডালহৌসীর পর ভারতের গবর্নর-জেনারেল হইলেন লর্ড ক্যানিং। তাঁহার শাসনকালের সর্বাধিক উল্লেখযোগ্য ও যুগান্তকারী ঘটনা হইল ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ। লর্ড ক্যানিং-এর শাসনকাল ছিল ইওরোপ ও এশিয়ার ইতিহাসের এক দুর্যোগপূর্ণ কাল।


লর্ড ক্যানিং

তুরস্ক সাম্রাজ্যের দিকে রাশিয়ার অগ্রগতি ইওরোপে ক্রিমিয়ার যুদ্ধ নামে এক ভয়াবহ যুদ্ধের সৃষ্টি করিয়াছিল। ১৮৫৬ খ্রীষ্টাব্দে প্যারিসের শান্তি চুক্তি দ্বারা এই যুদ্ধের (ক্রিমিয়ার যুদ্ধ) পরিসমাপ্তি ঘটিলে রাশিয়া ইওরোপে পরাজয়ের ক্ষতি এশিয়ার দিকে সাম্রাজ্য বিস্তার করিয়া পূরণ করিবার জন্য সচেষ্ট হইল। ফলে ভারত-সরকারের দারুণ ভীতির সঞ্চার হইল। এদিকে রাশিয়ার সাহায্য-পুষ্ট পারস্য আফগানিস্তানের হিরাট অঞ্চল দখল করিয়া লইলে সেই ভীতি বহুগুণে বৃদ্ধি পাইল। লর্ড ক্যানিং আফগানিস্তান রাশিয়া কর্তৃক অধিকৃত হইয়া যাইবে ভয় করিয়া পারস্য অঞ্চলে এক সামরিক অভিযান প্রেরণ

ক্রিমিয়ার যুদ্ধ

করিলেন। এই অভিযান পারস্যের বুশায়ার নামক স্থানটি অধিকার করিলে পারস্য আফগানিস্তানের হিরাট অঞ্চল ত্যাগ করিয়া যায়। ইহা ভিন্ন, পারস্য আফগানিস্তানের বিরুদ্ধে আক্রমণ-নীতি ত্যাগ করিতে প্রতিশ্রুত হয়। এইভাবে আফগানিস্তানের



নিরাপত্তা রক্ষা করিয়া ক্যানিং ভারত-সাম্রাজ্যের নিরাপত্তা বিধান করিয়াছিলেন।

ক্রিমিয়ার যুদ্ধ ও চীন যুদ্ধের প্রভাব

১৮৪০-৪২ খ্রীষ্টাব্দে চীনদেশের সহিত আফিং-এর বাণিজ্য লইয়া ইংরেজদের এক যুদ্ধ হইয়াছিল। ইহা 'আফিং-এর যুদ্ধ' (Opium War) বা প্রথম চীন যুদ্ধ নামে পরিচিত। কিন্তু চীনদেশে ইওরোপীয় বাণিজ্য অধিকার সেই যুদ্ধের ফলে সম্পূর্ণভাবে স্বীকৃত হয় নাই। ১৮৫৬-৫৮ খ্রীষ্টাব্দে পুনরায় ইঙ্গ-ফরাসী যুগ্ম শক্তির সহিত চীনদেশের যুদ্ধ ঘটে। ইহা

দ্বিতীয় চীন যুদ্ধ নামে পরিচিত। এই সকল যুদ্ধ স্বভাবতই ক্যানিং-এর শাসনকালকে প্রভাবিত করিয়াছিল। কিন্তু ১৮৫৭ খ্রীষ্টাব্দে ভারতে এক ব্যাপক বিদ্রোহ দেখা দিলে সাময়িকভাবে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি প্রায় ভাঙ্গিয়া পড়িবার উপক্রম হইয়াছিল।

***১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের কারণ ও প্রকৃতি* (Causes and Character of the Revolt of 1857) :** ১৮৫৭ খ্রীষ্টাব্দে ভারতের প্রায় সকল স্থান জুড়িয়া যে বিদ্রোহ দেখা দিয়াছিল উহাকে অনেক ঐতিহাসিক 'সিপাহী বিদ্রোহ' আখ্যা দিয়াছেন। আবার অনেকে উহাকে ভারতের স্বাধীনতার প্রথম যুদ্ধ হিসাবে বর্ণনা করিয়াছেন। এমতাবস্থায় ইহাকে '১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ' নামকরণই যুক্তিযুক্ত হইবে।

সিপাহী বিদ্রোহ অথবা জাতীয় আন্দোলন (?)

নানা প্রকার কারণে এই বিদ্রোহ ঘটিয়াছিল। লর্ড ডালহৌসী তাঁহার স্বত্ববিলোপ-নীতির প্রয়োগ দ্বারা এবং অরাজকতার অজুহাতে সাতারা, সম্বলপুর, নাগপুর, ঝাঁসি, অযোধ্যা, কর্ণাট, তাঞ্জোর প্রভৃতি রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করিয়াছিলেন। পেশওয়া দ্বিতীয় বাজী রাও-এর দত্তক পুত্র নানাসাহেবের বাৎসরিক ভাতাও তিনি বন্ধ করিয়া দিয়াছিলেন। এই সকল কার্যকলাপকে এই বিদ্রোহের রাজনৈতিক কারণ হিসাবে বর্ণনা করা যাইতে পারে। অযোধ্যা রাজ্য দখল করিবার ফলে তথাকার নবাব পরিবারের আশ্রিত বহু ব্যক্তির ভাতা ও বৃত্তি বন্ধ হইয়া যায়। ইহাতে ব্রিটিশের প্রতি অযোধ্যা রাজ্যে এক ভীষণ বিদ্বেষ ও ঘৃণার উদ্রেক হয়। দেশীয় নৃপতিগণের মধ্যেও ব্রিটিশ সরকারের মতলব সম্পর্কে সন্দেহের সৃষ্টি হয়।

রাজনৈতিক কারণ

রাজনৈতিক কারণ ভিন্ন এই বিদ্রোহের পশ্চাতে সামাজিক ও অর্থনৈতিক কারণও ছিল। উনবিংশ শতাব্দীর গোড়ার দিক হইতে শুরু করিয়া প্রায় অর্ধ-শতাব্দী ধরিয়া ব্রিটিশ শাসকশ্রেণী কর্তৃক ভারতীয়দের উপেক্ষা এবং তাহাদের প্রতি শাসকশ্রেণীর ঘৃণা ও তাচ্ছিল্যের ভাব ব্রিটিশ শাসনের বিরুদ্ধে ঘৃণার সৃষ্টি করিয়াছিল। ওয়ারেন হেষ্টিংসের আমল হইতেই ভারতীয়দের প্রতি ইংরেজ কর্মচারীদের ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার শাসক ও শাসিতের মধ্যে সামাজিক ব্যবধানের সৃষ্টি করিয়াছিল। ইহা বিদ্রোহের সামাজিক কারণ বলা যাইতে পারে।

সামাজিক কারণ

ইংরেজ কর্মচারীদের ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার

ব্রিটিশ-শাসিত অংশে জনসাধারণের অর্থনৈতিক দুরবস্থা এই বিদ্রোহের অর্থনৈতিক কারণ হিসাবে পরিগণিত হইয়া থাকে। ১৭৫৭ খ্রীষ্টাব্দ হইতে ১৮৫৭ খ্রীষ্টাব্দ অবধি মোট একশত বৎসর ধরিয়া প্রচুর পরিমাণ সোনারূপা এদেশ হইতে ইংলণ্ডে চলিয়া যাওয়ার ফলে ভারতীয়দের অর্থনৈতিক দুর্দশার সৃষ্টি হইয়াছিল। বিলাতী পণ্যদ্রব্যের সহিত প্রতিযোগিতায় ভারতীয় কুটির শিল্পজাত সামগ্রী টিকিতে পারিল না। ফলে বেকারত্ব বৃদ্ধি পাইল। ব্রিটিশ-প্রবর্তিত রাজস্বব্যবস্থাও ভারতীয়দের উপর অর্থনৈতিক চাপ বৃদ্ধি করিয়াছিল। তদুপরি

অর্থনৈতিক দুরবস্থা

নানা প্রকার কর স্থাপন এবং করের পরিমাণ বৃদ্ধি প্রভৃতির ফলে ক্রমেই দেশের তথা জনসাধারণের আর্থিক অবস্থা শোচনীয় হইয়া উঠিতেছিল। সৈনিকদের আর্থিক অবস্থাও তদ্রূপ ছিল। তাহাদের বেতন ছিল অত্যন্ত কম। ব্রিটিশ কর্মচারীদের তুলনায় তাহাদের বেতন ও ভাতার স্বল্পতা এবং তাহাদের প্রতি বৈষম্যমূলক ব্যবহার সিপাহীদের মধ্যে বিক্ষোভের সৃষ্টি করিয়াছিল।

সৈন্যদের অভিযোগ

এইভাবে যখন ভারতীয়দের মধ্যে ব্রিটিশ-বিরোধী মনোভাব ক্রমেই বাড়িয়া চলিয়াছিল সেই সময়ে ব্রিটিশ সরকার কর্তৃক ইংরেজী শিক্ষার প্রবর্তন, রেলপথ, টেলিগ্রাফ ব্যবস্থা, সতীদাহ প্রথা নিবারণ প্রভৃতিতে ভারতীয়দের মনে এই কথাই জাগিল যে, ব্রিটিশ সরকার কর্তৃক ভারতীয়দের সমাজ ও সংস্কৃতির পরিবর্তন নিশ্চয়ই কোন দুরভিসন্ধি প্রণোদিত। সেই সময়কার ব্রিটিশ কর্মচারীবর্গের ব্যভিচারও জনসাধারণের মনে তাহাদের প্রতি এক তীব্র ঘৃণার সৃষ্টি করিয়াছিল।

ইংরেজী শিক্ষা, রেলপথ, টেলিগ্রাফ ব্যবস্থা, সতীদাহ প্রথা নিবারণপ্রভৃতিরপ্রবর্তন

সেই সময়ে খ্রীষ্টধর্মযাজকগণ হিন্দু ও মুসলমানগণকে খ্রীষ্টধর্মে ধর্মান্তরিত করিবার চেষ্টা শুরু করিলে একথাই সকলের মনে জাগিল যে, ব্রিটিশ সরকার ভারতীয়দের সকলকেই ক্রমে খ্রীষ্টান করিয়া ফেলিবেন। এই ধর্ম নৈতিক কারণ হেতুই বহু পূর্বে ভেলোর নামক স্থানে সিপাহী বিদ্রোহ ঘটিয়াছিল।

ধর্মনৈতিক কারণ

রাজনৈতিক, সামাজিক, অর্থ নৈতিক, সামরিক ও ধর্মনৈতিক কারণে যখন বিদ্রোহের ক্ষেত্র প্রস্তুত হইয়া রহিয়াছে সেই সময়ে এন্‌ফিল্ড্ রাইফ্‌ল্ (Enfield Rifle) নামে একপ্রকার বন্দুকের প্রচলন করা হইল। এই বন্দুকের টোটা দাঁত দ্বারা কাটিয়া বন্দুকে পুরিতে হইত। এগুলি প্রস্তুত করিতে চর্বি ব্যবহার করা হইত। হঠাৎ রটিয়া গেল যে গরু ও শূকর উভয় প্রকার চর্বি এগুলিতে ব্যবহার করা হইয়াছে। স্বভাবতই ধর্মভীরু হিন্দু ও মুসলমান সিপাহীদের মধ্যে এক দারুণ বিক্ষোভের সৃষ্টি হইল। ১৮৫৭ খ্রীষ্টাব্দের ২৯শে মার্চ বাংলাদেশের বারাকপুর সামরিক ছাউনিতে মঙ্গল পাণ্ডে নামক জনৈক সিপাহী প্রকাশ্য বিদ্রোহ করিল। অপরাপর সিপাহীও তাহার প্রতি সহানুভূতি প্রদর্শন করিলে ব্রিটিশ কর্তৃপক্ষ বারাকপুরের পল্টনটি ভাঙ্গিয়া দিলেন। মঙ্গল পাণ্ডে ও তাহার সহায়ক ঈশ্বরী পাণ্ডেকে প্রাণদণ্ডে দণ্ডিত করা হইল। কিন্তু ইহাতে বিদ্রোহের আগুন নির্বাপিত হইল না। ইহা মীরাটের সামরিক ছাউনিতে ছড়াইয়া পড়িল। ১০ই মে (১৮৫৭ খ্রীঃ) কর্নেল ফিনিসকে মীরাটের সামরিক ছাউনিতে গুলি করা হইলে বিদ্রোহ প্রকৃতভাবে শুরু হইয়া গেল। ক্রমে উহা দিল্লীতে ছড়াইয়া পড়িল। মোগল বংশধর দ্বিতীয় বাহাদুর শাহ্‌কে বিদ্রোহী সৈন্যগণ হিন্দুস্থানের সম্রাট বলিয়া ঘোষণা করিল। ব্রিটিশ সামরিক ও বে-সামরিক কর্মচারীদিগকে বিদ্রোহী সিপাহীরা

প্রত্যক্ষ কারণ : এন্‌ফিল্ড্ রাইফ্‌লের প্রবর্তন

বারাকপুরের মঙ্গল পাণ্ডের বিদ্রোহ (২৯শে মার্চ, ১৮৫৭ খ্রীঃ)

মীরাটে বিদ্রোহ (১০ই মে, ১৮৫৭ খ্রীঃ)

বিদ্রোহের শুরু

হত্যা করিতে লাগিল। ক্রমেই বিদ্রোহের আগুন ফিরোজপুর, মুজফ্‌ফরনগর, পাঞ্জাব, নৌসেরা, হতমর্দান, অযোধ্যা ও বর্তমান উত্তরপ্রদেশের অপরাপর অংশ, কানপুর, ঝাঁসি, বিহার ও বাংলাদেশে ছড়াইয়া পড়িল। ঝাঁসিতে ঝাঁসির রাণী লক্ষ্মীবাঈ ও তাঁতীয়া তোপী, কানপুরে নানাসাহেব, বিহারে কুনওয়ার সিংহ প্রভৃতি বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করেন। ঝাঁসির রাণী ব্রিটিশের সহিত যুদ্ধ করিয়া যুদ্ধক্ষেত্রে প্রাণদান করেন। তাঁহার অনুচর তাঁতীয়া তোপী পলাইয়া যান। পরে ধৃত হইয়া প্রাণদণ্ডে দণ্ডিত হন। প্রথমদিকে বিদ্রোহী সিপাহীরা সাফল্যলাভ করিলেও শেষ পর্যন্ত সার্ জন্ ল্যারেন্স্, হেভেলক, আউট্রাম প্রভৃতি ব্রিটিশ সেনাপতির সামরিক তৎপরতায় এবং ব্রিটিশ, নেপালী ও শিখ সৈন্যদের সাহায্যে ব্রিটিশ পক্ষ জয়লাভ করে। দিল্লী পুনরধিকার করিয়া দ্বিতীয় বাহাদুর শাহ্‌কে বন্দী করিয়া রেঙ্গুনে নির্বাসিত করা হয়।

বিদ্রোহের বিস্তৃতি

ঝাঁসির রাণী লক্ষ্মীবাঈ, তাঁতীয়া তোপী, নানাসাহেব, কুনওয়ার সিংহ প্রভৃতি



লক্ষ্মীবাঈ

বিদ্রোহীদের পরাজয়



হেভেলক আউট্রাম

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ নিছক সিপাহীদেরই বিদ্রোহ না সশস্ত্র জাতীয় আন্দোলনের প্রথম প্রকাশ সে-বিষয়ে মতানৈক্য রহিয়াছে। ভারতীয়দের মধ্যে এই বিদ্রোহকে ভারতের স্বাধীনতার প্রথম যুদ্ধ বলিয়া বর্ণনা করিবার একটি স্বাভাবিক প্রবণতা দেখা যায়। পক্ষান্তরে, চার্লস্ রেকস্ প্রমুখ ঐতিহাসিক ইহাকে সিপাহী

বিদ্রোহ নামেই বর্ণনা করিয়াছেন। বস্তুত, ভারতীয় জনসাধারণের দিক হইতে বিচার করিলে একথা স্বীকার করিতে হইবে যে ভারতের জনসাধারণ এই বিদ্রোহে অংশগ্রহণ করে নাই। ইদানীং ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের শতবার্ষিক উপলক্ষে ডক্টর সেন ও ডক্টর মজুমদার এবং আরও অনেকে ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের নানাবিধ তথ্য উদ্ঘাটিত করিয়াছেন। এইসব নূতন তথ্য এবং পূর্বে যে-সকল তথ্য পাওয়া গিয়াছিল—সবকিছুর পরিপ্রেক্ষিতে ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ প্রথমে সিপাহী বিদ্রোহ হিসাবে শুরু হইলেও শেষ পর্যন্ত উহা অযোধ্যা ও নিকটবর্তী অঞ্চলে জাতীয় আন্দোলনে রূপান্তরিত হইয়াছিল একথা অবশ্যই স্বীকার করিতে হয়। সামরিক বিদ্রোহ হিসাবে শুরু হইয়াছিল বলিয়া উহাকে সিপাহী বিদ্রোহ আখ্যা দেওয়া অথবা কোন কোন স্থানে উহা জাতীয় আন্দোলনে পরিণত হইয়াছিল বলিয়া উহাকে সম্পূর্ণ জাতীয় আন্দোলন হিসাবে বিবেচনা করা কতদূর যুক্তিযুক্ত হইবে, আরও ঐতিহাসিক তথ্যাদি আবিষ্কৃত না হইলে সে-বিষয়ে কোন স্থির সিদ্ধান্তে পৌঁছানো যাইবে না। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ভারতীয়দের মধ্যে জাতীয়তাবোধ যে খুব বেশী প্রবল ছিল একথাও বলা যাইতে পারে না।

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের প্রকৃতি—সিপাহী বিদ্রোহ বা জাতীয় যুদ্ধ (?)

স্থির সিদ্ধান্তে উপনীত হইবার অসুবিধা

বিফলতার কারণ (Causes of Failure): ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের অসাফল্যের পশ্চাতে নানাবিধ কারণ ছিল। প্রথমত, বিদ্রোহীদের মধ্যে যোগাযোগ ও সংহতির অভাবই ছিল ইহার প্রধান ত্রুটি। দ্বিতীয়ত, ইতস্তত বিক্ষিপ্ত আন্দোলন স্বভাবতই আঞ্চলিক সীমায় আবদ্ধ হইয়া পড়িয়াছিল। ফলে সর্বত্র উহা একই পন্থা বা একই গতিতে অগ্রসর হইতে পারে নাই। তৃতীয়ত, বিদ্রোহীদের মধ্যে উদ্দেশ্য ও আদর্শের পার্থক্য ছিল। নানাসাহেব হইতে চাহিয়াছিলেন পেশওয়া আর দ্বিতীয় বাহাদুর শাহ্ হইতে চাহিয়াছিলেন পুনরুজ্জীবিত মোগল সাম্রাজ্যের সম্রাট। আদর্শের এই বিভিন্নতাও এই আন্দোলনকে দুর্বল করিয়া দিয়াছিল। চতুর্থত, বিদ্রোহীদের মধ্যে বিভিন্ন অঞ্চলে নেতৃত্ব করিবার মত শক্তি এবং ক্ষমতা সম্পন্ন নেতার অভাব না থাকিলেও সমগ্র দেশ জুড়িয়া বিদ্রোহের নেতৃত্ব করিবার মত ক্ষমতাবান নেতার অভাব বিদ্রোহের অসাফল্যের অন্যতম প্রধান কারণ ছিল। ভারতের কোন নৃপতি উহাতে যোগদান করেন নাই। সর্বশেষে, সিপাহীদের অস্ত্রশস্ত্রের অভাব, তাহাদের সামরিক ভুলভ্রান্তি এবং অপরপক্ষে ব্রিটিশ সামরিক ক্ষমতা ও কূটকৌশল বিদ্রোহের অসাফল্য অবশ্যম্ভাবী করিয়া তুলিয়াছিল।

বিদ্রোহের অসাফল্যের কারণ:
(১) যোগাযোগের অভাব,
(২) বিক্ষিপ্ত ও আঞ্চলিক রূপ গ্রহণ,
(৩) আদর্শের পার্থক্য,
(৪) নেতৃত্বের অভাব,
(৫) বিদ্রোহীদের সামরিক দুর্বলতা ও ভুল-ভ্রান্তি—ব্রিটিশ শক্তির কূটকৌশল প্রভৃতি

ফলাফল (Effects): কিন্তু ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ সাফল্যলাভ না করিলেও ইহার কতকগুলি সুফল দেখা দিয়াছিল। বহু সংখ্যক ভারতীয় সিপাহী, ইংরেজ নরনারী ও সামরিক কর্মচারী এই বিদ্রোহে প্রাণ হারাইয়াছিল সত্য, কিন্তু

প্রাণনাশের বিনিময়ে কতকগুলি সুফলও পাওয়া গিয়াছিল। এই বিদ্রোহ হইতে ইংলণ্ডের ব্রিটিশ সরকার একটি বাণিজ্য-প্রতিষ্ঠানের উপর এরূপ একটি বিশাল সাম্রাজ্যের শাসনভার ন্যস্ত রাখিবার বিপদ বুঝিতে পারিয়াছিলেন। ফলে ভারতে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটাইয়া ব্রিটিশ সরকারের সরাসরি শাসন স্থাপিত হইল। ইংলণ্ডের মহারাণী এক ঘোষণা (১৮৫৮ খ্রীঃ) দ্বারা ভারতের শাসনকার্য পরিচালনার ভার তাঁহার পক্ষে একটি কাউন্সিল ও একজন সেক্রেটারির হস্তে ন্যস্ত করিলেন। ভারতে একজন রাজপ্রতিনিধি বা ভাইস্‌রয় নিযুক্ত করিবার নীতি গৃহীত হইল। গবর্নর-জেনারেলই ভাইস্‌রয়-পদে নিযুক্ত হইবেন স্থির হইল। ইহা ভিন্ন, এই ঘোষণায় ডালহৌসী-প্রবর্তিত স্বত্ববিলোপ-নীতি পরিত্যাগ করা হইল একথা জানাইয়া দিয়া দেশীয় নৃপতিগণের মধ্যে রাজ্যচ্যুতির যে আশঙ্কা জাগিয়াছিল তাহা অপসৃত করা হইল। ভারতীয় জনসাধারণকে ভারতের শাসনব্যবস্থায় অধিকতর অংশদানের নীতিও গৃহীত হইল। ইহা ভিন্ন, ভারতীয়দের মধ্যে ইংরেজ শাসনের বিরুদ্ধে যাহাতে ঐক্যবদ্ধ আর কোন আন্দোলন না হইতে পারে সেইজন্য 'সাম্রাজ্যবাদী বিভেদ-নীতি'র প্রয়োগ শুরু হইল। এই সময় হইতেই ব্রিটিশ শাসকগণ সাম্প্রদায়িকতার বিষ ছড়াইতে শুরু করিলেন। দেশীয় সিপাহীদের উপর যাহাতে বেশী নির্ভর করিতে না হয় সেইজন্য ভারতে অধিক সংখ্যায় ব্রিটিশ সৈন্য আমদানি করা হইল। লর্ড ক্যানিং ভারতের সর্বপ্রথম গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় নিযুক্ত হইলেন (১৮৫৮ খ্রীঃ)। তাঁহার উদার ও সহানুভূতিসম্পন্ন মনোবৃত্তির ফলে বিদ্রোহিগণ অযথা শাস্তিভোগ হইতে নিস্তার পাইল। কোনপ্রকার প্রতিহিংসার মনোবৃত্তি না থাকিবার জন্য স্বভাবতই সিপাহী বিদ্রোহের ফলে যে ব্যাপক ইংরেজ বিদ্বেষের উদ্রেক হইয়াছিল তাহা ক্রমে অপসৃত হইল।

কোম্পানির শাসন-ব্যবস্থার অবসান—মহারাণীর ঘোষণা

ভাইস্‌রয় নিয়োগ

স্বত্ববিলোপ-নীতি পরিত্যক্ত

বিভেদ-নীতি

অধিক সংখ্যক ব্রিটিশ সৈন্য আমদানি

প্রথম গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় লর্ড ক্যানিং-এর উদারতা

লর্ড ক্যানিং-এর শাসনকালের অবশিষ্ট কয়েক বৎসর কোম্পানির শাসনকার্য পরিচালনার ভার ব্রিটিশ সরকারের হস্তে গ্রহণের আনুষঙ্গিক সংস্কার ও সংগঠন কার্যে ব্যয়িত হইল। ভারতের সেনাবাহিনীর মোট সংখ্যার অন্তত এক-তৃতীয়াংশ ব্রিটিশ সৈন্য দ্বারা গঠন করা হইল। গোলন্দাজ বাহিনীতে কোন দেশীয় সিপাহীকে স্থান দেওয়া হইল না। বিদ্রোহের কালে যে ঋণ হইয়াছিল উহা পরিশোধের জন্য এবং সরকারের আয়বৃদ্ধির জন্য আয়কর ও আমদানি শুল্ক স্থাপন করা হইল। প্রয়োজনের অতিরিক্ত সংখ্যক কর্মচারী ছাঁটাই করিয়া ব্যয়-সঙ্কোচ করা হইল। ইহা ভিন্ন, রাজস্ব আইন, পেনাল কোড, ফৌজদারী আইন প্রভৃতির সংস্কারসাধন করা হইল। বোম্বাই, মাদ্রাজ ও কলিকাতায় একটি করিয়া

সংস্কার : সামরিক ও অর্থনৈতিক

বিচার ও আইন সংক্রান্ত

হাইকোর্ট এবং বোম্বাই ও মাদ্রাজে একটি করিয়া বিশ্ববিদ্যালয় স্থাপন করা হইল। কলিকাতা বিশ্ববিদ্যালয় ইহার পূর্বেই (১৮৫৭ খ্রীঃ) স্থাপিত হইয়াছিল।

বিশ্ববিদ্যালয় স্থাপন (১৮৫৭-৫৮ খ্রীঃ)

১৮৬১ খ্রীষ্টাব্দে ভারতীয় কাউন্সিলস্ এ্যাক্ট্ (Indian Councils Act) পাস করিয়া কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজ কাউন্সিলকে নিজ নিজ এলাকায় আইন প্রণয়নের ক্ষমতা দেওয়া হইল। গবর্নর-জেনারেল ও ভাইস্রয়কে আইন পরিষদ (কাউন্সিল) কর্তৃক গৃহীত আইন বাতিল করিবার এবং জরুরী পরিস্থিতিতে অর্ডিন্যান্স পাস করিবার ক্ষমতা দেওয়া হইল।

কাউন্সিলস্ এ্যাক্ট্

ত্রয়স্ত্রিংশ অধ্যায়

সীমান্ত সমস্যা : পূর্বাঞ্চলে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার

(Frontier Problems : Expansion of the British Empire towards the East)

সীমান্ত সমস্যা (Frontier Problems) : উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের প্রসারের সঙ্গে সঙ্গে উত্তর-পশ্চিম সীমান্ত ও পূর্ব-সীমান্ত সমস্যারও উদ্ভব হইল। এই সময়ের সীমান্ত সমস্যাকে পৃথকভাবে আলোচনা করা যাইতে পারে।

উত্তর-পশ্চিম সীমান্ত ও পূর্ব-সীমান্ত সমস্যা

উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যা (North-Western Frontier Problem) : উত্তর-পশ্চিম সীমান্ত-নীতি প্রথমে নেপোলিয়ন কর্তৃক মিশর দেশের মধ্য দিয়া ভারতের দিকে অগ্রসর হইবার আশঙ্কা দ্বারা প্রভাবিত হইয়াছিল। কিন্তু নেপোলিয়নের পতনের পর উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যা রুশ-সাম্রাজ্য বিস্তারের ভয়ে প্রভাবিত হইয়াছিল। রাশিয়ার পারস্য অভিমুখে অগ্রসর-নীতি ইংলণ্ডস্থ ব্রিটিশ সরকারের দারুণ ভীতির সঞ্চার করিলে উহা ভারতে ব্রিটিশ সরকারের উপরও প্রতিফলিত হইতে লাগিল। পামারস্টোনের অহেতুক রুশ-ভীতি ভারত-সরকারের উত্তর-পশ্চিম সীমান্ত-নীতিকে প্রভাবিত করিয়াছিল। পাছে রাশিয়ার প্রভাব-প্রতিপত্তি আফগানিস্তানের উপর বিস্তারলাভ করে সেইজন্য ইংরেজগণ ভারতের অভ্যন্তরে যেমন পাঞ্জাবের রঞ্জিৎ সিংহের সহিত মিত্রতাপূর্ণ ব্যবহার করিয়াছিল তেমনি সেই সূত্রেই দোস্ত মহম্মদের সহিত মিত্রতা স্থাপনে আগ্রহান্বিত হইয়াছিল। দোস্ত মহম্মদ এই মিত্রতার বিনিময়ে রঞ্জিৎ সিংহের নিকট হইতে ইংরেজদের মধ্যস্থতার মাধ্যমে পেশোয়ার ফেরত চাহিলে দোস্ত মহম্মদের সহিত ব্রিটিশ মিত্রতা-স্থাপন অসম্ভব হইয়া উঠিল। কারণ, ব্রিটিশ সরকার কোন অবস্থাতেই রঞ্জিৎ সিংহকে

রুশ-ভীতি উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যার মূল কথা

শত্রুতে পরিণত করিতে রাজী ছিলেন না। এই সূত্রে শেষ পর্যন্ত প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধের সূচনা হয়। উত্তর-পশ্চিম সীমান্তে ব্রিটিশ স্বার্থরক্ষার জন্যই লর্ড বেন্টিঙ্ক সিন্ধুদেশের আমীরদের সহিত মিত্রতা স্থাপন করিয়াছিলেন। যাহা হউক, আফগানিস্তানের রুশ প্রভাব বিস্তার বন্ধ করিয়া ব্রিটিশ প্রভাব বিস্তারের উদ্দেশ্যে লর্ড অক্ল্যাণ্ড দোস্ত মহম্মদের স্থলে শাহ্‌সুজাকে স্থাপন করিতে চাহিয়াছিলেন। এই ব্যাপারে তিনি প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধে অবতীর্ণ হইয়াও কোন সুবিধা করিতে পারেন নাই। পরবর্তী গবর্নর-জেনারেল লর্ড এলেনবরাও এই যুদ্ধ অনুসরণ করিয়া শেষ পর্যন্ত অকৃতকার্য হইয়াছিলেন। কিন্তু প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধের দ্বারা আফগানিস্তানে ব্রিটিশ প্রাধান্য স্থাপনে অকৃতকার্য হইলেও লর্ড এলেনবরা ব্রিটিশ স্বার্থসিদ্ধির জন্য সিন্ধুর আমীরদের সহিত যুদ্ধ বাধাইয়া সিন্ধুদেশ জয় করিয়া লইয়াছিলেন। সিন্ধু-বিজয় ব্রিটিশ সরকারের উত্তর-পশ্চিম সীমান্ত-নীতির অংশ হিসাবেই বিবেচ্য, বলা বাহুল্য। পাঞ্জাবের রাজা রঞ্জিৎ সিংহ যতদিন বাঁচিয়াছিলেন ততদিন ইংরেজগণ তাঁহার সহিত সৌহার্দ্য বজায় রাখিয়াই চলিয়াছিল। কিন্তু সিন্ধু-বিজয়ের ফলে উত্তর-পশ্চিম সীমান্ত রক্ষার সুযোগ বৃদ্ধি পাইলে এবং রঞ্জিৎ সিংহের উত্তরাধিকারীদের দুর্বলতার সুযোগে লর্ড ডালহৌসী পাঞ্জাব ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করিলেন। এইভাবে আফগানিস্তানের সীমা পর্যন্ত ব্রিটিশ সাম্রাজ্যের উত্তর-পশ্চিম সীমা বিস্তারলাভ করিলে পরবর্তী দীর্ঘকাল ধরিয়া ইঙ্গ-আফগান সম্পর্ক অত্যন্ত তিক্ত হইয়া উঠিয়াছিল। পরবর্তী অধ্যায়ে এই বিষয়ের আলোচনা করা হইবে।

সিন্ধু ও পাঞ্জাব অধিকারের ফলে ব্রিটিশ সাম্রাজ্যের সীমা আফগান-সীমা পর্যন্ত বিস্তৃত

পরবর্তী ইঙ্গ-আফগান দ্বন্দ্বের সৃষ্টি

পূর্ব-সীমান্ত সমস্যা (Eastern Frontier Problem): এদিকে পূর্ব-সীমান্তে ব্রহ্মরাজ শক্তিশালী হইয়া উঠিয়া আরাকান অঞ্চল অধিকার করিয়া লইলেন। পূর্ব-সীমান্তে ব্রহ্মদেশের রাজার সাম্রাজ্য বিস্তার-নীতি স্বভাবতই ভারতে ইংরেজ সরকারের বিরোধিতার সৃষ্টি করিল। কিন্তু সেই সময়ে ভারতের অপরাপর অংশ নানাবিধ সমস্যায় জড়িত থাকায় ইংরেজগণ শান্তি-নীতি অনুসরণ করিতে সচেষ্ট হইল। এইজন্য পর পর কয়েকজন দূতকে ব্রহ্মদেশে প্রেরণ করা হইল। কিন্তু তাহাতে কোন ফল হইল না, উপরন্তু ব্রহ্মরাজ ইংরেজগণ—অর্থাৎ ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানি কর্তৃক অধিকৃত চট্টগ্রাম, ঢাকা, মুর্শিদাবাদ, কাশিমবাজার প্রভৃতি অঞ্চল আরাকান রাজার করদ রাজ্য ছিল সেই অজুহাতে এই সকল স্থান দাবি করিয়া বসিলেন। বলা বাহুল্য, ইংরেজ গবর্নর-জেনারেল ও তাঁহার কাউন্সিল ব্রহ্মরাজের এই দাবি বাতুলতা বলিয়াই ধরিয়া লইলেন। ব্রহ্মরাজের দাবি প্রত্যাখ্যাত হইল। কিন্তু ব্রহ্মরাজ ইহাতে মোটেই দমিলেন না। তাঁহার সেনাপতিগণ সাম্রাজ্য বিস্তার-নীতি অনুসরণ করিয়া আসাম অধিকার করিয়া লইলেন। ব্রহ্মরাজ কর্তৃক আসাম অধিকারের (১৮২১-২২ খ্রীঃ) ফলে ভারতে ইংরেজ-অধিকৃত রাজ্যসীমার

ব্রহ্মদেশের সহিত শান্তি বজায় রাখিবার চেষ্টা

ব্রহ্মরাজ কর্তৃক বাংলা-দেশের কতক অংশ—চট্টগ্রাম, ঢাকা, মুর্শিদাবাদ, কাশিম-বাজার দাবি

ব্রহ্মরাজ কর্তৃক আসাম জয়

উত্তর-পূর্বাঞ্চলে ব্রহ্মদেশ ও ইংরেজদের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হইল। পর বৎসর (১৮২৩ খ্রীঃ) ব্রহ্মরাজ চট্টগ্রামের সন্নিকটস্থ শাহ্‌পুরী দ্বীপটি অধিকার করিয়া লইলেন। এই দ্বীপটি ছিল ইংরেজদের অধিকৃত। ব্রহ্মরাজ এইভাবে বাংলাদেশে ইংরেজ-অধিকৃত অঞ্চল আক্রমণের জন্য প্রস্তুত হইতে লাগিলেন। গবর্নর-জেনারেল লর্ড আমহার্স্ট ব্রহ্মদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিতে বাধ্য হইলেন। [এই যুদ্ধের বিশদ আলোচনা ৩৪৭-৪৮ পৃষ্ঠায় দ্রষ্টব্য।] ব্রিটিশ সেনাবাহিনী আসাম হইতে ব্রহ্মদেশীয় সেনাবাহিনীকে বিতাড়িত করিতে সমর্থ হইল। শেষ পর্যন্ত ব্রহ্মরাজ এই যুদ্ধে পরাজিত হইয়া যান্দাবুর সন্ধির শর্ত অনুসারে এক কোটি টাকা ক্ষতিপূরণ ভিন্ন আরাকান, টেনাসেরিম ইংরেজদের নিকট ছাড়িয়া দিতে, ভবিষ্যতে আসাম, কাছাড়, জন্তিয়া অঞ্চলে কোনপ্রকার আক্রমণাত্মক কার্য না করিতে এবং মণিপুরের স্বাধীনতা স্বীকার করিয়া লইতে বাধ্য হইলেন। ইংরেজ বণিকদিগকে ব্রহ্মদেশের সহিত বাণিজ্যের সুযোগ-সুবিধা দানেও তিনি স্বীকৃত হইলেন।

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ

যান্দাবুর সন্ধি (১৮২৬ খ্রীঃ)

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের ফলে আসাম, কাছাড়, মণিপুর প্রভৃতি রাজ্য ইংরেজদের সম্পূর্ণ আশ্রিত রাজ্যে পরিণত না হইলেও এগুলি ইংরেজদের সংরক্ষিত অঞ্চলে পরিণত হইয়াছিল বলা যাইতে পারে। এই সকল রাজ্যের আর ইংরেজ বিরোধিতার শক্তি রহিল না।

আসাম, কাছাড়, মণিপুর প্রভৃতির উপর ইংরেজ প্রভাব

লর্ড ডালহৌসীর আমলে ব্রিটিশ সাম্রাজ্যের ক্রমবিস্তারের ফলে স্বভাবতই পূর্ব-সীমান্তের নিরাপত্তার সমস্যা অধিকতর গুরুত্ব অর্জন করিল। বঙ্গোপসাগর ও ভারত মহাসাগরের উপর প্রাধান্য বিস্তার করিতে না পারিলে ভারত-সাম্রাজ্যের নিরাপত্তা রজায় রাখা সম্ভব ছিল না। এইজন্য সামান্য অজুহাতে দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের সৃষ্টি হইল। [বিশদ আলোচনা ৩৬১ পৃষ্ঠায় দ্রষ্টব্য।] এই যুদ্ধের ফলে ব্রিটিশ সরকার পেগু দখল করিলে চট্টগ্রাম হইতে আরম্ভ করিয়া সিঙ্গাপুর পর্যন্ত যাবতীয় সমুদ্রোপকূলরেখা ব্রিটিশ প্রভুত্বাধীন হইল। সিঙ্গাপুরে সামরিক ও নৌ ঘাঁটি স্থাপন করিয়া সুমাত্রা ও বোর্নিও-র মধ্যবর্তী সঙ্কীর্ণ জলপথে বঙ্গোপসাগরে যে-কোন শত্রুপক্ষের প্রবেশপথ রুদ্ধ করা হইল। এইভাবে পূর্ব-সীমান্ত রক্ষার সুব্যবস্থা করা হইতে লাগিল।

জলভাগের উপর প্রাধান্য বিস্তারের প্রয়োজনীয়তা

প্রথম ও দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ—চট্টগ্রাম হইতে সিঙ্গাপুর পর্যন্ত সমুদ্রোপকূলরেখা ব্রিটিশ অধিকারভুক্ত—সিঙ্গাপুরে সামরিক ও নৌ ঘাঁটি নির্মাণ

অপরদিকে লর্ড ডালহৌসীর সাম্রাজ্যবাদী নীতির ফলে ভারতের এক বিশাল অংশ জুড়িয়া ব্রিটিশ সাম্রাজ্য গড়িয়া উঠিল। ব্রিটিশ সাম্রাজ্যবাদী বিস্তার-নীতি লর্ড ডালহৌসীর আমলেই চরম সাফল্যলাভ করিয়াছিল।

ব্রিটিশ সাম্রাজ্যবাদী বিস্তার-নীতির চরম সাফল্য

চতুস্ত্রিংশ অধ্যায়

ভাইস্‌রয় শাসনাধীন ভারত : জাতীয়তার ক্রমবিকাশ

(India under the Viceroys : Growth of Political Consciousness)

***ভাইস্‌রয় শাসনাধীন ভারত : লর্ড এল্‌গিন (প্রথম), ১৮৬২-৬৪ খ্রীঃ* (India under the Viceroys : Lord Elgin) :** লর্ড ক্যানিং-এর পর লর্ড এল্‌গিন ভারতের শাসনভার গ্রহণ করিলেন। অল্পকালের মধ্যেই তাঁহার মৃত্যু হইলে সার্ জন্ ল্যারেন্স গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় নিযুক্ত হইলেন।

***সার্ জন্ ল্যারেন্স, ১৮৬৪-৬৯ খ্রীঃ* (Sir John Lawrence) :** সার্ জন্ ল্যারেন্সের শাসনকালে বাংলাদেশের উত্তর-সীমান্তে ভূটান রাজ্যের সহিত যুদ্ধের সৃষ্টি হয়। ভূটানীরা বাংলাদেশের সীমায় সর্বদা হানা দিত। এই সীমান্ত সমস্যা সমাধানের জন্য জনৈক ব্রিটিশ কর্মচারীকে পাঠাইলে ভূটানীরা তাঁহাকে ধরিয়া লইয়া যায়। এই সূত্রে সার্ জন্ ল্যারেন্স ভূটানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ভূটানের রাজা পরাজিত হইয়া ডুয়ার্স অঞ্চল ব্রিটিশকে ছাড়িয়া দিতে এবং বাৎসরিক করদানে বাধ্য হন। সার্ জন্ ল্যারেন্সের শাসনকালে প্রায় সমগ্র ব্রিটিশ-ভারতীয় সাম্রাজ্যে এক ভীষণ দুর্ভিক্ষ দেখা দেয়। ইহার ফলে এক বিশাল সংখ্যক লোক মৃত্যুমুখে পতিত হইলে, সরকারী কর্তৃপক্ষ ভবিষ্যতে দুর্ভিক্ষ দেখা দিলে উহার উপশমের জন্য কতকগুলি নির্দিষ্ট নীতি অনুসরণ করিবেন বলিয়া স্থির করেন। ফলে দুর্ভিক্ষ দেখা দিলে উহার প্রশমনার্থে সরকারী কর্মচারীবর্গের দায়িত্ব স্থিরীকৃত হইল। ল্যারেন্সের শাসনকালে মার্কিন যুক্তরাষ্ট্রে অন্তর্বিরোধ দেখা দিলে ভারতীয় তুলার চাহিদা সর্বত্র বৃদ্ধি পায়। সেই সূত্রে ব্যবসায়ীরা যথেচ্ছভাবে ঋণ গ্রহণ করিয়া তুলার ব্যবসায় শুরু করে। কিন্তু ১৮৬৫ খ্রীষ্টাব্দে মার্কিন অন্তর্বিরোধ মিটিয়া গেলে হঠাৎ ব্যবসায়ে মন্দা দেখা দেয়। ফলে বহু ব্যবসায়ীর দুর্দশা ঘটে। ১৮৬৬ খ্রীষ্টাব্দে একটি রাজস্ব আইন পাস করিয়া জমিদারগণের পক্ষে জমি হইতে রায়তদের উচ্ছেদ করা নিষিদ্ধ করিয়া দেওয়া হয়।

ভূটান যুদ্ধ

দুর্ভিক্ষ

অর্থ নৈতিক বিপর্যয়

সার্ জন্ ল্যারেন্সের শাসনকালে আফগানিস্তানের আমীর দোস্ত মহম্মদের মৃত্যু ঘটে। সঙ্গে সঙ্গে আমীর-পদ লইয়া সেই দেশে এক অন্তর্বিরোধ শুরু হয়। সার্ জন্ ল্যারেন্স নিরপেক্ষতার নীতি অনুসরণ করিয়া, যখন যে ব্যক্তি আমীর-পদ লাভে সমর্থ হইলেন তখন তাঁহাকে আমীর বলিয়া স্বীকার করিয়া লইলেন। এইভাবে তিনি সকল পক্ষেরই আস্থা হারাইলেন। শেষ পর্যন্ত শের আলি জয়যুক্ত হইলেও তাঁহাকে আমীর বলিয়া স্বীকার করিলেন না, কিন্তু তাঁহাকে কিছু সামরিক উপকরণ উপহার হিসাবে প্রেরণ করিতে

অকর্মণ্য আফগান-নীতি

দ্বিধাবোধ করিলেন না। সার্ জন্ ল্যারেন্সের আফগান-নীতি দুর্বলতা ও অব্যবস্থা দোষে দুষ্ট ছিল। ফলে আফগান জাতির নিকটও তিনি ব্রিটিশ সরকারকে হতমর্যাদা করিয়াছিলেন।

লর্ড মেয়ো, ১৮৬৯-৭২ খ্রীঃ (Lord Mayo) : লর্ড মেয়ো ছিলেন উদারচেতা, অমায়িক ব্যক্তি। তাঁহার আচরণ দেশীয় নৃপতিদের মধ্যে জনপ্রিয়তা বৃদ্ধি করিয়াছিল। শিক্ষার প্রসারের জন্য তিনি আজমীরে মেয়ো কলেজ ভিন্ন লাহোর ও রাজকোটে আরও দুইটি কলেজ স্থাপন করিয়াছিলেন। তিনি প্রাদেশিক সরকারগুলিকে মিতব্যয়ী হইতে উৎসাহিত করিয়াছিলেন।

তাঁহার উদারতা শিক্ষা সংক্রান্ত ও অর্থ নৈতিক সংস্কার



লর্ড মেয়ো

লর্ড মেয়ো প্রথমে আফগানিস্তানের প্রতি নিরপেক্ষতার নীতি অনুসরণ করিয়া চলিয়াছিলেন। কিন্তু রাশিয়ার অগ্রগতিতে ভীতির সঞ্চার হইলে তিনি শের আলিকে রাশিয়ার আক্রমণের বিরুদ্ধে আত্মরক্ষার জন্য প্রয়োজনবোধে উপযুক্ত অর্থ ও সামরিক সাহায্যদানে রাজী হইয়াছিলেন। তিনি রুশ-আফগানিস্তানের সীমারেখা সংক্রান্ত বিবাদের মীমাংসা করিয়া দিয়াছিলেন। ১৮৭২ খ্রীষ্টাব্দে আন্দামান পরিদর্শনকালে জনৈক আততায়ীর হস্তে তিনি প্রাণ হারান।

লর্ড মেয়োর আফগান-নীতি

ইহার পর সার্ জন্ স্ট্র্যাচী (১৮৭২ খ্রীঃ) ও লর্ড নেপিয়ার (১৮৭২ খ্রীঃ) অস্থায়ী গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় হিসাবে অল্পকাল শাসনকার্য পরিচালনা করিয়াছিলেন।

লর্ড নর্থব্রুক্, ১৮৭২-৭৬ খ্রীঃ (Lord Northbrook) : পরবর্তী গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় লর্ড নর্থব্রুকের আমলে সন্দেহজনক পরিস্থিতিতে বরোদার ব্রিটিশ রেসিডেন্টের মৃত্যু ঘটিলে লর্ড নর্থব্রুক্ সেই সময়কার গাইকোয়াড়কে সিংহাসনচ্যুত করেন। তাঁহারই শাসনকালে প্রিন্স্-অব্-ওয়েলস্—অর্থাৎ মহারাণী ভিক্টোরিয়ার সিংহাসনের উত্তরাধিকারী ভারত ভ্রমণে আসিয়াছিলেন।

বরোদার আভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ

লর্ড নর্থব্রুক্ প্রথমে আফগানিস্তানের প্রতি নিরপেক্ষতার নীতিই অনুসরণ করেন। কিন্তু রাশিয়া 'খিবা' অঞ্চল দখল করিলে (১৮৭৩ খ্রীঃ) তিনি শের আলিকে সামরিক সাহায্য দিতে প্রস্তুত হন। কিন্তু ইংলণ্ডের সরকারী কর্তৃপক্ষ উহা সমর্থন করিলেন না। ফলে শের আলি রাশিয়ার সহিত মিত্রতা স্থাপনের মাধ্যমে দেশরক্ষার চেষ্টা করিতে বাধ্য হইলেন।

আফগান-নীতি

লর্ড লিটন, ১৮৭৬-৮০ খ্রীঃ (Lord Lytton) : পরবর্তী গবর্নর-জেনারেল ও ভাইসরয় লর্ড লিটন একজন খ্যাতিসম্পন্ন সাহিত্যসেবী ছিলেন। শাসন-কার্যেও তিনি যথেষ্ট কুশলতার পরিচয় দিয়াছিলেন। তাঁহার প্রস্তাবক্রমেই ব্রিটিশ প্রধান মন্ত্রী ডিজ্‌রেলী মহারাণী ভিক্টোরিয়াকে ভারতের সাম্রাজ্ঞী (কাইজার-ই-হিন্দ্) উপাধিতে ভূষিত করিবার পরিকল্পনা গ্রহণ করেন। ১৮৭৭ খ্রীষ্টাব্দে এক মহাসমারোহের মধ্যে মহারাণী ভিক্টোরিয়া ভারতের সাম্রাজ্ঞী বলিয়া ঘোষিত হন।

মহারাণী ভিক্টোরিয়া 'ভারত-সাম্রাজ্ঞী' উপাধিতে ভূষিত



লর্ড লিটন

লর্ড লিটনের শাসনকালে এক দুর্ভিক্ষ দেখা দিলে পূর্ব-প্রবর্তিত 'দুর্ভিক্ষ-নীতি'র পরিবর্তনের প্রয়োজনবোধ করা হইল। লর্ড লিটন সেইজন্য একটি নূতন কমিশন নিযুক্ত করিয়া উহার রিপোর্টের ভিত্তিতে একটি 'দুর্ভিক্ষ আইন-বিধি' (Famine Code) রচনা করেন। ইহা ভিন্ন, তিনি শুল্ক-নীতিরও পরিবর্তনসাধন করিয়া ভারতের বৈদেশিক বাণিজ্য উৎসাহিত করেন।

নূতন 'দুর্ভিক্ষ কমিশন' ও 'দুর্ভিক্ষ আইন-বিধি'

লর্ড লিটনের শাসনকালে ইঙ্গ-রুশ সম্পর্ক তিক্ত হইয়া উঠিলে ভারতীয় ভাষার সংবাদপত্রগুলিতে ব্রিটিশ সরকারের কার্যাদির সমালোচনামূলক কতকগুলি প্রবন্ধ প্রকাশিত হয়। লর্ড লিটন দেশীয় সংবাদপত্রগুলিকে দমন করিবার উদ্দেশ্যে দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্র সম্পর্কে একটি আইন (Vernacular Press Act) পাস করেন। ইংরেজী ভাষার পত্রিকাগুলির উপর অবশ্য এই আইন প্রযুক্ত হইল না। দেশীয় পত্রিকাগুলির মধ্যে বাংলা অমৃতবাজার পত্রিকা এই আইন এড়াইয়া যাইবার উদ্দেশ্যে রাতারাতি ইংরেজী ভাষায় রূপান্তরিত হইয়াছিল। জাতীয়তাবাদী পত্রিকাগুলির মধ্যে অমৃতবাজারের দান অপরিসীম।

দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্র দমনের আইন (Vernacular Press Act)

এদিকে রাশিয়া 'খিবা' নামক স্থানটি দখল করিলে ব্রিটিশ কর্তৃপক্ষ তদানীন্তন ভারত-সরকার কর্তৃক অনুসৃত নিরপেক্ষতার নীতি ত্যাগ করিয়া আফগানিস্তানে 'হস্তক্ষেপ-নীতি'র অনুসরণ শুরু করিতে নির্দেশ দিলেন। লর্ড লিটন শের আলির

সহিত পত্রালাপের পর লর্ড নর্থব্রুকের আমলে শের আলি যে-সকল শর্তে ব্রিটিশ সরকারের সহিত চুক্তিবদ্ধ হইতে রাজী হইয়াছিলেন সেই সকল শর্ত মানিয়া লইবেন জানাইলেন। শেষ পর্যন্ত এ-বিষয়ে চূড়ান্ত আলোচনার জন্য আফগানিস্তানে দূত প্রেরণ করাও স্থির হইল। কিন্তু শের আলি হঠাৎ বাঁকিয়া বসিলেন। তিনি আফগানিস্তানে ব্রিটিশ রেসিডেন্ট নিয়োগের শর্ত মানিতে রাজী হইলেন না। লর্ড লিটন ইহাতে অসন্তুষ্ট হইলেন এবং শের আলিকে শাসাইয়া এক পত্র পাঠাইলেন। ইহাতে বলা হইল যে, শের আলি ব্রিটিশ পক্ষের সহিত মিত্রতা স্থাপন করিলে তাঁহার রাজ্যের নিরাপত্তার ভার ব্রিটিশ সরকার গ্রহণ করিবেন। নতুবা আফগানিস্তানের ন্যায় দুর্বল দেশকে ব্রিটিশ শক্তি সহজেই পরাভূত করিবে। তিনি আফগানিস্তানকে দুইটি লৌহস্তম্ভের—অর্থাৎ ভারতবর্ষ ও রাশিয়ার মধ্যবর্তী একটি মাটির পাত্রের সহিত তুলনা করিয়া আফগানিস্তানকে নিজ দুর্বলতা সম্পর্কে সচেতন করিয়া দিলেন। আফগানিস্তান ইহাতে ভীত না হইয়া বরং ব্রিটিশের প্রতি বিদ্বেষপূর্ণ হইয়া উঠিল। লর্ড লিটন আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হইয়া কোয়েটা দখল করিলেন। এদিকে শের আলিকে না জানাইয়াই জনৈক রুশ দূত কাবুলে উপস্থিত হইলেন। দুই পক্ষে একটি চুক্তি স্বাক্ষরিত হইল। লর্ড লিটন ইহাতে অধিকতর শঙ্কিত হইয়া উঠিলেন এবং কাবুলে দূত প্রেরণ করিবার চেষ্টা করিলেন। শের আলি তাহাতে রাজী হইলেন না। ফলে লিটন আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। শের আলি পরাজিত হইলে গাব্‌দামুকের বা গণ্ডামুকের সন্ধির দ্বারা শের আলির পুত্র ইয়াকুব আলিকে আফগানিস্তানের সিংহাসনে স্থাপন করিলেন। ইয়াকুব আলি আফগান পররাষ্ট্র-নীতি ব্রিটিশ নিয়ন্ত্রণাধীনে স্থাপন করিতে স্বীকৃত হইলেন। একজন ব্রিটিশ রেসিডেন্টও কাবুলে নিযুক্ত হইলেন। কিন্তু এই অপমান আফগান জাতির সহ্য হইল না। তাহারা ব্রিটিশ রেসিডেন্টকে তাঁহার অনুচরগণ-সহ হত্যা করিলে পুনরায় যুদ্ধ শুরু হইল। এবারও আফগানগণ পরাজিত হইল। লিটন আফগানিস্তানের শান্তিবিধানের জন্য কাবুল ও কান্দাহার অঞ্চলকে পৃথক করিবার পরিকল্পনা প্রস্তুত করিলেন। কিন্তু ইহা কার্যকরী করিবার পূর্বেই তাঁহাকে ইংলণ্ডে ফিরিয়া যাইতে নির্দেশ দেওয়া হইল। দ্বিতীয় ইঙ্গ-আফগান যুদ্ধ আফগানিস্তানের উপর প্রভাব বিস্তারের জন্য ব্রিটেন ও রাশিয়ার মধ্যে প্রতিযোগিতারই সরাসরি ফল, বলা বাহুল্য। একথা সত্য যে, রাশিয়া আফগানিস্তানের উপর প্রভাব বিস্তার করিতে পারিলে ইওরোপের রাজনীতি-ক্ষেত্রে ব্রিটেনের উপর যথেষ্ট চাপ সৃষ্টি করিতে পারিত। তথাপি একথা অনস্বীকার্য যে, ভারতের দিক হইতে বিচার করিলে আফগানিস্তানের উপর প্রভাব বিস্তার করিবার আগ্রহ তেমন সুযৌক্তিক বলিয়া মনে হয় না। বস্তুত, লিটনের আফগান-নীতি যেমন ছিল ঔদ্ধত্যপূর্ণ তেমনি অদূরদর্শী। আফগানিস্তানকে পদানত

আফগান-নীতি

দ্বিতীয় ইঙ্গ-আফগান যুদ্ধ

কারণ

গাব্‌দামুকের বা গণ্ডামুকের সন্ধি

লর্ড লিটনের আফগান-নীতির অদূরদর্শিতা

করিবার মনোবৃত্তি উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যা সম্পর্কে তাঁহার প্রকৃত জ্ঞানের অভাব-প্রসূত বলিয়াই বিবেচিত হইয়া থাকে। তথাপি কোয়েটা ও বোলান গিরিপথের উপর ব্রিটিশ প্রাধান্য স্থাপন করিয়া তিনি সেই অঞ্চলে ব্রিটিশ শক্তিকে দৃঢ় করিয়া তুলিয়াছিলেন একথা অনস্বীকার্য।

অপরাপর কার্য

লর্ড লিটনের অন্যান্য কার্যের মধ্যে ভারতীয়দের আই. সি. এস্. পদে নিযুক্ত করিবার নীতি এবং বিচারালয়ে ইংরেজদের ক্ষেত্রে গুরুপাপে লঘুদণ্ডের রীতির স্থলে ভারতীয়দের সহিত সম-দণ্ডের নীতির প্রবর্তন বিশেষ উল্লেখযোগ্য।

লর্ড রিপন, ১৮৮০-৮৪ খ্রীঃ (Lord Ripon) : লর্ড লিটনের পর লর্ড রিপন ভারতের গবর্নর-জেনারেল ও ভাইসরয় নিযুক্ত হইয়া আসিলেন। তিনি ছিলেন উদার-নীতি ও স্বাতন্ত্র্যবাদে বিশ্বাসী। এ-বিষয়ে ব্রিটিশ প্রধান মন্ত্রী গ্ল্যাডস্টোনের তিনি শিষ্য ছিলেন।

উদার-নীতি ও স্বাতন্ত্র্যবাদে বিশ্বাস

লর্ড রিপন ভারতের শাসনভার গ্রহণ করিবার অব্যবহিত পরেই শের আলির পুত্র আয়ুব খাঁ কান্দাহারের মইওয়ান্দ নামক স্থানে ব্রিটিশ সেনাবাহিনীকে সম্পূর্ণরূপে পরাজিত করেন। সেনাপতি রবার্টস্ কাবুল হইতে সসৈন্যে কান্দাহারে উপস্থিত হইয়া আয়ুব খাঁকে পরাজিত করেন। এই জয়লাভে শের আলির ভ্রাতুষ্পুত্র আব্দুর রহ্‌মান ইংরেজ পক্ষ সমর্থন করিয়াছিলেন। লর্ড রিপন সমগ্র আফগান পরিস্থিতি সম্পর্কে প্রথমে সুস্পষ্ট ধারণালাভ করিলেন এবং শেষ পর্যন্ত তাঁহার পূর্ববর্তী গবর্নর-জেনারেলের অনুসৃত নীতি অনুযায়ী আব্দুর রহ্‌মানকে আমীর বলিয়া স্বীকার করিয়া তাঁহার সহিত মিত্রতাবদ্ধ হইলেন। আব্দুর রহ্‌মানকে বাৎসরিক অর্থসাহায্য দানের শর্তের বিনিময়ে আফগান পররাষ্ট্র-নীতির উপর ব্রিটিশ নিয়ন্ত্রণ স্থাপিত হইল। গাব্‌দামুকের বা গণ্ডামুকের সন্ধি দ্বারা যে-সকল রাজ্যাংশ ব্রিটিশদের দেওয়া হইয়াছিল তাহা আব্দুর রহ্‌মান মানিয়া লইলেন। এইভাবে রিপনের আমলে ইঙ্গ-আফগান দ্বন্দ্বের সমাধান ঘটিল।

লর্ড রিপনের আফগান-নীতি



লর্ড রিপন

লর্ড রিপন যখন ভারতের শাসনভার গ্রহণ করিয়াছেন তখন ভারতীয়দের মধ্যে শাসনব্যবস্থায় সক্রিয় অংশগ্রহণের ইচ্ছার সৃষ্টি হইয়াছে। পাশ্চাত্ত্য শিক্ষার প্রসারের ফলেই যে এরূপ হইয়াছিল, বলা বাহুল্য। লর্ড রিপন ভারতীয়দের এই দাবির যৌক্তিকতা স্বীকার করিতেন। তিনি সেইজন্য ভারতীয় শাসনব্যবস্থাকে জনমতের উপর নির্ভরশীল এবং কতকটা গণতান্ত্রিক করিবার জন্য সচেষ্ট হইলেন। তাঁহার আমলে শাসনব্যবস্থায় ভারতীয়দের

ভারতীয়দের আশা-আকাঙ্ক্ষার প্রতি সহানুভূতি

অংশগ্রহণের দাবি স্বীকৃত হইয়াছিল। এইজন্য লর্ড রিপনের নাম ভারতবাসী কৃতজ্ঞতার সহিত স্মরণ করিয়া থাকে। লর্ড রিপনের সংস্কারমূলক কার্যাদি ছিল বহুমুখী।

বাণিজ্য সংক্রান্ত সংস্কার—অবাধ-বাণিজ্যনীতির প্রবর্তন

রাজস্ব-নীতি পরিবর্তনের চেষ্টা ব্যর্থ

লর্ড রিপন প্রথমেই অর্থনৈতিক সংস্কারের দিকে মনোনিবেশ করিলেন। সেই সময়ে সরকারের আর্থিক অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। তিনি অবাধ-বাণিজ্যনীতির প্রবর্তন করিয়া বাণিজ্যবৃদ্ধির সুবিধা করিয়া দিলেন। লবণ, মদ, অস্ত্রশস্ত্র প্রভৃতি কয়েকটি জিনিসের উপর অতি সামান্য হারে শুল্ক রাখিয়া অন্যান্য সকল প্রকার শুল্ক তিনি নাকচ করিয়া দিলেন। চিরস্থায়ী বন্দোবস্তের পরিবর্তনসাধন করিতে তিনি চাহিয়াছিলেন। জমির উপস্বত্ব বৃদ্ধি পাইলে, রাজস্বের পরিমাণ বৃদ্ধি করিবার নীতি তিনি চালু করিতে চাহিলে ইংলণ্ডের কর্তৃপক্ষ আপত্তি করিলেন। ফলে তিনি এই পরিকল্পনা পরিত্যাগ করেন।

স্থানীয় স্বায়ত্তশাসন-ব্যবস্থার ব্যাপক প্রচলন

ভারতীয়দের আশা-আকাঙ্ক্ষার প্রতি সহানুভূতিশীল লর্ড রিপন স্থানীয় স্বায়ত্ত-শাসনভার সম্পূর্ণ ভারতীয়দের হস্তে ন্যস্ত করেন। গ্রামাঞ্চলের রাস্তাঘাট নির্মাণ, শিক্ষার প্রসার, জনস্বাস্থ্যের উন্নয়ন, মহামারী ও সংক্রামক ব্যাধির প্রতিরোধ ও প্রতিকার প্রভৃতির ভার তিনি লোক্যাল বোর্ড নামক একটি প্রতিনিধিসভার হস্তে ন্যস্ত করেন। ইহা ভিন্ন কলিকাতা, বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সীতে স্বায়ত্তশাসন-ব্যবস্থার উন্নতিসাধন করিয়া এবং শহর অঞ্চলে উহার ব্যাপক প্রয়োগ করিয়া স্থানীয় স্বায়ত্তশাসনব্যবস্থার ভার ভারতীয়দের উপর ছাড়িয়া দিয়াছিলেন। এই সকল সংস্থাকে তিনি অধিকতর দায়িত্বশীল করিয়া তুলিয়াছিলেন। অবশ্য কর্তব্যকার্যে অবহেলা বা কোনপ্রকার দুর্নীতি দেখা দিলে সরকার এই সকল প্রতিষ্ঠান নিজ হস্তে গ্রহণ করিতে পারিবেন, এই ক্ষমতা সরকারের ছিল।

সংবাদপত্রের স্বাধীনতা

লর্ড লিটন দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রগুলির রাজনৈতিক ও সামাজিক সমালোচনার অধিকার বাতিল করিয়া দিয়াছিলেন। লর্ড রিপন কিন্তু দেশীয় পত্রিকাগুলির সেই ক্ষমতা পুনরায় ফিরাইয়া দেন।

শিক্ষা সংক্রান্ত সংস্কার—'হান্টার কমিশন'

শিক্ষার উন্নতির জন্য লর্ড রিপন 'হান্টার কমিশন' নামে একটি তদন্ত কমিশন গঠন করেন। ভারতীয়দের শিক্ষা সম্পর্কে যথাযথ সুপারিশ করিবার জন্যই তিনি এই কমিশন নিয়োগের ব্যবস্থা করিয়াছিলেন। উচ্চ শিক্ষার তুলনায় প্রাথমিক শিক্ষা অতি সামান্য মাত্রায় বিস্তারলাভ করিতেছে, সেইজন্য হান্টার কমিশন প্রাথমিক ও উচ্চ শিক্ষা—উভয় প্রকারেরই শিক্ষাবিস্তারের জন্য সুপারিশ করিলে লর্ড রিপন সেই সুপারিশ অনুযায়ী সরকারের শিক্ষানীতির প্রবর্তন করিয়াছিলেন।

অরাজকতার কারণে লর্ড বেন্টিঙ্ক মহীশূর রাজ্যের শাসনভার কোম্পানির হস্ত হইতে নিজে গ্রহণ করিয়াছিলেন। লর্ড রিপন মহীশূর রাজ্যের শাসনভার তথাকার রাজবংশের হস্তে ফিরাইয়া দিয়া আশ্রিত রাজ্যের প্রতি উদারতা প্রদর্শন করিয়াছিলেন।

আশ্রিত রাজ্যের প্রতি উদারতা

লর্ড রিপন প্রজাস্বত্ব আইনের দ্বারা প্রজাবর্গের অধিকার রক্ষা করিতে চাহিয়াছিলেন। তিনি এ-বিষয়ে যে পরিকল্পনা প্রস্তুত করিয়া গিয়াছিলেন উহার উপর নির্ভর করিয়া পরবর্তীকালে প্রজাস্বত্ব আইন পাস করা হইয়াছিল। ইহা ভিন্ন, কারখানার শ্রমিকদের অবস্থার উন্নয়নের জন্য তিনি একটি 'কারখানা আইন' পাস করিয়া শিশু-শ্রমিকদের মোট নয় ঘণ্টার অধিক না খাটানো, বিপজ্জনক যন্ত্রপাতি উপযুক্তভাবে ঘেরাও করিয়া রাখা, সরকারী কর্মচারীবর্গ কর্তৃক কারখানা পরিদর্শন প্রভৃতি ব্যবস্থা করিয়াছিলেন।

প্রজাস্বত্ব আইনের পরিকল্পনা, কারখানা আইন

লর্ড রিপনের বিচারব্যবস্থা সংক্রান্ত সংস্কার বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রচলিত ফৌজদারী আইন অনুসারে কোন ভারতীয় ম্যাজিস্ট্রেট বা দায়রা জজ (Sessions Judge) ইওরোপীয়দের বিচার করিতে পারিতেন না। এই জাতিগত বৈষম্যের উপর ভিত্তি করিয়া ভারতীয় বিচারপতিদিগকে ইওরোপীয়দের বিচার করিতে না দেওয়া যেমন ছিল অসঙ্গত তেমনি অপমানজনক। লর্ড রিপন এই বৈষম্য দূর করিবার উদ্দেশ্যে সার্ ইল্‌বার্টের উপর আইন প্রণয়নের ভার দিলেন। সার্ ইল্‌বার্ট এইজন্য যে আইনের খসড়া প্রস্তুত করিলেন তাহাতে ভারতীয় ম্যাজিস্ট্রেট ও দায়রা জজদের সম-মর্যাদা ও সমান বিচারক্ষমতা দেওয়া হইল। কিন্তু ইওরোপীয়রা ইহা অপমানজনক মনে করিয়া প্রস্তাবিত এই আইনের তীব্র বিরোধিতা শুরু করিল। অপরপক্ষে ভারতীয়রা এই আইনের সমর্থন করিয়া আন্দোলন শুরু করিল। ইওরোপীয়দের বিরোধিতার তীব্রতার ফলে লর্ড রিপন এই আইনের খসড়ার কতক পরিবর্তনসাধন করিতে বাধ্য হইলেন। একথা স্থির হইল যে, ইওরোপীয় এবং ভারতীয় ম্যাজিস্ট্রেট ও জজদের বিচারক্ষমতা সম-পর্যায়ভুক্ত হইলেও ভারতীয় ম্যাজিস্ট্রেট বা জজের আদালতে বিচারকালে ইওরোপীয়গণ ইচ্ছা করিলে অধিকাংশ ইওরোপীয় লইয়া গঠিত জুরি গঠনের জন্য দাবি করিতে পারিবে। এই মীমাংসার ফলে ভারতীয় ও ইওরোপীয় ম্যাজিস্ট্রেট ও জজের মধ্যে কোনপ্রকার বৈষম্য না রাখিবার আদর্শ সম্পূর্ণভাবে কার্যকরী হইল না। কিন্তু ইল্‌বার্ট বিল লইয়া সেই সময়ে যে তীব্র আন্দোলনের সৃষ্টি হইয়াছিল তাহা হইতে ভারতবাসী আন্দোলন করিয়া তাহাদের অভাব-অভিযোগ, অসুবিধা প্রভৃতি দূর করিবার অভিজ্ঞতা লাভ করিয়াছিল। এইভাবে স্বায়ত্তশাসন সংক্রান্ত শিক্ষা, গণতন্ত্রের প্রসার, সংবাদপত্রের মাধ্যমে সরকারী কার্যকলাপের সমালোচনা প্রভৃতির সুযোগ দিয়া লর্ড রিপন ভারতবাসীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা অর্জন করিয়া গিয়াছিলেন। তাঁহার উদারনৈতিক কার্যকলাপ ইংরেজদের

বিচার সংক্রান্ত সংস্কার

'ইল্‌বার্ট বিল' (Ilbert Bill)—আন্দোলন

'ইল্‌বার্ট বিল' আন্দোলনের গুরুত্ব

অসন্তুষ্টির কারণ হইয়া উঠিলে ১৮৮৪ খ্রীষ্টাব্দে লর্ড রিপন পদত্যাগ করিয়া স্বদেশে ফিরিয়া যান।

লর্ড ডাফ্‌রিন, ১৮৮৪-৮৮ খ্রীঃ (Lord Dufferin) : লর্ড রিপনের পর লর্ড ডাফ্‌রিন ভারতের শাসনভার গ্রহণ করিয়াছিলেন। তিনি ছিলেন উদারপন্থী শাসক। ইল্‌বার্ট বিল সংক্রান্ত আন্দোলনের ফলে যে তিক্ততা দেখা দিয়াছিল তাঁহার উদার ব্যবহারে উহার উপশম ঘটে। জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা তাঁহার আমলের সর্বাপেক্ষা গুরুত্ব-পূর্ণ ঘটনা। লর্ড ডাফ্‌রিন ভারতীয়দের জাতীয়তা-বাদী আশা-আকাঙ্ক্ষার প্রতি সহানুভূতিশীল ছিলেন। তিনি সিন্ধিয়াকে গোয়ালিওর রাজ্যটি ফিরাইয়া দিয়া এবং বাংলাদেশ ও পাঞ্জাবের প্রজাস্বত্ব আইন পাস করিয়া তাঁহার উদারতার পরিচয় দিয়াছিলেন।

তাঁহার উদারতা



লর্ড ডাফ্‌রিন

আফগানিস্তানের সীমার নিকটবর্তী মার্‌ভ নামক স্থানটি রাশিয়া দখল করিয়া লইলে ভারত-সরকারের দারুণ ভীতির সঞ্চার হয়। রাশিয়া ও আফগানিস্তানের সীমারেখা নির্ধারণের প্রয়োজন কিছুকাল পূর্ব হইতেই অনুভূত হইতেছিল। এই উদ্দেশ্যে লর্ড ডাফ্‌রিনের শাসনকালে রুশ ও ভারত-সরকারের কমিশনারদের এক যুগ্ম তদন্ত শুরু হইলে রাশিয়া আকস্মিকভাবে পাঞ্জ্‌দে নামক স্থানটি অধিকার করিয়া লইল। এই বিষয় লইয়া ইঙ্গ-রুশ সম্পর্ক খুবই তিক্ত হইয়া উঠিয়াছিল বটে, কিন্তু লর্ড ডাফ্‌রিন এই সামান্য বিষয় লইয়া যুদ্ধ করিবার পক্ষপাতী ছিলেন না। যাহা হউক, শেষ পর্যন্ত ১৮৮৭ খ্রীষ্টাব্দে একটি মীমাংসায় উপনীত হওয়া সম্ভব হইল। ফলে ইঙ্গ-রুশ তিক্ততা যেমন হ্রাসপ্রাপ্ত হইল তেমনি ইঙ্গ-আফগান মৈত্রীও দৃঢ়তর হইল।

আফগান-নীতি

তৃতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (Third Anglo-Burmese War) : লর্ড ডাফ্‌রিনের আমলের অপর উল্লেখযোগ্য ঘটনা হইল তৃতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ। দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধে পেগু ব্রিটিশ অধিকারভুক্ত হইয়াছিল। তারপর ইংরেজগণ ব্রহ্মদেশের উত্তর অংশে—অর্থাৎ ব্রহ্মরাজের শাসনাধীন অংশে বাণিজ্য করিবার জন্য সুযোগ-সুবিধা চাহিলে ব্রহ্ম সরকার স্বভাবতই রাজী হইলেন না। কিন্তু ইংরেজগণ উত্তর অংশও গ্রাস করিতে সচেষ্ট হইল। এমতাবস্থায় ব্রহ্মরাজ থিবো ফরাসী সাহায্য গ্রহণের উদ্দেশ্যে ফ্রান্সে দূত প্রেরণ করিলেন। ফলে

তৃতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ

ব্রহ্মদেশ ও ফ্রান্সের মধ্যে এক মিত্রতা-চুক্তি স্বাক্ষরিত হইল। ইহাতে ইংরেজদের ক্রোধের সীমা রহিল না। এমতাবস্থায় ব্রহ্মরাজ একটি ব্রিটিশ কোম্পানিকে সামান্য অপরাধে অর্থদণ্ডে দণ্ডিত করিলেন। এই ব্যাপার লইয়া শেষ পর্যন্ত ব্রিটিশ সরকার ব্রহ্মদেশের রাজধানী মান্দালয়ে একজন ব্রিটিশ দূত গ্রহণ করিতে এবং ব্রিটিশ কোম্পানির উপর যে দণ্ডাদেশ দেওয়া হইয়াছিল তাহা সাময়িকভাবে স্থগিত রাখিতে অনুরোধ জানাইলেন। ইহা ভিন্ন, উত্তর-ব্রহ্মের মধ্য দিয়া চীনদেশের সহিত বাণিজ্যিক যোগাযোগ স্থাপনের সুযোগও চাওয়া হইল। ব্রহ্মরাজ এই সকল অনুরোধ অগ্রাহ্য করিলে লর্ড ডাফ্‌রিন ব্রহ্মদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। যুদ্ধে ব্রহ্মদেশীয় সেনাবাহিনী সহজেই পরাজিত হইলে ১৮৮৬ খ্রীষ্টাব্দের ১লা জানুয়ারী ব্রহ্মদেশ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হইল।

ব্রহ্মদেশ অধিকার

লর্ড ল্যান্সডাউন, ১৮৮৮-৯৪ খ্রীঃ (Lord Lansdowne) : পরবর্তী গবর্নর-জেনারেল ও ভাইসরয় লর্ড ল্যান্সডাউনের শাসনকালে নূতন নূতন রূপার খনি আবিষ্কৃত হইলে রূপার মূল্য হ্রাস পায়। তাহাতে এক ব্যাপক অর্থ নৈতিক সঙ্কট দেখা দেয়। রূপার টাকার মূল্য ক্রমেই হ্রাস পাইতে থাকিলে লর্ড ল্যান্সডাউন স্বর্ণমান চালু করিলেন—অর্থাৎ সোনার টাকাও বিনিময়ের মাধ্যম হিসাবে চালু হইল। ফলে অর্থ নৈতিক দুরবস্থার কতক উন্নতি সাধিত হইল। লর্ড ল্যান্সডাউন কারখানা আইন পাস করিয়া শ্রমিকদের কল্যাণসাধন করিলেন। ইহা ভিন্ন, স্ত্রীলোকদের স্বেচ্ছায় বিবাহের ন্যূনতম বয়স অন্তত দশ বৎসর হইতে হইবে স্থির করিয়া অতি অল্প বয়সের মেয়েদের বিবাহাদির ব্যাপারে দুর্নীতির অবসান ঘটাইলেন।

অর্থ নৈতিক সঙ্কট—স্বর্ণমানের প্রচলন

কারখানা আইন, বিবাহ সংক্রান্ত আইন

লর্ড ল্যান্সডাউনের আমলে আফগানিস্তানের প্রতি পুনরায় 'অগ্রসর-নীতি' (Forward Policy) অনুসৃত হইল। তিনি গিলগিট ও চিত্রালে ব্রিটিশ দূত প্রেরণ করিলেন এবং বোলান গিরিপথ পর্যন্ত একটি রেলপথ নির্মাণ করাইলেন। এই সকল কার্যকলাপের ফলে আফগান আমীর ব্রিটিশ অভিসন্ধি সম্পর্কে দারুণ আশঙ্কিত ও সন্দিহান হইয়া উঠিলেন। আমীর আব্দুর রহমান ও ল্যান্সডাউনের মধ্যে সম্পর্ক অত্যন্ত তিক্ত হইয়া উঠিলে এই তিক্ততার অবসানকল্পে ল্যান্সডাউন ব্রিটিশ ভারত ও আফগানিস্তানের পরস্পর সীমারেখা নির্ধারণের জন্য মর্টিমার ডুরাণ্ড নামক জনৈক ব্রিটিশ বিশেষজ্ঞকে প্রেরণ করিলেন। উভয় দেশের মধ্যে যে সীমা নির্ধারণ করা হইল উহা 'ডুরাণ্ড লাইন' (Durand line) নামে পরিচিত। ব্রিটিশ সরকার ডুরাণ্ড লাইনের অপরদিকে হস্তক্ষেপ না করিতে এবং সীমান্তবর্তী কয়েকটি জেলা আফগানিস্তানকে ফিরাইয়া দিতে স্বীকৃত হইলেন। বিজাপুর, সোওয়াট ও চিত্রালের উপর আমীর তাঁহার অধিকার ত্যাগ করিলেন। ভারতের মধ্য দিয়া আফগানিস্তান গোলাবারুদ আমদানি করিবার এবং ব্রিটিশ-ভারতীয় সরকার হইতে বাৎসরিক আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি দেওয়া হইল। এইভাবে ইঙ্গ-আফগান মিত্রতা স্থাপিত হইল।

লর্ড ল্যান্সডাউনের আফগান সীমান্ত-নীতি

সেই সময়ে মণিপুর রাজ্যে উত্তরাধিকার সংক্রান্ত দ্বন্দ্ব দেখা দিলে লর্ড ল্যান্সডাউন উহাতে হস্তক্ষেপ করিলেন। তিনি এই অন্তর্দ্বন্দ্বে মধ্যস্থতা করিবার জন্য কয়েকজন ব্রিটিশ কর্মচারী প্রেরণ করিলে মণিপুর রাজ্যের সেনাপতি তাঁহাদিগকে হত্যা করাইলেন। এই সূত্রে ল্যান্সডাউন মণিপুর রাজ্যের বিরুদ্ধে এক সেনাবাহিনী প্রেরণ করিলেন। ব্রিটিশ সৈন্য মণিপুর রাজ্যের সেনাপতিকে হত্যা করিল এবং ব্রিটিশ তত্ত্বাবধানে মণিপুরের রাজার নাবালক পুত্রকে সিংহাসনে স্থাপন করিল। ল্যান্সডাউনের শাসনকালে কালাত রাজ্যের খাঁকে (রাজা) পদচ্যুত করিয়া তাঁহারই এক পুত্রকে সিংহাসনে স্থাপন করা হইল। ইহা ভিন্ন, কাশ্মীরের মহারাজের বিরুদ্ধে কতকগুলি অপ্রমাণিত অভিযোগ করিয়া ল্যান্সডাউন তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া একটি প্রতিনিধি-সভার হস্তে এই রাজ্যের শাসনভার অর্পণ করিয়াছিলেন। কিন্তু ইংলণ্ডে এই ব্যাপার লইয়া তুমুল আন্দোলনের সৃষ্টি হইলে পুনরায় মহারাজকে তাঁহার সিংহাসন ফিরাইয়া দিতে হইয়াছিল।

মণিপুর, কালাত ও কাশ্মীর রাজ্যের আভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ

কাউন্সিলস্ এ্যাক্ট, ১৮৯২ খ্রীঃ (Councils Act, 1892): লর্ড ল্যান্সডাউনের শাসনকালে ১৮৯২ খ্রীষ্টাব্দের 'কাউন্সিলস্ এ্যাক্ট' পাস করা হইয়াছিল। এই শাসন তদানীন্তন সেক্রেটারি-অব্-স্টেট্ লর্ড ক্রসের চেষ্টায় পাস হইয়াছিল বলিয়া লর্ড ক্রসের আইন (Lord Cross's Act) নামেও পরিচিত। এই আইন দ্বারা কেন্দ্রীয় ও প্রাদেশিক ব্যবস্থাপক সভার সদস্যসংখ্যা বৃদ্ধি করা হইল। বাজেট প্রভৃতির আলোচনার অধিকার দান করিয়া কাউন্সিলগুলির ক্ষমতা বৃদ্ধি করা হইল। সরকারকে শাসন সংক্রান্ত কার্যাদি সম্পর্কে প্রশ্ন করিবার অধিকারও এই আইন দ্বারা স্বীকৃত হইল। এই আইনে নির্বাচন-প্রথার দ্বারা সদস্য নিয়োগের নীতি সম্পূর্ণভাবে স্বীকৃত হইল না। সুতরাং এই আইন ভারতীয় জনসাধারণের দাবি মাত্র আংশিকভাবে মিটাইতে পারিয়াছিল। নূতন আইন অনুসারে গঠিত আইনসভায় গোপালকৃষ্ণ গোখেল, আশুতোষ মুখোপাধ্যায়, রাসবিহারী ঘোষ, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি যোগদান করিয়াছিলেন।

কাউন্সিলের সদস্য-সংখ্যা বৃদ্ধি

***লর্ড এল্‌গিন (দ্বিতীয়), ১৮৯৪-৯৯ খ্রীঃ* (Lord Elgin):** লর্ড এল্‌গিন (দ্বিতীয়) ছিলেন উদার-নীতিতে বিশ্বাসী। তাঁহার শাসনকাল অর্থাভাব, দুর্ভিক্ষ, মহামারী, সীমান্ত বিরোধ প্রভৃতিতে অত্যন্ত জটিলতাপূর্ণ হইয়া উঠিয়াছিল। কাপড় ভিন্ন অপর আমদানি দ্রব্যাদির উপর শুল্ক স্থাপন করিয়া তিনি অর্থনৈতিক অবস্থার উন্নতিসাধন করিতে চাহিলেন। দেশীয় কাপড়গুলির উপর উৎপাদন-শুল্ক স্থাপন করা হইল। এই সকল ব্যবস্থা অবলম্বন করিয়া তিনি দেশের অর্থসঙ্কট দূর করিতে সমর্থ হইলেন। ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের পর যে সামরিক সংগঠনের প্রয়োজন হইয়াছিল তাহা লর্ড এল্‌গিনের শাসনকালে সম্পন্ন হইল।

তাঁহার সময় অর্থসঙ্কট দূরীকরণ

পররাষ্ট্র-ক্ষেত্রে লর্ড এল্‌গিনের শাসনকালে ইঙ্গ-রুশ সীমান্ত বিরোধের অবসান ঘটিয়া একটি ইঙ্গ-রুশ সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়। উত্তর-পশ্চিম সীমান্তের দিকে

ব্রিটিশ অগ্রসর-নীতি সেই অঞ্চলের পাঠান উপজাতি দলের মধ্যে অস্বস্তির কারণ হইয়া দাঁড়ায়। তদুপরি চিত্রাল নামক দেশীয় রাজ্যটির উপর ব্রিটিশ প্রভাব বিস্তৃত হওয়ার ফলে পাঠানদের সন্দেহ আরও বাড়িয়া গেল। সেই সময়ে চিত্রাল রাজ্যের এই উত্তরাধিকার সংক্রান্ত গোলযোগের মীমাংসার জন্য গিল্‌গিটের ব্রিটিশ রেসিডেন্ট তথায় উপস্থিত হইলে মোহান্দ্‌ নামক একটি পাঠান উপদল চিত্রাল রাজ্যটি অবরোধ করে। খাইবার গিরিপথের ব্রিটিশ ঘাঁটিগুলির উপরও আফ্রিদি উপদলগুলি আক্রমণ করিতে থাকে। এই সূত্রে সেই অঞ্চলে এক বৎসর ক্রমাগত যুদ্ধের পর ব্রিটিশ সৈন্যদল উপদলগুলিকে কতকটা দমন করিতে সমর্থ হইয়াছিল।

উত্তর-পশ্চিম সীমান্ত সংক্রান্ত বিরোধ

লর্ড কার্জন, ১৮৯৯-১৯০৫ খ্রীঃ (Lord Curzon): ১৮৯৯ খ্রীষ্টাব্দে লর্ড কার্জন ভারতের গবর্নর-জেনারেল ও ভাইসরয় হইয়া আসিলেন। ভারতে আসিবার পূর্বেই তিনি ভারতীয় শাসনব্যবস্থা সম্পর্কে কতক অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছিলেন। কারণ, তিনি ছিলেন ব্রিটিশ ভারত ও পররাষ্ট্র দপ্তরের উপ-সম্পাদক—অর্থাৎ Under-Secretary. লর্ড কার্জন ছিলেন স্বৈরাচার ও সাম্রাজ্যবাদে বিশ্বাসী। তথাপি তাঁহার কর্মদক্ষতা, বিভিন্ন ধরনের সংস্কারকার্যাদি এবং বিশেষভাবে তাঁহার 'বঙ্গ-ভঙ্গ' ব্যবস্থা ভারত-ইতিহাসে তাঁহার নাম চিরপরিচিত করিয়া রাখিয়াছে।

তাঁহার পূর্ব-অভিজ্ঞতা: স্বৈরাচারী ও সাম্রাজ্যবাদী নীতি



লর্ড কার্জন

শাসনভার গ্রহণ করিয়াই তিনি উত্তর-পশ্চিম সীমান্ত সমস্যা সমাধানে মনোনিবেশ করিলেন। তিনি উত্তর-পশ্চিম সীমান্তের দিকে অগ্রসর-নীতি অনুসরণ না করিয়া সেই অঞ্চলে ব্রিটিশ-অধিকৃত স্থানসমূহের সংহতি বৃদ্ধি করিবার জন্য সচেষ্ট হইলেন। তিনি চিত্রাল, কোয়েটা, দর্‌গাই, মালখন্দ্‌ প্রভৃতি অঞ্চলে ব্রিটিশ প্রাধান্য বজায় রাখিয়া অপরাপর স্থান হইতে ব্রিটিশ সৈন্য অপসারণ করিলেন। যে-সকল অঞ্চল তিনি ব্রিটিশ প্রাধান্যাধীনে রাখিলেন সেগুলিতে তিনি স্থানীয় উপদলীয়দের লইয়া সেনাবাহিনী গঠন করিলেন। ইহা ভিন্ন, সেই সকল অঞ্চলের সহিত সহজ যোগাযোগের জন্য জামরুদ্‌ হইতে থাল্‌ পর্যন্ত রেলপথ নির্মাণ করাইলেন। তিনি উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ নামে একটি নূতন

উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে অগ্রসর-নীতি পরিত্যাগ—সংগঠন ও সংহতিনীতির অনুসরণ

প্রদেশ গঠন করিলেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, লর্ড কার্জনের সীমান্ত-নীতি যথেষ্ট সাফল্যলাভ করিলেও সীমান্ত সমস্যার স্থায়ী সমাধান ইহাতে সম্ভব হয় নাই।

মধ্য-এশিয়া ও পারস্য উপসাগর অঞ্চলে রাশিয়ার প্রভাব-প্রতিপত্তি বিস্তারে বাধা দিবার এবং সেই অঞ্চলে ব্রিটিশ বাণিজ্যস্বার্থ রক্ষার উদ্দেশ্যে লর্ড কার্জন তাঁহার আফগান-নীতি অনুসরণ করিয়াছিলেন। আফগান আমীর আব্দুর রহ্‌মানের সহিত ইংরেজদের যে চুক্তি স্বাক্ষরিত হইয়াছিল তাহাতে ব্রিটিশ সরকার আফগানিস্তানকে অর্থসাহায্য করিতে প্রতিশ্রুত ছিলেন। কিন্তু আব্দুর রহ্‌মানের মৃত্যুর পর তাঁহার পুত্র হবিবউল্লাহ্‌ আমীর হইলে লর্ড কার্জন তাঁহার সহিত নূতন চুক্তি স্বাক্ষর করিতে চাহিলেন। তিনি হবিবউল্লাহ্‌-এর পিতা আব্দুর রহ্‌মানের সহিত চুক্তি বাতিল হইয়াছে বলিয়া নূতন চুক্তি স্বাক্ষর করিতে চাহিলে হবিবউল্লাহ্‌ আপত্তি জানাইলেন। তিনি ইংরেজদের সহিত নিজ পিতা কর্তৃক স্বাক্ষরিত চুক্তিপত্রের শর্তাদি কার্যকরী রহিয়াছে বলিয়া দাবি করিলেন। কিন্তু লর্ড কার্জনের বহু চেষ্টা সত্ত্বেও হবিবউল্লাহ্‌ তাঁহার নিজ মতের এতটুকু পরিবর্তন করিতে রাজী হইলেন না। ব্রিটিশ সরকারের নিকট হইতে তিনি কোনপ্রকার অর্থসাহায্যও লইলেন না। পরে হবিবউল্লাহ্‌-এর যাবতীয় দাবি মানিয়া লইয়া তাঁহাকে 'His Majesty' নামে সম্বোধন করিতে এবং রাজকীয় সম্মান দানে স্বীকৃত হইলে হবিবউল্লাহ্‌ ও ইংরেজদের মধ্যে পুনরায় সদ্ভাব স্থাপিত হইল।

আফগান-নীতি : আমীর হবিবউল্লাহ্‌-এর সহিত মনোমালিন্য

হবিবউল্লাহ্‌-এর দাবি স্বীকৃত—ইঙ্গ-আফগান সৌহার্দ্য

পারস্য উপসাগর অঞ্চলে ব্রিটিশ প্রভাব অক্ষুণ্ণ রাখিবার উদ্দেশ্যে লর্ড কার্জন স্বয়ং সেখানে উপস্থিত হইলেন (১৯০৩ খ্রীঃ)। সেখানে ব্রিটিশ স্বার্থ রক্ষার্থ উপযুক্ত ব্যবস্থা তিনি অবলম্বন করিলেন।

তিব্বতের সহিত ইংরেজদের বাণিজ্য চুক্তি একাধিকবার স্বাক্ষরিত হইলেও উহা তেমন কার্যকরী হয় নাই। লর্ড কার্জন যখন ভারতের শাসনভার গ্রহণ করিয়াছেন তখন তিব্বতের সহিত ব্রিটিশ সরকারের সকল প্রকার যোগাযোগ ছিন্ন হইয়া গিয়াছে। ইতিমধ্যে রুশ প্রাধান্য বিস্তারলাভ করিতেছে দেখিয়া লর্ড কার্জন ইয়ং হাস্‌বেণ্ড্‌ নামে জনৈক সামরিক কর্মচারীকে একদল সৈন্য-সহ তিব্বতের দিকে প্রেরণ করিলেন। তিব্বতীয়গণ তাঁহাকে বাধাদান করিলে ইয়ং হাস্‌বেণ্ড্‌ বলপূর্বক তিব্বতে প্রবেশ করিয়া লাসা দখল করিলেন। অনন্যোপায় হইয়া তিব্বতীয় সরকার ইংরেজদের সহিত চুক্তিবদ্ধ হইলেন। তিব্বতে ইংরেজ বণিকদের বাণিজ্য করিবার অধিকার স্বীকৃত হইল; তাহাদিগকে প্রচুর পরিমাণে ক্ষতি-পূরণও দিতে হইল। এই ঘটনার অল্পকালের মধ্যে (১৯০৭ খ্রীঃ) রাশিয়ার সহিত ইংলণ্ডের এক মিত্রতা-চুক্তি স্বাক্ষরিত হইলে তিব্বতে রুশ প্রাধান্য বিস্তারের ভীতি দূরীভূত হইল।

তিব্বতের সহিত সংঘর্ষ ইঙ্গ-তিব্বতীয় চুক্তি

আভ্যন্তরীণ ক্ষেত্রে লর্ড কার্জন কতকগুলি প্রয়োজনীয় ও প্রশংসনীয় সংস্কার প্রবর্তন করেন। জমির খাজনা নির্ধারণে জমির গুণাগুণ ও কৃষকদের অবস্থা সম্পর্কে

বিবেচনা করিবার নীতিও তিনি প্রবর্তন করেন। সমবায় সমিতি স্থাপন করিয়া কৃষির উন্নতির ব্যবস্থা তিনিই প্রবর্তন করিয়া গিয়াছিলেন। ইহা ভিন্ন, কৃষি-জমি যাহাতে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিভক্ত না হইতে পারে সেইজন্য তিনি 'ভূমি হস্তান্তর আইন' নামে একটি আইন পাঞ্জাবে চালু করেন। কৃষির উন্নতির জন্য সরকারী কৃষি-বিভাগ স্থাপন করিয়া সেই বিভাগের দায়িত্ব একজন ইন্‌স্‌পেক্টর-জেনারেলের হস্তে ন্যস্ত করেন।

কৃষির উন্নয়নমূলক সংস্কার

বিশ্ববিদ্যালয়গুলিকে সরকারী নিয়ন্ত্রণাধীনে আনয়নের জন্য তিনি ব্যবস্থা অবলম্বন করেন। কলেজে কোন বিষয় পড়াইবার জন্য অনুমতি (Affiliation) দিবার ভার তিনি সরকারের হস্তে ন্যস্ত করেন। কিন্তু সঙ্গে সঙ্গে তিনি বিশ্ববিদ্যালয়গুলি যাহাতে কেবলমাত্র পরীক্ষা গ্রহণের কাজ না করিয়া অধ্যাপনাও করিতে পারে সেই ব্যবস্থা এবং কলেজগুলি পরিদর্শনের জন্য কলেজ-ইন্‌স্‌পেক্টর নিয়োগের ব্যবস্থা করেন।

শিক্ষা সংক্রান্ত সংস্কার

ঐতিহাসিক চিহ্নাদি সংরক্ষণ, প্রত্নতত্ত্ব বিভাগ স্থাপন, সরকারী বাণিজ্য ও শিল্প বিভাগ স্থাপন, আয়কর মকুফের ন্যূনতম পরিমাণ নির্ধারণ, লবণ কর হ্রাস প্রভৃতি সংস্কারকার্য তিনি সম্পন্ন করেন। দেশীয় নৃপতিদের সন্তানসন্ততিদের সামরিক শিক্ষার সুবিধার জন্য তিনি 'ইম্পিরিয়াল ক্যাডেট্ কোর' নামে সামরিক শিক্ষার্থীবাহিনী গঠন করেন। দেশীয় রাজগণকে নিজ খরচে এক দল সৈন্য রাখিবার নিয়ম তিনি প্রবর্তন করেন। ব্রিটিশ সরকারের প্রয়োজনে এই সকল সেনাবাহিনী সাহায্যার্থে অগ্রসর হইবে এই শর্ত দেশীয় নৃপতিগণকে অবশ্য মানিতে হইয়াছিল।

অপরাপর সংস্কার

লর্ড কার্জনের আমলের সর্বাধিক উল্লেখযোগ্য ঘটনা হইল বঙ্গ-ব্যবচ্ছেদ। বিশাল বাংলাদেশের শাসনের অসুবিধার কারণে বাংলাদেশের একাংশ ও আসাম লইয়া 'ইস্টার্ণ বেঙ্গল ও আসাম' নামে একটি নূতন প্রদেশ গঠন করেন। বাঙালী জাতিকে এইভাবে বিচ্ছিন্ন করিয়া তাহাদের জাতীয়তাবাদী ঐক্য বিনাশও লর্ড কার্জনের অন্যতম উদ্দেশ্য ছিল। কিন্তু এই বিষয় লইয়া বাংলাদেশে এবং ক্রমে সমগ্র ভারতে এক তীব্র আন্দোলনের সৃষ্টি হইলে শেষ পর্যন্ত এই ব্যবস্থা রদ করিতে হইয়াছিল। (বঙ্গ-ভঙ্গ আন্দোলন সম্পর্কে আলোচনা ৩৮৯-৯১ পৃষ্ঠায় দ্রষ্টব্য।)

বঙ্গ-ভঙ্গ

***ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা, ১৮৮৫ খ্রীঃ* (Establishment of the Indian National Congress) :** পাশ্চাত্ত্য শিক্ষার প্রসারের সঙ্গে সঙ্গে ইওরোপীয় সমাজ, রাজনীতি, জাতীয়তাবাদ প্রভৃতি সম্পর্কে জ্ঞানলাভ করিয়া ভারতবাসী গণতন্ত্র ও জাতীয়তাবাদের প্রভাবে প্রভাবিত হইয়া উঠিল। এই নবজাগরণের সূত্রপাত সম্পর্কে পূর্বেই আলোচনা করা হইয়াছে (৩৪৩-৪৭ পৃষ্ঠা)। আমেরিকার স্বাধীনতালাভ, ফরাসী বিপ্লব প্রভৃতি রাজনৈতিক আন্দোলনের প্রভাবও ভারতীয়দের প্রভাবিত করিয়াছিল। ইহা ভিন্ন মিল, বেস্থাম প্রভৃতি মনীষীর রচনা পাঠের ফলে ভারতীয়দের মধ্যে এক উদারনৈতিক

ভাবধারার প্রকাশ শুরু হইল। অন্যায়, অবিচার, বৈষম্যমূলক ব্যবহারের বিরুদ্ধে প্রতিবাদ করিবার শক্তি ও ইচ্ছা ভারতীয়দের মধ্যে জাগরিত হইল। প্রাচীন ভারতীয় শিক্ষা ও সংস্কৃতি সম্পর্কে গবেষণার ফলে ভারতীয় ঐতিহ্যের মূল্য সম্পর্কে পুনরায় ভারতীয়রা অবহিত হইল। 'এশিয়াটিক সোসাইটি'র অবদান এ-বিষয়ে উল্লেখযোগ্য। শ্রীরামকৃষ্ণ পরমহংস বাঙালীদের বহির্মুখী ভাবকে পরিবর্তিত করিয়া অন্তর্মুখী করিয়া তুলিলেন। হিন্দুধর্মের অন্তর্নিহিত শক্তির কথা তিনি ও তাঁহার সুযোগ্য শিষ্য স্বামী বিবেকানন্দ জগতের সম্মুখে ব্যক্ত করিয়া বাঙালী তথা ভারতবাসীর অগ্রগতির মোড় ঘুরাইয়া দিলেন। দেশীয় ধর্ম, সংস্কৃতির মূল্য কতদূর তাহা জানিবার জন্য বাঙালী তথা ভারতবাসীর মধ্যে এক নূতন উদ্দীপনার সৃষ্টি হইল। রাজা রামমোহন রায় বাংলাদেশে যে নবজাগরণের সূচনা করিয়াছিলেন তাহা এইভাবে সম্পূর্ণতা লাভ করিল। সমাজ, সংস্কৃতি, সাহিত্য, রাজনীতি সর্বত্রই এই নবজাগরণের প্রকাশ ঘটিতে লাগিল। রাজনীতি-ক্ষেত্রে শাসন-ব্যবস্থায় অংশগ্রহণের ইচ্ছা ১৮৭৬ খ্রীষ্টাব্দে 'ইণ্ডিয়ান এ্যাসোসিয়েশানে'র প্রতিষ্ঠায় রূপ লাভ করিল। সকল ভারতবাসীকে জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করিয়া ভারতবাসীর স্বার্থরক্ষার উদ্দেশ্যে এই প্রতিষ্ঠানটি স্থাপিত হইল। প্রথম শুরু হইল আই. সি. এস্. পরীক্ষায় ভারতবাসীকে অধিকতর সুযোগ দানের দাবি সংক্রান্ত আন্দোলন। সুরেন্দ্রনাথ ভারতের বিভিন্ন স্থানে বক্তৃতা করিয়া সমগ্র ভারতব্যাপী এক তীব্র আন্দোলনের সৃষ্টি করিলেন। আই. সি. এস্. পরীক্ষায় ভারতীয়দের সুযোগ-সুবিধা বৃদ্ধি সংক্রান্ত আন্দোলনকে ভিত্তি করিয়া ভারতে এক গভীর ঐক্য ও জাতীয়তাবোধ জাগিয়া উঠিল। এই জাতীয়তাবোধ লর্ড লিটনের দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রের নিয়ন্ত্রণ সংক্রান্ত Vernacular Press Act-এর প্রতিবাদে এবং ইল্‌বার্ট বিল সংক্রান্ত আন্দোলনে প্রকাশলাভ করিল। ইল্‌বার্ট বিলের বিরুদ্ধে ইওরোপীয়গণ তীব্র আন্দোলন শুরু করিলে ভারতীয়গণ সেই বিলের সমর্থন করিয়া এক পাল্টা আন্দোলন চালাইতে দ্বিধাবোধ করিল না। ইল্‌বার্ট বিল সংক্রান্ত আন্দোলন বাঙালী তথা ভারতীয়দের মধ্যে এক তীব্র জাতীয়তা-বোধের সৃষ্টি করিল। ১৮৮৩ খ্রীষ্টাব্দে সুরেন্দ্রনাথের চেষ্টায় 'ইণ্ডিয়ান ন্যাশনাল্ কন্‌ফারেন্স' নামে একটি জাতীয় সভা আহূত হইল। এই বিরাট কন্‌ফারেন্সে ভারতের সকল অংশের প্রতিনিধিবর্গ সমবেত হইয়া জাতীয় আন্দোলনের জন্য একটি স্থায়ী সংগঠন গড়িয়া তুলিবার প্রস্তাব গ্রহণ করিলেন। এই সময়ে এ্যালান অক্টাভিয়ান হিউম নামে জনৈক অবসর-প্রাপ্ত আই. সি. এস্. কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের লক্ষ্য করিয়া একটি খোলা চিঠি প্রকাশ করিলেন। ইহাতে ভারতীয়দের রাজনৈতিক, সামাজিক ও নৈতিক উন্নতির জন্য একটি স্থায়ী সংগঠন গড়িয়া তুলিতে উপদেশ দান করিলেন। সেই সময়কার ভারতীয় গবর্নর-জেনারেল ও ভাইস্রয়

নবজাগরণ—গণতন্ত্র ও জাতীয়তাবাদী স্পৃহা

আই. সি. এস্. পরীক্ষা সংক্রান্ত আন্দোলন

জাতীয়তাবোধের শক্তি সঞ্চয়

'ইণ্ডিয়ান ন্যাশনাল্ কন্‌ফারেন্স'

এ্যালান অক্টাভিয়ান হিউমের খোলা চিঠি

লর্ড ডাফ্‌রিন এইরূপ একটি প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা সম্পর্কে নিঃসন্দেহ ছিলেন। এই খোলা চিঠির উপর ভিত্তি করিয়া ১৮৮৫ খ্রীষ্টাব্দের ২৭শে ডিসেম্বর বোম্বাই শহরে ভারতের জাতীয় কংগ্রেসের সর্বপ্রথম অধিবেশন আহূত হয়। বাঙালী ব্যারিস্টার উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (Mr. W. C. Bonnerjee) এই অধিবেশনে সভাপতিত্ব করেন। জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে ইণ্ডিয়ান ন্যাশনাল্ কন্‌ফারেন্স উহার সহিত মিলিত হইয়া যায়। ১৮৮৫ খ্রীষ্টাব্দ হইতে অদ্যাবধি প্রতি বৎসর কংগ্রেসের অধিবেশন ভারতের কোন-না-কোন স্থানে অনুষ্ঠিত হইতেছে।

জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা

ভারত-সরকার প্রথমে জাতীয় কংগ্রেসের প্রতি সহানুভূতিশীল ছিলেন বটে, কিন্তু কংগ্রেস সরকারী নীতি ও কার্যকলাপের সমালোচনা ও সংস্কার দাবি করিতে শুরু করিলে সরকার স্বভাবতই কংগ্রেসের প্রতি বিরুদ্ধ ভাবাপন্ন হইয়া উঠিলেন। এদিকে জাতীয় কংগ্রেস ব্রিটিশ সরকারের কার্যাবলী কোনরূপে প্রভাবিত করিতে না পারিয়া কেবল ভারতবর্ষে নহে ইংলণ্ডেও ভারতবাসীর দাবির সপক্ষে জনমত গঠন করিতে সচেষ্ট হইল। জাতীয় আন্দোলনের ক্ষেত্রে ইহা একটি অভিনব ও কার্যকরী পন্থা ছিল সে-বিষয়ে সন্দেহ নাই। ইংলণ্ডে কংগ্রেসী আন্দোলনের সমর্থনে জনমত গঠনের উদ্দেশ্যে 'ইণ্ডিয়া' নামে একটি পত্রিকা প্রকাশের ব্যবস্থা হইল। উহার ফলে ইংলণ্ডের শিক্ষিত সমাজে ভারতীয়দের দাবির প্রতি সহানুভূতির সৃষ্টি হইল। পার্লামেণ্টের জনৈক সদস্য চার্লস্ ব্রাড্‌লফ্ ১৮৮৯ খ্রীষ্টাব্দে জাতীয় কংগ্রেসের অধিবেশনে যোগদান করিলেন। ইহার সরাসরি ফল হিসাবেই ১৮৯২ খ্রীষ্টাব্দে কাউন্সিলস্ এ্যাক্ট্ (লর্ড ক্রসের এ্যাক্ট্) পাস করা হইল। এই আইন অনুসারে সুপ্রীম কাউন্সিল ও প্রাদেশিক কাউন্সিলের সদস্যসংখ্যা বাড়ানো হইল। এই আইন ভারতীয়দের দাবির এক অতি ক্ষুদ্র অংশ স্বীকার করিয়া লইল। কিন্তু তাহাতে ভারতীয়দের আশা-আকাঙ্ক্ষা মোটেই পরিতৃপ্ত হইল না। কংগ্রেস ক্রমেই সরকার-বিরোধী আন্দোলনের শক্তি বাড়াইয়া চলিল। বালগঙ্গাধর তিলক 'কেশরী' নামক পত্রিকা প্রকাশ করিয়া ভারতবাসীর মধ্যে জাতীয় চেতনা আরও বাড়াইয়া তুলিতে চাহিলেন। ব্রিটিশ সরকারের নিকট অনুরোধ-উপরোধের পালা শেষ করিয়া কার্যকরীভাবে তিনি ব্রিটিশ সরকারের বিরোধিতা করিতে

ব্রিটিশ সরকারের কংগ্রেস-বিরোধী মনোবৃত্তি


উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

ইংলণ্ডে কংগ্রেসী আন্দোলনের সপক্ষে জনমত গঠনের চেষ্টা—'ইণ্ডিয়া' পত্রিকা প্রকাশ

১৮৯২ খ্রীষ্টাব্দের কাউন্সিলস্ এ্যাক্ট্


চাহিলেন। তাঁহার কেশরী পত্রিকা এক তীব্র জাতীয়তাবোধের সৃষ্টি করিল। কংগ্রেস যখন জাতীয় আন্দোলনের পথে ক্রমেই অগ্রসর হইয়া চলিয়াছে ঠিক সেই সময়ে গবর্নর-জেনারেল ও ভাইসরয় লর্ড কার্জনের স্বৈরাচারী সাম্রাজ্যবাদী নীতি প্রয়োগের ফলে এক তীব্র ব্রিটিশ-বিরোধী আন্দোলনের সূত্রপাত হইল। তাঁহার উদ্ধত আচরণ ও স্বৈরাচারী মনোবৃত্তি ক্রমেই ব্রিটিশ শাসনের বিরুদ্ধে ভারতবাসীর তিক্ততা বাড়াইয়া চলিল। কলিকাতা কর্পোরেশন, বিশ্ববিদ্যালয় প্রভৃতি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের উপর সরকারী নিয়ন্ত্রণক্ষমতা বৃদ্ধি করিয়া তিনি ভারতবাসীকে বিক্ষুব্ধ করিয়া তুলিলেন।

বালগঙ্গাধর তিলকের সক্রিয় আন্দোলনের প্রস্তাব

এমতাবস্থায় বাংলাদেশকে শাসনকার্যের সুবিধার জন্য বিভক্ত করিয়া তিনি 'ইস্টার্ণ বেঙ্গল ও আসাম' নামে আরও একটি প্রদেশ গঠন করিলেন। বাংলাদেশ ও বাঙালী জাতিকে এইভাবে বিচ্ছিন্ন করিবার চেষ্টার বিরুদ্ধে সমগ্র বাঙালী সমাজের মধ্যে এক দারুণ আন্দোলনের সৃষ্টি হইল। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলাদেশের সর্বত্র এক তীব্র আন্দোলন শুরু হইল। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আই. সি. এস্. পরীক্ষায় সাফল্যলাভ করিয়া ব্রিটিশ আমলে ভারত-সরকারের কর্মচারী পদে যোগদান করেন, কিন্তু সামান্য কারণে ব্রিটিশ সরকার তাঁহাকে কর্মচ্যুত করিলে ভারতের জাতীয়তা আন্দোলনের নেতৃত্ব তিনি গ্রহণ করিলেন। ব্রিটিশ সরকার রাজকর্মচারী হিসাবে সুরেন্দ্রনাথের নিকট হইতে যে সুদক্ষ সাহায্য পাইবার আশা করিতে পারিতেন, ভাগ্যচক্রে তাহা সম্ভব না হওয়াতে সুরেন্দ্রনাথের অনন্যসাধারণ দক্ষতা ও কর্মক্ষমতা জাতীয় স্বার্থে নিয়োজিত হইল। ১৮৭৬ খ্রীষ্টাব্দে সুরেন্দ্রনাথ কলিকাতায় 'ইণ্ডিয়ান এ্যাসোসিয়েশান' স্থাপন করেন। এক ঐক্যবদ্ধ ভারত সৃষ্টির উদ্দেশ্যে এই এ্যাসোসিয়েশান স্থাপিত হইয়াছিল। ইতালির জাতীয়তাবাদী নেতা ম্যাৎসিনির আদর্শে অনুপ্রাণিত হইয়া সুরেন্দ্রনাথ ঐক্যবদ্ধ ভারত গঠনে দৃঢ়সঙ্কল্প হইয়াছিলেন। আই. সি. এস্. পরীক্ষার্থীদের পরীক্ষা দিবার সর্বোচ্চ বয়স ২২ হইতে ২১ পর্যন্ত নামাইয়া আনিলে ভারতীয়দের পক্ষে এই পরীক্ষা দিবার সুযোগ হ্রাস পাইবে—এই কারণে সুরেন্দ্রনাথ সমগ্র ভারতে এক আন্দোলনের সৃষ্টি করিলেন। এই সামান্য ব্যাপারকে কেন্দ্র করিয়া ভারতের জাতীয়তাবাদী আন্দোলন শুরু হইলে প্রথম সর্ব-ভারতীয় এক জাগরণের সৃষ্টি হইয়াছিল। ভারতের জাতীয় কংগ্রেসে সেই আদর্শই জয়লাভ করিয়াছিল।

লর্ড কার্জনের দমন-নীতি—বঙ্গ-ভঙ্গ

সুরেন্দ্রনাথ



রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ

লর্ড কার্জনের বঙ্গ-ভঙ্গের প্রতিবাদে বিলাতী পণ্যদ্রব্য বর্জন এবং স্বদেশজাত সামগ্রী ব্যবহারের এক আন্দোলন ভারতের সর্বত্র ছড়াইয়া পড়িল। স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীরা এই আন্দোলনে ঝাঁপাইয়া পড়িল, বিলাতী কাপড়-চোপড় ও অন্যান্য জিনিস-পত্র 'বয়কট' করা হইল। ইহা 'স্বদেশী আন্দোলন' নামে পরিচিত। জাতীয় শিল্পজাত দ্রব্যাদির ব্যবহার, জাতীয়শিল্পের প্রতি শ্রদ্ধাবোধ, নিজের শক্তির উপর নির্ভর করিবার মনোবৃত্তি বাড়াইয়া দিয়া এই আন্দোলন বাঙালী তথা ভারতীয়দের জাতীয়তা-বোধকে বহুগুণে শক্তিশালী করিয়া তুলিল। ১৯০৫ খ্রীষ্টাব্দের এই বঙ্গ-ভঙ্গ বিরোধী আন্দোলন ভারতের সর্বত্র ছড়াইয়া পড়িল। 'বন্দে মাতরম্' প্রভৃতি জাতীয় সঙ্গীতে ভারতের শহর-নগর, গ্রামাঞ্চল মুখরিত হইয়া উঠিল।

স্বদেশী আন্দোলন



লালা লাজপৎ রায়

সম্ভ্রান্ত মুসলমানদের মধ্যে আব্দুল রসুল, লিয়াকৎ হুসেন, গজনভি এই আন্দোলনে যোগদান করিলেন। আচার্য প্রফুল্লচন্দ্র, শিবনাথ শাস্ত্রী, সুবোধ মল্লিক, আনন্দ-মোহন বসু, অশ্বিনীকুমার দত্ত, সুন্দরীমোহন দাশ, বিপিনচন্দ্র পাল সকলে এই আন্দোলনকে শক্তিশালী করিয়া তুলিলেন। ন্যাশনাল মেডিক্যাল কলেজ, ইঞ্জিনীয়ারিং কলেজ প্রভৃতিও স্থাপিত হইল।

সম্ভ্রান্ত মুসলমানদের বঙ্গ-ভঙ্গ আন্দোলনে যোগদান



বিপিনচন্দ্র পাল

ব্রিটিশ সরকার এই আন্দোলন দমনের উদ্দেশ্যে কোনপ্রকার চেষ্টার ত্রুটি করিলেন না। তাঁহাদের অত্যাচার যতই বাড়িতে লাগিল, আন্দোলনও ততই শক্তিশালী হইয়া উঠিল। বালগঙ্গাধর তিলক, লালা লাজপৎ রায়, অরবিন্দ ঘোষ, বিপিনচন্দ্র পাল প্রমুখ নেতা 'আবেদন-নিবেদন' নীতি ত্যাগ করিয়া ব্রিটিশের বিরুদ্ধে কার্যকরীভাবে প্রতিদ্বন্দ্বিতায় প্রবৃত্ত হইতে চাহিলেন। ইহারা চরম-পন্থী (**Extremists**) বলিয়া অভিহিত হইলেন।

দেশবাসীর মধ্যে জাতীয়তাবোধ, আত্মনির্ভরশীলতা এবং ভারতীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধা জাগাইয়া তুলিবার উদ্দেশ্যে বালগঙ্গাধর তিলক 'কেশরী' নামক একটি পত্রিকা প্রকাশ করিলেন। অপরাপর কংগ্রেসী সদস্য ছিলেন নরম-পন্থী (Moderates)। তাঁহারা কোন কার্যকরী পন্থা অনুসরণ না করিয়া আবেদন-নিবেদন নীতিরই অনুসরণ করিতে চাহিলেন। ১৯০৭ খ্রীষ্টাব্দের সুরাট কংগ্রেসের অধিবেশনে নরম-পন্থী ও চরম-পন্থীদের মধ্যে বিচ্ছেদ ঘটিল। চরম-পন্থিগণ কংগ্রেসের অভ্যন্তরে প্রাধান্য অর্জন করিতে পারিলেন না বটে, কিন্তু 'সন্ধ্যা', 'যুগান্তর', 'নবশক্তি', 'বন্দে মাতরম্' প্রভৃতি পত্রিকার মাধ্যমে ভারতের যুব সম্প্রদায়ের মধ্যে জাতীয়তাবাদ ছড়াইয়া দেওয়ার চেষ্টা শুরু করিলেন। সরকার এই সকল চরম-পন্থীকে দমন করিতে বদ্ধপরিকর হইলে বাঙালী ও পাঞ্জাবী যুবক সম্প্রদায় সন্ত্রাসবাদের আশ্রয় গ্রহণ করিল।

কংগ্রেসে চরম-পন্থী (Extremists) দলের উদ্ভব—তিলক, বিপিন পাল, লালা লাজপৎ রায়, অরবিন্দ প্রভৃতি

স্বদেশী আন্দোলনকারীদের উপর ব্রিটিশ বিচারপতিদের অন্যায়-মূলক আচরণের বিরুদ্ধে সন্ত্রাসবাদিগণ আগ্নেয়াস্ত্র ব্যবহার করিতে শুরু করিলেন। ১৯০৮ খ্রীষ্টাব্দে ক্ষুদিরাম বিচারপতি কিংস্‌ফোর্ডকে হত্যা করিতে গিয়া ভুলবশত কেনেডি নামে অপর একজনকে হত্যা করিয়া ধরা পড়িলেন। বিচারে তাঁহার ফাঁসি হইল। কিন্তু তাহাতে সন্ত্রাসবাদের অবসান ঘটিল না।

সন্ত্রাসবাদের উদ্ভব



ক্ষুদিরাম বসু

১৯০৮ খ্রীষ্টাব্দে অরবিন্দ, বারীন ঘোষ, কানাইলাল দত্ত, উল্লাসকর দত্ত প্রমুখ মোট ৪৭ জন চরম-পন্থী সন্ত্রাসবাদী ধরা পড়িলেন। বিচারে অরবিন্দ মুক্তিলাভ করিলেন, কিন্তু বারীন ঘোষ ও উল্লাসকর দত্তের দ্বীপান্তর হইল। কিন্তু ইহাতেও সন্ত্রাসবাদ দমিত হইল না। সরকার দমন-নীতির কঠোরতা ক্রমেই বাড়াইয়া চলিলেন। সভাসমিতি, সংবাদপত্র সবকিছুই দমনমূলক আইনের কবলে পড়িল। কিন্তু এই সকল আন্দোলনের তীব্রতা শেষ পর্যন্ত ব্রিটিশ সরকারকে বঙ্গ-ভঙ্গ বাতিল করিতে বাধ্য করিল (১৯১১ খ্রীঃ)।

ক্ষুদিরাম প্রমুখ সন্ত্রাসবাদী

১৮৮৫ খ্রীষ্টাব্দে ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা হইতে আরম্ভ করিয়া বাংলাদেশে সন্ত্রাসবাদের উদ্ভব পর্যন্ত স্বাধীনতা আন্দোলনের এক পর্যায় ভাগ করা যাইতে পারে। জাতীয় আন্দোলন শক্তি সঞ্চয় করিলে ব্রিটিশ সরকার বিভেদ-নীতি আরও তীব্রভাবে অনুসরণ করিতে লাগিলেন। সাম্প্রদায়িকতার বিষ ছড়াইয়া এই স্বাধীনতা আন্দোলনকে শক্তিহীন করিবার চেষ্টা চলিল। পরবর্তী কালে সাম্প্রদায়িকতা ও ব্রিটিশ সাম্রাজ্যবাদ এই উভয় শক্তির সহিত জাতীয় কংগ্রেসকে যুঝিয়া চলিতে হইল।

জাতীয় আন্দোলনের প্রথম পর্যায়

পঞ্চত্রিংশ অধ্যায়

জাতীয় আন্দোলনের অগ্রগতি : শাসনতান্ত্রিক সংস্কার
(Progress of National Movement : Constitutional Reforms)

আলিগড় আন্দোলন (Aligarh Movement) : বঙ্গ-ভঙ্গ আন্দোলন বাংলাদেশে তীব্র আকার ধারণ করিয়া ক্রমে ভারতের অন্যান্য অঞ্চলেও ছড়াইয়া পড়িয়াছিল। এই আন্দোলন দমন করিবার সর্বপ্রকার চেষ্টার কোন ত্রুটি ব্রিটিশ সরকার করেন নাই। তাঁহাদের দমন-নীতির কঠোরতার প্রত্যুত্তর হিসাবেই বাংলাদেশে সন্ত্রাসবাদের সৃষ্টি হইয়াছিল। যাহা হউক, তখন ভারতের জাতীয়তাবাদের শক্তিনাশের জন্য কার্যকরীভাবে বিভেদ-নীতির অনুসরণ প্রয়োজন হইল। ব্রিটিশ সরকার মুসলমান সম্প্রদায়কে কংগ্রেসী আন্দোলন হইতে বিচ্ছিন্ন রাখিতে চাহিলেন। ব্রিটিশ সাম্রাজ্যবাদী প্রভাবে পড়িয়া ভারতীয় মুসলমানগণ জাতীয় কংগ্রেসের প্রতিকূল আন্দোলনের সূচনা করিলেন। সার্ সৈয়দ আহম্মদ হিন্দু সমাজের তুলনায় পশ্চাৎপদ পাশ্চাত্য শিক্ষায় শিক্ষাহীন মুসলমান সমাজকে কংগ্রেসী আন্দোলন হইতে বিচ্ছিন্ন রাখিবার নীতি গ্রহণ করিলেন। ইল্‌বার্ট বিল সংক্রান্ত আন্দোলনে সার্ সৈয়দ আহম্মদ হিন্দু-মুসলমান ঐক্যের উপর জোর দিয়া বলিয়াছিলেন যে হিন্দু ও মুসলমান ভারতমাতার দুইটি চক্ষু বিশেষ। একটি অপরটির সহিত অঙ্গাঙ্গিভাবে জড়িত। একটি আঘাতপ্রাপ্ত হইতে অপরটিতে আঘাত লাগিবে। কিন্তু তিনি কংগ্রেসী আন্দোলনের বিরোধিতা করিতে দ্বিধাবোধ করিলেন না। তিনি 'এ্যাডুকেশনাল কংগ্রেস', 'ইউনাইটেড পেট্রিয়টিক এ্যাসোসিয়েশান' ও 'মোহামেডান এ্যাংলো-অরিয়েন্টাল ডিফেন্স এ্যাসোসিয়েশান অব্ ইণ্ডিয়া' নামে তিনটি কংগ্রেস-বিরোধী প্রতিষ্ঠান স্থাপন করিলেন। আলিগড়ে তিনি একটি কলেজ স্থাপন করিলেন। উহার ইংরেজ অধ্যক্ষের প্রভাবে এই কলেজটি সাম্প্রদায়িকতার বিষবৃক্ষস্বরূপ হইয়া উঠিল। গণতান্ত্রিক ব্যবস্থায় সংখ্যালঘু মুসলমান সম্প্রদায় নিজ স্বার্থ রক্ষা করিয়া চলিতে পারিবে না ভাবিয়াই তিনি এই সঙ্কীর্ণ জাতীয়তাবাদের পরিপন্থী নীতি গ্রহণ করিয়া ভারতের রাজনীতি-ক্ষেত্রে সাম্প্রদায়িকতার বিষ ছড়াইবার ব্যবস্থা করিয়া গিয়াছিলেন। হিন্দু ও মুসলমান দুইটি ভিন্ন জাতি—এই মতবাদ (Two-Nation Theory) মহম্মদ আলি জিন্নাহ্-এর মস্তিষ্ক-প্রসূত বলিয়া সাধারণ্যে ধারণা বিদ্যমান। বস্তুত, এরূপ চিন্তাধারা সার্ সৈয়দ্ আহম্মদ হইতেই উদ্ভূত।*

ব্রিটিশ সরকারের বিভেদ-নীতি অনুসরণের প্রয়োজনীয়তা

সার্ সৈয়দ আহম্মদের সাম্প্রদায়িক আন্দোলনের সূচনা

কংগ্রেস-বিরোধী প্রতিষ্ঠানসমূহ

মুস্‌লিম লীগের উদ্ভব (Birth of Muslim League) : ভারতের জাতীয় কংগ্রেসের নেতৃত্বে যখন দেশের সর্বত্র এক তীব্র জাতীয়তাবোধের সৃষ্টি হইয়াছে সেই সময়ে সাম্প্রদায়িকতার ভিত্তিতে 'মুস্‌লিম লীগ' নামে এক মুসলমান প্রতিষ্ঠানের উদ্ভব

* Majumdar, R. C. : *History of the Freedom Movement in India*, Vol. I, p. xvi.

ঘটিল। ১৯০৬ খ্রীষ্টাব্দের ১লা আগস্ট আগা খাঁ তদানীন্তন গবর্নর-জেনারেল ও ভাইসরয় লর্ড মিন্টো (দ্বিতীয়)-র সহিত সাক্ষাৎ করিয়া মুসলমান সম্প্রদায়ের জন্য পৃথক নির্বাচনব্যবস্থা দাবি করিলেন। লর্ড মিন্টো ভারতীয় রাজনীতি-ক্ষেত্রে সাম্প্রদায়িকতার বিষ ছড়াইবার আরও সুযোগ উপস্থিত হইয়াছে দেখিয়া আগা খাঁ-র প্রস্তাব সহানুভূতির সহিত বিবেচনা করিবেন বলিয়া তাঁহাকে আশ্বাস দিলেন। ইহা সাম্প্রদায়িকতার ইন্ধন যোগাইল। ঢাকার নবাব সলিম উল্লাহ্ 'মুস্লিম লীগ' নামে একটি সাম্প্রদায়িক প্রতিষ্ঠান গঠন করিলেন। কংগ্রেসী আন্দোলনের বিরুদ্ধেই যে এই প্রতিষ্ঠানটি গঠিত হইয়াছিল তাহা লর্ড মিন্টোর উক্তি হইতেই বুঝিতে পারা যায়। তিনি বলিয়াছিলেন, "মুসলিগ লীগ কংগ্রেস-বিরোধী একটি দেশীয় প্রতিষ্ঠান।"

সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ রোপণ : মুস্লিম লীগের প্রতিষ্ঠা

মোর্‌লে-মিন্টো সংস্কার, ১৯০৯ খ্রীঃ : কংগ্রেসী আন্দোলনে সন্ত্রাসবাদী কার্যকলাপের চাপে পড়িয়া ব্রিটিশ সরকার মোর্‌লে-মিন্টো (Morley-Minto) শাসনতান্ত্রিক সংস্কার প্রবর্তন করিতে বাধ্য হইলেন (১৯০৯ খ্রীঃ)। (১) ইহার দ্বারা কেন্দ্রীয় আইনসভার সদস্যদের মধ্যে সরকারী মনোনীত এবং সরকারী কর্মচারীদের মধ্য হইতে গৃহীত সদস্যদের সংখ্যা কমানো হইল। ফলে নির্বাচিত সদস্যদের সংখ্যা বৃদ্ধি পাইল। প্রাদেশিক ব্যবস্থাপক সভায়ও অনুরূপ ব্যবস্থা করা হইল। (২) কিন্তু এই আইনের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বিধান হইল সাম্প্রদায়িক নির্বাচনব্যবস্থার প্রবর্তন। (৩) কেন্দ্রীয় ও প্রাদেশিক ব্যবস্থাপক সভার সদস্যগণের শাসনতান্ত্রিক ক্ষমতা বৃদ্ধি করা হইল। বাজেট ও অপরাপর প্রস্তাব সম্পর্কে বিতর্কের ক্ষমতা ও নূতন কোন প্রস্তাব উপস্থাপন এবং সেগুলির উপর ভোটদানের অধিকার সদস্যগণকে দেওয়া হইল। (৪) লেফ্‌টেনান্ট-গবর্নর (Lieutenant Governor)-শাসিত প্রদেশসমূহে শাসনকার্যে সহায়তার জন্য কার্য-নির্বাহক পরিষদ (Executive Council) গঠনের ব্যবস্থা করা হইল। (৫) কেন্দ্রীয় ও প্রাদেশিক শাসন পরিষদে ভারতীয়দের নিয়োগের নীতি সর্বপ্রথম প্রবর্তিত হইল।

সংস্কারসমূহ

১৯০৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন ভারতীয়দের জাতীয় আশা-আকাঙ্ক্ষা পরিতৃপ্ত করিতে পারিল না। ফলে প্রথম বিশ্বযুদ্ধের সময় শাসনতান্ত্রিক সংস্কার দাবি পুনরায় উপস্থাপন করা হইল।

১৯১৬ খ্রীষ্টাব্দের অপর একটি উল্লেখযোগ্য ঘটনা হইল বালগঙ্গাধর তিলক কর্তৃক 'স্বরাজ লীগে'র (Home Rule League) প্রতিষ্ঠা। এ্যানি ব্যাসান্তও অনুরূপ একটি লীগ স্থাপন করিয়াছিলেন। তিলক এ-বিষয়ে আয়ার্ল্যাণ্ডের Home Rule আন্দোলনের দৃষ্টান্ত অনুসরণ করিয়াছিলেন, বলা যাইতে পারে। যাহা হউক, তিলক তাঁহার 'স্বরাজ লীগে'র (Home Rule League) মাধ্যমে চরম-পন্থী ও নরম-পন্থী উভয়ের মধ্যে ঐক্যের পথ প্রস্তুত করিলেন। এই দুই প্রকার আদর্শে বিশ্বাসী কংগ্রেসী সদস্যগণ এই আন্দোলনে যোগদান

তিলক ও এ্যানি ব্যাসান্তের Home Rule League স্থাপন

করিলেন। কংগ্রেস ও মুস্‌লিম লীগের যুগ্ম চেষ্টায় শাসনতান্ত্রিক সংস্কারসাধন ছিল এই দুইটি লীগের উদ্দেশ্য। ১৯১৬ খ্রীষ্টাব্দে লক্ষ্ণৌতে কংগ্রেস ও মুস্‌লিম লীগের অধিবেশন একই সময়ে আহ্বান করা হইল। উভয় দলের মধ্যে ঐক্যবদ্ধতার প্রয়োজন অধিকাংশ সদস্যই অনুভব করিলেন। মহম্মদ আলি জিন্নাহ্‌ও সেই সময় হিন্দু-মুসলমান ঐক্যের আদর্শ অনুসরণ করিয়া ভাষণ দিলেন। মহম্মদ আলি জিন্নাহ্ ও অপরাপর জাতীয়তাবাদী মুসলমানের প্রভাবে মুস্‌লিম লীগ কংগ্রেসের সহিত ঐক্যবদ্ধভাবে ব্রিটিশের বিরুদ্ধে আন্দোলনে অবতীর্ণ হইতে রাজী হইল। উভয় দলের মধ্যে 'লক্ষ্ণৌ চুক্তি' (Lucknow Pact) নামে এক চুক্তি স্বাক্ষরিত হইল। কংগ্রেস ও মুস্‌লিম লীগ যুগ্মভাবে ব্রিটিশ সরকারের নিকট সংস্কার দাবি করিবে স্থির হইল। কংগ্রেস মুসলমান সম্প্রদায়ের জন্য পৃথক নির্বাচনব্যবস্থা মানিয়া লইল। ব্রিটিশ সরকারের নিকট হিন্দু ও মুসলমান নেতৃবৃন্দ একটি স্মারকলিপি পেশ করিলে ব্রিটিশ সরকার ভারতীয়দের দাবি উপেক্ষা করা নির্বুদ্ধিতার কাজ হইবে বিবেচনা করিয়া ১৯১৭ খ্রীষ্টাব্দে ঘোষণা করিলেন যে, ভারতীয় শাসনব্যবস্থায় ভারতবাসীকে ক্রমপর্যায়ে স্বায়ত্তশাসন অধিকার দান করিয়া ভারতীয় শাসনব্যবস্থাকে ক্রমে গণতান্ত্রিক করিয়া তোলাই হইল ব্রিটিশ সরকারের উদ্দেশ্য। ঐ বৎসরই কলিকাতায় কংগ্রেসের অধিবেশন বসিল। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে কংগ্রেস পূর্ণ স্বরাজ দাবি করিল।

'লক্ষ্ণৌ চুক্তি' (১৯১৬ খ্রীঃ)


এ্যানি ব্যাসান্ত

১৯১৭ খ্রীষ্টাব্দের ঘোষণা


বালগঙ্গাধর তিলক

মণ্টাগু-চেমস্‌ফোর্ড সংস্কার (Montague-Chelmsford Reforms): সেক্রেটারি-অব্-স্টেট্ মিঃ মণ্টাগু এবং তদানীন্তন গবর্নর-জেনারেল ও ভাইসরয় চেমস্‌ফোর্ড ভারতীয় শাসনব্যবস্থা উন্নয়নের তদন্ত করিলেন। তাঁহাদের রিপোর্ট

(মন্টাগু-চেমস্‌ফোর্ড রিপোর্ট) অনুসারে ১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন পাস করা হয়। ইহাতে বিচার, শিক্ষা, জনস্বাস্থ্য, স্থানীয় স্বায়ত্তশাসন প্রভৃতি বিষয়ের ভার ভারতীয়দের হস্তে ছাড়িয়া দেওয়া হয় এবং অপরাপর বিষয় ভাইস্‌রয় ও তাঁহার কার্য-নির্বাহক সভার উপর ন্যস্ত থাকে। প্রাদেশিক শাসনব্যবস্থায়ও এই নীতি প্রয়োগ করা হয়। এই আইন দ্বারা শাসনকার্যাদিকে দুই ভাগে ভাগ করা হইয়াছিল বলিয়া ইহা 'দ্বৈত শাসন' (Diarchy) নামে পরিচিত। কেন্দ্রীয় আইনসভাকে দুই কক্ষযুক্ত এবং প্রাদেশিক আইনসভাগুলিকে এক কক্ষযুক্ত আইনসভায় পরিণত করা হয়। অবশ্য গবর্নর-জেনারেল ও গবর্নর নিজ নিজ আইনসভা কর্তৃক গৃহীত আইন বাতিল করিতে পারিতেন। এই দ্বৈত শাসনের প্রধান ত্রুটি ছিল যে প্রকৃত শাসনকার্যের সবকিছুই ব্রিটিশ সরকারের হস্তে রহিয়া গিয়াছিল। গণতান্ত্রিকতার কতক উন্নতি সাধিত হইলেও এই ব্যবস্থা ভারতীয়দের সন্তুষ্ট করিতে পারে নাই।

১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন

১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইনের শর্তাদি

গবর্নর-জেনারেলগণ (Governors-General) : ১৯০৫ খ্রীষ্টাব্দে লর্ড কার্জনের পর হইতে ১৯২১ খ্রীষ্টাব্দের মধ্যে লর্ড মিণ্টো (দ্বিতীয়) (১৯০৫-১০ খ্রীঃ), লর্ড হার্ডিঞ্জ (১৯১০-১৫ খ্রীঃ), লর্ড চেমস্‌ফোর্ড (১৯১৫-২১ খ্রীঃ) গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয়ের কাজ করিয়াছিলেন। লর্ড মিণ্টোর শাসনকালের সর্বাধিক উল্লেখযোগ্য ঘটনা ছিল ১৯০৯ খ্রীষ্টাব্দের ভারতীয় কাউন্সিলস্ এ্যাক্ট্ (Indian Councils Act) প্রবর্তন এবং সাম্প্রদায়িক ভিত্তিতে মুসলমানদের জন্য পৃথক নির্বাচনব্যবস্থা।

লর্ড মিণ্টো (দ্বিতীয়) (১৯০৫-১০ খ্রীঃ)

লর্ড হার্ডিঞ্জের শাসনকালে সম্রাট পঞ্চম জর্জ ও সাম্রাজ্ঞী মেরি ভারত ভ্রমণে আসিয়াছিলেন (১৯১১ খ্রীঃ)। সেই সূত্রে দিল্লীতে এক দরবারে বঙ্গ-ভঙ্গ রোধ ঘোষণা করা হয় এবং কলিকাতা হইতে ভারতের রাজধানী দিল্লীতে স্থানান্তরিত হইবে সেই ঘোষণাও করা হয়।

লর্ড হার্ডিঞ্জ (১৯১০-১৫ খ্রীঃ)

পরবর্তী গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় লর্ড চেমস্‌ফোর্ডের শাসনকালের গুরুত্বপূর্ণ ঘটনা হইল জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড। প্রথম বিশ্বযুদ্ধের পর একদিকে যেমন আর্থিক দুর্দশা দেখা দিল অপরদিকে আবার তেমনি শাসনতান্ত্রিক সংস্কারের দাবিও জোরালো হইয়া উঠিল। প্রথম বিশ্বযুদ্ধে ভারতবাসী ব্রিটিশ সরকারকে যথাসম্ভব সাহায্য দান করিয়াছিল। তাহাদের আশা ছিল যুদ্ধ অবসানে শাসনতান্ত্রিক সংস্কারের প্রবর্তন করিয়া ব্রিটিশ সরকার তাঁহাদের কৃতজ্ঞতার পরিচয় দিবেন। কিন্তু ফল হইল বিপরীত। খাদ্যাভাব, দ্রব্যমূল্য বৃদ্ধি ও সংস্কার দাবি এই সকল কারণে যখন ভারতের রাজনৈতিক পরিস্থিতি জটিলতাপূর্ণ হইয়া উঠিল তখন ব্রিটিশ সরকার কোনপ্রকার শাসনতান্ত্রিক সংস্কার প্রবর্তন করা ত দূরের কথা কঠোর দমনমূলক নীতি অনুসরণ করিতে

লর্ড চেমস্‌ফোর্ড (১৯১৫-২১ খ্রীঃ)


ব্রিটিশ দমন-নীতি—রাওল্যাট্ এ্যাক্ট্, (১৯১৯ খ্রীঃ)

লাগিলেন। ১৯১৯ খ্রীষ্টাব্দে রাওল্যাট্ এ্যাক্ট্ পাস করিয়া সংবাদপত্রের মুখ বন্ধ করা, যথেচ্ছভাবে দণ্ডদান করা বা দেশবাসীকে দেশ হইতে নির্বাসিত করা, প্রভৃতি বিধান চালু করা হইয়াছিল। এই আইনের প্রতিবাদে দেশের সর্বত্র আন্দোলন শুরু হইল।

মহাত্মা গান্ধী এই আইন গবর্নর-জেনারেল ও ভাইসরয় চেমস্‌ফোর্ড কর্তৃক স্বাক্ষরিত হইবার পূর্বেই ইহার বিরুদ্ধে প্রতিবাদ জানাইয়াছিলেন। কিন্তু তাঁহার প্রতিবাদ এবং লর্ড চেমস্‌ফোর্ডকে এই আইনে সম্মতিদান না করিতে অনুরোধ উপেক্ষা করিয়াও যখন উহা পাস করা হইল তখন মহাত্মা গান্ধী এই আইন অমান্য করিবার জন্য সত্যাগ্রহ অবলম্বন করিতে দেশবাসীকে আহ্বান জানাইলেন। শান্ত ও নিরস্ত্রভাবে এবং সত্যের ভিত্তিতে অন্যায়ের প্রতিবাদকে মহাত্মা গান্ধী নামকরণ করিলেন 'সত্যাগ্রহ'। শক্তিশালী এবং অস্ত্রশস্ত্রে বলীয়ান ব্রিটিশ সরকারের সহিত যুঝিবার জন্য নিরস্ত্র ভারতবাসীকে মহাত্মা গান্ধী এক নূতন পথ ও নূতন শক্তির সন্ধান দিলেন। মহাত্মা গান্ধীর আহ্বানে অসংখ্য ভারতবাসী তাঁহার আন্দোলনে যোগদান করিল।

মহাত্মা গান্ধী কর্তৃক রাওলাট্ এ্যাক্টের প্রতিবাদ

সত্যাগ্রহ আন্দোলন—নূতন পথের সন্ধান



মহাত্মা গান্ধী

মহাত্মা গান্ধী, মদনমোহন মালব্য প্রভৃতি নেতা এই আইনের বিরুদ্ধে আন্দোলন শুরু করিলে দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ প্রদর্শন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হইতে লাগিল। ব্রিটিশ সরকার দমন-নীতির আশ্রয় গ্রহণ করিলেন। ফলে দেশের বিভিন্ন স্থানে বহু লোক হতাহত হইল। অমৃতসরের জালিয়ানওয়ালাবাগে এক প্রতিবাদ সভায় সমবেত নিরস্ত্র জনতার উপর ব্রিটিশ জেনারেল ডায়ার সাহেবের আদেশে গুলি বর্ষণ করা হইল। চারিশত নরনারী এই গুলিতে প্রাণ হারাইল এবং অসংখ্য নরনারী আহত হইল। ব্রিটিশ দমন-নীতি বর্বরতার পর্যায়ে পৌঁছিল। এই হত্যাকাণ্ডের অবশ্যম্ভাবী ফল হিসাবে ভারতবর্ষের সর্বত্র এক তীব্র ব্রিটিশ-বিরোধী মনোভাবের সৃষ্টি হইল।

জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড

রবীন্দ্রনাথ ঠাকুর এই বর্বরতার প্রতিবাদস্বরূপ ব্রিটিশ সরকার-প্রদত্ত 'নাইট্' (Knight)—অর্থাৎ 'সার্' (Sir) উপাধি ত্যাগ করিলেন।

কবিগুরু রবীন্দ্রনাথ কর্তৃক 'নাইট্' উপাধি ত্যাগ

মন্টাগু-চেমস্‌ফোর্ডের রিপোর্টের উপর ভিত্তি করিয়া ১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন পাস করা হইল। কিন্তু ইহাতে ভারতীয়দের জাতীয়তাবাদী আশা-আকাঙ্ক্ষা অতৃপ্ত রহিয়া গেল। এ-বিষয়ে আলোচনা পূর্বেই করা হইয়াছে।

১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন



কবিগুরু রবীন্দ্রনাথ

প্রথম বিশ্বযুদ্ধের পর ইস্‌লাম ধর্মের সর্বোচ্চ যাজক বা খলিফার সাম্রাজ্য তুরস্ক ব্যবচ্ছেদ করিলে ভারতের মুসলমান সম্প্রদায়ের মধ্যে এক তীব্র বিক্ষোভ দেখা দিল। খলিফার প্রতি এই অবিচারের বিরুদ্ধে প্রতিবাদ 'খিলাফৎ আন্দোলন' নামে পরিচিত। মহাত্মা গান্ধী তাঁহার সত্যাগ্রহ আন্দোলনের সহিত খিলাফৎ আন্দোলনকে সংযুক্ত করিয়া হিন্দু-মুসলমানের ঐক্যবদ্ধ চেষ্টায় ব্রিটিশ অত্যাচারী শাসনব্যবস্থাকে অচল করিয়া দিতে চাহিলেন। মহাত্মা গান্ধী এই পরিকল্পনা ১৯২০ খ্রীষ্টাব্দের সেপ্টেম্বর মাসে কলিকাতা কংগ্রেসের বিশেষ অধিবেশনে সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। ঐ বৎসরেই নাগপুর কংগ্রেসের বাৎসরিক অধিবেশনে এই প্রস্তাব পুনরায় অনুমোদিত হইলে মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলন শুরু করিলেন। ভারতের জাতীয় আন্দোলন এক নূতন পথে চলিল।

খিলাফৎ আন্দোলন

মহাত্মা গান্ধীর পরিকল্পনা—কংগ্রেসের কলিকাতা ও নাগপুর অধিবেশন—মহাত্মা গান্ধীর নেতৃত্ব

এদিকে আফগানিস্তানের আমীর হবিবউল্লাহ্-এর মৃত্যু হইলে তাঁহার পুত্র আমানউল্লাহ্ আমীর হইলেন। রাশিয়ার সাহায্য লইয়া তিনি ভারতের দিকে অভিযান শুরু করিলে ব্রিটিশ বাহিনী তাঁহাকে পশ্চাদপসরণে বাধ্য করিল। ব্রিটিশ সরকার আমানউল্লাহ্‌কে অর্থসাহায্য দান বন্ধ করিলেন। ইহার ফলে আফগানিস্তানের পক্ষে শুভ-ই হইল। কারণ, আমীর আমানউল্লাহ্ ব্রিটিশের সহিত কোনপ্রকার যোগাযোগ না রাখিয়া সম্পূর্ণ স্বাধীনভাবে নিজ পররাষ্ট্র-নীতি পরিচালনার সুযোগ পাইলেন।

আমীর আমানউল্লাহ্ ও ব্রিটিশ সরকার

পরবর্তী গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় লর্ড রীডিং-এর আমলের সর্বাধিক উল্লেখযোগ্য ঘটনা হইল মহাত্মা গান্ধী কর্তৃক অসহযোগ আন্দোলনের সূচনা। ইহা ভিন্ন,

ব্রিটিশ বিভেদ-নীতির প্রয়োজনীয় সাম্প্রদায়িকতার বিষের ফলস্বরূপ মালাবার উপকূলের মোপ্‌লা নামক আরবীয় মুসলমানগণ হিন্দুদের উপর আক্রমণ ও অত্যাচার শুরু করে। ক্রমে পাঞ্জাব, কোহাট, উত্তরপ্রদেশ প্রভৃতিতেও ছড়াইয়া পড়ে।

লর্ড রীডিং (১৯২১-২৬ খ্রীঃ) মোপ্‌লা অত্যাচার

লর্ড রীডিং রাওল্যাট্ এ্যাক্ট্ নাকচ করিয়া দিয়া এবং সমরবিভাগে ভারতীয়দিগকে আফসার পদে নিযুক্ত হইবার অধিকার দান করিয়া তাঁহার মানসিক উদারতার পরিচয় দিয়াছিলেন।

রাওল্যাট এ্যাক্ট্ বাতিল

ষট্‌ত্রিংশ অধ্যায়

অসহযোগ আন্দোলন : স্বাধীনতা লাভ
(Non-Co-operation Movement : Attainment of Independence)

মহাত্মা গান্ধী : অসহযোগ আন্দোলনের প্রথম পর্যায় (Mahatma Gandhi : The First Phase of the Non-Co-operation Movement) : খিলাফৎ আন্দোলনের সহিত সংযুক্তভাবে মহাত্মা গান্ধী কংগ্রেস আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করিলেন। আলি ভ্রাতৃদ্বয়—সৌকত আলি ও মহম্মদ আলি মহাত্মা গান্ধীর পাশে আসিয়া দাঁড়াইলেন। মহাত্মা গান্ধীর আহ্বানে সমগ্র দেশব্যাপী ব্রিটিশ সরকারের সহিত এক অসহযোগ আন্দোলন শুরু হইল। অহিংসভাবে সত্য ও ন্যায়ের উপর ভিত্তি করিয়া ব্রিটিশের বিরুদ্ধে আন্দোলন চালানোই ছিল মহাত্মা গান্ধীর উদ্দেশ্য ও আদর্শ। তাই তিনি ভারতবাসীকে চাকরি ছাড়িয়া দিতে, স্কুল-কলেজ, আদালত, আইনসভা সবকিছু ত্যাগ করিয়া ব্রিটিশ শাসনব্যবস্থা অচল করিয়া দিতে আহ্বান জানাইলেন। বহু উকিল-মোক্তার, ব্যারিস্টার, শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী মহাত্মা গান্ধীর এই আহ্বানে সাড়া দিলেন। তাঁহারা ব্রিটিশের বিরুদ্ধে অসহযোগ আন্দোলন শুরু করিলেন। দেশের সর্বত্র বিলাতী দ্রব্য বর্জন এবং সরকারের সহিত অসহযোগিতা শুরু হইল। ব্রিটিশ সরকার কঠোর হস্তে এই আন্দোলন দমন করিতে বদ্ধপরিকর হইলেন। অসংখ্য সত্যাগ্রহীকে কারাগারে নিক্ষেপ করা হইল। পুলিশের লাঠি, বন্দুকের গুলি সর্বরকমের অত্যাচার নিরস্ত্র ভারতবাসীর উপর চালানো হইল। কিন্তু এই সবকিছুই উপেক্ষা করিয়া নিরস্ত্র ভারতবাসী মহাত্মা গান্ধীর নেতৃত্বে ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে এক বিস্ময়কর আন্দোলন চালাইতে লাগিল। এমন সময় আন্দোলনের উন্মাদনায় গোরক্ষপুরের চৌরিচৌরা নামক স্থানের পুলিশ থানায় আন্দোলনকারিগণ অগ্নিসংযোগ করিল। ইহাতে কয়েকজন

আলি ভ্রাতৃদ্বয়—সৌকত আলি ও মহম্মদ আলি

অসহযোগ আন্দোলনের তীব্রতা


চৌরিচৌরার অগ্নিকাণ্ড

পুলিশ কর্মচারী প্রাণ হারাইলে মহাত্মা গান্ধী আন্দোলন অহিংসার পথ ত্যাগ করিয়া সহিংস হইয়া উঠিতেছে দেখিয়া উহা থামাইয়া দিলেন। ব্রিটিশ সরকার তাঁহাকে কারারুদ্ধ করিলেন।

মহাত্মা গান্ধী কর্তৃক আন্দোলন প্রত্যাহৃত

অসহযোগ আন্দোলন থামিয়া গেলে পর আইনসভায় যোগদানের কোন বাধা রহিল না। অনেকে অবশ্য তখনও ব্রিটিশ সরকারের সহিত সহযোগিতার পক্ষপাতী ছিলেন না। কিন্তু দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, মোতিলাল নেহরু প্রভৃতি নেতা 'স্বরাজ্য পার্টি' নামে একটি নূতন রাজনৈতিক দল গঠন করিয়া ১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন অনুযায়ী গঠিত আইনসভায় যোগদান করিলেন। স্বরাজ্য পার্টি বাংলাদেশ ও মধ্যপ্রদেশে নির্বাচনে সাফল্য লাভ করিলে আইনসভার অভ্যন্তরে ব্রিটিশ সরকারের বিরোধিতার পর্ব শুরু হইল। স্বরাজ্য পার্টির বিরোধিতায় ব্রিটিশ সরকার সন্ত্রস্ত হইয়া উঠিলেন। এমন সময় লর্ড আরউইন গবর্নর-জেনারেল ও ভাইসরয় (১৯২৬-৩১ খ্রীঃ) নিযুক্ত হইয়া আসিলেন। তাঁহার শাসনকালে 'সাইমন কমিশন' (Simon Commission) ভারত পরিদর্শনে আসিল।

'স্বরাজ্য পার্টি' ও আইনসভায় প্রবেশ



দেশবন্ধু চিত্তরঞ্জন

লর্ড আরউইন (১৯২৬-৩১ খ্রীঃ)

এই কমিশনের উদ্দেশ্য ছিল ১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার আইন কতদূর কার্যকরী হইয়াছে তাহা জানিয়া ইংলণ্ডের ব্রিটিশ কর্তৃপক্ষের নিকট রিপোর্ট পেশ করা। কিন্তু এই কমিশনে ভারতীয়দের মধ্য হইতে কোন সদস্য গ্রহণ করা হয় নাই বলিয়া ভারতবাসী উহা বর্জন করিল। সেই বৎসরই (১৯২৭ খ্রীঃ) মাদ্রাজ কংগ্রেসের অধিবেশনে পূর্ণ স্বাধীনতা ভারতের আদর্শ বলিয়া গৃহীত হইল। ভারতের ভবিষ্যৎ শাসনতন্ত্র কিরূপ হইবে সে-বিষয়ে পরিকল্পনা প্রস্তুতের জন্য পর বৎসর (১৯২৮ খ্রীঃ) একটি সর্ব-দলীয় সম্মেলন আহ্বান

সাইমন কমিশন (১৯২৭ খ্রীঃ)



মোতিলাল নেহরু

এই রিপোর্টে বলা হইয়াছিল। ব্রিটিশ সরকার ১৯৩০ খ্রীষ্টাব্দে লণ্ডনে ভারতের বিভিন্ন রাজনৈতিক দলের এক সভা আহ্বান করিলেন। কংগ্রেস উহাতে যোগদান করিল না। তখন ব্রিটিশ সরকার মহাত্মা গান্ধীকে মুক্তি দিতে বাধ্য হইলেন। কারামুক্তির পর মহাত্মা গান্ধী এবং গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় আরুউইনের মধ্যে 'গান্ধী-আরুউইন চুক্তি' স্বাক্ষরিত হইল। এই চুক্তি অনুসারে বিনা শর্তে সকল সত্যাগ্রহীকে মুক্তি দেওয়া হইল। কংগ্রেসও গোলটেবিল বৈঠকের দ্বিতীয় অধিবেশনে (১৯৩১ খ্রীঃ) যোগদান করিতে স্বীকৃত হইল। কিন্তু এই বৈঠকে মুসলমান প্রতিনিধিবর্গ সাম্প্রদায়িকতার প্রশ্ন তুলিয়া কোনপ্রকার মীমাংসার পথ বন্ধ করিলেন। মহাত্মা গান্ধী হিন্দু-মুসলমানের ঐক্যের মাধ্যমে ব্রিটিশ সরকারের হাত হইতে শাসনতান্ত্রিক সংস্কার আদায় করিবার চেষ্টা করিয়াও অকৃতকার্য হইলেন। ১৯৩১ খ্রীষ্টাব্দের গোলটেবিল বৈঠকের দ্বিতীয় অধিবেশনের পরই মহাত্মা গান্ধী দেশে ফিরিয়া আসিয়া পুনরায় আইন অমান্য আন্দোলন শুরু করিলেন। লাঠি চালনা, গুলিবর্ষণ, পাইকারী জরিমানা, স্ত্রীলোক সত্যাগ্রহীদের উপর অত্যাচার কোনকিছুই করিতে ব্রিটিশ সরকার বাদ রাখিলেন না। সেই সময়ে গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় ছিলেন লর্ড উইলিংডন্ (১৯৩১-৩৬ খ্রীঃ)। ১৯৩২ খ্রীষ্টাব্দে গোলটেবিল বৈঠকের তৃতীয় অধিবেশন বসিল। কংগ্রেস উহাতে যোগদান করিল না। এমতাবস্থায় ব্রিটিশ প্রধান মন্ত্রী রাম্‌জে ম্যাক্‌ডোনাল্ড 'সাম্প্রদায়িক বাঁটোয়ারা' প্রবর্তন করিলেন (১৯৩২ খ্রীঃ)। মুসলমান ও অনুন্নত সংখ্যালঘু সম্প্রদায়কে পৃথক নির্বাচনের অধিকার দান করা হইল। অনুন্নত সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের নামকরণ হইল 'তপ্‌শীল সম্প্রদায়' (Scheduled Class)। মহাত্মা গান্ধী ভারতীয়দের মধ্যে এরূপ বিভেদ স্বষ্টির বিরুদ্ধে অনশন শুরু করিলে তপ্‌শীল সম্প্রদায়ের নেতা ডক্টর আম্বেদকার সাম্প্রদায়িক বাঁটোয়ারা অনুসারে যে সংখ্যক প্রতিনিধি প্রেরণের অধিকার তপ্‌শীল সম্প্রদায় পাইয়াছিল উহার দ্বিগুণ সংখ্যক প্রতিনিধিসংখ্যা প্রেরণের বিনিময়ে সাম্প্রদায়িক বাঁটোয়ারা ত্যাগ করিলেন। এই সকল শর্ত-সম্বলিত চুক্তি 'পুণা চুক্তি' নামে পরিচিত।

গোলটেবিল বৈঠক—প্রথম অধিবেশন (১৯৩০ খ্রীঃ) কংগ্রেস কর্তৃক বর্জন

গান্ধী-আরুউইন চুক্তি

গোলটেবিল বৈঠকের দ্বিতীয় অধিবেশনে মহাত্মার যোগদান

লর্ড উইলিংডন্ (১৯৩১-৩৬ খ্রীঃ)

১৯৩২ খ্রীষ্টাব্দের আইন অমান্য ও অসহযোগ আন্দোলন

সাম্প্রদায়িক বাঁটোয়ারা

'পুণা চুক্তি'

সাইমন কমিশনের সুপারিশ এবং গোলটেবিল বৈঠকের আলাপ-আলোচনার উপর ভিত্তি করিয়া ১৯৩৫ খ্রীষ্টাব্দের ভারত-আইন পাস করা হইল। এই আইন অনুসারে ভারতবর্ষকে একটি যুক্তরাষ্ট্র হিসাবে গঠন করা হইল। ব্রিটিশের অধীন প্রদেশগুলি লইয়া এই যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থা স্থাপিত হইলেও দেশীয় রাজ্যগুলিকে নিজ নিজ ইচ্ছাধীনভাবে ইহাতে যোগদানের সুযোগও দেওয়া হইল। এই শাসনতন্ত্রে গবর্নর এবং গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয়কে আইনসভা ও মন্ত্রিমণ্ডলীর কার্যকলাপ

১৯৩৫ খ্রীষ্টাব্দের ভারত-আইন (India Act, 1935): ভারতে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা স্থাপন

সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করিবার অধিকার দিয়া গণতান্ত্রিক নীতির বিরোধিতা করা হইয়াছিল। এইজন্য কংগ্রেস এই শাসনতন্ত্র গ্রহণ করিতে স্বীকৃত হইল না। তদানীন্তন গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় লর্ড লিন্‌লিথ্‌গাও (১৯৩৬-৪৩ খ্রীঃ) আইনসভা বা মন্ত্রিসভার দৈনন্দিন কার্যে হস্তক্ষেপ করিবেন না বলিয়া ঘোষণা করিলে কংগ্রেস এই শাসনতন্ত্র গ্রহণ করিল। ১৯৩৭ খ্রীষ্টাব্দে যে সাধারণ নির্বাচন হইল তাহাতে কংগ্রেস সাতটি প্রদেশে একক সংখ্যাগরিষ্ঠতা লাভ করিল। সিন্ধু ও আসাম প্রদেশে সম্পূর্ণ সংখ্যাগরিষ্ঠতা না হইলেও কংগ্রেস দলই অপরাপর দল অপেক্ষা অধিক সংখ্যক সদস্যপদ লাভ করিল। ফলে এই দুই প্রদেশেও কংগ্রেসী যুগ্ম-মন্ত্রিসভা গঠিত হইল। মোট এগারটি ভারতীয় প্রদেশের মধ্যে কেবলমাত্র বাংলা ও পাঞ্জাবে মুস্‌লিম লীগের সদস্যসংখ্যা বেশী হইল।

গবর্নর ও গবর্নর-জেনারেলের নিরঙ্কুশ ক্ষমতা—কংগ্রেস কর্তৃক এই শাসনতন্ত্র গ্রহণে অস্বীকৃতি : লিন্‌লিথ্‌গাও (১৯৩৬-৪৩ খ্রীঃ)-এর ঘোষণা

কংগ্রেস দলের জয়লাভ

মুস্‌লিম লীগের নেতা মহম্মদ আলি জিন্নাহ্ ভারতের সর্বত্র কংগ্রেস-মুস্‌লিম লীগ যুগ্ম-মন্ত্রিসভা (Coalition Ministry) গঠনের জন্য উৎসুক ছিলেন। এই সময়ে বাংলাদেশে কংগ্রেসী যুগ্ম-মন্ত্রিসভা গঠনের প্রস্তাব হইয়াছিল। কিন্তু মুস্‌লিম লীগ কর্তৃক কংগ্রেস-আদর্শ গ্রহণ না করায় কংগ্রেস এই প্রস্তাবে রাজী হইল না। ফলে মহম্মদ আলি জিন্নাহ্ সাতটি প্রদেশে গঠিত কংগ্রেসী মন্ত্রিসভার এবং সিন্ধু ও আসাম প্রদেশে কংগ্রেসী যুগ্ম-মন্ত্রিসভার (Congress Coalition Ministry) বিরুদ্ধে বিষোদ্গীরণ শুরু করিলেন। ইহা ভিন্ন, তিনি ও তাঁহার মুস্‌লিম লীগের সদস্যবৃন্দ সর্বত্র এক তীব্র সাম্প্রদায়িক উত্তেজনার সৃষ্টি করিতে লাগিলেন।

এদিকে কংগ্রেসী মন্ত্রিসভার কার্যদক্ষতায় সর্বত্র কংগ্রেসের জনপ্রিয়তা শতগুণে বৃদ্ধি পাইল। সেই সময়ে কংগ্রেসে সুভাষচন্দ্র বসুর নেতৃত্বে একটি বাম-পন্থী দলের উদ্ভব ঘটিল। সুভাষচন্দ্রের জনপ্রিয়তা এত বেশী ছিল যে, গান্ধীজি, রাজাজি, প্যাটেল প্রমুখ দক্ষিণ-পন্থী নেতার মনোনীত প্রার্থী পট্টভি সীতারামিয়াকে অসংখ্য ভোটে পরাজিত করিয়া সুভাষচন্দ্র দ্বিতীয়বার কংগ্রেস সভাপতি-রূপে জয়লাভ করিলেন। কিন্তু ত্রিপুরী কংগ্রেসে দক্ষিণ-পন্থীদের সহিত তাঁহার মতানৈক্য তীব্র আকার ধারণ করিলে শেষ পর্যন্ত সুভাষচন্দ্রকে পদত্যাগ করিতে হইল।

সুভাষচন্দ্র বসুর সহিত দক্ষিণ-পন্থী কংগ্রেসী সদস্যদের মতানৈক্য

সুভাষচন্দ্রের কংগ্রেস-সভাপতিরপদত্যাগ এবং ফরোয়ার্ড ব্লক গঠন



সুভাষচন্দ্র বসু

তিনি কংগ্রেস হইতে বাহির হইয়া গিয়া 'ফরোয়ার্ড ব্লক' নামে একটি বাম-পন্থী দল গঠন করিলেন। ঐ বৎসরই (১৯৩৯ খ্রীঃ) ভারত-সরকার কংগ্রেসী মন্ত্রিসভার সহিত আলোচনা না করিয়াই দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানি-ইতালির বিরুদ্ধে ভারতবর্ষকেও জড়াইলেন। এই যুদ্ধে সাহায্য দান করিবার পূর্বে কংগ্রেস ব্রিটিশ সরকারের যুদ্ধের আদর্শ কি এবং ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবাদের অবসান সেই যুদ্ধের আদর্শ কি না, সে-বিষয়ে জানিতে চাহিলে ব্রিটিশ সরকার কোন স্পষ্ট উত্তর দিলেন না। কংগ্রেসী মন্ত্রিসভা এমতাবস্থায় পদত্যাগ করিতে বাধ্য হইল। সেই সুযোগে ভারতের কয়েকটি প্রদেশে মুস্‌লিম লীগ মন্ত্রিসভা গঠন করিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে ভারত-সরকারের যোগদান—কংগ্রেসী মন্ত্রিসভার পদত্যাগ

দ্বিতীয় বিশ্বযুদ্ধে যখন জার্মানি ইঙ্গ-ফরাসী মিত্রশক্তিকে সর্বত্র পরাজিত করিয়া চলিয়াছে সেই সময়ে কংগ্রেস ব্রিটিশ সরকারের যুদ্ধে সাহায্য-সহায়তা দানে প্রস্তুত হইল। কিন্তু ইহার শর্ত ছিল এই যে, ব্রিটিশ সরকার অন্তত সাময়িকভাবে একটি জাতীয় (কেন্দ্রীয়) মন্ত্রিসভা গঠন করিবেন। কিন্তু লিন্‌লিথ্‌গাও জাতীয় মন্ত্রিসভা গঠনে স্বীকৃত হইলেন না। ১৯৪০ খ্রীষ্টাব্দে ৮ই আগস্ট একটি ঘোষণায় তিনি একথা জানাইলেন যে, যুদ্ধ অবসানে ভারতের ভবিষ্যৎ সংবিধান রচনার জন্য একটি সংবিধানসভা আহূত হইবে। ইহা ভিন্ন, তিনি অনতিবিলম্বে তাঁহার কার্য-নির্বাহক সভার সদস্যসংখ্যা বৃদ্ধি করিতে এবং ভারতের সর্বাংশের প্রতিনিধি লইয়া একটি যুদ্ধ-মন্ত্রণা সভা গঠন করিতে রাজী হইলেন। একমাত্র কংগ্রেসের হস্তে তিনি শাসনক্ষমতা হস্তান্তরিত করিবেন না একথাও জানাইলেন। ইহার অন্য অর্থ ছিল এই যে মুস্‌লিম লীগকে তিনি বাদ দিয়া কিছু করিবেন না। মহম্মদ আলি জিন্নাহ্‌ এই ঘোষণায় অত্যধিক উৎসাহিত হইয়া উঠিলেন। তিনি আবিষ্কার করিলেন যে ভারতের হিন্দু ও মুসলমান দুইটি পৃথক জাতি। তাহাদের পার্থক্য কেবল ধর্মগত নহে, জাতিগতও বটে। এই কারণে তিনি মুসলমানদের জন্য 'পাকিস্তান' নামে একটি পৃথক রাষ্ট্র গঠনের দাবি উত্থাপন করিলেন।

কংগ্রেস কর্তৃক জাতীয় মন্ত্রিসভা গঠনের দাবি

লিন্‌লিথ্‌গাও-এর আগস্ট ঘোষণা

মহম্মদ আলি জিন্নাহ্‌-এর 'দুই-জাতি মতবাদ' (Two-Nation Theory)

প্রগতিশীল জাতীয়তাবাদী মুসলমানগণ জিন্নাহ্‌-এর এই 'দুই-জাতি মতবাদ' সমর্থন করিলেন না। কিন্তু জিন্নাহ্‌ জাতীয়তাবাদী মুসলমানদের অস্তিত্বই স্বীকার করিতে চাহিলেন না। মুস্‌লিম লীগ ভারতীয় মুসলমানদের একমাত্র মুখপাত্র এই দাবি তিনি করিতে লাগিলেন। ১৯৪০ খ্রীষ্টাব্দে লাহোর অধিবেশনে মুস্‌লিম লীগ 'পাকিস্তান দাবি' পাস করিল। সাম্প্রদায়িক মনোবৃত্তিসম্পন্ন মুস্‌লিম লীগের সদস্যবর্গ জিন্নাহ্‌-এর এই ভারতীয় ঐক্য-বিরোধী প্রস্তাব সহজেই গ্রহণ করিয়া সাম্প্রদায়িকতার বিষ ছড়াইতে লাগিল। হিন্দু-মুসলমানদের মতানৈক্যের অজুহাতে ব্রিটিশ সরকার ভারত ছাড়িয়া যাইতে স্বীকৃত হইলেন না। মহাত্মা গান্ধী ব্রিটিশ সরকারকে স্পষ্ট ভাষায়

লীগের লাহোর অধিবেশন—'পাকিস্তান দাবি'

জানাইয়া দিলেন যে ব্রিটিশ সরকার ভারত ত্যাগ করিয়া গেলে সাম্প্রদায়িকতার বিষ আপনা হইতেই হ্রাসপ্রাপ্ত হইবে। কিন্তু ব্রিটিশ সরকার কংগ্রেস-মুসলিম লীগ অনৈক্যের সুযোগ গ্রহণ করিয়া টিকিয়া রহিলেন। মহাত্মা গান্ধী ব্যক্তিগত সত্যাগ্রহ আন্দোলন শুরু করিলেন।

মহাত্মা গান্ধী কর্তৃক ব্যক্তিগত সত্যাগ্রহ

দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানি ও ইতালির মিত্রশক্তি হিসাবে জাপান যোগদান করিয়া সিঙ্গাপুর ও ব্রহ্মদেশ অধিকার করিয়া লইলে ব্রিটিশ সরকারের টনক নড়িল। ১৯৪২ খ্রীষ্টাব্দে ব্রিটিশ প্রধান মন্ত্রী উইনস্টন চার্চিলের মন্ত্রিসভার সদস্য সার্ স্ট্যাফোর্ড ক্রীপ্‌সকে (Sir Stafford Cripps) ভারতের জাতীয় নেতৃবর্গের সহিত আলাপ-আলোচনার জন্য প্রেরণ করা হইল। জাপানী আক্রমণের বিরুদ্ধে ভারতীয়দের সমর্থন লাভ করাই ছিল এই দৌত্যের মূল উদ্দেশ্য। স্ট্যাফোর্ড ক্রীপ্‌স্ ভারতীয় নেতৃবর্গের নিকট প্রস্তাব করিলেন যে, যুদ্ধ অবসানে ভারতবাসীকে নিজ সংবিধান গঠনের সুযোগ দেওয়া হইবে। এই সংবিধান-সভায় দেশীয় রাজ্যগুলিকেও যোগদান করিতে দেওয়া হইবে। সংবিধানসভা কর্তৃক গৃহীত সংবিধান ভারতে কার্যকরী করা হইবে কিন্তু কোন প্রদেশ বা দেশীয় রাজ্য উহা গ্রহণে অস্বীকৃত হইলে সেই প্রদেশ বা দেশীয় রাজ্য নিজস্ব সংবিধান গঠন করিতে পারিবে। সংবিধানসভার সদস্যগণ প্রাদেশিক আইনসভার নিম্ন কক্ষ—অর্থাৎ 'লেজিস্‌লেটিভ্ এ্যাসেম্ব্‌লী' কর্তৃক নির্বাচিত হইবেন। ব্রিটিশ সরকার অবশ্য সংবিধান কার্যকরী করিবার পূর্বাবধি ভারতের নিরাপত্তার দায়িত্ব নিজ হস্তে রাখিবেন। কংগ্রেস ক্রীপ্‌সের প্রস্তাব গ্রহণ করিতে রাজী হইল না। এ-বিষয়ে মহাত্মা গান্ধীর মন্তব্যটি প্রণিধানযোগ্য। তিনি ইহাকে 'post-dated cheque on a crashing bank' বলিয়া অভিহিত করিয়াছিলেন। ক্রীপ্‌স্ মিশন প্রস্তাবিত শাসনতান্ত্রিক ব্যবস্থায় ভাইস্‌রয়ের সর্বাত্মক প্রাধান্য কোন অংশে হ্রাস করিবার চেষ্টা করা হয় নাই। কংগ্রেস এই প্রস্তাব অগ্রাহ্য করিল। পাকিস্তান দাবি এই প্রস্তাবে স্বীকৃত হয় নাই বলিয়া মুস্‌লিম লীগও ইহা গ্রহণে অস্বীকৃত হইল।

ক্রীপ্‌স্ মিশন (১৯৪২ খ্রীঃ)



সার্ স্ট্যাফোর্ড ক্রীপ্‌স্

ক্রীপ্‌স্ মিশনের প্রস্তাব

কংগ্রেস ও মুস্‌লিম লীগ কর্তৃক অগ্রাহ্য

এদিকে জাপানী সৈন্য ক্রমেই ভারতের সীমায় আসিয়া উপস্থিত হইতে লাগিল। ক্রীপ্‌স্ মিশনের বিফলতা, বৈদেশিক আক্রমণের ভীতি, সবকিছুর ফলে ভারতের

সর্বত্র এক নিরাশার সৃষ্টি হইল। সেই সময়ে মহাত্মা গান্ধী ব্রিটিশ সরকারকে ভারত ত্যাগ করিয়া যাইতে অনুরোধ করিয়া তাঁহার 'হরিজন' পত্রিকায় প্রবন্ধ প্রকাশ করিলেন। মহাত্মা গান্ধীর প্রস্তাব অনুসারে ১৯৪২ খ্রীষ্টাব্দের ১৪ই জুলাই কংগ্রেস ওয়ার্কিং কমিটি ব্রিটিশ সরকারকে ভারত ছাড়িয়া যাইতে অনুরোধ সম্বলিত প্রস্তাব (Quit India) গ্রহণ করিল। ঐ বৎসরের আগস্ট মাসের ৮ তারিখে কংগ্রেস কমিটির অধিবেশনে ওয়ার্কিং কমিটির প্রস্তাব অনুমোদিত হইলে, পরের দিন প্রাতঃকালে কংগ্রেসী নেতৃবর্গকে কারারুদ্ধ করা হইল। ফলে ভারতের সর্বত্র এক ব্যাপক গণবিক্ষোভ দেখা দিল। মহাত্মা গান্ধীর 'করেঙ্গে ইয়ে মরেঙ্গে' আদর্শে অনুপ্রাণিত সহস্র সহস্র ভারতবাসী নেতৃহীন অবস্থায় এক দারুণ আন্দোলনের সৃষ্টি করিল। সরকারী সম্পত্তি, রেলপথ, তারের লাইন, থানা প্রভৃতি নাশ করিয়া ভারতীয়রা ব্রিটিশ সরকারের প্রতি বিদ্বেষভাব প্রকাশ করিল। পুলিশের অত্যাচার, সেনাবাহিনীর গুলিবর্ষণ প্রভৃতির ফলে বহু ভারতবাসী প্রাণ হারাইল। আন্দোলনকালে নানা প্রকার হিংসার আশ্রয় গ্রহণ করা হইয়াছিল বলিয়া মহাত্মা গান্ধী দীর্ঘ তিন সপ্তাহ অনশন শুরু করিলেন। অনশনকালে তাঁহার জীবন-সংশয় দেখা দিল। তাঁহাকে মুক্তি দিবার জন্য অনুরোধ করিয়া অকৃতকার্য হইলে গবর্নর-জেনারেল ও ভাইসরয়ের কার্য-নির্বাহক সভার তিন জন সদস্য পদত্যাগ করিলেন। মহাত্মা গান্ধী অবশ্য এই অনশন-পরীক্ষায় উত্তীর্ণ হইলেন। সেই সময়ে (১৯৪৩ খ্রীঃ) বাংলাদেশে মুস্‌লিম লীগ মন্ত্রিসভার স্বার্থপর নীতি ও অকর্মণ্যতার ফলে এক দারুণ দুর্ভিক্ষ দেখা দিল। কলিকাতার পথে পথে অসংখ্য লোক খাদ্যাভাবে প্রাণ হারাইল। ছিয়াত্তরের (১১৭৬ বঙ্গাব্দ, ১৭৭০ খ্রীঃ) মন্বন্তরের পর এইরূপ দুর্ভিক্ষ ভারতের কোন অংশে ঘটে নাই।

'ভারত ছাড়' দাবি

আগষ্ট আন্দোলন (১৯৪২ খ্রীঃ)

'করেঙ্গে ইয়ে মরেঙ্গে' প্রতিজ্ঞা

মহাত্মা গান্ধীর অনশন

বাংলার দুর্ভিক্ষ (১৯৪৩ খ্রীঃ)

ঐ বৎসরই ব্রহ্মদেশ ও মালয়ে জাপানী হস্তে বন্দী ভারতীয় সৈনিকদের লইয়া নেতাজী সুভাষচন্দ্র বসু তাঁহার আজাদ্ হিন্দ্ ফৌজ গঠন করিলেন। কিছুকাল পূর্বে তিনি ব্রিটিশ সরকারের চোখে ধুলা দিয়া বন্দিদশা হইতে পলাইয়া গিয়াছিলেন। জার্মানি ও জাপানের সহায়তায় তিনি 'আজাদ্ হিন্দ্ ফৌজ' গঠন করিলেন এবং সিঙ্গাপুরে 'আজাদ্ হিন্দ্ সরকার' নামে স্বাধীন ভারতের এক সরকার স্থাপন করিলেন। তাঁহার এই সেনাবাহিনী ও সরকার গঠনে হিন্দু ও মুসলমান ভাই ভাই-এর মতই তাঁহার পার্শ্বে আসিয়া দাঁড়াইল। তারপর আজাদ্ হিন্দ্ ফৌজ আসামের সীমার মধ্যে কোহিমা, বিষেণপুর প্রভৃতি দখল করিল। কিন্তু খাদ্যাভাব হেতু শেষ পর্যন্ত তাহাদিগকে পশ্চাদপসরণ করিতে হইল। অবশেষে আজাদ্ হিন্দ্ ফৌজ আত্মসমর্পণে বাধ্য হইল। মাতৃভূমির স্বাধীনতার জন্য নেতাজী সুভাষচন্দ্র ও তাঁহার আজাদ্ হিন্দ্ বাহিনীর আত্মত্যাগ

নেতাজী সুভাষচন্দ্রের আজাদ্ হিন্দ্ ফৌজ ও আজাদ্ হিন্দ্ সরকার গঠন

I. N. A. বা আজাদ্ হিন্দ্ ফৌজের আত্মত্যাগ

জাতীয় আন্দোলনের ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায় সন্দেহ নাই। ব্রিটিশ সরকার আজাদ্ হিন্দ্ ফৌজের নেতৃবর্গের কয়েকজনকে দিল্লীতে বিচার করিয়া ভারতবাসীকে ভয় দেখাইতে চাহিলেন। দিল্লীর লাল কেল্লায় তাঁহাদের বিচার হইল (১৯৪৫-৪৬ খ্রীঃ)। কংগ্রেস আজাদ্ হিন্দ্ ফৌজের নেতৃবর্গের সাহায্যে দণ্ডায়মান হইল। মেজর জেনারেল শাহ্‌নওয়াজ খান, কর্নেল ধীলন প্রভৃতি বিচারে মুক্তি পাইলেন। নেতাজী সুভাষচন্দ্রের অবশ্য কোন সন্ধান পাওয়া গেল না। ১৯৪৫ খ্রীষ্টাব্দের ২৩শে আগস্ট এক বিমান দুর্ঘটনায় তাঁহার মৃত্যু ঘটিয়াছে বলিয়া ঘোষণা করা হইয়াছে।

আজাদ্ হিন্দ্ ফৌজের নেতৃবর্গের বিচার



লর্ড ওয়াভেল

যুদ্ধ অবসানে কারামুক্তির পর প্রথমেই মহাত্মা গান্ধী জিন্নাহ্-এর সহিত শেষ সন্তোষজনক মীমাংসায় উপস্থিত হওয়া যায় কি না সেই চেষ্টা করিতে অগ্রসর হইলেন। কিন্তু মহম্মদ আলি জিন্নাহ্ পাকিস্তান দাবি ত্যাগ করিতে রাজী হইলেন না। এদিকে গবর্নর-জেনারেল ও ভাইসরয় লর্ড ওয়াভেল (১৯৪৩-৪৭ খ্রীঃ) ভারতের নূতন সংবিধান প্রস্তুতির পূর্বাবধি একটি জাতীয় সরকার গঠনের প্রস্তাব উপস্থিত করিলেন। সিমলায় এইজন্য একটি সর্ব-দলীয় কনফারেন্স আহ্বান করা হইল। মহম্মদ আলি জিন্নাহ্ পাকিস্তান রাষ্ট্র গঠন করিয়া উহার কর্ণধার হইতে বদ্ধপরিকর হইলে সিমলা কনফারেন্সও ব্যর্থ হইল।

লর্ড ওয়াভেল (১৯৪৩-৪৭খ্রীঃ): সিমলা কন্‌ফারেন্স



ক্লীমেন্ট এট্‌লি


এদিকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইংলণ্ডে যে সাধারণ নির্বাচন হইয়াছিল তাহাতে শ্রমিক দল সংখ্যাগরিষ্ঠতা লাভ করিলে ক্লীমেন্ট এট্‌লি প্রধান মন্ত্রী হইলেন।

ভারতেও যে সাধারণ নির্বাচন (১৯৪৬ খ্রীঃ) হইল তাহাতে প্রায় সকল প্রদেশেই কংগ্রেস জয়যুক্ত হইল। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে নির্বাচিত মুসলমান প্রতিনিধির অধিকাংশই হইলেন কংগ্রেস সদস্য। বাংলাদেশ ও সিন্ধু ভিন্ন অপরাপর সকল প্রদেশেই কংগ্রেস মন্ত্রিসভা গঠন করিলে ব্রিটিশ সরকারের আর সন্দেহ রহিল না যে ভারতবর্ষে কংগ্রেসই ভারতীয়দের প্রকৃত মুখপাত্র। এমন সময় (১৮ই ফেব্রুয়ারী, ১৯৪৬ খ্রীঃ) বোম্বাই-এ Royal Indian Navy-র ভারতীয় কর্মচারিগণ বিদ্রোহ ঘোষণা করিলে এবং আন্তর্জাতিক পরিস্থিতির চাপে ভারতবর্ষের উপর আর প্রভুত্ব টিকাইয়া রাখা যাইবে না দেখিয়া ক্লীমেণ্ট এট্‌লি ভারতে শাসনতান্ত্রিক উন্নতিবিধানের জন্য আলাপ-আলোচনা করিতে 'ক্যাবিনেট মিশন' প্রেরণ করিবেন এই ঘোষণা করিলেন। লর্ড প্যাথিক ল্যারেন্স্‌, সার্‌ স্ট্যাফোর্ড ক্রীপ্‌স্‌ ও মিঃ আলেক্‌জাণ্ডার—এই তিন জন ক্যাবিনেট পর্যায়ের মন্ত্রীকে ১৯৪৬ খ্রীষ্টাব্দের মার্চ মাসে (২৩ তারিখে) ভারতবর্ষে পাঠানো হইল। মহম্মদ আলি জিন্নাহ্‌ ও মুস্‌লিম লীগের বিরোধিতায় এবারও কোন ঐক্যবদ্ধ দাবি ক্যাবিনেট মিশনের নিকট উপস্থাপিত করা সম্ভব হইল না। যাহা হউক, ক্যাবিনেট মিশন শেষ পর্যন্ত পাকিস্তান দাবি অগ্রাহ্য করিয়া সর্ব-ভারতীয় একটি যুক্তরাষ্ট্র গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিল।

যুদ্ধোত্তর নির্বাচনে ইংলণ্ডে শ্রমিক দলের জয়লাভ

যুদ্ধোত্তর নির্বাচনে ভারতে কংগ্রেসী দলের জয়লাভ

ক্যাবিনেট মিশন (১৯৪৬ খ্রীঃ)



লর্ড প্যাথিক ল্যারেন্স

ক্যাবিনেট মিশনের প্রস্তাব

হিন্দুপ্রধান অঞ্চলগুলিকে 'ক' শ্রেণী আর মুসলমানপ্রধান অঞ্চলগুলিকে 'খ' শ্রেণী এবং বাংলাদেশ ও আসাম প্রদেশকে 'গ' শ্রেণীতে ভাগ করিয়া এই তিন অঞ্চল হইতে নির্বাচিত প্রতিনিধিবর্গের একটি সংবিধানসভা গঠিত হইবে স্থির হইল। এই তিনটি অঞ্চল নিজ নিজ এলাকার শাসনতন্ত্র স্থির করিবে। তারপর এই সকল বিভিন্ন শাসনতন্ত্রাধীন অংশ এবং যে-সকল দেশীয় রাজ্য যোগদানে ইচ্ছুক সেগুলিকে লইয়া সর্ব-ভারতীয় একটি যুক্তরাষ্ট্র গঠিত হইবে। সংবিধান গঠনের কার্য সম্পন্ন হইবার পূর্বাবধি ভারতের প্রধান রাজনৈতিক দলগুলির প্রতিনিধি লইয়া একটি অন্তর্বর্তী সরকার গঠন করা হইবে। এই ব্যবস্থা অত্যন্ত জটিল

কংগ্রেস কর্তৃক আংশিকভাবে গ্রহণ

ছিল সে-বিষয়ে সন্দেহ নাই। কিন্তু তখনকার পরিস্থিতিতে এইরূপ ব্যবস্থা না করিয়া
উপায়ান্তরও ছিল না। যাহা হউক, কংগ্রেস অন্তর্বর্তী সরকারে যোগদানে স্বীকৃত
হইল না, কিন্তু সংবিধানসভায় যোগদান করিতে রাজী হইল। মুস্‌লিম লীগ উপরি-
উক্ত পরিকল্পনায় পাকিস্তান দাবি একপ্রকার স্বীকৃত হইয়াছে দেখিয়া উহা গ্রহণ করিল
এবং অন্তর্বর্তী সরকারেও যোগদানে স্বীকৃত হইল। কিন্তু কংগ্রেস
রাজী না হওয়ায় লর্ড ওয়াভেল অন্তর্বর্তী সরকার গঠনে স্বীকৃত
হইলেন না। মুস্‌লিম লীগ এককভাবে অন্তর্বর্তী সরকার গঠনের জন্য
লর্ড ওয়াভেলকে চাপ দিয়াও যখন কৃতকার্য হইতে পারিল না তখন সংবিধানসভায়
যোগদান করিবে না বলিয়া জানাইল। ইহা ভিন্ন, প্রত্যক্ষ আন্দোলন শুরু করিবে বলিয়া
হুমকি দেখাইল। ১৯৪৬ খ্রীষ্টাব্দে সংবিধানসভার নির্বাচনে কংগ্রেস
জয়ী হইলে জিন্নাহ্‌ তাঁহার সাম্প্রদায়িকতার অস্ত্র প্রয়োগ করিতে
লাগিলেন। মুস্‌লিম লীগের সমর্থকদের নানাভাবে উস্কানি দেওয়া
হইতে লাগিল। বাংলাদেশে তখন কুখ্যাত সুরাবর্দি মন্ত্রিসভা শাসনকার্য পরিচালনা
করিতেছিল। ১৬ই আগস্ট (১৯৪৬ খ্রীঃ) প্রত্যক্ষ আন্দোলনের নামে কলিকাতা
মহানগরীতে এক ব্যাপক দাঙ্গা ও গুণ্ডাবাজি চলিল। প্রথমে হিন্দুদের উপর একতরফা
আক্রমণ চলিল। দ্বিতীয় দিন অপরাহ্ণ হইতে হিন্দুগণ নিজের আত্মরক্ষার ভার নিজ হস্তেই
গ্রহণ করিল। কারণ, সুরাবর্দি সরকার তখন গুণ্ডাদলের সমর্থকে পরিণত হইয়াছে।
হিন্দুদের পাল্টা আক্রমণে মুসলমানদের মধ্যেও অনেকে হতাহত হইল। কলিকাতা
মহানগরীর পথে বহু মৃতদেহ পড়িয়া থাকিতে দেখা গেল। বাংলাদেশের তদানীন্তন
ব্রিটিশ গবর্নর এবং ভারতের গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয়ের অকর্মণ্যতা ব্রিটিশ নামে
কলঙ্ক লেপন করিল। যাহা হউক, এই সাম্প্রদায়িক দাঙ্গার অবসান
এইখানেই ঘটিল না। নোয়াখালি, ত্রিপুরা প্রভৃতি মুসলমান-
প্রধান অঞ্চলে নির্দোষ হিন্দু নরনারীর উপর মুসলমান গুণ্ডাদের
অমানুষিক বর্বরতা চলিল। ইহার প্রতিক্রিয়া বিহার, উত্তরপ্রদেশ প্রভৃতি অঞ্চলে দেখা
দিল। সমগ্র ভারত তখন সাম্প্রদায়িকতার বিষে বিষাক্ত হইয়া উঠিয়াছে।

ইতিমধ্যে (সেপ্টেম্বর, ১৯৪৬ খ্রীঃ) জওহরলাল নেহরু অন্তর্বর্তী কেন্দ্রীয় সরকার
গঠন করিয়াছিলেন। জিন্নাহ্‌ ও মুস্‌লিম লীগ ইহাতে যোগদান করে নাই। কিন্তু
লর্ড ওয়াভেল শেষ পর্যন্ত মুস্‌লিম লীগকে যোগদানে রাজী
করাইলেন। অল্পকালের মধ্যেই মুস্‌লিম লীগের যে-সকল সদস্য
অন্তর্বর্তী সরকারে যোগদান করিয়াছিলেন তাঁহারা ও লর্ড ওয়াভেল
একপক্ষে চলিয়া গেলেন। ফলে কংগ্রেসী মন্ত্রীদের কার্যকলাপ প্রতি পদেই প্রতিহত
হইতে লাগিল। এমন সময় ব্রিটিশ প্রধান মন্ত্রী ক্লীমেন্ট এট্‌লি
ঘোষণা করিলেন যে, ১৯৪৮ খ্রীষ্টাব্দের জুন মাসের মধ্যে দায়িত্বশীল
ভারতীয় নেতৃবর্গের হস্তে ভারত-শাসনের ভার অর্পণ করিয়া
ব্রিটিশ সরকার ভারত ত্যাগ করিবেন। দায়িত্ববোধসম্পন্ন
নেতৃবর্গ বলিতে প্রধানত কংগ্রেসের নেতৃবর্গকেই যে বুঝানো হইয়াছিল সে-বিষয়ে

মুস্‌লিম লীগ কর্তৃক গৃহীত

মুস্‌লিম লীগের বিরক্তি—প্রত্যক্ষ আন্দোলনের হুমকি

মুস্‌লিম লীগের প্রত্যক্ষ আন্দোলন—কলিকাতায় হত্যাকাণ্ড

পণ্ডিত জওহরলাল নেহরু কর্তৃক অন্তর্বর্তী সরকার গঠন

ব্রিটিশ প্রধান মন্ত্রী কর্তৃক ভারতের স্বাধীনতা ১৯৪৮ খ্রীষ্টাব্দের জুন মাসের মধ্যে সম্পন্ন করিবার ঘোষণা

মুস্‌লিম লীগের কোন সন্দেহের কারণ ছিল না। এই পরিস্থিতিতে মুস্‌লিম লীগ হতাশাজনিত ক্রোধের বশবর্তী হইয়া পাঞ্জাবে শিখ ও হিন্দুদের উপর আক্রমণ চালাইল। প্রায় ৭৫ লক্ষ হিন্দু ও শিখ নরনারী পাঞ্জাব ত্যাগ করিয়া অন্যত্র আশ্রয় গ্রহণে বাধ্য হইল।

পাঞ্জাবের মুস্‌লিম লীগের শিখ ও হিন্দু হত্যা



জওহরলাল নেহরু

বাংলাদেশ ও পাঞ্জাবের ব্যবচ্ছেদ দাবি

এই পরিস্থিতিতে পাঞ্জাব ও বাংলাদেশের হিন্দুপ্রধান অঞ্চলগুলির নিরাপত্তার কথা ভাবিয়া হিন্দু ও শিখগণ বাংলাদেশ ও পাঞ্জাবের ব্যবচ্ছেদ দাবি করিল।

অন্তর্বর্তী কেন্দ্রীয় সরকারের পরিচালক ছিলেন পণ্ডিত জওহরলাল নেহরু। সেই সরকারে মুস্‌লিম সদস্যদের প্রতি লর্ড ওয়াভেল পক্ষপাতিত্ব শুরু করিলে কংগ্রেস নেতৃবর্গের মধ্যে দারুণ বিক্ষোভের সৃষ্টি হইল। ফলে লর্ড ওয়াভেলের স্থলে লর্ড মাউন্টব্যাটেনকে ভারতের গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয় নিযুক্ত করিয়া পাঠানো হইল। ভারতীয়দের নিকট ক্ষমতা হস্তান্তরিত করিবার ভারও তাঁহার উপর ন্যস্ত করা হইল। লর্ড মাউন্টব্যাটেন ১৯৪৭ খ্রীষ্টাব্দের জুন মাসে ভারতের শাসনভার গ্রহণ করিয়া ঐ মাসেই ঘোষণা করিলেন যে, মুসলমানপ্রধান অঞ্চলগুলি ইচ্ছা করিলে পৃথক রাষ্ট্র গঠন করিতে পারিবে। কিন্তু তাহা হইলে বাংলাদেশ ও পাঞ্জাবকে হিন্দু ও মুসলমান অঞ্চল হিসাবে বিভক্ত করিতে হইবে। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও শ্রীহট্ট জেলায় গণভোট গ্রহণ করিয়া সেগুলি কোন্ রাষ্ট্রে থাকিবে তাহা স্থিরীকৃত হইবে। মুসলমানগণ পাকিস্তান গঠন করিতে চাহিলে ব্রিটিশ সরকার ভারতবর্ষকে বিভক্ত করিয়া দুইটি রাষ্ট্র গঠন করিবেন, একথাও বলা হয়।

লর্ড মাউন্ট-ব্যাটেনের ঘোষণা



লর্ড মাউন্টব্যাটেন

মুসলমানপ্রধান অঞ্চলগুলি পৃথক রাষ্ট্র গঠন করিতে ইচ্ছুক হইলে, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও শ্রীহট্ট জেলায় গণভোট গৃহীত হইল। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ পাকিস্তানের সহিত সংযুক্তির সপক্ষে ভোট দিল। আর তদানীন্তন আসাম মন্ত্রিসভা

উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা অবলম্বন না করার ফলে শ্রীহট্টে গণভোট গ্রহণের কালে বহু সংখ্যক হিন্দুকে মুসলিম লীগের সমর্থক গুণ্ডাদল ভোটদানে বাধা দিল। ফলে করিমগঞ্জ মহকুমার কতকাংশ বাদে সমগ্র শ্রীহট্ট জেলাও পাকিস্তানের অন্তর্ভুক্ত হইল। ১৯৪৭ খ্রীষ্টাব্দে ব্রিটিশ পার্লামেন্ট 'ভারতের স্বাধীনতা আইন' পাস করিয়া ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৫ই আগস্ট ভারত ও পাকিস্তান এই দুইটি পৃথক রাষ্ট্র গঠন করিল। এইভাবে দীর্ঘ প্রায় দুইশত বৎসরের ব্রিটিশ শাসনের পর ভারতবাসী স্বাধীনতা লাভ করিল, কিন্তু ভারতের রাজনৈতিক ঐক্য বিনষ্ট করিয়া ভারত ও পাকিস্তান—এই দুইটি স্বাধীন রাষ্ট্রের উৎপত্তি হইল। ব্রিটিশ সাম্রাজ্যবাদের শেষ অপকীর্তি হিসাবে ঐক্যবদ্ধ ভারতকে ভারতীয় ইতিহাস ও ঐতিহ্য উপেক্ষা করিয়া দুইটি পৃথক রাষ্ট্রে ভাগ করা হইল। সাম্প্রদায়িকতার যে বিষবৃক্ষ ব্রিটিশ শাসকবর্গ রোপণ করিয়াছিলেন তাহা ভারত ব্যবচ্ছেদে ফলপ্রদান করিল। ভারত ব্যবচ্ছেদের ভিত্তিতে ভারতের দুই খণ্ড—ভারত ও পাকিস্তান স্বাধীনতা লাভ করিল।

'ভারতের স্বাধীনতা আইন'

১৫ই আগস্ট (১৯৪৭ খ্রীঃ) ভারত ও পাকিস্তান রাষ্ট্রের উদ্ভব

ব্যবচ্ছেদের ভিত্তিতে স্বাধীনতা লাভ

স্বাধীন ভারত (Independent India): স্বাধীনতালাভের পরবর্তী আরও দুই বৎসরের অধিককাল চেষ্টার পর ১৯৪৯ খ্রীষ্টাব্দের ২৬শে নভেম্বর ভারত-রাষ্ট্র এক প্রজাতান্ত্রিক সংবিধান পাস করিল। ১৯৫০ খ্রীষ্টাব্দের ২৬শে জানুয়ারী হইতে ভারতের নূতন সংবিধান চালু হইয়াছে। নূতন সংবিধান অনুযায়ী ভারত একটি সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্রে (Sovereign Democratic Republic) পরিণত হইয়াছে। স্বাধীন ভারতের সংবিধান অনুযায়ী ডক্টর রাজেন্দ্রপ্রসাদ সর্বপ্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হইয়াছিলেন। দীর্ঘকাল ব্রিটিশ সরকারের সহিত ভারতের যোগাযোগ ছিল সেইজন্য ভারত এখনও কমন্‌ওয়েল্‌থের সদস্য রহিয়াছে বটে, কিন্তু ভারত ইংলণ্ডের রাজা বা রাণীর আনুগত্যাধীন নহে। স্বাধীন ভারতকে কমন্‌ওয়েল্‌থের সভ্য হিসাবে রাখিবার জন্য ব্রিটিশ কমন্‌ওয়েল্‌থকে এখন 'কমন্‌ওয়েল্‌থ অব্ ন্যাশন্‌স্ (Commonwealth of Nations) নামকরণ করা হইয়াছে। কমন্‌ওয়েল্‌থের সহিত ভারতের সম্পর্ক সম্পূর্ণ সৌহার্দ্যমূলক। স্বাধীন ভারতের আদর্শ হইল আভ্যন্তরীণ পুনরুজ্জীবন এবং পররাষ্ট্র-ক্ষেত্রে শান্তি ও মৈত্রী রক্ষা করিয়া চলা।

সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র স্থাপন (২৬শে জানুয়ারী, ১৯৫০ খ্রীঃ)

সপ্তত্রিংশ অধ্যায়

ব্রিটিশ শাসনাধীন ভারতের ধর্ম, অর্থনীতি, সমাজ, শিক্ষা ও সংস্কৃতি

(Religious, Economic, Social, Educational and Cultural Life of the Indians under the British Rule)

ধর্মান্দোলন (Religious Movement): ঊনবিংশ শতাব্দীর প্রথম অংশে ভারতের জাতীয়তাবাদের স্রষ্টা, রাষ্ট্র-চিন্তানায়ক, ধর্ম-প্রবর্তক রামমোহন রায় যে নবজাগরণের সূচনা করিয়াছিলেন উহার ফলে ভারতের ধর্মনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে এক নূতন ধারার সৃষ্টি হইয়াছিল।

সর্বক্ষেত্রে নবচেতনা

এই নব যুগের বিকাশ ধর্মের ক্ষেত্রে ব্রাহ্ম সমাজ, প্রার্থনা সমাজ, আর্য সমাজ এবং রামকৃষ্ণ মিশন স্থাপনে প্রকাশলাভ করিল।

***ব্রাহ্ম সমাজ* (Brahmo Samaj) :** সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে ব্রাহ্ম সমাজ পর্দাপ্রথার উচ্ছেদ, বিধবা-বিবাহের প্রচলন, বহু-বিবাহ প্রথার উচ্ছেদ, জাতিভেদ প্রথা দূরীকরণের জন্য সচেষ্ট ছিল। সকল জাতির লোকের সহিত একত্রে বসিয়া খাওয়া-দাওয়া বা সমুদ্রযাত্রা প্রভৃতিতে কোন দোষ নাই এইসব ধারণাও রামমোহন-প্রবর্তিত ব্রাহ্ম সমাজ জাগাইয়া তুলিতে সাহায্য করিয়াছিল।

ব্রাহ্ম সমাজ— রামমোহন


***প্রার্থনা সমাজ* (Prarthana Samaj) :** প্রার্থনা সমাজ নামদেব, তুকারাম, রামদাস প্রভৃতি মহারাষ্ট্রীয় ধর্মগুরুর মূলনীতির উপর ভিত্তি করিয়া গড়িয়া উঠিয়াছিল। জাতিভেদ ও অস্পৃশ্যতা বর্জন, বিধবা-বিবাহ, অসবর্ণ বিবাহ, সমাজের নিম্নশ্রেণীর লোকদের উন্নয়ন প্রভৃতি অতি প্রয়োজনীয় সামাজিক সংস্কারের উপর প্রার্থনা সমাজ জোর দিয়াছিল। মাধব গোবিন্দ রাণাডে ছিলেন প্রার্থনা সমাজের প্রধান নেতা। মানুষে মানুষে সম্প্রীতি বৃদ্ধি এবং সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সর্বপ্রকার উন্নতি সাধন করিয়া ভারতীয়দের এক উন্নততর জীবনের আস্বাদ দান করাই ছিল রাণাডের আদর্শ।

প্রার্থনা সমাজ— রাণাডে

***আর্য সমাজ* (Arya Samaj) :** পাশ্চাত্য শিক্ষা ও সংস্কৃতির প্রভাবে প্রভাবিত হইয়া ব্রাহ্ম সমাজ ও প্রার্থনা সমাজ গঠিত হইয়াছিল। কিন্তু সম্পূর্ণ ভারতীয় ধর্ম ও সংস্কৃতিকে ভিত্তি করিয়া গড়িয়া উঠিয়াছিল আর্য সমাজ ও রামকৃষ্ণ মিশন। আর্য সমাজ ধর্ম-বিষয়ে উদার-নীতির পক্ষপাতী ছিল। দয়ানন্দ-স্থাপিত আর্য সমাজের প্রধান আদর্শ ছিল হিন্দু ধর্ম ও সমাজ হইতে কুসংস্কার দূর করা এবং বৈদিক ধর্মের পুনঃপ্রবর্তন করা। অহিন্দুকে 'শুদ্ধি'র মাধ্যমে হিন্দু সমাজে গ্রহণ করা ছিল আর্য সমাজের সর্বাধিক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

আর্য সমাজ—দয়ানন্দ

***শ্রীরামকৃষ্ণ পরমহংস* (Sri Ramkrishna Paramhansa) :** শ্রীরামকৃষ্ণ ছিলেন হিন্দুধর্মের প্রতীকস্বরূপ, কিন্তু তাঁহার উদারতা ও মানবতার মাধ্যমে তিনি সর্ব-ধর্মসমন্বয়ের পন্থাই প্রদর্শন করিয়া গিয়াছেন। শ্রীরামকৃষ্ণ ১৮৩৪ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন। অধ্যাত্ম জ্ঞানলাভের পূর্বে তাঁহার নাম ছিল গদাধর চট্টোপাধ্যায়। পাশ্চাত্য শিক্ষা-মুক্ত এবং সাধারণ অর্থে



শ্রীরামকৃষ্ণ

অশিক্ষিত এই মহামানব তাঁহার অকৃত্রিম ও হৃদয়স্পর্শী বাণী ও ভাবের দ্বারা হিন্দুধর্মের অন্তর্নিহিত শক্তির যেমন প্রকাশ করিতে সমর্থ হইয়াছিলেন, তেমনি হিন্দু, মুসলমান, খ্রীষ্টান—সকল ধর্মের প্রতি সম-পরিমাণ শ্রদ্ধা প্রদর্শন করিয়া হিন্দুধর্মকে সঙ্কীর্ণতার গণ্ডিমুক্ত করিয়াছিলেন। ১৮৮৬ খ্রীষ্টাব্দে তিনি দেহরক্ষা করেন।

সর্বধর্ম সমন্বয়ের বাণী

স্বামী বিবেকানন্দ (Swami Vivekananda): শ্রীরামকৃষ্ণ ও তাঁহার সুযোগ্য শিষ্য স্বামী বিবেকানন্দ হিন্দু জাতিকে নিজের অন্তরের দিকে দৃষ্টি দিতে শিখাইয়াছিলেন। নরেন্দ্রনাথ দত্ত (পরবর্তীকালে স্বামী বিবেকানন্দ) ১৮৬২ খ্রীষ্টাব্দের ১২ই জানুয়ারী জন্মগ্রহণ করিয়াছিলেন। ১৮৯৩ খ্রীষ্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্রের সিকাগো শহরে নিখিল বিশ্ব-ধর্ম সম্মেলনে তিনি হিন্দুধর্মের আদর্শ বিশ্লেষণ করিয়া পাশ্চাত্ত্য জাতিকে হিন্দু তথা ভারতীয় ধর্মের প্রতি যেমন শ্রদ্ধাশীল করিয়া তুলিয়াছিলেন, তেমনি বাঙালী তথা ভারতবাসীকে পরধর্ম অনুকরণ না করিয়া নিজস্ব ধর্মের দিকে দৃষ্টি দিতে শিখাইয়াছিলেন। ভারতবাসী যখনই নিজের দিকে দৃষ্টি দিতে শিখিল তখনই ভারতীয় সমাজ, রাজনীতি, সাহিত্য, সংস্কৃতি সর্বক্ষেত্রে নিজস্ব বৈশিষ্ট্য বজায় রাখিয়া পাশ্চাত্ত্য প্রভাব গ্রহণের দূরদর্শিতা তাহাদের মধ্যে জাগিয়া উঠিল। বাঙালী জাতি তথা ভারতবাসীকে আত্মবিস্মৃতির পথ ত্যাগ করিয়া আত্মদর্শনের পথের সন্ধান বিবেকানন্দ দিয়া গিয়াছিলেন। ফলে ভারতের জাতীয় জীবনের প্রতি স্তরে এক নূতন আদর্শ, এক নূতন চেতনার বিকাশ ঘটিতে লাগিল। ১৯০২ খ্রীষ্টাব্দে স্বামী বিবেকানন্দ মাত্র চল্লিশ বৎসর বয়সে দেহত্যাগ করেন।

রামকৃষ্ণ মিশন— শ্রীরামকৃষ্ণ, বিবেকানন্দ




স্বামী বিবেকানন্দ

শ্রীঅরবিন্দ (Sri Arabindo): ১৮৭২ খ্রীষ্টাব্দের ১৫ই আগস্ট শ্রীঅরবিন্দ জন্মগ্রহণ করেন। বাল্যকাল হইতে বিলাতে শিক্ষা গ্রহণ করিবার পর তিনি ভারতে প্রত্যাবর্তন করিয়া বরোদা রাজ্যের সরকারী কলেজের উপ-অধ্যক্ষ পদ গ্রহণ করেন। সেই সময়েই তাঁহার প্রবন্ধাদির মাধ্যমে তাঁহার অসাধারণ মনীষা ও নূতন চিন্তাধারার পরিচয় ভারতবাসী লাভ করে। ১৯০৫ খ্রীষ্টাব্দের বঙ্গ-ভঙ্গ আন্দোলনে যোগদান এবং চরম-পন্থী সন্ত্রাসবাদী কার্যকলাপ, 'বন্দে মাতরম্' পত্রিকার সম্পাদক হিসাবে জাতীয়তাবোধের সৃষ্টি প্রভৃতি নানাভাবে শ্রীঅরবিন্দ তাঁহার দেশপ্রেম ও স্বাধীনতা-স্পৃহার পরিচয় দিয়াছিলেন। ব্রিটিশ সরকারের

প্রথম জীবন : দেশাত্মবোধ

জাতীয়তাবোধের বিস্তারে শ্রীঅরবিন্দের অবদান

রোষদৃষ্টির ফলে তাঁহাকে কারাবরণ করিতে হইয়াছিল। আলিপুর বোমার মামলায়—অর্থাৎ সন্ত্রাসবাদী কার্যকলাপের জন্য তাঁহাকে গ্রেপ্তার করা হইয়াছিল, কিন্তু অপরাধ প্রমাণিত না হওয়ায় সেইবার তিনি খালাস পাইয়াছিলেন। ইহারপর হইতে অরবিন্দের উপর ধর্মের গভীর প্রভাব পরিলক্ষিত হয়। তিনি কিছুকাল 'কর্মযোগিন' পত্রিকার সম্পাদন করেন। ১৯১০ খ্রীষ্টাব্দে তিনি ফরাসী-অধিকৃত চন্দননগর যাত্রা করেন। ইহার পর চারি বৎসর অজ্ঞাতবাসের পর ১৯১৪ খ্রীষ্টাব্দের আগস্ট মাসে পণ্ডিচেরিতে তিনি আত্মপ্রকাশ করেন। ক্রমে শ্রীঅরবিন্দ ভারতীয় ধর্ম, দর্শন, রাষ্ট্র এবং সংস্কৃতি বিষয়ক বহু গ্রন্থ রচনা করেন। এগুলির মধ্যে 'The Life Divine' সর্বাপেক্ষা উল্লেখযোগ্য।


শ্রীঅরবিন্দ

পণ্ডিচেরি আশ্রম

পণ্ডিচেরিতে নিজ আশ্রমে আধ্যাত্মিক সাধনায় ব্যাপৃত থাকিলেও শ্রীঅরবিন্দ ভারতের সমস্যা সম্পর্কে সর্বদা অভিহিত থাকিতেন। প্রয়োজনীয় ক্ষেত্রে তিনি তাঁহার মতামত ও উপদেশ দিতে কার্পণ্য করেন নাই। অধ্যাত্ম সাধনার মাধ্যমে ভারতের আত্মাকে উপলব্ধি করিবার চেষ্টা, হিন্দুধর্মের মূল সত্য উপলব্ধি করাই ছিল শ্রীঅরবিন্দের উদ্দেশ্য।

অর্থনৈতিক অবস্থা (Economic Condition): ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের পূর্ববর্তী এক শতাব্দী ধরিয়া ইঙ্গ-বণিক সম্প্রদায়ের শোষণের ফলে ভারতের অর্থনৈতিক অবস্থা দুর্দশাগ্রস্ত হইয়া পড়িয়াছিল। ভারতবর্ষ হইতে এক অভাবনীয় পরিমাণ সোনা ও রূপা ইংলণ্ডে চলিয়া যাওয়ার অবশ্যম্ভাবী ফল হিসাবে ভারতবর্ষ পূর্ব-ঐশ্বর্য হারাইয়া দরিদ্র দেশে পরিণত হইতে চলিয়াছিল। তদুপরি অষ্টাদশ শতাব্দীতে শিল্প-বিপ্লবের ফলে ইংলণ্ডের শিল্পোন্নতির ইতিহাসে এক যুগান্তকারী পরিবর্তন ঘটিয়াছিল। বিলাতী পণ্য ভারতের বন্দর, বাজার ছাইয়া ফেলিলে ক্রমেই ভারতীয় কুটির শিল্পগুলি পতনোন্মুখ হইয়া উঠিল। ভারতবাসী ক্রমেই কৃষি-আশ্রয়ী হইয়া উঠিতে লাগিল, দেশীয় বাণিজ্য ক্রমেই বিদেশী, বিশেষত ইংরেজ বণিকদের হস্তে চলিয়া যাইতে লাগিল। উনবিংশ শতাব্দীর মধ্যভাগে সুয়েজ খাল চালু হইলে ভারতের বৈদেশিক বাণিজ্য বহুগুণে বাড়িয়া চলিল, কিন্তু এই বাণিজ্য-লব্ধ মুনাফার সবকিছুই ইওরোপীয়দের হস্তে চলিয়া গেল। পূর্বে ভারতবর্ষ কৃষিজাত দ্রব্যাদির মধ্যে প্রধানত মসলা বিদেশে রপ্তানী করিত। অপরাপর রপ্তানী দ্রব্য ছিল তুলা, তুলা হইতে প্রস্তুত নানা প্রকারের বস্ত্রাদি। ইহা ভিন্ন, পশমী ও রেশমী বস্ত্রাদি, কাংস্য-নির্মিত পাত্র প্রভৃতি প্রচুর পরিমাণে বিদেশে

ভারতবর্ষ দরিদ্র দেশে পরিণত

বিদেশী বণিকদের প্রতিযোগিতা—কুটির শিল্পের অপমৃত্যু

রপ্তানী হইত। কিন্তু ১৮৫৮ খ্রীষ্টাব্দের পর হইতে রেলপথ, খাল, টেলিগ্রাফ, স্টীমার প্রভৃতির প্রচলনের সঙ্গে সঙ্গে ভারতের শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে এক বিরাট পরিবর্তন ঘটিল। বিদেশ হইতে যন্ত্র-নির্মিত পণ্যাদি ভারতের নিজস্ব শিল্পজাত দ্রব্যাদিকে প্রতিযোগিতায় হারাইয়া দিয়া ভারতবাসীর অর্থ নৈতিক অবস্থায় এক বিপর্যয় আনিল। ইওরোপীয় শিল্পজাত দ্রব্যাদির মধ্যে অনেক কিছুই ছিল ঐশ্বর্য-সামগ্রী। নূতন ধরনের রেশমী ও পশমী পোশাকাদি, চামড়া ও চামড়া দ্বারা তৈয়ারি জিনিসপত্র, আসবাবপত্র, ঘড়ি, চীনামাটির জিনিসপত্র, কাঁচ ও কাঁচ-নির্মিত দ্রব্যাদি, কাগজ, খেলনা, সুগন্ধ দ্রব্য, সিগারেট, সাইকেল, মোটর-গাড়ী, ছাতা, সেলাই-এর কল, দিয়াশলাই, কেরোসিন তৈল, গায়ে-মাখা সাবান প্রভৃতি ভারতের বাজার-হাট ছাইয়া ফেলিল। এগুলির আমদানী একদিকে যেমন দেশীয় শিল্পের সর্বনাশসাধন করিল অপরদিকে তেমনি ভারতীয়দের রুচিজ্ঞানেও আমূল পরিবর্তন আনিল।

বৈদেশিক ঐশ্বর্য-সামগ্রীর আমদানী

এদিকে ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ দমনের জন্য ব্রিটিশ সরকারকে ঋণগ্রস্ত হইতে হইয়াছিল। এই ঋণগ্রস্ততা দূরীকরণের জন্য আয়কর, আমদানী-শুল্ক প্রভৃতি স্থাপিত হইয়াছিল। ইহার ফলে জনসাধারণের উপর অর্থ নৈতিক চাপ পূর্বাপেক্ষা বহু বৃদ্ধি পাইয়াছিল। ভারতীয়গণ ক্রমেই কৃষির উপর নির্ভরশীল হইয়া পড়ায় কৃষি-জমির উপর চাপ বৃদ্ধি পাইয়াছিল। অথচ উপযুক্ত সেচব্যবস্থার অভাব এবং বৃষ্টিপাতের উপর নির্ভরশীলতার ফলে কয়েক বৎসর পর পরই দুর্ভিক্ষ দেখা দিতে লাগিল। জমিদারশ্রেণীর কৃষক-শোষণ ও জমি হইতে উচ্ছেদের ফলে কৃষকদের অবস্থা শোচনীয় হইয়া পড়িল। ব্রিটিশ সরকার বাধ্য হইয়া প্রজাস্বত্ব আইন পাস করিলেন। ইহাতে কৃষকদের স্বার্থ আংশিকভাবে সংরক্ষিত হইল। ১৮৫৮ খ্রীষ্টাব্দে কোম্পানির হাত হইতে শাসনভার গ্রহণ করিয়া ব্রিটিশ সরকার সরকারী কর্মচারী ছাঁটাই, নূতন নূতন কর স্থাপন প্রভৃতির মাধ্যমে সরকারের আর্থিক অবস্থার উন্নতিসাধন করিতে চাহিলেন। ইহার ফলে সরকারের আর্থিক অবস্থার সামান্য উন্নতি সাধিত হইলেও জনসাধারণের অবস্থা আরও শোচনীয় হইয়া পড়িল। ইহার অল্পকালের মধ্যে মার্কিন অন্তর্যুদ্ধ শুরু হইলে আমেরিকা-জাত তুলা রপ্তানী সাময়িকভাবে বন্ধ হইয়া গেল। ফলে ভারতীয় তুলার চাহিদা খুব বৃদ্ধি পাইল। এই সূত্রে বহু ব্যবসায়ী ও বাণিজ্য-প্রতিষ্ঠান বিরাট পরিমাণ মূলধন তুলার ব্যবসায়ে খাটাইতে লাগিল এবং বোম্বাই-এর ব্যাঙ্ক ব্যবসায়িগণকে প্রচুর পরিমাণে ঋণ দিয়া সাহায্য করিতে লাগিল। কিন্তু মার্কিন অন্তর্যুদ্ধ থামিয়া যাইবার সঙ্গে সঙ্গে (১৮৬৫ খ্রীঃ) তুলার বাজার মন্দা হইয়া গেলে বহু ব্যবসায়ী ও বাণিজ্য-প্রতিষ্ঠান দুর্দশাগ্রস্ত হইল। বোম্বাই-এর ব্যাঙ্কও ক্ষতিগ্রস্ত হইয়া উঠিয়া গেল। এইভাবে নানা দিক হইতে উনবিংশ শতাব্দীর শেষার্ধে ভারতের অর্থ নৈতিক অবস্থা সঙ্কটজনক হইয়া উঠিল।

ভারতবাসীর কৃষির উপর নির্ভরশীলতা বৃদ্ধি

তুলা রপ্তানী-বাণিজ্য বৃদ্ধি

অর্থসঙ্কট

উনবিংশ শতাব্দীর শেষভাগে ভারতবাসীর মধ্যে অর্থনৈতিক উন্নতির আগ্রহ ক্রমে দেখা দিতে লাগিল। কেবলমাত্র কাঁচামাল চালান দিয়া বিদেশ হইতে সেই কাঁচামালে প্রস্তুত সামগ্রী পুনরায় বহুগুণে বেশী দাম দিয়া কিনিবার নির্বুদ্ধিতা ভারতবাসী উপলব্ধি করিল। স্বভাবতই আধুনিক পদ্ধতিতে নূতন নূতন শিল্প গড়িয়া তুলিবার আগ্রহ দেখা দিল। তারপর হইতে ক্রমেই নাগপুর, শোলাপুর, আহ্‌ম্মদাবাদ প্রভৃতি অঞ্চলে কাপড়ের মিল স্থাপিত হইতে লাগিল। ১৯০৫ খ্রীষ্টাব্দে স্বদেশী আন্দোলনের ফলে বিলাতী দ্রব্য বর্জনের যে ব্যাপক আগ্রহ দেখা দিয়াছিল তাহা অধিকতর সংখ্যায় কাপড়ের মিল স্থাপনের উৎসাহ যোগাইয়াছিল। ভারতীয় মিলে প্রস্তুত কাপড়ের প্রতিযোগিতায় বিলাতী কাপড়ের মিলগুলি কোনপ্রকার ক্ষতিগ্রস্ত যাহাতে না হয় সেইজন্য ব্রিটিশ সরকার বিলাতী কাপড় আমদানীর উপর শুল্ক উঠাইয়া দিলেন। অপরদিকে ভারতীয় মিলগুলির কাপড়ের উপর শুল্ক স্থাপন করিয়া ভারতীয় বস্ত্রশিল্পোন্নতিতে বাধার সৃষ্টি করিতে ব্রিটিশ সরকার দ্বিধাবোধ করিলেন না।

দেশীয় শিল্প-প্রতিষ্ঠান স্থাপনের সূচনা

প্রথম বিশ্বযুদ্ধ শুরু হইলে যখন বিলাতী শিল্পজাত দ্রব্যাদি আমদানী করা কঠিন হইয়া উঠিল তখন ব্রিটিশ সরকার ভারতে শিল্প-প্রতিষ্ঠান গড়িয়া তুলিবার প্রয়োজনীয়তা উপলব্ধি করিলেন। এদিকে ভারতীয় জনমতও শিল্প স্থাপনের জন্য চাপ দিতে থাকিলে ব্রিটিশ সরকার একটি 'শিল্প কমিশন' স্থাপন করিলেন (১৯১৬ খ্রীঃ)। এই কমিশনের রিপোর্টের উপর নির্ভর করিয়া শিল্পোন্নতির জন্য সরকারী উৎসাহদানের নীতি গৃহীত হইল। কিন্তু প্রথম বিশ্বযুদ্ধের ফলে যে শিল্পোন্নতির উৎসাহ ও আগ্রহ দেখা দিয়াছিল তাহা যুদ্ধোত্তর কালে বৈদেশিক পণ্যের প্রতিযোগিতায় বিনষ্ট হইল। পরবর্তী প্রায় বিশ বৎসরে ভারতে পাটকল, চিনিকল, কাগজের মিল, লৌহ-ইস্পাত শিল্প প্রভৃতি স্থাপিত হইল। ইতিমধ্যে ভারতের বস্ত্রশিল্প খুবই উন্নত হইয়া উঠিয়াছিল। সঙ্গে সঙ্গে জাতীয়তাবোধ বৃদ্ধি, স্বদেশী আন্দোলন প্রভৃতির ফলে তাঁতশিল্প, সাবান, ঔষধ প্রভৃতি প্রস্তুতের কার্যাদিও উৎসাহলাভ করিল। কিন্তু স্বাধীনতালাভের পূর্বাবধি ভারতবর্ষ শিল্পক্ষেত্রে পশ্চাৎপদ দেশই রহিয়া গেল। এই সকল শিল্প বৈদেশিক মূলধনের সাহায্যে বিদেশীগণ কর্তৃক স্থাপিত হইয়াছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কালে শিল্পজাত জিনিসপত্রের চাহিদা বহুগুণে বৃদ্ধি পাইল এবং বিদেশ হইতে আমদানীর অসুবিধা ঘটিলে স্বভাবতই ব্রিটিশ সরকার শিল্পোন্নতির দিকে মনোযোগ দিলেন। পাট, কয়লা, লৌহ প্রভৃতি শিল্প ভিন্ন অন্যান্য শিল্পেরও যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছিল। সমুদ্রগামী জাহাজ নির্মাণের কারখানা স্থাপন যুদ্ধকালের শিল্পোন্নতির আলোচনায় বিশেষভাবে উল্লেখযোগ্য।

দেশীয় শিল্পোন্নতি

শিল্প-প্রতিষ্ঠান, কারখানা প্রভৃতি গড়িয়া তুলিতে থাকিলে শ্রমিকের উপর যাহাতে কোনপ্রকার জুলুম না হইতে পারে সেই চেষ্টাও চলিল। শ্রমিকদের কাজের সময় বাঁধিয়া দেওয়া হইল। শিশু ও নারী শ্রমিকদের সর্বাধিক কত ঘণ্টা খাটানো যাইতে পারে তাহাও নির্দিষ্ট করিয়া দেওয়া হইল। ক্রমে ক্রমে নানাবিধ কারখানা-আইন

পাস করা হইল। কারখানা-আইন মানিয়া চলা হইতেছে কি না পরিদর্শনের জন্য 'ফ্যাক্টরী ইন্‌স্পেক্টর' নিযুক্ত করা হইল। এই সকল শ্রমিক-উন্নয়নের আইন-কানুন বিংশ শতাব্দীর প্রথমাংশেই প্রবর্তিত হইয়াছিল। বিগত দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে দৈনন্দিন ব্যবহার্য জিনিসপত্র এবং খাদ্যদ্রব্যাদির দাম বৃদ্ধি পাইলে স্বভাবতই শ্রমিকগণ অধিক পারিশ্রমিক চাহিতে লাগিল। বেতনের উপর মাগগি-ভাতা, বোনাস প্রভৃতি তাহারা দাবি করিলে ক্রমে এই সকল দাবি শিল্পপতিগণ স্বীকার করিয়া লইতে বাধ্য হইলেন। ক্রমে শ্রমিকদের ক্ষতিপূরণের আইন (১৯৪৭ খ্রীঃ), শ্রমিক ও মালিকের বিরোধ মিটমাট করিবার ব্যবস্থা সম্বলিত আইন (১৯৪৭ খ্রীঃ) প্রভৃতি পাস করিয়া শ্রমিকদের অবস্থার উন্নয়ন করা হইয়াছে। শ্রমিকদের ট্রেড্ ইউনিয়নগুলি তাহাদের অবস্থার উন্নতিসাধনে, বিশেষভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যথেষ্ট সাফল্য অর্জন করিয়াছে।

শ্রমিক ও শ্রমিক উন্নয়ন আইন-কানুন

কৃষিই হইল ভারতের অর্থনৈতিক কাঠামোর মূল ভিত্তি। ইংরেজ বণিকদের প্রতিযোগিতায় ভারতীয়রা যখন শিল্পক্ষেত্র হইতে বহিষ্কৃত হইয়াছিল তখন কৃষিই উপজীবিকার একমাত্র উৎসস্বরূপ হইয়া দাঁড়াইয়াছিল। কিন্তু উনবিংশ শতাব্দীর দ্বিতীয়াংশে ভারতের কৃষির উন্নতির কোন উল্লেখযোগ্য ব্যবস্থা অবলম্বন করা হয় নাই। বৃষ্টিপাতের উপর নির্ভরশীল কৃষিব্যবস্থার যাবতীয় ত্রুটি কৃষি ও কৃষক সমাজকে পঙ্গু করিয়া দিতেছিল। ফসল ভাল না হইলেই দুর্ভিক্ষ দেখা দিত। ১৮৫৮ খ্রীষ্টাব্দ হইতে ১৯০১ খ্রীষ্টাব্দের মধ্যে অন্ততপক্ষে চারিবার দুর্ভিক্ষ দেখা দিয়াছিল। ১৯০১ খ্রীষ্টাব্দে দুর্ভিক্ষের পর লর্ড কার্জন ভারতীয় কৃষির প্রয়োজনীয় সেচব্যবস্থা সম্পর্কে তদন্ত করিয়া প্রয়োজনীয় সুপারিশ করিবার জন্য একটি সেচ কমিশন নিযুক্ত করেন। এই কমিশনের সুপারিশ অনুসারে বোম্বাই, মাদ্রাজ, বুন্দেলখণ্ড, মধ্যপ্রদেশ প্রভৃতিতে সেচ পরিকল্পনা গ্রহণ করা হয়। ঐ বৎসরই 'ইন্‌স্পেক্টর জেনারেল অব্ এগ্রিকালচার' নামে জনৈক উচ্চপদস্থ কর্মচারীকে সরকারী কৃষিবিভাগের দায়িত্ব দেওয়া হয়। কৃষির উন্নতির জন্য ১৯০৪ খ্রীষ্টাব্দে সমবায় ঋণদান সমিতি সংক্রান্ত আইন পাস করিয়া গ্রামাঞ্চলে সমবায় ঋণদান সমিতির নিকট হইতে অল্প সুদে ঋণ গ্রহণের ব্যবস্থা চালু করা হয়। পরবর্তীকালে একাধিক আইন পাস করিয়া সমবায় সমিতির মাধ্যমে গ্রামাঞ্চলে কৃষিব্যবস্থা ও কৃষকদের উন্নতির চেষ্টা করা হইয়াছে। কিন্তু সমবায় সমিতিগুলি গ্রামাঞ্চলে আশানুরূপ কাজ করিতে সমর্থ হয় নাই। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কালে যখন কৃষিজাত কাঁচামালের চাহিদা বৃদ্ধি পাইল তখন কৃষিব্যবস্থার যাবতীয় ত্রুটি সুস্পষ্টভাবে সরকারের নিকট পরিস্ফুট হইয়া উঠিল। উপযুক্ত পরিবহণব্যবস্থার অভাব, মূলধন, বিক্রয়কেন্দ্র, সার ও কৃষি-যন্ত্র প্রভৃতির অভাব উপলব্ধি করিয়া তদানীন্তন ভারত-সরকার পরিকল্পনা প্রস্তুত করিয়া ভারতীয় কৃষিব্যবস্থার উন্নতিসাধনের প্রতিশ্রুতি দান করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কালে কৃষিজাত দ্রব্যাদির

কৃষিব্যবস্থার ত্রুটি

সেচ-খাল

সমবায়ব্যবস্থা

দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে কৃষকদের দুরবস্থা

দাম বৃদ্ধি পাইয়াছিল বলিয়া কৃষকগণ অধিক পরিমাণ অর্থ আয় করিতে সমর্থ হইয়াছিল বটে, কিন্তু কাপড়চোপড় ও অন্যান্য শিল্পজাত জিনিসের অভাবে গ্রামাঞ্চলের লোকদের দারুণ অসুবিধাগ্রস্ত হইতে হইয়াছিল।

জনসাধারণের অবস্থা

ব্রিটিশ শাসনাধীন ভারতে জনসাধারণের অবস্থা পূর্বাপেক্ষা বহুগুণে খারাপ হইয়া পড়িল। স্বাধীনভাবে ক্ষুদ্র ব্যবসায় বা শিল্প পরিচালনা করিয়া প্রয়োজনীয় অর্থ রোজগার করা কঠিন হইয়া উঠিল। বিলাতী, জাপানী ও অন্যান্য বৈদেশিক সামগ্রীর প্রতিযোগিতার সম্মুখে এই ধরনের ব্যক্তিগত মালিকানায় ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প বা ব্যবসায় চালাইবার কোন সুযোগ রহিল না। স্বভাবতই বেকারত্ব, দারিদ্র্য প্রভৃতি জনসাধারণের মানসিক ও দৈহিক শক্তি বিনষ্ট করিতে লাগিল। ইতিমধ্যে দেশে শিক্ষার প্রসারের সঙ্গে সঙ্গে শিক্ষিত বেকারদের সংখ্যাও বাড়িয়া চলিল। সাধারণ লোকের জীবনযাত্রার মান অতি নিম্ন পর্যায়ে গিয়া পৌঁছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধে কাগজী মুদ্রার অত্যধিক প্রচলনের ফলে এবং যুদ্ধের প্রচুর চাহিদার ফলে দৈনন্দিন ব্যবহার্য সামগ্রীর দাম অত্যধিক বৃদ্ধি পাইল। যুদ্ধের ফলে কতক পরিমাণ কর্মসংস্থান হইয়াছিল তথাপি মূল্যস্তর বৃদ্ধি পাইবার ফলে জনসাধারণের দুর্দশার সীমা রহিল না। গ্রামাঞ্চলের লোকদেরও দুর্দশার সীমা ছিল না। সেই কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে।

সামাজিক অবস্থা (Social Condition): পাশ্চাত্ত্য শিক্ষার বিস্তার এবং পাশ্চাত্ত্যদেশীয় শিল্পজাত সামগ্রী আমদানীর ফলে ভারতীয় সমাজ-জীবনে দারুণ পরিবর্তন দেখা দিল। একদিকে সমাজের কুসংস্কার, ধর্ম সংক্রান্ত কুসংস্কারাদি দূরীকরণের এক তীব্র আকাঙ্ক্ষা জাগিয়া উঠিল। অপরদিকে সামাজিক জীবনের রীতিনীতি, পারিবারিক জীবনের ব্যবহার, রুচিজ্ঞান প্রভৃতির বিরাট পরিবর্তন ঘটিল। নারীজাতির মধ্যে শিক্ষাবিস্তারের ফলে গৃহস্থালীর কার্য ভিন্ন সামাজিক ও রাজনৈতিক কার্যে নারীজাতি অংশগ্রহণ করিতে অগ্রসর হন। অর্থনৈতিক চাপে নারীজাতি চাকরি গ্রহণ করিতেও বাধ্য হন। এইভাবে নারীজাতি ক্রমেই পুরুষদের সহিত সম-পর্যায়ভুক্ত হইতে থাকেন। সমাজ-সংস্কারের ক্ষেত্রে ব্রাহ্ম সমাজ, প্রার্থনা সমাজ, আর্য সমাজ, রামকৃষ্ণ মিশন প্রভৃতি বিভিন্ন প্রতিষ্ঠানের অবদানের কথা পূর্বেই আলোচনা করা হইয়াছে।

সমাজ-সংস্কার

নারীজাতির অধিকার

শিক্ষা (Education): আধুনিক ভারতের অভ্যুত্থানের পশ্চাতে পাশ্চাত্ত্য শিক্ষা ও সংস্কৃতির অপরিসীম প্রভাব পরিলক্ষিত হয়। ১৮১৩ খ্রীষ্টাব্দে চার্টার এ্যাক্টে সর্বপ্রথম শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ করা হইয়াছিল। ভারতীয় শিক্ষার পুনরুজ্জীবন, উন্নয়ন এবং বিজ্ঞানের প্রসার ছিল এই ব্যয়বরাদ্দের* উদ্দেশ্য। রাজা রামমোহন রায় এবং

* "Revival and improvement of literature and the improvement of the sciences:" Thompson and Garratt: *Charter Act, 1813*, p. 266.

সে-যুগের শিক্ষিত বাঙালী মনীষীদের আগ্রহে এবং লর্ড ম্যাকলের চেষ্টায় ইংরেজী ভাষার মাধ্যমে পাশ্চাত্ত্য শিক্ষাবিস্তারের ব্যবস্থা লর্ড বেন্টিঙ্কের শাসনকালে প্রচলিত হয়। এই সময় হইতে ক্রমে ক্রমে শিক্ষাপ্রসারের চেষ্টা চলিতে থাকে। ১৮৫৭ খ্রীষ্টাব্দে কলিকাতা এবং ১৮৫৮ খ্রীষ্টাব্দে বোম্বাই ও মাদ্রাজ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। ইহার পর হইতে প্রধানত বেসরকারী সাহায্যের উপর ভিত্তি করিয়া বহু স্কুল ও কলেজ স্থাপিত হইতে থাকে।

ইংরেজী শিক্ষার প্রবর্তন

বাংলাদেশে উচ্চ শিক্ষার প্রসারকল্পে কলিকাতায় কয়েকটি বেসরকারী কলেজ ঐ সময়ে প্রতিষ্ঠিত হয়। অনুরূপ লক্ষ্ণৌতে ক্যানিং কলেজ, আলিগড়ে আলিগড় কলেজ, বারাণসীতে হিন্দু কলেজ প্রভৃতি স্থাপিত হয়। পরে এই তিনটি কলেজই লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়, আলিগড় মুস্‌লিম বিশ্ববিদ্যালয় ও বারাণসী হিন্দু বিশ্ববিদ্যালয় নামে তিনটি বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। উনবিংশ শতাব্দীর শেষদিকে (১৮৮২ খ্রীঃ) হাণ্টার কমিশনের রিপোর্টের উপর ভিত্তি করিয়া প্রাথমিক শিক্ষার উপর অধিকতর জোর দেওয়া হয়, কারণ ইতিপূর্বে প্রাথমিক শিক্ষা অপেক্ষা উচ্চ শিক্ষার উপরই অধিক গুরুত্ব আরোপ করা হইতেছিল। ফলে বহু সংখ্যক স্কুল গড়িয়া উঠে।


বিশ্ববিদ্যালয় স্থাপন

হাণ্টার কমিশন

লর্ড কার্জনের শাসনকাল ভারতীয় শিক্ষাক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ সময় বলিয়া বিবেচিত হইয়া থাকে। লর্ড কার্জন 'বিশ্ববিদ্যালয় কমিশন' স্থাপন করিয়া উহার সুপারিশ অনুযায়ী ১৯০৪ খ্রীষ্টাব্দে 'ভারতীয় বিশ্ববিদ্যালয় আইন' (Indian Universities Act) পাস করেন। এই আইনের বিধি অনুসারে ভারতীয় বিশ্ববিদ্যালয়গুলির গঠনতন্ত্র পরিবর্তিত হয়। ইহাতে এই সকল স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সরকারী প্রতিপত্তি বৃদ্ধি পাইয়াছিল বটে, কিন্তু সঙ্গে সঙ্গে কলিকাতা ও অপরাপর বিশ্ববিদ্যালয়কে কেবলমাত্র পরীক্ষা গ্রহণের কার্যে ব্যাপৃত না থাকিয়া উচ্চ শিক্ষাদানে—অর্থাৎ স্নাতকোত্তর শিক্ষাদানে উৎসাহিত করা হয়। সার্ আশুতোষ মুখোপাধ্যায় সরকারী নিয়ন্ত্রণবৃদ্ধির তীব্র প্রতিবাদ করিয়া কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষে সরকারের সহিত দীর্ঘকাল সংগ্রাম চালাইয়াছিলেন। কিন্তু উচ্চ শিক্ষা প্রবর্তনের সুযোগ তিনি ত্যাগ করেন নাই। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর অধ্যয়ন-অধ্যাপনার ব্যবস্থা করিয়া তিনি এই বিশ্ববিদ্যালয়টিকে এশিয়ার শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়ের মর্যাদায় স্থাপন করিতে সমর্থ

বিশ্ববিদ্যালয় কমিশন

সার্ আশুতোষ মুখোপাধ্যায়ের অবদান



সার্ আশুতোষ মুখোপাধ্যায়

হইয়াছিলেন। বিংশ শতাব্দীর গোড়ার দিক হইতে ক্রমে আরও বহু বিশ্ববিদ্যালয় ভারতের বিভিন্ন অংশে গড়িয়া উঠে। এগুলির মধ্যে পাটনা, আগ্রা, দিল্লী, নাগপুর, ঢাকা, মহীশূর, হায়দরাবাদ, পুণা, শান্তিনিকেতনের বিশ্বভারতী প্রভৃতির উল্লেখ করা যাইতে পারে। এগুলির মধ্যে অনেকগুলিই বেসরকারী অর্থ ও চেষ্টায় গড়িয়া উঠিয়াছিল। শিক্ষার বিস্তারের সঙ্গে সঙ্গে স্ত্রীশিক্ষার জন্য পৃথক স্কুল, কলেজ প্রভৃতিও স্থাপিত হইয়াছিল। ১৯১৬ খ্রীষ্টাব্দে পুণায় ধন্দো কেশব কার্ভে স্ত্রীশিক্ষার জন্য একটি পৃথক বিশ্ববিদ্যালয় স্থাপন করেন। পরে এই বিশ্ববিদ্যালয় বোম্বাই-এ স্থানান্তরিত হয়। ইহা ভিন্ন, শিক্ষক-শিক্ষণ ব্যবস্থার জন্য গুরু ট্রেনিং স্কুল, নর্ম্যাল স্কুল, বি. টি. কলেজ প্রভৃতিও স্থাপিত হয়। আধুনিক ভারত সৃষ্টিতে পাশ্চাত্য সাহিত্য এবং বিজ্ঞান শিক্ষার প্রবর্তন ও প্রসার এক গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করিয়াছে একথা অকপটে স্বীকার করিতে হইবে।

স্ত্রীশিক্ষার প্রসার

***সাহিত্য* (Literature):** ঊনবিংশ শতাব্দীতে পাশ্চাত্ত্যদেশীয় তথা বহির্জগতের শিক্ষা ও সংস্কৃতির সহিত ঘনিষ্ঠ পরিচিতির ফল হিসাবে ভারতের আধুনিক সাহিত্য, ভাষা প্রভৃতি অধিকতর সমৃদ্ধিলাভ করিয়াছিল বলা বাহুল্য। স্থানীয় ভাষা ও সাহিত্য—যথা, বাংলা, হিন্দী, উড়িয়া, মারাঠী, উর্দু প্রভৃতির বিকাশে প্রাচ্য ও পাশ্চাত্ত্যের ভাবধারার এক অতি সুন্দর সমন্বয় পরিলক্ষিত হয়। নাটক, উপন্যাস, প্রবন্ধ, কাব্য প্রভৃতি সাহিত্যের সকল ক্ষেত্রেই এক নূতন চেতনা ও সৃজনী শক্তির প্রকাশ দেখিতে পাওয়া যায়। রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ঈশ্বরগুপ্ত, মধুসূদন, বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র প্রভৃতি সাহিত্যসেবীর দানে বাংলা সাহিত্য সমৃদ্ধ হইয়া উঠিয়াছে। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁহার রচনার দ্বারা বাংলা ভাষা ও সাহিত্যকে বিশ্বের দরবারে সু-উচ্চ আসনে স্থাপন করিয়াছেন; নাট্য সাহিত্যে মাইকেল মধুসূদন, দীনবন্ধু মিত্র, গিরিশচন্দ্র ঘোষ, দ্বিজেন্দ্রলাল রায়, অমৃতলাল বসু প্রভৃতির অবদান অবিস্মরণীয়। তরু দত্ত ও সরোজিনী নাইডুর ইংরেজী ভাষায় কাব্যসৃষ্টিও সার্থকতা লাভ করিয়াছিল। সার্ মহম্মদ ইক্‌বালের রচনা উর্দু সাহিত্যের উন্নতিসাধন করিয়াছিল। ঊনবিংশ শতাব্দীর শেষভাগ ও বিংশ শতাব্দীর প্রথমার্ধের বাংলা সাহিত্যে বিশেষভাবে স্বাদেশিকতার প্রভাব পরিলক্ষিত হয়। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, দীনবন্ধু মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, নবীনচন্দ্র সেন, বিহারীলাল চক্রবর্তী, দ্বারকানাথ বিদ্যাভূষণ, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁহাদের

স্থানীয় ভাষার উন্নতি

নাটক, উপন্যাস, প্রবন্ধ ও কাব্য-সাহিত্য

সাহিত্যে জাতীয়তাবাদ ও স্বাদেশিকতা



বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

সাহিত্যসেবার মাধ্যমে জাতীয়তাবোধের বিকাশসাধন করিয়াছিলেন। জাতীয়তাবাদের সৃষ্টি ও বিস্তারে সে-যুগের বাঙালী সাহিত্যসেবীদের অবদান ছিল অপরিসীম।

মধুসূদন, দীনবন্ধু, বঙ্কিমচন্দ্র প্রভৃতি

বাংলার রেনেসাঁস বা নবজাগরণ বাংলা সাহিত্যের ক্ষেত্রে মূর্ত হইয়া উঠিয়াছিল মাইকেল মধুসূদন, দীনবন্ধু মিত্র, ঋষি বঙ্কিমচন্দ্রের রচনায়। দীনবন্ধু মিত্র তাঁহার 'নীলদর্পণে' ইঙ্গ-বণিকদের অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানাইয়াছিলেন। আর ঋষি বঙ্কিমচন্দ্রের রচনায় বিশেষভাবে তাঁহার 'আনন্দমঠ' গ্রন্থে বাঙালী জাতির স্বাদেশিকতা ও জাতীয়তাবোধের চরম অভিব্যক্তি দেখা গেল। তাঁহার 'বন্দে মাতরম্' মন্ত্র ভারতবাসীর স্বাদেশিকতা ও জাতীয়তাবোধের বীজমন্ত্রস্বরূপ হইয়া উঠিয়াছিল। অপরাপর বহু মনীষী—যথা, কালীপ্রসন্ন সিংহ, হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বিহারীলাল চক্রবর্তী, নবীনচন্দ্র সেন, রাজেন্দ্রলাল মিত্র, মহেন্দ্রলাল সরকার প্রভৃতি তাঁহাদের সাহিত্যসেবা ও বৈজ্ঞানিক গবেষণার দ্বারা বাংলা তথা ভারতীয় রেনেসাঁসের পরিস্ফুটন ঘটাইয়াছিলেন। এই নব-জাগরণের সূত্র ধরিয়াই ভারতের শক্তিশালী জাতীয় আন্দোলন শুরু হইয়াছিল।


সার্ জগদীশচন্দ্র বসু

বিজ্ঞান ও দর্শন (Science and Philosophy) : বিজ্ঞানের আলোচনায়ও ভারতীয়রা পশ্চাৎপদ রহিল না। পাশ্চাত্ত্য শিক্ষার সহিত পরিচিতির মাধ্যমে ভারতীয়গণ তাহাদের মনীষার


আচার্য প্রফুল্লচন্দ্র রায়


ডক্টর মেঘনাদ সাহা

পরিস্ফুরণের যে সুযোগ লাভ করিয়াছিল তাহা বিজ্ঞান ও দর্শনের ক্ষেত্রেও প্রকাশ পাইয়াছিল। বিজ্ঞানের ক্ষেত্রে মৌলিক গবেষণার মাধ্যমে বিজ্ঞানের উন্নয়ন ও প্রসারে ভারতবাসীর অবদান নেহাত কম নহে। বিজ্ঞানী সার্ জগদীশচন্দ্র বসু, আচার্য প্রফুল্লচন্দ্র রায়, সার্ চন্দ্রশেখর বেঙ্কট রমণ, ডক্টর মেঘনাদ সাহা, অধ্যাপক সত্যেন্দ্রনাথ বসু, রায় বাহাদুর এস্. সি. রায়, ডক্টর ভাবা প্রভৃতি তাঁহাদের গবেষণার দ্বারা বিজ্ঞানের

মৌলিক গবেষণায় ভারতবাসী



সার্ ব্রজেন্দ্রনাথ শীল



সর্বপল্লী রাধাকৃষ্ণাণ

বিভিন্ন ক্ষেত্রে নূতন নূতন আলোকসম্পাত করিয়াছেন। দর্শনের ক্ষেত্রে সার্ ব্রজেন্দ্রনাথ শীল, সর্বপল্লী রাধাকৃষ্ণাণ প্রভৃতি পৃথিবীব্যাপী যশঃ লাভ করিয়াছেন।

***চিত্রশিল্প ও সঙ্গীত* (Art and Music) :** চিত্রশিল্পে ভারতীয় প্রভাব ও প্রবণতা অবনীন্দ্রনাথ ঠাকুর ও নন্দলাল বসুর চিত্রকলায় ফুটিয়া উঠিয়াছে। তাঁহাদের চিত্রকলায় ভারতের নবচেতনার প্রভাব পরিলক্ষিত হয়। আব্দুর রহমান চাঘ্‌তাই, কুমারস্বামী প্রভৃতির নামও এ-বিষয়ে উল্লেখযোগ্য। ভারতের প্রাচীন চিত্রকলার সহিত আধুনিক প্রভাবের সংমিশ্রণে এক নূতন চিত্রশিল্পরীতির প্রবর্তন করেন মিঃ হ্যাভেল ও অবনীন্দ্রনাথ। মিঃ হ্যাভেল কলিকাতা আর্ট স্কুলের অধ্যক্ষ ছিলেন। বোম্বাই চিত্রশিল্পে পাশ্চাত্ত্য প্রভাব পরিলক্ষিত হইয়াছিল। চিত্রশিল্পের সঙ্গে ভাস্কর্য ও স্থাপত্য শিল্পের পুনরুজ্জীবন ও উন্নতিও সাধিত হইয়াছিল। রাজপুতানা অঞ্চলে সম্পূর্ণ ভারতীয় ভাস্কর্য ও স্থাপত্য শিল্পের অভূতপূর্ব উৎকর্ষের নিদর্শন রহিয়াছে। অপরাপর অঞ্চলে পাশ্চাত্ত্য প্রভাবে প্রভাবিত স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের নিদর্শনও পরিলক্ষিত হয়। ইদানীং প্রাচীন ভারতীয় শিল্পনীতির পুনরুজ্জীবনের প্রতি ভারতীয় শিল্পিগণের মনোযোগ উল্লেখযোগ্য।

অবনীন্দ্রনাথ ও নন্দলাল



নন্দলাল বসু



অবনীন্দ্রনাথ ঠাকুর

স্বদেশী সঙ্গীত

সঙ্গীতের ক্ষেত্রে স্বাদেশিকতা অধিকতর প্রকাশ পাইয়াছিল। স্বাধীনতা আন্দোলনের সঙ্গে সঙ্গে স্বদেশী গান বিশেষভাবে বাংলাদেশের আকাশ-বাতাস, শহর-নগর, গ্রামাঞ্চল মুখরিত করিয়া তুলিয়াছিল। ঋষি বঙ্কিমচন্দ্রের 'বন্দে মাতরম্' রবীন্দ্রনাথের 'জনগণ মন' গান ভারতের সর্বত্র



কথক নৃত্য-ভঙ্গিমা



ভারতনাট্যম নৃত্য-ভঙ্গিমা

রবীন্দ্রসঙ্গীত ও ভারতীয় নৃত্যশিল্প

স্বাদেশিকতার বন্যা আনিয়াছিল। ইহা ভিন্ন, গ্রামাঞ্চলে বহু লোকগীতির মাধ্যমে স্বাদেশিকতার প্রভাব বিস্তারলাভ করিয়াছিল। মুকুন্দ দাশের গান বাংলাদেশের গ্রামে গ্রামে দেশাত্মবোধ বিস্তার করিয়াছিল। রবীন্দ্রসঙ্গীত, ভারতীয় নৃত্যশিল্প প্রভৃতি ভারতীয় সঙ্গীত ও নৃত্যের ক্ষেত্রে এক

নবজাগরণের সৃষ্টি করিয়াছে। বাংলাদেশ, বিশেষভাবে কলিকাতা, বোম্বাই, পুণা, বরোদা এবং অপরাপর বিভিন্ন অঞ্চলে কণ্ঠসঙ্গীত ও যন্ত্রসঙ্গীতের যথেষ্ট উন্নতি সাধিত হইয়াছে।

নৃত্যশিল্পের পুনরুজ্জীবন ও অনুশীলন প্রাচীন ভারতীয় নৃত্য-কলায় পরিলক্ষিত হয়। এক্ষেত্রে রবীন্দ্রনাথের বিশ্বভারতী, ত্রিবাঙ্কুর বিশ্ববিদ্যালয়, আসামের প্রাচীন



মণিপুরী নৃত্য-ভঙ্গিমা কথাকলি নৃত্য-ভঙ্গিমা

কামরূপী নৃত্যসঙ্ঘ, দক্ষিণ-ভারতের ভারতনাট্যম, কেরালার কলামণ্ডলের অবদান উল্লেখযোগ্য। মণিপুরী নৃত্য, পাহাড়ী নৃত্য, কথাকলি নৃত্য প্রভৃতির পুনরুজ্জীবনও এ-বিষয়ে উল্লেখ করা যাইতে পারে।

বংশ-পরিচয়

মগধের রাজবংশাবলী

বিম্বিসারীয় বংশ :

বিম্বিসার	৫৪৪—৪৯৩ খ্রীঃ পূঃ
অজাতশত্রু	৪৯৩—৪৬১ „
উদয়ভদ্র	৪৬১—৪৪৫ „
অনিরুদ্ধ ও মুণ্ড	৪৪৫—৪৩৭ „
নাগ দাসক	৪৩৭—৪১৩ „

শৈশুনাগ বংশ :

শিশুনাগ	৪১৩—৩৯৫ খ্রীঃ পূঃ
কাকবর্ণ	৩৯৫—৩৪৫ „

নন্দ বংশ :

মহাপদ্মনন্দ	৩৪৫—? খ্রীঃ পূঃ
উগ্রসেন	?
ধননন্দ	? —৩২৪ „

মৌর্য বংশ :

চন্দ্রগুপ্ত মৌর্য	৩২০—৩০০ খ্রীঃ পূঃ
বিন্দুসার	৩০০—২৭৩ „
অশোক	২৭৩—২৩৬ „
* * *	
বৃহদ্রথ	?

শুঙ্গ বংশ : ১৮৭—৭৫ খ্রীঃ পূঃ

পুষ্যমিত্র শুঙ্গ
অগ্নিমিত্র
সুজ্যেষ্ঠ
বসুমিত্র
ভাগভদ্র
দেবভূতি

কাণ্ব বংশ : ৭৫—৩০ খ্রীঃ পূঃ

বসুদেব
ভূমিমিত্র
নারায়ণ
সুশর্মন্

সাতবাহন (অন্ধ্র) বংশ

সিমুক
কৃষ্ণ
প্রথম সাতকর্ণী
* * *
গৌতমীপুত্র সাতকর্ণী
বশিষ্ঠীপুত্র পুলমায়ী
* * *
যজ্ঞশ্রী সাতকর্ণী

কুষাণ বংশ

প্রথম কদ্‌ফিসিস্
দ্বিতীয় বা বিম কদ্‌ফিসিস্
* * *
কণিষ্ক
বাশিষ্ক
হুবিষ্ক

গুপ্ত বংশ

শ্রীগুপ্ত
|
ঘটোৎকচ গুপ্ত
|
প্রথম চন্দ্রগুপ্ত
|
সমুদ্রগুপ্ত
|
দ্বিতীয় চন্দ্রগুপ্ত 'বিক্রমাদিত্য' (৩৮১—৪১৩ খ্রীঃ)
|
প্রথম কুমারগুপ্ত (৪১৫—৪৫৫ খ্রীঃ)
|
স্কন্দগুপ্ত (৪৫৫—৪৬৭ খ্রীঃ)
|
জীবিতগুপ্ত (দ্বিতীয়)

থানেশ্বরের পুষ্যভূতি বংশ

প্রভাকরবর্ধন
|
রাজ্যবর্ধন, হর্ষবর্ধন

বাংলার রাজবংশ

পাল বংশ

গোপাল
|
ধর্মপাল
|
দেবপাল
|
বিগ্রহপাল
|
নারায়ণপাল
|
রাজ্যপাল
|
দ্বিতীয় গোপাল
|
দ্বিতীয় বিগ্রহপাল
|
প্রথম মহীপাল
|
ন্যায়পাল
|
তৃতীয় বিগ্রহপাল
|
দ্বিতীয় মহীপাল, মহীশূরপাল, রামপাল

সেন বংশ

বীর সেন
|
সামন্ত সেন
|
হেমন্ত সেন
|
বিজয় সেন
|
বল্লাল সেন
|
লক্ষ্মণ সেন

দিল্লী সুলতানি

দাস বংশ

(১) কুতবউদ্দিন অইবক (১২০৬-১০)

(২) আরামশাহ্ — (৩) কন্যা = ইল্‌তুৎমিস্

ইল্‌তুৎমিসের সন্তান: নাসিরউদ্দিন মামুদ — (৪) রুক্‌নউদ্দিন ফিরোজ — (৫) রাজিয়া — (৬) মুইজউদ্দিন বাহ্‌রাম — (৮) নাসিরউদ্দিন মামুদ

(৪) রুক্‌নউদ্দিন ফিরোজ
|
(৭) আলাউদ্দিন মাসুদ

(৮) নাসিরউদ্দিন মামুদ
|
(৯) গিয়াস্‌উদ্দিন বলবন
(নাসিরউদ্দিনের শ্বশুর)

বলবনের সন্তান: মহম্মদ — বুগ্‌রা খাঁ

বুগ্‌রা খাঁ
|
(১০) মুইজউদ্দিন কুইকোবাদ
(১১) কয়ুমর

দিল্লী সুলতানি

খল্‌জী বংশ

- (১) জালালউদ্দিন ফিরুজ
  - (২) রুক্‌নউদ্দিন
- শিহাবউদ্দিন মামুদ
  - (৩) আলাউদ্দিন খল্‌জী (১২৯৬-১৩১৬)
    - খিজির খাঁ
    - (৪) শিহাবউদ্দিন ওমর
    - (৫) কুতবউদ্দিন মোবারক

তুঘ্‌লক বংশ

- (১) গিয়াসউদ্দিন তুঘ্‌লক
  - (২) মহম্মদ-বিন-তুঘ্‌লক (১৩২৫-৫১)
- রজব
  - (৩) ফিরুজ শাহ্ (১৩৫১-৮৮)
    - ফতে খাঁ
      - (৪) গিয়াসউদ্দিন তুঘ্‌লক (দ্বিতীয়)
      - (৮) নসরৎ শাহ্
    - জাফর খাঁ
      - (৫) আবুবক্‌র
    - (৬) নাসিরউদ্দিন মামুদ শাহ্
      - (৭) আলাউদ্দিন সিকন্দর
      - (৯) মামুদ শাহ্

মোগল সম্রাট বংশ

- (১) বাবর (১৫২৬-৩০)
  - (২) হুমায়ুন (১৫৩০-৪০, ১৫৫৫-৫৬)
    - (৩) আকবর (১৫৫৬-১৬০৫)
      - (৪) জাহাঙ্গীর (সেলিম) (১৬০৫-২৭)
        - খসরু
          - দাওয়ার বক্স
        - পর্ভেজ
        - (৫) খুর্রম (শাহ্জাহান) (১৬২৭-৫৯) (মৃত্যু, ১৬৬৬)
          - দারাশিকো
          - সুজা
          - (৬) ঔরংজেব (১৬৫৮-১৭০৭)
            - মহম্মদ
            - (৭) মোয়াজ্জেম বা প্রথম বাহাদুর শাহ্ (প্রথম শাহ্ আলম) (১৭০৭-১২)
              - (৮) জাহান্দার শাহ্ (১৭১২-১৩)
                - (১৪) আজিজউদ্দিন (দ্বিতীয় আলমগীর) (১৭৫৪-৫৯)
                  - (১৫) দ্বিতীয় শাহ্ আলম (১৭৫৯-১৮০৬)
                    - (১৬) দ্বিতীয় আকবর শাহ্ (১৮০৬-৩৭)
                      - (১৭) দ্বিতীয় বাহাদুর শাহ্ (শেষ মোগল সম্রাট) (১৮৩৭-৫৮, মৃত্যু ১৮৬২)
              - আজিম-উস্-শান
                - (৯) ফারুকশিয়ার (১৭১৩-১৯)
              - রফি-উস্-শান
                - (১০) রফি-উদ্-দরাজাত বা দ্বিতীয় শাহ্জাহান (১৭১৯)
                - (১১) রফি-উদ্-দৌলা (১৭১৯)
                - মহম্মদ ইব্রাহিম (১৭২০)
              - জাহান শাহ্
                - (১২) রোশন আখ্তার (মহম্মদ শাহ্) (১৭১৯-৪৮)
                  - (১৩) আহম্মদ শাহ্ (১৭৪৮-৫৪)
            - আজম (১৭০৭)
            - আকবর (১৭০৪)
              - নেকুশিয়ার (১৭১৯)
            - কামবক্স (১৭০৯)
          - মুরাদ
        - শাহ্রিয়ার
      - মুরাদ
      - দানিয়াল
    - মির্জা মহম্মদ
  - কামরাণ
  - হিন্দাল
  - আস্করী

মারাঠা বংশাবলী

জিজাবাঈ = শাহ্জী = তুকাবাঈ

- জিজাবাঈ = শাহ্জী:
  - সইবাঈ = শিবাজী (১৬২৭-৮০) = সয়রাবাঈ
    - সইবাঈ = শিবাজী: প্রথম শম্ভুজী (১৬৮০-৮৯)
      - শাহু (দ্বিতীয় শিবাজী) (১৭০৮-৪৯)
        - (দত্তক) রামরাজা
          - দ্বিতীয় শাহু (দত্তক) (১৭৭৭-১৮১০)
            - প্রতাপসিংহ (১৮১০-৩৯)
            - শাহ্জী রাজা
    - শিবাজী = সয়রাবাঈ: তারাবাঈ = রাজারাম (১৬৯০-১৭০০) = রাজস্‌বাঈ
      - তারাবাঈ = রাজারাম: তৃতীয় শিবাজী (১৭০০-১২)
        - রামরাজা (১৭৪৯-৭৭)
      - রাজারাম = রাজস্‌বাঈ: দ্বিতীয় শম্ভুজী (কোলহাপুর) (১৭১২-৬০)
        - চতুর্থ শিবাজী
- শাহ্জী = তুকাবাঈ:
  - ব্যাঙ্কোজী বা একোজী (তাঞ্জোর)

পেশওয়া বংশ

- বিশ্বনাথ
  - বালাজী বিশ্বনাথ (১৭১৩-২০)
    - (প্রথম) বাজী রাও (১৭২০-৪০)
      - (দ্বিতীয়) বালাজী বাজী রাও (নানাসাহেব) (১৭৪০-৬১)
        - বিশ্বাস রাও (মৃত্যু, ১৭৬১)
        - (প্রথম) মাধব রাও (১৭৬১-৭২)
        - নারায়ণ রাও (১৭৭২-৭৩)
          - (দ্বিতীয়) মাধব রাও নারায়ণ (১৭৭৪-৯৬)
      - রঘুনাথ রাও (রাঘোবা) (১৭৭৩-৭৪)
        - অমৃত রাও (দত্তক)
          - বিনায়ক রাও
        - দ্বিতীয় বাজী রাও (১৭৯৬-১৮১৮)
          - নানাসাহেব (দত্তক)
        - চিমন্‌জী আপ্পা (১৭৯৬)
    - চিমন্‌জী
      - সদাশিব রাও ভাও (মৃত্যু, ১৭৬১)

নিজাম বংশ

আবিদ কবজ্ খাঁ (আজমীরের গবর্নর)

গাজী-উদ্-দিন খাঁ ফিরুজ্ জঙ্গ (গুজরাটের গবর্নর)

(১) নিজাম-উল্-মূলক আসফ্ জা (১৭১৪-৪৮)

- গাজী-উদ্-দিন খাঁ
  - গাজী-উদ-দিন ইমাদ-উল্-মুলক
- (২) নাসির জঙ্গ (১৭৪৮-৫০)
- (৩) সালাবৎ জঙ্গ (১৭৫১-৬১)
- (৪) নিজাম আলি (১৭৬২-১৮০২)
  - (৫) শিকন্দর জা (১৮০২-২৯)
    - (৬) নাসির-উদ্-দৌলা আলি খাঁ (১৮২৯-৫৭)
      - (৭) আফ্জল-উদ্-দৌলা (১৮৫৭-৬৯)
        - (৮) মির-মহ্বুব আলি খাঁ (১৮৬৯-১৯১১)
          - (৯) আলি খাঁ বাহাদুর ফতেজঙ্গ
- কন্যা
  - মুজফ্ফর জঙ্গ (১৭৫০-৫১)

বাংলার নবাব বংশ

মুর্শিদকুলী খাঁ (১৭০৫-২৭)

কন্যা = সুজাউদ্দিন খাঁ (১৭১৭-৩৯)

সর্ফরজ খাঁ (১৭৩৯-৪০)

* * *

আলিবর্দী খাঁ (১৭৪০-৫৬)

(কন্যা) আমিনাবেগম = জৈন-উদ্-দিন

সিরাজ-উদ্-দৌলা (১৭৫৬-৫৭)

* * *

মিরজাফর (১৭৫৭-৬০, ১৭৬৪-৬৫)

- (কন্যা) ফতেমা বেগম = মিরকাশিম (১৭৬০-৬৪)
- নজম্-উদ-দৌলা (১৭৬৫-৬৬)
- সৈইফ্-উদ-দৌলা (১৭৬৬-৭০)

দুর্‌রানী শাহ্‌ বংশ

- আহম্মদ শাহ্‌ (দুর্‌রানী) (১৭৪৭-৭০)
  - তৈমুর শাহ্‌ (১৭৭৩-৯৩)
    - হুমায়ুন
    - মামুদ (১৮০০-০৩, ১৮০৯-১৮)
    - জামান শাহ্‌ (১৭৯৩-১৮০০)
    - সুজা (১৮০৩-০৯, ১৮৩৯-৪২)
      - তৈমুর
    - আয়ুব (১৮১৮-২৬)

অযোধ্যার নবাব বংশ

- মীর মহম্মদ নাসির
  - সাদাত খাঁ (১৭২২-৩৯)
    - নিসা বেগম = সফ্‌দর জঙ্গ
  - কন্যা = জাফর বেগ খাঁ
    - সফ্‌দর জঙ্গ (১৭৩৯-৫৪)
- নিসা বেগম = সফ্‌দর জঙ্গ
  - সুজা-উদ্‌-দৌলা (১৭৫৪-৭৫)
    - আসফ্‌-উদ্‌-দৌলা (১৭৭৫-৯৭)
      - ওয়াজির আলি (১৭৯৭-৯৮, সিংহাসনচ্যুত)
    - সাদাত আলি (আসফ্‌-উদ্‌-দৌলার ভ্রাতা) (১৭৯৮-১৮১৪)
      - গাজীউদ্দিন হায়দর (১৮১৪-২৭)
        - নাসিরউদ্দিন হায়দর (১৮২৭-৩৭)
      - আলী শাহ্‌ (১৮৩৭-৪২)
        - আমজদ্‌ আলী শাহ্‌ (১৮৪২-৪৭)
          - ওয়াজির আলী শাহ্‌ (১৮৪৭-৫৬)
            - ব্রিজিস্‌ কাদের (১৮৫৭)

ব্রিটিশ আমলের গবর্নর, গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয়গণ

(১) বাংলার গবর্নরগণ

রবার্ট ক্লাইভ	১৭৫৭-৬০
ভ্যান্সিটার্ট	১৭৬০-৬৪
(লর্ড) রবার্ট ক্লাইভ (দ্বিতীয়বার)	১৭৬৪-৬৭
ভেরেল্‌স্ট্‌	১৭৬৭-৬৯
কার্টিয়ার	১৭৬৯-৭২
ওয়ারেন হেষ্টিংস্‌	১৭৭২-৭৪

(২) বাংলার গবর্নর-জেনারেলগণ (১৭৭৩ খ্রীঃ রেগুলেটিং এ্যাক্ট্‌ অনুসারে নিযুক্ত)

ওয়ারেন হেষ্টিংস্‌	১৭৭৪-৮৫
সার্‌ জন্‌ ম্যাক্‌ফার্‌সন্‌	১৭৮৫-৮৬
লর্ড কর্নওয়ালিস	১৭৮৬-৯৩
সার্‌ জন্‌ শোর	১৭৯৩-৯৮
লর্ড ওয়েলেস্‌লী	১৭৯৮-১৮০৫
লর্ড কর্নওয়ালিস (দ্বিতীয়বার)	১৮০৫
সার্‌ জর্জ বার্লো	১৮০৫-০৭
আর্ল-অব্‌-মিণ্টো (প্রথম)	১৮০৭-১৩
মার্‌কুইস্‌ অব্‌ হেষ্টিংস্‌	১৮১৩-২৩
লর্ড আমহার্স্ট	১৮২৩-২৮
লর্ড উইলিয়াম বেণ্টিঙ্ক	১৮২৮-৩৩

(৩) ভারতের গবর্নর-জেনারেলগণ
(১৮৩৩ খ্রীঃ চার্টার এ্যাক্ট্ অনুসারে নিযুক্ত)

লর্ড উইলিয়াম বেন্টিক	১৮৩৩-৩৫
সার্ চার্লস্ (লর্ড) মেট্‌কাফ্	১৮৩৫-৩৬
লর্ড অক্‌ল্যাণ্ড	১৮৩৬-৪২
লর্ড এলেনবরা	১৮৪২-৪৪
লর্ড হার্ডিঞ্জ	১৮৪৪-৪৮
লর্ড ডালহৌসী	১৮৪৮-৫৬
লর্ড ক্যানিং	১৮৫৬-৫৮

(৪) গবর্নর-জেনারেল ও ভাইস্‌রয়গণ (১৮৫৮ খ্রীঃ মহারাণীর ঘোষণাপত্র অনুসারে নিযুক্ত)

লর্ড ক্যানিং	১৮৫৮-৬২
লর্ড এল্‌গিন (প্রথম)	১৮৬২-৬৪
সার্ জন্ ল্যরেন্স	১৮৬৪-৬৯
আর্ল অব্ মেয়ো	১৮৬৯-৭২
সার্ জন্ স্ট্র্যাচী	১৮৭২
লর্ড নেপিয়ার	১৮৭২
লর্ড নর্থব্রুক্	১৮৭২-৭৬
লর্ড লিটন	১৮৭৬-৮০
লর্ড রিপন	১৮৮০-৮৪
লর্ড ডাফ্‌রিন	১৮৮৪-৮৮
লর্ড ল্যান্সডাউন	১৮৮৮-৯৪
লর্ড এল্‌গিন (দ্বিতীয়)	১৮৯৪-৯৯
লর্ড কার্জন	১৮৯৯-১৯০৫
লর্ড মিন্টো (দ্বিতীয়)	১৯০৫-১০
লর্ড হার্ডিঞ্জ	১৯১০-১৫
লর্ড চেম্‌সফোর্ড	১৯১৫-২১
লর্ড রীডিং	১৯২১-২৬
লর্ড আর্‌উইন	১৯২৬-৩১
লর্ড উইলিংডন্	১৯৩১-৩৬
লর্ড লিন্‌লিথ্‌গাও	১৯৩৬-৪৩
লর্ড ওয়াভেল	১৯৪৩-৪৭
লর্ড মাউন্টব্যাটেন	১৯৪৭

MODEL QUESTIONS

CHAPTER I

1. What is 'history'? Is it merely the story of emperors and empires? Explain your answer.

'ইতিহাস' কাহাকে বলে? ইহা কি কেবলমাত্র সম্রাট ও সাম্রাজ্যের কাহিনী? বিশ্লেষণ করিয়া বুঝাও।

2. What part does geography play in the making of the history of a country and in determining the character of its people?

জাতির ইতিহাস ও জাতীয় চরিত্র গঠনে ভৌগোলিক অবদান কি?

3. Write an essay on the importance of the physical geography of India in determining the history and the political destiny of the Indians.

ভারত-ইতিহাস গঠনে এবং ভারতবাসীর রাজনৈতিক ভাগ্য নিরূপণে ভূগোলের গুরুত্ব সম্পর্কে প্রবন্ধ লিখ।

4. Discuss the importance of (i) the Himalayas and (ii) the Vindhyas in the history of India.

ভারত-ইতিহাসে নিম্নলিখিতগুলির গুরুত্ব আলোচনা কর: (ক) হিমালয়, (খ) বিন্ধ্য পর্বত।

5. Can there be any purity of races? What different races constitute the Indian people?

জাতিগত বিশুদ্ধতা বর্তমানে পাওয়া সম্ভব কি? কোন্ কোন্ বিভিন্ন জাতির সংমিশ্রণে ভারতীয়দের উদ্ভব হইয়াছে?

6. How can you justify the remark that there is 'unity in diversity' in India and among the Indians?

ভারতে এবং ভারতবাসীর মধ্যে 'বৈচিত্র্যের মধ্যে একতা' বিদ্যমান—এই উক্তির যথার্থ্যতা কিভাবে নির্ণয় করিতে পার?

7. Discuss the bonds of union among the Indians.

ভারতীয়দের মধ্যে জাতীয় ঐক্যের সূত্রগুলি সম্পর্কে আলোচনা কর।

8. Your friend who is a science student and has not read much of History argues that there are different religions, languages, manners and customs among the Indians and as such there cannot be any question of unity among them. Can you convince him of a fundamental unity among the Indians? Give your arguments in brief.

বিজ্ঞানের ছাত্র, এরূপ তোমার কোন বন্ধু বলিল যে, ভারতে নানা জাতি, ভাষা, ধর্ম, আচার-আচরণের লোক বসবাস করে, সেই হেতু তাহাদের মধ্যে কোনপ্রকার ঐক্য সম্ভব নহে। তুমি কি কি যুক্তি দ্বারা তাহাকে ভারতীয়দের মধ্যে মৌলিক ঐক্য সম্পর্কে বুঝাইতে পারিবে? তোমার যুক্তিগুলি সংক্ষেপে লিখ।

CHAPTER II

9. What are the different source-materials for the construction

of the history of ancient India? Point out their respective importance.

ভারতের প্রাচীন যুগের ইতিহাস-রচনায় মৌলিক উপাদানগুলি কি কি? সেগুলির গুরুত্ব নির্ণয় কর।

10. What is the importance of the following source-materials for the construction of the history of ancient India? (i) Inscriptions, (ii) Coins, (iii) Foreigners' accounts.

ভারতের প্রাচীন যুগের ইতিহাস-রচনায় নিম্নলিখিত মৌলিক উপাদানগুলির গুরুত্ব কি? (ক) লিপি, (খ) মুদ্রা, (গ) বিদেশীদের বিবরণ।

11. A student wrote in his answer the following things. Correct wherever necessary:

(i) The account of Megasthenes is important for writing the history of modern India. (ii) Many details about the medieval and modern Indian history can be found in Kautilya's 'Arthashastra' and Bana's 'Harshacharita'.

জনৈক ছাত্র তাহার প্রশ্নোত্তরে নিম্নলিখিতরূপ লিখিয়াছে। প্রয়োজনবোধে তাহার উত্তর শুদ্ধ কর: (ক) আধুনিক ভারত-ইতিহাস রচনায় মেগাস্থিনিসের বিবরণ গুরুত্বপূর্ণ। (খ) কৌটিল্যের 'অর্থশাস্ত্র' ও বাণের 'হর্ষচরিতে' মধ্যযুগীয় ও আধুনিক ভারত-ইতিহাসের বহু তথ্য পাওয়া যায়।

CHAPTER III

12. Give in brief a description of the Indus civilisation. What is its importance in the Indian history?

সিন্ধু-সভ্যতা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও। ভারত-ইতিহাসে ইহার গুরুত্ব নির্ণয় কর।

13. What impression of the economic and municipal life of the Indus Valley people do you get from the historical remains found there?

সিন্ধু-উপত্যকায় প্রাপ্ত ঐতিহাসিক চিহ্নাদি হইতে সিন্ধু অধিবাসীদের অর্থনৈতিক ও নাগরিক জীবন সম্পর্কে কি কি ঐতিহাসিক ধারণা পাওয়া যায়?

14. What was the relation, if any, of the Indus civilisation with other contemporary civilisation of the world? What are the possible causes of the ruin of the Indus civilisation?

সিন্ধু-সভ্যতার সহিত পৃথিবীর অপরাপর কোন্ কোন্ সভ্যতার সম্পর্ক বিদ্যমান ছিল? সিন্ধু-সভ্যতার ধ্বংসের সম্ভাব্য কারণসমূহ কি কি?

CHAPTER IV

15. Who were the 'Aryans'? Where did they come from?

'আর্য' কাহারা ছিলেন? তাঁহারা কোথা হইতে আসিয়াছিলেন?

16. Give a description of the Aryan civilisation with special reference to social, political and economic life.

সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবন সম্পর্কে বিশেষ আলোচনাসহ আর্য সভ্যতার বিবরণ দাও।

17. Write what you know about the social and economic life of the Vedic Aryans.

বৈদিক আর্যদের সামাজিক ও অর্থনৈতিক জীবন সম্পর্কে যাহা জান লিখ।

18. What was the nature of the Political life of the Aryans? Do you notice any change during the later Vedic period?

আর্যদের রাজনৈতিক জীবনের চরিত্র কিরূপ ছিল? পরবর্তী বৈদিক যুগে উহার কোন পরিবর্তন লক্ষ্য কর কি?

19. What are the different Vedas composed by the Vedic Aryans? What is their importance?

বৈদিক আর্যগণ কোন্ কোন্ বেদ রচনা করিয়াছিলেন? সেগুলির গুরুত্ব কি?

20. Give the correct answer:

(i) The first of the Vedas was Yajur Veda. (ii) Rig Veda was written last of all. (iii) The Vedas are two in number. (iv) The Vedas were written in the following order: Atharva Veda, Sham Veda, Rig Veda and Yajur Veda.

নিম্নলিখিতগুলির সঠিক উত্তর দাও:

(ক) যজুর্বেদ সর্বপ্রথম রচিত হইয়াছিল।

(খ) ঋগ্‌বেদ সর্বশেষে রচিত হইয়াছিল।

(গ) মোট দুইখানি বেদ রচিত হইয়াছিল।

(ঘ) বেদগুলি নিম্নলিখিত ক্রমে রচিত হইয়াছিল: অথর্ববেদ, সামবেদ, ঋগ্‌বেদ এবং যজুর্বেদ।

21. Write a note on the position of women in Vedic India.

বৈদিক যুগে ভারতে নারীজাতির মর্যাদা সম্পর্কে টীকা লিখ।

CHAPTER V

22. What led to the rise of Jainism and Buddhism?

জৈনধর্ম ও বৌদ্ধধর্মের উত্থান কি কারণে ঘটিয়াছিল?

23. Who was the real founder of Jainism? Give the life-story of Mahavira.

জৈনধর্মের প্রকৃত প্রবর্তক কে ছিলেন? মহাবীরের জীবনী বর্ণনা কর।

24. Give in brief the career of Gautama Buddha. What were the tenets of his religion?

গৌতম বুদ্ধের জীবনী সংক্ষেপে বর্ণনা কর। তাঁহার ধর্মের মূল সূত্রগুলি কি কি?

25. What do you understand by the 'Middle Path' as prescribed by Gautama Buddha?

গৌতম বুদ্ধ কর্তৃক প্রবর্তিত 'মধ্য পন্থা' বলিতে কি বুঝ?

26. Why is Gautama Buddha regarded as a practical reformer? Where does Buddhism differ from Jainism and Hinduism?

গৌতম বুদ্ধকে বাস্তববাদী ধর্মসংস্কারক কেন বলা হয় ? জৈনধর্ম ও হিন্দুধর্ম হইতে বৌদ্ধধর্ম কোন্ কোন্ বিষয়ে ভিন্ন ?

27. Compare Jainism, Buddhism and Hinduism.

জৈনধর্ম, বৌদ্ধধর্ম ও হিন্দুধর্মের তুলনা কর।

28. What are the contributions of Buddhism to the thoughts and ideas of the Indians ?

ভারতীয়দের ধ্যানধারণায় বৌদ্ধধর্মের অবদান কি কি ?

29. Write a note on the spread of Buddhism in India and account for its decline within India.

ভারতে বৌদ্ধধর্মের বিস্তারের উপর টীকা লিখ এবং ভারতে বৌদ্ধধর্মের পতনের কারণ নির্ণয় কর।

CHAPTER VI

30. Give a short description of Indian political condition in the age of Sixteen Mahajanapadas.

ষোড়শ মহাজনপদ যুগে ভারতের রাজনৈতিক অবস্থার সংক্ষিপ্ত বিবরণ লিখ।

31. What do you know of Alexander's invasion of India ? What was the political condition of Northern India at the time of his invasion ?

আলেকজাণ্ডারের ভারত আক্রমণ সম্পর্কে কি জান ? আলেকজাণ্ডারের ভারত আক্রমণ কালে উত্তর-ভারতের রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে কি জান ?

32. Describe the part played by Poros in defence of his country and with what results.

পুরু নিজ রাজ্যের প্রতিরক্ষার ব্যাপারে কি অংশগ্রহণ করিয়াছিলেন এবং ইহার ফলাফল কি হইয়াছিল ?

33. Discuss the effects of Alexander's invasion of India.

আলেকজাণ্ডারের ভারত আক্রমণের ফলাফল সম্পর্কে আলোচনা কর।

34. Who was the founder of the Maurya Empire ? Give a short estimate of his achievements.

মৌর্য সাম্রাজ্যের স্থাপয়িতা কে ছিলেন ? তাঁহার কার্যকলাপের সংক্ষিপ্ত আলোচনা কর।

35. Describe the Maurya administration. What were the innovations made by Asoka in it ?

মৌর্য শাসনব্যবস্থার বর্ণনা দাও। সেই শাসনব্যবস্থায় অশোক কি কি পরিবর্তন সাধন করিয়াছিলেন ?

36. What light do the following throw on the history of the Maurya period ?

(i) Megasthenes' account. (ii) Kautilya's Arthashastra. (iii) Asoka's inscription.

মৌর্য যুগের ইতিহাসে নিম্নলিখিতগুলির গুরুত্ব কি ?

(ক) মেগাস্থিনিসের বিবরণ।

(খ) কৌটিল্যের অর্থশাস্ত্র।

(গ) অশোকের শিলালিপি।

37. Write a note on the art and architecture of the Maurya period.

মৌর্য যুগের শিল্প ও স্থাপত্যের উপর একটি টীকা লিখ।

38. Determine Asoka's place in history.

ইতিহাসে অশোকের স্থান নির্ণয় কর।

39. Megasthenes remarked: there was no slavery in India, there were seven castes among the Indians. What are your answers to these?

মেগাস্থিনিসের বিবরণে পাওয়া যায় যে ভারতে দাসত্ব প্রথা ছিল না। তখন ভারতীয়দের মধ্যে সাতটি শ্রেণী ছিল। এই সকল বিষয়ে তোমার উত্তর কি?

40. What were the steps taken by Asoka for the propagation of his Dhamma?

ধর্মপ্রচারে অশোক কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছিলেন?

41. Give a description of the city of Pataliputra and its municipal administration on the basis of Megasthenes' account.

পাটলিপুত্র নগরের বর্ণনা দাও এবং মেগাস্থিনিসের বিবরণের ভিত্তিতে তখনকার পৌর শাসন সম্পর্কে বর্ণনা দাও।

CHAPTER VII

42. Discuss the causes of the downfall of the Maurya Empire. To what extent was Asoka responsible for it?

মৌর্য সাম্রাজ্যের পতনের কারণসমূহের আলোচনা কর। অশোক এজন্য কতদূর দায়ী ছিলেন?

43. Write notes on (i) the Satavahanas, (ii) Pushyamitra Sunga, (iii) Menander.

টীকা লিখ: (ক) সাতবাহন বংশ, (খ) পুষ্যমিত্র শুঙ্গ, (গ) মিনাণ্ডার।

44. What do you know of the Kushanas? Who was their greatest king?

কুষাণদের সম্পর্কে কি জান? কুষাণদের সর্বপ্রধান রাজা কে ছিলেন?

45. Sketch the career and achievements of Kanishka with special reference to the religious and cultural activities under him.

ধর্মনৈতিক ও সাংস্কৃতিক কার্যকলাপের প্রতি বিশেষ দৃষ্টি সহকারে কনিষ্কের জীবনী ও কার্যকলাপের বিবরণ দাও।

46. Write a note on the Gandhara art. Can you name any school of Indian art that was free from foreign influence?

গন্ধার শিল্প সম্পর্কে একটি টীকা লিখ। সে-যুগে এমন কোন ভারতীয় শিল্পধারার উল্লেখ করিতে পার কি যাহা বৈদেশিক প্রভাবে প্রভাবিত ছিল না?

47. Give in brief an account of the cultural activities under the Kushanas.

কুষাণদের আমলে সাংস্কৃতিক কার্যকলাপের সংক্ষিপ্ত বিবরণ দাও।

48. A student gave the following chronology of the Kushana kings. Correct it :
Wima Kadphises, Kanishka, Kadphises I.

জনৈক ছাত্র কুষাণরাজগণের নিম্নলিখিত ক্রম লিখিয়াছে। উহা সংশোধন কর :
বিম কদ্‌ফিসিস্‌, কনিষ্ক, প্রথম কদ্‌ফিসিস্‌।

CHAPTER VIII

49. Describe the conquests of Samudragupta and examine him as a man and a ruler.

সমুদ্রগুপ্তের বিজয়সমূহ বর্ণনা কর। মানুষ ও শাসক হিসাবে তাঁহাকে বিচার কর।

50. What were the achievements of Samudragupta ? Estimate him as a ruler.

সমুদ্রগুপ্তের কৃতিত্ব কি কি ? শাসক হিসাবে তাঁহার সম্পর্কে আলোচনা কর।

51. What were the contributions of Samudragupta and Chandragupta Vikramaditya to the greatness and the glory of the Gupta Empire ?

গুপ্ত সাম্রাজ্যের প্রাধান্য ও গৌরব সম্পর্কে সমুদ্রগুপ্ত ও চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের অবদান কি ?

52. Give in brief a description of the Gupta administration. What light does Fa-hien's account throw on it ?

গুপ্ত শাসনব্যবস্থা সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দাও। ফা-হিয়েনের বিবরণ উহার সম্পর্কে কি তথ্য সরবরাহ করিয়াছে ?

53. Discuss the importance of Fa-hien's account and Harishena's Allahabad Pillar inscription in constructing the history of the Gupta period.

গুপ্ত যুগের ইতিহাস রচনায় ফা-হিয়েনের বিবরণ ও হরিসেনের এলাহাবাদ স্তম্ভ লিপির গুরুত্ব বর্ণনা কর

54. Why is the Gupta period called 'Golden Age' of Indian history ?

গুপ্ত যুগকে ভারত-ইতিহাসের 'স্বর্ণ যুগ' কেন বলা হয় ?

55. Whom do you consider to be the greatest Gupta ruler ? Give reasons for your answer.

তোমার বিবেচনায় গুপ্ত যুগের শ্রেষ্ঠ শাসক কে ? তোমার উত্তরের সমর্থনে যুক্তি প্রদর্শন কর।

56. Fill up the gaps :
(i) Fa-hien came to India during the reign of——.
(ii) ——— was the greatest of the Gupta Emperors.

শূন্যস্থান পূরণ কর : (ক) ফা-হিয়েন —— শাসনকালে ভারতে আসিয়াছিলেন। (খ) ——— গুপ্ত সম্রাটদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন।

57. Write short notes on : (i) The Huna invasion, (ii) The Pushyamitras, (iii) Skandagupta.

টীকা লিখ : (ক) হূণ আক্রমণ, (খ) পুষ্যমিত্রগণ, (গ) স্কন্দগুপ্ত।

58. Discuss the causes of the downfall of the Gupta Empire.

গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণসমূহ আলোচনা কর।

CHAPTER IX

59. Give an account of the achievements of Harshavardhana. What were his religious and cultural achievements ?

হর্ষবর্ধনের কৃতিত্বের বিবরণ দাও। তাঁহার ধর্মনৈতিক ও সাংস্কৃতিক কৃতিত্ব কি ছিল ?

60. What was the extent of Harshavardhana's empire ? Do you agree with the view that Harshavardhana's military achievements have been highly exaggerated ?

হর্ষবর্ধনের সাম্রাজ্যের বিস্তৃতি কতদূর ছিল ? হর্ষবর্ধনের সামরিক কৃতিত্ব সম্পর্কে অত্যুক্তি করা হইয়াছে বলিয়া তুমি মনে কর কি ?

61. Write a note on Hiuen-Tsang's account. What light does it throw on the condition of the people ?

হিউয়েন-সাঙের বিবরণ সম্পর্কে টীকা লিখ। জনসাধারণের অবস্থার উপর ইহা কতদূর রেখাপাত করিয়াছিল ?

62. Did Harsha succeed in defeating Sasanka. What was his success against Pulakesin II ?

শশাঙ্কের ভীতিতে হর্ষবর্ধন কতদূর কৃতকার্য হইয়াছিলেন ? দ্বিতীয় পুলকেশীর বিরুদ্ধে তাঁহার কৃতিত্ব কি ?

63. Write notes on :
(i) Hiuen-Tsang, (ii) Bana, (iii) Nalanda, (iv) Taxila.

টীকা লিখ :
(ক) হিউয়েন-সাঙ, (খ) বাণ, (গ) নালন্দা, (ঘ) তক্ষশীলা।

64. Who was Vaskaravarman ? What was his relations with Harshavardhana ?

ভাস্করবর্মন কে ছিলেন ? হর্ষবর্ধনের সহিত তাঁহার সম্পর্ক কি ছিল ?

CHAPTER X

65. Give an account of the Rashtrakutas of South India with special reference to their art and administration.

দক্ষিণ-ভারতের রাষ্ট্রকূটদের উল্লেখ করিয়া তাহাদের শিল্প ও শাসনব্যবস্থার বিশেষ আলোচনাসহ বিবরণ দাও।

66. Who were Chalukyas ? What do you know of the Chalukyas of Vatapi ?

চালুক্যগণ কাহারা ? বাতাপির চালুক্যদের সম্পর্কে কি জান ?

67. Write a short history of the Pallavas. What do you know of the Pallava art ?

পল্লবদের সংক্ষিপ্ত ইতিহাস লিখ। পল্লব শিল্প সম্পর্কে কি জান ?

68. Give in brief the history of the Cholas with special reference to their maritime activities and art.

চোলদের সামুদ্রিক কার্যকলাপ ও শিল্প সম্পর্কে বিশেষ আলোচনাসহ তাহাদের সংক্ষিপ্ত ইতিহাস লিখ।

69. Write a note on the Chola administration.

চোলদের শাসন-ব্যবস্থা সম্পর্কে টীকা লিখ।

CHAPTER XI

70. Describe the political condition of Bengal on the eve of the rise of the Palas. Who was the founder of the Pala dynasty? How did he come to the throne?

পালবংশের উত্থানের অব্যবহিত পূর্বে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতির বিবরণ দাও। পালবংশের স্থাপয়িতা কে ছিলেন ? তিনি কিভাবে সিংহাসনে অধিষ্ঠিত হইয়াছিলেন ?

71. Estimate the achievements of Dharmapala and Devapala with special reference to their cultural activities.

ধর্মপাল ও দেবপালের কৃতিত্ব এবং তাঁহাদের সাংস্কৃতিক কার্যকলাপের প্রতি বিশেষ দৃষ্টি সহকারে আলোচনা কর।

72. Give in short the story of the popular rebellion under Divya during Mahipala II's reign.

দ্বিতীয় মহীপালের রাজত্বকালে দিব্য বা দিব্যোকের নেতৃত্বে জনসাধারণের বিদ্রোহের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

73. Fill up the gaps: Rajendra Choladeva invaded Bengal during——'s rule. Balaputradeva was the king of——.
Vikramaditya was a ——. ——was the greatest Pala king.

শূন্যস্থান পূরণ কর :

রাজেন্দ্র চোলদেব— —শাসনকালে বাংলাদেশ আক্রমণ করিয়াছিলেন।

বালপুত্রদেব — — দেশের রাজা ছিলেন।

বিক্রমশীলা একটি — — ছিল।

——পালবংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন।

74. Trace the history of Bengal under the Senas. What were their cultural achievements?

সেনবংশের শাসনকালে বাংলাদেশের ইতিহাস বর্ণনা কর। তাঁহাদের সাংস্কৃতিক কার্যকলাপ কি ছিল ?

75. Write an essay on the socio-economic and cultural condition of Bengal under the Palas and the Senas.

পাল ও সেন বংশের রাজত্বকালে বাংলাদেশের সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক পরিস্থিতি সম্পর্কে একটি প্রবন্ধ লিখ।

Fill up the gaps :

76. —— was the founder of Kulinism.

Ikhtiyar-ud-din Muhammad-bin-Bakhtiyar conquered Bengal under —— .

শূন্যস্থান পূরণ কর :

——কৌলিন্য প্রথার প্রবর্তক ছিলেন।

ইখ্‌তিয়ার-উদ্‌-দিন মহম্মদ-বিন-বখ্‌তিয়ার —— রাজত্বকালে বাংলাদেশ জয় করিয়াছিলেন।

CHAPTER XII

77. Write the history of the colonial enterprise of the Indians.

ভারতীয়দের ঔপনিবেশিক বিস্তৃতির ইতিহাস লিখ।

78. Describe the cultural influences that spread into the South-East Asia and Central Asia as a result of the colonial enterprises of the Indians. What remains of these are still to be found ?

ভারতীয়দের ঔপনিবেশিক বিস্তৃতির মাধ্যমে দক্ষিণ-পূর্ব ও মধ্য-এশিয়ায় ভারতীয় সাংস্কৃতিক প্রভাব বিস্তারের বিবরণ দাও। উহার কি কি আদর্শ এখনও বিদ্যমান ?

79. Write notes on :

(i) Angkorvat, (ii) Angkorthom, (iii) Barobodur.

টীকা লিখ :

(ক) আঙ্কোরভাট, (খ) আঙ্কোরথাম, (গ) বরবুদুর।

CHAPTER XIII

80. Describe the condition of North-Western India on the eve of the Muslim invasion.

মুসলমান আক্রমণের প্রাক্কালে উত্তর-পশ্চিম ভারতের পরিস্থিতি বর্ণনা কর।

81. Write notes on : (i) Ibn Kasim, (ii) Dahir, king of Sind.

টীকা লিখ :

(ক) ইব্‌ন কাশিম, (খ) সিন্ধুর রাজা দাহির।

82. Describe the heroic defence put up by the Shahiya kings for the defence of their country against the Muslim invasion.

মুসলমান আক্রমণের বিরুদ্ধে শাহীয়া রাজগণের বীরত্বপূর্ণ প্রতিরক্ষার কাহিনী বর্ণনা কর।

83. Narrate the chief raids of Sultan Mahmud of Ghazni. What were the net results of his raids ?

গজনীর সুলতান মামুদের প্রধান প্রধান আক্রমণের বিবরণ দাও। তাঁহার আক্রমণের ফলাফল কি হইয়াছিল ?

84. Would you consider Sultan Mahmud as a bandit? Give reasons for your answer.

সুলতান মামুদকে দস্যু বলিয়া মনে কর কি? তোমার উত্তরের সমর্থনে যুক্তি প্রদর্শন কর।

85. Why did the Hindus fail to check the Muslim invasion?

হিন্দুগণ কর্তৃক মুসলমান আক্রমণ প্রতিহত করিবার বিফলতার কারণ কি?

86. Who were the 'Rajputs'? What were the different principalities established by the different sections of the Rajputs?

'রাজপুত' কাহারা ছিল? রাজপুতগণের কোন্ কোন্ শাখা কোন্ কোন্ রাজ্য স্থাপন করিয়াছিল?

87. Estimate the achievements of Muhammad of Ghur. How does the compare with Sultan Mahmud as a conqueror?

মহম্মদ ঘুরীর কৃতিত্ব বিচার কর। বিজেতা হিসাবে সুলতান মামুদ ও মহম্মদ ঘুরীর তুলনা করা যায় কি?

88. Write notes on:
(i) Battles of Tarain (1191, 1192), (ii) Prithviraj Chauhan, (iii) Albiruni.

টীকা লিখ:
(ক) তরাইনের যুদ্ধ (১১৯১, ১১৯২), (খ) পৃথ্বীরাজ চৌহান্, (গ) অল্‌বিরুণী।

CHAPTER XIV

89. Whom would you consider the real founder of the Delhi Sultanate? Give reasons for your answer.

দিল্লী সুলতানির প্রকৃত স্থাপয়িতা কাহাকে মনে কর? তোমার উত্তরের সমর্থনে যুক্তি প্রদর্শন কর।

90. What were the contributions of Iltutmish and Balban to the establishment of the Delhi Sultanate on a firm basis?

দিল্লী সুলতানিকে দৃঢ় ভিত্তিতে স্থাপনে ইল্‌তুৎমিস্ ও বলবনের অবদান কি ছিল?

CHAPTER XV

91. Describe the conquests of Alauddin Khalji. Was he great as a ruler? Give reasons.

আলাউদ্দিন খল্‌জীর বিজয়ের বিবরণ দাও। তিনি কি একজন মহান্ রাজা ছিলেন? কারণ দর্শাও।

92. Describe the administrative system of Alauddin Khalji.

আলাউদ্দিন খল্‌জীর শাসনব্যবস্থার বর্ণনা দাও।

93. Examine the character and achievements of Alauddin Khalji. What steps did he take against the Mongols?

আলাউদ্দিন খল্‌জীর চরিত্র ও কৃতিত্ব বিচার কর। মোঙ্গলদের বিরুদ্ধে তিনি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন?

94. Alauddin Khalji has been described as the greatest of the Delhi Sultans. Would you agree with this view ?

আলাউদ্দিনকে দিল্লী সুলতানদের মধ্যে শ্রেষ্ঠ বলা হইয়াছে। তুমি কি এই মত সমর্থন কর ?

95. 'Muhammad-bin-Tughlaq was a mixture of opposites'. Does this remark adequately describe his character ?

'মহম্মদ-বিন্-তুঘ্‌লক পরস্পর-বিরোধী গুণের সংমিশ্রণ ছিলেন' এই উক্তি কি মহম্মদ-বিন্-তুঘ্‌লকের চরিত্রের পূর্ণাঙ্গ বর্ণনা বলিয়া মনে কর ?

96. Estimate the achievements of Muhammad-bin-Tughlaq. Were all his attempts and enterprise unwise ? To what extent did he contribute to the disintegration of the Delhi Sultanate ?

মহম্মদ-বিন্-তুঘ্‌লকের কৃতিত্ব বিচার কর। তাঁহার কার্যকলাপের সব কিছুই কি নির্বুদ্ধিতার পরিচায়ক ছিল ? দিল্লী সুলতানির পতনের পশ্চাতে তাঁহার অবদান কতটুকু ?

97. Examine the success and failure of Firuz Tughlaq.

ফিরুজ তুঘ্‌লকের সাফল্য ও বিফলতার বিচার কর।

CHAPTER XVI

98. Who was Timur ? What were the effects of his invasion of India ?

তৈমুর কে ছিলেন ? তাঁহার ভারত আক্রমণের ফলাফল কি হইয়াছিল ?

99. Discuss the causes of the downfall of the Delhi Sultanate.

দিল্লী সুলতানির পতনের কারণ আলোচনা কর।

CHAPTER XVII

100. Give an account of Bengal under the Iliyas Shahi rulers.

ইলিয়াস শাহী সুলতানদের অধীনে বাংলার বিবরণ দাও।

101. Estimate the achievements of Alauddin Hussain Shah with special reference to his patronage of art and literature.

শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষকতার বিশেষ উল্লেখসহ আলাউদ্দিন হুসেন শাহের কৃতিত্বের বিচার কর।

102. Trace in brief the history of the rise and fall of the Bahmani kingdom. Describe the administration of the Bahmani rulers.

বহ্‌মনী রাজ্যের উত্থান ও পতনের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা কর। বহ্‌মনী রাজগণের শাসনব্যবস্থার বিবরণ দাও।

103. What were the independent Deccan Sultanates that arose out of the ashes of Bahmani kingdom ?

বহ্‌মনী রাজ্যের ভগ্নাবশেষ হইতে কোন্ কোন্ স্বাধীন সুলতানির উত্থান ঘটিয়াছিল ?

CHAPTER XVIII

104. Give in brief the history of the rise and fall of the Vijaynagar Empire. Who was the greatest king of Vijaynagar ?

বিজয়নগর সাম্রাজ্যের উত্থান ও পতনের সংক্ষিপ্ত ইতিহাস দাও। বিজয়নগরের সর্বশ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?

105. Narrate the struggle between the Vijaynagar Empire and the Bahmani kingdom.

বিজয়নগর ও বহ্‌মনী রাজ্যের বিবাদের কাহিনী বর্ণনা কর।

106. Describe after the foreign travellers the condition of the people of the Vijaynagar Empire.

বিদেশী পর্যটকদের বিবরণের ভিত্তিতে বিজয়নগর সাম্রাজ্যের অবস্থা বর্ণনা কর।

107. Write notes on :

(i) Cultural life in the Vijaynagar Empire, (ii) Nicolo Conti, (iii) Abdur-razzak, (iv) Krishnadeva Ray.

টীকা লিখ :

(ক) বিজয়নগর সাম্রাজ্যের সাংস্কৃতিক জীবন, (খ) নিকোলো কন্টি, (গ) আব্দুররজাক, (ঘ) কৃষ্ণদেব রায়।

CHAPTER XIX

108. Discuss fully the impact of Islam on the Indian society and culture.

ভারতীয় সমাজ ও সংস্কৃতির উপর ইসলামের প্রভাব সম্পর্কে একটি পূর্ণাঙ্গ আলোচনা কর।

109. What do you know of the religious beliefs of the following ?

(i) Nanak, (ii) Kabir, (iii) Sree Chaitanya.

নিম্নলিখিত ব্যক্তিবর্গের ধর্মনৈতিক ধারণা সম্পর্কে কি জান ?

(ক) নানক, (খ) কবীর, (গ) শ্রীচৈতন্য।

110. What elements of Hindu and Muslim art and literature do you notice in the artistic, architectural and literary works of the Sultanate Period ?

সুলতানী আমলের শিল্পকলা, স্থাপত্য ও সাহিত্যে হিন্দু ও মুসলমান আমলের শিল্প ও সাহিত্যের কি কি নিদর্শন দেখিতে পাও ?

111. Give a short account of the socio-economic life of the people under the Sultanate.

সুলতানী শাসনকালে জনসাধারণের সামাজিক ও অর্থনৈতিক জীবন সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও।

CHAPTER XX

112. Who was the original founder of the Mughal rule in India ? Give an estimate of his achievements.

ভারতে মোগল শাসনের মূল স্থাপয়িতা কে ছিলেন ? তাঁহার কার্যকলাপের বিচার কর।

113. Who was Rana Sanga or Sangram Singha? What were the results of his defeat at the battle of Khanua, 1527?

রাণা সঙ্গ বা সংগ্রাম সিংহ কে ছিলেন? ১৫২৭ খ্রীষ্টাব্দে খানুয়ার যুদ্ধে তাঁহার পরাজয়ের ফলাফল কি হইয়াছিল?

114. Underline the correct date:

The First Battle of Panipat was fought in 1226, 1423, 1326, 1526, 1512, 1453, 1426.

সঠিক তারিখ নির্ণয় কর:

পাণিপথের প্রথম যুদ্ধ ১২২৬, ১৪২৩, ১৩২৬, ১৫২৬, ১৫১২, ১৪৫৩, ১৪২৬ খ্রীষ্টাব্দে ঘটিয়াছিল।

115. Give an estimate of the character and achievements of Babur.

বাবরের চরিত্র ও কৃতিত্ব বিচার কর।

116. Narrate the story of the Mughal-Afghan contest during Humayun's reign. What was its result?

হুমায়ুনের শাসনকালে মোগল-আফগান দ্বন্দ্বের কাহিনী লিখ। উহার ফল কি হইয়াছিল?

117. Sketch the career and achievements of Sher Shah.

শের শাহের জীবনী ও কৃতিত্ব উল্লেখ কর।

118. Describe the administrative system of Sher Shah. In what respects was he a forerunner of Akbar?

শের শাহের শাসনব্যবস্থার বর্ণনা দাও। কোন্ কোন্ বিষয়ে তিনি আকবরের পূর্বসূরী ছিলেন?

CHAPTER XXI

119. Who was the real founder of the Mughal Empire? Sketch his character and achievements.

মোগল সাম্রাজ্যের প্রকৃত স্থাপয়িতা কে ছিলেন? তাঁহার চরিত্র ও কার্যকলাপ বর্ণনা কর।

120. What do you know of the expansion of the Mughal Empire under Akbar?

আকবরের রাজত্বকালে মোগল সাম্রাজ্যের বিস্তার সম্পর্কে কি জান?

121. Describe the reform measures of Akbar.

আকবরের সংস্কারগুলি বর্ণনা কর।

122. What do you mean by *Mansabdari System*? Explain its importance.

'মন্সবদারী প্রথা' বলিতে কি বুঝ? উহার গুরুত্ব বিশ্লেষণ কর

123. Discuss the religious policy of Akbar.

আকবরের ধর্মনীতি সম্পর্কে আলোচনা কর।

124. What are Akbar's claims to be regarded as the greatest of the Muslim rulers of India ?

কি কি কারণে আকবরকে ভারতের মুসলমান সম্রাটদের সর্বশ্রেষ্ঠ বলিয়া বিবেচনা করা যাইতে পারে ?

125. Discuss the importance of (i) the Second battle of Panipat, 1556, and (ii) Haldighat, 1576.

গুরুত্ব সম্পর্কে আলোচনা কর :

(ক) পাণিপথের দ্বিতীয় যুদ্ধ, ১৫৫৬,

(খ) হলদিঘাট, ১৫৭৬।

126. Examine Rana Pratap as a patriot and defender of his country's independence.

দেশপ্রেমিক ও দেশের স্বাধীনতার রক্ষক হিসাবে রাণা প্রতাপকে বিচার কর।

127. In what ways did Jahangir retain the character of Akbar's administration and policies ?

কোন্ কোন্ দিক দিয়া জাহাঙ্গীর আকবরের শাসনব্যবস্থা ও নীতির উত্তরসাধক ছিলেন ?

128. Give an estimate of the reign of Jahangir and describe the influence Nur Jahan exercised on his administration.

জাহাঙ্গীরের রাজত্বকালের বিচারমূলক আলোচনা কর। তাঁহার শাসনব্যবস্থার উপর নূরজাহানের প্রভাব বর্ণনা কর।

129. Give a short sketch of the reign of Shah Jahan and describe his Deccan policy.

শাহ্‌জাহানের রাজত্বের সংক্ষিপ্ত বিবরণ দাও এবং তাঁহার দাক্ষিণাত্য-নীতি বর্ণনা কর।

130. Write a note on the magnificence of Shah Jahan, and his patronage of art.

শাহ্‌জাহানের জাঁকজমকপ্রিয়তা এবং শিল্পের পৃষ্ঠপোষকতা সম্পর্কে টীকা লিখ।

131. Write short notes on :

(i) Dara Sikoh, (ii) Mamtajmahal, (iii) Peacock Throne.

টীকা লিখ :

(ক) দারা শিকো, (খ) মমতাজমহল, (গ) ময়ূর সিংহাসন।

CHAPTER XXII

132. Examine the character of Aurangzeb. What was his religious policy ? What was its reaction upon the different sections of the people ?

ঔরংজেবের চরিত্র বিচার কর। তাঁহার ধর্মনীতি কি ছিল ? বিভিন্ন শ্রেণীর প্রজার উপর তাঁহার ধর্মনীতির ফলাফল কি হইয়াছিল ?

133. Describe Aurangzeb's policy towards the Hindus and compare it with that of Akbar.

হিন্দুদের প্রতি ঔরংজেবের নীতির বর্ণনা দাও এবং আকবরের নীতির সহিত উহার তুলনা কর।

134. Estimate the success and failure of Aurangzeb.

ঔরংজেবের সাফল্য ও বিফলতার বিচার কর।

135. To what extent was Aurangzeb responsible for the downfall of the Mughal Empire ?

মোগল সাম্রাজ্যের পতনে ঔরংজেব কতদূর দায়ী ছিলেন ?

136. Discuss the Deccan Policy of Aurangzeb.

ঔরংজেবের দাক্ষিণাত্য-নীতির আলোচনা কর।

137. Sketch the career and achievements of Shivaji.

শিবাজীর জীবনী ও কৃতিত্ব আলোচনা কর।

138. Describe Shivaji's struggle against the Deccan Sultanates and the Mughal Empire. What was the ultimate result ?

দাক্ষিণাত্যের সুলতানি ও মোগল সাম্রাজ্যের সহিত শিবাজীর দ্বন্দ্বের বিবরণ দাও। উহার শেষ ফল কি হইয়াছিল ?

139. In what ways did Shivaji weld the Marathas into a militant nation ?

কিভাবে শিবাজী মারাঠাদিগকে যোদ্ধা জাতিতে পরিণত করিয়াছিলেন ?

CHAPTER XXIII

140. Trace the history of the Maratha Empire under the first three Peshawas.

প্রথম তিনজন পেশওয়ার অধীনে মারাঠা সাম্রাজ্যের ইতিহাস বর্ণনা কর।

141. What was the effects and importance of the Third Battle of Panipat ?

পাণিপথের তৃতীয় যুদ্ধের ফলাফল ও গুরুত্ব কি ?

142. Discuss the causes of the downfall of the Mughal Empire and assess Aurangzeb's responsibility for it.

মোগল সাম্রাজ্যের পতনের কারণসমূহের আলোচনা কর। ঔরংজেব এজন্য কি পরিমাণ দায়ী ছিলেন ?

CHAPTER XXIV

143. Describe the Mughal administrative system.

মোগল শাসনব্যবস্থার বর্ণনা দাও।

144. Give an account of the socio-economic condition of India under the Mughal. What light do the foreign travellers throw on it ?

মোগল আমলে ভারতের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার বিবরণ দাও। এ বিষয়ে বিদেশী পর্যটকগণ কি আলোকপাত করিয়াছেন ?

145. Write a note on the patronage of art and literature by the Mughal emperors.

মোগল সম্রাটগণ কর্তৃক শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষকতার উপর টীকা লিখ।

146. Write short notes on :
(i) Thomas Roe, (ii) Bernier, (iii) Tavernier.

টীকা লিখ :

(ক) টমাস রো, (খ) বার্ণিয়ে, (গ) তেভার্নিয়ে।

CHAPTER XXV

147. What were the different European trading companies that came to India towards the end of the Mughal period ?

কোন্ কোন্ বিভিন্ন ইওরোপীয় বণিক কোম্পানি বাণিজ্যের উদ্দেশ্যে মোগল আমলের শেষভাগে ভারতে আসিয়াছিল ?

148. Describe briefly the Anglo-French rivalry in India during the middle of the eighteenth century.

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ভারতে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের বিবরণ দাও।

149. Trace the circumstances leading to the Battle of Plassey, 1757. What were its results ?

কোন্ কোন্ পরিস্থিতির ফলে ১৭৫৭ খ্রীষ্টাব্দের পলাশীর যুদ্ধ ঘটিয়াছিল ? উহার ফলাফল কি হইয়াছিল ?

150. Sketch the career and achievements of Dupleix. Why did he fail to build up a French Empire in India ?

ডুপ্লের চরিত্র ও কৃতিত্ব বর্ণনা কর। ভারতে ফরাসী সাম্রাজ্য গঠনে তাঁহার বিফলতার কারণ কি ?

151. Sketch the character of Clive. What part did he play in the establishment of the East India Company's rule in Bengal ?

ক্লাইভের চরিত্র বর্ণনা কর। বাংলাদেশে ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির শাসন স্থাপনে তিনি কি অংশগ্রহণ করিয়াছিলেন ?

152. What were the reform measures passed by Lord Clive during his Second Governorship of Bengal ?

লর্ড ক্লাইভ বাংলার দ্বিতীয়বার গবর্নর হিসাবে শাসনকালে কি কি সংস্কার প্রবর্তন করিয়াছিলেন ?

153. Write notes on :
(i) Grant of Diwani, 1765 ; (ii) Battle of Buxar, 1764.

টীকা লিখ :

(ক) দেওয়ানী লাভ, ১৭৬৫ ; (খ) বক্সারের যুদ্ধ, ১৭৬৪।

154. What were the relations of Mir Qasim with the English ? How far will it be correct to regard Mir Qasim as the last independent and patriotic Nawab of Bengal ?

ইংরেজদের সহিত মিরকাশিমের সম্পর্ক কিরূপ ছিল ? মিরকাশিমকে বাংলার সর্বশেষ স্বাধীন, দেশপ্রেমিক নবাব বলিয়া বিবেচনা করা কতদূর ঠিক হইবে ?

CHAPTER XXVI

155. What were the problems of Warren Hastings when he assumed the Governorship of Bengal? How did he solve them?

গবর্নর-পদ লাভের পর ওয়ারেন হেষ্টিংস্‌কে কি কি সমস্যার সম্মুখীন হইতে হইয়াছিল? তিনি সেগুলির সমাধান কিভাবে করিয়াছিলেন?

156. What were the contributions of Warren Hastings to the consolidation of the British rule in India?

ভারতে ব্রিটিশ শাসন স্থায়ী করিবার ব্যাপারে ওয়ারেন হেষ্টিংসের অবদান কি ছিল?

157. What were the administrative measures taken by Warren Hastings?

ওয়ারেন হেষ্টিংস্‌ কি কি শাসন সংক্রান্ত ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন?

158. Trace the history of the Anglo-Mysore relations till the Treaty of Mangalore.

ম্যাঙ্গালোরের সন্ধি অবধি ইঙ্গ-মহীশূর সম্পর্কের ইতিহাস অনুধাবন কর।

159. Give an estimate of Warren Hastings as an administrator with special reference to his patronage of art and literature.

শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষকতার দিকে বিশেষ দৃষ্টি সহকারে শাসক হিসাবে ওয়ারেন হেষ্টিংসের বিচার কর।

160. What were the successive steps taken by the British Parliament till 1784 to improve the Company's administration?

কোম্পানির শাসনব্যবস্থার উন্নতিকল্পে ব্রিটিশ পার্লামেন্ট ১৭৮৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত ক্রমান্বয়ে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছিল?

161. Write notes on:

(i) Chait Singh affair, (ii) Begums of Oudh, (iii) Maharaja Nandakumar.

টীকা লিখ:

(ক) চৈত সিংহ ঘটনা, (খ) অযোধ্যার বেগমগণ, (গ) মহারাজা নন্দকুমার।

162. What were the provisions and importance of the following:

(i) North's Regulating Act, 1773, (ii) Pitt's India Act, 1784?

নিম্নলিখিতগুলির শর্তাদি ও গুরুত্ব কি ছিল:

(ক) নর্থের রেগুলেটিং এ্যাক্ট্‌, ১৭৭৩, (খ) পিটের ভারত আইন, ১৭৮৪?

163. Sketch the career and statesmanship of Hyder Ali.

হায়দর আলির জীবনী ও দূরদর্শিতার বিবরণ দাও।

CHAPTER XXVII

164. Sketch the career and statesmanship of Tipu.

টিপুর চরিত্র ও দূরদর্শিতার বর্ণনা দাও।

165. Describe the reforms of Lord Cornwallis.

লর্ড কর্নওয়ালিসের সংস্কারাদির বিবরণ দাও।

166. What is 'Subsidiary Alliance' of Wellesley? What were the results of its application?

লর্ড ওয়েলেস্‌লীর 'অধীনতামূলক মিত্রতা' বলিতে কি বুঝ? এই নীতি প্রয়োগের ফলাফল কি হইয়াছিল?

167. Wellesley was a stout annexationist. Explain the truth of this remark.

ওয়েলেস্‌লী একজন অতি শক্তিশালী রাজ্যজয়ী ব্যক্তি ছিলেন। এই উক্তির সত্যতা বিশ্লেষণ কর।

168. Discuss the Anglo-Maratha relations under Wellesley.

ওয়েলেস্‌লীর আমলে ইঙ্গ-মারাঠা সম্পর্কের আলোচনা কর।

169. Write notes on:

(i) Nepal War, (ii) Suppression of the Pindaris.

টীকা লিখ:

(ক) নেপাল যুদ্ধ, (খ) পিণ্ডারি দমন।

CHAPTER XXVIII

170. Discuss the merits and demerits of the Permanent Settlement, 1793.

চিরস্থায়ী বন্দোবস্তের (১৭৯৩) গুণাগুণ সম্পর্কে আলোচনা কর।

171. Discuss the main features of the Charter Act of 1813.

১৮১৩ খ্রীষ্টাব্দের চার্টার এ্যাক্ট্ বা সনন্দের প্রধান বৈশিষ্ট্যের আলোচনা কর।

CHAPTER XXIX

172. Describe the social reforms of Lord Bentinck.

লর্ড বেন্টিঙ্কের সামাজিক সংস্কারের আলোচনা কর।

173. Discuss the effects of the impact of the Western Education on the Indians.

ভারতীয়দের উপর পাশ্চাত্ত্য শিক্ষার ফলাফল ও প্রভাব সম্পর্কে আলোচনা কর।

174. Write a note on the Bengal Renaissance that began with Raja Ram-Mohan Ray.

রাজা রামমোহন রায় হইতে বাংলাদেশে যে নবজাগরণ শুরু হইয়াছিল সে-সম্পর্কে টীকা লিখ।

175. Write short notes on:

(i) Macaulay, (ii) Vidyasagar, (iii) David Hare.

টীকা লিখ:

(ক) ম্যাকলে, (খ) বিদ্যাসাগর, (গ) ডেভিড্ হেয়ার।

CHAPTER XXX

176. Sketch the career, statesmanship and achievements of Ranjit Singh.

রঞ্জিৎ সিংহের জীবনী, দূরদর্শিতা ও কৃতিত্বের বর্ণনা কর।

177. Discuss the Anglo-Sikh relations till the annexation of the Punjab by the British.

ব্রিটিশ কর্তৃক পাঞ্জাব দখল পর্যন্ত ইঙ্গ-শিখ সম্পর্কের আলোচনা কর।

178. Write notes on :

(i) Annexation of Sind, (ii) The First and Second Afghan Wars.

টীকা লিখ: (ক) সিন্ধু অধিকার, (খ) প্রথম ও দ্বিতীয় আফগান যুদ্ধ।

CHAPTER XXXI

179. Give an estimate of the administration of Lord Dalhousie.

লর্ড ডালহৌসীর শাসনকালের সমালোচনামূলক আলোচনা কর।

180. What is 'Doctrine of Lapse'? What were the effects of the application of this policy?

'স্বত্ববিলোপ-নীতি' কাহাকে বলে? এই নীতির প্রয়োগের ফলাফল কি হইয়াছিল?

181. Describe the history of the expansion of the British Empire in India under Dalhousie.

ডালহৌসীর আমলে ব্রিটিশ সাম্রাজ্যের প্রসারের ইতিহাস বর্ণনা কর।

182. To what extent was Dalhousie responsible for the revolt of 1857?

১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের জন্য ডালহৌসী কতদূর দায়ী ছিলেন?

CHAPTER XXXII

183. Discuss the causes and character of the Indian Revolt of 1857. What were its immediate effects?

১৮৫৭ খ্রীষ্টাব্দের ভারতীয় বিদ্রোহের প্রকৃতি ও কারণসমূহের আলোচনা কর। বিদ্রোহের প্রত্যক্ষ ফলাফল কি হইয়াছিল?

184. What were the causes of the Mutiny of 1857? Will it be correct to regard it as a national struggle?

১৮৫৭ খ্রীষ্টাব্দের সিপাহী বিদ্রোহের কারণগুলি কি কি? ইহাকে জাতীয় আন্দোলন বলিয়া আখ্যা করা কতদূর ঠিক হইবে?

185. Write notes on :

(i) Nana Sahib, (ii) Rani Laxmi Bai of Jhansi.
(iii) Tantia Topi.

টীকা লিখ:

(ক) নানাসাহেব, (খ) ঝাঁন্সীর রাণী লক্ষ্মীবাঈ, (গ) তাঁতিয়া তোপী।

CHAPTER XXXIII

186. Trace the history of the British expansion towards the East.

ভারতের পূর্ব-সীমান্তে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের ইতিহাস অনুধাবন কর।

187. Write notes on :

(i) Anglo-Burmese Wars, (ii) Annexation of Assam.

টীকা লিখ :

(ক) ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ, (খ) আসাম অধিকার।

CHAPTER XXXIV

188. Discuss Lord Lytton's Afghan policy. Estimate its success.

লর্ড লিটনের আফগান-নীতির আলোচনা কর। ইহার সাফল্য বিচার কর।

189. Why is Lord Ripon memorable in Indian history ?

ভারত-ইতিহাসে লর্ড রিপন স্মরণীয় কেন ?

190. Trace the history of the national movement from the establishment of the Indian National Congress in 1885 till the Partition of Bengal, 1905.

১৮৮৫ খ্রীষ্টাব্দে ভারতের জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাকাল হইতে ১৯০৫ খ্রীষ্টাব্দে বাংলার ব্যবচ্ছেদ পর্যন্ত ভারতের জাতীয় আন্দোলনের ইতিহাস লিখ।

191. Discuss the frontier policy of Lord Curzon. What were his reforms ?

লর্ড কার্জনের সীমান্ত-নীতির আলোচনা কর। তাঁহার সংস্কারাদি কি কি ?

192. What led Lord Curzon to partition Bengal in 1905 ? What were its results ?

১৯০৫ খ্রীষ্টাব্দে লর্ড কার্জনের বঙ্গ-ব্যবচ্ছেদের কারণ কি ছিল ? উহার ফলাফল কি হইয়াছিল ?

193. Write notes on :-

(i) Swadeshi Movement, (ii) Anarchist Movement in Bengal.

টীকা লিখ :

(ক) স্বদেশী আন্দোলন,

(খ) বাংলায় সন্ত্রাসবাদী আন্দোলন।

194. Name some of the leaders of the movement against the Partition of Bengal in 1905, and refer to the parts they played in it.

১৯০৫ খ্রীষ্টাব্দে বঙ্গ-ভঙ্গ আন্দোলনের প্রধান নেতাদের কয়েকজনের নাম উল্লেখ কর এবং তাঁহারা আন্দোলনে কি অংশগ্রহণ করিয়াছিলেন তাহার উল্লেখ কর।

CHAPTER XXXV

195. Trace the history of the National Movement from 1885 to 1919.

১৮৮৫ খ্রীষ্টাব্দ হইতে ১৯১৯ খ্রীষ্টাব্দ পর্যন্ত জাতীয় আন্দোলনের ইতিহাস অনুধাবন কর।

196. Who was the leader of the Aligarh Movement? What was his aim?

আলিগড় আন্দোলনের নেতা কে ছিলেন? তাঁহার উদ্দেশ্য কি ছিল?

197. Write notes on:

(i) Morley-Minto reforms, (ii) Khilafat Movement, (iii) Rowlat Act, (iv) Jalianwala Bagh, (v) Reforms of 1919.

টীকা লিখ:

(ক) মোর্‌লে-মিণ্টো সংস্কার, (খ) খিলাফৎ আন্দোলন, (গ) রাওল্যাট আইন, (ঘ) জালিয়ানওয়ালাবাগ, (ঙ) ১৯১৯ খ্রীষ্টাব্দের সংস্কার।

CHAPTER XXXVI

198. Trace the history of the National Movement from 1919 till the passing of the Government of India Act, 1935.

১৯১৯ খ্রীষ্টাব্দ হইতে ১৯৩৫ খ্রীষ্টাব্দে ভারত আইন প্রবর্তন পর্যন্ত ভারতের জাতীয় আন্দোলনের ইতিহাস অনুধাবন কর।

199. Discuss the history of the Indian National Movement from 1905 till the attainment of independence in 1947.

১৯০৫ খ্রীষ্টাব্দ হইতে ১৯৪৭ খ্রীষ্টাব্দে স্বাধীনতা লাভ পর্যন্ত ভারতের জাতীয় আন্দোলনের ইতিহাস আলোচনা কর।

200. What were the successive Reform measures passed by the British Parliament from 1909 to 1935? Give their main provisions.

১৯০৯ খ্রীষ্টাব্দ হইতে ১৯৩৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত ব্রিটিশ পার্লামেণ্ট পর পর কি কি সংস্কার আইন প্রবর্তন করিয়াছিল? সেগুলির প্রধান শর্তাদির উল্লেখ কর।

201. Write notes on:

(i) Simon Commission, 1927, (ii) Mohammad Ali Jinnah, (iii) Crips Mission, (iv) Cabinet Mission.

টীকা লিখ:

(ক) সাইমন কমিশন, ১৯২৭, (খ) মহম্মদ আলি জিন্নাহ্‌, (গ) ক্রিপ্‌স্‌ মিশন, (ঘ) ক্যাবিনেট মিশন।

202. Give in brief the career of Mahatma Gandhi and his political activities in India and estimate his statesmanship.

মহাত্মা গান্ধীর জীবনী, রাজনৈতিক কার্যকলাপ ও দূরদর্শিতার সংক্ষিপ্ত বিবরণ দাও।

203. Write notes on :

(i) Pandit Nehru, (ii) Subhas Chandra Bose, (iii) I. N. A.

টীকা লিখ :

(ক) পণ্ডিত নেহরু, (খ) সুভাষ চন্দ্র বসু, (গ) আজাদ্ হিন্দ্ ফৌজ।

CHAPTER-XXXVII

204. Write notes on :

(i) Brahmo Samaj, (ii) Ramkrishna Paramhansa, (iii) Swami Vivekananda, (iv) Sri Aurabindo.

টীকা লিখ :

(ক) ব্রাহ্ম সমাজ, (খ) রামকৃষ্ণ পরমহংস, (গ) স্বামী বিবেকানন্দ, (ঘ) শ্রীঅরবিন্দ।

205. What were the social reforms passed during the second half of the nineteenth century ?

ঊনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে কি কি সামাজিক সংস্কার প্রবর্তিত হইয়াছিল।

206. Trace the impact of nationalism on art and literature of the last quarter of the nineteenth and the first quarter of the twentieth centuries.

শিল্প ও সাহিত্যের উপর জাতীয়তাবোধের প্রভাব ঊনবিংশ শতাব্দীর শেষপাদে এবং বিংশ শতাব্দীর প্রথমপাদে কতদূর হইয়াছিল তাহার বিবরণ দাও।

ডক্টর কিরণচন্দ্র চৌধুরী প্রণীত

মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক ও সর্বার্থসাধক
বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের জন্য

১।	স্বদেশকথা ও পৃথিবীর ইতিহাস	১১·০০
২।	স্বদেশকথা ও ইংলণ্ডের ইতিহাস	১১·০০
৩।	স্বদেশকথা	৬·৫০
৪।	পৃথিবীর ইতিহাস	৫·৫০
৫।	ইংলণ্ডের ইতিহাস	৫·৫০

প্রচ্ছদপট মুদ্রণ ঃ কুইক প্রিন্টিং সার্ভিস ঃ কলিকাতা ১